রামেন্দ্র-রচনাবলী

পঞ্চম খণ্ড

রামেন্দ্র-রচনাবলী

পঞ্চম খণ্ড

সম্পাদক

শ্রীব্রজেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায়
শ্রীসজনীকান্ত দাস

বঙ্গীয়-সাহিত্য-পরিষৎ
২৪৩/১, আপার সারকুলার রোড,
কলিকাতা-৬

প্রকাশক

শ্রীসনৎকুমার গুপ্ত

বঙ্গীয়-সাহিত্য-পরিষৎ

মাঘ ১৩৫৭

মূল্য সাড়ে দশ টাকা

মুদ্রাকর—শ্রীসজনীকান্ত দাস

শনিরঞ্জন প্রেস, ৫৭ ইন্দ্র বিশ্বাস রোড, বেলগাছিয়া, কলিকাতা-৩৭

১২—১৮.২.১৯৫১

ঐতরেয় ব্রাহ্মণ

বঙ্গানুবাদ

[১৯১২ সনের ফেব্রুয়ারি মাসে প্রকাশিত]

উৎসর্গ

ভারতীয় শাস্ত্রে পরমশ্রদ্ধাবান্

স্বধর্ম্মানুরক্ত

দীঘাপতিয়া-রাজকুলভূষণ

পরমক্ষেমাস্পদ

শ্রীমৎ কুমার বসন্তকুমার রায় এম্ এ

মহোদয়ের করকমলে

ভারতশাস্ত্র-পিটকের অন্তর্ভুক্ত এই প্রথম গ্রন্থ

সাদরে অর্পণ করিলাম।

নিবেদন

দীঘাপতিয়া-বাজবংশেব উজ্জ্বল প্রদীপ শ্রীমান্ কুমাব শবৎকুমাব বায যখন আমাব নিকট পদার্থবিদ্যা পডিযা এ. এ পবীক্ষাব জন্য প্রস্তুত হইতেছিলেন, আমি তখন মাঝে মাঝে পদার্থবিদ্যাব সীমা ছাডাইযা অন্যান্য কথা পাডিতাম। আমাদেব দেশেব পুবাতন কথা যে আমবা জানি না বা জানিবাব যত্নও কবি না এবং ইহাব অপেক্ষা লজ্জাব বিষয আমাদেব পক্ষে আব কিছুই হইতে পাবে না, এই বিষয় লইযা আমাদেব মধ্যে প্রায়ই আলোচনা হইত। এমন কি, আমাদেব জাতীয় জীবনেব যে কিছু বিশিষ্টতা, তাহার মূল ভিত্তিবও আমবা সন্ধান বাখি না, এই জন্য বসিযা বসিযা আক্ষেপ কবিতাম ও আমাদেব শিক্ষাকে ধিক্কাব দিতাম। ভাবতবর্ষেব প্রাচীনতম শাস্ত্রগ্রন্থসমূহেব বাঙ্গালা অনুবাদ প্রকাশ কবিযা এই সন্ধানকার্য্যে সাহায্য কবা উচিত, এই কল্পনাও সেই সময়ে অঙ্কুবিত হইযাছিল। তাহাব ফলে শ্রীমান্ শবৎকুমাব ব্রাহ্মণগ্রন্থগুলিব অনুবাদ প্রচাবেব ভাবগ্রহণে উৎসুক হন। সর্ব্ববিধ সৎকর্ম্মে শ্রীমানেব ঐকান্তিক আগ্রহ এই ঔৎসুক্যেব প্রবর্ত্তক। এইরূপে তাঁহাবই প্রবর্ত্তনায ও ব্যযে ঐতবেয ব্রাহ্মণের অনুবাদকার্য্য আবব্ধ হয।

ব্রাহ্মণগ্রন্থের অনুবাদ প্রকাশেব আবশ্যকতা স্থিব হইলে, স্বনামধন্য শ্রীযুক্ত বায যতীন্দ্রনাথ চৌধুবী, শ্রীযুক্ত হীবেন্দ্রনাথ দত্ত, শ্রীযুক্ত নগেন্দ্রনাথ বসু প্রভৃতি বন্ধুবর্গেব পবামর্শে শ্রীযুক্ত পণ্ডিত জযচন্দ্র সিদ্ধান্তভূষণকে ঐতবেয ব্রাহ্মণেব অনুবাদে নিযুক্ত কবা হয। দুর্ভাগ্যক্রমে প্রথম দুই অধ্যায মাত্র অনুবাদ কবিযা, পণ্ডিতমহাশয় এ কার্য্য হইতে বিদায গ্রহণ কবেন। পণ্ডিতমহাশয অনুবাদ কবিতেছিলেন, সঙ্গে সঙ্গে তাহা মুদ্রিত হইতেছিল। তাঁহাব বিদাযগ্রহণে হঠাৎ আবব্ধ কার্য্য স্থগিত হইবাব উপক্রম হইযা পডিল।

এই সময়ে কুমাব বাহাদুবেব অনুবোধে আমাব উপব অকস্মাৎ অনুবাদকার্য্যেব ভাব পডে। তিনি যে কেন আমাব উপব এই ভাব অর্পণ কবিলেন, আব আমিই বা কেন ভাব গ্রহণ কবিলাম, তাহাব কোন সঙ্গত উত্তব দিতে পাবিব না। এখন তাহা মনে কবিযা বিস্মিত হই। বেদবিদ্যা অল্পজ্ঞকে ভয় কবেন; কিন্তু আমাব মত অজ্ঞের হাতে পডিয়া তাঁহাব কিরূপ শোচনীয দশা হইযাছিল, তাহা জানি না। বেদবিদ্যায় আমি তখন সর্ব্বতোভাবে অজ্ঞ ছিলাম। সম্ভবতঃ এই অজ্ঞতাই আমাকে এই ভারগ্রহণে প্রোৎসাহিত ও প্রেবিত কবিযাছিল। ভারতবর্ষে বেদপন্থী সমাজে জন্মিযা ভারতবর্ষেব পুরাতনী বিদ্যায অজ্ঞতা নিতান্ত ভাগ্যহীনতাব লক্ষণ বলিয়া আমি বোধ কবিতাম। এই সুযোগ অবলম্বনে সেই মহতী বিদ্যায যৎকিঞ্চিৎ জ্ঞান লাভ কবিতে পাবিব, এই প্রলোভন ত্যাগ কবিতে আমি সমর্থ হই নাই। এই

প্রাংশুলভ্য ফলের লোভেই আমি উদ্বাহু বামনের বৃত্তি আশ্রয় করিয়াছিলাম। বামনের চেষ্টায় যাহা সঙ্কলিত হইয়াছে, তাহা এখন সুধী-সমাজে উপস্থাপিত হইল। সুধী-সমাজ এখন মন খুলিয়া উপহাস করুন।

ব্রাহ্মণগ্রন্থ বৈদিক যজ্ঞ-অনুষ্ঠানের উপদেশে পূর্ণ। ঐ সকল অনুষ্ঠান এত জটিল যে, যাজ্ঞিকের হস্তে এই সকল কর্ম্ম অনুষ্ঠিত না দেখিলে, উহা হৃদ্গত করা প্রায় অসাধ্য। কেবল গ্রন্থের অধ্যয়নে ঐ সকল জটিল বিষয় আয়ত্ত করা কঠিন। পদে পদে ভ্রমপ্রমাদের সম্ভাবনা থাকে। বর্ত্তমান অনুবাদেও কত ভ্রমপ্রমাদ রহিয়া গিয়াছে, তাহা আমি জানি না। ভরসা এই, সুধীগণ শ্যামিকাটুকু বর্জ্জন করিয়া বিশুদ্ধ অংশ গ্রহণ করিবেন।

আমার অবসর অল্প; নানাবিধ অধিকারের ও অনধিকারের চর্চ্চায় আমার জীবনের ক্ষয় ও অপব্যয় চলিতেছে। অনুবাদ আরম্ভের পর দুই মাস কাজ করিয়া চারি মাস বিশ্রাম লইয়াছি। ১৩১০ সালের আরম্ভে কাজ আরম্ভ করি, ১৩১৮ সালে অনুবাদ প্রচারিত হইল। আট বৎসরের চেষ্টার পর এই গ্রন্থ বাহির হইল। একপক্ষে ভালই হইয়াছে। এই দীর্ঘ সময় মধ্যে অনেক গ্রন্থের সাহায্য লইতে পারিয়াছি, যাহা না পাইলে না জানি আরও কত ভ্রমপ্রমাদ ঘটিতে পারিত।

আনন্দাশ্রম হইতে প্রকাশিত মূলগ্রন্থ হইতে অনুবাদ করিয়াছি। অনুবাদে সর্ব্বতোভাবে সায়ণের ব্যাখ্যার অনুসরণের চেষ্টা করিয়াছি। বহু দিন পূর্ব্বে মার্টিন হৌগ যে মূলগ্রন্থ ও ইংরেজি অনুবাদ প্রকাশ করিয়াছিলেন, তাহার সাহায্য লই নাই বলিলেই চলে। যেখানে সায়ণের ব্যাখ্যায় সংশয় বোধ হইয়াছে, সেখানে ইংরেজি অনুবাদ খুলিয়াছি বটে; কিন্তু সাধারণতঃ সায়ণের ব্যাখ্যায় সন্দেহ হইলেও সায়ণের অনুসরণই কর্ত্তব্য মনে করিয়াছি।

সৌভাগ্যক্রমে সায়ণাচার্য্য আমার মত অজ্ঞের জন্যই বেদের ব্যাখ্যা করিয়াছিলেন। তাঁহার সুস্পষ্ট ভাষার ও প্রাঞ্জল ব্যাখ্যার সাহায্য না পাইলে ঐতরেয় ব্রাহ্মণের এই অনুবাদ বাহির হইত না।

বেদের কিয়দংশের নাম মন্ত্র; অপরাংশের নাম ব্রাহ্মণ। মুখ্যতঃ যজ্ঞকর্ম্মের অনুষ্ঠানে মন্ত্রের প্রয়োগ। কোন না কোন দেবতার উদ্দেশে কোন না কোন দ্রব্য ত্যাগের নাম যজ্ঞ। যজমানের হিতার্থ যজমানকর্ত্তৃক যাঁহারা যজ্ঞে বৃত ও নিযুক্ত হইতেন, তাঁহাদের নাম ঋত্বিক্। ঋত্বিক্‌দিগকে বিবিধ কর্ম্ম মন্ত্রসহকারে সম্পাদন করিতে হইত। কেহ বা উচ্চস্বরে ঋক্‌মন্ত্র উচ্চারণ করিয়া দেবতার আহ্বান বা প্রশংসাদি করিতেন; কেহ বা অনুচ্চস্বরে যজুর্মন্ত্র উচ্চারণ করিয়া পুরোডাশাদি যজ্ঞিয় দ্রব্য প্রস্তুত করিতেন বা দেবতার উদ্দেশে আহুতি দিতেন; কেহ বা সামমন্ত্র গান করিয়া দেবতার স্তুতি করিতেন। পদ্যে বা ছন্দে গ্রথিত মন্ত্রের নাম ঋক্‌মন্ত্র, গদ্য-ময় মন্ত্রের নাম যজুর্মন্ত্র; আর যাহাতে সুর বসাইয়া গান করা হইত, তাহা সামমন্ত্র।

ভিন্ন ভিন্ন ব্রাহ্মণগ্রন্থে এই সকল মন্ত্র ব্যাখ্যাত হইয়াছে, কোন্ মন্ত্র কোন্ ঋত্বিক্ কর্তৃক কোন্ কর্ম্মে কিরূপে বিনিযুক্ত হইবে, তাহা উপদিষ্ট হইয়াছে, কোন্ কারণে কোন্ মন্ত্র কোন্ নির্দ্দিষ্ট কর্ম্মের উপযোগী, তাহার হেতু প্রদর্শিত হইয়াছে, এবং প্রসঙ্গক্রমে নানা আখ্যায়িকাদি সন্নিবিষ্ট হইয়াছে।

হোতা ও তাঁহার সহকারী ঋত্বিক্‌গণ মুখ্যতঃ ঋক্‌মন্ত্রের বিনিয়োগ দ্বারা দেবতাহ্বানাদি কর্ম্ম করিতেন। অধ্বর্য্যু ও তাঁহার সহকারীরা যজুর্মন্ত্র প্রয়োগ দ্বারা আহুতিদানাদি কর্ম্ম করিতেন; উদ্গাতা ও তাঁহার সহকারীরা সামমন্ত্র গান করিতেন। অগ্নিষ্টোমাদি যজ্ঞে এই তিন শ্রেণির ঋত্বিকের প্রয়োজন হইত। তাঁহারা একযোগে স্ব স্ব নির্দ্দিষ্ট কর্ম্ম করিতেন। ঐতরেয় ব্রাহ্মণ গ্রন্থে প্রধানতঃ হোতা ও তাঁহার সহকারীদিগের অনুষ্ঠেয় কর্ম্মের উপদেশ আছে। কাজেই এই ব্রাহ্মণগ্রন্থ ঋগ্‌বেদানুসারী বলিয়া প্রসিদ্ধ; অন্যান্য বেদের অনুযায়ী কর্ম্মের উল্লেখ এই ব্রাহ্মণে প্রসঙ্গতঃ মাত্র আছে। যজুর্বেদী বা সামবেদী ঋত্বিক্‌দিগের কর্ম্মের সম্পূর্ণ উপদেশ না থাকায় যজ্ঞের একদেশমাত্র এই ব্রাহ্মণে বিবৃত হইয়াছে। সম্পূর্ণভাবে কোন যজ্ঞকে জানিতে হইলে অন্যান্য ব্রাহ্মণের অধ্যয়ন আবশ্যক।

এই অনুবাদগ্রন্থ কতকটা বোধগম্য করিবার উদ্দেশে প্রচুর পরিমাণে টীকার সন্নিবেশ করিয়াছি। গ্রন্থের পরিশিষ্টে পারিভাষিক শব্দগুলির তাৎপর্য্য বুঝাইবার চেষ্টা করিয়াছি। টীকা ও পরিশিষ্ট প্রস্তুত করিবার জন্য অন্যান্য ব্রাহ্মণগ্রন্থ এবং সেই সেই ব্রাহ্মণগ্রন্থের অনুযায়ী সূত্রগ্রন্থের আশ্রয় লইতে হইয়াছে। প্রধানতঃ শতপথ-ব্রাহ্মণগ্রন্থের এবং তদনুযায়ী কাত্যায়নীর শ্রৌতসূত্রের অবলম্বনে এই পরিশিষ্ট প্রস্তুত করিয়াছি। বহু বৎসর হইল, বার্লিন নগর হইতে বিখ্যাত আচার্য্য বেবার কর্তৃক শতপথ ব্রাহ্মণের এবং যাজ্ঞিকদেবাদিকৃত-ব্যাখ্যাসমন্বিত কাত্যায়নশ্রৌতসূত্রের যে সংস্করণ প্রকাশিত হইয়াছিল, প্রধানতঃ তাহারই সাহায্য গ্রহণ করিয়াছি। বেদের শাখাভেদে ঋত্বিক্‌দের অনুষ্ঠানে অল্পবিস্তর ভেদ থাকায় স্থলবিশেষে বৌধায়ন এবং আপস্তম্ব-প্রণীত শ্রৌতসূত্রেরও সাহায্য লইতে হইয়াছে। কিন্তু যজ্ঞকর্ম্ম এমন জটিল যে, এই টীকা ও পরিশিষ্ট সত্ত্বেও কেবল এই গ্রন্থ পাঠে পাঠকেরা বৈদিক যাগযজ্ঞের তাৎপর্য্য বুঝিতে পারিবেন, তাহার সম্ভাবনা অল্প। এই গ্রন্থের ভূমিকায় প্রধান যজ্ঞগুলির বিস্তৃত বিবরণ দিয়া মূলগ্রন্থকে স্পষ্ট করিবার ইচ্ছা ছিল। ভূমিকা লেখাও প্রায় শেষ হইয়াছে। কিন্তু সেই বৃহৎ ভূমিকা ছাপিয়া ফেলিতে শীঘ্র সমর্থ হইব, আশা করি না। জীবনের ভঙ্গুরতা স্মরণ করিয়া অসম্পূর্ণ অবস্থাতেই গ্রন্থখানি প্রকাশ করিলাম। ভূমিকা যাহা লিখিয়াছি, তাহা স্বতন্ত্র গ্রন্থাকারে প্রকাশের ইচ্ছা রহিল।

পণ্ডিত জয়চন্দ্র সিদ্ধান্তভূষণ প্রথম দুই অধ্যায় অনুবাদ করেন। সেই অংশের সমুদায় কৃতিত্ব তাঁহার। তিনি অনুবাদের সঙ্গে সঙ্গে মুদ্রণ আরম্ভ করিয়াছিলেন।

আমিও তাঁহার অনুসরণে সেইরূপই করিয়াছি। তজ্জন্য কতক দোষ ঘটিয়াছে। অনুবাদ সমাপ্ত করিয়া ছাপিতে দিলে বোধ হয় গ্রন্থের এই দোষগুলি ঘটিত না। বেদজ্ঞ পণ্ডিতগণ দয়া করিয়া ভ্রমপ্রমাদ দেখাইয়া দিলে অনুগৃহীত হইব। এই অনুবাদের সংস্করণ যদি কখনও প্রকাশিত হয়, তাহাতে তদনুসারে বিশুদ্ধি সাধন করিব।

অন্যান্য ব্রাহ্মণের মধ্যে শুক্লযজুর্ব্বেদীয় শতপথব্রাহ্মণের অনুবাদ আরম্ভ হইয়াছে এবং উহার প্রথম খণ্ড ইতঃপূর্ব্বেই প্রকাশিত হইয়াছে। সুখের বিষয়, ঐ গ্রন্থের অনুবাদ যোগ্যতর পাত্রে অর্পিত হইয়াছে। পণ্ডিত শ্রীযুক্ত বিধুশেখর শাস্ত্রী শতপথব্রাহ্মণের অনুবাদ করিতেছেন এবং আশা করা যায়, তাঁহার অনুবাদ সাধারণে সাদরে গ্রহণ করিবেন।

শ্রীমান্ কুমার শরৎকুমার রায় বঙ্গীয়-সাহিত্য-পরিষদের একান্ত হিতার্থী বন্ধু; সাহিত্য-পরিষদের সাহায্য জন্য তাঁহার ধনভাণ্ডার সর্ব্বদা উন্মুক্ত আছে বলিলেই হয়। তাঁহারই ইচ্ছাক্রমে বঙ্গীয়-সাহিত্য-পরিষৎ এই অনুবাদগ্রন্থগুলিকে সাহিত্য-পরিষদ্-গ্রন্থাবলীভুক্ত করিয়া প্রকাশ করিতেছেন। পরিষদের অন্যতম পরমানুগ্রাহক লালগোলার রাজা শ্রীযুক্ত যোগেন্দ্রনারায়ণ রায় বাহাদুর—সাহিত্য-পরিষদের ইতিহাসে যাঁহার নাম অক্ষয় থাকিবে—তিনিও এই শাস্ত্র-প্রকাশকার্য্যে পরমোৎসাহে যোগ দিয়াছেন। উভয়ের প্রবর্ত্তনায় পরিষৎ-প্রকাশিত গ্রন্থাবলীর অন্তর্গত এই "ভারত-শাস্ত্র-পিটক" স্বতন্ত্রভাবে স্থানলাভ করিয়াছে এবং ঐতরেয় ব্রাহ্মণের এই অনুবাদ উক্ত ভারত-শাস্ত্র-পিটক মধ্যে প্রথম সংখ্যক গ্রন্থ বলিয়া গণ্য হইবে।

কলিকাতা
১লা আশ্বিন, ১৩১৮

শ্রীরামেন্দ্রসুন্দর ত্রিবেদী

সূচী

ঐতরেয় ব্রাহ্মণ
যজ্ঞ-ভূমি
পূর্ব্ব
উত্তর
দক্ষিণ
পশ্চিম
যূপ
ধিষ্ণ্য
১ ২ ৩ ৪ ৫ ৬
স
দঃ
শ
শ
ঐষ্টিক বেদি
আ-ধ= আগ্নীধ্রীয় ধিষ্ণ্য
মা-য়= মার্জ্জালীয়
অন্যান্য ধিষ্ণ্য
১অচ্ছাবাক, ২ নেষ্টা
৩ পোতা, ৪ ব্রাহ্মণাচ্ছংসী
৫ হোতা, ৬ মৈত্রাবরুণ
উ=উদুম্বরী,
শ= হবির্দ্ধান শকটদ্বয়
আ=আহবনীয়, দ= দক্ষিণাগ্নি, ব= ব্রহ্মার আসন
গ=গার্হপত্য, য= যজমানের আসন, উ= উৎকর
প = পত্নীর আসন
হ = হোতার আসন
অ = অগ্নীধের আসন
প্র = প্রণীতা

প্রথম পঞ্চিকা

প্রথম অধ্যায়

প্রথম খণ্ড

দীক্ষণীয়েষ্টি-বিধান

ঋগ্বেদান্তর্গত ঐতরেয় ব্রাহ্মণ চল্লিশ অধ্যায়ে সম্পূর্ণ। সকল সোমযজ্ঞের প্রকৃতি-স্বরূপ জ্যোতিষ্টোম যজ্ঞের বিবরণ লইয়া ইহার আরম্ভ। গোষ্টোম, আয়ুষ্টোম প্রভৃতি বিবিধ সোমযাগের মধ্যে জ্যোতিষ্টোমের স্থান প্রথমে[১]। জ্যোতিষ্টোম যজ্ঞের সাতটি সংস্থা[২]; তন্মধ্যে অগ্নিষ্টোম, উকথ্য, ষোড়শী ও অতিরাত্র, এই চারিটি সংস্থা পর পর বর্ণিত হইবে। এই চারিটির মধ্যে অগ্নিষ্টোম প্রকৃতি,[৩] অর্থাৎ সকল অনুষ্ঠানই অগ্নিষ্টোমে উপদিষ্ট হইয়াছে। উকথ্য, ষোড়শী ও অতিরাত্র বিকৃতি,[৪] অর্থাৎ অগ্নিষ্টোম-সাধারণ অনুষ্ঠান ব্যতীত কয়েকটি বিশেষ অনুষ্ঠান ইহাতে উপদিষ্ট হইয়াছে। এই জন্য অগ্নিষ্টোম যজ্ঞই প্রথমে বর্ণিত হইল। অগ্নিষ্টোমের আরম্ভে ঋত্বিক্ বরণ প্রথম অনুষ্ঠেয়; কিন্তু ঋত্বিক্[৫] বরণ হৌত্র (হোতার[৬] সম্পাদ্য) অনুষ্ঠান নহে, তজ্জন্য উহা ঋগ্বেদ-প্রতিপাদ্য না হওয়ায় প্রথমে দীক্ষণীয়েষ্টি অনুষ্ঠানের বিষয় লইয়া আরম্ভ হইয়াছে। ইষ্টিকর্ম্মও অধ্বর্য্যুর[৭] অনুষ্ঠেয়, অতএব যজুর্ব্বেদ-প্রতিপাদ্য।

---

(১) "এষ বাব প্রথমো যজ্ঞো যজ্ঞানাং যজ্জ্যোতিষ্টোমঃ।"

(২) সংস্থা—সংস্কার, (গৌতম সং ৮)।

(৩) প্রকৃতি—যে যজ্ঞের সকল অনুষ্ঠান প্রত্যক্ষ শ্রুতি দ্বারা উপদিষ্ট হয়, তাহার নাম প্রকৃতি।

(৪) বিকৃতি—যে যজ্ঞের বিশেষ বিশেষ অনুষ্ঠান মাত্র প্রত্যক্ষ শ্রুতি দ্বারা উপদিষ্ট হয়, তাহা বিকৃতি।

(৫) ঋত্বিক্—পুরোহিত।

(৬) হোতা—যজ্ঞবেদীর উত্তর শ্রোণীর উত্তর দিকে পূর্ব্ব মুখ উপবিষ্ট থাকিয়া, হৃদয়ে বা অঙ্কে পাণি রাখিয়া, সামিধেনী, প্রযাজা, আজ্যভাগ, যাজ্যা, অনুবাক্যা ও সংযুবাক যে পাঠ করে, তাহাকে "হোতা" কহে।

(৭) অধ্বর্য্যু—ঋত্বিকচতুষ্টয়ের মধ্যে যজমান যাহাকে অগ্রে বরণ করে এবং আরম্ভ হইতে সমাপ্তি পর্য্যন্ত কর্ম্ম যে করে, তাহাকে "অধ্বর্য্যু" কহে।

কিন্তু ইষ্টিকর্ম্মের[৮] অন্তর্গত যাজ্যাপাঠ ও অনুবাক্যাপাঠ হোতার[৯] কর্ত্তব্য ঋগ্বেদীয় অনুষ্ঠান। সুতরাং ইষ্টিবিধান না জানিলে যাজ্যা ও অনুবাক্যা[১০] পাঠ কখন্ করিতে হইবে, জানিবার উপায় হয় না ; তজ্জন্য ইষ্টিবিধান ঋগ্বেদীয় হৌত্র অনুষ্ঠান না হইলেও এই ঋগ্বেদীয় ব্রাহ্মণের প্রথমে অগ্নিষ্টোম যজ্ঞের বর্ণনার উপক্রমে ইষ্টিবিধান করা যাইতেছে।

ইষ্টি কর্ম্মের দেবতা অগ্নি ও বিষ্ণুর প্রশংসা হইতেছে, যথা—"অগ্নির্বৈ......... অন্যা দেবতাঃ"

ঐ যে অগ্নি, তিনি দেবগণের অবম (প্রথম), [আর] বিষ্ণু [দেবগণেব] পরম (অন্তিম) ; অন্য দেবগণ ইঁহাদেব মধ্যে অবস্থিত।

শ্রুতিতে অগ্নিকে দেবতাগণেব মুখস্বরূপ ও প্রথম এবং বিষ্ণুকে উত্তম[১১] অর্থাৎ অন্তিম বলা হইযাছে। "অন্য দেবগণ" অর্থে অগ্নিষ্টোমের অঙ্গীভূত শস্ত্র*-প্রতিপাদ্য ইন্দ্র বায়ু প্রভৃতি প্রধান দেবতা কয়েক জনকে বুঝাইতেছে। অগ্নি ও বিষ্ণু তাঁহাদের আদিতে ও অন্তে বক্ষকবৎ বর্ত্তমান। এ জন্য প্রথমে উঁহাদেবই ইষ্টিবিধান্ হইতেছে, যথা—"আগ্নাবৈষ্ণবং...একাদশকপালম্"

একাদশ কপালে সংস্কৃত ও দীক্ষণীয় পুবোডাশ অগ্নি ও বিষ্ণুব উদ্দেশে নির্ব্বপণ (হবন) কবিবে।

সোমযাগে প্রবৃত্ত যজমানের সংস্কাবের নাম দীক্ষা বা দীক্ষণ; দীক্ষণার্থ অনুষ্ঠানের নাম দীক্ষণীয়া। দীক্ষণীয়া কর্ম্মে ব্যবহার্য্য বলিয়া পুরোডাশের[১২] বিশেষণ

(৮) ইষ্টি—যজ্ +ক্তি, যদ্দ্বারা যজন করা হয়। ঋত্বিক্‌চতুষ্টয়ের সম্পাদ্য সপত্নীক যজমান কর্ত্তৃক অনুষ্ঠেয় কর্ম্মের নাম ইষ্টি, দীক্ষণার্থ ইষ্টি, দীক্ষণীয়া ইষ্টি। সোমযাগের পূর্ব্বে অনুষ্ঠেয় যজ্ঞবিশেষের নাম দীক্ষণীয় ইষ্টি। (রঘুনন্দন) পরে ঐতরেয় ব্রাহ্মণের ১ অধ্যায়, ২ খণ্ড দেখ।

(৯) যাজ্যা—পরে দেখ, ১ অধ্যায়, ৪ খণ্ড।

(১০) অনুবাক্যা—পরে দেখ, ১ অধ্যায়, ৪ খণ্ড।

(১১) "অগ্নির্মুখং প্রথমো দেবতানাং সঙ্গতানামুত্তমো বিষ্ণুরাসীৎ।"

অগ্নিরেতু প্রথমং দেবতাভ্যঃ। (সাং ব্রাং, ১।১।৯) ত্বমগ্নে প্রথমোঽঙ্গিরা ঋষির্দেবো দেবানামভবঃ শিবঃ সখা। (ঋক্, ১।৩১।১)

* গীতিরহিত ঋক্ স্তুতিবিশেষ। (তৈং, উপং, ১।৮ আনন্দগিরি)

(১২) পুরোডাশ—ইষ্টিকর্ম্মে দেবতাকে যে পিষ্টক হবন করা যায়, উহার নাম পুরোডাশ। চাউলকে চূর্ণ (পিষ্ট) করিয়া মদন্তীনামক তাম্রপাত্রে রাখিয়া জলে ভিজাইয়া পিণ্ডের মত করা হয় ; পরে আহবনীয় অগ্নিতে উহাকে অর্দ্ধ পক্ব করিয়া কূর্ম্মাকৃতি করা হয়, তৎপরে উহা একাদশ কপালে (এগারখানা খোলায়) রক্ষিত হয়, পরে অগ্নিধ্ অর্দ্ধাগ্নিতে

দীক্ষণীয়। হবিঃস্বরূপে দেয় পক্ক পিষ্টকের নাম পুরোডাশ। সেই পুরোডাশ একাদশ সংখ্যক কপালে (মৃৎপাত্রে, খোলায়) পাক করিয়া অগ্নি ও বিষ্ণুর উদ্দেশে নির্ব্বপণ[১৩] করিবে। এই পুরোডাশ প্রদান প্রভৃতি কর্ম্মকলাপের নাম দীক্ষণীয়া ইষ্টি। অগ্নি ও বিষ্ণুকে পুরোডাশ দানের ফল, যথা—"সর্ব্বাভ্য এবৈনং……নির্ব্বপন্তি।"

এতদ্দ্বারা সকল দেবতার উদ্দেশেই নিরবশেষে নির্ব্বপণ (পুরোডাশ প্রদান) করা হইবে।

প্রথম দেবতা অগ্নি ও অন্তিম দেবতা বিষ্ণুর উদ্দেশে হোম করিলে মধ্যবর্ত্তী অন্য দেবতারাও তৃপ্ত হইবেন,[১৪] কেহ বাদ পড়িবেন না; এইরূপ বুঝিতে হইবে। একের তৃপ্তিতে অন্যের তৃপ্তি কিরূপে হইবে, তাহার উত্তর, যথা—"অগ্নির্বৈ…সর্ব্বা দেবতাঃ"

অগ্নিই সকল দেবতা, বিষ্ণুও সকল দেবতা।

তৈত্তিরীয় শ্রুতিতে আছে, সকল দেবতা অগ্নিতে শরীর রাখিয়াছিলেন; সেই জন্য অগ্নিই সকল দেবতা[১৫]; অন্যত্র শ্রুতি আছে, দেবাসুরযুদ্ধে দেবগণ ভীত হইয়া অগ্নিতে প্রবেশ করিয়াছিলেন; তজ্জন্য অগ্নিকেই সর্ব্বদেবতার স্বরূপ বলা হয়[১৬]। আর বিষ্ণু সকল জগৎ ব্যাপিয়া আছেন, এই জন্য বিষ্ণুও সর্ব্ব-দেবতাত্মক[১৭]। প্রকারান্তরে অগ্নি ও বিষ্ণুর প্রশংসা, যথা—"এতে…ঋধ্নুবন্তি।"

অগ্নি ও বিষ্ণু, ইঁহাদের যে দুইটি শরীর আছে, তাহা যজ্ঞের (সোমযাগের) আদিতে ও অন্তে অবস্থিত; তাহা হইলে অগ্নি ও বিষ্ণুর

পাক করিয়া তাহার উপর ঘৃত সেক করা হয়। তৎপরে হোমের জন্য ইড়াপাত্রে করিয়া বেদীর উপর রাখা হয়।

(১৩) নির্বপণ—শকটস্থিত ধান্যরাশি হইতে চারি মুষ্টি ধান্য লইয়া শূর্পে (কুলায়) রাখার নাম নির্বপণ। এই অনুষ্ঠানের পর যে আহুতি দেওয়া হয়, এ স্থলে তাহাকেই নির্বপণ বলা হইয়াছে। (সায়ণ)

(১৪) এ বিষয়ে ন্যায়—"তন্মধ্যপতিতন্তদ্‌গ্রহণেন গৃহ্যতে।"

(১৫) "তে দেবা অগ্নৌ তনূঃ সংন্যদধত তস্মাদাহুরগ্নিঃ সর্ব্বা দেবতাঃ।"

(১৬) "দেবাসুরাঃ সংযত্তা আসংস্তে দেবা বিভ্যতোঽগ্নিং প্রাবিশংস্তস্মাদাহুরগ্নিঃ সর্ব্বা দেবতাঃ।"

(১৭) অত্র স্মৃতি—"ভূতানি বিষ্ণুর্ভুবনানি বিষ্ণুঃ।" ব্যাপ্ত্যর্থক বিষ্‌ ধাতু হইতে বিষ্ণু।

উদ্দেশে যে পুরোডাশ নির্বপণ হইবে, তাহাতে সকল দেবতারই পরিচর্য্যা (সিদ্ধ) হইবে[১৮]।

অগ্নি ও বিষ্ণুর মধ্যে পুরোডাশের বিভাগ-সম্বন্ধে ব্রহ্মবাদীরা[১৯] প্রশ্ন করেন, যথা—"তদাহুঃ······বিভক্তিরিতি।"

[ব্রহ্মবাদীরা] এ বিষয়ে বলেন, একাদশ কপালে সংস্কৃত পুরোডাশ [একই দ্রব্য], [কিন্তু] অগ্নি ও বিষ্ণু দুই [দেবতা]; সেই [এক] দ্রব্যে উভয়ের কিরূপ ভাগকল্পনা হইবে? সেইরূপ বিভাগ কেনই বা হইবে?

অন্য ব্রহ্মবাদীরা ইহার উত্তর দেন, যথা—"অষ্টাকপাল······বিভক্তিঃ"

অষ্ট কপালে সংস্কৃত পুরোডাশ অগ্নির অংশ, [কেন না] গায়ত্রী অষ্টাক্ষরা ও গায়ত্রী অগ্নির ছন্দঃ[২০]; আর কপালত্রয়ে সংস্কৃত পুরোডাশ বিষ্ণুর অংশ, [কেন না] বিষ্ণু ত্রি [পাদ] দ্বারা এই (জগৎ) আক্রমণ করিয়াছিলেন[২১]। সেই দেবতাদ্বয়ের সেই (পুরোডাশে) এইরূপ বিভাগকল্পনার এই কারণ ও [তজ্জন্য] এইরূপ বিভাগ।

এইরূপে দীক্ষণীয় ইষ্টির বিধান করিয়া পুরোডাশ ব্যতীত অন্য দ্রব্যের দ্বারাও হোমের বিধান হইতেছে, যথা—"ঘৃতে······মন্যেত"

যে (যজমান) আপনাকে অপ্রতিষ্ঠিত মনে করে, সে ঘৃতপক্ক চরু নির্বপণ করিবে।

অপ্রতিষ্ঠিত অর্থে পুত্রাদি-রহিত ও গবাদি-রহিত। সে ব্যক্তি ঘৃতপক্ক তণ্ডুলের দ্বারা চরু হোম করিবে। এইরূপ অপ্রতিষ্ঠার দোষ-প্রদর্শন হইতেছে, যথা—"অস্যাং বাব······প্রতিতিষ্ঠতি"

---

(১৮) তৈত্তিরীয় শ্রুতিও এ বিষয়ে প্রমাণ, যথা—"আগ্নাবৈষ্ণবং একাদশকপালং নির্বপেদ্দীক্ষিষ্যমাণঃ অগ্নিঃ সর্ব্বা দেবতাঃ বিষ্ণুর্যজ্ঞো দেবতাশ্চৈব যজ্ঞঞ্চারভতে অগ্নিরবমো দেবানাং বিষ্ণুঃ পরমো যদাগ্নাবৈষ্ণবমেকাদশকপালং নির্বপতি দেবতা এবোভয়তঃ পরিগৃহ্য যজমানোঽবরুন্ধে।" (৫।৫।৪-৫)

(১৯) ব্রহ্মবাদী—বেদবক্তা। (জটাধর)

(২০) অগ্নি ও গায়ত্রী, উভয়েই প্রজাপতির মুখ হইতে উৎপন্ন, সে হেতু উভয়ের সাম্যপ্রযুক্ত গায়ত্রী অগ্নির ছন্দঃ। যথা—"প্রজাপতিরকাময়ত প্রজায়েয়েতি স মুখতস্ত্রিবৃতং নিরমিমীত তমগ্নির্দেবতান্বসৃজ্যত গায়ত্রীচ্ছন্দঃ।"

(২১) "ইদং বিষ্ণুর্বিচক্রমে ত্রেধা নিদধে পদম্" ঋক্-সং, ১।২২।১৭।

"ত্রীণি পদা বিচক্রমে বিষ্ণুর্গোপা অদাভ্যঃ" ঋক্-সং, ১।২২।১৮।

হে বৎস, যে এইরূপ প্রতিষ্ঠারহিত, সে ইহজগতে প্রতিষ্ঠিত (শ্লাঘ্য) হয় না।

ঘৃতচরু দ্বারা সেই অপ্রতিষ্ঠার পরিহার হয়, যথা—"তদ্ যৎ……প্রজাত্যৈ।"

তাহাতে (সেই ঘৃতপক্ক চরুতে) যে ঘৃত আছে, তাহা স্ত্রীর পয়ঃ (শোণিতস্বরূপ), আর যে তণ্ডুল আছে, তাহা পুরুষের [রেতঃস্বরূপ]; সেই ঘৃততণ্ডুল মিথুনসদৃশ ; [সেই জন্য এই] মিথুন দ্বারাই (ঘৃততণ্ডুলময় চরু প্রদান দ্বারা) ইহাকে (যজমানকে) সন্ততি দ্বারা ও পশু দ্বারা বর্দ্ধিত করা হয়। (সেই হেতু এই চরু) প্রতিষ্ঠারই হেতু।

এই জ্ঞানের প্রশংসা যথা—"প্রজায়তে……বেদ"

যে ইহা জানে, সে সন্ততি দ্বারা ও পশু দ্বারা বর্দ্ধিত হয়।

তৎপরে দীক্ষণীয় ইষ্টির কাল-নির্দ্দেশ হইতেছে, যথা—"আরব্ধযজ্ঞো বা…দীক্ষা।"

যে (যজমান) দর্শযাগ ও পূর্ণমাস যাগ করিয়াছে, সে সকল যজ্ঞই আরম্ভ করিয়াছে ও সকল দেবতা [-পূজা] আরম্ভ করিয়াছে ; অমাবস্যায় কর্ত্তব্য বা পূর্ণিমায় কর্ত্তব্য যজ্ঞের পর দীক্ষণীয় ইষ্টি করিবে ; সেই হবিঃ (আমাবাস্য যজ্ঞ) ও সেই বর্হিঃ (পৌর্ণমাস যজ্ঞ) অনুষ্ঠিত হইলে পর দীক্ষিত হইবে (দীক্ষণীয় ইষ্টি সম্পাদন করিবে)। ইহাই একবিধ দীক্ষা।

এই অগ্নিষ্টোম সোমযাগ প্রকৃতপক্ষে দর্শপূর্ণমাসের[২২] বিকৃতি নহে, কিন্তু ইহার অঙ্গীভূত দীক্ষণীয়াদি দর্শপূর্ণমাসের বিকৃতি। অগ্নিহোত্র দর্শপূর্ণমাসের অপেক্ষা করে না; কিন্তু অগ্নিহোত্র আহবনীয়াদি অগ্নিসাপেক্ষ, সেই অগ্নি সকল পবমানেষ্টি-সাপেক্ষ, পবমানেষ্টি আবার দর্শপূর্ণমাসের বিকৃতি। এইরূপে পরম্পরাক্রমে সোমযাগও দর্শপূর্ণমাসের অপেক্ষা করে। এই জন্য দর্শপূর্ণমাসের অনুষ্ঠানে অন্য যজ্ঞেরও আরম্ভ হয়; যজ্ঞের অনুষ্ঠানে সেই যজ্ঞিয় দেবতাপূজারও আরম্ভ হয়। সেই জন্য বলা হইল, দর্শপূর্ণমাসের পর দীক্ষণীয় ইষ্টি করিবে। "ইহা একবিধ দীক্ষা" বলায় সূচিত হইল, অন্যবিধ দীক্ষাও আছে। যজ্ঞিয় দ্রব্যের আহরণ হইলে দর্শপূর্ণমাসের পূর্ব্বেই সোমযাগ করিবে, এইরূপ অন্য মত আছে[২৩]।

তৎপরে প্রকৃতিযজ্ঞে পঞ্চদশ সামিধেনীপাঠের বিধান থাকিতেও এ স্থলে অন্য সংখ্যার বিধান হইতেছে, যথা—"সপ্তদশ…অনুব্রূয়াৎ।"

---

(২২) দর্শ পূর্ণমাস—অমাবস্যা বা পূর্ণমাসীতে অন্বাধান করিয়া প্রতিপত্তিথি হইতে আরব্ধ মাসসাধ্য যাগবিশেষ। (রঘুনন্দন)

(২৩) যথা আশ্বলায়ন—"ঊর্দ্ধং দর্শপূর্ণমাসাভ্যাং যথোপপত্ত্যেকে প্রাগপি সোমেনৈকে।"

সপ্তদশ সামিধেনী পাঠ করিবে।

অধ্বর্য্যুর আদেশানুসারে হোতা সপ্তদশ সামিধেনী (অগ্নিসমিন্ধনের অর্থাৎ অগ্নি প্রজ্বালনের[২৪]) ঋক্‌মন্ত্র পাঠ করিবে। প্রকৃতি-যজ্ঞে প্রযুক্ত পঞ্চদশ সামিধেনী ঋকের মধ্যে ধায্যানামক আরও দুইটি ঋক্ বসাইয়া সপ্তদশ মন্ত্র হইবে।

সপ্তদশসংখ্যাক সামিধেনীব প্রশংসা, যথা—"সপ্তদশো…প্রজাপতিঃ"

প্রজাপতি সপ্তদশ [-অবযবাত্মক]; [কেন না] মাস বারটি; হেমন্ত ও শিশিব ঋতুকে সমান (এক ঋতু বলিয়া) ধবিলে ঋতু পাঁচটি; [দ্বাদশ মাস ও পঞ্চ ঋতুব যোগে উৎপন্ন] সেই সমগ্র কাল সংবৎসর; এবং সংবৎসব প্রজাপতি।

(২৪) সামিধেনী—অগ্নি-সমিন্ধন(প্রজ্বালন)কালে ব্যবহৃত ঋক্‌মন্ত্রের নাম সামিধেনী।

১। প্র বো বাজা অভিদ্যবো হবিষ্মন্তো ঘৃতাচ্যা। দেবান্ জিগাতি সুম্নয়ুঃ। ঋ ৩।২৭।১

২। সমিধ্যমানো অধ্বরে অগ্নিঃ পাবক ঈড্যঃ। শোচিষ্কেশস্তমীমহে। ৩।২৭।৪

৩। ঈড়েন্যো নমস্যস্তিরস্তমাংসি দর্শতঃ। সমগ্নিঃ ইধ্যতে বৃষা। ৩।২৭।১৩

৪। বৃষো অগ্নিঃ সমিধ্যতে অশ্বো ন দেববাহনঃ। তং হবিষ্মন্ত ঈড়তে। ৩।২৭।১৪

৫। বৃষণং ত্বা বয়ং বৃষন্ বৃষণঃ সমিধীমহি। অগ্নে দীদ্যতং বৃহৎ। ৩।২৭।১৫

৬। অগ্ন আয়াহি বীতয়ে গৃণানো হব্যদাতয়ে। নিহোতা সৎসি বর্হিষি। ৬।১৬।১০

৭। তং ত্বা সমিদ্ভিরঙ্গিরো ঘৃতেন বর্দ্ধয়ামসি। বৃহৎ শোচাযবিষ্ঠ্য। ৬।১৬।১১

৮। স নঃ পৃথু শ্রবায্যং অচ্ছা দেব বিবাসসি। বৃহদগ্নে সুবীর্য্যম্। ৬।১৬।১২

৯। অগ্নিং দূতং বৃণীমহে হোতারং বিশ্ববেদসং। অস্য যজ্ঞস্য সুক্রতুম্। ১।১২।১

১০। সমিদ্ধো অগ্ন আহুত দেবান্ যক্ষি স্বধ্বর। ত্বং হি হব্যবাড়সি। ৫।২৮।৫

১১। আজুহোতা দুবস্যত অগ্নিং প্রয়তি অধ্বরে। বৃণীধ্বং হব্যবাহনম্। ৫।২৮।৬

আশ্বলায়ন শ্রৌতসূত্রে (১।২) অনুসারে এই একাদশটী ঋক্‌মন্ত্র অগ্নিসমিন্ধনে প্রযুক্ত হয়। ইহার মধ্যে প্রথমটি ও শেষটি তিন বার করিয়া পঠিত হওয়ায় সামিধেনী মন্ত্রসংখ্যা পঞ্চদশ। প্রকৃতিযজ্ঞে পঞ্চদশ সামিধেনী-পাঠের বিধান থাকিলেও এ স্থলে দীক্ষণীয় ইষ্টিতে সপ্তদশের বিধান হইতেছে। এ জন্য আর দুইটি ঋক্‌মন্ত্র ঐ পঞ্চদশের মধ্যে বসান হয়। এই দুইটির নাম ধায্যা মন্ত্র, যথা—

১। পৃথুপাজা অমর্ত্যো ঘৃতনির্ণিক্‌স্বাহুতঃ। অগ্নির্যজ্ঞস্য হব্যবাট্। ৩।২৭।৫

২। তং সবাধো যতস্রুচ ইত্থা ধিয়া যজ্ঞবন্তঃ। আ চক্রুরগ্নিমূর্তয়ে। ৩।২৭।৬

(আশ্বলায়ন ৪।২)

সপ্তদশ সংখ্যাজ্ঞানের প্রশংসা, যথা—"প্রজাপত্যায়তনাভিঃ...বেদ"

প্রজাপতি ইহাদের [এই সামিধেনীসমূহের] আয়তন (আশ্রয়); এই জন্য যে ইহা (সপ্তদশ মন্ত্রেব ব্যবহার) জানে, সে ইহাদেব (এই মন্ত্রের) দ্বারা সমৃদ্ধ হয়।

সংবৎসররূপী প্রজাপতিব সপ্তদশ অবয়ব, সামিধেনীব সংখ্যাও সপ্তদশ ; এই হেতু প্রজাপতি সামিধেনীর আশ্রয়।

দ্বিতীয় খণ্ড

ইষ্টি-আহুতি-উতি-হোতা

দীক্ষণীয় ইষ্টি নিরূপণেব পব ইষ্টিশব্দের ব্যুৎপত্তি হইতেছে, যথা—"যজ্ঞো বৈ... তমন্ববিন্দন্"।

যজ্ঞ দেবগণেব নিকট হইতে চলিয়া গিযাছিলেন ; [দেবগণ] তাঁহাকে ইষ্টিসমূহ দ্বাবা অন্বেষণ কবিতে ইচ্ছা কবিয়াছিলেন। যে হেতু ইষ্টি দ্বারা অন্বেষণ ইচ্ছা কবিযাছিলেন, তজ্জন্যই ইষ্টিব ইষ্টিত্ব। [পবে দেবগণ] যজ্ঞকে পাইয়াছিলেন।

যজ্ঞ অর্থে জ্যোতিষ্টোমাভিমানী যজ্ঞপুরুষ (সায়ণ)। ইষ্টি শব্দ[১] যজনার্থ যজ ধাতু হইতে নিষ্পন্ন। কিন্তু এ স্থলে দেবগণ ইষ্টিদ্বাবা যজ্ঞকে লাভ কবিতে ইচ্ছা করিয়াছিলেন বলিয়া ইচ্ছার্থক ইষ ধাতু হইতে নিষ্পন্ন করা হইল।

যজ্ঞলাভ-জ্ঞানেব প্রশংসা যথা—"অনুবিত্ত...এবং বেদ"

যে ইহা জানে, সে [ইষ্টি দ্বাবা] যজ্ঞ লাভ কবিয়া সমৃদ্ধ হয।

তৎপরে ইষ্টিবিধানে প্রযুক্ত আহুতি[২] শব্দেব ব্যুৎপত্তি দেখান হইতেছে... "আহুতয়ো......আহুতিত্বম্।"

এই যে সকল আহুতি, ইহাদের নাম [বস্তুতঃ] আহূতি ; [কেন না] যজমান ইহা দ্বারা (আহুতি দ্বারা) দেবগণকে আহ্বান কবেন। এই জন্য আহুতি সকলের আহূতিত্ব।

হ্রস্ব উকারযুক্ত আহুতি শব্দ হবনার্থক হু ধাতু হইতে নিষ্পন্ন ; অর্থ—অগ্নিতে ঘৃতাদি হবনীয় দ্রব্যের প্রদান। এ স্থলে আহুতি দ্বারা দেবগণ আহূত হয়েন বলিয়া

(১, ২) ইষ্টি ও আহুতি—ইষ্টিশব্দ যজ্ ধাতু হইতে উৎপন্ন, যদ্দ্বারা যজন করা যায় ; ইন্দ্রাদি কতিপয় দেবতাকে যথাবিধি পুরোডাশদানের নাম ইষ্টি। আহুতি—হু ধাতু হইতে উৎপন্ন, যথাবিধি মন্ত্রকরণক বহ্ন্যধিকরণক দেবতোদ্দেশে হবিঃপ্রদানের নাম আহুতি।

আহ্বানার্থক হ্বে ধাতু হইতে নিষ্পন্ন আহুতির সহিত আহুতিকে সমানার্থক করা হইল।

তৎপরে ইষ্টি ও তদঙ্গ আহুতির উতি নাম নির্দ্দেশ করা হইতেছে, যথা—"উতয়ঃ···ভবন্তি।"

যদ্দ্বারা (যে ইষ্টি ও আহুতি দ্বারা) দেবগণ যজমানের হবে[৩] (যজ্ঞে) আগমন করেন, তাহারই নাম বস্তুতঃ উতি। অথবা যাহা পথ ও যাহা স্রুতি (পথের অবয়ব), তাহাই উতি; [কেন না] তাহারা (ইষ্টি ও আহুতি) উভয়েই যজমানের স্বর্গপ্রাপক (পথস্বরূপ) হয়।

উতি শব্দ প্রকৃতপক্ষে রক্ষার্থক অব্ ধাতু হইতে নিষ্পন্ন; যাহা দেবগণকে রক্ষা করে, তাহা উতি, অর্থাৎ যজ্ঞ বা তদঙ্গ আহুতি। এ স্থলে যদ্দ্বারা দেবগণ যজ্ঞে আসেন, অথবা যে পথে যজমান স্বর্গে যান, এই অর্থ করিয়া উতি শব্দ গমনার্থক আঙ্-পূর্ব্বক অয় ধাতু হইতে নিষ্পন্ন করা হইল। "আয়ন্তি যাভিঃ ইতি আঙ্-পূর্ব্বস্যায়তি-ধাতোর্বর্ণবিকারেণ উতিশব্দঃ।"

পরে ইষ্টির অঙ্গভূত যাজ্যা ও অনুবাক্যা[৪] পাঠকের নামকরণ সম্বন্ধে ব্রহ্মবাদীর প্রশ্ন, যথা—"তদাহুঃ···আচক্ষত ইতি।"

এ বিষয়ে [ব্রহ্মবাদীরা] বলেন, যখন [হোতা ভিন্ন] অন্য লোকে (অর্থাৎ অধ্বর্য্যু) আহুতি দান করেন, [তখন তাঁহাকে হোতা না বলিয়া] যিনি অনুবাক্যা বলেন ও যিনি যাজ্যা পাঠ করেন, তাঁহাকে কেন হোতা বলা হয়?

ইহার উত্তর—"যদ্বাব···ভবতি।"

হে বৎস, যেহেতু সেই (যাজ্যা ও অনুবাক্যার পাঠক) সেই [যজ্ঞে] দেবতাগণকে যথাস্থানে, উঁহাকে আবাহন করি, উঁহাকে আবাহন করি, এইরূপে আবাহন করিয়া থাকেন, সেই জন্যই হোতার হোতৃত্ব; [এই জন্য] তিনিই হোতা হয়েন।

ইষ্টি বিধানে আহুতি দানের সময় দুইটি মন্ত্র পঠিত হয়; একটি অনুবাক্যা বা পুরোনুবাক্যা, আর একটি যাজ্যা। অধ্বর্য্যু আহুতি দেন ও হোতা ঐ মন্ত্র পাঠ

---

(৩) হব—যজ্ঞ—"হূয়ন্তে দেবা অস্মিন্নিতি হবঃ।"

(৪) আগুঃ (মন্ত্রবিশেষে "যজামহে" এই তিঙন্ত রেফান্ত) পূর্ব্বক বষট্কারান্ত অর্দ্ধ ঋককে অবসান, একটি ঋককে "যাজ্যা" কহে। যে ঋকের প্রথমার্দ্ধে এক বিরাম, চতুর্মাত্র প্রণবান্ত দ্বিতীয়ার্দ্ধে দ্বিতীয় বিরাম, দেবতার আনুকূল্যকারী সেই ঋককে "পুরোঽনুবাক্যা" বা "অনুবাক্যা" কহে।

করেন। হোতৃ শব্দ হবনার্থ হু ধাতু হইতে নিষ্পন্ন, কাজেই আহুতিদাতার নামই হোতা হওয়া উচিত, অথচ তাঁহার নাম অধ্বর্য্যু ও মন্ত্রপাঠকের নাম হোতা হইল কেন? ইহার উত্তরে বলা হইল, আঙ্‌পূর্ব্বক হ্বে ধাতু হইতে হোতা (অর্থাৎ আবাহনকর্ত্তা) নিষ্পন্ন করা চলিতে পারে; তাহা হইলে যিনি যাজ্যা ও অনুবাক্যা মন্ত্র দ্বারা দেবতাকে আবাহন করেন, তিনিই হোতা, ইহা বলিলে দোষ হয় না।

হোতৃত্বজ্ঞানপ্রশংসা, যথা—"হোতেতি...বেদ"

যিনি ইহা (উপর্য্যুক্ত উত্তরের প্রতিপাদ্য অর্থ) জানেন, তাঁহাকে হোতা বলা হয়।

অর্থাৎ তিনি হোতৃকর্ম্মে কুশল হয়েন।

তৃতীয় খণ্ড

দীক্ষিতের বিবিধ সংস্কার

এইরূপে ইষ্টি, আহুতি, ঊতি ও হোতৃ শব্দের অর্থ ব্যাখ্যা করিয়া দীক্ষিত যজমানের বিবিধ সংস্কারের প্রস্তাব হইতেছে,—"পুনর্বা...দীক্ষয়ন্তি।"

যাঁহাকে দীক্ষিত করা হইল, তাঁহাকে পুনরায় ঋত্বিকেরা গর্ভস্বরূপ করিবেন।

গর্ভ শব্দে ভ্রূণ বুঝায়। যজমান একবার জন্মকালে মাতৃকুক্ষিতে বাস করিয়াছিলেন; পুনরায় তাঁহাকে ভ্রূণরূপে ব্যবহার করিয়া বিবিধরূপে সংস্কৃত করিতে হয়। তন্মধ্যে প্রথম সংস্কার যথা—"অদ্ভিরভিষিঞ্চন্তি।"

জল দ্বারা অভিষেক (স্নান) করান হয়।[১]

সেই জলের প্রশংসা, যথা—"রেতো বা...দীক্ষয়ন্তি।"

জলই রেতঃ। সেই জন্য ইহাকে (দীক্ষিত যজমানকে) সরেতস্ক (রেতোযুক্ত) করিয়া দীক্ষিত করা হয়।

শ্রুতিমতে রেতঃ হইতে জল উৎপন্ন, এ জন্য জলকে রেতঃস্বরূপ বলা যাইতে পারে[২]। তৎপরে অন্যবিধ সংস্কার যথা—"নবনীতেনাভ্যঞ্জন্তি।"

নবনীত দ্বারা অভ্যক্ত করা হয়।

---

(১) তৈত্তিরীয় মতে বপনের পর অভিষেক। "অঙ্গিরসঃ সুবর্গং লোকং যন্তোঽপ্সু দীক্ষাতপসী প্রাবেশয়ন্। অপ্সু স্নাতি সাক্ষাদেব দীক্ষাতপসী অবরুন্ধে।" (৬।১।১।২)

(২) "শিশ্নাদ্রেতো রেতস আপঃ" (আরণ্যক ২।৪।১।৬), "অস্মিন্ পঞ্চাত্মকে শরীরে যৎ কঠিনং সা পৃথিবী যদ্দ্রবং তদাপঃ"—(গর্ভোপনিষৎ।)

*

নবনীত ব্যবহারের কারণ, যথা—"আজ্যং···সমর্দ্ধয়ন্তি।"

আজ্য দেবগণের, সুরভি-ঘৃত মনুষ্যগণেব, আয়ুত পিতৃগণের, নবনীত গর্ভের (ভ্রূণগণের); অতএব নবনীত দ্বাবা যে অভ্যঙ্গ কবা হয়, তাহাতে তাঁহাকে (যজমানকে) আপনাব [উচিত, প্রাপ্য] ভাগের দ্বাবাই সমৃদ্ধ কবা হয়।

আজ্য অর্থে গলিত ঘৃত; ঘনীভূত অবস্থায় ঘৃত; ঈষদ্‌গলিত অবস্থায় আয়ুত[৩]।

পরে অন্য সংস্কার যথা—"আঙ্‌ক্তস্ত্যেনম্।"

ইঁহাকে [চক্ষুতে] অঞ্জন দেওয়া হয।

অঞ্জনপ্রশংসা যথা—"তেজো বা···দীক্ষয়ন্তি।"

এই যে অঞ্জন, ইহা অক্ষিদ্বযেব তেজঃস্বরূপ; সেই হেতু এতদ্দ্বাবা ইঁহাকে (যজমানকে) তেজস্বী কবিয়া দীক্ষিত কবা হয়।

পবে অন্য সংস্কাব—"একবিংশত্যা···পাবযন্তি।"

একবিংশতি দর্ভপিঞ্জূল (কুশসমষ্টি) দ্বারা পবিত্র কবা হয।

শুদ্ধিব প্রয়োজন প্রদর্শন, যথা—"শুদ্ধং······দীক্ষয়ন্তি।"

ইনি [অভিষেকাদি সংস্কাব দ্বাবা] শুদ্ধ হইলেও তদ্দ্বারা (কুশ দ্বাবা পুনবায়) পবিত্র কবিয়া দীক্ষিত কবা হয়।

তৎপরে দীক্ষিতকে প্রাচীনবংশ গৃহে[৪] প্রবেশেব বিধান, যথা—"দীক্ষিতবিমিতং প্রপাদয়ন্তি।"

দীক্ষিতেব জন্য নির্ম্মিত [প্রাচীনবংশ গৃহে তাঁহাকে] প্রবেশ কবাইবে।

সেই গৃহের যোনিস্বরূপত্ব-প্রদর্শন, যথা—"যোনির্ব্বা···স্বাম্প্রপাদয়ন্তি"

এই যে দীক্ষিতেব জন্য নির্ম্মিত, ইহা দীক্ষিতের [পক্ষে] যোনিস্বরূপই; তজ্জন্য ইঁহাকে (ভ্রূণস্বরূপ যজমানকে) আপনার যোনিতেই (গর্ভবাস-স্থানে) প্রবেশ করান হয়।[৫]

---

(৩) "সর্পির্বিলীনমাজ্যং স্যাদ্ঘনীভূতং ঘৃতং বিদুঃ।" এ বিষয়ে তৈত্তিরীয় মত,—'ঘৃতং দেবানাং মস্তু পিতৃণাং নিষ্পক্বং মনুষ্যাণাম্।' "ঈষদ্বিলীনং মস্তু নিঃশেষেণ বিলীনং নিষ্পক্বম্।" (সায়ণ)

(৪) দেবযজনার্থ নির্ম্মিত গৃহকে প্রাচীনবংশ(প্রাগ্বংশ)শালা বলে। যথা আপস্তম্ব —"আপো দেবাস ঈমহ ইতি পূর্ব্বয়া দ্বারা প্রাগ্বংশং প্রবিশ্য।" (১০।৮১)

(৫) শাখান্তরেও যজমানের দেবযজনগৃহপ্রবেশকে ভ্রূণের যোনিপ্রবেশের সহিত তুলিত করা হইয়াছে; তৈত্তিরীয়শ্রুতি—"বহিঃ পাবয়িত্বান্তঃ প্রপাদয়তি, মনুষ্যলোক এবৈনং পাবয়িত্বা পূতং দেবলোকং প্রণয়তি" (৬।১।২।১)

দীক্ষিত পক্ষে তৎপরে নিয়ম, যথা—"তস্মাদ্‌···চরতি চ"

[যজমান] সেই ধ্রুব (স্থিব) যোনিমধ্যে উপবেশন কবিবে ও বিচরণ কবিবে।

তাহাব কারণ-প্রদর্শন, যথা—"তস্মাদ্‌······জাযন্তে"

[কেন না] সেইরূপ ধ্রুব যোনিমধ্যে গর্ভ অবস্থান করে ও [তাহা হইতে] জাত হয়।

সেই স্থান হইতে বহির্গমন-নিষেধ, যথা—"তস্মাদ্‌······অভ্যাশ্রাবযেয়ুঃ।"

সেই জন্য দীক্ষিতবিমিত নামক [স্থান] ভিন্ন অন্য স্থানে দীক্ষিতকে দর্শন কবিয়া আদিত্য (সূর্য্য) যেন উদিত না হযেন বা অস্তগত না হযেন, অথবা [ঋত্বিকেবা যেন দীক্ষিতকে লক্ষ্য কবিযা] আশ্রাবণা[৬] না কবেন।

দীক্ষিত সর্ব্বদা প্রাচীনবংশশালাতেই অবস্থান করিবে ; যদি নিতান্তই বাধ্য হইযা বাহিরে যাইতে হয়, সূর্য্যোদয় বা সূর্য্যাস্তগমন-কালে বা আশ্রাবণাব সময়ে যেন বাহিবে না থাকেন।

তৎপবে অন্য সংস্কাব—"বাসসা···প্রোর্ণুবন্তি"

বস্ত্রেব দ্বাবা আচ্ছাদন কবিবে ; [কেন না] এই যে বস্ত্র, উহা দীক্ষিতেব পক্ষে উল্বস্বরূপ , তজ্জন্য ইহাতে তাঁহাকে উল্ব দ্বাবাই আচ্ছাদন কবা হয।[৭]

দীক্ষিত ভ্রূণস্বরূপ ; উল্ব অর্থে ভ্রূণবেষ্টক চর্ম্ম ; এই বস্ত্র ভ্রূণের উল্বস্বরূপ হয। পবে অন্য সংস্কাব, যথা—"কৃষ্ণাজিনং······ভবতি"

কৃষ্ণাজিন উত্তব (বহির্বেষ্টন) হইবে।

অর্থাৎ কৃষ্ণাজিন দ্বারা আবাব বেষ্টন কবিবে। এই বেষ্টন ভ্রূণরূপী দীক্ষিতের পক্ষে জবায়ু স্বরূপ হইবে। যথা—"উত্তরং···প্রোর্ণুবন্তি।"

উল্বেব উপবে (বাহিবে) জরায়ু থাকে ; ইহাতে তাঁহাকে জবাযু দ্বাবা আচ্ছাদন করা হয়।

পুনশ্চ অপর সংস্কার—"মুষ্টীকুরুতে"

"গর্ভো বা এষ যদ্দীক্ষিতো যোনির্দীক্ষিতবিমিতং যদ্দীক্ষিতবিমিতমভ্যেত্য প্রবসেদ্ যথা যোনের্গর্ভঃ স্কন্দতি তাদৃগেব তত্র প্রবস্তব্যমাত্মনো গোপীথায়।" (শতপথ)

(৬) আশ্রাবণা জুহু উপভৃত ধরিয়া অধ্বর্য্যু কর্ত্তৃক প্লুত স্বরে মন্ত্রশ্রবণ করান।

(৭) তৈত্তিরীয় শাখায়—"গর্ভো বা এষ যদ্দীক্ষিত উল্বং বাসঃ প্রোর্ণুতে তস্মাদ্গর্ভাঃ প্রাবৃতা জায়ন্তে।" (৬।১।৩।২)

[যজমান দুই হস্ত] মুষ্টিবদ্ধ করিবে।[৮]

তৎপ্রশংসা যথা—"মুষ্টী……কুরুতে"

গর্ভ মুষ্টি করিয়া অভ্যন্তরে শয়ান থাকে; কুমার (নবপ্রসূত শিশু) মুষ্টি করিয়া জন্মগ্রহণ করে; অতএব এই যে (যজমান) মুষ্টি করিবে, ইহাতে যজ্ঞকে ও সকল দেবতাকে মুষ্টিমধ্যে ধরা হয়।[৯]

প্রকারান্তরে মুষ্টিদ্বয়ের প্রশংসা, যথা—"তদাহুঃ……তথেতি"।

এ বিষয়ে [ব্রহ্মবাদীরা] বলেন, যে পূর্ব্বে দীক্ষিত, তাহার সংসব দোষ হয় না, [কেন না] তৎকর্ত্তৃক [মুষ্টিমধ্যে] যজ্ঞ ধৃত হইয়া রহিয়াছে ও দেবতাও ধৃত হইয়া রহিয়াছেন; যে পরে দীক্ষিত, তাহার যেরূপ আর্ত্তি (অনিষ্ট) হয়, ইহার (পূর্ব্বদীক্ষিতের) সেরূপ হয় না।

দুই জন ব্যক্তি এক সঙ্গে পরস্পর নিকটে থাকিয়া সোমযাগ করিলে উহা পরস্পর ঈর্ষ্যাপ্রকাশক বলিয়া দূষ্য হয়; উহাকে সংসব দোষ বলে[১০]। এরূপ স্থলে যে ব্যক্তি পূর্ব্বে দীক্ষিত হয়, তাহার দোষ ঘটে না; কেন না, সে পূর্ব্বেই যজ্ঞকে ও দেবতাগণকে মুষ্টিবদ্ধ করিয়াছে। যিনি পরে দীক্ষিত, তাঁহারই অনিষ্ট ঘটে; তাঁহাকেই তজ্জন্য প্রায়শ্চিত্ত করিতে হয়।

তৎপরে কৃষ্ণাজিন পরিত্যাগ-বিধান, যথা—"উন্মুচ্য……জায়ন্তে"

কৃষ্ণাজিন উন্মোচন করিয়া অবভৃথ (স্নানদেশ) গমন করিবে, [কেন না] সেই জরায়ু হইতে মুক্ত হইয়া গর্ভ জন্মগ্রহণ করে।

কিন্তু বেষ্টনবস্ত্র পরিত্যাগ করিবে না, তাহার কারণ-প্রদর্শন, যথা—"সহৈব… জায়তে।"

বস্ত্রের সহিতই [অবভৃথ স্নানে] যাইবে; [কেন না] কুমার উল্ব[১১] সমেত জন্মগ্রহণ করে।

প্রাচীন বংশ-শালা হইতে বাহিরে আসিয়া স্নানদেশে গমন ভ্রূণের জন্মগ্রহণ-স্বরূপ; তাহাতে জরায়ু হইতে মোক্ষণ হয়। কিন্তু ভ্রূণ উল্ব সমেত ভূমিষ্ঠ হয়।

(৮) আপস্তম্ব—"অথাঙ্গুলীর্ন্যঞ্চতি। স্বাহা যজ্ঞং মনসেতি দ্বে স্বাহা দিব ইতি দ্বে স্বাহা পৃথিব্যা ইতি দ্বে স্বাহোরোরন্তরিক্ষাদিতি দ্বে স্বাহা যজ্ঞং বাতাদারভ ইতি মুষ্টীকরোতি।" (১০।১১।৩।৪)

(৯) শাখান্তরে—"মুষ্টীকরোতি বাচং যচ্ছতি যজ্ঞস্য ধৃত্যৈ।" (তৈং ৬।১।৪।৩)

(১০) দুই জনের মধ্যে নদী বা পর্ব্বত ব্যবধান থাকিলে সংসব দোষ হয় না—'অসংসবাঃ সমুদ্রহিতেষু নদ্যা বা পর্ব্বতেন বা।'

(১১) উল্ব—ক্লেদাকার জরায়ু অপেক্ষা অতিশয় সূক্ষ্ম চর্ম্ম।

চতুর্থ খণ্ড

যাজ্যা ও অনুবাক্যা

দীক্ষণীয় ইষ্টিবিধানেব ও আনুষঙ্গিক সংস্কারাদি বিধানের পব এক্ষণে ঋগ্বেদ-প্রতিপাদ্য হৌত্র কর্ম্ম (হোতাব কর্ত্তব্য) বিধান হইতেছে, যথা—"ত্বমগ্নে…তস্মৈ।"

যে যজমান ইতঃপূর্ব্বে [সোম] যাগ কবে নাই, তাহাব জন্য "ত্বমগ্নে সপ্রথা অসি[১]" এবং "সোম যাস্তে ময়োভুবঃ[২]" [এই দুইটি ঋক্ মন্ত্র] আজ্যভাগদ্বযেব পুবোঽনুবাক্যা রূপে পাঠ কবিবে।

ঘৃতাহুতি দানের সময়ে অধ্বর্য্যুব আদেশানুসাবে হোতা এই দুইটি মন্ত্র পাঠ কবিবে। প্রথম আহুতিব একটি মন্ত্র, দ্বিতীয় আহুতিব অপব মন্ত্র। এই মন্ত্র পাঠেব নাম পুবোঽনুবাক্যা পাঠ।

প্রথম মন্ত্রটিব প্রয়োগেব কাবণ প্রদর্শন, যথা—"ত্বয়া…বিতন্বোতি।"

[হে অগ্নে! ঋত্বিক্‌গণ] তোমাব [প্রসাদে] যজ্ঞ বিস্তাব কবিতেছেন—এই বাক্য দ্বাবা ইহাব (যজমানেব) জন্য যজ্ঞকে বিস্তৃত কবা হয়।

অন্য যজমানেব জন্য অন্য মন্ত্রেব বিধান, যথা—"অগ্নিঃ…তস্মৈ।"

যে (যজমান) পূর্ব্বে যাগ কবিয়াছে, তাহার জন্য "অগ্নিঃ প্রত্নেন মন্মনা[৩]" এবং "সোম গীর্ভিষ্ট্বা বয়ম্[৪]" এই দুই মন্ত্র।

দ্বিতীয় বার অনুষ্ঠিত যাগেব সময় উভয় আহুতিব জন্য এই দুই মন্ত্র পুরোঽনুবাক্যা হইবে।

প্রথম মন্ত্রপ্রয়োগেব আনুকূল্য দেখান হইতেছে, যথা—"প্রত্নমিতি…অভিবদতি।"

প্রত্ন (পুবাতন) এই পদ দ্বাবা (পূর্ব্বে অনুষ্ঠিত সোমযাগেব কথা) বলা হইল।

কিন্তু অন্যরূপ মন্ত্রেরও বিধান আছে; পূর্ব্বোক্ত মত সকলে আদব কবেন না, যথা—"তৎ তৎ নাদৃত্যম্।"

---

(১) ত্বমগ্নে সপ্রথা অসি জুষ্টো হোতা বরেণ্যঃ। ত্বয়া যজ্ঞং বিতন্বতে। (ঋক্ ৫।১৩।৪)

(২) সোম যাস্তে ময়োভুব ঊতয়ঃ সন্তি দাশুষে। তাভির্নো অবিতা ভব। (১।৯১।৯)

(৩) অগ্নিঃ প্রত্নেন মন্মনা শুম্ভানস্তন্বং স্বাং। কবিঃ বিপ্রেণ বাবৃধে। (৮।৪৪।১২)

(৪) সোম গীর্ভিষ্ট্বা বয়ং বর্দ্ধয়ামো বচোবিদঃ। সুমৃড়ীকো ন আ বিশ। (১।৯১।১১)

এ বিষয়ে [যাহা বিহিত হইল], তাহা আদরণীয় নহে।

দীক্ষণীয় ইষ্টিতে দুইটী আজ্যভাগ সম্বন্ধে "ত্বমগ্নে" ইত্যাদি যে অনুবাক্যা পাঠ করিবে, এই মত গ্রাহ্য নহে।

"অগ্নির্বৃত্রাণি জঙ্ঘনদ্[৫]" এবং "ত্বং সোমাসি সৎপতিঃ[৬]" এই দুই বার্ত্রঘ্ন (বৃত্রহা দেবতা-সম্বন্ধীয়) মন্ত্র পাঠ করিবে।

দুই আহুতিতে এই দুইটি পুরোহনুবাক্যা হইতে পারে। যে পূর্ব্বে যাগ করে নাই বা করিয়াছে, উভয় যজমানের পক্ষেই এই বিধান চলিতে পারে।

এই দুই মন্ত্রের প্রয়োজ্যতা-প্রদর্শন, যথা—"বৃত্রং···কর্ত্তব্যৌ"।

যাহাকে (যে যজমানকে) যজ্ঞে প্রেরণ করা (দীক্ষিত করা) হয়, সে বৃত্রকে (পাপরূপ শত্রুকে) হত্যা করে; এই জন্য বার্ত্রঘ্ন (বৃত্রহত্যা-সম্বন্ধীয) মন্ত্রদ্বয় পাঠ করা কর্ত্তব্য।

আজ্যভাগ-দান কর্ম্মাঙ্গ, ইহাতে পুরোহনুবাক্যা পাঠ হয়। তৎপরে হবিঃ-কর্ম্ম প্রধান কর্ম্ম; তাহাতে যাজ্যা ও অনুবাক্যা পাঠ হয। এক্ষণে তাহার বিধান হইতেছে, যথা—"অগ্নির্মুখং···ভবতঃ"

"অগ্নির্মুখং প্রথমো দেবতানাম্"[৭] এবং "অগ্নিশ্চ বিষ্ণো তপ উত্তমং মহঃ"[৮] এই দুইটি অগ্নি ও বিষ্ণুর উদ্দেশে হবিঃপ্রদানের জন্য অনুবাক্যা ও যাজ্যা।

প্রথম মন্ত্রটি অনুবাক্যা, দ্বিতীয়টি যাজ্যা। এই দুই মন্ত্রের প্রয়োজ্যতা, যথা—"আগ্নাবৈষ্ণব্যৌ···অভিবদতি"

অগ্নি ও বিষ্ণুর সম্বন্ধী এই দুই ঋক্ রূপ-সমৃদ্ধ; [কেন না] এই দুই ঋক্, যে কর্ম্ম অনুষ্ঠিত হইতেছে, তাহাকেই পূর্ণভাবে উল্লেখ করিতেছে; এবং যাহা [নিজে] রূপসমৃদ্ধ, তাহা যজ্ঞকেও সমৃদ্ধ (সম্পূর্ণ) করে।

(৫) অগ্নির্বৃত্রাণি জংঘনদ্ দ্রবিণস্যুঃ বিপন্যয়া। সমিদ্ধঃ শুক্র আহুতঃ। (৬।১৬।৩৪)

(৬) ত্বং সোমাসি সৎপতিস্ত্বং রাজোত বৃত্রহা। ত্বং ভদ্রো অসি ক্রতুঃ। (১।৯১।৫)

(৭, ৮) এই ঋক্ দুইটি প্রসিদ্ধ ঋগ্বেদ-সংহিতার শাকলশাখায় নাই। আশ্বলায়ন-শ্রৌতসূত্র ৪।২ মধ্যে ইহা অন্য শাখা হইতে উদ্ধৃত হইয়াছে—

"অগ্নির্মুখং প্রথমো দেবতানাং সংগতানামুত্তমো বিষ্ণুরাসীৎ।
যজমানায় পরিগৃহ্য দেবান্ দীক্ষয়েদং হবিরাগচ্ছতং নঃ।
অগ্নিশ্চ বিষ্ণো তপ উত্তমং মহো দীক্ষাপালায় বনতং হি শক্রা।
বিশ্বৈর্দেবৈর্যজ্ঞিয়ৈঃ সংবিদানৌ দীক্ষামস্মৈ যজমানায় ধত্তম্।"

ঐ দুই ঋকে যজমানকে দীক্ষাদানের জন্যই অগ্নি ও বিষ্ণুকে আহ্বান করা হইয়াছে। তজ্জন্য এই দীক্ষাকার্য্যে এই দুই মন্ত্রই সর্ব্বতোভাবে অনুকূল ; তজ্জন্য ঐ ঋক্ পাঠ করিলে কর্ম্মের কোনরূপ বিঘ্ন বা বৈকল্য ঘটিবার আশঙ্কা থাকে না।

পুনশ্চ মন্ত্রদ্বয়ের প্রশংসা—"অগ্নিশ্চ···দীক্ষয়েতামিতি।"

এই যে অগ্নি আর যে বিষ্ণু, ইঁহারা দেবগণের মধ্যে দীক্ষার পালনকর্ত্তা ; ইঁহারাই দীক্ষাকর্ম্মের ঈশ্বর (প্রভু) : অতএব অগ্নি ও বিষ্ণুর উদ্দিষ্ট যে হবিঃ, তদ্দ্বারা যাঁহারা দীক্ষার ঈশ্বর, তাঁহারাই প্রীত হইয়া [যজমানকে] দীক্ষা দান করেন। যাঁহারা দীক্ষয়িতা, তাঁহারাই দীক্ষিত করেন।

উক্ত মন্ত্রদ্বয়ের ছন্দঃপ্রশংসা, যথা—"ত্রিষ্টুভৌ···সেন্দ্রিয়ত্বায়"

ত্রিষ্টুপ্ দুইটি [যজমানকে] সেন্দ্রিয়ত্ব (ইন্দ্রিয়যুক্তত্ব অর্থাৎ বলবীর্য্য) প্রদান করে।

পঞ্চম খণ্ড

বিবিধ কাম্য সংযাজ্যা

প্রধান হবিঃপ্রদানের যাজ্যা ও অনুবাক্যা উক্ত হইল ; এক্ষণে স্বিষ্টকৃৎ যাগে বিবিধ ফলপ্রাপ্তির নিমিত্ত বিশেষরূপ যাজ্যা ও অনুবাক্যার বিধান করা হইতেছে—"গায়ত্র্যৌ···ব্রহ্মবর্চ্চসকামঃ।"

তেজস্কাম [ও] ব্রহ্মবর্চ্চসকাম [যজমান] গায়ত্রীদ্বয়কে স্বিষ্টকৃতের সংযাজ্যা করিবে।

"স হব্যবাড়মর্ত্ত্যঃ" (সং ৩।১১।২), "অগ্নির্হোতা পুরোহিতঃ" (সং ৩।১১।১), এই দুইটী গায়ত্রীকে সংযাজ্যারূপে পাঠ করিলে যজমানের তেজঃ (শরীরকান্তি) ও ব্রহ্মবর্চ্চস (বেদাধ্যয়নসম্পত্তি) জন্মে। স্বিষ্টকৃৎ যাগে বিহিত যাজ্যা ও অনুবাক্যাকে সংযাজ্যা বলা হয়।

উক্ত ফলপ্রদানে গায়ত্রীর ক্ষমতা আছে—"তেজো বৈ···গায়ত্রী"

গায়ত্রীই তেজ এবং ব্রহ্মবর্চ্চস।

ইহা জানার ফল—"তেজস্বী···কুরুতে"

যে (যজমান) এই প্রকার জানিয়া গায়ত্রী দুইটি [সংযাজ্যা] করে, [সে] তেজস্বী ও ব্রহ্মবর্চ্চসযুক্ত হয়।

উক্ত অনুষ্ঠান দ্বারাই ফললাভ হয়, কিন্তু উক্তরূপ ফলবত্তা জানিয়া অনুষ্ঠান করিলে অধিক ফল হয়। ফলান্তরের নিমিত্ত অপর ছন্দের বিধান—"উষ্ণিহা······কুর্ব্বীত"

অথবা আয়ুষ্কাম দুইটি উষ্ণিক্‌কে [সংযাজ্যা] করিবে।

"অগ্নে বাজস্য গোমতঃ" (সং ১।৭৯।৪), "স ইধানো বসুষ্কবিঃ" (সং ১।৭৯।৫), এই দুইটি উষ্ণিক্‌ছন্দের জপ করিলে শত বৎসর আয়ু হয়। যে হেতু উষ্ণিক্‌ ছন্দকেই আয়ু বলা হইতেছে——"আয়ুর্ব্বা উষ্ণিক্‌"

উষ্ণিক্‌ ছন্দই আয়ুঃ।

এইরূপ অবগতির প্রশংসা—"সর্ব্বমায়ুঃ…কুরুতে"

যে এই প্রকার জানিয়া উষ্ণিক্‌ দুইটি [সংযাজ্যা] করে, [সে] সম্পূর্ণ আয়ু পায়।

ফলান্তরের জন্য অপর ছন্দের বিধান—"অনুষ্টুভৌ…কুর্ব্বীত"

স্বর্গকামী দুইটি অনুষ্টুপ্‌কে [সংযাজ্যা] করিবে।

"ত্বমগ্নে বসূন্‌" ইত্যাদি মন্ত্রদ্বয় অনুষ্টুপ্‌ ছন্দ (সং ১।৪৫।১,২)। অনুষ্টুপ্‌ ছন্দ স্বর্গের কারণ, যথা—"দ্বয়োর্ব্বা…প্রতিতিষ্ঠতি।"

দুই অনুষ্টুপের চতুঃষষ্টি অক্ষর; [ক্রমশঃ] ঊর্দ্ধে অবস্থিত এই তিন লোক (পৃথিবী, অন্তরিক্ষ ও স্বর্গ প্রত্যেকে) একবিংশতিঅবয়বযুক্ত; [যজমান] একবিংশতি একবিংশতি অক্ষর দ্বারা [ক্রমশঃ] এই সকল লোকে আরোহণ করেন, [আর] চতুঃষষ্টিতম [অক্ষর] দ্বারা স্বর্গলোকেই প্রতিষ্ঠিত হয়েন।

তৈত্তিরীয়-সংহিতায় উক্ত আছে, দ্বাত্রিংশৎ অক্ষরে একটি অনুষ্টুপ্‌ ছন্দ হয়; তবেই দুইটা অনুষ্টুপ্‌ মিলিয়া চৌষট্টি অক্ষর হইবে; তাহাতে প্রথম একবিংশতি অক্ষরে একবিংশতি অবয়ববিশিষ্ট ভূলোক, দ্বিতীয় একবিংশতিতে তথাবিধ অন্তরিক্ষ, তৃতীয় একবিংশতি অক্ষরে তথাবিধ স্বর্গলোক, এইরূপ উপর্য্যুপরিভাবে তিন লোক অতিক্রম করিলে স্বর্গে আরোহণমাত্র হইল; অবশিষ্ট চতুঃষষ্টিতম অক্ষর দ্বারা যজমান সেই স্বর্গলোকেই অবস্থিত থাকে। উক্তরূপ জ্ঞানের প্রশংসা—"প্রতিতিষ্ঠতি… কুরুতে"

যে এই প্রকার জানিয়া দুইটি অনুষ্টুপ্‌ [সংযাজ্যা] করে, [সে] প্রতিষ্ঠিত হয়।

ফলান্তরের জন্য অপর ছন্দের বিধান—"বৃহত্যৌ…কুর্ব্বীত"

শ্রীকামী ও যশস্কামী দুইটি বৃহতীকে [সংযাজ্যা] করিবে।

"এনা বো অগ্নিং" (সং ৭।১৬।১), "উদস্য শোচিরস্থাৎ" (৭।১৬।৩), এই দুইটি বৃহতী ছন্দ। বৃহতীছন্দের শ্রী ও যশের কারণত্ব—"শ্রীর্বৈ…বৃহতী"

ছন্দঃসমূহের মধ্যে বৃহতী শ্রী [ও] যশঃ [-স্বরূপ]।

পশুসম্পত্তি প্রদানে সকল ছন্দের মাৎসর্য্য হইয়াছিল ; তন্মধ্যে বৃহতী জয় লাভ করেন। অন্যান্য ছন্দ বৃহতীকে আশ্রয় করিয়াছিলেন ; এই জন্য বৃহতী শ্রীস্বরূপ। (তৈত্তিরীয় মত)।[১] ইহা জানার প্রশংসা—"শ্রিয়মেব ··কুরুতে"

যে এইরূপ জানিয়া বৃহতী দুইটি [সংযাজ্যা] করে, [সে] আপনাতে শ্রী এবং যশ ধারণ করে।

অহীনসত্রাদি[২] পরবর্ত্তী যজ্ঞকাম যজমানের জন্য অপর ছন্দের বিধান হইতেছে, "পঙ্‌ক্তী···কুর্ব্বীত"

যজ্ঞকামী দুইটি পঙ্‌ক্তিকে [সংযাজ্যা] করিবে।

"অগ্নিং তং মন্যে" ইত্যাদি দুইটি মন্ত্র পঙ্‌ক্তি (সং ৫।৬।১,২) ; যজ্ঞের সহিত পঙ্‌ক্তি ছন্দের সম্বন্ধ—"পাঙ্‌ক্তো বৈ যজ্ঞঃ"

যজ্ঞ পঙ্‌ক্তি (ছন্দঃ)-সম্বন্ধী।

ইহা জানা আবশ্যক—"উপৈনং·· কুরুতে"

যে (যজমান) এই প্রকার জানিয়া পঙ্‌ক্তি দুইটি [সংযাজ্যা] করে, যজ্ঞ তাহাকে সমীপে [আসিয়া] প্রণাম করে।

বীর্য্যপ্রাপ্তির নিমিত্ত অপর ছন্দের বিধান—"ত্রিষ্টুভৌ···কুর্ব্বীত"

বীর্য্যকাম [যজমান] ত্রিষ্টুপ্‌ দুইটিকে [সংযাজ্যা] করিবে।

"দ্বে বিরূপে চরতঃ" ইত্যাদি মন্ত্রদ্বয় ত্রিষ্টুভ্‌ ছন্দ (সং ১।৯৫।১,২)। ত্রিষ্টুপ্‌-ছন্দের বীর্য্যজনকত্বে প্রমাণ—"ওজো···ত্রিষ্টুপ্‌"।

ত্রিষ্টুপ্ (ছন্দ) বীর্য্য, ওজঃ এবং ইন্দ্রিয় [-স্বরূপ]।

বীর্য্য শরীর-বল ; ওজঃ বলবর্দ্ধক অষ্টম ধাতু ; ইন্দ্রিয় নেত্রাদির পটুত্ব।

ইহা জানা আবশ্যক—"ওজস্বী···কুরুতে"

যে এইরূপ জানিয়া ত্রিষ্টুপ্ দুইটি [সংযাজ্যা] করে, [সে] ওজস্বী, ইন্দ্রিয়বান্ এবং বীর্য্যবান্ হয়।

গবাদি পশুলাভের নিমিত্ত অপর ছন্দের বিধান—"জগত্যৌ···কুর্ব্বীত"

পশুকাম দুইটি জগতীকে [সংযাজ্যা] করিবে।

"জনস্য গোপা" ইত্যাদি মন্ত্র দুইটি জগতীচ্ছন্দ। (সং ৫।১১।১,২) পশুলাভ জগতীচ্ছন্দের সাধ্য—"জাগতা বৈ পশবঃ"

পশুগণ জগতীচ্ছন্দঃ-সম্বন্ধী।

ইহা জানা আবশ্যক—"পশুমান্···কুরুতে"

(১) "ছন্দাংসি পশুষাজিময়ুস্তান্ বৃহত্যুদজয়ৎ তস্মাদ্বার্হতাঃ পশব উচ্যন্তে" (৫।৩।২।৩।৪)

(২) যজ্ঞবিশেষ।

যে এইরূপ জানিয়া জগতীদ্বয় [সংযাজ্যা] করে, [সে] পশুমান্ হয়।

অন্নার্থীর জন্য অপর ছন্দের বিধান—"বিরাজৌ·· কুর্বীত"

ভোজনযোগ্য অন্নার্থী দুইটি বিরাট্‌কে [সংযাজ্যা] করিবে।

"প্রেদ্ধোহগ্নে," "ইমো অগ্নে" এই দুইটি বিরাট্ ছন্দ। (সং ৭।১।৩,১৮) অন্ন বিরাজনের কারণ বিধায় বিরাট্ স্বরূপ যথা—"অন্নং বৈ বিরাট্"

অন্নই বিরাট্।

ইহাই স্পষ্ট করা হইতেছে—"তস্মাদ · বিরাট্‌ত্বম্"

সেই হেতু ইহ [লোকে] যাহারই ভূরি অন্ন থাকে, সেই ব্যক্তি লোকে ভূরিপরিমাণে বিরাজমান (শোভমান) হয়; সেই জন্য বিরাট্ ছন্দের বিরাট্‌ত্ব।

ইহা জানা আবশ্যক—"বি স্বেষু···বেদ"

যে ইহা জানে, [সে] আপনার লোকের (জ্ঞাতিগণের) মধ্যে বিশেষরূপে শোভমান হয় [এবং] আপনার লোকের মধ্যে শ্রেষ্ঠ হয়।

ষষ্ঠ খণ্ড

নিত্য সংযাজ্যা ও সত্যোক্তি

নানাবিধ বিশেষ ফলপ্রদ কাম্য সংযাজ্যার পরে নিত্য সংযাজ্যার বিধান হইতেছে; তদর্থ বিরাট্ ছন্দের প্রশংসা—"অথো···যদ্বিরাট্"

অনন্তর, যে বিরাট্ (ছন্দ) [আছে], এই ছন্দ পঞ্চবীর্য্য [-বিশিষ্ট]

তাহা স্পষ্ট করিতেছে—"যত্রিপদা···তৎ পঞ্চমং"

যে হেতু [এই বিরাট্ ছন্দ] ত্রিপাদবিশিষ্ট, সেই হেতু [ইহা] উষ্ণিক্-স্বরূপা ও গায়ত্রীস্বরূপা; যে হেতু ইহার (বিরাট্ ছন্দের) পাদসকল একাদশাক্ষরবিশিষ্ট, সেই হেতু [ইহা] ত্রিষ্টুপ্‌স্বরূপা; যে হেতু [এই বিরাট্ ছন্দ] ত্রয়স্ত্রিংশদক্ষরা, সেই হেতু [ইহা] অনুষ্টুপ্, [কেন না] এক অক্ষর দ্বারা বা দুই [অক্ষর] দ্বারা ছন্দ বিগত হয় না; যে হেতু ইহা বিরাট্, সেই হেতু [ইহার] পঞ্চম [বীর্য্য আছে]

বিরাট্ ছন্দে উষ্ণিক্, গায়ত্রী, ত্রিষ্টুপ্, অনুষ্টুপ্ ও বিরাট্, এই পঞ্চবিধ ছন্দের বীর্য্য বা সামর্থ্য আছে, একে একে তাহার কারণ প্রদর্শিত হইল। অনুষ্টুভের বত্রিশ অক্ষর; তবে বিরাট্ ছন্দ কিরূপে অনুষ্টুভের সমান হইল, এই আপত্তি খণ্ডনার্থ বলা হইল, দুই এক অক্ষরের কম বেশীতে ছন্দ নষ্ট হয় না। আবার "প্রেদ্ধো

অগ্নে" এই ঋকে[১] উনত্রিংশ অক্ষর ও "ইমো অগ্নে"[২] এই ঋকে বত্রিশ অক্ষর, ইহাতেও উহাদের বিরাট্‌ত্ব নষ্ট হয় না, কেন না, এক বা দুই অক্ষরের ন্যূনতাতিরেক ধর্ত্তব্য নহে।

এইরূপ জ্ঞানের প্রশংসা—"সর্ব্বেষাং···কুরুতে।"

যে এই প্রকার জানিয়া বিরাট্ (ছন্দ) দুইটিকে [সংযাজ্যা] করে, [সে] সকল ছন্দের বীর্য্য (সামর্থ্য) অববোধ (আকর্ষণ) করে, সকল ছন্দের বীর্য্য ভোগ করে, সকল ছন্দের সাযুজ্য, সারূপ্য [ও] সালোক্য লাভ করে, অন্নভক্ষণসমর্থ (নীরোগ) ও অন্নপতি (বহুবিধ ভক্ষ্য বস্তুর অধীশ্বর) হয়, [ও] প্রজার (পুত্রাদির) সহিত অন্ন ভোগ করে।

সকল ছন্দ অর্থে এ স্থলে উষ্ণিক্, গায়ত্রী, ত্রিষ্টুপ্, অনুষ্টুপ্ ও বিরাট্ ছন্দ। যে উক্ত বিরাট্ ছন্দের সামর্থ্য জানে, সে সেই সকল ছন্দের অভিমানী দেবতার সহিত সহচরত্ব, তুল্যরূপত্ব ও এক স্থানে নিবাস লাভ করে। এই হেতু বিরাট্ ছন্দকে সংযাজ্যা করিলে অন্যান্য ছন্দের ফল পাওয়া যায়—"তস্মাদ্বিরাজাবের···ইত্যেতে।"

সেই হেতু "প্রেদ্ধো অগ্নে," "ইমো অগ্নে" এই বিরাট্ ছন্দ দুইটিকে [সংযাজ্যা] করিবে।

স্বিষ্টকৃতের সংযাজ্যা বিধানের পর দীক্ষিতকে সত্যকথা বলিতে উপদেশ হইতেছে—"ঋতং···বদিতব্যং"

বৎস, দীক্ষা ঋত, দীক্ষা সত্য, সেই হেতু দীক্ষিত সত্যই বলিবে।

ঋত অর্থে সত্যচিন্তা, সত্য অর্থে সত্যকথা। কিন্তু সকলে ইহাতে সমর্থ হয় না, যথা—"অথো···ইতি"

পক্ষান্তরে [ব্রহ্মবাদীরা] নিশ্চয়ই বলেন, কোন্ মনুষ্য সকল [কথা] সত্য বলিতে সমর্থ? দেবগণই সত্যতৎপর, মনুষ্যগণ অনৃততৎপর।

তৎপক্ষে ব্যবস্থা—"বিচক্ষণবতীং···বদেৎ"

বিচক্ষণ [এই চতুরক্ষর মন্ত্র]-বিশিষ্ট বাক্য বলিবে।

দেবদত্ত বিচক্ষণ! জল আন, রামচন্দ্র বিচক্ষণ! চন্দ্র দেখ, এইরূপ বাক্য প্রয়োগ করিবে। বিচক্ষণ, এই মন্ত্র দ্বারা সত্য কথনের ফল কিরূপে হয়, দেখান হইতেছে, যথা—"চক্ষুর্বৈ···পশ্যতি"

(১) "প্রেদ্ধো অগ্নে দীদিহি পুরো নোঽজস্রয়া সূর্ম্ম্যা যবিষ্ঠ। ত্বাং শশ্বন্ত উপযন্তি বাজাঃ।" ৭।১।৩

(২) "ইমো অগ্নে বীততমানি হব্যাজস্রো বক্ষি দেবতাতিমচ্ছ। প্রতি ন ঈং সুরভীণি ব্যন্তু।" ৭।১।১৮

চক্ষুই বিচক্ষণ, যে হেতু ইহাদ্বারা বিশেষরূপে দেখা যায়।

দর্শনার্থক চক্ষিঙ্‌ ধাতু হইতে "বিচক্ষণ" এই শব্দটি উৎপন্ন ; বিশেষরূপে বস্তুনির্ণয় ইহার দ্বারা হয় ; "বি পশ্যতীতি বিচক্ষণম্"—অর্থ নেত্র ; অতএব চক্ষু ও বিচক্ষণ, এই দুইটি শব্দ একপর্য্যায়। হউক একপর্য্যায় শব্দ, তথাপি তদ্দ্বারা সত্য প্রপূরণ কেন হইবে ? তদুত্তর—"এতদ্ধ্‌...যচ্চক্ষুঃ"

[এই] যে চক্ষু, ইহাই মনুষ্যগণে সত্য [রূপে] নিহিত।

প্রমাণ*সমূহের মধ্যে প্রত্যক্ষই শ্রেষ্ঠ ; প্রত্যক্ষ প্রমাণের ও সত্যজ্ঞানের সাধন চক্ষু ; এই হেতুতেই চক্ষুর সমপর্য্যায় বিচক্ষণ শব্দপ্রয়োগে বক্তার সত্যে প্রবৃত্তি হইবে। চক্ষুরই যথাবস্তুদর্শনের কারণতা—"তস্মাদ্‌.. শ্রদ্দধাতি"

[যে হেতু চক্ষু দর্শনের কারণ], সেই হেতু [লোকে] আচক্ষাণকে (বক্তাকে) জিজ্ঞাসা করে—তুমি [কি এইরূপ] দেখিয়াছ ? সে যদি বলে, আমি দেখিয়াছি, তখন তাহার [বাক্য] বিশ্বাস করে। যদি [কেহ স্বচক্ষে] স্বয়ং দেখে, [তবে সে] অপর অনেকের [কথাও] বিশ্বাস করে না।

দূর হইতে স্থাণুতে মানুষ ভ্রম হয় ; যে নিকট হইতে দেখে, সে নিজের চোখকেই বিশ্বাস করে, পরের কথায় স্থাণুকে মানুষ বলে না। তৈত্তিরীয়গণও তাহাই বলিয়াছেন। এই জন্য চক্ষুর পর্য্যায় বিচক্ষণ শব্দ ব্যবহারে সত্য কথনের ফল হয় ;—সেই বিধানের উপসংহার, যথা—"তস্মাৎ...ভবতি"

সে হেতু বিচক্ষণ (এই শব্দবিশিষ্ট) বাক্যই বলিবে ; ইহার (বিচক্ষণ-শব্দযুক্ত বাক্যবক্তার) [যে] বাক্য, [তাহা] মিথ্যা হইলেও অত্যন্ত সত্য হয়, অত্যন্ত সত্য হয়।

অর্থাৎ ফলতঃ মিথ্যা হইলেও বিচক্ষণ এই মন্ত্রশক্তিতে উহা প্রচুর সত্য হয়, মিথ্যাদোষে দূষিত হয় না॥

(*) গৌতম প্রত্যক্ষ, অনুমান, উপমান ও শব্দ, এই চতুর্ব্বিধ প্রমাণ স্বীকার করেন।

দ্বিতীয় অধ্যায়

প্রথম খণ্ড

প্রায়ণীয়েষ্টি বিধান

প্রথমাধ্যায়ে দীক্ষণীয় ইষ্টি, তাহার প্রশংসা, যজমানের সংস্কার, তাহার যাজ্যা, অনুবাক্যা, সংযাজ্যা ও সত্যকথন বর্ণিত হইয়াছে। অনন্তর প্রায়ণীয়াদি[১] বিধানের নিমিত্ত দ্বিতীয়াধ্যায়ের আরম্ভ। সর্ব্বাগ্রে প্রায়ণীয় শব্দের ব্যুৎপত্তি হইতেছে—"স্বর্গং···প্রায়ণীয়ত্বম্"

এই যে প্রায়ণীয় [নামক কর্ম্ম], ইহার দ্বারা [যজমান] স্বর্গলোকের সমীপে যায়, সেই হেতু প্রায়ণীয়ের প্রায়ণীয়ত্ব।

প্রপূর্ব্বক ই ধাতু ইহতে "প্রায়ণীয়" শব্দ নিষ্পন্ন ; প্রায়ন্তি অনেন—প্রকৃষ্টরূপে গমন করে (স্বর্গে) যদ্দ্বারা, তাহার নাম প্রায়ণীয়। অনন্তর প্রায়ণীয় এবং উদয়নীয়, উভয় কর্ম্মের প্রশংসা—"প্রাণো···প্রতিপ্রজ্ঞাত্যৈ"

প্রাণ (বায়ু) প্রায়ণীয়, উদান উদয়নীয়, সমান (বায়ু) হোতা ; প্রাণ ও উদান উভয়ে সমান (অভিন্ন) ; [উক্ত কর্ম্মদ্বয় দ্বারা] প্রাণের সামর্থ্য জন্মে, [এবং] প্রাণের [বিষয়ে] জ্ঞান জন্মে।

প্র-শব্দ সাম্য হেতু প্রাণ বায়ু প্রায়ণীয় ; উৎ-শব্দ সাম্য হেতু উদান বায়ু উদয়নীয় ; একই দেহে অবস্থিতি হেতু উভয় বায়ু সমান (অভিন্ন) ; আবার প্রায়ণীয় ও উদয়নীয় উভয় কর্ম্মে একই ব্যক্তি যাজ্যা ও অনুবাক্যা পাঠ করিয়া হোতার কার্য্য করেন বলিয়া উভয় কর্ম্মও সমান ; হোতাও সমান (একই ব্যক্তি) ; এই হেতু সমান বায়ুই হোতা। উভয় কর্ম্ম দ্বারা দেহস্থ বায়ুসকল কার্য্যক্ষম হয় ; ও কোন্‌টা প্রাণ, কোন্‌টা উদান, এইরূপ জ্ঞান জন্মে। যজ্ঞে দেবতাবিশেষের আখ্যায়িকা—"যজ্ঞো···স্থতাঃ"

যজ্ঞ (সোমযাগাভিমানি-দেবতা) দেবগণের নিকট হইতে চলিয়া গিয়াছিলেন ; [তখন] সেই দেবগণ কোনও (যজ্ঞাদি) করিতে পারিতেন না এবং জানিতে পারিতেন না। [তৎপরে] তাঁহারা অদিতিকে বলিলেন, তোমার প্রসাদে আমরা এই যজ্ঞকে প্রকৃষ্টরূপে জানিব ; তিনি (অদিতি) বলিলেন, তাহাই হউক ; [কিন্তু] সেই [আমি অদিতি], তোমাদের

(১) দীক্ষার পরে সোমলতাক্রয় করিবে, এবং সেই দিবসেই প্রায়ণীয়েষ্টি করিবে। ইহা আশ্বলায়ন বলেন—"দীক্ষান্তে রাজক্রয়ঃ" (৪।২।১৮), "তদতঃ প্রায়ণীয়েষ্টিঃ" (৪।৩।২) অর্থাৎ দীক্ষা-দিবস শেষ হইলে, তৎপরবর্ত্তী দ্বিতীয় দিবসে সোমক্রয় করিবে। (গার্গ্যনারায়ণ)

নিকটে বরপ্রার্থনা কবিতেছি। [দেবগণ কহিলেন] প্রার্থনা কব; তিনি (অদিতি) এই বব চাহিলেন—যজ্ঞ সকল (সোমযাগাদি) মৎপ্রায়ণ (আমাকে লইয়া আরব্ধ) হউক এবং মদুদয়ন (আমাকে লইয়া অবসান) হউক। [দেবগণ কহিলেন] তাহাই হইবে। যে হেতু [চরু] ইহাব (অদিতিব) বব দ্বারা প্রার্থিত হইয়াছিল, সেই হেতু প্রায়ণীয় চরু (যজ্ঞাবম্ভেব ইষ্টিতে প্রদত্ত চরু) ও উদয়নীয় চরু (যজ্ঞসমাপ্তিব ইষ্টিতে প্রদত্ত চরু) অদিতি* দেবতার (অংশ)।

"মৎপ্রায়ণ"—অর্থ মদুপক্রম, "মদুদয়ন" অর্থ—মদবসান। তৈত্তিরীয় শ্রুতিতে এই উপাখ্যান সমর্থিত হইয়াছে।[২] সোমযাগের প্রাবম্ভে প্রায়ণীয়া ইষ্টি ও সমাপ্তিতে উদয়নীয়া ইষ্টি কর্ত্তব্য। অদিতিব অপব বব—"অথো…সবিত্রোদীচীমিতি"

পুনশ্চ [অদিতি] এই বব চাহিযাছিলেন, [হে দেবগণ] আমা দ্বাবা পূর্ব্বদিক্, অগ্নি দ্বাবা দক্ষিণ, সোম দ্বাবা পশ্চিম ও সবিতা দ্বাবা উত্তবদিক্ প্রকৃষ্টরূপে জান।

যজ্ঞেব অনুসন্ধানে বহু দেশ ভ্রমণ কবিযা দেবগণেব দিগ্‌ভ্রম ঘটিলে অদিতি বলেন, অদিত্যাদি চারি দেবতাব অধিষ্ঠান দ্বাবা চারি দিক্ জানিতে পাবিবে; প্রাযণীয ও উদয়নীয় চরু দ্বারা সেই সেই নির্দ্দিষ্ট দিকে সেই সেই দিনের অধিষ্ঠাত্রী দেবতাব হোম কর্ত্তব্য। তন্মধ্যে প্রথম যজ্ঞবিধান "পথ্যাং যজতি"।

পথ্যাকে যজন কবিবে।

অদিতির অন্য মূর্ত্তি "পথ্যা"; তজ্জন্য প্রথমে পূর্ব্বদিক্ জ্ঞানেব জন্য সেই দিকে অবস্থিত পথ্যার যজন বিধেয। তৈত্তিবীয়-সংহিতায় ইহা সমর্থিত হইয়াছে।[৩] উক্ত বিধির প্রশংসা—"যৎপথ্যাং…অনুসঞ্চবতি"

---

* নিরুক্তে (৪।৪।২, ১১।৩।২) ব্যাখ্যাত্ হইয়াছে—অদিতি দেবমাতা অদীনা, অদিতি দাক্ষায়ণী; অদিতি অগ্নি; অদিতি দ্যৌ, আকাশ। অদিতি সম্বন্ধে কেহ কেহ এরূপ বলেন—ঐশী শক্তিই অদিতি, ইনিই জগজ্জননী, অতএব সমস্ত দৃশ্য পদার্থ ই আদিত্য—অর্থাৎ অদিতি হইতে জাত; তন্মধ্যে সূর্য্যই প্রধান, এ হেতু "আদিত্য" শব্দটি সূর্য্যতেই যোগরূঢ়। আর কশ্যপ অর্থ—ঈশ্বর, "যঃ সর্ব্বং পশ্যতি"—যে সকল দেখে, সে কশ্যপ (তৈত্তিরীয় আরণ্যক); এ জন্যই কশ্যপ প্রজাপতির পত্নী অদিতি।

(২) "দেবা বৈ দেবযজনমধ্যবস্যায় দিশো ন প্রাজানন্ তেঽন্যোঽন্যমুপাধাবন্ ত্বয়া প্রজানাম ত্বয়েতি তেঽদিত্যাং সমধ্রিয়ন্ত ত্বয়া প্রজানামেতি সাব্রবীদ্বরং বৃণৈ মৎপ্রায়ণা এব বো যজ্ঞা মদুদয়না অসন্নিতি তস্মাদাদিত্যঃ প্রায়ণীয়ো যজ্ঞানামাদিত্য উদয়নীয়ঃ" (৬।১।৫।১)

(৩) "পথ্যাং স্বস্তিময়জন্ প্রাচীমেব তয়া দিশং প্রাজানন্" (৬।১।৫।২)

যে হেতু পথ্যাকে যজন কবা হয়, সে হেতু এই (আদিত্য) পূর্ব্বদিকে উদিত হন, পশ্চিমে অস্তগত হন ; এই (আদিত্য) পথ্যাবই অনুসবণ কবেন।

প্রায়ণীয় হোমদ্বারা পথ্যা দেবতার পূর্ব্বদিকেব সহিত সম্বন্ধ আছে, উদয়নীয় হোমদ্বারা সেই পথ্যা দেবতাব পশ্চিমদিকের সহিতও সম্বন্ধ আছে ; সুতবাং আদিত্য, পূর্ব্বপশ্চিম উভয়তঃ পথ্যার অনুসরণ কবে, ইহা যুক্ত। দক্ষিণদিকে অবস্থিত অগ্নির যাগ বিধান ··"অগ্নিং যজতি"

অগ্নিকে যজন করিবে।

ইহার প্রশংসা—"যদগ্নিং···হোমধষঃ"

যে হেতু [দক্ষিণদিকে] অগ্নিকে যজন কবা হয়, সেই হেতু দক্ষিণদেশে অগ্রে ওষধি সকল পবিপক্ক হইযা [স্বামীব গৃহে] আসে ; কাবণ, ওষধি-সকল অগ্নিরই অধীন।

[এই শ্রুতিটি যজ্ঞিয় দেশ আর্য্যাবর্ত্তেব অন্তর্ভাগেই যেন বিহিত রহিয়াছে] বিন্ধ্যাচলেব দক্ষিণে ধান্যাদি ওষধিব সর্ব্বাগ্রে পাক জন্মে, অর্থাৎ কার্ত্তিক অগ্রহায়ণ মাসে পাকে ; আর বিন্ধ্যাচলের উত্তবে যব গোধূম চণকাদি মাঘফাল্গুনে পাকে। যেমন অন্নপাক অগ্নিসাধ্য, তেমন বীজপাকও ওষধিব অন্তর্নিহিত অগ্নিসাধ্য, এজন্যই ওষধি সকলকে আগ্নেয় বা অগ্নিব অধীন বলা হইল। সোমেব যাগ— "সোমং যজতি"

সোমেব যজন করিবে।

তৎপ্রশংসা—"যৎসোমং···হ্যাপঃ"

যে হেতু সোমকে [পশ্চিম দিকে] যজন কবে, সেই হেতু বহু জল পশ্চিমাভিমুখ হইয়াও প্রবাহিত হয় , কেন না, জল সোমসম্বন্ধী।

সোম অমৃতকিরণ, এই জন্য সোমের সহিত জলের সম্বন্ধ। পশ্চিম-সমুদ্রসমীপে প্রবাহিত নদীর গতি পশ্চিমাভিমুখেই দেখা যায় ; কেন না, সোম পশ্চিমে অবস্থিত ; সেজন্য সোম দেবতার সম্পর্কযুক্ত জলও তদভিমুখে আকৃষ্ট হয়। উত্তরে অবস্থিত সবিতার যাগ বিধান—"সবিতারং যজতি"

সবিতার যাগ কবিবে।

তৎপ্রশংসা—"যৎ সবিতাবং···এতৎ পবতে"

যে হেতু [উত্তরদিকে] সবিতার যাগ করা হয়, সেই হেতু উত্তবপশ্চিম (কোণে) সমধিকভাবে এই পবন সঞ্চরণ করে ; এই বায়ু সবিতার প্রসূত (প্রেরিত) হইয়াই এই দিকে প্রবাহিত হয়।

সবিতা অর্থ প্রেরক দেবতা। সবিতার প্রেরণাতেই বায়ু বহে। ঊর্দ্ধদিকে অদিতির যাগবিধান—"উত্তমামদিতিং যজতি"

ঊর্দ্ধে অবস্থিত অদিতির যাগ করিবে।[৪]

উক্ত বিধির অনুবাদপূর্ব্বক প্রশংসা—"যদুত্তমাং…জিঘ্রতি"

যে হেতু ঊর্দ্ধদিগ্‌বর্ত্তিনী অদিতির যাগ করা হয়, সেই হেতু ইনি (অদিতি) ইহাকে (অধোবর্ত্তিনী পৃথিবীকে) বৃষ্টিদ্বারা সর্ব্বতোভাবে ক্লিন্ন করেন, [আবার গ্রীষ্মকালে ভূমিগত রস] নিজের দিকে (ঊর্দ্ধদিকে) আকর্ষণ করেন।

আপস্তম্ব বলেন—পথ্যাদি দেবতাচতুষ্টয়ের আজ্য দ্বারা হোম করিবে, আর অদিতির হোম চরুদ্বারা করিবে।[৫]

উক্ত দেবতাগত সংখ্যার প্রশংসা—"পঞ্চ…যজ্ঞোঽপি"

[প্রাগুক্ত] পঞ্চ দেবতার যাগ করা হয়; [পঞ্চ দেবতার যোগে] যজ্ঞ পঙ্‌ক্তিবিশিষ্ট (পঞ্চসংখ্যাযুক্ত) হয়, দিক্‌সকলও (পূর্ব্ব, দক্ষিণ, পশ্চিম, উত্তর ও ঊর্দ্ধ, এই পাঁচটি) জানা যায়, যজ্ঞও কল্পিত (প্রয়োজন-সমর্থ) হয়।

এতদ্‌জ্ঞানের প্রশংসা—"তস্মৈ…ভবতি"

যে জনতাতে (যাজ্ঞিকসমূহমধ্যে) হোতা এই প্রকার [প্রায়ণীয দেবতাগণকে] জানে, সেই স্থানে [হোতা স্বকার্য্যে] সমর্থ হয়।

দ্বিতীয় খণ্ড

প্রযাজাহুতি ও দেবতাপ্রশংসা

প্রায়ণীয়েষ্টির মধ্যে বিবিধ ফলকামনায় বিবিধ 'প্রযাজ' যজ্ঞ বিধান—"যস্তেজো…দিক্"

যে (যজমান) তেজ ও ব্রহ্মবর্চ্চস ইচ্ছা করিবে, সে প্রযাজ (নামক) আহুতিসমূহ দ্বারা প্রাগপর্কা (পূর্ব্বদিকে যজন) করিবে, [যে হেতু] পূর্ব্ব দিক্‌ই তেজ ও ব্রহ্মবর্চ্চস।

(৪) ইহা তৈত্তিরীয় শ্রুতিতে আছে—"পথ্যাং স্বস্তিময়জন্ প্রাচীমেব, তয়া দিশং প্রাজানন্ অগ্নিনা দক্ষিণা সোমেন প্রতীচীং সবিত্রোদীচীমদিত্যোর্দ্ধাম্" (৬।১।৫।২)

(৫) "চতুর আজ্যভাগান্ প্রতিদিশং যজতি পথ্যাং স্বস্তিং পুরস্তাৎ, অগ্নিং দক্ষিণতঃ, সোমং পশ্চাৎ, সবিতারমুত্তরতো মধ্যে অদিতিং হবিষা" (১০।২১।১১) হবিঃ—অর্থ চরু (৭)

আপস্তম্ব মতে—"সমিধো যজতি" ইত্যাদি বিধান দ্বারা পাঁচটি প্রযাজ নামক আহুতিব প্রকৃতি যজ্ঞে বিহিত আছে, তদ্ব্যতীত অন্যবিধ কাম্য প্রযাজাহুতির এ স্থলে বিধান হইতেছে। আদিত্য পূর্ব্বদিকে উদিত হয়, সে জন্য পূর্ব্বদিক্ তেজোবিশিষ্ট। আর গায়ত্রী জপ পূর্ব্বাভিমুখে করা হয়, সে জন্য পূর্ব্বদিক্ ব্রহ্মবর্চ্চস।

ইহা জানার ফল, যথা—"তেজস্বী...এতি"

যে ইহা জানিয়া পূর্ব্বদিকে যজন কবে, সে তেজস্বী ও ব্রহ্মবর্চ্চসযুক্ত হয়।

অন্নাদিকামীব দক্ষিণাপবর্গত্ব বিধান—"যো...অন্নপতির্যদগ্নিঃ"

যে অন্নাদি ইচ্ছা করিবে, সে প্রযাজ আহুতি দক্ষিণদিকে প্রদান কবিবে, কেন না, এই যে [দক্ষিণে অবস্থিত] অগ্নি, তিনি অন্নপতি ও অন্নাদ (অন্নভক্ষক)।

অন্ন উদবাগ্নিতে জীর্ণ হয়, শস্য ওষধিব অন্তঃস্থ অগ্নিদ্বারা পাকে, তণ্ডুলাদি অগ্নিদ্বারা পাক করা হয, অতএব অগ্নি অন্নপতি। এতজ্‌জ্ঞান-প্রশংসা—"অন্নাদো ...দক্ষিণৈতি"

যে ইহা জানিয়া দক্ষিণদিকে আহুতি দেয়, [সে] অন্নাদ [ও] অন্নপতি হয় এবং প্রজাব (পুত্রাদিব) সহিত অন্নাদি ভোগ কবে।

পশুকামীব প্রত্যগপবর্গত্ব বিধান—"যঃ...যদাপঃ"

যে পশু ইচ্ছা কবিবে, সে প্রযাজ আহুতি পশ্চিমদিকে প্রদান কবিবে ; এই যে জল, তাহা পশু।

পশ্চিম দিকে অবস্থিত সোম হইতে জল উৎপন্ন হয়, সেই জল পানে ও জলপরিপুষ্ট তৃণভক্ষণে পশুকুল বৃদ্ধি প্রাপ্ত হয়, এজন্য জলকে পশু বলা হইল। ইহা জানার প্রশংসা—"পশুমান্...প্রত্যঙেতি"

যে ইহা জানিয়া পশ্চিমে আহুতি দেয়, সে পশুমান্ হয়।

অহীন[১] যজ্ঞেব পর সোমপানকামীর উত্তবাপবর্গত্ব বিধান—"যঃ...রাজা"

যে সোমপান ইচ্ছা কবিবে, সে প্রযাজ আহুতি উত্তবদিকে প্রদান করিবে ; বাজা সোমই উত্তরদিক্।

বল্লীরূপে রাজমান বা শোভমান বিধায় সোমের নাম রাজা। সোমলতা উত্তরদিকে জন্মে বলিয়া উহা উত্তবদিক্‌রূপী। স্বর্গকামীর আহবনীয় যজ্ঞে প্রযাজ হোম বিধি—"স্বর্গ্যোবোর্দ্ধা...রাধ্নোতি"

---

(১) অহীনসত্র—যজ্ঞবিশেষ। (আপস্তম্ব, উঃ ৪।১।১১)

ঊর্দ্ধদিক্ স্বর্গ্য (স্বর্গের পক্ষে হিতকর); [এই জন্য সে] সকল দিকেই সমৃদ্ধিযুক্ত হইবে।

স্বর্গকামী ঊর্দ্ধদিকের ধ্যান করিয়া আহবনীয় অগ্নিতে প্রযাজ আহুতি দিবে; স্বর্গলাভ ঘটিলে সকল দিকেই তাহার সমৃদ্ধি ঘটিবে। ইহা জানা আবশ্যক—"সম্যঞ্চো...বেদ"

এই লোকসকল (ভূ প্রভৃতি তিন লোক) স্বানুরূপ ভোগপ্রদ; যে ইহা জানে (আহবনীয়মধ্যে হোম জানে), তাহার জন্য এই লোকসকল স্বানুরূপ ভোগপ্রদ হইয়া শ্রীর (ধনধান্যাদি সম্পত্তির) জন্য প্রকাশিত হয়।

এইরূপে বিবিধ কাম্য প্রযাজাহুতির বিধান করিয়া প্রায়ণীয় দেবতাগণের প্রশংসা হইতেছে—"পথ্যাং...সন্তরতি"

[পূর্ব্বে বলা হইয়াছে] পথ্যার যাগ করা হয়। পথ্যার যে যাগ হয়, তাহাতে যাগের প্রারম্ভে [মন্ত্ররূপ] বাক্যই সম্পাদিত হইয়া থাকে।

অগ্ন্যাদি অপর দেবতাচতুষ্টয়ের প্রশংসা—"প্রাণাপানা...অদিতিঃ"

প্রাণ ও অপান (বায়ু) [যথাক্রমে] অগ্নি ও সোম, সবিতা প্রসবের (যজ্ঞকর্ম্মে প্রেরণের) জন্য, অদিতি প্রতিষ্ঠার (স্থির অবস্থানের) জন্য [উপযোগী]।

মুখ নাসিকার বাহিরে সঞ্চারিত উচ্ছ্বাস-রূপী প্রাণবায়ু শরীরে উষ্ণতা জন্মায়, এজন্য অগ্নি প্রাণস্বরূপ; আর মুখ নাসিকা দ্বারা আকৃষ্ট শরীরের মধ্যে সঞ্চারিত অপান বায়ু শরীরে শীতলতা জন্মায়, এ হেতু উহার সোমত্ব। পুনর্ব্বার পথ্যা-দেবতার প্রশংসা—"পথ্যাং...নয়তি"

[অন্য দেবতা ত্যাগ করিয়া প্রথমে] পথ্যারই যাগ করিবে, যে হেতু পথ্যারই যে যাগ হয়, তাহাতে [মন্ত্ররূপ] বাক্যদ্বারা [ক্রিয়মাণ] যজ্ঞকে পথ পাওয়ায়।

অর্থাৎ তদ্দ্বারা যজ্ঞ যথাবিহিত মার্গে অনুষ্ঠিত হয়। পুনরায় অন্য দেবতাগণের প্রশংসা—"চক্ষুষী...অদিতিঃ"

অগ্নি ও সোম দুই চক্ষুঃ [-স্বরূপ]; সবিতা প্রসবের (যজ্ঞকর্ম্মে নিয়োগের) জন্য, অদিতি প্রতিষ্ঠার জন্য [উপযোগী]।

তেজোময়ত্ব হেতুই অগ্নি ও সোম চক্ষুঃস্বরূপ। অগ্নি ও সোম চক্ষুঃস্বরূপ, ইহাতে কি বিশেষ বুঝা যায়?—"চক্ষুষা...প্রজানাতি"

দেবগণ [অন্তর্হিত] যজ্ঞকে চক্ষুদ্বারাই জানিয়াছিলেন; যাহা দুর্জ্ঞেয়, তাহা চক্ষুদ্বারাই জানা যায়; এবং সেই হেতু মুগ্ধ (দিগ্‌ভ্রান্ত ব্যক্তি)

[ইতস্ততঃ] বিচরণ করিয়া যখনই কোন ক্রমে চক্ষুদ্বারা জানিতে পায় (কোন চিহ্ন দেখিতে পায়), তখনই [পথ] জানিতে পারে।

এজন্যই চক্ষুঃস্বরূপ অগ্নি ও সোমদ্বারা দিক্‌নির্ণয় উচিত। ভূমিস্বরূপা অদিতি প্রতিষ্ঠার কারণ, ইহার বিস্তার—"যদ্বৈ…লোকস্যানুখ্যাত্যৈ"

বৎস, দেবগণ যে যজ্ঞকে জানিয়াছিলেন, তখন ইহাতেই (এই ভূমিতেই) [যজ্ঞকে] জানিয়াছিলেন, [তৎপরে] ইহাতেই যজ্ঞের আয়োজন করিয়াছিলেন, ইহাতেই যজ্ঞ বিস্তার করা হয়, ইহাতেই কর্ম্ম করা হয় এবং [উপকরণাদি] ইহাতেই সংগৃহীত হয়। ইনিই (এই ভূমিই) অদিতি। সেই জন্য উত্তমা, (অন্তিম দেবতা) অদিতির যজন হয়। উত্তমা অদিতির যে যজন হয়, তদ্দ্বারা যজ্ঞেরই জ্ঞান জন্মায় ও স্বর্গলোক-প্রাপ্তি ঘটে।

তৃতীয় খণ্ড

প্রায়ণীয়েষ্টির যাজ্যানুবাক্যা

প্রায়ণীয় ইষ্টির দেবতাগণের যাজ্যা ও অনুবাক্যা-বিধানের প্রস্তাব—"দেববশঃ… যজ্ঞোঽপি"

দেববৈশ্যগণ [এই যজ্ঞে] কল্পনীয়, ইহা [ব্রহ্মবাদীরা] বলেন; কল্পিত দেববৈশ্যগণকে অনুসরণ করিয়া মনুষ্যবৈশ্যেরা সম্পন্ন (সম্পত্তিযুক্ত) হয়; এইরূপে সকল বৈশ্য (দেববৈশ্য ও মনুষ্যবৈশ্য) [যজমানের যজ্ঞ সম্বন্ধে] সম্পন্ন হয়, যজ্ঞও স্বপ্রয়োজনসমর্থ হয়।

মনুষ্যের ন্যায় দেবগণও চারি বর্ণে বিভক্ত, দেবগণের মধ্যে অগ্নি বৃহস্পতি প্রভৃতি ব্রাহ্মণ,[১] ইন্দ্র বরুণ সোম প্রভৃতি ক্ষত্রিয়,[২] বসু রুদ্র আদিত্য বিশ্বেদেব ও মরুৎ প্রভৃতি বৈশ্য,[৩] পূষা প্রভৃতি শূদ্র।[৪] যজ্ঞে দেববৈশ্যের পূজা হইলে তদনুগ্রহে মনুষ্যবৈশ্য

---

(১) "অগ্নে মহাম্ অসি ব্রাহ্মণ ভারত" (তৈৎ ব্রাৎ, ৩।৫।৩), "ব্রহ্ম বৈ দেবানাং বৃহস্পতিঃ।" (তৈৎ, সৎ, ২।২।৯।১)

(২) "তচ্ছ্রেয়োরূপমত্যসৃজত ক্ষত্রং যান্যেতানি দেবত্রাক্ষত্রাণীন্দ্রো বরুণঃ সোমো রুদ্রঃ পর্জন্যো যমো মৃত্যুরীশান ঃ।"

(৩) "স বিশমসৃজত যান্যেতানি দেবজাতানি গণশ আখ্যায়ন্তে, বসবো রুদ্রা আদিত্যা বিশ্বেদেবা মরুতঃ।"

(৪) "স শৌদ্রং বর্ণমসৃজত পূষণমিতি।" (শতপথ, ১৪।৪।২।২৩-২৫)

সমৃদ্ধ হয়; তাহাদের নিকট ধন লাভ করিয়া যজ্ঞকার্য্য সুসম্পন্ন হয়। ইহা জানা আবশ্যক—"তস্মৈ...ভবতি"

যেখানে হোতা ইহা জানে, সেই [যাজ্ঞিক-] জনসমূহমধ্যে [সেই] হোতা স্বকর্ম্মকুশল হয়।

প্রথম দেবতার অনুবাক্যা—"স্বস্তি নঃ পথ্যাসু ধন্বস্বিত্যন্বাহ"

স্বস্তি নঃ পথ্যাসু ধন্বসু, এই অনুবাক্যা বলিবে।

মরুদেশীয় পথে [জল প্রদান দ্বারা] আমাদের মঙ্গল কর, এই প্রথম পাদটি মাত্র এ স্থলে ধৃত হইল। উক্ত ঋকে দেববৈশ্য মরুতের নাম আছে, তাহা দেখাইবার জন্য অবশিষ্ট পাদত্রয় উদ্ধৃত হইল, যথা;—

স্বস্ত্যপ্সু বৃজনে স্বর্বতি। স্বস্তি নঃ পুত্রকৃথেষু যোনিষু স্বস্তি বায়ে মরুতো দধাতন।

এই তিন চরণের অর্থ—জল হইলেও জলরহিত স্বর্গের পথে মঙ্গল বিধান কর, এবং পুত্রোৎপত্তিযোগ্য যোনিতে (ভার্য্যাতে) আমাদের মঙ্গল বিধান কর, [এবং] হে মরুদ্গণ, ধনের মঙ্গল বিধান কর।

উক্ত ঋকে কিরূপে বৈশ্যের কল্পনা হয়? উত্তর—"মরুতো...অচীকৢপৎ"

মরুতেরা দেবগণের বৈশ্য, ইহা দ্বারা (এই মরুচ্ছব্দযুক্ত মন্ত্রপাঠে) যজ্ঞারম্ভে তাঁহারাই কল্পিত হইতেছেন।

ছন্দোবাহুল্যের প্রশংসা—"সর্ব্বৈঃ...জয়তি"

সকল ছন্দ দ্বারা যাগ করিবে, ইহা [ব্রহ্মবাদীরা] বলেন; দেবগণ সকল ছন্দদ্বারা যাগ করিয়া স্বর্গলোক জয় (অর্জ্জন) করিয়াছেন, সেই-রূপ যজমানও সকল ছন্দ দ্বারা যাগ করিয়া স্বর্গলোক জয় করেন।

প্রায়ণীয়েষ্টির পঞ্চ দেবতার মন্ত্র ও ছন্দ ক্রমশঃ কথিত হইতেছে—"স্বস্তি... ইত্যাদিতের্জ্জগত্যৌ"

---

(৫) এই ঐতরেয়ভাষ্য ও ঋক্‌সংহিতাভাষ্য, উভয় ভাষ্যই সায়ণাচার্য্য-বিরচিত। কিন্তু "স্বস্তি নঃ পথ্যাসু" ইত্যাদি ঋকের অর্থ ঋগ্‌ভাষ্যে অন্যবিধ দেওয়া হইয়াছে; ইহা ঋগ্‌ভাষ্য হইতে জ্ঞাতব্য।

"স্বস্তি নঃ পথ্যাসু ধন্বসু স্বস্ত্যপ্সু বৃজনে স্বর্বতি।
স্বস্তি নঃ পুত্রকৃথেষু যোনিষু স্বস্তি রায়ে মরুতো দধাতন" (১০।৬৩।১৫)

"স্বস্তি নঃ পথ্যাসু ধন্বসু" ও "স্বস্তিরিদ্ধি প্রপথে শ্রেষ্ঠা" এই দুই ত্রিষ্টুপ্ পথ্যার বা স্বস্তির;[৬] "অগ্নে নয় সুপথা রায়ে অস্মান্"[৭] ও "আদেবানামপি পন্থামগন্ম"[৮] এই দুই ত্রিষ্টুপ্ অগ্নির; "ত্বং সোম প্রচিকিতো মনীষা"[৯] ও "যা তে ধামানি দিবি যা পৃথিব্যাং"[১০] এই দুই ত্রিষ্টুপ্ সোমের; "আবিশ্বদেবং সৎপতিং"[১১] ও "য ইমা বিশ্বা জাতানি"[১২] এই দুই গায়ত্রী সবিতার, "সুত্রামাণং পৃথিবীং দ্যামনেহসং"[১৩] ও "মহীমূ ষু মাতরং সুব্রতানাং"[১৪] এই দুই জগতী অদিতির।

প্রত্যেক দেবতার উদ্দিষ্ট মন্ত্রদ্বয়ের মধ্যে প্রথমটি অনুবাক্যা ও দ্বিতীয়টি যাজ্যা। সকল ছন্দ দ্বারা যাগ করিবে বলিয়া কেবল তিনটি ছন্দের নাম হইল কেন? উত্তর— "এতানি···ক্রিয়ন্তে"

বৎস, গায়ত্রী, ত্রিষ্টুপ্ ও জগতী, ইহারাই সকল ছন্দ, যে হেতু ইহারাই যজ্ঞে প্রচুরভাবে ব্যবহৃত হয়। অন্যান্য ছন্দ ইহাদিগকেই অনুসরণ করিয়া বর্ত্তমান।

(৬) "স্বস্তিরিদ্ধি প্রপথে শ্রেষ্ঠা রেক্ণস্বত্যভি যা বামমেতি। সা নো অমা সো অরণে নি পাতু স্বাবেশা ভবতু দেবগোপা ॥" (১০।৬৩।১৬)

(৭) "অগ্নে নয় সুপথা রায়ে অস্মান্ বিশ্বানি দেব বয়ুনানি বিদ্বান্। যুযোধ্যস্মজ্জুহুরাণমেনো ভূয়িষ্ঠাং তে নম উক্তিং বিধেম ॥" (১।১৮৯।১)

(৮) "আ দেবানামপি পন্থামগন্ম যচ্ছক্নবাম তদনু প্রবোঢ়ুম্। অগ্নির্বিদ্বান্ স যজাৎ সেদু হোতা সোধ্বরান্ স ঋতূন্ কল্পয়াতি ॥" (১০।২।৩)

(৯) "ত্বং সোম প্রচিকিতো মনীষা ত্বং রজিষ্ঠমনু নেষি পন্থাং। তব প্রণীতী পিতরো ন ইন্দো দেবেষু রত্নমভজন্ত ধীরাঃ ॥" (১।৯১।১)

(১০) "যা তে ধামানি দিবি যা পৃথিব্যাং যা পর্বতেষ্বোষধীষপ্সু। তেভির্নো বিশ্বৈঃ সুমনা অহেলন্ রাজন্ সোম প্রতিহব্যা গৃভায় ॥" (১।৯১।৪)

(১১) "আ বিশ্বদেবং সৎপতিং সুক্তৈরদ্যা বৃণীমহে। সত্যসবং সবিতারং ॥" (৫।৮২।৭)

(১২) "য ইমা বিশ্বা জাতান্যাশ্রাবয়তি শ্লোকেন। প্র চ সুবাতি সবিতা ॥" (৫।৮২।৯)

(১৩) "সুত্রামাণং পৃথিবীং দ্যামনেহসং সুশর্ম্মাণমদিতিং সুপ্রণীতিং।
দৈবীং নাবং স্বরিত্রামনাগসমস্রবন্তীমারুহেমা স্বস্তয়ে ॥" ১০।৬৩।১০।

(১৪) মহীমূ ষু মাতরং সুব্রতানামৃতস্য পত্নীমবসে হুবেম।
তুবিক্ষত্রামজরন্তী মুরূচীং সুশর্ম্মাণমদিতিং সুপ্রণীতিম্ ॥
(বাজসনেয়ী সং, ২১।৫।৪)

এই জ্ঞানের প্রশংসা—"এতৈর্হ…বেদ"

যে ইহা জানিয়া ঐ কয়টি ছন্দ দ্বারা যাগ করে, তাহার সকল ছন্দের দ্বারাই যাগ করা হয়।

চতুর্থ খণ্ড

যাজ্যানুবাক্যার প্রশংসা—সংযাজ্যাবিধান

কথিত যাজ্যা অনুবাক্যার প্রশংসা—"তা বা…জয়তি"

ঐ সকল [ঋক্] প্রশব্দবিশিষ্ট, নেতৃশব্দবিশিষ্ট, পথিশব্দবিশিষ্ট ও স্বস্তিশব্দবিশিষ্ট ; [এই জন্যই ইহারা প্রায়ণীয় ইষ্টিগত] এই হবির যাজ্যা ও অনুবাক্যা, এই সকল ঋক্ দ্বারা যজ্ঞ করিয়া দেবগণ স্বর্গলোক অর্জ্জন করিয়াছিলেন, সেইরূপ যজমানও ইহাদের দ্বারা যাগ করিয়া স্বর্গলোক অর্জ্জন করে।

"স্বস্তি বিদ্ধি প্রপথে" এবং "ত্বং সোম প্রচিকিতঃ" এই দুই ঋকে প্র শব্দ আছে ; "অগ্নে নয়" এ স্থলে নী ধাতু হইতে উৎপন্ন "নেতৃ"-বাচক নয় শব্দ আছে ; "অগ্নে নয সু-পথা" এবং "আদেবানামপি পন্থাং" এই দুই ঋকে পথি শব্দ আছে ; "স্বস্তি নঃ পথ্যাসু," "স্বস্তিবিদ্ধি" এই দুই ঋকে স্বস্তি শব্দ আছে ; অন্য কয়টি ঋকে ঐ ঐ শব্দ না থাকিলেও তাহাও ছত্রিন্যায়ে[১] প্র ইত্যাদি শব্দবিশিষ্ট ধরিয়া লইতে হইবে। সুতরাং এই মন্ত্রগুলি যাজ্যা অনুবাক্যাস্বরূপে প্রশস্ত। প্রথম ঋকের চতুর্থ চরণে মরুৎ শব্দের তাৎপর্য্য প্রকাশ—"তাসু…বিমথ্নতে"

ঐ সকল ঋক্ মধ্যে [প্রথম ঋকে] "স্বস্তি রায়ে মরুতো দধাতন" এই চরণ আছে। মরুদ্গণ দেববৈশ্য ও অন্তরিক্ষনিবাসী ; যে (যজমান) তাঁহাদের উদ্দেশে নিবেদিত (বিজ্ঞাপিত) হয়, সে স্বর্গলোকে যায় ; [আবার মরুদ্গণ] ইহাকে (যজমানকে) [স্বর্গগমনে] নিরোধ করিতে বা বিনাশ করিতেও সমর্থ। হোতা যখন "স্বস্তি রায়ে মরুতো দধাতন" ইহা পাঠ করেন, তখন দেববৈশ্য মরুদ্গণের উদ্দেশে যজমানকে নিবেদন করা হয় (জানান হয়); [তখন আর] স্বর্গলোকগামী যজমানকে দেববৈশ্য মরুদ্গণ নিরোধ করেন না বা বিনাশ করেন না।

(১) ন্যায়—"ছত্রিণো গচ্ছন্তি"—ছাতিওয়ালা মানুষ যায় ; অনেক ছাতিওয়ালার মধ্যে দুই এক জনের ছাতি না থাকিলেও যেমন সে ছত্রীর অন্তর্নিবিষ্ট হয়, এ স্থলেও সেইরূপ।

যজমান মরুদ্‌গণের নিকটে বিজ্ঞাপিত হইলে স্বর্গে যাইতে পাবে, না হইলে যাইতে পারে না, এই হেতু উক্ত মন্ত্র দ্বারা বিজ্ঞাপন করা হয়। ইহা জানাব প্রশংসা—"স্বস্তি···বেদ"

যে (যজমান) ইহা জানে, তাহাকে [মরুদ্‌গণ] সুখে স্বর্গলোকেব অভিমুখে লইয়া যান।

প্রধান হবির যাজ্যানুবাক্যা প্রশংসার পর স্বিষ্টকৃতেব সংযাজ্যা-বিধান—"বিবাজা-বেতস্ত···স্ত্রয়স্ত্রিংশদক্ষরে"

তেত্রিশ অক্ষরযুক্ত যে দুইটি বিবাট্ (ছন্দ), [তাহাই] এই স্বিষ্টকৃৎ হবির সংযাজ্যা হইবে।

সেই দুইটি ঋকেব প্রথম পাদ—

"সেদগ্নিবগ্নীরত্যস্ত্বন্যান্"[২] [এবং] "সেদগ্নির্যো বনুষ্যতো নিপাতি"[৩] এই দুইটি।

বিরাট্ ছন্দেব প্রশংসা—"বিরাড়্‌ভ্যাং···জযতি"

বিরাট্‌দ্বয় দ্বাবা যাগ কবিয়া দেবগণ স্বর্গলোক জয় কবিয়াছিলেন, সেইরূপ এই যজমানও দুই বিরাট্ দ্বারা যাগ কবিয়া স্বর্গলোক জয় কবে।

ঐ দুই ঋকেব অক্ষবসংখ্যাব প্রশংসা—"তে···দেবতাস্তর্পয়তি"

এই ঋক্ দুইটি তেত্রিশঅক্ষবযুক্ত; দেবতাও তেত্রিশ জন, [যথা] অষ্ট বসু, একাদশ রুদ্র, দ্বাদশ আদিত্য ও প্রজাপতি ও বষট্‌কাব; এই জন্য প্রথম যজ্ঞাবম্ভে ঐ দেবগণকে অক্ষরভাগী কবা হয়; এক এক অক্ষরে এক এক দেবতাকে প্রীত কবা হয়; দেবতাব পাত্র দ্বাবা (ফলস্বরূপ অক্ষর দ্বাবা) তখন দেবতাগণকেই প্রীত করা হয়।

---

(২) "সেদগ্নিরগ্নীরত্যস্ত্বন্যানত্র বাজী তনয়ো বীলুপাণিঃ। সহস্রপাথা অক্ষরা সমেতি॥" (৭।১।১৪)

(৩) "সেদগ্নির্যো বনুষ্যতো নিপাতি সমেদ্ধারমংহস উরুষ্যাৎ। সুজাতাসঃ পরিচরন্তি বীরাঃ॥" (৭।১।১৫)

পঞ্চম খণ্ড

প্রায়ণীয়েষ্টি সম্বন্ধে অন্যান্য বিধান

প্রযাজ ও অনুযাজ-বিষয়ে পূর্ব্বপক্ষ উত্থাপন—"প্রযাজবৎ…অনুযাজা ইতি"

প্রায়ণীয় কর্ম্ম প্রযাজান্বিত,[১] [কিন্তু] অনুযাজবর্জ্জিত কর্ত্তব্য, ইহা [অপর শাখাধ্যায়ীরা] বলেন ; [তাঁহাদের যুক্তি এই] প্রায়ণীয়ের যে অনুযাজ[২] [বিহিত আছে], ইহা যেন হীন,—ইহা যেন বিলম্বহেতু।

প্রায়ণীয় ইষ্টি দর্শপূর্ণমাস যাগেরই বিকৃত কর্ম্ম, সুতরাং ইহাতেও প্রযাজ ও অনুযাজ[৩] বিধান আছে ;[৪] কিন্তু অপরশাখীরা (তৈত্তিরীয়গণ) বলেন, প্রায়ণীয়ে প্রযাজ বিধান করিবে, অনুযাজ বিধান করিবে না, কেন না—অনুযাজ করিলে কার্য্যে বিলম্ব হয়। [তাঁহারা উদয়নীয় কর্ম্মেও প্রযাজ বর্জ্জন করিতে বলেন।] ইহাই পূর্ব্বপক্ষের তাৎপর্য্য। **উক্ত পূর্ব্বপক্ষের নিরাস—"তত্তন্নাদৃত্যং…কর্ত্তব্যম্।"**

তাহা (অনুযাজবর্জ্জন) সেই কর্ম্মে আদরণীয় নহে। [প্রায়ণীয়কর্ম্ম] প্রযাজযুক্ত ও অনুযাজযুক্তই করিবে।

হেতু প্রদর্শন যথা—"প্রাণা বৈ…ইষাৎ"

প্রযাজ [যজমানের] প্রাণস্বরূপ, অনুযাজ প্রজা (অপত্য)-স্বরূপ ; যদি প্রযাজ বর্জ্জন কর, [তবে] যজমানের প্রাণের অন্তরায় হইবে, [আর] যদি অনুযাজ বর্জ্জন কর, [তবে] যজমানের প্রজার অন্তরায় হইবে।

ইহা তৈত্তিরীয়েরাও সমর্থন করিয়াছেন।[৫] **উক্ত পূর্ব্বপক্ষের সিদ্ধান্ত—"তস্মাৎ …কর্ত্তব্যং"** •

সেই হেতু [প্রায়ণীয় কর্ম্ম] প্রযাজযুক্ত এবং অনুযাজযুক্তই কর্ত্তব্য।

---

(১) প্রধান যাগের পূর্ব্বে মন্ত্র দ্বারা যে যজ্ঞ করা হয়, তাহাকে "প্রযাজ" কহে।

(২) প্রধান যাগের পরে 'অনুযাজ' বিহিত হয়।

(৩) তৈত্তিরীয় ব্রাহ্মণ (৩। ৫। ৫। ১—৫।)

(৪) তৈত্তিরীয় ব্রাহ্মণ (৩। ৫। ৯। ১—৩।)

(৫) "তত্তথা ন কার্য্যমাত্মা বৈ প্রযাজাঃ প্রজানুযাজা যৎপ্রযাজানন্তরিয়াদাত্মানমন্তরিয়াদ্ যদনুযাজানন্তরিয়াৎ প্রজামন্তরিয়াৎ" (৬। ১। ৫। ৪)

তৈত্তিরীয়েরা ইহা সমর্থন করেন[৬]। এতদ্বিষয়ে সকল স্থানেই ঐতরেয় পাঠে অনুযাজ শব্দে হ্রস্ব উকার, তৈত্তিরীয় পাঠে অনূযাজে দীর্ঘ উকার। বিধিপ্রাপ্ত পত্নীসংযাজ[৭] ও সমিষ্ট যজুর[৮] নিষেধ—"পত্নীঃ…জুহুয়াৎ"

পত্নীসংযাজ করিবে না, [এবং] সংস্থিত (সমিষ্ট) যজুর্হোম কবিবে না।

তাহার হেতুপ্রদর্শন—"তাবতৈব যজ্ঞোঽসংস্থিতঃ"

এতদ্দ্বারাই (উহা না কবিলেই) যজ্ঞ অসমাপ্ত থাকে।

পত্নীসংযাজাদি যজ্ঞেব সমাপ্তিতে অনুষ্ঠেয় ; এ স্থলে অন্যান্য অনুষ্ঠান বর্ত্তমান থাকায় পত্নীসংযাজাদি করিবে না। কিঞ্চিৎ বিশেষ বিধান—"প্রায়ণীয়স্য……অব্যবচ্ছেদায়"

[সোম-] যজ্ঞের সন্ততির নিমিত্ত, যজ্ঞের অবিচ্ছেদে নমিত্ত প্রায়ণীয় কর্ম্মেব নিষ্কাস[৯] (পাত্রান্তরে) স্থাপন কবিবে ; (তৎপরে যাগের অবসানে সুত্যাদিনে[১০]) উদয়নীয় ইষ্টিব হবির সহিত সেই নিষ্কাস নির্ব্বপণ করিবে।

ইহা তৈত্তিরীয়েরা সমর্থন করেন।[১১] প্রকারান্তর কথন—"অথো…ভবতি"

অনন্তর যে স্থালীতে প্রায়ণীয় হবিব নির্ব্বপণ করিবে, তাহাতেই উদয়নীয় হবিব নির্ব্বপণ করিবে ; তাহাতেই (আদ্যন্তে একই পাত্রের ব্যবহাব হেতু) যজ্ঞ সন্তত ও অবিচ্ছিন্ন হইবে।

অনন্তর প্রায়ণীয় ও উদয়নীয় ইষ্টিতে যাজ্যা অনুবাক্যার বিপর্য্যয় বিধানের প্রস্তাব —"অমুষ্মিন্ বা…ইতি।"

[ব্রহ্মবাদীরা] এইরূপ বলেন,—এই যে প্রায়ণীয কর্ম্ম, ইহা দ্বারা যজমান পবলোকেই সমৃদ্ধি লাভ করে, ইহলোকে করে না ; [কেন না] প্রায়ণীয় এই [নাম মনে] কবিয়া নির্ব্বপণ কবা হয়, প্রায়ণীয় এই [নাম মনে] কবিয়া চরণ (আহুতি প্রক্ষেপ) করা হয়, [ইহা দ্বারা] যজমান ইহলোক হইতে প্রয়াণই করে।

---

(৬) "প্রযাজবদেবানুযাজবৎ প্রায়ণীয়ং কার্য্যং প্রযাজবদনুযাজবদুদয়নীয়ম্" (৬।১।৫।৫)

(৭) দধিভক্ষণ ও বেদীতে আরোহণের পর পত্নীর অনুষ্ঠেয় যাগচতুষ্টয়ের নাম "পত্নীসংযাজ"।

(৮) বেদী হইতে উঠিয়া দক্ষিণ চরণ বেদীতে রাখিয়া "ধ্রুবা" মন্ত্র দ্বারা হোম করাকে "সমিষ্ট যজুর্হোম" কহে।

(৯) পাত্রলগ্ন হবিঃশেষকে "নিষ্কাস" কহে।

(১০) সোমলতাকে জল সহ কোটায়—থেতো করার নাম "সুত্যা"।

(১১) "প্রায়ণীয়স্য নিষ্কাস উদয়নীয়মভিনির্ব্বপতি সৈব সা যজ্ঞস্য সন্ততিঃ।" [৬।১।৫।৫]

প্রয়াণ করে বলিয়া ইহার নাম "প্রায়ণীয়" বলা হইল। উক্ত আপত্তির উত্তর—"অবিজ্ঞায়া···অনুবাক্যা"

না জানিয়াই [ব্রহ্মবাদিগণ] তাহা বলেন ; [উক্ত দোষ পরিহারের জন্য] যাজ্যা ও অনুবাক্যাসমূহের ব্যতিষঙ্গ করা হয়।

পূর্ব্বোক্ত "স্বস্তি নঃ পথ্যাসু" হইতে "মহীমূ ষু মাতরং" পর্য্যন্ত প্রায়ণীয়ের যাজ্যানুবাক্যা। তাহাদের ব্যতিষঙ্গের অর্থ বুঝান হইতেছে, যথা—"যাঃ··· প্রতিতিষ্ঠতি"

যাহা প্রায়ণীয়েব পুরোঽনুবাক্যা (অনুবাক্যা), তাহাকে উদয়নীয়ের যাজ্যা কবিবে, যাহা উদয়নীয়েব পুরোঽনুবাক্যা, তাহাকে প্রায়ণীয়েব যাজ্যা করিবে ; এইরূপে (ইহ এবং পব) উভয় লোকে সমৃদ্ধির জন্য, উভয় লোকে প্রতিষ্ঠার জন্য ব্যতিষঙ্গ করা হয় ; [তদ্দ্বাবা যজমান] উভয় লোকে সমৃদ্ধিমান্ হয়, উভয় লোকে প্রতিষ্ঠিত হয়।

তৈত্তিরীয়দেরও ঐ মত।[১২] ব্যতিষঙ্গ জ্ঞানেব প্রশংসা—"প্রতিতিষ্ঠতি য এবং বেদ"

যে ইহা জানে, [সে] প্রতিষ্ঠিত হয়।

প্রথমখণ্ডোক্ত প্রায়ণীয়-উদয়নীয়-চরুর প্রশংসা—"আদিত্যশ্চরু···অপ্রস্রংসায়"

প্রায়ণীয় চরু অদিতির উদ্দিষ্ট, উদয়নীয় চরু অদিতিব উদ্দিষ্ট ; [এই দুই চরু] যজ্ঞকে ধবিবার জন্য, যজ্ঞকে অস্রস্ত (অশিথিল) কবিবার জন্য, যজ্ঞে গ্রন্থিবন্ধনেব জন্য।

দৃষ্টান্তদ্বারা ইহা বুঝান হইতেছে, যথা—"তদ্ যথৈব···উদয়নীয়ঃ"

[কোন কোন ব্রহ্মবাদী] এই (দৃষ্টান্ত) যেরূপ বলেন, তাহা এই,— রজ্জুর উভয় প্রান্তে খুলিয়া পড়া নিবারণের জন্য যেমন গ্রন্থি দেয়, সেইরূপ [যজ্ঞেব আদিতে] যে অদিতিব উদ্দিষ্ট প্রায়ণীয় চরু আছে এবং [যজ্ঞের অন্তে] যে অদিতির উদ্দিষ্ট উদয়নীয় চরু আছে, তদ্দ্বাবা যজ্ঞের উভয় অন্তকে আঁটিয়া ধরিবার জন্য গ্রন্থি দেওয়া হয়।

প্রায়ণীয়ে যে পথ্যানাম্নিকা প্রথম দেবতা আছে, উদয়নীয়ে তাহার উত্তমাত্ব দর্শন—"পথ্যয়ৈবেতঃ···স্বস্ত্যুত্তম্বি"

---

(১২) "যাঃ প্রায়ণীয়স্য যাজ্যাস্তা উদয়নীয়স্য যাজ্যাঃ কুর্য্যাৎ, পরাঙ্মুং লোকমারোহেৎ প্রমায়ুকঃ স্যাদ্যাঃ প্রায়ণীয়স্য পুরোঽনুবাক্যাস্তাঃ উদয়নীয়স্য যাজ্যাঃ করোত্যস্মিন্নেব লোকে প্রতিতিষ্ঠতি"। [৬।১।৫।৫]

ইহাদের (দেবতাদেব) মধ্যে "পথ্যা" ও "স্বস্তি" [নাম্নী দেবতা] দ্বাবা [যজমান যজ্ঞ] আরম্ভ করে ; পথ্যা ও স্বস্তিকে লক্ষ্য করিয়া উদ্‌যাপন (সমাপন) কবে ; [এতদ্দ্বাবা] এই কর্ম্ম স্বস্তিতেই (মঙ্গলেই) আবম্ভ কবা হয়, এবং স্বস্তিতে সমাপন কবা হয়, স্বস্তিতে সমাপন কবা হয়।

পথ্যাব নামই স্বস্তি। প্রায়ণীয় কর্ম্মে পথ্যা বা স্বস্তি দেবতাব প্রথমে যাগ কবা হয়, উদয়নীয কর্ম্মে উক্ত দেবতাব শেষে যাগ কবা হয় ; স্বস্তি দেবতাব আদ্যন্তে যাগ কবায় যজমানের যজ্ঞ নির্ব্বিঘ্নে সমাপ্ত হয়।

তৃতীয় অধ্যায়

প্রথম খণ্ড

সোমপ্রবহণ

পূর্ব্ব অধ্যায়ে প্রায়ণীয় ইষ্টি ও উদয়নীয় ইষ্টি ও তাহাব দেবতাদি বর্ণিত হইযাছে। অনন্তর সোম আনয়নেব দিক্ নির্ণয় হইতেছে—"প্রাচ্যাং···ক্রীয়তে"

পূর্ব্বদিকেই দেবগণ বাজা সোমকে ক্রয কবিযাছিলেন ; সেই হেতু [ঋত্বিকেবাও প্রাচীনবংশেব] পূর্ব্বদিকেই [সোম] ক্রয কবিবে।

সোমবিক্রেতার দোষ কথন—"তং···সোমবিক্রয়ী"

[দেবগণ] ত্রযোদশ মাস (তদভিমানি-দেবতা) হইতে তাহা (সোম) ক্রয় কবিয়াছিলেন ; সেই হেতু ত্রযোদশ মাস [শুভ কর্ম্মের] অনুকূল নহে, সোমবিক্রেতাও [সদাচাবের] অনুকূল নহে ; বস্তুতঃ সোমবিক্রয়ী পাপী।[১]

মেষাদিবাশির সংক্রান্তিবহিত মলমাস শুভ কর্ম্মে বর্জ্জনীয়। ঐ বিষয়ে তৈত্তিরীয়-শ্রুতির প্রমাণ আছে।[২] ক্রয়ের পব প্রাচীনবংশে সোম আনযনকালে পাঠ্য অষ্টমন্ত্রপ্রশংসা[৩]—"তস্য···তদষ্টানামষ্টম্"

(১)　"ভৃতকাধ্যাপকঃ ক্লীবঃ কন্যাদূষ্যভিশস্তকঃ।
মিত্রধ্রুক্ পিশুনঃ সোমবিক্রয়ী চ বিনিন্দকঃ॥" [যাজ্ঞবল্ক্য, ১। ২২৩]
সোমবিক্রয়িণে বিষ্ঠা ভিষজে পূয়শোণিতং।
নষ্টং দেবলকে দত্তমপ্রতিষ্ঠন্তু বার্দ্ধুষৌ॥ [মনু, ৩। ১৮০]

(২) "অগ্নে জ্যোতিঃ সোমবিক্রয়িণিতম ইত্যাহ, জ্যোতিরেব যজমানে দধাতি তমসা সোমবিক্রয়িণমর্পয়তি" [৬। ১। ১০। ৪]

(৩) পরবর্ত্তী দ্বিতীয় খণ্ডে অষ্ট ঋক্‌বিধান দেখ।

মনুষ্যগণকে লক্ষ্য করিয়া আসিবার সময় সেই ক্রীত সোমের দিক্ (অধিষ্ঠানস্থল), বীর্য্য (সোমের বলদানশক্তি), ইন্দ্রিয় (চক্ষুরাদির বলাধানক্ষমতা) নষ্ট হইয়া গিয়াছিল; [মনুষ্যেরা] একটি ঋক্ দ্বারা ঐ সকলকে রক্ষা কবিতে ইচ্ছা করিয়াছিল, কিন্তু তাহা রক্ষা করিতে পারে নাই; [ক্রমে] তাহা দুই ঋক্ দ্বাবা, তাহা তিন ঋক্ দ্বারা, তাহা চারি ঋক্ দ্বাবা, তাহা পাঁচ ঋক্ দ্বারা, তাহা ছয় ঋক্ দ্বাবা, তাহা সাত ঋক্ দ্বারাও বক্ষা কবিতে পাবে নাই; [অবশেষে] তাহা আট ঋক্ দ্বারা রক্ষা করিয়াছিল, তাহা আটটি ঋক্ দ্বাবা পাইযাছিল; যেহেতু অষ্ট [ঋক্] দ্বারা বক্ষা করিয়াছিল, অষ্ট [ঋক্] দ্বারা পাইয়াছিল, সেই জন্য অষ্টেব অষ্টত্ব।

এতদ্দ্বারা পাইয়াছিল, এই ব্যুৎপত্তিদ্বাবা প্রাপ্ত্যর্থক অশ্ ধাতু হইতে এ স্থলে অষ্ট শব্দ নিষ্পন্ন কবা হইল। এই জ্ঞানের প্রশংসা—"অশ্নুতে···বেদ"

যে ইহা জানে, সে যাহা যাহা কামনা কবে, তাহা প্রাপ্ত হয়।

উক্ত অষ্ট সংখ্যার বিধান—"তস্মাদেতেষু···অবরুধ্যৈ"

সেই জন্য ইন্দ্রিয় ও বীর্য্য বক্ষা করিবাব জন্য এই সকল কর্ম্মে (সোমানয়নাদি কর্ম্মে) আটটি আটটি [ঋক্] পাঠ কবা হয়।

দ্বিতীয় খণ্ড

সোমপ্রবহণ মন্ত্র

পূর্ব্বোক্ত অষ্টসংখ্যক মন্ত্রের অবতারণার জন্য "প্রৈষ" মন্ত্রেব[১] বিধান—"সোমায়··· অধ্বর্য্যুঃ"

অধ্বর্য্যু [হোতাকে] কহেন—তুমি [প্রাচীনবংশে] নীয়মান ক্রীত সোমের উদ্দেশে ক্রমানুসারে মন্ত্র বল।

ইহাই অধ্বর্য্যুপাঠ্য প্রৈষ মন্ত্রের অর্থ। অনন্তর হোতৃপাঠ্য প্রথম ঋক্ "ভদ্রাদভি-শ্রেয়ঃ প্রেহীত্যন্বাহ"

"ভদ্রাদভিশ্রেয়ঃ প্রেহি" এই (ঋক্) [হোতা] পাঠ করিবে।

(১) "ব্রূহি" "প্রেহি" ইত্যাদি লোট্ বিভক্তির মধ্যম পুরুষান্ত পদঘটিত যে বাক্য দ্বারা অধ্বর্য্যু হোতাকে কর্ম্মে প্রেষণ (নিয়োগ) করে, সেই বাক্যকে প্রৈষ কহে; উক্ত প্রৈষবাক্যবিশিষ্ট মন্ত্রকে প্রৈষ-মন্ত্র কহে।

অধ্বর্য্যু কর্ত্তৃক প্রেষিত হোতা সোমানয়নে উক্ত মন্ত্র পাঠ করিবে। এই ঋক্ তৈত্তিরীয়-সংহিতায় আছে[২]। উক্ত ঋকের প্রথম পাদের ব্যাখ্যা—"অয়ং...গময়তি"

হে বৎস (সোম), এই লোক (ভূলোকরূপী সোমক্রয়স্থান) ভদ্র (উত্তম); তদপেক্ষায় এই লোক (স্বর্গরূপী প্রাচীনবংশগৃহ) শ্রেষ্ঠ;—তাহা [এই অর্থযুক্ত ঐ মন্ত্রের প্রথম চরণ] যজমানকে সেই স্বর্গলোকেই গমন করায়।

দ্বিতীয় পাদের অনুবাদপূর্ব্বক ব্যাখ্যা—"বৃহস্পতিঃ...ব্রহ্মণ্ঘিষ্যতি"

বৃহস্পতি তোমার পুরোগামী হউন;—ইহা দ্বারা (এই অর্থবিশিষ্ট দ্বিতীয় চরণ পাঠদ্বারা) ইহার (যজমানের) নিমিত্ত ব্রাহ্মণকেই অগ্রগামী করা হয়; যে হেতু বৃহস্পতিই ব্রাহ্মণ এবং ব্রাহ্মণ-সহায় কর্ম্ম নষ্ট হয় না।

তৃতীয় ও চতুর্থ পাদের অনুবাদপূর্ব্বক ব্যাখ্যা—"অথেমবস্য...পাদযতি"

অনন্তর পৃথিবীর মধ্যে শ্রেষ্ঠ এই [দেবযজন] স্থান তোমার অবস্থান-যোগ্য মনে কর,—ইহাদ্বারা (তৃতীয় চরণের পাঠদ্বারা) পৃথিবীমধ্যে যে দেবযজনস্থান শ্রেষ্ঠ, সেই দেবযজনস্থানে সোমকে স্থাপন করা হয়। সর্ব্বাপেক্ষা বীর [তুমি] শত্রুগণকে দূর কর,—ইহাদ্বারা (চতুর্থ চরণ পাঠদ্বারা) ইহার (যজমানের) দ্বেষকারী পাপরূপ শত্রুকে বাধিত করা হয় ও নিকৃষ্ট দেশে দূর করা হয়।

হোতার পাঠ্য দ্বিতীয়, তৃতীয় ও চতুর্থ ঋকের বিধান—"সোম সমর্দ্ধয়তি"

রাজা সোমের আনয়নকালে "সোম যাস্তে ময়োভুবঃ" ইত্যাদি তিনটি ঋক্[৩] পাঠ করিবে; এই তিন ঋকের দেবতা সোম, ছন্দ গায়ত্রী; এই জন্য আপনারই দেবতা ও আপনারই ছন্দ দ্বারা ইঁহাকে (সোমকে) সমৃদ্ধ করা হয়।

---

(২) "ভদ্রাদভি শ্রেয়ঃ প্রেহি বৃহস্পতিঃ পুর এতা তে অস্তু।
অথেমবস্য বর আ পৃথিব্যা আরে শত্রূন্ কৃণুহি সর্ব্ববীরঃ॥ [১ । ২ । ৩ । ৩]

উক্ত মন্ত্রটি ঋগ্বেদে দেখা যায় না, কিন্তু অথর্ব্ববেদে আছে [১ । ৯ । ২২৪]; এই মন্ত্র দ্বারা হোম বা জপ করিলে প্রবাসে আপন হইতে ধন উপস্থিত হয়। সায়ণাচার্য্য অথর্ব্ব-বেদের ভাষ্যে ইহার অন্যরূপ অর্থ করিয়াছেন।

(৩) "সোম যাস্তে ময়োভুব উতয়ঃ সন্তি দাশুষে। তাভির্নোঽবিতা ভব।" (১।৯১।৯)
"ইমং যজ্ঞমিদং বচো জুজুষাণ উপাগহি। সোম ত্বং নো বৃধে ভব।" (১।৯১।১০)
"সোম গীর্ভিষ্ট্বা বয়ং বর্দ্ধয়ামো বচোবিদঃ। সুমৃলীকো ন আবিশ।" (১।৯১।১১)

যে দ্রব্য আনিবে, তাহার নাম "সোম" এবং মন্ত্র তিনটির দেবতাও "সোম"; গায়ত্রী স্বর্গ হইতে পৃথিবীতে সোম আনিয়াছিলেন, অতএব সোমের গায়ত্রী ছন্দ; এ জন্যই দেবতা ও ছন্দকে সোমের আপনার বলা হইল। ইহা তৈত্তিরীয় শ্রুতিতে ব্যক্ত আছে[৪]। পঞ্চম ঋকের বিধান—"সর্ব্বে…গতেনেত্যন্বাহ"

"সর্ব্বে নন্দন্তি যশসাগতেন"[৫] এই ঋক্ পাঠ কবিবে।

এই ঋকের প্রথম পাদেব ব্যাখ্যা—"যশো বৈ…যশ্চ ন"

রাজা সোম যশঃস্বরূপ; যে ব্যক্তি যজ্ঞে লাভার্থী ও যে [লাভার্থী] নহে, তাহারা সকলেই ক্রীয়মাণ সোমকে দেখিয়া আনন্দিত হয়।

দ্বিতীয় পাদের ব্যাখ্যা—"সভাসাহেন…রাজা"

"সভাসাহেন সখ্যা সখায়ঃ" ইহাব অর্থ—এই যে বাজা সোম, ইনি [ব্রাহ্মণগণের] সখা এবং ব্রাহ্মণগণের সভাব পবাভবকর্ত্তা।

তৃতীয় পাদের প্রথম পাদের ব্যাখ্যা—"কিল্বিষস্পৃদিত্যেষ উ এব কিল্বিষস্পৃৎ"

"কিল্বিষস্পৃৎ" ইহাব অর্থ যে, এই যে সোম, ইনি কিল্বিষ (পাপ) হইতে রক্ষাকর্ত্তা।

পাপের কারণ প্রদর্শন—"যো বৈ…ভবতি"

যে [যজ্ঞে] প্রবৃত্ত হয় এবং যে [যজ্ঞকর্ম্মে] শ্রেষ্ঠতা লাভ কবে, সে পাপ লাভ কবে।

কর্ম্মসমাপ্তির ব্যগ্রতা ও কর্ম্মপটুত্বগর্ব্ব ঋত্বিকেব পাপেব কাবণ; যথা—"তস্মাদাহুঃ …যাতয়ন্নিতি"

সেই হেতু (ঋত্বিকেব পাপের সম্ভাবনা থাকায়) [যজমান] এইরূপ বলে—[অহে হোতা, তুমি অন্যমনস্ক হইয়া] পুরোঽনুবাক্যা পাঠ করিও না; [অহে অধ্বর্য্যু, তুমি ব্যগ্রতাপ্রযুক্ত] অন্যথা অনুষ্ঠান কবিবে না; [অহে ক্ষিপ্রকারিগণ, তোমাদিগকে যেন] পাপ আশ্রয় না করিতে হয়।

তৃতীয় পাদে দ্বিতীয় পদানুবাদব্যাখ্যা—"পিতুষণিঃ…তৎ করোতি"

---

(৪) "কদ্রুশ্চ বৈ সুপর্ণী চাত্মরূপয়োরস্পর্দ্ধেতাং সা কদ্রুঃ সুপর্ণীমজয়ৎ সাব্রবীত্তৃতীয়স্যামিতো দিবি সোমস্তমাহর তেনাত্মানং নিষ্ক্রীণীষ্বেতীয়ং বৈ কদ্রুরসৌ সুপর্ণী ছন্দাংসি সৌপর্ণেয়াঃ সাব্রবীদস্মৈ বৈ পিতরো পুত্রান্ বিভৃতস্তৃতীয়স্যামিতো দিবি সোমস্তমাহর তেনাত্মানং নিষ্ক্রীণীষ" [৬।১।৬।১]

(৫) "সর্বে নন্দন্তি যশসাগতেন সভাসাহেন সখ্যা সখায়ঃ।
কিল্বিষস্পৃৎ পিতুষণির্হ্যেষামরং হিতো ভবতি বাজিনায়।" [১০।৭১।১০]

"পিতুষণি" এ স্থলে অন্নই পিতু, দক্ষিণাই পিতু; সেই (দক্ষিণা) ইহাদ্বারা [ঋত্বিক্‌দিগকে] দান করা হয়; এতদ্দ্বারা এই সোমকেই অন্নসনি [অন্নের নিমিত্ত] করা হয়।

চতুর্থ পদস্থ বাজিন শব্দ ব্যাখ্যা—"অরং...বাজিনং"

"অরং হিতো ভবতি বাজিনায়" এ স্থলে বাজিন অর্থে ইন্দ্রিয় ও বীর্য্য।

ইহা জানার প্রশংসা—"আজরসং...বেদ"

যে ইহা জানে, জরা (বার্দ্ধক্য) শেষ পর্য্যন্ত তাহার ইন্দ্রিয় ও বীর্য্য বিচ্ছিন্ন হয় না।

ষষ্ঠ ঋকের বিধান—"আগন্দেব ইত্যন্বাহ"

"আগন্ দেব" এই মন্ত্র(৬) পাঠ করিবে।

উক্ত ঋকের প্রথম পাদের পূর্ব্বভাগের ব্যাখ্যা—"আগতো...ভবতি"

সেই সময়ে (ক্রয়ের পর) তিনি (সোম) আগত হন।

উত্তর ভাগের সানুবাদ ব্যাখ্যা—"ঋতুভিঃ...আগময়তি"

যেমন মনুষ্যের [ভ্রাতা মনুষ্য], সেইরূপ ঋতুগণ রাজা সোমের রাজভ্রাতা; 'ঋতুভির্বর্দ্ধতু ক্ষয়ম্'—এই বাক্য সেই ঋতুগণ সহ এই সোমকে [এই যজ্ঞে] আগমন করায়।

দ্বিতীয় পাদের সানুবাদ ব্যাখ্যা—"দধাতু...আশাস্তে"

"দধাতু নঃ সবিতা সুপ্রজামিষম্" এই পাদপাঠ দ্বারা আশীষ (প্রার্থনীয় প্রজাদি) প্রার্থনা করা হয়।

তৃতীয় ও চতুর্থ পাদের সানুবাদ ব্যাখ্যা—"স নঃ...আশাস্তে"

"স নঃ ক্ষপাভিরহভিশ্চ জিন্বতু"—এই বাক্যে অহঃ শব্দে দিন ও ক্ষপা শব্দে রাত্রি; উহাতে অহোরাত্র দ্বারাই ইহার নিমিত্ত এই আশীষ প্রার্থনা করা হয়। "প্রজাবন্তং রয়িমস্মে সমিন্বতু"—ইহা দ্বারাও আশীষ প্রার্থনাই হয়।

সপ্তম ঋকের বিধান—"যা তে...ইত্যন্বাহ"

"যা তে ধামানি হবিষা যজন্তি" এই ঋক্ পাঠ করিবে।

---

(৬) "আগন্ দেব ঋতুভির্বর্দ্ধতু ক্ষয়ং দধাতু নঃ সবিতা সুপ্রজামিষম্।
স নঃ ক্ষপাভিরহভিশ্চ জিন্বতু প্রজাবন্তং রয়িমস্মে সমিন্বতু।।" (৪।৫৩।৭)

(৭) "যা তে ধামানি হবিষা যজন্তি তা তে বিশ্বা পরিভূরস্তু যজ্ঞম্।
গয়স্ফানঃ প্রতরণঃ সুবীরোঽবীরহা প্রচরা সোম দুর্য্যান্।।" (১।৯১।১৯)

ঐ ঋকের দ্বিতীয় পাদ—

"তা তে বিশ্বা পরিভূরস্তু যজ্ঞম্।"

উভয় চরণের অর্থ—[হে সোম] তোমার যে সকল [উত্তরবেদি-প্রভৃতি] স্থানের হবির দ্বারা যাগ হয়, তোমার সেই সকল স্থান ব্যাপিয়া তুমি যজ্ঞের নিকটে অবস্থান কর।

তৃতীয় পাদের সানুবাদ ব্যাখ্যা—"গয়স্ফানঃ...তদাহ"

"গয়স্ফানঃ প্রতরণঃ সুবীরঃ"—এতদ্দ্বারা আমাদিগের গাভীসকলের বৃদ্ধিকর্ত্তা ও উদ্ধারকর্ত্তা হও, ইহাই বলা হয়।

চতুর্থ পাদের সানুবাদ ব্যাখ্যা—"অবীরহা...হিনস্তি"

"অবীরহা প্রচরা সোম দুর্য্যান্" এ স্থলে দুর্য্য অর্থে গৃহ; [পরিচর্য্যার ত্রুটির আশঙ্কায়] সমাগত সোমরাজ হইতে যজমানের গৃহ (গৃহস্থিত লোকেরা) ভয় পায়; তখন যদি হোতা এই মন্ত্র পাঠ করে, তাহা হইলে শান্তির কারণ [এই মন্ত্র] দ্বারা সোমকে শান্ত করা হয়; সোম শান্ত হইলে যজমানের প্রজার ও পশুর হিংসা করেন না।

অষ্টম ঋক্ বিধান—"ইমাং...পরিদধাতি"

"ইমাং ধিয়ং শিক্ষমাণস্য দেব" এই বরুণদেবতাক ঋকের দ্বারা [অনুবচন পাঠ] সমাপ্ত করিবে।[৮]

বারুণ ঋক্দ্বারা সমাপনের কারণ—"বরুণদেবত্যো...সমর্দ্ধযতি"

যত ক্ষণ এই সোম [বস্ত্রাদি দ্বারা] আবদ্ধ থাকেন ও যত ক্ষণে প্রাচীনবংশ গৃহে উপস্থিত হন, তত ক্ষণ ইঁহার দেবতা বরুণ; তাহা হইলে [উক্ত বারুণ ঋক্ পাঠে] আপনারই দেবতা দ্বারা ও আপনারই ছন্দ দ্বারা ইঁহাকে সমৃদ্ধ করা হয়।

বন্ধন-ক্রিয়া বরুণ-পাশের অধীন এবং আবরণ-ক্রিয়াও বরুণের অধীন; সেই হেতু সোমের দেবতা বরুণ। উক্ত ঋক্‌টির ত্রিষ্টুপ্ ছন্দ; এই ত্রিষ্টুপ্ সোম আহরণ করিবার জন্য স্বর্গে যাইয়া দক্ষিণা ও তপস্যা আনিয়াছিলেন[৯]; সেই জন্য ত্রিষ্টুপ্ ছন্দও সোমের স্বকীয়। ইহা শাখান্তরে তৈত্তিরীয় সংহিতায় কথিত আছে।

প্রথম পাদের ব্যাখ্যা—"শিক্ষমাণস্য...যজতে"

---

(৮) "ইমাং ধিয়ং শিক্ষমাণস্য দেব ক্রতুং দক্ষং বরুণ সংশিশাধি।
যয়াতি বিশ্বা দুরিতা তরেম সুতর্মাণমধি নাবং রুহেম।" (৮।৪২।৩)

(৯) "সা দক্ষিণাভিশ্চ তপসা চাগচ্ছতি" (৬।১।৬।২)

"শিক্ষমাণস্থ দেব" এ স্থলে [শিক্ষমাণেব অর্থ] যে যজন করে, [কেন না] সে শিক্ষা [যজ্ঞ অভ্যাস] করে।

দ্বিতীয় পাদের সানুবাদ ব্যাখ্যা—"ক্রতুং···তদাহ"

"ক্রতুং দক্ষং বরুণ সংশিশাধি" এতদ্দ্বাবা হে বরুণ, [তুমি] বীর্য্য ও প্রকৃষ্ট জ্ঞানেব সম্যক্ উপদেশ প্রদান কব, ইহাই বলা হয়।

তৃতীয় ও চতুর্থ পাদের সানুবাদ ব্যাখ্যা—"যয়াতি···সন্তবতি"

"যয়াতি বিশ্বা দুবিতা তবেম সুতর্ম্মাণমধি নাবং রুহেম" এ স্থলে যজ্ঞই সুখে তরণকাবী নৌকা—কৃষ্ণাজিনই সুখতবণকাবী নৌকা—[মন্ত্রাত্মক] বাক্যই সুখতবণকাবী নৌকা, [সেই মন্ত্র পাঠে] সেই বাক্যরূপ নৌকায় আবোহণ করিয়া তদ্দ্বাবাই স্বর্গলোকেব উদ্দেশে উত্তীর্ণ হওয়া যায়।

উক্ত সকল ঋকের প্রশংসা—"তা এতা···সমৃদ্ধ্যৈ"

সেই এই আটটি রূপসমৃদ্ধ মন্ত্র পাঠ কবিবে।

উক্ত রূপ-সমৃদ্ধির কারণ—"এতদ্বৈ···বদতি"

যাহা রূপসমৃদ্ধ [অর্থাৎ] যে ঋক্ ক্রিয়মাণ কর্ম্মকে পূর্ণভাবে উল্লেখ কবে, তাহা যজ্ঞকেও সমৃদ্ধ (সম্পূর্ণ) কবে।

আগুন্তে দুইটি ঋকের আবৃত্তি বিধান—"তাসাং···ত্রিরুত্তমাং"

তন্মধ্যে (উক্ত আটটি ঋকের মধ্যে) প্রথম ঋক্ তিন বার, [আব] শেষ ঋক্ তিন বাব পাঠ কবিবে।

উক্তরূপে আবৃত্ত ঋকের সংখ্যার প্রশংসা—"তাঃ···প্রজাপতিঃ"

[উক্তরূপে আবৃত্ত] সেই (অষ্টসংখ্যক) ঋক্ দ্বাদশসংখ্যক হইবে; দ্বাদশ মাসেই সংবৎসর, সংবৎসবই প্রজাপতি।

উক্তরূপ জ্ঞানের প্রশংসা—"প্রজাপত্যা···বেদ"

যে ইহা জানে, সে প্রজাপতি যাহাদেব আয়তন (আশ্রয়), সেই [ঋক্] সকলের দ্বারা সমৃদ্ধ হয়।

আবৃত্তির প্রশংসা—"ত্রিঃ···অবিস্রংসায়"

প্রথম ঋক্ তিন বার, শেষ ঋক্ তিন বার পাঠ কবিবে; তদ্দ্বারা [যজ্ঞের] স্থিরতার জন্য, দৃঢ়তার জন্য, শিথিলতা নিবারণের জন্য [রজ্জুরূপী] যজ্ঞের [প্রান্তদ্বয়ে] গ্রন্থি দেওয়া হয়।

তৃতীয় খণ্ড

সোমের উপাবহরণ

সোম আনয়নের ঋক্ বলা হইয়াছে, এখন আনীত সোমকে শকট হইতে নামাইবার বিধান—"অন্যতরো…হরেয়ুঃ"

একটি বলদ [শকটে] যোড়া থাকিবে, অপর আর একটি খুলিয়া দিবে; অনন্তর রাজাকে (সোমকে) নামাইবে।

শকট হইতে দুই বলীবর্দ্দ-মোচনে দোষ প্রদর্শন—"যদুভযোঃ…কুর্য্যুঃ"

যদি দুইটি বলদই [শকট হইতে] খুলিয়া [সোম] নামান হয়, [তবে] সোমকে পিতৃদৈবত করা হয়।

পিতৃদৈবত অর্থাৎ পিতৃলোককর্তৃক স্বীকৃত সোম দেবযজ্ঞের অযোগ্য। উভয় বলীবর্দ্দ শকটে যুক্ত থাকাও দোষাবহ—"যদ্…প্লবেরন্"

যদি দুইটিই যুক্ত থাকে, [তাহা হইলে] যোগক্ষেমের অভাব প্রজাকে (পুত্রাদিকে) আক্রমণ করে; [তাহাতে] প্রজা পরিপ্লুত হইয়া (ভাসিয়া) যায়।

অপ্রাপ্ত ধনের লাভকে যোগ কহে, আর লব্ধ ধনের রক্ষা করাকে ক্ষেম কহে।

যে বলদ খোলা যায়, সে গৃহস্থিত প্রজাস্বরূপ, [আর] যে যোড়া থাকে, সে [লৌকিক ও বৈদিক] ক্রিয়াস্বরূপ; [অতএব] যাহারা একটি যোড়া রাখিয়া ও অন্যটিকে খুলিয়া [সোমকে] নামায়, তাহারা যোগ ও ক্ষেম উভয়ই সম্পাদন করে।[১]

অনন্তর আখ্যায়িকা দ্বারা সোম নামাইবার জন্য ঈশান কোণের বিধান—"দেবাসুরা …কর্ত্তোঃ"

দেবগণ ও অসুরগণ এই সকল লোকে যুদ্ধ করিয়াছিলেন; তাঁহারা [প্রথমে] এই পূর্ব্বদিকে যুদ্ধ করেন, তাহাতে অসুরেরা তাঁহাদিগকে (দেবগণকে) পরাজয় করে, [পরে] তাঁহারা দক্ষিণদিকে যুদ্ধ করেন, তাহাতে অসুরেরা তাঁহাদিগকে পরাজয় করে; তাঁহারা পশ্চিমদিকে যুদ্ধ

---

(১) "যদুভৌ বিমুচ্যাতিথ্যং গৃহ্নীয়াদ্ যজ্ঞং বিচ্ছিন্দ্যাৎ যদুভাববিমুচ্য যথানাগতায়াতিথ্যং ক্রিয়তে তাদৃগেব তদ্বিমুক্তোঽন্যোঽনড্বান্ ভবতি অবিমুক্তোঽন্যোঽথাতিথ্যং গৃহ্নাতি যজ্ঞস্য সন্তত্যৈ" (৬।২।১।১)

করেন, তাহাতে অসুরেরা তাঁহাদিগকে পরাজয় করে ; তাঁহারা উত্তরদিকে যুদ্ধ করেন, তাহাতে অসুরেরা তাঁহাদিগকে পরাজয় করে ; [শেষে] তাঁহারা উত্তর-পূর্ব্বদিকে (ঈশান কোণে) যুদ্ধ করেন, তাঁহারা তখন পরাজিত হন নাই, এই সেই (ঈশান) দিক্ অপরাজিত ; সেই হেতু এই দিকে [সোম নামাইতে] যত্ন করিবে বা যত্ন করাইবে ; তবে [যজ্ঞকে] সম্পূর্ণ করিতে সমর্থ হইবে।

সোমই জয়ের হেতু, ইহা দেখান হইতেছে—"তে…রাজ্ঞা"

সেই দেবগণ বলিয়াছিলেন,—আমাদের রাজার অভাবে জয় হইল না, আমরা রাজা করিব ; তাহাই হউক, এই বলিয়া তাঁহারা সোমকে রাজা করিয়াছিলেন ; তাঁহারা রাজা সোমদ্বারা সকল দিক্ জয় করিয়াছিলেন। যে (যজমান) [সোম-] যাগ করে, সোমই তাহার রাজা। [শকট] পূর্ব্বদিকে অবস্থিত থাকিতে [সোম] চাপাইবে, তাহাতে পূর্ব্বদিক্ জয় করা হয় ; [তৎপরে] তাহাকে (শকটস্থ সোমকে) দক্ষিণে বহন করিবে, তাহাতে দক্ষিণদিক্ জয় হয়, তাহাকে পশ্চিমে ফিরাইবে, তাহাতে পশ্চিম দিক্ জয় হয় ; তাহাকে উত্তরে রাখিয়া [শকট হইতে] নামাইবে, তাহাতে রাজা সোমের দ্বারা উত্তর দিক্ জয় হয়।

আপস্তম্বও সোমের শকটবহন সম্বন্ধে এইরূপ বলেন।[২] ইহা জানার প্রশংসা—"সর্ব্বা…বেদ"

যে ইহা জানে, সে সকল দিক্ জয় করে।

চতুর্থ খণ্ড

আতিথ্যেষ্টি-বিধান

আতিথ্যেষ্টি-বিধান—"হবিরাতিথ্যং…রাজন্যাগতে"

[প্রাচীনবংশসমীপে] রাজা সোম উপস্থিত হইলে আতিথ্য হবিঃ নির্বপণ হয়।

আতিথ্যেষ্টির নামের কারণ—"সোমো…আতিথ্যং"

রাজা সোম যজমানের গৃহে আসিতেছেন, [সেই জন্য] তাঁহার উদ্দেশে আতিথ্য হবিঃ নির্বপণ করা হয় ; তাহাতেই আতিথ্যের আতিথ্যত্ব।

(২) "সংস্রাহ প্রত্যবত্তহ্নমন্ত ইতি প্রাকোহতিপ্রায় দক্ষিণমাবর্ত্ত ইত্যগ্রেণ প্রাগ্বংশং প্রাগীষং উদগীষং বা শকটমবস্থাপ্য" (১০।২৯।১।১১)

আতিথ্যেষ্টিতে পুরোডাশ-বিধান—"নবকপালো…প্রতিপ্রজ্ঞাত্যৈ"

প্রাণ নয়টি; [ঐ সকল] প্রাণের স্ব-ব্যাপার-সামর্থ্যের জন্য ও প্রাণের স্বরূপ জানিবার জন্য পুরোডাশও নয়খানি কপালে সংস্কৃত হয়।

মনুষ্যের মস্তকে সপ্ত দ্বার, অধোদেশে দুই দ্বার, এই নব দ্বারে নব প্রাণ[১]।

দ্রব্য-বিধানানন্তর দেবতা-বিধান—"বৈষ্ণবো…সমর্দ্ধয়তি"

[সেই পুরোডাশ] বিষ্ণুর উদ্দিষ্ট; বিষ্ণুই যজ্ঞ; [অতএব] আপনারই দেবতা দ্বারা [ও] আপনারই ছন্দ দ্বারা যজ্ঞকে সমৃদ্ধ করা হয়।

এই পুরোডাশ প্রদানের যাজ্যা ও অনুবাক্যার ছন্দ গায়ত্রী ও ত্রিষ্টুপ্; তাহাকেই এ স্থলে আপনার ছন্দ বলা হইল। সোমের অনুচরবর্গের হোম যথা—"সর্ব্বাণি… ক্রিয়তে"

সকল ছন্দ ও সকল পৃষ্ঠ ক্রীত সোমরাজের অনুগমন করেন; যাঁহারা রাজার অনুগমন করেন, তাঁহাদের সকলেরই প্রতি আতিথ্য করিবে।

পৃষ্ঠ-অর্থে বৃহদ্রথন্তরাদি-সামসাধ্য স্তোত্র। "অগ্নেরাতিথ্যমসি" ইত্যাদি মন্ত্রদ্বারা হোম করিয়া সকল অনুচরবর্গকে তৃপ্ত করিবে। ইহা তৈত্তিরীয়েরাও বলেন[২]। আতিথ্যেষ্টির অন্তর্গত অগ্নিমন্থন-কর্ম্ম-বিধান—"অগ্নিং…পশুঃ"

সোমরাজ আগত হইলে অগ্নিমন্থন করিবে; তাহা এইরূপ। যেমন নররাজ অথবা অন্য পূজ্য ব্যক্তি উপস্থিত হইলে বৃষ অথবা বেহৎ (গর্ভনাশিনী বৃদ্ধা গাভী) হত্যা করে,[৩] সেইরূপ অগ্নির যে মন্থন হয়, তাহাতেই সোমের উদ্দেশে অগ্নির হত্যা করা হয়; কেন না, অগ্নিই দেবগণের পশু।

বৃষ যজ্ঞিয় দ্রব্যাদি বহন করে, অগ্নিও দেবগণের নিকটে হব্য বহিয়া লইয়া যান, এজন্য অগ্নিতে পশুর সাদৃশ্য।

---

(১) "সপ্ত বৈ শীর্ষণ্যাঃ প্রাণা দ্বাববাঞ্চৌ।"

(২) "যাবদ্ভির্বৈ রাজানুচরৈরাগচ্ছতি, সর্ব্বেভ্যো বৈ তেভ্য আতিথ্যং ক্রিয়তে, ছন্দাংসি খলু বৈ সোমস্য রাজ্ঞোঽনুচরাণ্যগ্নেরাতিথ্যমসি বিষ্ণবে ত্বেত্যাহ গায়ত্র্যা এবৈতেন করোতি, সোমস্যাতিথ্যমসি বিষ্ণবে ত্বেত্যাহ, ত্রিষ্টুভ এবৈতেন করোতি" (তৈত্তিরীয় সং, ৬।২।১।১)

(৩) ইহা যাজ্ঞবল্ক্যেরও মত—"মহোক্ষং বা মহাজং বা শ্রোত্রিয়ায়োপকল্পয়েৎ" (১।১০৯)

পঞ্চম খণ্ড

অগ্নিমন্থন-মন্ত্র

অগ্নিমন্থনের পর তত্রত্য ঋক্-বিধানার্থ প্রৈষ-মন্ত্রের বিধান—"অগ্নয়ে…অধ্বর্য্যুঃ"

অধ্বর্য্যু [হোতাকে] বলেন—তুমি মথ্যমান অগ্নির উদ্দেশে অনুবচন পাঠ কর।

তদ্বিষয়ে প্রথম ঋকের বিধান—"অভি…অন্বাহ"

"অভি ত্বা দেব সবিতঃ"[১] এই সাবিত্রী [সবিতৃদৈবত] ঋক্ পাঠ করিবে।

এ স্থলে ব্রহ্মবাদীদের আপত্তি যথা—"তদাহ…সন্বাহেতি"

তদ্বিষয়ে [ব্রহ্মবাদিগণ] বলেন, যখন [অধ্বর্য্যু] "অগ্নয়ে মথ্যমানায" এই [অগ্নির অনুকূল] বাক্য [প্রৈষমন্ত্ররূপে] বলেন, তখন পরে [আগ্নেয়ী ঋক্ পাঠ না করিয়া] কেন সাবিত্রী ঋক্ পাঠ করা হয় ?

তাহার উত্তর—"সবিতা…অন্বাহ"

সবিতাই প্রসবের (যজ্ঞকর্ম্মে প্রেরণের) প্রভু ; ঐ মন্ত্র দ্বারা সবিতৃ-প্রেরিত হইয়াই এই অগ্নিকে মন্থন করা হয় ; সেই জন্য সাবিত্রী ঋক্ই পাঠ করিবে।

দ্বিতীয় ঋক্ বিধান—"মহী…অন্বাহ"

"মহী দ্যৌঃ পৃথিবী চ ন"[২] এই দ্যাবাপৃথিবীয়া ঋক্ পাঠ করিবে।

দ্যাবাপৃথিবীয়া অর্থে যাহার দেবতা দ্যৌ এবং পৃথিবী। এ স্থলেও পূর্ব্বমত আপত্তি ও তাহার উত্তর—"তদাহুঃ…অন্বাহ"

সে বিষয়ে [ব্রহ্মবাদীরা] বলেন—যখন "অগ্নয়ে মথ্যমানায়" এই [অগ্নির অনুকূল] বাক্য [প্রৈষমন্ত্র] বলা হয়, তখন পরে কেন দ্যাবাপৃথিবীয়া ঋক্ পাঠ করা হয় ? [উত্তর], [পুরাকালে] উৎপন্ন এই অগ্নিকে দেবতারা দ্যৌ এবং পৃথিবী দ্বারা গ্রহণ করিয়াছিলেন ; এখনও তাঁহাদের দ্বারাই অগ্নি গৃহীত হন। সেই জন্য দ্যাবাপৃথিবীয়া ঋক্ই পাঠ করা হয়।

---

(১) "অভি ত্বা দেব সবিতরীশানং বার্য্যাণাং। সদাবন্ ভাগমীমহে॥" (১।২৪।৩)

(২) "মহী দ্যৌঃ পৃথিবী চ ন ইমং যজ্ঞং মিমিক্ষতাং পিপৃতাং নো ভরীমভিঃ।" (১।২২।১৩)

পাবক নামক অগ্নি পৃথিবীতে আছেন, সূর্য্যরূপ অগ্নি আকাশে আছেন। তৃতীয়, চতুর্থ ও পঞ্চম ঋক্ বিধান—"ত্বামগ্নে…সমর্দ্ধয়তি"

"ত্বামগ্নে পুষ্করাদধি"৩ ইত্যাদি অগ্নিদৈবত ও গায়ত্রীছন্দোযুক্ত তিনটি ঋক্ পাঠ করা হয়; তাহাতে মন্থনকালে অগ্নিকে আপনারই দেবতা ও আপনারই ছন্দোদ্বারা সমৃদ্ধ করা হয়।

উহার মধ্যে প্রথম ঋকের দ্বিতীয় পাদের প্রশংসা—"অথর্ব্বা…অভিবদতি"

অথর্ব্বা নির্মন্থন করিয়াছিলেন—এই বাক্য রূপসমৃদ্ধ; যাহা রূপসমৃদ্ধ, তাহা যজ্ঞের পক্ষে সমৃদ্ধ, যেহেতু সেই ঋক্ ক্রিয়মাণ কর্ম্মকেই সম্পূর্ণভাবে উল্লেখ করে।

পঞ্চম ঋকের পরে ও ষষ্ঠ ঋকের পূর্ব্বে অগ্নি উৎপন্ন না হইলে অতিরিক্ত কতিপয় ঋক্ বিধান—"স…অনূচ্যাঃ"

ঐ পাঁচটি ঋক্ পাঠ করিলেও যদি তিনি (অগ্নি) উৎপন্ন না হন, অথবা বিলম্বে উৎপন্ন হন, [তবে] রক্ষোঘ্ন-গায়ত্রীসকল পাঠ করিবে।

সে কোন্ কোন্ ঋক্?

"অগ্নে হংসিন্যত্রিণম্" ইত্যাদি কয়েকটি।৪

সেই নয়টি ঋক্ পাঠ কি জন্য?—"রক্ষসামপহত্যৈ"

রাক্ষসগণের অপহতির (দূরীকরণের) জন্য।

ইহাতে রাক্ষসের প্রসঙ্গ কেন? তাহার উত্তর—"রক্ষাংসি…জায়তে"

---

(৩) "ত্বামগ্নে পুষ্করাদধি অথর্ব্বা নিরমন্থত। মূর্ধ্নো বিশ্বস্য বাঘতঃ॥" (৬।১৬।১৩)
"তম্ উ ত্বা দধ্যঙ্ঙৃষিঃ পুত্র ঈধে অথর্ব্বণঃ বৃত্রহণং পুরন্দরম্।" (৬।১৬।১৪)
"তম্ উ ত্বা পাথ্যো বৃষা সমীধে দস্যুহন্তমং ধনঞ্জয়ং রণে রণে" (৬।১৬।১৫)

(৪) "অগ্নে হংসি ন্যত্রিণং দীদ্যন্মর্ত্ত্যেষ্বা। স্বে ক্ষয়ে শুচিব্রত॥
উত্তিষ্ঠসি স্বাহুতো ঘৃতানি প্রতি মোদসে। যত্ত্বা স্রুচঃ সমস্থিরন্॥
স আহুতো বি রোচতেঽগ্নিরীড়েন্যো গিরা। স্রুচা প্রতীকমজ্যতে॥
ঘৃতেনাগ্নিঃ সমজ্যতে মধুপ্রতীক আহুতঃ। রোচমানো বিভাবসুঃ॥
জরমাণঃ সমিধ্যসে দেবেভ্যো হব্যবাহন। তং ত্বা হবন্ত মর্ত্ত্যাঃ॥
তং মর্ত্তা অমর্ত্ত্যং ঘৃতেনাগ্নিং সপর্য্যত। অদাভ্যং গৃহপতিং॥
অদাভ্যেন শোচিষাগ্নে রক্ষস্ত্বং দহ। গোপা ঋতস্য দীদিহি॥
স ত্বমগ্নে প্রতীকেন প্রত্যোষ যাতুধান্যঃ। উরুক্ষয়েষু দীদ্যৎ॥
তং ত্বা গীর্ভিরুরুক্ষয়া হব্যবাহং সমীধিরে। যজিষ্ঠং মানুষে জনে॥"
(১০।১১৮।১—৯)

[মন্থন করিলেও] যখন উৎপন্ন না হন অথবা যখন বিলম্বে উৎপন্ন হন, তখন ইঁহাকে রাক্ষসেরাই প্রতিবন্ধ করিতেছে।

তৎপরে ষষ্ঠ ঋক্-বিধান—"স...অনুব্রূয়াৎ"

[রক্ষোঘ্নী ঋকের মধ্যে] যদি একটি ঋক্ পাঠ করিলেই বা দুইটি পাঠ করিলেই তিনি উৎপন্ন হন, তবে তখন জাতশব্দযুক্ত, [অতএব] জাত (উৎপন্ন) অগ্নির অনুকূল, "উত ব্রুবন্তু জন্তবঃ"৫ এই ঋক্ পাঠ করিবে।

ঐ ঋকের দ্বিতীয় পাদে জাত অর্থাৎ জন্মবাচক "অজনি" পদ আছে ; এই জন্য ইহা জাত অগ্নির অনুকূল ; উহার প্রশংসা—"যদ্ যজ্ঞে...তৎ সমৃদ্ধং"

যাহা যজ্ঞের অনুকূল, তাহাই সমৃদ্ধ।

সপ্তম ঋক্-বিধান,—

"আ যং হস্তেন খাদিনং"৬ এইটি [পাঠ করিবে]।

এই ঋকের প্রথম পাদের তাৎপর্য্য "হস্তাভ্যাং...মন্থন্তি"

ইহাকে (অগ্নিকে) হস্তদ্বারাই মন্থন করা হয়।

ঐ ঋকে মন্থনজাত অগ্নিকে হস্তধৃত সদ্যোজাত শিশুর সহিত উপমিত করা হইয়াছে ; তজ্জন্য বলা হইল, ঋত্বিকেরাও অগ্নিকে হস্তদ্বারাই মন্থন করেন।

দ্বিতীয় পাদের পূর্ব্বার্দ্ধের তাৎপর্য্য—"শিশুং...যদগ্নিঃ"

"শিশুং জাতং" ইহার অর্থ, এই প্রথমজাত যে অগ্নি, তিনি শিশুর মত।

তৎপরে তৃতীয় চরণ—

"ন বিভ্রতি বিশামগ্নিং স্বধ্বরম্"।

এই বাক্যে যে "ন" আছে, উক্ত "ন"র ব্যাখ্যা—"যদ্বৈ...ওঁ ইতি"

দেবতাদের (দেবসম্বন্ধি মন্ত্রে) এই যে "ন" [শব্দ], তাহ ঐ সকল (মন্ত্রে) "ওঁ" অর্থবাচী।

বেদে ওঙ্কারের অর্থ অঙ্গীকার, "ন"কারও ঐ অর্থে ব্যবহৃত হয়। সেই জন্য এই স্থলে "ন" শব্দ সদৃশার্থে ব্যবহার করিয়া উক্ত মন্ত্রের "শিশুং জাতং ন"—অর্থে "শিশুং জাতমিব" করা যাইতে পারে।

সমগ্র ঋকের অর্থ—প্রজাগণের যজ্ঞনিষ্পাদক ও [হবিরাদির] ভক্ষক এই [মন্থনজাত] অগ্নিকে [ঋত্বিকেরা] যেন [সদ্যোজাত] শিশুর মতই হস্তে ধারণ করেন।

---

(৫) "উত ব্রুবন্তু জন্তব উদগ্নির্বৃত্রহাজনি। ধনঞ্জয়ো রণে রণে॥" (১।৭৪।৩)

(৬) "আ যং হস্তেন খাদিনং শিশুং জাতং ন বিভ্রতি। বিশামগ্নিং স্বধ্বরম্॥" (৬।১৬।৪০)

অষ্টম ঋক্‌বিধান—"প্র দেবং…অভিরূপা"

"প্র দেবং দেববীতয়ে ভরতা বসুবিত্তমম্"৭ এই ঋক্ প্রহ্রিয়মাণ অগ্নির অনুকূল, [ইহা পাঠ কবিবে]।

ঐ মন্ত্রের অর্থ—[হে ঋত্বিক্‌গণ], দেবগণের অভিলাষার্থ বসুবিত্তম (হব্যরূপ ধনের অভিজ্ঞ) দেবকে (মন্থনজাত অগ্নিকে) [আহবনীয়ে] প্রক্ষেপ কর।

প্রহ্রিয়মাণ অর্থ আহবনীয়ে প্রক্ষিপ্যমাণ। মন্থনে উৎপন্ন অগ্নিকে আহবনীয় অগ্নিতে নিক্ষেপ করিতে হয়। অষ্টম হইতে দ্বাদশ ঋক্ পর্য্যন্ত মন্ত্রগুলি ঐ অনুষ্ঠানকে লক্ষ্য করিতেছে। উক্ত ঋকেব প্রযোজ্যতা—"যদ্‌যজ্ঞে…সমৃদ্ধং।"

যাহা যজ্ঞে অনুকূল, তাহাই সমৃদ্ধ।

উক্ত ঋকের তৃতীয় চবণ এই—

"আ স্বে যোনৌ নিষীদতু।"

এ স্থলে যোনি শব্দেব ব্যাখ্যা—"এষ…অগ্নেঃ"

[আহবনীয় নামক] এই যে অগ্নি, ইনিই এই (মন্থনজাত) অগ্নির স্বকীয় যোনি (আপনারই স্থান)।

নবম ঋক্ বিধান,—

"আজাতং জাতবেদসি" এই ঋক্ [পাঠ করিবে]।৮

এই ঋকের প্রথম পাদস্থিত জাত ও জাতবেদা শব্দেব অর্থ—"জাত…ইতরঃ"

এই (মন্থনোৎপন্ন) অগ্নি জাত [সদ্য উৎপন্ন], আর ঐ [আহবনীয়] অগ্নি জাতবেদা (এই জাত অগ্নিব জ্ঞাতা)।

দ্বিতীয় পাদের সানুবাদ ব্যাখ্যা—"প্রিয়ং…অগ্নেঃ"

"প্রিয়ং শিশীতাতিথিম্" ইহাব অর্থ,—(মন্থনোৎপন্ন) এই অগ্নি, ইনি ঐ (আহবনীয় নামক) অগ্নিব প্রিয় অতিথি।

তৃতীয় পাদেব সানুবাদ ব্যাখ্যা—"স্যোন · তদ্দধাতি"

"স্যোন আ গৃহপতিম্" এই উক্তিদ্বারা ইহাকে (মন্থনজাত অগ্নিকে) শান্তিতেই স্থাপন করা হয়।

স্যোন শব্দ অর্থে সুখকর; সুখকর আহবনীয়ে স্থাপন করা হয় বলিয়া শান্তিতেই স্থাপন করা হইল।

---

(৭) "প্র দেবং দেববীতয়ে ভরতা বসুবিত্তমং। আ স্বে যোনৌ নি ষীদতু।" (৬।১৬।৪১)

(৮) "আজাতং জাতবেদসি প্রিয়ং শিশীতাতিথিং। স্যোন আ গৃহপতিম্।" (৬।১৬।৪২)

দশম ঋক্ বিধান—"অগ্নিনা···তৎ সমৃদ্ধম্"

"অগ্নিনাগ্নিঃ সমিধ্যতে কবির্গৃহপতির্যুবা হব্যবাড়্ জুহ্বাস্যঃ"—এই ঋক্ [অগ্নির] অনুকূল ; যাহা যজ্ঞে অনুকূল, তাহাই সমৃদ্ধ।

[আধারভূত আহবনীয়] অগ্নিদ্বারা [মন্থনজাত ও আহবনীয়ে প্রক্ষিপ্ত] অগ্নি সম্যক্ দীপ্ত হয় ; [এই অগ্নি] কবি (বিদ্বান্), গৃহপতি (যজমানের গৃহপালক), যুবা (নূতন), হব্যবাট্ (দেবগণকে হব্যবহনকর্ত্তা) এবং জুহ্বাস্য (জুহূই এই অগ্নির মুখ)। (১।১২।৬) এই মন্ত্র প্রস্থিয়মাণ অগ্নিরই গুণ কীর্ত্তন করিতেছে বলিয়া এই কর্ম্মে অনুকূল। একাদশ ঋক্ বিধান (৮।৪৩।১৪) "ত্বং···সন্নিতরঃ"

"ত্বং হ্যগ্নে অগ্নিনা বিপ্রো বিপ্রেণ সন্ সতা" এই মন্ত্রে ইনি (মথিতাগ্নি) বিপ্র, উনি (আহবনীয়াগ্নি) বিপ্র ; ইনি সৎ, উনিও সৎ।

"অগ্নে মহানসি ব্রাহ্মণ ভারত" এই শ্রুতিমতে অগ্নির ব্রাহ্মণত্ব (বিপ্রত্ব)। ঐ মন্ত্রের তৃতীয় পাদের ব্যাখ্যা—"সখা···অগ্নেঃ"

"সখা সখ্যা সমিধ্যসে" ইহার অর্থ, এই যে [আহবনীয] অগ্নি, ইনি [মন্থনজাত] অগ্নির আপনারই সখা।

দ্বাদশ ঋক্ বিধান (৮।৮৪।৮)—"তং···অগ্নিরগ্নেঃ"

"তং মর্জ্জয়ন্ত সুক্রতুং পুরো যাবানমাজিষু স্বেষু ক্ষয়েষু বাজিনম্," [ইহার ক্ষয় শব্দের অর্থ], এই যে [আহবনীয] অগ্নি, ইনি ঐ [মন্থনজাত] অগ্নির আপনারই গৃহস্বরূপ।

ঐ মন্ত্রের অর্থ—[হে ঋত্বিক্‌গণ] সুক্রতু (যজ্ঞনির্ব্বাহক), যুদ্ধে পুরোগামী নিজগৃহে গমনশীল সেই নূতন অগ্নিকে শোধন কর। ত্রয়োদশ ঋক্ বিধান (১০।৯০।১৬)—"যজ্ঞেন···পরিদধাতি"

"যজ্ঞেন যজ্ঞমযজন্ত দেবা" এই শেষ ঋক্‌দ্বারা [অনুবাক্যা] সমাপন করিবে।

ইহা আশ্বলায়ন বলেন*। উক্ত ঋকের প্রথম পাদের ব্যাখ্যা—"যজ্ঞেন···আয়ন্"

[মন্থনজাত] অগ্নিদ্বারা [আহবনীয] অগ্নিকে যজন করিয়াছিলেন ; [এতদ্দ্বারা] দেবগণ যজ্ঞদ্বারাই যজ্ঞকে যজন করিয়াছিলেন। তাঁহারা স্বর্গলোক প্রাপ্ত হইযাছিলেন।

এ স্থলে অগ্নিকেই যজ্ঞস্বরূপ বলা হইল।

---

(১) "যজ্ঞেন যজ্ঞমযজন্ত দেবা ইতি পরিদধ্যাৎ ; সর্ব্বত্রোত্তমাং পরিধানীয়েতি বিদ্যাৎ" (২।১৬।৭।৮)

অবশিষ্ট তিন চরণের পাঠ—

তানি ধর্ম্মাণি প্রথমান্যাসন্। তে হি নাকং মহিমানঃ সচন্ত যত্র পূর্ব্বে সাধ্যাঃ সন্তি দেবাঃ।

ঐ ঋকের অর্থ—দেবগণ যজ্ঞদ্বারা যজ্ঞের যজন করিয়াছিলেন; তদনুষ্ঠিত সেই সকল কর্ম্মই প্রাচীন ধর্ম্ম ছিল। তাঁহারা (সেই যজ্ঞের অনুষ্ঠাতৃগণ) মাহাত্ম্যযুক্ত হইয়া স্বর্গ প্রাপ্ত হইয়াছেন। সেই লোকে পূর্ব্বতন যাগকর্তৃগণ কর্ম্মবলে দেবতা হইয়া বর্ত্তমান আছেন।

ঐ ঋকের তাৎপর্য্য—"ছন্দাংসি…আষন্"

ছন্দঃসমূহ (গায়ত্র্যাদির অভিমানিদেবগণ) [ইদানীং] সাধ্য (পূজনীয়) দেবতা হইয়াছেন। তাঁহারা অগ্রে [মন্থনজাত] অগ্নিদ্বারা [আহবনীয়] অগ্নিকে পূজা করিয়াছিলেন। তাঁহারা স্বর্গ প্রাপ্ত হইয়াছিলেন।

কেবল ছন্দের অভিমানী দেবতাকেই চতুর্থ পাদে বুঝাইতেছে না, অন্যকেও বুঝাইতেছে—"আদিত্যা…আষন্"

আদিত্যগণ এবং অঙ্গিরোগণও ইহলোকেই (ভূলোকেই) ছিলেন; তাঁহারাও অগ্রে (মথিত) অগ্নিদ্বারা (আহবনীয়) অগ্নিকে পূজা করিয়াছিলেন; [এইরূপে] তাঁহারা স্বর্গলোক লাভ করিয়াছেন।

আহবনীয়াগ্নিতে মথিতাগ্নি প্রক্ষেপের প্রশংসা—"সৈষা…সংসৃজ্যতে"

এই যে অগ্নির আহুতি (মথিতাগ্নির আহবনীয়ে প্রক্ষেপ), সেই আহুতি স্বর্গ্য (স্বর্গলাভে অনুকূল); যদি [যজমান] ব্রাহ্মণোক্ত (বেদবিধিপ্রেরিত) না হইয়াও অথবা দুরুক্তোক্ত (ভ্রান্তবিধিপ্রেরিত) হইয়াও যাগ করে, তথাপি এই আহুতি দেবগণের নিকটে উপস্থিত হয়; [সেই আহুতি] পাপে লিপ্ত হয় না।

ইহা জানার প্রশংসা—"গচ্ছত্যস্য…বেদ"

যে ইহা জানে, তাহার আহুতি দেবগণের নিকটে যায়, তাহার আহুতি পাপসংসৃষ্ট হয় না।

অর্থাৎ যথাবিধি সম্পন্ন না হইলেও বা অঙ্গহীন হইলেও উক্ত অর্থ জানিলে যজ্ঞ সম্পূর্ণাঙ্গ হয়।

উক্ত ঋকের সংখ্যাপ্রদর্শন—"তা…রূপসমৃদ্ধাঃ"

রূপসমৃদ্ধ সেই এই ত্রয়োদশ ঋক্ পাঠ করিবে।

আগন্তুক রক্ষোঘ্নী ঋক্ ছাড়িয়া দিলে অপর ঋক্ তেরটি। উক্ত সমৃদ্ধির প্রশংসা "এতদ্বৈ…বদতি"

যাহা রূপসমৃদ্ধ, তাহা যজ্ঞের পক্ষে সমৃদ্ধ, [কেন না] সেই ঋক্ ক্রিয়মাণ কর্ম্মকে পূর্ণভাবে উল্লেখ করে।

প্রথম ও শেষ ঋকের তিন বার আবৃত্তি-বিধান—"তাসাং···অবিস্রংসায়"

তাহাদের মধ্যে প্রথম [ঋক্] তিন বার ও শেষ [ঋক্] তিন বার পাঠ করিবে। [তাহা হইলে] তাহারা সতেরটি হইবে। প্রজাপতিই সপ্তদশ [-অবয়বাত্মক], [কেন না] মাস বারটি, ঋতু পাঁচটি; তাহাদিগকে লইয়া সংবৎসর এবং সংবৎসরই প্রজাপতি। যে ইহা জানে, সে প্রজাপতি যাহাদের আশ্রয়, সেই ঋক্‌সকল দ্বারা সমৃদ্ধ হয়। প্রথমটিকে তিন বার ও শেষটিকে তিন বার পাঠ করা হয়, এতদ্দ্বারা স্থিরতা, দৃঢ়তা ও অশিথিলতা প্রাপ্তির জন্য [রজ্জুরূপী] যজ্ঞের [উভয় প্রান্তে] গ্রন্থি দেওয়া হয়।

ষষ্ঠ খণ্ড

আতিথ্যেষ্টি-মন্ত্রবিধান

অগ্নিমন্থনের পর আতিথ্যেষ্টির অবশিষ্ট কর্ম্ম-বিধান—"সমিধা···অভিবদতি"

"সমিধাগ্নিং দুবস্যত" এবং "আপ্যায়স্ব সমেতু তে" এই দুইটি মন্ত্র[১] আজ্যভাগদ্বয়ের পুরোনুবাক্যা হইবে। ইহারা আতিথ্যশব্দযুক্ত ও [তজ্জন্য] রূপসমৃদ্ধ: এবং যাহা রূপসমৃদ্ধ, তাহা যজ্ঞের পক্ষে সমৃদ্ধ; [কেন না] সেই ঋক্ ক্রিয়মাণ কর্ম্মকেই পূর্ণভাবে উল্লেখ করে।

প্রথম মন্ত্রের দ্বিতীয় পাদে অতিথি শব্দ থাকায় মন্ত্রদ্বয়কেই আতিথ্য-শব্দযুক্ত বলা হইল।

দ্বিতীয় মন্ত্রে আতিথ্যবাচক শব্দ না থাকায় আপত্তি, যথা—"সৈষা···স্যাৎ"

এই অগ্নিদৈবত [প্রথম] ঋক্ অতিথি-শব্দ-যুক্ত; কিন্তু সোমদৈবত [দ্বিতীয়] ঋক্ অতিথি-শব্দ-যুক্ত নহে। যদি সোমের ঋক্ অতিথি-[শব্দ]-যুক্ত হইত, তাহা হইলে উহা অবশ্য [পুরোঽনুবাক্যা] হইতে পারিত।

(১) "সমিধাগ্নিং দুবস্যত ঘৃতৈর্বোধয়তাতিথিং। আস্মিন্ হব্যা জুহোতন।" (৮।৪৪।১)

"আপ্যায়স্ব সমেতু তে বিশ্বতঃ সোম বৃষ্ণ্যং। ভব বাজস্য সংগথে।" (১।৯১।১৬)

এই আপত্তির উত্তর—"এতৎ···আপীনবতী"

কিন্তু ঐ ঋক্ যে আপীন-[বাচক-পদ]-যুক্ত, তাহাতেই উহা অতিথি-[শব্দ]-যুক্ত।

দ্বিতীয় ঋকে আপীনবাচক (বৃদ্ধ্যর্থক) আপ্যায়ন পদ আছে; তাহাতেই উহা অতিথিকে বুঝাইতেছে। তাহাব কাবণ—"যদা···ভবতি"

যখন অতিথিকে [ভোজনার্থ] পবিবেষণ কবা হয়, তখন তিনি যেন আপীন (স্থূল) হইয়া থাকেন।

ভোজনের পর উদবপূর্ত্তি দ্বাবা স্থূল হন; কাজেই আপীন শব্দে অতিথিকে বুঝায়। তৎপরে আজ্যভাগদ্বয়ের যাজ্যামন্ত্রবিধান—"তযোঃ···যজতি"

"জুষাণ" দ্বাবাই উভযের (অগ্নি ও সোমেব উদ্দিষ্ট আজ্যভাগদ্বযেব) যাজ্যাবিধান কবা হয়।

"জুষাণোঽগ্নিরাজ্যস্য বেতু" (অগ্নি তুষ্ট হইষা আজ্য ভোজন করুন), "জুষাণঃ সোম আজ্যস্য হবিষো বেতু" (সোম তুষ্ট হইয়া আজ্য হবিঃ ভোজন করুন), এই জুষাণাদি মন্ত্র দুইটিকে অগ্নি ও সোমের উদ্দেশে আজ্যভাগ প্রদানেব যাজ্যামন্ত্র করিবে।

আজ্যভাগদানের পর আতিথ্যেষ্টির প্রধান হবিঃ প্রদানের যাজ্যা ও অনুবাক্যা-বিধান—"ইদং বিষ্ণুঃ···বৈষ্ণব্যৌ"

"ইদং বিষ্ণুর্বিচক্রমে" ও "তদস্য প্রিযমভি পাথোঽশ্যাম্" এই দুই বিষ্ণুদৈবত মন্ত্র।[২]

আতিথ্যেষ্টিব প্রধান দেবতা বিষ্ণু; তাঁহার উদ্দেশেই প্রধান হবিঃ পুরোডাশ দিতে হয়। কোন্‌টি যাজ্যা আর কোন্‌টি অনুবাক্যা? উত্তব—"ত্রিপদাং···যজতি"

ত্রিপাদ মন্ত্রকে (প্রথমটিকে) অনুবাক্যা কবিয়া চতুষ্পাদ মন্ত্রকে (দ্বিতীয়টিকে) যাজ্যা কবিবে।

উভয় মন্ত্রের পাদসংখ্যার প্রশংসা—"সপ্ত পদানি···দধাতি"

[ঐ দুই মন্ত্রে] পাদসংখ্যা সাতটি হইল; এই যে আতিথ্য [ইষ্টি], ইহা যজ্ঞেব শিবোদেশ। মস্তকেও সাতটি প্রাণ [আছে]; এতদ্দ্বাবা (ঐ দুই মন্ত্র দ্বাবা) [যজ্ঞের] শিবোদেশেই প্রাণ কয়টিকে স্থাপন কবা হয়।

---

(২) "ইদং বিষ্ণুর্বিচক্রমে ত্রেধা নিদধে পদং সমূঢ়মস্য পাংসুরে।" (১।২২।১৭)
"তদস্য প্রিয়মভিপাথোঽশ্যাং নরো যত্র দেবযবো মদন্তি।
উরুক্রমস্য স হি বন্ধুরিত্থা বিষ্ণোঃ পদে পরমে মধ্ব উৎসঃ॥" (১।১৫৪।৫)

তৎপরে স্বিষ্টকৃৎযাগের সংযাজ্যামন্ত্রবিধান—"হোতারং…অভিবদতি"

"হোতাবং চিত্রবথমধ্ববস্য" এবং "প্র প্রাযমগ্নির্ভরতস্য শৃণ্বে" এই দুইটি স্বিষ্টকৃতের সংযাজ্যা হয়।[৩] আতিথ্য-[শব্দ]-যুক্ত বলিয়া ইহাবা রূপসমৃদ্ধ ; এবং যাহা রূপসমৃদ্ধ, তাহা যজ্ঞেব পক্ষে সমৃদ্ধ, কেন না, ঐ ঋক্ ক্রিয়মাণ কর্ম্মকে পূর্ণভাবে উল্লেখ কবে।

উভয় মন্ত্রেরই শেষ চরণে অতিথি শব্দ আছে। তজ্জন্য ইহারা রূপসমৃদ্ধ।

মন্ত্রদ্বয়েব ছন্দঃপ্রশংসা—"ত্রিষ্টুভৌ ভবতঃ সেন্দ্রিযত্বায়"

ত্রিষ্টুপ্ দুইটি সেন্দ্রিযত্ব (বলবীর্য্য) প্রদান কবে।

তৎপবে ইডাভক্ষণ দ্বারাই আতিথ্যেষ্টি সমাপ্ত কবিবে ;[৪] ইডাভক্ষণেব পবে বিহিত অন্য কর্ম্ম এ স্থলে আবশ্যক নাই। তদ্বিষয়ে বিধান—"ইডান্তং‥ কর্ত্তব্যম্"

[এই আতিথ্যেষ্টি] ইডান্ত কবা হয ; এই যে আতিথ্যইষ্টি, দেবগণ ইহাকে ইড়ান্ত করিয়া সমৃদ্ধি পাইয়াছিলেন, অতএব ইহাকে ইড়ান্তই করিবে।

ইড়াভক্ষণে কর্ম্ম সমাপ্ত হইলেই উহা ইড়ান্ত হইবে। অনুযাজ যাগের পূর্ব্বে ও পবে দুই বাব ইড়াভক্ষণ বিহিত। এ স্থলে প্রথম বাব ইডাভক্ষণেই আতিথ্যেষ্টি সমাপ্ত হওয়ায় অনুযাজ কবিতে হইবে না। যথা—"প্রযাজান্…নানুযাজান্"

এ স্থলে প্রযাজ যজনই কবিবে, অনুযাজ কবিবে না।

অনুযাজযজনের দোষ—"প্রাণা…তাদৃক্ তৎ"

প্রযাজ প্রাণেব স্বরূপ, অনুযাজও তাহাই, মস্তকে যে সকল প্রাণ আছে, তাহা প্রযাজ ; অধোদেশে যাহাবা আছে, তাহা অনুযাজ। এই [অধোবর্ত্তী] প্রাণ সকলকে [অধোদেশ হইতে] লোপ কবিয়া মাথায় তুলিতে যে ব্যক্তি ইচ্ছা কবে, যে এই আতিথ্যেষ্টিতে অনুযাজ যজন করে, সেও সেই ব্যক্তির সদৃশ হয়।

---

(৩) "হোতারং চিত্ররথমধ্বরস্য যজ্ঞস্য যজ্ঞস্য কেতুং রুশন্তম্।
প্রত্যর্দ্ধিং দেবস্য দেবস্য মহ্না শ্রিয়া তু অগ্নিমতিথিং জনানাম্॥" (১০।১।৫)
"প্রপ্রায়মগ্নির্ভরতস্য শৃণ্বে বি যৎ সূর্য্যো ন রোচতে বৃহদ্ ভাঃ।
অভি যঃ পূরুং পৃতনাসু তস্থৌ দ্যুতানো দৈব্যো অতিথিঃ শুশোচ॥" (৭।৮।৪)

(৪) অশ্বত্থকাষ্ঠের পাত্রবিশেষের নাম ইড়া পাত্র ; হোমের পর হবিঃশেষ ঐ পাত্রে রাখিতে হয় ; সেই হবিঃশেষের নাম ইড়া। যজমান ও ঋত্বিকেরা ঐ ইড়া ভক্ষণ করেন। ইড়াভক্ষণের পর সকল ইষ্টিতেই অনুযাজ, সূক্তবাক, পত্নীসংযাজ ও সংস্থিত জপ অনুষ্ঠিত হয়। এ স্থলে আতিথ্যেষ্টিতে বিশেষ বিধি দ্বারা সে সকল নিষিদ্ধ হইল।

শীর্ষস্থ প্রাণবায়ুসকল অধঃস্থ অপানাদি বায়ুর অপেক্ষা উৎকৃষ্ট। এই হেতু পূর্ব্বে অনুষ্ঠিত প্রযাজের তুলনায় পরে অনুষ্ঠিত অনুযাজের নিকর্ষ দেখান হইল। অন্যরূপেও দোষপ্রদর্শন—"অতিরিক্তং…চেমে"

এই যে সকল [ঊর্দ্ধস্থ] প্রাণ ও এই যে সকল [অধঃস্থ] প্রাণ, এই সকল প্রাণ একত্র হইয়া [একই মস্তকে] অবস্থান করিবে, ইহা অতিরিক্ত (অসঙ্গত ও অযোগ্য)।

যজ্ঞের শীর্ষরূপ আতিথ্যেষ্টিতে উৎকৃষ্ট প্রযাজের অবস্থানই যুক্ত ; অপকৃষ্ট অনুযাজও সে স্থলে থাকিবে, ইহা অনুচিত। অনুযাজ না করিলে কোন ক্ষতি নাই, যথা—"তদ্ যদ্…অনুযাজেষু"

যদিও এ স্থলে প্রযাজ যজন হয়, আর অনুযাজ হয় না, তথাপি অনুযাজসমূহের যে ফল, তাহা সেই [প্রযাজ]কর্ম্মেই প্রাপ্ত হয়।

চতুর্থ অধ্যায়

প্রথম খণ্ড

প্রবর্গ্য-কর্ম্ম

আতিথ্যেষ্টির পর প্রবর্গ্যকর্ম্ম[১]। তদ্বিষয়ে আখ্যায়িকা—"যজ্ঞো…সংজভ্রুঃ"

যজ্ঞ দেবগণের নিকট হইতে, আমি তোমাদের অন্ন হইব না, ইহা বলিয়া চলিয়া গিয়াছিলেন। দেবতারা বলিলেন—না, তুমি আমাদের অন্নই হইবে। দেবতারা তাঁহাকে (যজ্ঞকে) হিংসা করিয়াছিলেন। হিংসিত হইয়াও তিনি দেবগণের নিকট [অন্নরূপে] প্রভূত হন নাই। তখন দেবগণ বলিলেন, এইরূপে হিংসিত হইয়াও ইনি যখন আমাদের অন্ন হইলেন না, অহো, তখন আমরা এই (প্রবর্গ্য) যজ্ঞের সম্ভার (আয়োজন) করিব। তাহাই হউক বলিয়া, তাঁহারা যজ্ঞের সম্ভার করিয়াছিলেন।

সেই যজ্ঞের সাধনার্থ বিধান—"তং…সম্ভবতঃ"

---

(১) প্রবর্গ্যকর্ম্ম প্রতিদিন পূর্ব্বাহ্নে ও অপরাহ্নে প্রত্যহ দুই বার অনুষ্ঠিত হয়। এইরূপে অগ্নিষ্টোম যজ্ঞে তিন দিন প্রবর্গ্যানুষ্ঠান বিহিত। এই কর্ম্মে মহাবীর নামক মৃৎপাত্রে দুগ্ধ পাক করিয়া ঐ হবিঃ আহবনীয়ে আহুতি দেওয়া হয়। ঐ হবির নাম ঘর্ম্ম

সেই যজ্ঞের সম্ভাব করিয়া [দেবতারা] বলিলেন, হে অশ্বিদ্বয়, [আমাদের কর্তৃক পীড়িত] এই যজ্ঞের চিকিৎসা কর। [কেন না] অশ্বিদ্বয়ই দেবগণেব ভিষক্। [আবাব] অশ্বিদ্বয়ই অধ্বর্য্যু; সেই জন্য অধ্বর্য্যুদ্বয় ঘর্ম্মেব (প্রবর্গ্যেব) সম্ভার (আয়োজন) কবেন।[২]

তৎপরে অনুজ্ঞামন্ত্র ও প্রৈষ মন্ত্র বিধান—"তং…অভিষ্টুহীতি"

যজ্ঞেব আয়োজন কবিয়া [অধ্বর্য্যু ও প্রতিপ্রস্থাতা উভযে] বলিবেন,—অহে ব্রহ্মন্,[৩] আমবা প্রবর্গ্য দ্বাবা [কর্ম্ম] অনুষ্ঠান কবিব; অহে হোতা, তুমি অভিষ্টব [স্তুতিমন্ত্র] পাঠ কব।

ব্রহ্মাকে যাহা বলা হয, উহাই অনুজ্ঞামন্ত্র; হোতাকে যাহা বলা হয, উহা প্রৈষ মন্ত্র।

দ্বিতীয় খণ্ড

অভিষ্টবমন্ত্র—প্রথম পটল

হোতার পাঠ্য প্রথম স্তুতিমন্ত্র—"ব্রহ্মজ…ভিষজ্যতি"

"ব্রহ্মজজ্ঞানং প্রথমং পুবস্তাৎ"[১] ইহা দ্বাবা আবম্ভ কবা হয। [এই মন্ত্রে] বৃহস্পতিই ব্রহ্ম (ব্রাহ্মণ); তজ্জন্য ব্রহ্ম দ্বাবাই এই (প্রবর্গ্য) যজ্ঞেব চিকিৎসা হয।

দ্বিতীয় মন্ত্র—"ইয়ং…দধাতি"

"ইয়ং পিত্রে রাষ্ট্র্যেত্যগ্রে"[২] এই মন্ত্রে বাষ্ট্রী অর্থে বাক্য; এতদ্দ্বাবা এই (প্রবর্গ্য) যজ্ঞে বাক্যকেই স্থাপন করা হয়।

---

(২) অধ্বর্য্যুদ্বয় বলিতে অধ্বর্য্যু ও তাঁহার সহায় প্রতিপ্রস্থাতাকে বুঝাইতেছে। ইঁহাদিগকে মহাবীর ও মহাবীরে হবিঃপাকের জন্য যাবতীয় উপকরণ (সম্ভার) সংগ্রহ করিতে হয়। এই যজ্ঞে ঘর্ম্ম শব্দে মহাবীরে পক্ব উত্তপ্ত হবিঃ; তদ্ভিন্ন তপ্ত মহাবীর পাত্র, অথবা প্রবর্গ্য কর্ম্মও স্থলবিশেষে ঘর্ম্ম শব্দের লক্ষ্য হইয়াছে।

(৩) যজ্ঞের মুখ্য ঋত্বিক্ চারি জন—হোতা, অধ্বর্য্যু, উদ্গাতা ও ব্রহ্মা। তদ্ভিন্ন প্রত্যেকের সহকারী অন্যান্য ঋত্বিক্ থাকেন। ব্রহ্মা যজ্ঞের সমগ্র ভাগ পরিদর্শন করেন। এখানে তাঁহাকেই সম্বোধন হইতেছে।

(১) এই মন্ত্র শাকলসংহিতায় নাই। বাজসনেয়িসংহিতা ১৩।৫ মধ্যে আছে। আশ্বলায়ন ইহা উদ্ধৃত করিয়াছেন। শ্রৌতসূত্র ৪।৬।

(২) শাকলসংহিতায় নাই। আশ্ব. শ্রৌ. সূ, ৪।৬।

তৃতীয় মন্ত্র—“মহান্…ভিষজ্যতি”

“মহান্ মহী অস্তভায় দ্বিজাতঃ”[৩] এই মন্ত্রের দেবতা ব্রহ্মণস্পতি, কেন না, বৃহস্পতিই ব্রহ্ম। তজ্জন্য ব্রহ্ম দ্বারাই এই যজ্ঞের চিকিৎসা হয়।

ইহার চতুর্থ চরণে বৃহস্পতির নাম থাকায় উহার দেবতা ব্রহ্মণস্পতি। চতুর্থ মন্ত্র—“অভিত্যং…দধাতি।”

“অভিত্যং দেবং সবিতারমোণ্যোঃ”[৪] এই মন্ত্র সবিতার। সবিতাই প্রাণ: এই মন্ত্র দ্বারা এই যজ্ঞে প্রাণেরই স্থাপনা হয়।

প্রথম চরণে সবিতার নাম থাকায় ইহার দেবতা সবিতা। উক্ত চারিটি মন্ত্র শাকল শাখায় নাই। অন্য শাখা হইতে আশ্বলায়ন উদ্ধৃত করিয়াছেন। পঞ্চম ঋক্—“সংসীদস্ব… সমসাদয়ন্”

“সংসীদস্ব মহাঁ অসি”[৫] এই মন্ত্র দ্বারা ইহাকে (মহাবীরকে) [খরনামক সন্তাপন স্থানে] স্থাপন করিবে।

ষষ্ঠ মন্ত্র—“অঞ্জন্তি…সমৃদ্ধম্”

“অঞ্জন্তি যং প্রথয়ন্তো ন বিপ্রাঃ”[৬] এই মন্ত্র অজ্যমান (ঘৃতমাখান) [মহাবীরের] পক্ষে অভিরূপ (অনুকূল); যাহা যজ্ঞে অভিরূপ, তাহাই সমৃদ্ধ।

প্রথম চরণে ‘অঞ্জন্তি’ শব্দ থাকায় অজ্যমান পক্ষে অনুকূল। অঞ্জন্তি অর্থে মাখান হয়; অজ্যমান অর্থে যাহাতে মাখান হইতেছে। সপ্তম হইতে দ্বাদশ পর্য্যন্ত ছয়টি মন্ত্র “পতঙ্গম্…সমৃদ্ধম্”

“পতঙ্গমক্তমসুরস্য মায়য়া”[৭] ইত্যাদি, “যো নঃ স নুত্যো অভিদাসদগ্নে”[৮] ইত্যাদি, “ভবা নো অগ্নে সুমনা উপেতৌ”[৯] ইত্যাদি, দুই দুই মন্ত্র [যজ্ঞে] অভিরূপ; যাহা যজ্ঞে অভিরূপ, তাহাই সমৃদ্ধ।

দুই দুই মন্ত্র, অর্থাৎ ঐ ঋক্ ও সূক্তমধ্যগত তৎপরবর্ত্তী ঋক্। ত্রয়োদশ হইতে সপ্তদশ পর্য্যন্ত পাঁচটি মন্ত্র—“কৃণুষ্ব…অপহত্যৈ”

“কৃণুষ্ব পাজঃ প্রসিতিং ন পৃথ্বীম্” ইত্যাদি পাঁচটি মন্ত্র[১০] রাক্ষসগণের দূরীকরণের জন্য রক্ষোঘ্ন মন্ত্র।

(৩) আশ্ব, শ্রৌ. সূ, ৪।৬।

(৪) বাজস, সং ৪।২৫; আশ্ব. শ্রৌ. সূ ৪।৬।

(৫) ঋগ্বেদসং, ১।৩৬।৯, (৬) ৫।৪৩।৭, (৭) ১০।১৭৭।১, তথা ১০।১৭৭।২, (৮) ৬।৫।৪, তথা ৬।৫।৫, (৯) ৩।১৮।১, তথা ৩।১৮।২, (১০) ৪।৪।১—৫,

অষ্টাদশ হইতে একবিংশ পর্য্যন্ত চারিটি মন্ত্র—"পরি ত্বা···একপাতিন্যঃ"

"পরি ত্বা গির্বণো গিরঃ,"[১১] "অধি দ্বয়োরদধা উক্থ্যং বচঃ,"[১২] "শুক্রং তে অন্যদ্ যজতং তে অন্যৎ,"[১৩] "অপশ্যং গোপামনিপদ্যমানম্,"[১৪] এই চারিটি একপাতিনী ঋক্।

ইহারা একপাতিনী অর্থাৎ এ স্থলে "পরি ত্বা গির্বণো গিরঃ" এই প্রথম চরণ উদ্ধারের দ্বারা কেবল সেই একটিমাত্র ঋক্‌কে বুঝাইতেছে; সূক্তান্তর্গত তৎপরবর্ত্তী কোন ঋক্‌কে বুঝাইতেছে না। অর্থাৎ এ স্থলে পূর্ব্বের মত প্রত্যেক ঋকের পরবর্ত্তী কতিপয় ঋক্‌ও গ্রহণ করিতে হইবে না। সমস্ত মন্ত্রসংখ্যার প্রশংসা—"তাঃ··· সংস্কুরুতে"

ইহারা (সকলে) একুশটি হইল। পুরুষও (মনুষ্যদেহও) একবিংশ (একবিংশতি-অবয়বযুক্ত);—হাতের অঙ্গুলি দশ, পায়ের অঙ্গুলি দশ; আর আত্মা একবিংশস্থানীয়; এই জন্য [ঐ একুশ মন্ত্রপাঠে] সেই এই একবিংশস্থানীয় আত্মারই সংস্কার করা হয়।

তৃতীয় খণ্ড

অভিষ্টব মন্ত্র—প্রথম পটল

একই সূক্তের অন্তর্গত নয়টি মন্ত্রের বিধান—"স্রক্কে···দধাতি"

"স্রক্কে দ্রপ্সস্য ধমতঃ সমস্বরন্"[১] ইত্যাদি নয়টি মন্ত্রের পবমান দেবতা। প্রাণও নয়টি; এই (নয়) মন্ত্র দ্বারা এই যজ্ঞে প্রাণ কয়টিকেই স্থাপন করা হয়।

আর একটি মন্ত্র—"অয়ং···দধাতি"

"অয়ং বেনশ্চোদয়ৎ পৃশ্নিগর্ভাঃ"[২] এই মন্ত্রে যে বেন (নাভি) শব্দ আছে, সেই (নাভি) হইতে ঊর্দ্ধে কতিপয় প্রাণ (বায়ু) এবং অধোদিকে অন্য কতিপয় প্রাণ (বায়ু) বেনন (বিচরণ) করে; এই জন্য [ইহার নাম] বেন। এই নাভি আবার প্রাণস্বরূপ হইয়া [ঊর্দ্ধবর্ত্তী ও অধোবর্ত্তী অন্য প্রাণসকলকে] 'নাভেঃ' (নাভৈষীঃ—ভয় করিও না) বলে; এই জন্য ইহা নাভি; ইহাই নাভির নাভিত্ব। এই হেতু উক্ত (বেনশব্দযুক্ত) মন্ত্র দ্বারা এই প্রবর্গ্যে প্রাণকেই স্থাপন করা হয়।

(১১) ১।১০।১২, (১২) ১।৮৩।৩; (১৩) ৬।৫৮।১; (১৪) ১০।১৭৭।৩।

(১) ঋ, সং, ৯।৭৩।১—৯। (২) ঋ, সং, ১০।১২৩।১।

ঐ মন্ত্র পাঠকালে "ইহাই বেন" ইত্যাদি বলিয়া নাভি দেখান হয়। ঐ কর্ম্মের তাৎপর্য্য ও মন্ত্রের আনুকূল্য বুঝান হইল। আর তিনটি মন্ত্র—"পবিত্রং···দধাতি"

"পবিত্রং তে বিততং ব্রহ্মণস্পতে,"[৩] "তপোষ্পবিত্রং বিততং দিবস্পদে,"[৪] "বিয়ৎ পবিত্রং ধিষণা অতন্বত"[৫] এই পূত-(পবিত্রশব্দ)-যুক্ত মন্ত্র (তিনটি) [যজ্ঞের] প্রাণস্বরূপ। এই সেই অধোবর্ত্তী প্রাণের [একটি] রেতঃপক্ষে, [একটি] মূত্রের পক্ষে, [একটি] পুরীষের পক্ষে হিতকর, এই হেতু ঐ (মন্ত্র তিনটি) দ্বারা ইহাদিগকেই (অধোবর্ত্তী প্রাণবায়ু তিনটিকেই) এই প্রবর্গ্যে স্থাপন করা হয়।

পূর্ব্বোদ্ধৃত মন্ত্র কয়টি দ্বারা উর্দ্ধস্থ প্রাণবায়ুর এবং এই তিন মন্ত্রের দ্বারা অধঃস্থ তিনটি প্রাণবায়ুর স্থাপনা হয়।

চতুর্থ খণ্ড

অভিষ্টবমন্ত্র—প্রথম পটল

তৎপরে কতিপয় সমগ্র সূক্তের বিধান হইতেছে—"গণানাং···ভিষজ্যতি"

"গণানাং ত্বা গণপতিং হবামহে"[১] এই সূক্তের দেবতা ব্রহ্মণস্পতি। বৃহস্পতিই ব্রহ্ম (ব্রাহ্মণ), এই জন্য এই সূক্তপাঠে ব্রহ্ম (ব্রাহ্মণ) দ্বারাই এই প্রবর্গ্যের চিকিৎসা হয়।

ঋগ্বেদসংহিতার দ্বিতীয়মণ্ডলান্তর্গত ত্রয়োবিংশ সূক্তটির বিধান হইল। ঐ সূক্তে উনিশটি মন্ত্র আছে; তন্মধ্যে প্রথম ঋকের তৃতীয় চরণে ব্রহ্মণস্পতির নাম থাকায় এই সূক্তের দেবতা ব্রহ্মণস্পতি। তৎপরে অন্য সূক্ত—"প্রথশ্চ···করোতি"

"প্রথশ্চ যস্য সপ্রথশ্চ নাম"[২] ইত্যাদি সূক্ত ঘর্ম্মের[৩] (প্রবর্গ্যের) তনুস্বরূপ; এতদ্দ্বারা এই প্রবর্গ্যকে সতনু (শরীরযুক্ত) ও শোভনরূপযুক্ত করা হয়।

এতদ্দারা তিনটি ঋকযুক্ত ১০·মণ্ডল ১৮ সূক্তের বিধান হইল। তন্মধ্যে প্রথম ও দ্বিতীয় ঋকের চতুর্থ চরণের অনুবাদপূর্ব্বক প্রশংসা—"রথন্তরং···করোতি"

(৩) ৯।৮৩।১, (৪) ৯।৮৩।২, (৫) শাখান্তরগত; আশ্ব, শ্রৌ, সূ, ৪।৬

(১) ঋ, সং, ২।২৩।১—১৯। (২) ১০।১৮১।১—৩।

(৩) ঘর্ম্মশব্দের অর্থ পূর্ব্বে দেখ।

"রথন্তরমাজভারা বসিষ্ঠঃ" এবং "ভবদ্বাজো বৃহদাচক্রে অগ্নেঃ" এই দুই চবণ এই প্রবর্গ্যকে বৃহদ্রথন্তবযুক্ত (তন্নামক-সামদ্বয়যুক্ত) কবে।

একটিতে রথন্তর শব্দ ও অন্যটিতে বৃহৎ শব্দ তন্নামক সামদ্বয়কে লক্ষ্য করিতেছে।[৪] অন্য সূক্তের বিধান—"অপশ্যং...দধাতি"

"অপশ্যং ত্বা মনসা চেকিতানম্"[৫] ইত্যাদি [সূক্তেব ঋষি] প্রজাপতি-পুত্র প্রজাবান্। এতদ্বাবা এই প্রবর্গ্যে প্রজাবই স্থাপনা হয।

ঐ সূক্তে (১০ মণ্ডলেব ১৮৪ সূক্তে) তিন ঋক্। ঐ সূক্তের ঋষি প্রজাপতিপুত্র প্রজাবান্। অন্য সূক্তের বিধান—"কা...ভবন্তি"

"কা বাধদ্ধোত্রাশ্বিনা বাম্"[৬] ইত্যাদি নয়টি মন্ত্র বিবিধ ছন্দোযুক্ত; তজ্জন্য ইহা (এই সূক্ত) [প্রবর্গ্য] যজ্ঞেব উদবগত। [মনুষ্যেবও] উদবগত [নাড়ীপ্রভৃতি] বিবিধরূপে ছোট বড়; কিছু বা সূক্ষ্ম, কিছু বা স্থূল। সেই হেতু (যজ্ঞেব উদবস্থিত হওয়াতে) এই মন্ত্রগুলিও বিবিধ ছন্দোযুক্ত।

১ মণ্ডলেব ১২০ সূক্তের ১২টি ঋকের মধ্যে এখানে প্রথম নয়টির প্রযোগ হইতেছে। এই দ্বাদশ ঋক্—প্রথমটি গাযত্রী, দ্বিতীয়টি ককুপ্, ইত্যাদি ক্রমে বিবিধ ছন্দোযুক্ত। ঐ সকল ঋক্পাঠের ফল—"এতাভিঃ...অজয়ৎ"

এই সকল মন্ত্র দ্বাবা কক্ষীবান্ [ঋষি] অশ্বিদ্বয়েব প্রিয ধামে গমন কবিযাছিলেন; [পবে] আবও উত্তম লোক অর্জ্জন কবিয়াছিলেন।

ইহা জানার ফল—"উপাশ্বিনোঃ...বেদ"

যে ইহা জানে, সে অশ্বিদ্বয়ের প্রিয়ধামেব নিকটে যায ও আবও উত্তম লোক অর্জ্জন কবে।

অন্য সূক্তের বিধান—

"আভাত্যগ্নিরুষসামনীকম্" ইত্যাদি সূক্ত।[৭]

---

(৪) রথন্তর সাম—

"অভি ত্বা শূর নোনুমঃ অদুগ্ধা ইব ধেনবঃ।
ঈশানমস্য জগতঃ স্বর্দৃশং ঈশানমিন্দ্র তস্থুষঃ॥" (ঋ, সং, ৭।৩২।২২)

বৃহৎ সাম—

"ত্বামিদ্ধি হবামহে সাতা বাজস্য কারবঃ।
ত্বাং বৃত্রেষু ইন্দ্র সৎপতিং নরস্ত্বাং কাষ্ঠাস্বর্বতঃ॥" (ঋ, সং, ৬।৪৬।১)

(৫) ১০।১৮৩।১-৩, (৬) ১।১২০।১-৯, (৭) ঋ, সং, ৫।৭৬।১—৫।

৫ মণ্ডল ৭৬ সূক্ত, ইহার মধ্যে পাঁচটি মন্ত্র আছে। তন্মধ্যে প্রথম ঋকের চতুর্থ পাদ দ্বারা সূক্তের প্রশংসা—"পীপিবাংসং…সমৃদ্ধম্"

"পীপিবাংসং অশ্বিনা ঘর্ম্মমচ্ছ" এই চরণ [ঘর্ম্ম শব্দে প্রবর্গ্যকে লক্ষ্য করায়] [যজ্ঞে] অভিরূপ ; যাহা যজ্ঞে অভিরূপ, তাহাই সমৃদ্ধ।

ঐ সূক্তের ছন্দের প্রশংসা—"তদ্ধ…দধাতি"

ঐ সূক্তের ত্রিষ্টুপ্ ছন্দ ; ত্রিষ্টুপ্ই বীর্য্য ; এতদ্দ্বারা এই প্রবর্গ্যে বীর্য্যেরই স্থাপনা হয়।

অষ্ট ঋক্‌যুক্ত অন্য সূক্তের বিধান—"গ্রাবাণেব…দধাতি"

"গ্রাবাণেব তদিদর্থং জরেথে"[৮] ইত্যাদি সূক্তে "অক্ষী ইব" "কর্ণাবিব" "নাসেব" এই এই পদে [পুনঃ পুনঃ] অঙ্গের নাম করায় এতদ্দ্বারা এই প্রবর্গ্যে ইন্দ্রিয় সকলের স্থাপনা হয়।

২ মণ্ডল ৩৯ সূক্তের অন্তর্গত পঞ্চম ও ষষ্ঠ ঋকে ঐ সকল পদ আছে। ঐ সূক্তের ছন্দঃপ্রশংসা—"তদ্ধ…দধাতি"

ঐ সূক্তের ত্রিষ্টুপ্ ছন্দ ; ত্রিষ্টুপ্ই বীর্য্য ; এতদ্দ্বারা ঐ প্রবর্গ্যে বীর্য্যেরই আধান হয়।

পঁচিশ ঋক্‌যুক্ত অন্য সূক্তের বিধান—"ঈড়ে…সমৃদ্ধম্"

"ঈড়ে দ্যাবাপৃথিবী পূর্ব্বচিত্তয়ে"[৯] ইত্যাদি সূক্তে "অগ্নিং ঘর্ম্মং সুরুচং যামন্নিষ্টয়ে" এই পাদ [যজ্ঞে] অভিরূপ ; যাহা যজ্ঞে অভিরূপ, তাহাই সমৃদ্ধ।

ঐ প্রথম ঋকের পাদে 'সুরুচং ঘর্ম্মং' এই পদ প্রবর্গ্যকে বুঝাইতেছে। এই জন্য উহা যজ্ঞে অভিরূপ। সূক্তের ছন্দঃপ্রশংসা—"তদ্ধ…দধাতি"

ঐ সূক্তের জগতী ছন্দঃ ; পশুগণ জগতীচ্ছন্দঃ-সম্বন্ধী ; এতদ্দ্বারা এই প্রবর্গ্যে পশুগণকেই স্থাপন করা হয়।

জগতীচ্ছন্দঃ সোম আনিতে স্বর্গে যাইয়া তৎপরিবর্ত্তে পশু ও দীক্ষা আনিয়াছিলেন (তৈত্তিরীয়)। সেই হেতু জগতীর সহিত পশুর সম্বন্ধ। সূক্তের প্রশংসা—"যাভিঃ… সমর্দ্ধয়তি"

[ঐ সূক্তস্থ মন্ত্রসকলে] "যে সকল [উতি] দ্বারা ইঁহাকে রক্ষা করিয়াছিলে," "যে সকল [উতি] দ্বারা ইঁহাকে রক্ষা করিয়াছিলে," এই [পুনঃ পুনঃ] উক্তির অর্থ এই যে, অশ্বিদ্বয়ই ঐ সকল (রক্ষণরূপ) ফল

(৮) ২।৩৯।৬—৮। (৯) ১।১১২।১—২৫।

অনুগ্রহপূর্ব্বক দিয়াছিলেন ; এই জন্য ঐ সূক্তদ্বারা এই প্রবর্গ্যে সেই সকল ফলেরই স্থাপনা হয় এবং এতদ্দ্বারা সেই সকল ফলকেই সমৃদ্ধ করা হয়।

অন্য সূক্তান্তর্গত একটি ঋকের বিধান—"অক্রুরুচৎ…দধাতি"

"অক্রুরুচদুষসঃ পৃশ্নিরগ্রিয়ঃ"[১০] এই ঋক্ রুচিত-[শব্দ]-যুক্ত ; এতদ্দ্বারা এই প্রবর্গ্যে রুচির (কান্তির) স্থাপনা হয়।

অক্রুরুচৎ পদ রুচ্যর্থক রুচ্ ধাতু হইতে নিষ্পন্ন। রুচি অর্থে কান্তি, শোভা।

অভিষ্টব স্তুতির পূর্ব্বভাগের সমাপন-বিধানার্থ মন্ত্র—"দ্যুভিঃ…পবিদধাতি"

"দ্যুভিরক্তুভিঃ পরিপাতমস্মান্"[১১] এই [পূর্ব্বোক্ত সূক্তের] শেষ ঋক্ দ্বারা সমাপ্ত করা হয়।

ঐ মন্ত্রের অবশিষ্ট তিন চরণ—"অরিষ্টেভিঃ…সমর্দ্ধয়তি"

"অরিষ্টেভিরশ্বিনা সৌভগেভিঃ তন্নো মিত্রো বরুণো মামহন্তাং অদিতিঃ সিন্ধুঃ পৃথিবী উত দ্যৌঃ" এতদ্দ্বারা ইঁহাকে (যজমানকে) ঐ সকল (মন্ত্রোক্ত) ফল দ্বারা সমৃদ্ধ করা হয়।

সমগ্র ঋকের অর্থ,—হে অশ্বিদয়, দীপ্তি দ্বারা, (ঘৃতাদি) অঞ্জন দ্বারা, অরিষ্ট (হিংসাপরিহার) দ্বারা, সৌভাগ্য দ্বারা আমাদিগকে রক্ষা কর ; তাহা হইলে মিত্র, বরুণ, অদিতি, সমুদ্র, পৃথিবী ও দ্যৌঃ আমাদিগকে অত্যন্ত মহনীয় (পূজ্য) করিবেন। ঐ মন্ত্রপাঠে ঐ মন্ত্রোক্ত সকল ফল লব্ধ হয়। অভিষ্টবস্তুতির প্রথম ভাগের উপসংহার —"ইতি…পটলম্"

ইহাই [অভিষ্টবস্তুতির] প্রথম পটল (প্রথম ভাগ)।

পটল অর্থে সমূহ। এই প্রথম পটলের অন্তর্গত মন্ত্রগুলি মহাবীরকে অগ্নিতে উত্তপ্ত করিবার সময় হোতৃকর্তৃক পঠিত হয়।

পঞ্চম খণ্ড

অভিষ্টবমন্ত্র—উত্তর পটল

"অথোত্তরম্"

অনন্তর উত্তর [পটল]।

এই দ্বিতীয় পটলের অন্তর্গত মন্ত্রগুলি ঘর্ম্মদুঘা গাভী দোহনের সময় এবং উত্তপ্ত মহাবীরে দুগ্ধ ঘৃত প্রভৃতি ঢালিবার সময় ব্যবহৃত হয়। আরম্ভে একুশটি মন্ত্রের বিধান…"উপহ্বয়ে…তৎসমৃদ্ধম্"

---

(১০) ঋ, সং, ৯।৮৩।৩। (১১) ঋ, সং, ১।১১২।২৫।

"উপহ্বয়ে সুদুঘাং ধেনুমেতাম্"১ "হিং কৃণ্বতী বসুপত্নী বসূনাম্"২ "অভি ত্বা দেব সবিতঃ"৩ "সমীং বৎসং ন মাতৃভিঃ"৪ "সংবৎস ইব মাতৃভিঃ"৫ "যস্তে স্তনঃ শশয়ো যো ময়োভূঃ"৬ "গৌরমীমেদনু বৎসং মিষন্তম্"৭ "নমসেদুপসীদত"৮ "সংজানানা উপসীদন্নভিজ্ঞু"৯ "আ দশভির্বিবস্বতঃ"১০ "দুহন্তি সপ্তৈকাম্"১১ "সমিদ্ধো অগ্নিরশ্বিনা"১২ "সমিদ্ধো অগ্নির্বৃষণা রতির্দিবঃ"১৩ "তদু প্রযক্ষতমমস্য কর্ম্ম"১৪ "আত্মন্বন্নভো দুহ্যতে ঘৃতং পয়ঃ"১৫ "উত্তিষ্ঠ ব্রহ্মণস্পতে"১৬ "অধুক্ষৎ পিপ্যুষীমিষম্"১৭ "উপদ্রব পযসা গোধুগোষম্"১৮ "আসুতে সিঞ্চত শ্রিয়ম্"১৯ "আনূনমশ্বিনোর্ঋষিঃ"২০ "সমুত্যে মহতীবপঃ"২১ এই একুশ ঋক্ অভিরূপ (অনুকূল); যাহা যজ্ঞে অভিরূপ, তাহা সমৃদ্ধ।

ঘর্ম্মদুঘা নামক গাভীর অধ্বর্য্যুকর্ত্তৃক দোহনকালে হোতা এই একুশ মন্ত্র পাঠ করেন। আর ছয়টি মন্ত্র—"উদুষ্য...যজতি"

"উদুষ্য দেবঃ সবিতা হিরণ্যয়া"২২ এই মন্ত্রে [মহাবীর গ্রহণ করিয়া অন্য ঋত্বিকেরা উত্থান করিলে হোতা] তৎপশ্চাৎ উত্থান করিবে। "প্রৈতু ব্রহ্মণস্পতিঃ"২৩ এই মন্ত্রে [তাহাদের] অনুগমন করিবে। "গন্ধর্ব্ব ইত্থা পদমস্য রক্ষতি"২৪ এই মন্ত্রে খর প্রতি দৃষ্টিক্ষেপ করিবে। "নাকে সুপর্ণমুপ যৎপতন্তম্"২৫ এই মন্ত্রে উপবেশন করিবে। "তপ্তো বাং ঘর্ম্মো ন ক্ষতিঃ স্বহোত"২৬ ও "উভা পিবতমশ্বিনা"২৭ এই মন্ত্রদ্বয়কে পূর্ব্বাহ্নে [অনুষ্ঠিত প্রবর্গ্য হবিঃপ্রদানের] যাজ্যামন্ত্র করিবে।২৮

---

(১) ঋ, সং, ১।১৬৪।২৬, (২) ১।১৬৪।২৭, (৩) ১।২৪।৩, (৪) ৯।১০৪।২, (৫) ৯।১০৫।২, (৬) ১।১৬৪।৪৯, (৭) ১।১৬৪।২৮, (৮) ৯।১১।৬, (৯) ১।৭২।৫, (১০) ৮।৭২।৮, (১১) ৮।৭২।৭, (১২) আশ্বঃ শ্রৌঃ সূঃ, ৪।৭, (১৩) আশ্বঃ শ্রৌঃ সূঃ, ৪।৭, (১৪) ঋ, সং, ১।৬২।৬, (১৫) ৯।৭৪।৪, (১৬) ১।৪০।১। (১৭) ৮।৭২।১৬, (১৮) আশ্বঃ শ্রৌঃ সূঃ, ৪।৭, (১৯) ঋ, সং, ৮।৭২।১৩, (২০) ৮।৯।৭, (২১) ৮।৭।২২, (২২) ঋক্ ৬।৭১।১, (২৩) ১।৪০।৩, (২৪) ৯।৮৩।৪, (২৫) ১০।১২৩।৬, (২৬) অথর্ব্বসং, ৭।৭৩।৫, আশ্বঃ শ্রৌঃ সূঃ, ৪।৭, (২৭) ১।৪৬।১৫, (২৮) কোন দেবতাকে আহুতিপ্রদানের সময় হোতা অনুবাক্যা পাঠ করিয়া পরে যাজ্যা পাঠ করেন। যাজ্যা মন্ত্রের চারি অংশ। প্রথমে "যে যজামহে" বলিয়া উদ্দিষ্ট দেবতার নাম উল্লেখ হয়। এই অংশের নাম আগূঃ। তার পর দ্বিতীয় অংশ ঋক্‌মন্ত্র। তার পর বষট্‌কার অর্থাৎ বৌষট্ উচ্চারণ, বৌষট্ উচ্চারণের সময় অধ্বর্য্যু অগ্নিতে আহুতি

মহাবীরকে যেখানে উত্তপ্ত করা হয়, তাহার নাম খব। অন্য মন্ত্র—"অগ্নে... ভাজনম্"

"অগ্নে বীহি" (অগ্নি, ভক্ষণ কব) এই মন্ত্রের পব অনুবষট্কাব কবিবে। ইহা স্বিষ্টকৃতেব স্থানীয়।

পূর্ব্বোক্ত যাজ্যা মন্ত্রদ্বয়েব পর বৌষট্ উচ্চাবণে প্রথম বষট্কাব হয়। তৎপবে "অগ্নে বীহি" মন্ত্রের পর দ্বিতীয় বার বৌষট্ উচ্চাবণে অনুবষট্কাব হয। প্রবর্গ্যকর্ম্মে অনুবষট্কাব কবিলে আব স্বিষ্টকৃতেব সংযাজ্যা পাঠ বা স্বিষ্টকৃতেব আহুতি আবশ্যক হয় না। পূর্ব্বাহ্ণের যাজ্যাবিধান হইযাছে, অপবাহ্ণেব অনুষ্ঠানেব যাজ্যাবিধান—"যদুস্রিযাস্থ...ভাজনম্"

"যদুস্রিযাস্বাহুতং ঘৃতং পযঃ"[২৯] ও "অস্য পিবতমশ্বিনা"[৩০] এই দুইটি অপবাহ্ণেব যাজ্যা কবিবে। "অগ্নে বীহি" এই মন্ত্রে অনুবষট্কাব কবিবে, উহা স্বিষ্টকৃতেব স্থানীয।

প্রবর্গ্যকর্ম্মে প্রধান হবিঃ প্রদানেব পব স্বিষ্টকৃতের প্রয়োজন নাই; তাহাতে কোন দোষ হইবে না; যথা—"ত্রষাণাং...অনন্তবিত্যৈ"

সোম (সোমবস), ঘর্ম্ম (প্রবর্গ্যেব হবিঃ) ও বাজিন (ঘোল), এই তিন হবিঃ স্বিষ্টকৃতেব উদ্দেশে দেওয়া হয। [কিন্তু এ স্থলে] সেই হোতা যে অনুবষট্কাব কবেন, তাহাতেই স্বিষ্টকৃৎ অগ্নিব অন্তবায (লোপ) হয না।

পবে ব্রহ্মা জপ করিবেন—"বিশ্বা...জপতি"

"বিশ্বা আশা দক্ষিণসাৎ"[৩১] এই মন্ত্র ব্রহ্মা জপ কবিবেন।

ব্রহ্মজপেব পর হোমান্তে হোতাব পাঠ্য আব সাতটি ঋক্—"স্বাহাকৃতঃ...সমৃদ্ধম্"

"স্বাহাকৃতঃ শুচির্দেবেষু ঘর্ম্মঃ"[৩২] "সমুদ্রাদূর্ম্মিমুদিযর্ত্তি বেনঃ"[৩৩] "দ্রপ্সঃ সমুদ্রমভি যজ্জিগাতি"[৩৪] "সখে সখাযমভ্যাববৃৎস্ব"[৩৫] "উর্দ্ধ উ ষু ণ উতয়ে"[৩৬] "উর্দ্ধো নঃ পাহ্যংহসঃ"[৩৭] "তং ঘেমিত্থা নমস্বিনঃ"[৩৮] এই সাতটি মন্ত্র অভিরূপ, যাহা যজ্ঞে অভিরূপ, তাহাই সমৃদ্ধ।

ক্ষিপ্ত করেন। তৎপরে "অগ্নে বীহি" বলিয়া দ্বিতীয় বার বৌষট্ উচ্চারণ, ইহাই অনুবষট্কার।

(২৯) অথর্ব্বসং, ৭।৭৩।৪, আশ্ব শ্রৌঃ, ৪।৭, (৩০) ঋ, সং, ৮।৫।১৪, (৩১) আশ্ব, শ্রৌ, সূ, ৪।৭, (৩২) অথর্ব্বসং, ৭।৭৩।৩, আশ্ব, শ্রৌ, সূ, ৪।৭, (৩৩) ঋ, সং. ১০।১২৩।২, (৩৪) ১০।১২৩।৮, (৩৫) ৪।১।৩, (৩৬) ১।৩৬।১৩, (৩৭) ১।৩৬।১৪, (৩৮) ১।৩৬।৭।

তৎপরে প্রবর্গ্যের হবিঃশেষভক্ষণের পূর্ব্বে আর এক মন্ত্র—"পাবকশোচে… আকাঙ্ক্ষতে"

"পাবকশোচে তব হি ক্ষয়ং পরি"[৩৯] এই মন্ত্র পাঠ করিয়া ভক্ষণের অপেক্ষা করিবে।

পরে ভক্ষণ-মন্ত্র—"হুতং…ভক্ষয়তি"

ইন্দ্রতম (অত্যৈশ্বর্য্যশালী) অগ্নিতে হবির আহুতি হইয়াছে; হে দেব ঘর্ম্ম (প্রবর্গ্যদেব), তোমার সেই মধু (মধুর) হবিঃ আমরা ভক্ষণ করিব। তুমি মধুমান্ (মাধুর্য্যযুক্ত), পিতুমান্ (অন্নযুক্ত), বাজবান্ (গতিযুক্ত), অঙ্গিরস্বান্ (অঙ্গিরা ঋষি কর্ত্তৃক পুরাকালে ভক্ষিত হওয়ায় তদ্‌যুক্ত), তোমাকে প্রণাম; [তুমি] আমাকে হিংসা করিও না। ইত্যর্থক মন্ত্র দ্বারা ঘর্ম্ম (প্রবর্গ্য হবির শেষ ভাগ) ভক্ষণ করা হয়।

পরে প্রবর্গ্যপাত্র সংসাদন-কালে হোতার পাঠ্য মন্ত্রদ্বয়—

"শ্যেনো ন যোনিং সদনং ধিয়া কৃতম্"[৪০] ও "আ যস্মিন্ সপ্ত বাসবাঃ"[৪১] এই দুই মন্ত্র [প্রবর্গ্যপাত্রের] সংসাদনকালে (নামাইবার সময়) পাঠ করিবে।

প্রবর্গ্যকর্ম্ম কয়েক দিন ধরিয়া পূর্ব্বাহ্নে অনুষ্ঠিত হয়। শেষদিনের অপরাহ্নে অনুষ্ঠিত প্রবর্গ্যযজ্ঞে একটি অতিরিক্ত ঋক্ বিহিত হয়, যথা—"হবিঃ…ভবন্তি"

"হবির্হবিষ্মো মহি সদ্ম দৈব্যম্"[৪২] এই মন্ত্র যে দিন [প্রবর্গ্যের] উৎসাদন হয়, [সেই দিন ঐ মন্ত্র পাঠ করিবে]

অভিষ্টবসমাপ্তিমন্ত্র—"সূযবসাৎ…পরিদধাতি"

"সূয়বসাৎ ভগবতী হি ভূযাঃ"[৪৩] এই শেষ মন্ত্রে [প্রবর্গ্য] সমাপ্ত করিবে।

প্রবর্গ্যকর্ম্মের প্রশংসা—"তদেতৎ…সম্ভবতি"

এই যে ঘর্ম্ম (প্রবর্গ্যকর্ম্ম), ইহা দেবগণের মৈথুনস্বরূপ; সেই যে ঘর্ম্ম (মহাবীরপাত্র), তাহা শিশ্নস্বরূপ, এই যে দুইখানি শফ (মহাবীরধারণের কাষ্ঠ), ইহাই শফদ্বয়স্বরূপ; এই যে উপযমনী (উডুম্বর-নির্ম্মিত দর্বী), তাহাই শ্রোণিকপাল (শ্রোণিমধ্যস্থ অস্থি); এই যে দুগ্ধ (মহাবীরস্থ

---

(৩৯) ঋ, সং, ৩।২।৬, (৪০) ঋ, সং, ৯।৭১।৬, (৪১) আশ্ব, শ্রৌ, সূ, ৪।৭, (৪২) ঋ, সং, ৯।৮৩।৫ (৪৩) ১।১৬৪।৪০।

তপ্ত ঘৃতে যাহা প্রক্ষিপ্ত হয়), তাহাই রেতঃ ,⁴⁴ এই সেই রেতঃ দেবযোনি জননস্থান অগ্নিতে সিক্ত হয়, [যে হেতু] অগ্নিই দেবযোনি ; সেই (যজমান) দেবযোনি অগ্নি হইতে ও আহুতিসমূহ হইতে [দেবতারূপে] উৎপন্ন হন।

ইহা জ্ঞানের প্রশংসা—"ঋঙ্‌ময়ো⋯যজতে"

যে ইহা জানে, এবং যে ইহা জানিয়া এই যজ্ঞক্রতু দ্বারা যজন করে, সে ঋঙ্‌ময়, যজুর্ময, সামময, বেদময, ব্রহ্মময, অমৃতময হইয়া সকল দেবতাকে একযোগে প্রাপ্ত হয়।

ষষ্ঠ খণ্ড

উপসদিষ্টি

প্রবর্গ্যকর্ম্মবিধানের পর উপসদিষ্টিবিধান বিষয়ে আখ্যায়িকা—"দেবাসুরাঃ⋯ প্রত্যকুর্ব্বত"

দেবগণ ও অসুরগণ এই লোকসকলে যুদ্ধ করিয়াছিলেন। তখন সেই অসুরেরা এই (তিন) লোককে পুরীতে (প্রাকারবেষ্টিত নগরে) পরিণত করিয়াছিল। যেমন ওজস্বী (বীর্য্যবান্) ও বলযুক্ত (সেনাসমন্বিত) লোকে [করিয়া থাকে], সেইরূপ তাহারাও (অসুরেরাও) এই ভূলোককে

---

(৪৪) প্রবর্গ্যকর্ম্মে বিবিধ সম্ভার বা উপকরণ আবশ্যক হয়। তন্মধ্যে ঐ কয়টি প্রধান। যে মৃন্ময় পাত্রে ঘর্ম্ম (দুগ্ধ ও ঘৃত পাক করিয়া প্রস্তুত প্রবর্গ্যের প্রধান হবিঃ) প্রস্তুত হয়, তাহার নাম মহাবীর ; তপ্ত মহাবীর ধরিবার জন্য দুইখানি ডুমুরের কাঠ থাকে, তাহার নাম শফ ; দুগ্ধ গ্রহণের জন্য একখানি ডুমুরকাঠের দর্ব্বী (হাতা) থাকে, তাহাই উপযমনী। অধ্বর্য্যু এই সকল দ্রব্য সংগ্রহ ও যথাস্থানে স্থাপিত করিয়া অনুষ্ঠানে প্রবৃত্ত হন। প্রথমে খর-নামক বালুকানির্ম্মিত মণ্ডলের মধ্যে ঘৃতাক্ত মহাবীর স্থাপিত করিয়া নীচে উপরে জ্বলন্ত অঙ্গার দিয়া মহাবীরকে উত্তপ্ত করিতে হয়। এই সকল অনুষ্ঠানে হোতা অভিষ্টবমন্ত্রের প্রথম পটল পাঠ করেন। তৎপরে অধ্বর্য্যু ঘর্ম্মদুঘা গাভী দোহন করেন ও প্রতিপ্রস্থাতা ছাগী দোহন করেন। এই সময়ে হোতা অভিষ্টবের দ্বিতীয় পটলের প্রথমাংশ পাঠ করেন। তৎপরে ঐ গোদুগ্ধ ও ছাগদুগ্ধ মহাবীরে ঢালিয়া ঘর্ম্ম পাক করিতে হয়। এই সময়ে হোতা আর কয়েকটি অভিষ্টব পাঠ করেন। তৎপরে শফদ্বারা মহাবীর নামাইয়া আহবনীয়ে ঐ ঘর্ম্মের আহুতি দেওয়া হয়। পরে যজমান ও ঋত্বিকেরা হুতাবশিষ্ট ঘর্ম্ম ভক্ষণ করেন। তৎপরে প্রায়শ্চিত্তহোমের পর যজ্ঞিয় পাত্রসকল যথাস্থানে স্থাপন করা হয়।

লৌহ-(প্রাকার)-যুক্ত, অন্তরিক্ষকে রজত-(প্রাকার)-যুক্ত ও দ্যুলোককে স্বর্ণ-(প্রাকার)-যুক্ত করিয়াছিল। তাহারা এইরূপে এই লোকত্রয়কে পুরীতে পরিণত করিয়াছিল। দেবগণ বলিলেন, অসুরেরা যেমন লোকত্রয়কে পুরীতে পরিণত করিয়াছে, আমরাও এই লোকত্রয়কে তাহাদের বিরুদ্ধে পুরীতে পরিণত করিব। তাহাই হউক, এই বলিয়া তাঁহারা এই ভূমি হইতে সদঃ (প্রাচীনবংশের পূর্ব্বস্থ মণ্ডপ)[১] প্রস্তুত করিলেন, অন্তরিক্ষের নিকট হইতে আগ্নীধ্র[২] প্রস্তুত করিলেন, দ্যুলোক হইতে হবির্ধান[৩]-(নামক-শকট)-দ্বয় প্রস্তুত করিলেন। এইরূপে তাঁহারা অসুরদিগের বিরুদ্ধে এই লোকসকলকে পুরীতে পরিণত করিলেন।

দেবগণের বিজয় যথা—"তে দেবা···অনুদন্ত"

সেই দেবগণ বলিলেন, [আমরা] উপসৎ (তন্নামক হোম) অনুষ্ঠান করিব ; [কেন না] উপসদ্ (সমীপে অবস্থান বা দুর্গের অবরোধ) দ্বারাই [লোকে] মহাপুরী জয় করে ; তাহাই হউক, এই বলিয়া তাঁহারা যে প্রথম (প্রথম দিনে বিহিত) উপসৎ অনুষ্ঠান করিয়াছিলেন, তদ্দ্বারা এই [ভূ] লোক হইতে অসুরদিগকে অপসারিত করিয়াছিলেন, যে দ্বিতীয় (দ্বিতীয় দিনে বিহিত) উপসৎ অনুষ্ঠান করিয়াছিলেন, তদ্দ্বারা অন্তরিক্ষ হইতে, যে তৃতীয় (তৃতীয় দিনে বিহিত) উপসৎ অনুষ্ঠান করিয়াছিলেন, তদ্দ্বারা দ্যুলোক হইতে, এইরূপে তাহাদিগকে এই সকল লোক হইতেই অপসারিত করিয়াছিলেন।

তৎপরে—"তে বা···অনুদন্ত"

এই লোকত্রয় হইতে অপসারিত হইয়া সেই অসুরেরা [বসন্তাদি] ঋতুগণকে আশ্রয় করিয়াছিল। [তখন] দেবগণ বলিলেন, [আমরা] উপসৎ অনুষ্ঠান করিব ; তাহাই হউক, বলিয়া তাঁহারা ঐ তিনসংখ্যক উপসদের প্রত্যেককে দুই দুই বার অনুষ্ঠান করিয়াছিলেন। এইরূপে

---

(১) প্রাচীনবংশশালায় ইষ্টিকর্ম্মসমূহ অনুষ্ঠিত হয়। প্রাচীনবংশের বাহিরে উত্তরবেদি, তাহার নিকটে সদঃ। এই সদঃস্থানে প্রাচীনবংশ হইতে সোম আনিয়া রাখিতে হয়।

(২) আগ্নীধ্র—তন্নামক ধিষ্ণ্য বা অগ্নিশালা।

(৩) হবির্ধান—৫ অধ্যায় ৩ খণ্ড দেখ।

তাহা (উপসৎ) ছয়টি হইল ; ঋতুও ছয়টি , তখন তাহাদিগকে ঋতুব নিকট হইতে অপসাবিত কবিলেন।

তৎপরে—"তে বা···অনুদন্ত"

ঋতুব নিকট হইতে অপসাবিত হইয়া সেই অসুবেবা মাসসমূহেব আশ্রয় লইল। সেই দেবগণ বলিলেন, [আমবা] উপসৎ অনুষ্ঠান কবিব ; তাহাই হউক, বলিয়া তাঁহাবা সেই ষট্‌সংখ্যক উপসদেব প্রত্যেককে দুই দুই বাব অনুষ্ঠান কবিলেন। এইরূপে তাহা দ্বাদশসংখ্যক হইল , মাসও দ্বাদশ , তখন তাহাদিগকে মাসসমূহেব আশ্রয় হইতে অপসাবিত কবিলেন।

পরে—"তে বৈ···অনুদন্ত"

মাসসমূহ হইতে অপসাবিত হইযা সেই অসুবেবা অৰ্দ্ধমাস সকলেব আশ্রয় লইল। সেই দেবগণ বলিলেন, আমবা উপসৎ অনুষ্ঠান কবিব ; তাহাই হউক, বলিযা সেই দ্বাদশসংখ্যক উপসদেব প্রত্যেককে দুই দুই বাব অনুষ্ঠান কবিলেন। তাহাতে তাহাবা চব্বিশটি হইল ; অৰ্দ্ধমাসও চব্বিশটি ; তখন তাহাদিগকে অৰ্দ্ধমাস হইতে অপসাবিত কবিলেন।

পবে—"তে বৈ···অন্তবায়ন্"

অৰ্দ্ধমাস হইতে অপসাবিত হইযা সেই অসুবেবা অহোবাত্রেব আশ্রয লইল। সেই দেবগণ বলিলেন, আমবা উপসৎ অনুষ্ঠান কবিব ; তাহাই হউক, বলিয়া তাঁহাবা পূর্ব্বাহ্নে যে উপসৎ অনুষ্ঠান কবিলেন, তদ্দ্বাবা তাহাদিগকে দিবস হইতে এবং অপবাহ্নে যে (উপসৎ) অনুষ্ঠান কবিলেন, তদ্দ্বাবা বাত্রি হইতে অপসাবিত কবিলেন। এইরূপে তাহাদিগকে অহোবাত্র উভয হইতেই অপসাবিত করিলেন।

উপসদনুষ্ঠানের কাল—"তস্মাৎ···পরিশিনষ্টি"

সেই জন্য পূর্ব্বাহ্নেই প্রথম উপসৎ ও অপবাহ্নে অপব উপসৎ অনুষ্ঠেয। এতদ্দ্বারা সেই (দিবাবাত্রির মধ্যগত সন্ধ্যা) কালই শত্রুব অবস্থানেব জন্য অবশিষ্ট থাকে।

পূর্ব্বাহ্নে ও অপবাহ্নে অনুষ্ঠান দ্বারা শত্রুগণ (দেবপক্ষে অসুর ও যজমান পক্ষে শত্রু) দিনরাত্রি হইতে তাড়িত হইয়া কেবল সন্ধ্যাকালকেই আশ্রয় করিয়া থাকে।

সপ্তম খণ্ড

তানূনপত্র

উপসদের প্রশংসা—"জিতয়ো…ব্যজয়ন্ত"

এই যে উপসৎ, ইহাদের নাম জিতি (জয) ; ইহাদের দ্বারাই দেবগণ অসপত্ন (শত্রুরহিত) বিজয় পাইয়াছিলেন।

ইহা জানার প্রশংসা—"অসপত্নাং…বেদ"

যে ইহা জানে, সে শত্রুরহিত বিজয় লাভ করে।

পুনঃপ্রশংসা—"যাং…বেদ"

দেবগণ এই লোকসকলে, ঋতুসকলে, মাসসকলে, অর্দ্ধমাসসকলে এবং অহোরাত্রে যে যে বিজয় লাভ করিয়াছিলেন, যে (যজমান) ইহা জানে, সে সেই সেই বিজয়ই লাভ করে।

অনন্তর তানূনপত্র[1] প্রস্তাবের জন্য আখ্যায়িকা—"তে দেবাঃ…বিশ্বৈর্দেবৈঃ"

সেই দেবগণ ভয় করিয়াছিলেন, আমাদের প্রেমের অভাব (পরস্পর বিরোধ) দেখিয়া অসুরেরা প্রবল হইবে। এই ভয়ে তাঁহারা বিভক্ত হইয়া (ভিন্ন ভিন্ন দল বাঁধিয়া) চলিয়া গিয়া মন্ত্রণা করিতে লাগিলেন। অগ্নি বসুগণের সহিত, ইন্দ্র রুদ্রগণের সহিত, বরুণ আদিত্যগণের সহিত, বৃহস্পতি বিশ্বদেবগণের সহিত বিভক্ত হইয়া চলিয়া গেলেন।

তৎপরে—"তে তথা…সংন্যদধত"

তাঁহারা সেইরূপে চলিয়া গিয়া মন্ত্রণা করিলেন। তাঁহারা বলিলেন, আমাদের এই যে সকল প্রিয়তম তনু (পুত্রকলত্রাদি) আছে, তাহাদিগকে এই রাজা বরুণের গৃহে [গুপ্তভাবে] রাখিয়া দিব। যিনি এই [নিয়ম] লঙ্ঘন করিবেন, অথবা যিনি লোভ দেখাইবেন (লোভ দেখাইয়া পুত্রাদিকে

---

(১) তানূনপত্র উপসদের অঙ্গ নহে। আতিথ্যেষ্টির পর যজমান ও ঋত্বিকেরা পরস্পর অবিরোধের জন্য যে কর্ম্মদ্বারা শপথ গ্রহণ করেন, তাহার নাম তানূনপত্র। অধ্বর্য্যু ধ্রুবা নামক দর্ব্বী হইতে আজ্য গ্রহণ করিয়া কাংস্যপাত্রে রাখেন। পরে যজমান ও ঋত্বিকেরা সকলে মিলিয়া ঐ আজ্য স্পর্শ করেন। তৎপরে হোতৃগণ জলপূর্ণ মদন্তী পাত্র স্পর্শ করিলে তাঁহাদের "তনু" "বরুণের গৃহে" (জলে) রাখা হয়। তৎপরে মদন্তীজল দ্বারা সোমের আপ্যায়ন করা হয়। (৭৫ পৃঃ দেখ)

বাহিরে আনিবেন), আমাদের মধ্যে তিনি তাহাদের (পুত্রাদির) সহিত সঙ্গত (মিলিত) হইতে পারিবেন না। তাহাই হউক, বলিয়া তাঁহারা রাজা বরুণের গৃহে তনুসকল রাখিয়াছিলেন।

তানূনপ্ত্র শব্দের ব্যাখ্যা—"তে যদ্‌···তানূনপ্ত্রত্বম্"

তাঁহারা যে রাজা বরুণের গৃহে তনু রাখিয়াছিলেন, তাহাই তানূনপ্ত্র হইয়াছিল; তাহাতেই তানূনপ্ত্রের তানূনপ্ত্রত্ব।

পুত্রাদিকে বরুণগৃহে রাখিয়া দেবগণ আজ্যস্পর্শ দ্বারা পরস্পর বন্ধুত্ব বিষয়ে শপথ করিয়াছিলেন। তানূনপ্ত্র নামক কর্ম্মেও যজমান ও ঋত্বিক্‌গণকে ঐরূপে আজ্যস্পর্শ করিতে হয়।

উহার সমর্থন—"তস্মাৎ···ইতি"

সেই জন্য [ব্রহ্মবাদীরা] বলেন, সতানূনপ্ত্রীকে (একযোগে শপথকারীকে) দ্রোহ করিবে না।

তানূনপ্ত্র শব্দে শপথ বুঝায়। পাঁচ জনে মিলিয়া শপথবদ্ধ হইলে পরস্পর বিরোধ অকর্ত্তব্য। দেবগণের শপথের ফল—"তস্মাৎ···অম্নাভবন্তি"

সেই জন্যই (দেবগণের শপথপূর্ব্বক সন্ধিবন্ধনহেতু) অসুরেরা এই লোকে প্রবল হয় নাই।

অষ্টম খণ্ড

উপসদিষ্টি

আতিথ্যকর্ম্মে আস্তীর্ণ বর্হিঃ (কুশ) উপসদে ব্যবহৃত হয়। ইড়াভক্ষণের পর আতিথ্য সমাপ্ত হওয়ায় ঐ বর্হিঃ অগ্নিতে দেওয়া হয় না; উহা উপসদে ব্যবহৃত হয়। তাহার কারণপ্রদর্শন—"শিরো বৈ···শিরোগ্রীবম্"

এই যে আতিথ্য, ইহা যজ্ঞের শিরোদেশ, এবং উপসৎ গ্রীবা। মস্তক ও গ্রীবা সমান (সন্নিহিত); এই জন্য উভয় কর্ম্ম এক বর্হিঃ দ্বারাই সম্পাদন করিবে।

অসুরগণের পুরীভেদে উপসৎ বাণস্বরূপ হইয়াছিল, যথা—"ইষুং বা···আয়ন্"

এই যে উপসৎ, ইহাকে দেবগণ ইষু-(বাণ)-স্বরূপে সংস্কৃত করিয়াছিলেন। অগ্নি সেই বাণের অনীক (সম্মুখভাগ), সোম শল্য, বিষ্ণু তেজন (শল্যাগ্র) ও বরুণ পর্ণ (পত্র) হইয়াছিলেন। [দেবগণ] আজ্যস্বরূপ

ধনু ধারণ করিয়া সেই বাণ মোচন কবিযাছিলেন ; এই বাণ দ্বাবা তাঁহাবা [অসুরদিগের] পুরী ভেদ কবিয়া আসিয়াছিলেন।

আজ্য ধনুঃস্বরূপ হওয়াতে উপসদে কেবল ঘৃতদ্বারা হোম হয়,—"তস্মাৎ…ভবন্তি"

সেই জন্য এই সকল দেবতাদেব আজ্যই হবিঃ হয়।

উপসদের অঙ্গভূত ব্রতোপাযনেব বিধান—"চতুবোঽগ্রে…পর্ণানি"

উপসৎসমূহেব অগ্রে (প্রথম দিনে সন্ধ্যাকালে) [গাভীব] চাবিটি স্তন হইতে ব্রত (যজমান কর্ত্তৃক দুগ্ধপান) কবান হয। কেন না, বাণেব চাবিটি সন্ধি,—অনীক, শল্য, তেজন ও পর্ণ।

দ্বিতীয় ও তৃতীয় দিনেব স্তনসংখ্যাবিধান—"ত্রীন্…ক্রিযতে"

উপসৎসমূহে [দ্বিতীয দিন প্রাতঃকালে] তিনটি স্তনে ব্রত কবান হয, কেন না, বাণেব তিনটি সন্ধি—অনীক, শল্য ও তেজন। উপসৎসমূহে [দ্বিতীয দিন সন্ধ্যায] দুইটি স্তনে ব্রত কবান হয়, কেন না, বাণেব দুইটি সন্ধি,—শল্য ও তেজন। উপসৎসমূহে [তৃতীয় দিন প্রাতঃকালে] একটি স্তনে ব্রত কবান হয় ; কেন না, বাণকে একটিই বলা হয, এক (অখণ্ড বস্তু) দ্বাবাই বীর্য্য সম্পাদিত হয়।

উক্ত সংখ্যাব প্রশংসা—"পরোববীয়াংসো…অভিজিত্যৈ"

এই লোকসকল উর্দ্ধভাগে [ক্রমশঃ] বিস্তৃত ও অধোভাগে [ক্রমশঃ] সঙ্কুচিত। উপসদেবাও উর্দ্ধ হইতে (প্রথম দিন হইতে) অধোদিকে (শেষ দিন পর্য্যন্ত) [ক্রমশঃ স্তনসংখ্যা হ্রাস দ্বাবা] অনুষ্ঠিত হয় ; ইহাতে ঐ সকল লোকই জয় কবা হয।

সত্যলোক হইতে দ্যুলোক ছোট, দ্যুলোক হইতে অন্তরিক্ষ ছোট, অন্তরিক্ষ হইতে ভূলোক ছোট। সেইরূপ উপসদেব প্রথম দিনে চাবিটি স্তন হইতে গোদুগ্ধ পান হয়, পরে স্তনসংখ্যা ক্রমশঃ কমান হয়। এই জন্য এই অনুষ্ঠানে স্বর্গাদি লোক জয় করা হয়।

উপসৎকর্ম্মেব প্রশংসাব পর হোতৃপাঠ্য সামিধেনী-বিধান—"উপসদ্যায়… অভিবদতি"

"উপসদ্যায় মীঢুষে" ইত্যাদি[1] তিনটি এবং "ইমাং মে অগ্নেসমিধমিমামুপসদং বনেঃ" ইত্যাদি[2] তিনটি মন্ত্র সামিধেনী কবিবে। উহাবা রূপ-

---

(১) ৭।১৫।১-৩। (২) ২।৬।১-৩।

সমৃদ্ধ, এবং যাহা রূপসমৃদ্ধ, তাহা যজ্ঞেব পক্ষে সমৃদ্ধ, কেন না, ঐ ঋক্ ক্রিয়মাণ কর্ম্মকেই পূর্ণভাবে উল্লেখ কবে।

পূর্ব্বাহ্নে প্রথম তিনটি ও অপবাহ্নে অপব তিনটি মন্ত্রে সামিধেনী হইবে। উক্ত মন্ত্রে "উপসদ্যায়" এবং "উপসদং বনে·" এই দুই পদ থাকায় উহাবা রূপসমৃদ্ধ হইল। পরে যাজ্যানুবাক্যা-বিধান—"জঘ্নিবতীঃ···কুর্য্যাৎ"

হনন-[বাচক-শব্দ]-যুক্ত ঋক্‌কে যাজ্যা ও অনুবাক্যা কবিবে।

তাদৃশ ঋকের উল্লেখ—"অগ্নিঃ···ইত্যেতাঃ"

"অগ্নির্বৃত্রাণি জঙ্ঘনৎ" [অনুবাক্যা], "য উগ্র ইব শর্য্যহা" [যাজ্যা], "ত্বং সোমাসি সৎপতিঃ" [অনুবাক্যা], "গয়স্ফানো অমীবহ" [যাজ্যা], "ইদং বিষ্ণুর্বিচক্রমে" [অনুবাক্যা], "ত্রীণি পদা বিচক্রমে" [যাজ্যা] এই সকল মন্ত্র।

ঐ ছয় মন্ত্র যথাক্রমে অগ্নি, সোম ও বিষ্ণু, এই তিন দেবতার উদ্দিষ্ট অনুবাক্যা ও যাজ্যা হইবে। পূর্ব্বাহ্নেব অনুষ্ঠানেব যাজ্যা অপরাহ্নেব অনুবাক্যা এবং পূর্ব্বাহ্নেব অনুবাক্যা অপবাহ্নে যাজ্যা হইবে, যথা—"বিপর্য্যস্তাভিরপবাহ্নে যজতি"

অপবাহ্নে বিপর্য্যস্ত (উলটান) মন্ত্র দ্বাবা যজন কবা হয়।

যাজ্যানুবাক্যাব প্রশংসা—"ঘ্নন্তো···উপসদঃ"

এই যে (পূর্ব্বোক্ত যাজ্যানুবাক্যাযুক্ত) উপসৎসকল, এতদ্দ্বাবা দেবগণ [অসুবগণেব] পুবী ভেদ কবিযা ও [অসুবদিগকে] হনন কবিযা আসিযাছিলেন।

যাজ্যানুবাক্যাগুলি সকলেরই এক ছন্দঃ, যথা—"সচ্ছন্দসঃ···বিচ্ছন্দসঃ"

[যাজ্যানুবাক্যা মন্ত্রগুলি] সমানছন্দোযুক্ত করিবে ; বিভিন্নছন্দোযুক্ত কবিবে না।

তাহার হেতু—"যৎ···জনিতোঃ"

যদি বিভিন্নছন্দোযুক্ত কবা হয়, তাহা হইলে গ্রীবাতে (গ্রীবাস্বরূপ উপসদে) গণ্ড (গণ্ডমালা বোগ) উৎপাদন কবা হয ও [তদ্দ্বাবা হোতা যজমানের] গ্লানি উৎপাদনে সমর্থ হন।

সেই জন্য বিধান—"তস্মাৎ···বিচ্ছন্দসঃ"

সেই জন্য সমানছন্দোযুক্তই করিবে ; বিভিন্নছন্দোযুক্ত কবিবে না।

আজ্য দ্বারাই উপসদের হবিঃ প্রদান হয়, তাহার প্রশংসা—"তদু···তদাহ"

এ বিষয়ে একটি কথা আছে। জনশ্রুতার পুত্র উপাবি (নামক ঋষি) উপসৎ-সম্বন্ধীয় ব্রাহ্মণে (বেদবাক্যে) ইহা বলিয়াছিলেন যে, শ্রোত্রিয়

(বেদজ্ঞ) ব্যক্তি অশ্লীল (কুরূপ) হইলেও তাহার মুখ [বেদপাঠহেতু] যেন তৃপ্ত (শোভমান) বলিযাই বোধ হয়। সেইরূপ [গ্রীবাস্থানীয়] উপসৎও আজ্যহবির্যুক্ত [অতএব শোভমান], এবং [শোভমান] গ্রীবার উপরে স্থাপিত মুখও (ঐ বেদজ্ঞের মুখের মত শোভমান দেখা যায) ;—ইহাই তিনি ঐ উক্তি দ্বারা বলিয়াছিলেন।

নবম খণ্ড

উপসৎ—সোমাপ্যায়ন—নিহ্নব

উপসদে প্রযাজানুযাজ নিষেধ—"দেববর্ম্ম…অপ্রতিশবায়"

এই যে প্রযাজ ও অনুযাজ, উহা দেবগণের বর্ম্ম-(কবচ)-স্বরূপ; এই জন্য [উপসদ্‌রূপী] বাণের তীক্ষ্ণতার জন্য ও বিরুদ্ধ (শত্রুনিক্ষিপ্ত) বাণের পরিহারার্থ উপসৎ কর্ম্ম প্রযাজরহিত ও অনুযাজরহিত হয়।

শত্রুর বাণ হইতে আত্মরক্ষার্থ বর্ম্ম ধারণ করিতে হয়; নিজের বাণ যেথানে তীক্ষ্ণ, অতএব এক বাণেই শত্রুনিপাত সম্ভব, সেখানে পরের বাণের আশঙ্কাই নাই। সে স্থলে বর্ম্মধারণ অনাবশ্যক। সেইরূপ উপসদ্‌রূপী শরক্ষেপে যেখানে শত্রুনিপাত অবশ্যম্ভাবী, সেখানে প্রযাজানুযাজরূপ বর্ম্মের প্রযোজন নাই।

পুনঃ পুনঃ দক্ষিণে যাওয়ার নিষেধ—"সকৃৎ…অনপক্রমায়"

[অধ্বর্য্যু] একবার মাত্র [বেদি ও আহবনীয়ের সীমা] অতিক্রম করিয়া (পার হইয়া) আশ্রাবণ করিবে ; তাহাতেই যজ্ঞের (উপসদের) সর্ব্বত্র ব্যাপ্তি হয় ও যজ্ঞ অপক্রম করিতে (পলায়ন করিতে) পারেন না।

উপসদের তিন দেবতা—অগ্নি, সোম ও বিষ্ণু, ইঁহাদের প্রত্যেকের উদ্দেশে আশ্রাবণপূর্ব্বক আহুতিদানের জন্য আহবনীয়াগ্নির দক্ষিণে গমন নিষিদ্ধ হইল। একবার গিয়া সেখানে স্থির হইয়া তিন দেবতার উদ্দেশে আশ্রাবণ[1] করিলেই যজ্ঞ সিদ্ধ হইবে।

অনন্তর সোমাপ্যায়নের প্রস্তাব—"তদাহুঃ…বৃত্রমহন্"

[ব্রহ্মবাদীরা] এ বিষয়ে বলেন—রাজা সোমের সমীপে যে [তানূনপ্ত্র কর্ম্ম] অনুষ্ঠিত হয়, এবং উহা যে তাঁহার (সোমের) নিকটে ঘৃতদ্বারা

(১) কোন দেবতার উদ্দেশে আহুতিদানের সময় অধ্বর্য্যু উত্তর হইতে আহবনীয়ের দক্ষিণে গমন করেন ও সেইখানে থাকিয়া 'ওঁ শ্রাবয়' এই বাক্য উচ্চারণ করেন। ইহার নাম আশ্রাবণ। আগ্নীধ্র নামক ঋত্বিক্‌ তাহার প্রত্যুত্তরে "অস্তু শ্রৌষট্" বলেন।

(আজ্যস্পর্শ দ্বারা)[২] অনুষ্ঠিত হয়, তাহা ক্রূর, কেন না [ঘৃতরূপী] বজ্র দ্বারাই ইন্দ্র বৃত্রকে হত্যা করিয়াছিলেন।

শাখান্তরেও ঐরূপ সোমের নিকটে তানূনপত্র বিধান আছে।[৩] ঐ ক্রূর কর্ম্ম পরিহারের উপায় বিধান—"তদ্ যদ্···বর্দ্ধয়ন্ত্যেব"

যেহেতু সেই ক্রূর কর্ম্ম ইঁহার (সোমের) সমীপে অনুষ্ঠিত হয়, সেই হেতু এই [পশ্চাদুক্ত-মন্ত্রযুক্ত অনুষ্ঠান] দ্বারা ইঁহাকে আপ্যায়িত (জল-প্রোক্ষণ দ্বারা শান্ত) করা হয় ও অনন্তর ইঁহাকে সমৃদ্ধ করা হয়। [মন্ত্র যথা] হে দেব সোম, একধনবিৎ (এক সোমই যাঁহার ধন, সেই) ইন্দ্রের জন্য তোমার অংশু (অবয়ব) বর্দ্ধিত হউক, তোমার জন্য ইন্দ্র বর্দ্ধিত হউন; ইন্দ্রের জন্য তুমি বর্দ্ধিত হও; বন্ধুস্বরূপ আমাদিগকে মঙ্গল দ্বারা ও মেধা দ্বারা বর্দ্ধিত কর। হে দেব সোম, তোমার স্বস্তি (মঙ্গল) হউক; শেষঋক্‌যুক্ত সুত্যা (অগ্নিষ্টোম যজ্ঞের শেষে সোমাভিষব) প্রাপ্ত হও। এই মন্ত্রদ্বারা [সোম] রাজার আপ্যায়ন (জলপ্রোক্ষণ দ্বারা তৃপ্তি বিধান) হয়।

তৎপরে যজমান ও ঋত্বিক্‌গণ বেদির উপর প্রস্তর নামক কুশমুষ্টিতে উভয় হস্ত রাখিয়া দ্যাবাপৃথিবীকে নমস্কার করেন; ইহার নাম নিহ্নব। নিহ্নব মন্ত্র—"দ্যাবা-পৃথিব্যোঃ···বর্দ্ধয়ন্ত্যেব"

এই যে রাজা সোম, ইনি দ্যৌঃ ও পৃথিবীর গর্ভ; এই জন্য অভ্যুদয়দাতা তুমি অন্নের জন্য ও সৌভাগ্যের জন্য ধন প্রদান কর; অভ্যুদয়দাতা তুমি অন্য (ফলও) প্রদান কর; সত্যই ঋতবাদীদিগকে (সত্যবাদীদিগকে) প্রণাম; দ্যুলোককে প্রণাম, পৃথিবীকে প্রণাম। এই মন্ত্র দ্বারা প্রস্তরে (প্রস্তর নামক কুশগুচ্ছে) যে নিহ্নব করা হয়, তাহাতে দ্যুলোক দ্বারা ও পৃথিবী দ্বারা তাঁহাকেই (সোমকেই) প্রণাম করা হয়; অপিচ [এতদ্দ্বারা] তাঁহাদিগকেও (দ্যাবাপৃথিবীকেও) বর্দ্ধন করা হয়।

(২) তানূনপত্র দেখ, পৃঃ ৭০; তানূনপত্রের পর সোমাপ্যায়ন ও নিহ্নবানুষ্ঠান।

(৩) "ঘৃতং খলু বৈ দেবা বজ্রং কৃত্বা সোমমঘ্নন্ অন্তিকমিব খলু বা অস্যৈতচ্চরন্তি যত্তানূনপত্রেণ চরন্তি।"

পঞ্চম অধ্যায়

প্রথম খণ্ড

সোমক্রয়

পূর্ব্বাধ্যায়ে প্রবর্গ্যের অভিষ্টব, উপসৎ, তানূনপত্র, সোমাপ্যায়ন, নিহ্নব ও ব্রতোপায়ন অনুষ্ঠান কথিত হইয়াছে। এক্ষণে সোমক্রয়েব প্রস্তাব; তদ্বিষয়ে আখ্যায়িকা—"সোমো বৈ…অক্রীণন্"

বাজা সোম গন্ধর্ব্বগণেব নিকটে ছিলেন। তাঁহাব বিষযে দেবগণ ও ঋষিগণ চিন্তা কবিলেন, এই বাজা সোম কিরূপে আমাদেব নিকট আসিবেন। [তখন] সেই বাগ্‌দেবী বাক্ (দেবী) বলিলেন, গন্ধর্ব্বেবা স্ত্রীকামুক; আমাকেই স্ত্রী কবিযা [সোমেব] মূল্যস্বরূপ কব। দেবগণ কহিলেন, না, তোমাকে ছাড়িয়া আমবা কিরূপে থাকিব। তিনি (বাগ্‌দেবী) বলিলেন, [আমাদ্বারা সোমকে] ক্রয কব, যখনই তোমাদেব আমাকে প্রয়োজন হইবে. তখনই আমি তোমাদেব নিকট পুনবায় আগত হইব। তাহাই হউক বলিয়া [দেবগণ] মহতী নগ্ন-(উলঙ্গ)-রূপধাবিণী সেই [বাগ্‌দেবী] দ্বাবা বাজা সোমকে ক্রয় কবিযাছিলেন।[১]

সোমক্রয বিধান—"তাম্…ক্রীণন্তি"

তাঁহাব (বালিকা বাগ্‌দেবীর) অনুকবণে অস্কন্ন (পুংসংসর্গবহিত) বৎসতবীকে (ছোট গাভীকে) সোমেব মূল্য কবা হয় ও তদ্দ্বারা বাজা সোমকে ক্রয় কবা হয়।

সেই বাছুবের পুনর্গ্রহণ—"তাং…আগচ্ছৎ"

তাহাকে (বৎসতবীকে) পুনবায ক্রয় কবিবে; কেন না, তিনি (বাগ্‌দেবী) পুনবায় তাঁহাদেব (দেবগণের) নিকট আসিয়াছিলেন।

সোমক্রয়ের পর অগ্নিপ্রণয়নের পূর্ব্বে অনুচ্চ স্বরে মন্ত্রপাঠ কর্ত্তব্য—"তস্মাৎ… আগচ্ছতি।"

সেই জন্য রাজা সোমেব ক্রয়ের পব উপাংশু বাক্য দ্বারা (অনুচ্চ স্ববে মন্ত্রপাঠ দ্বাবা) অনুষ্ঠান করিবে; কেন না, তখন বাগ্‌দেবী গন্ধর্ব্বদিগের

---

(১) নগ্ন শব্দে, বাগ্‌দেবী বালিকারূপ ধরিলেন, ইহাই বুঝাইতেছে। যথা শাখান্তরে—"তে দেবা অব্রুবন্ স্ত্রীকামা বৈ গন্ধর্ব্বাঃ স্ত্রিয়া নিষ্ক্রীণামেতি। তে বাচং স্ত্রিয়মেকহায়নীং কৃত্বা তয়া নিরক্রীণন্।"

নিকট থাকেন, এবং তিনি অগ্নিপ্রণয়নের সময় পুনর্বায় (ফিরিয়া) আসেন।

দ্বিতীয় খণ্ড

অগ্নিপ্রণয়ন

অগ্নিপ্রণয়নের প্রৈষ মন্ত্র[১]—"অগ্নয়ে…অধ্বর্য্যুঃ"

অধ্বর্য্যু [হোতাকে] বলিবেন, প্রণীয়মান অগ্নির অনুকূল মন্ত্র পাঠ কর।

হোতৃপাঠ্য মন্ত্র—"প্রদেবং …অম্বুব্রূয়াৎ"

"প্রদেবং দেব্যা ধিয়া ভরতা জাতবেদসম্। হব্যা নো বক্ষদানুষক্।"[২] এই গায়ত্রী ঋক্ ব্রাহ্মণ [যজমানের পক্ষে] হোতা পাঠ করিবেন।

ঐ ঋকের অর্থ—[হে ঋত্বিক্‌গণ], দেব জাতবেদাকে (অগ্নিকে) তাঁহার স্বরূপ-প্রকাশ বুদ্ধিদ্বারা [উত্তরবেদি অভিমুখে] লইয়া চল ; তিনি উত্তর-বেদিতে অবস্থিত হইয়া আমাদের হব্যসকল [দেবগণের নিকট] বহন করুন। ঐ মন্ত্রের ছন্দ গায়ত্রী ; যজমান ব্রাহ্মণ হইলে এই মন্ত্র পাঠ করিবে। ঐ মন্ত্রের প্রযোজ্যতা—"গায়ত্রো বৈ…সমর্দ্ধয়তি"

ব্রাহ্মণ গায়ত্রীর সম্বন্ধযুক্ত ; [এবং] গায়ত্রীই তেজ ও ব্রহ্মবর্চ্চস ; এই হেতু ঐ মন্ত্রদ্বারা ইঁহাকে (যজমানকে) তেজ ও ব্রহ্মবর্চ্চস দ্বারা সমৃদ্ধ করা হয়।

ক্ষত্রিয় যজমানপক্ষে মন্ত্র—"ইমং…অম্বুব্রূয়াৎ"

"ইমং মহে বিদথ্যায় শূষম্"[৩] এই ত্রিষ্টুপ্‌টি রাজন্য (ক্ষত্রিয়) পক্ষে পাঠ করিবে।

মন্ত্রের প্রযোজ্যতা—"ত্রৈষ্টুভো…সমর্দ্ধয়তি"

রাজন্য ত্রিষ্টুভের সম্বন্ধযুক্ত ; ত্রিষ্টুপ্‌ই ওজঃ, ইন্দ্রিয় ও বীর্য্যস্বরূপ, এই হেতু এতদ্দ্বারা ইঁহাকে ওজোদ্বারা ও ইন্দ্রিয় দ্বারা ও বীর্য্যদ্বারা সমৃদ্ধ করা হয়।

ঐ মন্ত্রের দ্বিতীয় চরণের প্রযোজ্যতা—"শশ্বৎকৃত্বঃ…গময়তি"

(১) অগ্নি এত ক্ষণ প্রাচীনবংশশালায় আহবনীয়মধ্যে অবস্থিত ছিলেন। তাঁহাকে উত্তরবেদিতে আনয়নের নাম অগ্নিপ্রণয়ন। প্রাচীনবংশে ইষ্টিকর্ম্ম ও উত্তরবেদিতে পশুযাগ ও সোমযাগ অনুষ্ঠিত হয়।

(২) ১০।১৭৬।২। (৩) ৩।৫৪।১।

"শশ্বৎকৃত্ব ঈড্যায় প্রজভ্রুঃ"—এই মন্ত্র আপনার [আত্মীয় স্বজন] মধ্যে তাঁহাকে (ক্ষত্রিয় যজমানকে) শ্রেষ্ঠতা পাওয়ায়।

প্রথম দুই চরণের অর্থ—সুখোৎপাদক অগ্নিকে মহৎ লাভের জন্য বহু বার পূজনীয় যজমানের পক্ষ হইতে (উত্তরবেদিতে) আনা হইয়াছিল। এ স্থলে দ্বিতীয় চরণে যজমানের "শশ্বৎকৃত্ব ঈড্যঃ" (বহুশঃ পূজনীয়) বিশেষণ থাকায় যজমানের শ্রেষ্ঠতা প্রতিপাদিত হইল। ঐ ঋকের শেষ দুই চবণের প্রযোজ্যতা—

"শৃণোতু নো দম্যেভিবনীকৈঃ শৃণোত্বগ্নিঃ দিব্যৈরজস্রঃ" এই মন্ত্রের পাঠ দ্বারা, যে ইহা জানে, তাহার জরা (বার্দ্ধক্য) পর্য্যন্ত [অগ্নি] সেখানে (তাঁহার গৃহে) অজস্র (নিরন্তব) দীপ্ত থাকেন।

দুই চরণের অর্থ—দম্য (গৃহযোগ্য অর্থাৎ যজমানেব গৃহবক্ষার্থ স্থাপিত) সৈন্যগণেব সহিত অগ্নি আমাদিগকে (আমাদের স্তবস্তুতি) শ্রবণ করুন; দিব্য (দেবলোকযোগ্য) সৈন্যেব সহিত অজস্র (নিরন্তব) শ্রবণ করুন। অগ্নিকে ঐরূপ প্রার্থনা করায় তিনি যজমানের গৃহে স্থির থাকেন।

বৈশ্য যজমান পক্ষে মন্ত্র—"অয়মিহ…অনুব্রূয়াৎ"

"অয়মিহ প্রথমো ধায়ি ধাতৃভিঃ"[৪] এই জগতীকে বৈশ্যের পক্ষে পাঠ কবিবে।

তাহার প্রযোজ্যতা—"জাগতো বৈ…সমর্দ্ধয়তি"

বৈশ্য জগতীর সম্বন্ধযুক্ত, এবং পশুগণ জগতীব সম্বন্ধযুক্ত;[৫] এই হেতু এতদ্দ্বাবা ইহাকে পশুদ্বাবা সমৃদ্ধ কবা হয।

ঐ মন্ত্রের চতুর্থ পাদেব প্রযোজ্যতা—"বনেষু…সমৃদ্ধম্"

"বনেষু চিত্রং বিশ্বং বিশে বিশে" এই চবণ অভিরূপ এবং যাহা যজ্ঞে অভিরূপ, তাহাই সমৃদ্ধ।

বৈশ্যবাচক বিশ্ শব্দ দুই বাব থাকায় বৈশ্যপক্ষে অনুকূল হইল। তৎপরে বিভিন্ন জাতির অনুকূল প্রথম ঋক্ বিধানের পব সকল জাতির অনুকূল দ্বিতীয় ঋক্ বিধান—

"অয়মু ষ্য প্র দেবযুঃ"[৬] এই অনুষ্টুভে বাক্য ত্যাগ করিবে।

সোমক্রয়ের সময় বাক্যকে (মন্ত্রকে) উপাংশু পাঠের বা লুকাইবার ব্যবস্থা হইয়াছিল। এখন অগ্নিপ্রণয়নের সময় বাক্যকে স্পষ্ট উচ্চারণ দ্বারা বাহির করিয়া দেওয়া হইল।

---

(৪) ৪।৭।১

(৫) পশুর সহিত জগতীর সম্বন্ধ পূর্ব্বে দেখ।

(৬) ১০।১৭৬।৩

এ বিষয়ে ঐ মন্ত্রের প্রযোজ্যতা—"বাগ্‌ ··বিসৃজতে"

অনুষ্টুপ্‌ই বাক্‌ (বাক্য); এতদ্দ্বারা [অনুষ্টুভ্‌রূপী] বাক্যেই [উপাংশু রক্ষিত] বাক্যকে ত্যাগ করা হয়।

ঐ মন্ত্রের প্রথম চরণের প্রথমাংশের প্রযোজ্যতা—"অয়মু···প্রক্রতে"

"অয়মু ষ্য" এই যে বলা হয়, ইহাতে যে পূর্ব্বে গন্ধর্ব্বগণের নিকটে ছিল, সেই আমি [দেবগণের নিকট] আসিয়াছি, এই অর্থ দ্বারা সেই বাক্‌ [দেবতারই] উল্লেখ হয়।

তৃতীয় ঋকের বিধান—"অয়মগ্নিঃ···উরুষ্যতি"

"অয়মগ্নিরুরুষ্যতি"[৭] এই মন্ত্রে এই [প্রণীয়মান] অগ্নিই [যজমানকে] রক্ষা করেন, ইহা বলা হয়।

উরুষ্যতি অর্থে রক্ষতি। মন্ত্রের দ্বিতীয় চরণের প্রযোজ্যতা—"অমৃতাদিব··· দধাতি"

"অমৃতাদিব জন্মনঃ" এতদ্দ্বারা এই যজমানে অমৃতত্ব (অমরতা বা দেবত্ব) স্থাপন করা হয়।

মন্ত্রের দ্বিতীয়ার্দ্ধের তাৎপর্য্য—"সহসশ্চিৎ···যদগ্নিঃ"

"সহসশ্চিৎ সহীয়ান্‌ দেবো জীবাতবে কৃতঃ" এতদ্দ্বারা এই যে অগ্নি, এই দেবকেই জীবনের ঔষধস্বরূপ করা হইল।

ঐ মন্ত্রভাগের অর্থ—দেবকে (অগ্নিকে) আমাদের জীবনের ঔষধার্থ প্রবল হইতেও প্রবল করা হইয়াছে।

চতুর্থ ঋক্‌—"ইড়ায়াস্ত্বা···নাভিঃ"

"ইড়ায়াস্ত্বা পদে বয়ং নাভা পৃথিব্যা অধি"[৮] এই মন্ত্রে এই যে উত্তর-বেদির [অন্তর্গত] নাভি [নামক স্থান],[৯] তাহাকেই ইড়ার (গাভীর) পদ (স্থান) বলা হইল।

ঐ মন্ত্রাংশের ঐ অর্থ—[হে অগ্নি], ইড়ার পদ (গাভীর স্থান) স্বরূপ পৃথিবীর (ভূমিস্থানের) পূর্ব্বে নাভিনামক স্থানে তোমাকে [স্থাপন করি]। সোমক্রয়ণী গাভীর পদধূলি ঐ স্থানে দেওয়া হয়, তজ্জন্য গাভীর পদ বলা হইল।

তৃতীয় চরণের প্রশংসা—"জাতবেদো···ভবন্তি"

---

(৭) ১০।১৭৬।৪ (৮) ৩।২৯।৪

(৯) প্রাচীনবংশের পূর্ব্বদিকে উত্তরবেদি। ঐ উত্তরবেদির অন্তর্গত নাভি নামক স্থানে কুশ আস্তীর্ণ করিয়া তদুপরি আহবনীয় হইতে আনীত অগ্নিকে স্থাপন করা হয়।

"জাতবেদো নিধীমহি" এই মন্ত্রদ্বারা ইহাকে (প্রণীয়মান জাতবেদা অগ্নিকে) [উত্তরবেদির নাভিতে] নিধান (স্থাপন) করা হয়।

চতুর্থ চরণের প্রযোজ্যতা—"অগ্নে...ভবতি"

"অগ্নে হব্যায় বোঢ়বে" এতদ্দ্বারা [অগ্নি] হব্যবহনে উদ্যত হন।

পঞ্চম ঋকের পূর্ব্বার্দ্ধ—"অগ্নে বিশ্বেভিঃ...আসাদয়তি"

"অগ্নে বিশ্বেভিঃ স্বনীক দেবৈরূর্ণাবন্তং প্রথমঃ সীদ যোনিম্"[১০] এতদ্দ্বারা বিশ্বদেবগণ সহ ইহাকে (অগ্নিকে) [সেই নাভি নামক স্থানে] স্থাপিত করা হয়।

ঐ মন্ত্রাংশের অর্থ—হে স্বনীক (শোভনসৈন্যযুক্ত) অগ্নি, বিশ্বদেবগণের সহিত প্রথম (প্রধান) হইয়া ঊর্ণাযুক্ত স্থানে (মেষলোমযুক্ত নাভিস্থানে) অধিষ্ঠিত হও।

তৃতীয় ও চতুর্থ চরণের প্রযোজ্যতা—"কুলায়িনং...প্রতিষ্ঠাপয়তি"

"কুলায়িনং ঘৃতবন্তং সবিত্রে" এই (তৃতীয় চরণ) দ্বারা এই যে সকল পিতুদারু-(খদিরবৃক্ষ)-নির্ম্মিত পরিধি, গুগ্‌গুল, ঊর্ণা (মেষলোম) এবং সুগন্ধি তৃণ (খস্‌খস্), এই সকলকেই যজ্ঞে কুলায়-(পক্ষীর বাস জন্য নির্ম্মিত নীড়)-স্বরূপ করা হয়। এবং "যজ্ঞং নয় যজমানায় সাধু" এই (চতুর্থ চরণ) দ্বারা যজ্ঞকেই সেখানে সবলভাবে স্থাপন করা হয়।

উভয় চরণের অর্থ—সবিতা (প্রেরক অর্থাৎ যজ্ঞের অনুষ্ঠাতা) যজমানের জন্য কুলায়যুক্ত ও ঘৃতযুক্ত যজ্ঞকে সাধুভাবে আনয়ন (সম্পাদন) কর। এস্থলে যজ্ঞকে কুলায়যুক্ত বলা হইয়াছে। পক্ষী কাষ্ঠতৃণাদি আহরণ করিয়া কুলায় নির্ম্মাণ করে। উত্তরবেদির নাভিতেও কাষ্ঠনির্ম্মিত পরিধি, তৃণ, মেষলোমাদি আস্তীর্ণ করায় উহা যজ্ঞরূপী অগ্নির কুলায়স্বরূপ হইল। অগ্নিকে ঐখানে স্থাপন করায় ঐ মন্ত্রের সার্থকতা। আহবনীয় স্থানে রক্ষিত কাষ্ঠখণ্ডের নাম পরিধি।

ষষ্ঠ ঋকের প্রথম চরণ—"সীদ হোতঃ...নাভিঃ"

"সীদ হোতঃ স্ব উ লোকে চিকিত্বান্"[১১] এ স্থলে অগ্নিই দেবগণের হোতা, এবং এই যে উত্তরবেদির নাভি, ইহাই তাঁহার স্ব (স্বকীয়) লোক (স্থান)।

মন্ত্রাংশের অর্থ, অহে হোতা (অগ্নি), বিজ্ঞানবান্ তুমি স্বকীয় লোকে অবস্থান কর।

দ্বিতীয় চরণের যজ্ঞ শব্দের তাৎপর্য্য—"সাদয়া...আশাস্তে"

---

(১০) ৬।১৫।১৬

(১১) ৩।২৯।৮

"সাদয়া যজ্ঞং সুকৃতস্য যোনৌ" এই চরণে যজমানই যজ্ঞ ; যজমানের জন্যই এই আশীষ প্রার্থনা হয়।

ঐ চরণের অর্থ—যজ্ঞকে (যজমানকে) সুকৃতগণের (পুণ্যকর্ম্মাদের) যোনিতে (স্থানে) স্থাপন কর।

মন্ত্রের উত্তরার্দ্ধে বয়ঃ শব্দের তাৎপর্য্য—"দেবাবীঃ···দধাতি"

"দেবাবীর্দেবান্ হবিষা যজাস্যগ্নে বৃহদ্‌যজমানে বয়োধাঃ" এ স্থলে প্রাণই বয়ঃ [শব্দের লক্ষ্য] ; এতদ্দ্বারা যজমানে প্রাণকেই স্থাপন করা হয়।

উহার অর্থ—হে দেবপ্রিয় অগ্নি, তুমি দেবগণকে হবিঃ দ্বারা যজন কর, এবং যজমানে অধিক পরিমাণে বয়ঃ (প্রাণ) আধান (স্থাপন) কর।

সপ্তম ঋকের প্রথম চরণ—"নি হোতা···নাভিঃ"

"নি হোতা হোতৃষদনে বিদানঃ"[১২] এ স্থলে অগ্নিই দেবগণের হোতা ; এবং এই যে উত্তরবেদির নাভি, ইহাই তাঁহার হোতৃ-সদন (হোতার বাসস্থান)।

দ্বিতীয় চরণের "অসদৎ" পদের অর্থ—

"ত্বেষো দীদিবাং অসদৎ সুদক্ষঃ" এতদ্দ্বারা সেই (অগ্নি) তখন (প্রণয়নকালে) [উত্তরবেদির নাভিতে] আসন্ন (উপস্থিত) হন।

উভয় চরণের অর্থ (স্বয়ং) দীপ্তিমান্ ও (অন্যের) দীপক, সুদক্ষ, হোতা (অগ্নি) হোতৃসদনে (আপনার বাসস্থানে অর্থাৎ উত্তরবেদির নাভিতে) আসন্ন হন।

তৃতীয় চরণে বসিষ্ঠ শব্দের অর্থ—"অদব্ধব্রত···বসিষ্ঠঃ"

"অদব্ধব্রতপ্রমতির্বসিষ্ঠঃ" এ স্থলে অগ্নিই দেবগণের বসিষ্ঠ (উৎকৃষ্ট বাসস্থান)।

অদব্ধ (হিংসারহিত) ব্রতে (কর্ম্মে) যাঁহার মতি আছে, এবং যিনি বসিষ্ঠ—এই দুইটি পূর্ব্বোক্ত অগ্নির বিশেষণ। বসিষ্ঠ শব্দের ব্যুৎপত্তিগত অর্থ [দেবগণের] উৎকৃষ্ট বাসস্থান।

চতুর্থ চরণের ব্যাখ্যা—"সহস্রম্ভরঃ···বিহরন্তি"

"সহস্রম্ভরঃ শুচিজিহ্বো অগ্নিঃ" এ স্থলে ইনি (অগ্নি) এক হইলেও [ঋত্বিকেরা] ইঁহাকে বহু স্থলে (বহু ধিষ্ণ্যে)[১৩] লইয়া যায়, ইহাই তাঁহার সহস্রম্ভরতা (সহস্ররূপধারিতা)।

---

(১২) ২।৯।১

(১৩) ধিষ্ণ্য শব্দের অর্থ অগ্নিস্থান।

শুচিজিহ্ব ও সহস্রম্ভর, এ দুইটিও অগ্নির বিশেষণ। অগ্নি এক হইলেও বহু ধিষ্ণ্যে নীয়মান হওয়ায় সহস্ররূপধর।

এই জ্ঞানের প্রশংসা—"প্র হ···বেদ"

যে ইহা জানে, সে সহস্রসংখ্যক পুষ্টি (গোসুবর্ণাদি ধনের লাভ) প্রাপ্ত হয়।

অষ্টম ঋক্ বিধান—"ত্বং···পবিদধাতি"

"ত্বং দূতস্তমু নঃ পরস্পা"[১৪] এই শেষ ঋক্ দ্বারা [অগ্নিপ্রণয়ন] সমাপ্ত করা হয়।

অবশিষ্ট তিন চরণ উল্লেখপূর্ব্বক মন্ত্রের প্রশংসা—"ত্বং বস্য···কুরুতে"

"ত্বং বস্য আ বৃষভ প্রণেতা। অগ্নে তোকস্য নস্তনে তনূনামপ্রযুচ্ছন্দীদ্যদ্ বোধি গোপা" এই স্থলে অগ্নিই দেবগণের গোপা (রক্ষক), এতদ্দ্বারা অগ্নিকেই সকলের জন্য, আপনার জন্য ও যজমানের জন্য রক্ষাকর্ত্তা করা হয়। যেখানে ইহা জানিয়া এই মন্ত্রে [অগ্নিপ্রণয়ন] সমাপ্ত করা হয়, [সেখানে] সংবৎসরব্যাপী স্বস্তি (মঙ্গল সম্পাদন) করা হয়।

ঐ সমগ্র ঋকের অর্থ—হে অগ্নি, তুমি [দেবগণের] দূত; তুমিই আমাদের পালয়িতা; হে বৃষভ (শ্রেষ্ঠ), তুমি সর্ব্বত্র নিবাসহেতু ও [কর্ম্মে] প্রেরক; আমাদের অপত্যের ও শরীরের বিস্তার বিষয়ে অপ্রমত্ত হইয়া এবং প্রকাশক ও গোপা (রক্ষক) হইয়া প্রবুদ্ধ থাক।

অগ্নিপ্রণয়নে বিহিত ঋক্ সংখ্যার প্রশংসা—"তা এতাঃ···অভিবদতি"

এই সেই আটটি রূপসমৃদ্ধ ঋক্ পাঠ করিবে। [যেহেতু] যাহা রূপসমৃদ্ধ, তাহা যজ্ঞের পক্ষে সমৃদ্ধ; কেন না, ঐ ঋক্ ক্রিয়মাণ কর্ম্মকে পূর্ণভাবে উল্লেখ করে।

প্রথম ও শেষ ঋকের তিন বার আবৃত্তি বিধান—"তাসাং···অবিস্রংসায"

তাহাদের মধ্যে প্রথমটিকে তিন বার ও শেষটিকে তিন বার পাঠ করিবে। [তাহা হইলে] তাহারা দ্বাদশটি হইবে। দ্বাদশ মাসেই সংবৎসর; সংবৎসরই প্রজাপতি; যে ইহা জানে, সে প্রজাপতি যাহাদের আয়তন (আশ্রয়), তাহাদের (সেই ঋক্‌সকলের) দ্বারা বর্দ্ধিত হয়; প্রথমটিকে তিন বার ও শেষটিকে তিন বার পাঠ করা হয়; এতদ্দ্বারা স্থিরতার জন্য, দৃঢ়তার জন্য ও শিথিলতা নিবারণের জন্য [রজ্জুরূপী] যজ্ঞের [উভয় প্রান্তে] গ্রন্থি বন্ধন করা হয়।

(১৪) ৭।১।২

তৃতীয় খণ্ড

হবির্ধান প্রবর্ত্তন

তৎপরে হবির্ধান প্রবর্ত্তন কর্ম্মের প্রৈষ মন্ত্র[1]—"হবির্ধানাভ্যাং···অধ্বর্য্যুঃ"

অধ্বর্য্যু [হোতাকে] বলেন—প্রোহ্যমাণ (উত্তরবেদির অভিমুখে নীয়মান) হবির্ধানদ্বয়ের অনুকূল মন্ত্র পাঠ কর।

হোতৃপাঠ্য প্রথম ঋক্—"যুজে···বিষ্যতি"

"যুজে বাং ব্রহ্ম পূর্ব্যং নমোভিঃ"[2] এই মন্ত্র পাঠ করা হয়, কেন না, এই যে হবির্ধানদ্বয়, দেবগণ উহাকে ব্রহ্মদ্বারা (ব্রাহ্মণ দ্বারা) যুক্ত করিয়াছিলেন; এতদ্দ্বারা (ঐ মন্ত্রপাঠে) ব্রহ্মদ্বারাই হবির্ধানদ্বয় যুক্ত হয়, এবং ব্রহ্মযুক্ত [কর্ম্ম] বিনষ্ট হয় না।

(ঐ মন্ত্রপাঠে) ব্রহ্মদ্বারাই হবির্ধানদ্বয় যুক্ত হয়, এবং ব্রহ্মযুক্ত [কর্ম্ম] বিনষ্ট হয় না।

দ্বিতীয়, তৃতীয় ও চতুর্থ ঋক্—"প্রেতাং···অন্বাহ"

"প্রেতাং যজ্ঞস্য শংভুবা"[3] ইত্যাদি তিনটি দ্যাবাপৃথিবীর ঋক্ পাঠ করিবে।

উহার মধ্যে দ্বিতীয় ঋকে "দ্যাবা নঃ পৃথিবী ইমম্" এই বচন থাকায় ঐ তিন ঋকের দ্যাবাপৃথিবী দেবতা।

ঐ তিন ঋকের এই স্থলে প্রযোজ্যতা প্রদর্শন—"তদাহুঃ···অন্বাহ"

এ বিষয়ে [আপত্তি] বলা হয়,—যখন, প্রোহ্যমাণ হবির্ধানদ্বয়ের অনুকূল মন্ত্র পাঠ কর, এই [প্রৈষ মন্ত্র] বলা হইল, তখন [হবির্ধানের অনুকূল মন্ত্রের পরিবর্ত্তে] দ্যাবাপৃথিবীর ঋক্ তিনটি কেন পাঠ হয়? [উত্তর], দ্যৌঃ এবং পৃথিবীই দেবগণের হবির্ধান ছিলেন, তাঁহারাই অদ্যাপি হবির্ধান আছেন, কেন না [লোকে] এই যে কিছু হবিঃ [দেওয়া হয়], তাহা সমস্তই তাঁহাদের (দ্যৌঃ ও পৃথিবীর) মধ্যেই বর্ত্তমান আছে; এই জন্য দ্যাবাপৃথিবীর ঋক্ তিনটিই পাঠ করা হয়।

(১) হবির্ধান শব্দের অর্থ যাহাতে হবিঃ, সোম ও অন্যান্য হব্য রাখা যায়। দুইখানি শকটে সোম চাপাইয়া "ছদি" দ্বারা ঢাকিয়া প্রাচীনবংশ হইতে উত্তরবেদিতে লইয়া যাওয়া হয়। ঐ শকটদ্বয়ের নাম হবির্ধান ও ঐ শকট বহন ক্রিয়া হবির্ধান প্রবর্ত্তন।

(২) ১০।১৩।১ (৩) ২।৪১।১৯-২১

পঞ্চম ঋক্—"যমে ইব…ইতঃ"

"যমে ইব যতমানে যদৈতম্"[৪] এই মন্ত্র পাঠে ইহারা (শকটদ্বয়) পরস্পর সদৃশ যমজ কন্যাদ্বয়েব মত [একই কর্ম্মের উদ্দেশে] যত্নপূর্ব্বক চলিতে থাকে।

দ্বিতীয় চবণেব ব্যাখ্যা—"প্র বাং ..প্রভযন্তি"

"প্র বাং ভবন্মানুষা দেবযন্তঃ" এই বাক্য দ্বাবা দেবযজনেচ্ছু মানুষেবা এতদ্দ্বয়কে (শকটদ্বয়কে) আনয়ন কবে।

তৃতীয় ও চতুর্থ চবণের ব্যাখ্যা—"আসীদতং…অচীক্লপৎ"

"আসীদতং স্বমু লোকং বিদানে স্বাসস্থে ভবতমিন্দবে নঃ" এ স্থলে সোমই বাজা ইন্দু; এতদ্দ্বাবা বাজা সোমেবই অবস্থানেব জন্য এই [শকট]-দ্বয কল্পিত হয।

সমস্ত ঋকেব অর্থ—যে হেতু ইঁহাবা (এই শকটদ্বয) যমজ কন্যাদ্বয়েব মত [জগতের উপকাবেব জন্য] যত্ন কবিতে করিতে আসিয়াছেন, সেই নিমিত্ত হে হবির্ধান শকটদ্বয়, দেবযজনেচ্ছু মানুষেবা তোমাদিগকে আনিয়াছেন। তোমব স্বকীয বাসস্থান জানিয়া সেইখানে অবস্থান কব ও আমাদেব ইন্দুব (সোমেব) জন্য সুশোভন আসনে অবস্থিত হও।

ষষ্ঠ ঋক্—"অধি দ্বযোঃ…নিধীয়তে"

"অধি দ্বয়োবদধা উকৃথ্যং বচঃ"[৫] এই বাক্য দ্বাবা দুইখানি [ছদিব] উপবে তৃতীয় ছদিঃ স্থাপন কবা হয়।[৬]

ঐ চরণেব "উকৃথ্যং বচঃ" পদেব প্রযোজ্যতা—"উকৃথ্যং বচঃ…সমর্দ্ধযতি"

"উকৃথ্যং বচঃ" এই যাহা বলা হইল, এ স্থলে 'উকৃথ্যং বচঃ' অর্থে যজ্ঞিয কর্ম্ম; এতদ্দ্বাবা যজ্ঞকেই সমৃদ্ধ কবা হয়।

উকৃথ্য শব্দের অর্থ উকৃথ্যশস্ত্র নামক মন্ত্র। উকৃথ্যবচঃ অর্থে সেই শস্ত্রপাঠরূপ অনুষ্ঠান।

দ্বিতীয় ও তৃতীয় চরণ—"যতস্রুচা…শমযতি"

"যতস্রুচা মিথুনা যা সপর্য্যতঃ। অসংযত্তো ব্রতে তে ক্ষেতি পুষ্যতি" এ স্থলে [ব্রতপদেব] পূর্ব্বে যে যত্ত-[শব্দ]-যুক্ত পদ (যুদ্ধবাচক, অতএব

(৪) ১০।১৩।২ (৫) ১।৮৩।৩

(৬) হবির্ধান শকটের উপরে সোম রাখিবার জন্য গুহাকার আচ্ছাদন দেওয়া হয়, তাহার নাম ছদিঃ। এইরূপ দুইখানি ছদিঃ স্থাপন করিয়া তাহার উপর আর একখানি তৃতীয় ছদিঃ স্থাপন করিতে হয়।

ধ্রুবতাবাচক 'সংযত্ত' পদ) আছে, তাহাকে এই বাক্যে ('অসংযত্তঃ পুষ্যতি' এই বচন প্রয়োগে) শান্তি দ্বারাই শান্ত করা হয়।

চতুর্থ চরণের ব্যাখ্যা—"ভদ্রা···আশান্তে"

"ভদ্রা শক্তির্যজমানায় সুন্বতে" এতদ্দ্বারা আশীষ প্রার্থনা করা হয়।

সমস্ত ঋকের অর্থ—দুইখানি (ছদি) উপরে যে (তৃতীয় ছদি) বাধা হয়, উহা উক্থ্যবাক্য সদৃশ (ফলদায়ক); [এইরূপে ছদিস্থাপন হইলে] হবির্ধানদ্বয় [বিবাহের পর] ধৃতহোম (স্ত্রী-পুরুষ) মিথুনের মত পূজিত হয়। [হে ইন্দ্র] অসংযত্ত (অধ্রুব) [অধ্বর্য্যু] তোমার ব্রতে (কর্ম্মে) নিযুক্ত থাকিয়া পুষ্ট হন। সোমাভিষবকারী যজমানের ভদ্র (কল্যাণরূপ) শক্তি হউক।

সপ্তম ঋক্—"বিশ্বা···অন্বাহ"[৭]

"বিশ্বা রূপাণি প্রতিমুঞ্চতে কবিঃ"[৭] এই বিশ্বরূপ ঋক্ পাঠ করিবে।

বিশ্ব ও রূপ, এই দুই শব্দ থাকায় ঐ ঋক্ বিশ্বরূপ হইল। ঐ ঋক্ পাঠকালে হোতার কর্ত্তব্য—"স···অনুব্রূয়াৎ"

তিনি (হোতা) ররাটীর প্রতি দৃষ্টি রাখিয়া উহা পাঠ করিবেন।

হবির্ধান-মণ্ডপের পূর্ব্বদ্বারে যে কুশের মালা দেওয়া হয়, তাহার নাম ররাটী। তদ্বিষয়ে এই মন্ত্রের উপযোগিতা—"বিশ্বমির···ইব চ"

ররাটীর রূপ শুক্লেরও মত, কৃষ্ণেরও মত, [অতএব] উহার বিশ্ব (বহু) রূপ।

কুশমালার যেখানটা শুষ্ক, সেখানটা সাদা ও যেখানটা অশুষ্ক, সেখানটা কাল দেখায়, এই জন্য উহার বহুরূপত্ব। উহা জ্ঞানের প্রশংসা—"বিশ্বং রূপং···অন্বাহ"

যেখানে ইহাই জানিয়া এই ররাটীতে দৃষ্টি রাখিয়া ঐ মন্ত্র পাঠ হয়, সেখানে আপনার জন্য ও যজমানের জন্য বিশ্ব (সকল) রূপ রক্ষা করা হয়।

অষ্টম ও শেষ ঋক্—"পরি ত্বা···পরিদধাতি"

"পরি ত্বা গির্বণো গিরঃ"[৮] এই শেষ ঋক্ দ্বারা [এই কর্ম্মের অনুবচন পাঠ] সমাপ্ত করা হয়।

সমাপনের কালবিধান—"স···পরিদধ্যাৎ"

হবির্ধানদ্বয় যখনই [স্বস্থানে স্থাপিত হইয়া] সম্যক্‌রূপে আচ্ছাদিত হইয়াছে, হোতা ইহা বুঝিতে পারিবেন, তখনই [অনুবচন] সমাপ্ত করিবেন।

(৭) ৫।৮১।২　　(৮) ১।১০।১২

ইহা জানার প্রশংসা—"অনগ্নম্ভাবুকা…পবিদধাতি"

যে স্থলে এইরূপ জানিয়া হবির্ধানদ্বয় সম্যক্ আচ্ছাদিত হইলে ঐ মন্ত্র দ্বারা [অনুবচন] সমাপ্ত করা হয়, [সে স্থলে] হোতার এবং যজমানের ভার্য্যা (স্ত্রী) অনগ্ন (বস্ত্র দ্বারা আচ্ছাদিত) হইয়া থাকে।

সেই কাল কিরূপে জানিবে—"যজুষা…পবিশ্রয়ন্তি"

এই যে হবির্ধানদ্বয়, ইহারা যজুর্মন্ত্র দ্বারা সম্যগাচ্ছাদিত হয়; এই জন্য এ স্থলে যজুর্মন্ত্র দ্বারাই [অধ্বর্য্যুগণ] ইহাদিগকে আচ্ছাদিত করেন।[১]

অধ্বর্য্যু যজুর্মন্ত্র প্রয়োগে আচ্ছাদন করিলে হোতা অনুবচন-সমাপ্তির কাল হইয়াছে বুঝিবেন। পুনশ্চ কালবিধান—"তৌ…পবিদধ্যাৎ"

অধ্বর্য্যু ও প্রতিপ্রস্থাতা ইহারা দুই জনে যখন উভয় দিকে মেথী স্থাপন করিবে, তখনই [হোতা অনুবচনপাঠ] সমাপ্ত করিবে।

শকটের ঈষার অগ্রভাগ স্থাপনের কাষ্ঠকে মেথী বলে। অধ্বর্য্যু দক্ষিণদিকের হবির্ধান শকটে ও প্রতিপ্রস্থাতা (অধ্বর্য্যুর সহকারী) উত্তর দিকের শকটে মেথী স্থাপন করেন।

এই বিধান পূর্ব্বোক্ত বিধানের বিরোধী নহে। যথা—"অত্র হি…ভবতঃ"

এই সময়েই (মেথীস্থাপনকালেই) তাহারা (শকটদ্বয়) সম্যক্রূপে আচ্ছাদিত হয়।

উভয় অনুষ্ঠান এক সময়েই সম্পন্ন হওয়ায় সেই সময়েই অনুবচন সমাপ্ত করিবে। ঋক্সংখ্যা প্রশংসা—"তা এতা · অবিস্রংসায়"

এই সেই আটটি রূপসমৃদ্ধ ঋক্ পাঠ করিবে; যাহা রূপসমৃদ্ধ, তাহা যজ্ঞের পক্ষে সমৃদ্ধ, কেন না, ঐ ঋক্ ক্রিয়মাণ কর্ম্মকেই পূর্ণভাবে উল্লেখ করে। তাহাদের মধ্যে প্রথমটিকে তিন বার ও শেষটিকে তিন বার পাঠ করিবে। [তাহা হইলে] তাহারা দ্বাদশটি হইবে। দ্বাদশ মাসেই সংবৎসর ও সংবৎসরই প্রজাপতি। যে ইহা জানে, সে প্রজাপতি যাহাদের আয়তন (আশ্রয়), সেই ঋক্সকলের দ্বারা সমৃদ্ধ হয়। প্রথমটিকে তিন বার ও শেষটিকে তিন বার পাঠ করা হয়; ইহাতে স্থিরতার জন্য, দৃঢ়তার জন্য ও শিথিলতা নিবারণের জন্য [রজ্জুরূপী] যজ্ঞের [উভয় প্রান্তে] গ্রন্থি বন্ধন হয়।

(১) "বিষ্ণোঃ পৃষ্ঠমসি"—তৈঃ সং, ৬।২।৯

চতুর্থ খণ্ড

অগ্নিষোমপ্রণয়ন

তদনন্তর অগ্নীষোমপ্রণয়নের[1] প্রৈষ মন্ত্র—"অগ্নীষোমাভ্যাং...অধ্বর্য্যুঃ"

অধ্বর্য্যু [হোতাকে] বলেন, প্রণীযমান অগ্নির ও সোমের অনুকূল মন্ত্র পাঠ কর।

হোতৃপাঠ্য প্রথম ঋক্—"সাবীঃ...অন্বাহ"

"সাবীর্হি দেব প্রথমায় পিত্রে"[2] এই সাবিত্রী ঋক্ পাঠ করিবে।

এই ঋকের তৃতীয় চরণে "অস্মভ্যং সবিতঃ" এই বচন থাকায় উহার দেবতা সবিতা। ঐ ঋক্ প্রয়োগের আপত্তিখণ্ডন—"তদাহুঃ...অন্বাহ"

এ বিষয়ে [ব্রহ্মবাদীরা] বলেন, প্রণীযমান অগ্নির ও সোমের অনুকূল মন্ত্র পাঠ কর, এই (প্রৈষমন্ত্র) যখন বলা হইল, তখন সাবিত্রী ঋক্ কেন পাঠ করা হয ? [উত্তর] সবিতাই প্রসবের [যজ্ঞকর্ম্মে প্রেরণের] প্রভু, সবিতৃপ্রেরিত হইযাই অগ্নি ও সোমকে প্রণযন করা হয। সেই জন্য সাবিত্রী ঋক্ই পাঠ করিবে।

দ্বিতীয় ঋক্—"প্রৈতু...অন্বাহ"

"প্রৈতু ব্রহ্মণস্পতিঃ"[3] এই ব্রহ্মণস্পতি দেবতার ঋক্ পাঠ করিবে।

এ বিষয়ে আপত্তিখণ্ডন—"তদাহুঃ...বিষ্যতি"

এ বিষয়ে [ব্রহ্মবাদীরা] বলেন, প্রণীয়মান অগ্নির ও সোমের অনুকূল মন্ত্র পাঠ কর, এই (প্রৈষমন্ত্র) যখন বলা হইল, তখন কেন ব্রহ্মণস্পতির ঋক্ পাঠ করা হয় ? [উত্তর] বৃহস্পতিই ব্রহ্ম (ব্রাহ্মণ) ; এতদ্দ্বারা ব্রহ্মকেই (ব্রাহ্মণকেই) ইঁহাদের (অগ্নির ও সোমের) সহিত পুরোগামী করা হয়, এবং ব্রাহ্মণযুক্ত কর্ম্ম বিনষ্ট হয না।

ঐ ঋকের দ্বিতীয় চরণের প্রশংসা—"প্র দেব্যেতু...অন্বাহ"

"প্র দেব্যেতু সূনৃতা"—সূনৃতা (প্রিয়বচনরূপা) দেবী (বাগ্‌দেবী) [ব্রহ্মার সহিত] সম্মুখে যাউন—এই বাক্যে যজ্ঞকে সূনৃত-(প্রিয়বচন)-

---

(১) প্রাচীনবংশের দ্বারভাগে রক্ষিত আহবনীয় অগ্নি হইতে অগ্নি গ্রহণ করিয়া আগ্নীধ্র নামক ধিষ্ণ্যে লইয়া যাইতে হয়। সোমকেও সেই স্থান হইতে অগ্নির সহিত আনিয়া পরে হবির্দ্ধান-মণ্ডপে রাখিতে হয়। এই অনুষ্ঠানের নাম অগ্নীষোমপ্রণয়ন।

(২) আশ্ব, শ্রৌ, সূ, ৪।১০, অথর্ব্ব সং, ৭।১৪।৩। (৩) ১।৪০।৩।

যুক্ত কবা হয়; সেই জন্য [ঐ] ব্রহ্মণস্পতি দেবতাব ঋক্ পাঠ কবিবে।

তৃতীয়, চতুর্থ ও পঞ্চম ঋক্—"হোতা দেবো···প্রণীষমানে"

বাজা সোম প্রণীয়মান হইবাব সময় "হোতা দেবো অমর্ত্ত্যঃ"[৪] ইত্যাদি অগ্নি দেবতাব গায়ত্রী তিনটি পাঠ কবিবে।

আগ্নেষ ঋকেব প্রযোজ্যতা—"সোমং···অত্যনয়ৎ"

সদো (-নামক মণ্ডপ) ও হবির্ধান (-নামক মণ্ডপ), এতদ্দ্বযেব মধ্যে নীযমান বাজা সোমকে অসুবেবা ও বাক্ষসেবা হত্যা কবিতে ইচ্ছা কবিযাছিল। অগ্নি মাযা দ্বাবা তাঁহাকে (সোমকে) [সেই পথ] অতিক্রম কবিযা লইয়া গিযাছিলেন।

ঐ তিন ঋকেব প্রথমটিব দ্বিতীষ চবণেব ব্যাখ্যা—"পুবস্তাৎ ··হবন্তি"

"পুবস্তাদেতি মায়য়া"—[অগ্নি] মায়াব সহিত সম্মুখে যাইতেছেন—এই বাক্যেব অর্থ তিনি (অগ্নি) মাযাব সহিত তাঁহাকে (সোমকে) [সেই অসুবাদিভীতিস্থান] অতিক্রম কবিযা লইযা গিযাছিলেন; সেই জন্যই [ঋত্বিকেবা] অগ্নিকে ইঁহাব (সোমেব) সম্মুখে [আগ্নীধ্র দেশ পর্য্যন্ত] লইযা যান।[৫]

ষষ্ঠ হইতে নবম ঋক্—"উপ ত্বা···অন্বাহ"

"উপ ত্বাগ্নে দিবে দিবে" ইত্যাদি তিনটি[৬] ও "উপ প্রিয়ং পনিপ্নতম্"[৭] এই একটি ঋক্ পাঠ কবিবে।

উহাদের প্রশংসা—"ঈশ্ববৌ···অহিংসাযৈ"

এই যে অগ্নি পূর্ব্বে উদ্ধৃত (অগ্নিপ্রণয়নানুষ্ঠানে আহবনীয় হইতে আনিয়া উত্তরবেদিতে স্থাপিত) হইযাছেন ও এই যে অপব অগ্নিকে এখন [আগ্নীধ্রে] আনা হইতেছে, ইঁহাবা উভযে যুদ্ধ কবিযা (পবস্পব বিবোধ কবিয়া) যজমানকে হিংসা কবিতে সমর্থ। সেই জন্য এই যে [পূর্ব্বোক্ত] তিনটি ঋক্ ও একটি ঋক্ বলা হইল, তদ্দ্বাবা ইঁহাদেব উভয়কে [পবস্পবেব মনোভাব] জ্ঞাত কবাইয়া [বিবোধত্যাগ দ্বাবা] মিলিত করা হয়; ইঁহাদিগকে স্ব স্ব স্থানে (উত্তরবেদিতে ও আগ্নীধ্রে)

---

(৪) ৩।২৭।৭-৯।

(৫) উত্তরবেদির পশ্চিমে সদোমণ্ডপ ও হবির্ধানমণ্ডপ, সদোমণ্ডপের নিকটে আগ্নীধ্র।

(৬) ১।১।৭-১১। (৭) ৮।৬৭।২৯।

স্থাপিত করা হয়; তাহা হইলে (হোতার) নিজের এবং যজমানের [অগ্নিদ্বয় কর্ত্তৃক] হিংসা ঘটে না।

দশম ঋক্ বিধান—"অগ্নে…অন্বাহ"

"অগ্নে জুষস্ব প্রতিহর্য্য তদ্বচঃ"[৮] এই মন্ত্র [আগ্নীধ্রে অগ্নি স্থাপনার পর সেই আগ্নীধ্রে] আহুতি-হবনকালে পাঠ করিবে।

ঐ মন্ত্রের প্রশংসা—"অগ্নয়ে…গময়তি"

["জুষস্ব" এই পদ থাকায়] এতদ্দ্বারা আহুতিকে অগ্নির জুষ্টি (প্রীতি) লাভ করায়।

অগ্নিপ্রণয়নের পর সোমপ্রণয়নে একাদশ হইতে ত্রয়োদশ ঋক্—"সোমো… সমর্দ্ধয়তি"

রাজা সোমের প্রণীযমান হইবার সময় "সোমো জিগাতি গাতুবিৎ"[৯] ইত্যাদি সোমদৈবত তিনটি গায়ত্রী ঋক্ পাঠ করিবে। এতদ্দ্বারা ইঁহাকে (সোমকে) আপনারই দেবতা দ্বারা ও আপনারই ছন্দোদ্বারা সমৃদ্ধ করা হয়।

গায়ত্রী সোমের ছন্দ[১০]। তন্মধ্যে শেষ ঋকের শেষ চরণের ব্যাখ্যা—"সোমঃ… ভবতি"

"সোমঃ সধস্থমাসদৎ"—সোম সধস্থ (হবির্ধানদ্বয়ের সহিত অবস্থান-প্রদেশ) প্রাপ্ত হইয়াছিলেন—এই বাক্যে তিনি (সোম) সেই সময় (ঐ চরণ পাঠকালে) [হবির্ধান মণ্ডপের] আসন্ন হন।

এই তিন ঋক্ কোথায় পাঠ করিতে হইবে, তাহার ব্যবস্থা—"তদতিক্রম্য…কৃত্বা"

সেই [আগ্নীধ্র স্থান] অতিক্রম করিয়া আগ্নীধ্রকে পৃষ্ঠে করিয়া [ঐ শেষ চরণ] পাঠ করিবে।

অধ্বর্য্যু যখন আগ্নীধ্রে অগ্নিপ্রণয়নের পর আহুতি দেন, সেই সময়ে হোতা সোমপ্রণয়নের এই তিন ঋক্ পাঠ আরম্ভ করিয়া, আগ্নীধ্র অতিক্রমপূর্ব্বক আগ্নীধ্রকে পশ্চাতে রাখিয়া মন্ত্রপাঠ শেষ করিবেন।

চতুর্দ্দশ ঋক্—"তমস্য রাজা…অন্বাহ"

"তমস্য রাজাবরুণস্তমশ্বিনা"[১১] এই বিষ্ণুদৈবত ঋক্ পাঠ করিবে।

এই ঋকের চতুর্থ চরণে বিষ্ণুর নাম থাকায় উহার দেবতা বিষ্ণু। অবশিষ্ট তিন চরণ—"ক্রতুং…বিবৃণোতি"

---

(৮) ১।১৪৪।৭। (৯) ৩।৬২।১৩-১৫।

(১০) গায়ত্রীর সহিত সোমের সম্বন্ধ পূর্ব্বে দেখান হইয়াছে। (১১) ১।১৫৬।৪।

"ক্রতুং সচন্ত মারুতস্য বেধসঃ। দাধার দক্ষমুত্তমমহর্বিদং ব্রজং চ বিষ্ণুঃ সখিবাঁ অপোর্ণুতে" ইহার তাৎপর্য্য—বিষ্ণুই দেবগণের দ্বারপাল, তিনিই ইঁহার (সোমের) জন্য ঐ মন্ত্রদ্বারা দ্বার খুলিয়া দেন।

সমস্ত ঋকের অর্থ—রাজা বরুণ এই ক্রতুকে (যাগকে) সমৃদ্ধ করেন; মারুত (বায়ু) ও বেধাঃ (ব্রহ্মা) ক্রতুকে সমৃদ্ধ করেন। বিষ্ণু দক্ষ (দেবগণের তৃপ্তিবিষয়ে কুশল) এবং উত্তম এবং অহর্বিৎ (দিনাভিজ্ঞ) সোমকে [প্রণয়নকালে] ধরিয়াছিলেন; এবং [সোমরূপী] বন্ধুকর্তৃক যুক্ত হইয়া ব্রজকে (সোমের স্থান হবির্ধানকে) আচ্ছাদনহীন করিয়াছিলেন (অর্থাৎ সোমের প্রবেশের জন্য দ্বার খুলিয়াছিলেন)।

পঞ্চদশ ও ষোড়শ ঋক্—"অন্তশ্চ···আসন্নে"

"অন্তশ্চ প্রাগা আদিতির্ভবাসি"[১২] এই মন্ত্র [সোম হবির্ধান] প্রাপ্ত হইলে পাঠ করিবে। [সোম হবির্ধানে] আসন্ন (সমীপবর্ত্তী) হইলে "শ্যেনো ন যোনিং সদনং ধিয়া কৃতম্"[১৩] [এই মন্ত্র পাঠ করিবে]।

উহার দ্বিতীয় চরণের হিরণ্ময় শব্দের অর্থ—"হিরণ্ময়ং···কৃষ্ণাজিনম্"

"হিরণ্ময়মাসদং দেব এষতি"—দেব (সোম) হিরণ্ময় আসন প্রাপ্ত হন—এই বাক্যে এই যে কৃষ্ণাজিন (কৃষ্ণমৃগচর্ম্ম), যাহা দেব সোমের জন্য [হবির্ধান শকটে] আস্তীর্ণ করা হয়, উহাই যেন হিরণ্ময়।

মন্ত্রের প্রযোজ্যতা—"তস্মাদেতামন্বাহ"

সেই জন্যই এই ঋক্ পাঠ করিবে।

সপ্তদশ ও শেষ ঋক্—"অস্তভ্নাত্‌···পরিদধাতি"

"অস্তভ্নাদ্যামসুরো বিশ্ববেদাঃ"[১৪] এই বরুণদৈবত ঋক্ দ্বারা [সোম-প্রণয়নের অনুবচন পাঠ] সমাপ্ত করিবে।

সোমের সহিত এই বরুণ-দৈবত ঋকের সম্বন্ধ—"বরুণদেবত্যো···সমর্দ্ধয়তি,"

[সোম] যত ক্ষণ উপনদ্ধ (বস্ত্রাবৃত) ও যত ক্ষণ পরিশ্রিত (আচ্ছাদিত) থাকেন, তত ক্ষণ ইঁহার দেবতা বরুণ; সেই জন্য এতদ্দ্বারা আপনারই দেবতা ও আপনারই ছন্দোদ্বারা ইঁহাকে সমৃদ্ধ করা হয়।

এইখানে নৈমিত্তিক অন্য ঋকের বিধান—"তং যদ্যুপ···পরিদধ্যাৎ"

যদি [বন্ধুগণ] সেই যজমানের নিকট ধাবমান (উপস্থিত) হয় বা তাঁহার অভয় ইচ্ছা করে, তখন "এবা বন্দস্ব বরুণং বৃহন্তম্"[১৫] এই ঋক্ দ্বারা সমাপ্ত করিবে।

---

(১২) ৮।৪৮।২। (১৩) ৯।৭১।৬। (১৪) ৮।৪২।১। (১৫) ৮।৪২।২।

ইহা জানার ফল—"যাবন্তো…পরিদধাতি"

যে স্থলে ইহা জানিয়া এই মন্ত্র দ্বারা সমাপন করা হয়, যে স্থলে যাহাদের হইতে অভয় ইচ্ছা করে এবং যাহাদের হইতে অভয় চিন্তা করে, তাহাদের হইতে অভয় হয়। সেই জন্য ইহা জানিয়া এই মন্ত্র দ্বারা সমাপ্ত করিবে।

মন্ত্রের সংখ্যা প্রশংসা—"তা এতাঃ…একবিংশঃ"

এই সেই সপ্তদশ রূপসমৃদ্ধ মন্ত্র পাঠ করিবে, যাহা রূপসমৃদ্ধ, তাহা যজ্ঞের পক্ষে সমৃদ্ধ, কেন না, ঐ ঋক্ ক্রিয়মাণ কর্ম্মকেই পূর্ণভাবে উল্লেখ করে। তাহাদের মধ্যে প্রথমটিকে তিন বার ও শেষটিকে তিন বার পাঠ করিবে। তাহা হইলে উহারা একবিংশতিসংখ্যক হইবে। প্রজাপতি একবিংশ (একুশ অবয়ববিশিষ্ট); [কেন না] মাস বারটি, ঋতু পাঁচটি, এই লোক সকল (স্বর্গ, অন্তরীক্ষ ও পৃথিবী) তিনটি, এবং এই আদিত্য [একটি], ইঁহারা [একত্র যোগে] একবিংশতিসংখ্যক।

এতন্মধ্যে একবিংশতি সংখ্যা পূরণের জন্য যে আদিত্যের উল্লেখ হইল, তাঁহার গুণপ্রদর্শন—"উত্তমা…স্বারাজ্যম্"

[এই যে আদিত্য], তিনি উত্তমা প্রতিষ্ঠা; তিনি দেবগণের ক্ষত্রিয়; তাহাই শ্রী; তাহাই আধিপত্য, তাহাই ব্রধ্নের (আদিত্যের) বিষ্টপ (আশ্রয়স্থান); তাহাই প্রজাপতির আয়তন (আশ্রয়স্থান); তাহাই স্বরাজ্য (স্বাধীন দেশ)।

উপসংহার—"ঋগ্ভোতি…একবিংশত্যা"

এই একবিংশতি ঋক্সমূহ দ্বারা ইঁহাকেই (যজমানকেই) সমৃদ্ধ করা হয়।

দ্বিতীয় পঞ্চিকা

ষষ্ঠ অধ্যায়

প্রথম খণ্ড

যূপনির্ম্মাণ

অনন্তর অগ্নিষোমীয় পশুপ্রকরণ। যূপবিষয়ে আখ্যায়িকা—"যজ্ঞেন…লোকম্"

[পুবাকালে] দেবগণ যজ্ঞদ্বাবা উর্দ্ধস্থ হইয়া স্বর্গলোক প্রাপ্ত হইয়াছিলেন। তাঁহারা ভয় কবিলেন, আমাদের এই যজ্ঞ দেখিয়া মনুষ্যগণ ও ঋষিগণ পশ্চাৎ [আমাদিগকে] জানিতে পাবিবে। এই হেতু তাঁহাবা যজ্ঞকে যূপের সহিত যোপন করিয়াছিলেন (যূপের চিহ্নে মিশাইয়া মনুষ্যাদিব ভ্রমোৎপাদন কবিয়াছিলেন)। সেই যজ্ঞকে যে যূপের সহিত যোপন কবিয়াছিলেন, তজ্জন্যই যূপেব যূপত্ব। তাঁহাবা সেই যূপকে অধোমুখে প্রোথিত কবিয়া উর্দ্ধে (স্বর্গলোকে) চলিয়া গিয়াছিলেন। তাহার পব মনুষ্যগণ ও ঋষিগণ যজ্ঞেব কোন [চিহ্ন] দেখিয়া [দেবগণেব অনুষ্ঠান] জানিতে পাবিব, এই অভিপ্রায়ে দেবগণেব যজ্ঞভূমিব নিকট আসিয়াছিলেন। [সেখানে] তাঁহাবা অধোমুখে প্রোথিত যূপটিকেই [দেখিতে] পাইলেন। তাঁহাবা বুঝিলেন, দেবগণ এই যূপ দ্বাবা যজ্ঞকে যোপন করিয়াছেন। তখন তাঁহাবা সেই যূপকে উৎপাটন কবিয়া উর্দ্ধমুখে প্রোথিত কবিলেন। তদনন্তর তাঁহাবা যজ্ঞকে বিশেষরূপে জানিলেন ও স্বর্গলোককেও বিশেষরূপে জানিলেন।

উত্তরবেদির সম্মুখে প্রোথিত পশুবন্ধনস্তম্ভেব নাম যূপ। এ স্থলে যোপন ক্রিয়াসম্পাদক বলিয়া উহার নাম যূপ। এ বিষয় শাখান্তরেও উক্ত হইয়াছে।[১]
যূপ-নিখননের ব্যবস্থা—"তদ্‌যদ্…অনুখ্যাত্যৈ"

এই কারণেই যজ্ঞকে বিশেষরূপে জানিবার জন্য ও স্বর্গলোক দেখিবার জন্য যূপ উর্দ্ধমুখে প্রোথিত হয়।

যূপ-গঠনের ব্যবস্থা—"বজ্রো বা…স্তর্ত্তবৈ"

(১) "যজ্ঞেন বৈ দেবাঃ সুবর্গং লোকমায়ংস্তেঽমন্যন্ত মনুষ্যা নোঽন্বাভবিষ্যন্তীতি তে যূপেন যোপয়িত্বা সুবর্গং লোকমায়ংস্তমৃষয়ো যূপেনৈবানু প্রাজানংস্তদ্ যূপস্য যূপত্বম্"।

এই যে যূপ, ইহা বজ্রস্বরূপ।[২] ইহাকে অষ্টকোণ করিবে; কেন না, বজ্রও অষ্টকোণ। শত্রুর ও দ্বেষকর্ত্তার বধের জন্য সেই বজ্র ও সেই যূপ প্রহার করা হয়। যে ব্যক্তি এই যজমানের হিংসাযোগ্য, ইহা দ্বারা তাহার হিংসা হয়।

পুনশ্চ—"বজ্রো···দৃষ্ট্বা।"

যূপ বজ্রস্বরূপ; ইহা শত্রুর বধে উদ্যত হইয়া অবস্থিত; সেই জন্য এখনও যে ব্যক্তি [যজমানকে] দ্বেষ করে, এই যূপ অমুকের, ঐ যূপ অমুকের, ইহা দেখিয়া [সেই যূপদর্শনে] সেই ব্যক্তির অপ্রিয় ঘটে।

যূপনির্ম্মাণের জন্য বিবিধ কাষ্ঠের বিধান—"খাদিরং জয়তি"

স্বর্গকাম ব্যক্তি খদিরনির্ম্মিত যূপ করিবে। দেবগণ খদিরের যূপ দ্বারা স্বর্গলোক জয় করিয়াছিলেন। সেইরূপ যজমানও খদিরের যূপ দ্বারা স্বর্গলোক জয় করে।

পুনশ্চ—"বৈল্বং···পুষ্টৈঃ"

অন্নকাম ও পুষ্টিকাম ব্যক্তি বিল্বের যূপ করিবে। বিল্ব [বৃক্ষ] বৎসর বৎসর ফল ধারণ করে; ঐ ফলধারণ ভক্ষণীয় অন্নের স্বরূপ; এবং [ঐ বৃক্ষ] মূল হইতে শাখা পর্য্যন্ত ক্রমশঃ বৃদ্ধি পায়, এই জন্য উহা পুষ্টির স্বরূপ।

ইহা জানার ফল—"পুষ্যতি···কুরুতে"

যে ইহা জানিয়া বিল্বের যূপ করে, সে প্রজাকে ও পশুগণকে পুষ্ট করে।

অন্যরূপে বিল্বের প্রশংসা—"যদেব···বেদ"

[অহে অধ্বর্য্যু] বিল্বের যূপ কেন? না, [ব্রহ্মবাদীরা] বিল্বকে জ্যোতিঃস্বরূপ বলেন। যে ইহা জানে, সে স্বজনমধ্যে জ্যোতিঃস্বরূপ হয় ও স্বজনমধ্যে শ্রেষ্ঠ হয়।

অন্য বৃক্ষের বিধান—"পালাশং···পলাশমিতি"

তেজস্কাম ও ব্রহ্মবর্চ্চসকাম পলাশের যূপ করিবে। [কেন না] পলাশই বনস্পতিগণের মধ্যে তেজঃস্বরূপ ও ব্রহ্মবর্চ্চসস্বরূপ। যে ইহা জানিয়া পলাশের যূপ করে, সে তেজস্বী ও ব্রহ্মবর্চ্চসযুক্ত হয়। [অহে অধ্বর্য্যু] এই পলাশের যূপ কেন? না, এই যে পলাশ, ইহা সকল

(২) শাখান্তরে "ইন্দ্রো বৃত্রায় বজ্রং প্রাহরৎ স ত্রেধা ব্যভবৎ স্ফ্যস্তৃতীয়ং রথস্তৃতীয়ং যূপস্তৃতীয়ম্।"

বনস্পতির যোনিস্বরূপ। সেই জন্য অমুক বৃক্ষের পলাশ (পত্র), অমুক বৃক্ষের পলাশ (পত্র), বলিয়া [সকল বৃক্ষের পত্রকেই] পলাশ বৃক্ষের পলাশ নামে অভিহিত করা হয়। যে ইহা জানে, সকল বনস্পতিরই ফল তৎকর্ত্তৃক লব্ধ হয়।

পলাশ শব্দে পলাশ গাছ বুঝায়, আবার পলাশ শব্দে সকল গাছেরই পাতা বুঝায়। পলাশের নামে অন্যান্য বৃক্ষের পাতার নামকরণ হওয়ায় পলাশকে সর্ব্ব-বৃক্ষের যোনিস্বরূপ বলা হইল।

দ্বিতীয় খণ্ড

যূপসংস্কার

যূপকে ঘৃতাক্ত করিবার প্রৈষমন্ত্র—"অঞ্জ্মো…অধ্বর্য্যুঃ"

অধ্বর্য্যু বলিবেন, যূপের অঞ্জন করিব, [তদনুযায়ী] মন্ত্র পাঠ কর।

হোতৃপাঠ্য প্রথম ঋক্—"অঞ্জন্তি…অঞ্জন্তি"

"অঞ্জন্তি ত্বামধ্বরে দেবয়ন্তঃ"[১] এই মন্ত্র পাঠ করিবে; [কেন না] দেবপূজেচ্ছুরা অধ্বরে (যজ্ঞে) ইহাকে (এই যূপকে) অঞ্জন করে (ঘৃতাক্ত করে)।

দ্বিতীয় চরণ—"বনস্পতে…আজ্যম্"

"বনস্পতে মধুনা দৈব্যেন" এই চরণে এই যে আজ্য (ঘৃত), ইহাকেই মধু (মধুর) ও দৈব্য (দেবযোগ্য) বলা হইল।

তৃতীয় ও চতুর্থ চরণ—"যদূর্দ্ধঃ…তদাহ"

"যদূর্দ্ধস্তিষ্ঠা দ্রবিণেহ ধত্তাদ্ যদ্বা ক্ষযো মাতুরস্যা উপস্থঃ" এতদ্দ্বারা, [হে যূপ] যদিও তুমি স্থিরভাবে আছ ও শুইয়া আছ, [তথাপি] আমাদিগের দ্রবিণ (ধনসম্পত্তি) সম্পাদন কর, ইহাই বলা হইল।

সমস্ত ঋকের অর্থ, হে বনস্পতি (যূপ), দেবযজনেচ্ছুরা তোমাকে যজ্ঞে দেবযোগ্য মধুর [আজ্য] দ্বারা অঞ্জন করে। তুমি যদি উর্দ্ধমুখে স্থির থাক, অথবা এই মাতা পৃথিবীর উপরে তোমার ক্ষয় (শয়ন) হয়, তুমি তথাপি আমাদিগকে দ্রবিণ (ধনসম্পত্তি) দান কর।

দ্বিতীয় ঋক্—"উচ্ছ্রয়স্ব…সমৃদ্ধম্"

"উচ্ছ্রয়স্ব বনস্পতে"[২] এই মন্ত্র উচ্ছ্রীয়মাণ (উত্তোল্যমান) যূপের পক্ষে অভিরূপ, এবং যাহা যজ্ঞে অভিরূপ, তাহাই সমৃদ্ধ।

---

(১) ৩।৮।১। (২) ৩।৮।৩।

ঐ ঋকের দ্বিতীয় চরণ—"বর্ষ্মন্...উন্মিষন্তি"

"বর্ষ্মন্ পৃথিব্যা অধি" এই চরণে যেখানে যূপকে ঊর্দ্ধমুখ করিয়া প্রোথিত করা হয়, সেই স্থানকেই পৃথিবীর বর্ষ্ম (শরীর) বলা হইল।

বেদি ও তাহার পূর্ব্বদেশের মধ্যে যূপ বসান হয়। সেই স্থানকেই পৃথিবীর শরীর বলা হইল।

তৃতীয় চরণ—"সুমিতী...আশাস্তে"

"সুমিতী মীয়মানো বর্চ্চোধা যজ্ঞবাহসে" এতদ্দ্বারা [যজ্ঞসম্পাদক যজমানের প্রতি বর্চ্চঃস্বরূপ (দীপ্তিস্বরূপ)] আশীষ প্রার্থনা করা হয়।

তৃতীয় ঋক্—"সমিদ্ধস্য...শ্রয়তে"

"সমিদ্ধস্য শ্রয়মাণঃ পুরস্তাৎ"[৩] এতদ্দ্বারা যূপকে সমিদ্ধ (প্রদীপ্ত) [আহবনীয়াগ্নির] পূর্ব্বদিক্ আশ্রয় করান হয়।

দ্বিতীয় চরণ—"ব্রহ্ম ..আশাস্তে"

"ব্রহ্ম বন্বানো অজরং সুবীরম্" এতদ্দ্বারা [অজরত্বাদিরূপ] আশীষ প্রার্থনা হয়।

তৃতীয় চরণ—"আরে...যজমানাচ্চ"

"আরে অস্মদমতিং বাধমানঃ" এ স্থলে অমতি শব্দে ক্ষুধা অথবা পাপ ; এতদ্দ্বারা যজ্ঞ হইতে ও যজমান হইতে সেই অমতিকে দূরে নিরাকৃত করা হয়।

অমতি অর্থে বুদ্ধিভ্রংশ ; ক্ষুধা ও পাপ উভয়ই বুদ্ধিভ্রংশের কারণ। এই মন্ত্রে তাহা দূরীকৃত হয়।

চতুর্থ চরণ—"উচ্ছ্রয়স্ব...আশাস্তে"

"উচ্ছ্রয়স্ব মহতে সৌভগায়" এতদ্দ্বারা [সৌভাগ্যরূপ] আশীষ প্রার্থনা হয়।

সমস্ত ঋকের অর্থ—সমিদ্ধ (প্রদীপ্ত) আহবনীয়ের পূর্ব্বদিক্ আশ্রয়কারী, অজর (অবিনাশ) ও সুবীর (পুত্রাদিসমৃদ্ধিকারণ) ও ব্রহ্ম (বৃহৎ) কর্ম্মের সম্পাদনকারী, আমাদের অমতির (ক্ষুধার বা পাপের) দূরে অপসারণকারী, অহে যূপ, তুমি মহৎ সৌভাগ্যের জন্য উচ্ছ্রিত (ঊর্দ্ধে উত্তোলিত) হও।

চতুর্থ ঋক্—"ঊর্দ্ধ...তদাহ"

"ঊর্দ্ধ ঊষু ণ ঊতয়ে তিষ্ঠা দেবো ন সবিতা"[৪] এ স্থলে ('দেবো ন সবিতা' এই মন্ত্রাংশে) দেবগণের (দেবপ্রতিপাদক বেদবাক্যের) যে "ন" [শব্দ]

(৩) ৩।৮।২।   (৪) ১।৩৬।১৩।

আছে, তাহা ঐ স্থলে "ওঁ" এই অর্থবাচক। এতদ্দ্বারা দেব সবিতারই মত অবস্থিত হও, ইহাই বলা হইল।

বেদে ন শব্দ কখন কখন অঙ্গীকারার্থক ও অর্থে ব্যবহৃত হয়, তজ্জন্য "দেবো ন সবিতা" ইহার অর্থ "দেবঃ সবিতা ইব।" এ স্থলে যূপকে বলা হইতেছে, তুমি সবিতাদেবের মত উর্দ্ধে অবস্থান কর।[৫]

তৃতীয় চরণ—"উর্দ্ধো...সনোতি"

"উর্দ্ধো বাজস্য সনিতা" এই চরণ দ্বারা এই যূপকে বাজসনি (অন্নদাতা) করিয়া ধনদাতাও করা হয়।

চতুর্থ চরণ—"যদঞ্জিভিঃ...যজ্ঞমিতি"

"যদঞ্জিভির্বাঘদ্ভির্বিহ্বয়ামহে" এ স্থলে "অঞ্জি" শব্দে ও "বাঘৎ" শব্দে ছন্দঃসকলকে বুঝাইতেছে। এই চরণে যজমানগণ, আমার যজ্ঞে আইস, আমার যজ্ঞে [আইস], এই বলিযা সেই ছন্দঃসকল (মন্ত্রসকল) দ্বারা দেবগণকে বিশেষরূপে আহ্বান করেন।

অঞ্জি শব্দের অর্থ ক্রতুর অভিব্যক্তিকারী, বাঘৎ শব্দের অর্থ যজ্ঞভারবহনকারী; উভয় বিশেষণ দ্বারা এ স্থলে ছন্দ বা মন্ত্র বুঝাইতেছে। উক্ত অর্থজ্ঞানের প্রশংসা—"যদি হ...অবাহ"।

যদ্যপি বহু জনেই [এক সঙ্গে] যাগ করে, তথাপি যেখানে ইহা জানিয়া এই মন্ত্র পাঠ করা হয়, সেখানে দেবগণ এই (মন্ত্রার্থজ্ঞ) যজমানের যজ্ঞেই গমন করেন।

পঞ্চম ঋক্—"উর্দ্ধো নঃ...তদাহ"

"উর্দ্ধো নঃ পাহ্যংহসো নি কেতুনা বিশ্বং সমত্রিণং দহ"[৬] এস্থলে (দ্বিতীয় চরণে) অত্রি শব্দের লক্ষ্য রাক্ষসগণ এবং পাপ; এতদ্দ্বারা রাক্ষসগণকে ও পাপকে দহন কর, ইহাই বলা হয়।

তৃতীয় চরণ—"কৃধী ন...তদাহ"

"কৃধী ন উর্দ্ধাং চরথায় জীবসে" এই যাহা বলা হয়, এতদ্দ্বারা "কৃধী ন উর্দ্ধাং চরণায় জীবসে" ইহাই কথিত হয়।

উহার অর্থ,—[হে যূপ] তুমি চরণের (আচারের) জন্য ও জীবনের জন্য আমাদিগকে উর্দ্ধগত কর। মন্ত্রের "চরথ" শব্দ "চরণ"বাচক, তাহাই বলা হইল।

(৫) ন শব্দের এইরূপ অর্থে প্রয়োগের উদাহরণ পূর্ব্বে ৪৯ পৃষ্ঠে দেখ

(৬) ১।৩৬।১৪।

"চরথায়" পদের তাৎপর্য্য বুঝাইয়া "জীবসে" (অর্থাৎ 'জীবনায়') পদের তাৎপর্য্য বুঝান হইতেছে, যথা—"যদি হ…দদাতি"

যদিও এই যজমান [মৃত্যু কর্ত্তৃক] নীত, এইরূপই হয়, তথাপি এতদ্দ্বারা (ঐ মন্ত্রাংশপাঠে) তাহাকে [আয়ুঃপ্রদাতা কালরূপী] সংবৎসরের নিকট্ অর্পণ করা হয়।

চতুর্থ চরণ—"বিদা…আশাস্তে"

"বিদা দেবেষু নো দুবঃ" (আমাদের পরিচর্য্যা দেবগণে নিবেদন কর) এতদ্দ্বারা [দেবগণের নিকট] আশীষ প্রার্থনাই হয়।

ষষ্ঠ ঋক্—"জাতো…জায়তে"[৭]

"জাতো জায়তে সুদিনত্বে অহ্নাম্" এই চরণ পাঠে এই যূপ জাত (সর্ব্বদা প্রাদুর্ভূত) থাকিয়া [যজ্ঞদিবসের সুদিনতার জন্য] জাত (অবস্থিত) হয়।

দ্বিতীয় চরণ—"সমর্য্যে…তৎ"

"সমর্য্য আ বিদথে বর্দ্ধমানঃ" এই চরণ দ্বারা ইহাকে (যূপকে) বর্দ্ধন করা হয়।

তৃতীয় চরণ—"পুনস্তি…তৎ"

"পুনস্তি ধীরা অপসো মনীষা" এতদ্দ্বারা ইহাকে পবিত্র করা হয়।

চতুর্থ চরণ—"দেবয়া…নিবেদয়তি"

"দেবয়া বিপ্র উদিয়র্ত্তি বাচম্" এই চরণ দ্বারা ইহাকে দেবগণের নিকটেই নিবেদিত (বিজ্ঞাপিত) করা হয়।

সমস্ত ঋকের অর্থ, [এই যূপ] জাত (নিত্য প্রাদুর্ভূত) থাকিয়া এবং সকল দিনের মধ্যে যজ্ঞদিনের সুদিনতা (মঙ্গলজনকতা) সম্পাদনের জন্য সমর্য্য (মনুষ্যযুক্ত) বিদথে (যজ্ঞদেশে) বর্দ্ধমান থাকিয়া জাত হয় (বর্ত্তমান থাকে); ধীর (ধীমান্) ব্যক্তিরা ইহাকে (কর্ম্মের নিমিত্তভূত এই যূপকে) মনীষা (বুদ্ধি) দ্বারা পবিত্র করেন এবং বিপ্রগণ (ব্রাহ্মণ ঋত্বিকেরা) দেবোদ্দিষ্ট বাক্য উচ্চারণ করেন।

সপ্তম ঋক্ দ্বারা অনুবচন সমাপ্তি—"যুবা…পরিদধাতি"

"যুবা সুবাসাঃ পরিবীত আগাৎ"[৮] এই শেষ ঋক্ দ্বারা [অনুবচন পাঠ] সমাপ্ত করা হয়।

(৭) ৩।৮।৪।　　(৮) ৩।৮।৪।

এই প্রথম চরণে যূপকে যুবা ও সুবাসাঃ বলা হইল, তাহার তাৎপর্য্য "প্রাণো বৈ...পরিবৃতঃ"

প্রাণই যুবা ও [প্রাণই] সুন্দর-বস্ত্রধারী ; কেন না, এই সেই প্রাণ শরীর দ্বারা পরিবৃত (বেষ্টিত)।

প্রাণের বার্দ্ধক্য নাই, এই জন্য প্রাণ যুবা ; এবং শরীর বস্ত্রের মত উহাকে বেষ্টন করিয়া আছে, এই জন্য উহা বস্ত্রধারী। ঐ মন্ত্রে যূপের ঐ দুই বিশেষণ থাকায় যূপকে প্রাণস্বরূপ বলা হইল। দ্বিতীয় চরণ—"স উ...জায়মানঃ"

"স উ শ্রেয়ান্ ভবতি জায়মানঃ" এতদ্দ্বারা সেই যূপ জাত (স্থাপিত) হইয়া ক্রমশঃ উৎকৃষ্ট হয়।

অর্থাৎ ঘৃতাঞ্জনাদি দ্বারা ক্রমশঃ কর্ম্মানুষ্ঠানপক্ষে উৎকর্ষ লাভ করে।

তৃতীয় ও চতুর্থ চরণ—"তং ধীরাসঃ...উন্নয়ন্তি"

"তং ধীরাসঃ কবয় উন্নয়ন্তি স্বাধ্যো মনসা দেবয়ন্তঃ" এই স্থলে যাঁহারা অনূচান (পণ্ডিত), তাঁহারাই কবি ; তাঁহারাই এই যূপের উন্নয়ন করেন।

সমস্ত ঋকের অর্থ—এই যূপ পরিবীত (রশনাবেষ্টিত হইয়া) সুন্দর বস্ত্রধারী যুবার মত আসিয়াছেন। তিনি জাত হইয়া ক্রমশঃ (কর্ম্ম সাধন বিষয়ে) উৎকৃষ্ট হইয়াছেন। মনের দ্বারা দেবযজনেচ্ছু সুধী ও ধীর কবিগণ তাঁহাকে উন্নয়ন করেন।

উক্ত সাতটি মন্ত্রের প্রথম মন্ত্র যূপকে ঘৃত মাখাইবার সময়, পরের পাঁচটি যূপকে উত্তোলনের সময় ও শেষ মন্ত্রটি যূপে রশনাবেষ্টনের সময় পাঠ করা হয়। উক্ত মন্ত্রসংখ্যার প্রশংসা—"তা এতাঃ...অবিস্রংসায়"

এই সেই রূপসমৃদ্ধ সাতটি ঋক্ পাঠ করিবে। যাহা রূপসমৃদ্ধ, তাহা যজ্ঞের পক্ষে সমৃদ্ধ, কেন না, ঐ ঋক্ ক্রিয়মাণ কর্ম্মকেই পূর্ণভাবে উল্লেখ করে। তন্মধ্যে প্রথম ঋক্ তিন বার ও শেষ ঋক্ তিন বার পাঠ করিবে। তাহা হইলে তাহারা এগারটি হইবে। ত্রিষ্টুভের অক্ষর এগারটি এবং ত্রিষ্টুপ্‌ই ইন্দ্রের বজ্র। যে ইহা জানে, সে ইন্দ্র যাহাদের আশ্রয়, সেই ঋক্ সকলের দ্বারা সমৃদ্ধ হয়। প্রথমটিকে তিন বার ও শেষটিকে তিন বার পাঠ করা হয় ; তদ্দ্বারা যজ্ঞের [উভয় প্রান্তে] স্থিরতার জন্য, দৃঢ়তার জন্য ও শিথিলতা নিবারণের জন্য গ্রন্থি বন্ধন হয়।

তৃতীয় খণ্ড

অগ্নীষোমীয় পশু

যূপসম্বন্ধে প্রশ্ন—"তিষ্ঠেৎ···আহুঃ"

[ব্রহ্মবাদীরা] প্রশ্ন করেন, [কর্ম্মসমাপ্তির পর] যূপ [স্বস্থানে] থাকিবে, না উহাকে [অগ্নিতে] নিক্ষেপ করিবে ?

তাহার উত্তর—"তিষ্ঠেৎ···তিষ্ঠতি"

পশুকামী যজমানের যূপ [স্বস্থানে] থাকিবে। [পুরাকালে] পশুগণ অন্ন ভক্ষণের নিমিত্ত ও আলম্ভনের (বধের) নিমিত্ত দেবগণের নিকট উপস্থিত হয় নাই। তাহারা দূরে সরিয়া গিয়া পুনঃ পুনঃ বলিতে লাগিল, তোমরা আমাদিগকে বধ করিতে পাইবে না, আমাদিগকে [বধ করিতে পাইবে না]। তদনন্তর দেবগণ সেই বজ্রস্বরূপ যূপকে দেখিতে পাইলেন। সেই যূপকে ইহাদের জন্য উত্থাপিত করিলেন। সেই যূপ হইতে [পশুগণ] ভয় পাইল ও [দেবগণের] সমীপে ফিরিয়া আসিল। অদ্যাপি [সেই জন্য পশুগণ] সেই যূপের নিকটই ফিরিয়া আইসে। তদবধি পশুগণ অন্নভক্ষণ নিমিত্ত ও বধনিমিত্ত দেবগণের নিকট উপস্থিত হয়। যে যজমান ইহা জানে, এবং যে ইহা জানিয়া যূপ স্থাপন করে, তাহার নিকট পশুগণ অন্নভক্ষণ নিমিত্ত ও বধের নিমিত্ত উপস্থিত থাকে।

অন্যবিধ উত্তর—"অনু প্রহরেৎ···এষ্যতীতি"

স্বর্গকামী [যূপকে অগ্নিতে] নিক্ষেপ করিবে। পুরাকালীন যজমানগণ সেই যূপকে [কর্ম্মসমাপ্তির] পরে [অগ্নিতেই] নিক্ষেপ করিয়াছিলেন। [কেন না] যজমান যূপস্বরূপ, যজমানই প্রস্তরস্বরূপ ;[১] অগ্নি আবার দেবযোনি। [অতএব যূপকে অগ্নিতে নিক্ষেপ করিলে] সেই যজমান আহুতির সহিত দেবযোনি অগ্নি হইতে [দেবতারূপে] উৎপন্ন হইয়া হিরণ্ময় শরীর লাভ করিয়া ঊর্দ্ধমুখে স্বর্গলোকে গমন করিবে।

ইদানীন্তন যজমানের পক্ষে যূপের পরিবর্ত্তে স্বরুনিক্ষেপ ব্যবস্থা—"অথ···স্থানে"

---

(১) প্রস্তর—বেদির উপরে উত্তরমুখী দুইগাছি কুশের উপর পূর্ব্বমুখী করিয়া যে কুশমুষ্টি রাখা হয়, তাহার নাম প্রস্তর। এতদ্ভিন্ন পাত্রাদি রাখিবার জন্য বেদির উপর আরও তিনটি কুশমুষ্টি থাকে, তাহার নাম বর্হিঃ।

কিন্তু যে যজমানেরা সেই [পুরাকালীন] যজমানগণের অপেক্ষা অর্ব্বাচীন (আধুনিক), তাঁহারা যূপের খণ্ডস্বরূপ স্বরু (তন্নামক কাষ্ঠ)[২] দেখিয়াছিলেন ; তাঁহারা সেই সময়ে [যূপ নিক্ষেপ পরিবর্ত্তে] সেই স্বরু নিক্ষেপ করিবেন। [যূপের] নিক্ষেপে যে ফল হয়, তদ্দ্বারা (স্বরু নিক্ষেপেও) সেই ফল লব্ধ হয় ; সেই স্থানে (যূপেব স্থানে) [পশু-প্রাপ্তিরূপ] যে ফল হয়, তদ্দ্বারা সেই ফলও লব্ধ হয়।

অনন্তর অগ্নি ও সোমের উদ্দেশে পশুবধের বিধান—

"সর্ব্বাভ্যো বা…নিক্রীণীতে"

যে (যজমান) [সোমযাগে] দীক্ষিত হয়, সে সকল দেবতার নিকটে আপনাকে [পশুরূপে] আলম্ভনে প্রবৃত্ত হয়। অগ্নিই সকল দেবতা, সোমও সকল দেবতা ; সেই যজমান যে অগ্নির ও সোমের উদ্দিষ্ট পশু আলম্ভন করে, তদ্দ্বাবা সে সকল দেবতার নিকটেই আপনাকে নিষ্ক্রয় করে।

এতদ্দ্বারা আত্মপ্রতিনিধিরূপে বা মূল্যস্বরূপে পশু আলম্ভনের ব্যবস্থা হইল।[৩]

পশু স্থূল হওয়া আবশুক, যথা—"তদাহুঃ…সমর্দ্ধয়তি"

এ বিষয়ে [ব্রহ্মবাদীরা] বলেন, এই অগ্নীষোমীয় পশু দুই-রূপ-যুক্ত (বর্ণদ্বয়বিশিষ্ট) কর্ত্তব্য ; কেন না, ইহা দুই দেবতার উদ্দিষ্ট। কিন্তু ইহা (ব্রহ্মবাদীদের এই উক্তি) আদরণীয় নহে। [তবে পশু] পীবব (স্থূল) হওয়া কর্ত্তব্য। কেন না, পশুগণ [মেদোবৃদ্ধি হেতু] স্থূলই হইয়া থাকে, আর যজমানও [যজ্ঞদিনে স্বল্পাহার হেতু] কৃশ হইয়াই থাকেন। সেই জন্য পশু যদি স্থূল হয়, তাহা হইলে সে নিজের পুষ্টিদ্বারা যজমানকেই সমৃদ্ধ করে।

সে বিষয়ে পুনরায় বিচার—"তদাহুঃ…লীপ্সিতব্যং"

[ব্রহ্মবাদীরা আবার] এ বিষয়ে বলেন, অগ্নীষোমীয় পশুর [মাংস] ভক্ষণ করিবে না ; যে অগ্নীষোমীয় পশুর [মাংস] ভক্ষণ করে, সে পুরুষের (মনুষ্যের) [মাংসই] ভক্ষণ করে ; কেন না, যজমানই ঐ পশুদ্বারা আপনাকে নিষ্ক্রয় (প্রতিনিধিরূপে অর্পণ) করে। কিন্তু [ব্রহ্মবাদীদের] এই মত আদরণীয় নহে। এই যে অগ্নীষোমীয় [পশু],

(২) স্বরু—যূপ গঠনের সময় যে কাষ্ঠখণ্ড খণ্ডিত হয়, তাহার নাম স্বরু।

(৩) এ বিষয়ে শাখান্তরে প্রমাণ—"পুরা খলু বাবৈব মেধায়াত্মানমারভ্য চরন্তি যো দীক্ষতে যদগ্নীষোমীয়ং পশুমালভত আত্মনিক্রয়ণমেবাস্ত।"

ইহা বৃত্রহত্যানিমিত্তক আহুতিমাত্র। কেন না, ইন্দ্র অগ্নির ও সোমের সাহায্যেই বৃত্রকে বধ করিয়াছিলেন তাঁহারা (অগ্নি ও সোম) ইন্দ্রকে বলিয়াছিলেন, আমাদের সাহায্যেই তুমি বৃত্রকে বধ কবিয়াছ, তোমার নিকট বর প্রার্থনা কবিতেছি। [ইন্দ্র বলিলেন] প্রার্থনা কর। তাঁহারা সুত্যার (সোমযাগের শেষ কর্ম্ম সোমাভিষবের) পূর্ব্বদিনে [প্রদত্ত] সেই পশুকেই বব প্রার্থনা কবিযাছিলেন। [এই কাবণে] সেই পশু ইঁহাদের (অগ্নি ও সোমেব) বব স্বরূপে প্রার্থিত হওয়ায় ইঁহাদের উদ্দেশেই দত্ত হয়। সেই জন্য ইহাব [মাংস] ভক্ষণ করা কর্ত্তব্য এবং [সেই মাংস] লাভেব ইচ্ছাও কর্ত্তব্য।[৪]

চতুর্থ খণ্ড

আপ্রীসূক্ত

অগ্নীষোমীয় পশুযাগে একাদশটি প্রযাজ বিহিত হয়; সেই একাদশ প্রযাজের যাজ্যামন্ত্রসমূহের নাম আপ্রীসূক্ত;[১] যথা—"আপ্রীভিরাপ্রীণাতি"

আপ্রীসমূহেব দ্বারা [দেবতাগণের] প্রীতি জন্মান হয়।

---

(৪) শাখান্তরে প্রমাণ—"তস্মাদ্রাস্তং পুরুষনিষ্ক্রয়ণমথো খল্বাহুঃ অগ্নীষোমাভ্যাং বা ইন্দ্রো বৃত্রমহন্নিতি যদগ্নীষোমীয়ং পশুমালভতে বার্ত্রঘ্ন এবাস্য স তস্মাদাশ্যম্।"

(১) দর্শপূর্ণমাসাদি সাধারণ প্রকৃতি যজ্ঞে পাঁচটি প্রযাজ প্রধান যাগের পূর্ব্বে বিহিত হয়। প্রত্যেক বার হোমের সময় যাজ্যামন্ত্র পঠিত হয়। এই যাজ্যামন্ত্র সাধারণতঃ যজুর্মন্ত্র। "যে যজামহে" বলিয়া আরম্ভ করিয়া যাজ্যাপাঠের পর বষট্‌কার উচ্চারণ সময়ে অধ্বর্য্যু আহুতি দেন।

চাতুর্মাস্য ইষ্টিতে নয়টি প্রযাজের বিধান আছে। পশুযাগে পাঁচটির স্থানে এগারটি প্রযাজের বিধান হয়। ইহার যাজ্যামন্ত্রগুলি ঋঙ্মন্ত্র। যে যে সূক্তে ঐ সকল ঋঙ্মন্ত্র আছে, তাহাদের নাম আপ্রীসূক্ত। যজমানের গোত্রভেদে ভিন্ন ভিন্ন আপ্রীসূক্তের ব্যবস্থা আছে। ঋক্‌সংহিতায় সমুদয়ে দশটি আপ্রীসূক্ত আছে। আশ্বলায়নমতে শুনকগোত্রে আপ্রীসূক্ত "সমিদ্ধো অগ্নির্নিহিতঃ পৃথিব্যাম্" ইত্যাদি; বসিষ্ঠ গোত্রের আপ্রীসূক্ত "জুষস্ব নঃ সমিধম্" ইত্যাদি; অন্য সকলের আপ্রীসূক্ত "সমিদ্ধো অদ্য মনুষো দুরোণে" (আশ্ব. শ্রৌ. সূঃ, ৩।২)। আশ্বলায়নোক্ত মত ব্যতীত অন্য মতও আছে। তাহা পরে লিখিত হইয়াছে, ১০৫ পৃষ্ঠে ১৩ টীকা দেখ।

আপ্রীমন্ত্রের প্রশংসা—"তেজো বৈ…সমর্দ্ধয়তি"

আপ্রীসমূহই তেজ ও ব্রহ্মবর্চ্চস; তদ্দ্বারা যজমানকে তেজ দ্বারা ও ব্রহ্মবর্চ্চস দ্বারা সমৃদ্ধ করা হয়।

প্রথম প্রযাজ—"সমিধো…যজতি"

সমিধের (তন্নামক দেবতার) যজন হয় (সমিধের উদ্দেশে যাজ্যা পাঠ হয়)।

সমিৎ বলিতে অগ্নি ইন্ধনের কাষ্ঠ বুঝায়; এ স্থলে এই যাগের দেবতাই সমিৎ অথবা সমিদ্ধ অগ্নি। এই অনুষ্ঠানে অধ্বর্য্যু "সমিদ্ভ্যঃ প্রেষ্য" এই মন্ত্রে মৈত্রাবরুণ নামক ঋত্বিক্‌কে আহ্বান করেন। অধ্বর্য্যুপ্রেষিত মৈত্রাবরুণ "হোতাযক্ষদগ্নিং সমিধা" ইত্যাদি মন্ত্রে[২] হোতাকে আহ্বান করিলে পর হোতা সমিৎ দেবতার উদ্দেশে আপ্রীসূক্তের প্রথম মন্ত্র ("সমিদ্ধো অদ্য মনুষো" এই মন্ত্র) যাজ্যাস্বরূপ পাঠ করেন।[৩]

সমিৎ দেবতার প্রশংসা—"প্রাণ বৈ…দধাতি"

সমিৎ-সকলই প্রাণ; এই যাহা কিছু আছে, প্রাণই সেই সকলকে (শরীরজাত পদার্থকে) সমিন্ধন (প্রকাশ) করে। [সেই হেতু] এতদ্দ্বারা (সমিধের যজন দ্বারা) প্রাণসকলকেই প্রীত করা হয় ও যজমানে প্রাণেরই স্থাপনা হয়।

দ্বিতীয় প্রযাজের যাজ্যাবিধান—"তনূনপাতং…দধাতি"

তনূনপাতের (তন্নামক দেবতার উদ্দেশে যাজ্যাপাঠ দ্বারা) যজন হয়। প্রাণই তনূনপাৎ; সে (প্রাণ) তনু সকলকে (শরীরকে) পালন করে। এতদ্দ্বারা (এই যাজ্যা দ্বারা) প্রাণকেই প্রীত করা হয় ও যজমানে প্রাণেরই স্থাপনা হয়।

---

(২) মৈত্রাবরুণপাঠ্য সম্পূর্ণ প্রৈষমন্ত্র "হোতা যক্ষদগ্নিং সমিধা সুষমিধা সমিদ্ধং নাভা পৃথিব্যাঃ সঙ্গথে বামস্ত বর্ষ্মন্ দিব ইড়স্পদে বেতু আজ্যস্য হোতর্যজ।"

(৩) এই মন্ত্রটি ঋগ্বেদসংহিতায় ১০ মণ্ডলের ১১০ সূক্তের প্রথম মন্ত্র। উহার ঋষি জমদগ্নি বা তৎপুত্র রাম। আশ্বলায়নমতে শৌনক ও বাসিষ্ঠ, এই দুই গোত্র ব্যতীত অন্য সকলের পক্ষে এই সূক্তই আপ্রীসূক্ত। ইহাতে যে এগারটি মন্ত্র আছে, তাহাই ক্রমান্বয়ে এগার প্রযাজের যাজ্যা হইবে। ঐ সূক্তের প্রথম মন্ত্রটি এই—

"সমিদ্ধো অদ্য মনুষো দুরোণে দেবো দেবান্ যজসি জাতবেদঃ।
আ চ বহ মিত্রমহশ্চিকিত্বান্ ত্বং দূতঃ কবিরসি প্রচেতাঃ ॥" (১০।১১০।১)

এবারও পূর্ব্বের মত অধ্বর্য্যুপ্রেষিত মৈত্রাবরুণ "হোতা যক্ষৎ তনূনপাতম্" ইত্যাদি প্রৈষমন্ত্র[৪] পাঠ করিলে হোতা আপ্রীসূক্তের দ্বিতীয় মন্ত্র[৫] যাজ্যাস্বরূপে পাঠ করেন। কিন্তু এই দ্বিতীয় যাজ্যা বিষয়ে যজমানভেদে মতভেদ আছে। বসিষ্ঠ, শুনক, অত্রি, বধ্র্যশ্ব, এই চারি গোত্রে উৎপন্ন যজমানের পক্ষে ও ক্ষত্রিয় যজমানের পক্ষে দ্বিতীয় প্রযাজের দেবতা নরাশংস ও তজ্জন্য তাঁহাদের যাজ্যামন্ত্রও ভিন্ন; অন্য সকলের পক্ষে দেবতা তনূনপাৎ। এক্ষণে সেই মতান্তরের উল্লেখ হইতেছে—"নরাশংসং···দধাতি"

নরাশংসের যজন হয়। প্রজাই নর ও বাক্যই শংস (প্রশংসা বা স্তুতি); এতদ্দ্বারা প্রজাকে ও বাক্যকে প্রীত করা হয় ও যজমানে প্রজার ও বাক্যের স্থাপনা হয়।

নরাশংস যজনপক্ষে প্রৈষমন্ত্র ও যাজ্যামন্ত্র[৬] ভিন্ন। তৃতীয় প্রযাজের দেবতা—"ইড়ো···দধাতি"

ইড়ের যজন হয়। অন্নই ইড়ঃ; এতদ্দ্বারা অন্নকেই প্রীত করা হয় ও যজমানে অন্নের স্থাপনা হয়।[৭]

চতুর্থ প্রযাজের দেবতা—"বর্হিঃ···দধাতি"

---

(৪) সম্পূর্ণ প্রৈষমন্ত্র—

"হোতা যক্ষত্তনূনপাতমদিতের্গর্ভং ভুবনস্য গোপাম্।

মধ্বাদ্য দেবো দেবেভ্যো দেবযানান্ পথো অনক্তু বেত্বাজ্যস্য হোতর্যজ।"

এইরূপ অন্যান্য পরবর্ত্তী প্রযাজেরও প্রৈষমন্ত্র আছে। বাহুল্যভয়ে সে সকল টীকায় দেওয়া হইল না। কেবল সাধারণ পক্ষে প্রযোজ্য আপ্রীমন্ত্র (যাজ্যামন্ত্র)গুলি দিয়ে দেওয়া গেল।

(৫) আপ্রীসূক্তের দ্বিতীয় মন্ত্র—

"তনূনপাৎ পথ ঋতস্য যানান্ মধ্বা সমঞ্জন্ স্বদয়া সুজিহ্ব।

মন্মানি ধীভিরুত যজ্ঞমৃন্ধন্ দেবত্রা চ কৃণুহ্যধ্বরং নঃ।" (১০।১১০।২)

(৬) বাসিষ্ঠাদির পক্ষে বিহিত দ্বিতীয় যাজ্যামন্ত্র—

"নরাশংসমিহ প্রিয়মস্মিন্ যজ্ঞ উপহ্বয়ে।

মধুজিহ্বং হবিষ্কৃতম্।" (১।১৩।৩)

(৭) যাজ্যার উদাহরণ—

"আজুহ্বান ঈড্যো বন্দ্যশ্চ আয়াহি অগ্নে বসুভিঃ সজোষাঃ।

ত্বং দেবানামসি যহ্ব হোতা স এনান্ যক্ষীষিতো যজীয়ান্।" (১০।১১০।৩)

বর্হির যজন হয়। পশুগণই বর্হির স্বরূপ ; এতদ্দ্বারা পশুগণকে প্রীত করা হয় ও যজমানে পশুগণের স্থাপনা হয়।[৮]

পঞ্চম প্রযাজের দেবতা—"দুরো…দধাতি"

দুরো-(দ্বার)-দেবতার যজন হয়। বৃষ্টিই দুরঃ-স্বরূপ ; এতদ্দ্বারা বৃষ্টিকে প্রীত করা হয় এবং যজমানে বৃষ্টির ও অন্নের স্থাপনা হয়।[৯]

ষষ্ঠ প্রযাজের দেবতা—"উষাসানক্তা…দধাতি"

উষাসানক্তার যজন হয়। অহোরাত্রই উষাসানক্তা (উষা ও নক্ত অর্থাৎ রাত্রি) ; এতদ্দ্বারা অহোরাত্রকে প্রীত করা হয় ও যজমানকে অহোরাত্রে স্থাপন করা হয়।[১০]

সপ্তম প্রযাজের দেবতা—"দৈব্যা হোতারা…দধাতি"

দৈব্য হোতার নামক দেবদ্বয়ের যজন হয়। প্রাণ ও অপানই দৈব্য হোতার ; এতদ্দ্বারা প্রাণকে ও অপানকেই প্রীত করা হয় ও যজমানে প্রাণের ও অপানের স্থাপনা হয়।[১১]

অগ্নি, বরুণ, আদিত্য, এই তিনের মধ্যে কোন দুই জন দৈব্য হোতার। অষ্টম প্রযাজের দেবতা—"তিস্রো দেবীঃ…দধাতি"

তিন দেবীর যজন হয়। প্রাণ, অপান এবং ব্যানই তিন দেবী ; এতদ্দ্বারা তাহাদিগকেই প্রীত করা হয় ও যজমানে তাহাদেরই স্থাপনা হয়।[১২]

ইড়া, সরস্বতী ও ভারতী, এই তিন দেবী। নবম প্রযাজের দেবতা—"ত্বষ্টারং… দধাতি"

---

(৮) "প্রাচীনং বর্হিঃ প্রদিশা পৃথিব্যা বস্তোরস্যা বৃজ্যতে অগ্রে অহ্নাম্।
ব্যু প্রথতে বিতরং বরীয়ো দেবেভ্যো অদিতয়ে স্যোনম্।" (১০।১১০।৪)

(৯) "ব্যচস্বতীরুর্বিয়া বিশ্রয়ন্তাং পতিভ্যো ন জনয়ঃ শুম্ভমানাঃ।
দেবীর্দ্বারো বৃহতীর্বিশ্বমিন্বা দেবেভ্যো ভবত সুপ্রায়ণাঃ।" (১০।১১০।৫)

(১০) "আ সুষ্বয়ন্তী যজতে উপাকে উষাসানক্তা সদতাং নি যোনৌ।
দিব্যে যোষণে বৃহতী সুরুক্মে অধিশ্রিয়ং শুক্রপিশং দধানে।" (১০।১১০।৬)

(১১) "দৈব্যা হোতারা প্রথমা সুবাচা মিমানা যজ্ঞং মনুষো যজধ্যৈ।
প্রচোদয়ন্তা বিদথেষু কারূ প্রাচীনং জ্যোতিঃ প্রদিশা দিশন্তা।" (১০।১১০।৭)

(১২) "আ নো যজ্ঞং ভারতী তূয়মেত্বিড়া মনুষ্বদিহ চেতয়ন্তী।
তিস্রো দেবীর্বর্হিরেদং স্যোনং সরস্বতী স্বপসঃ সদন্তু।" (১০।১১০।৮)

ত্বষ্টার যজন হয়। বাক্যই ত্বষ্টা, বাক্যই এই সমস্ত [জগৎ] গঠন করে; এতদ্দ্বারা বাক্যকেই প্রীত করা হয় এবং যজমানে বাক্যেরই স্থাপনা হয়।[১৩]

দশম প্রযাজের দেবতা—"বনস্পতি,...দধাতি"

বনস্পতির যজন হয়। প্রাণই বনস্পতি; এতদ্দ্বারা প্রাণকেই প্রীত করা হয় ও যজমানে প্রাণেরই স্থাপনা হয়।[১৪]

একাদশ প্রযাজের দেবতা "স্বাহাকৃতীঃ...প্রতিষ্ঠাপয়তি"

স্বাহাকৃতিগণের যজন হয়। প্রতিষ্ঠাই স্বাহাকৃতি; এতদ্দ্বারা যজ্ঞকে শেষকালে প্রতিষ্ঠায় প্রতিষ্ঠিত করা হয়।[১৫]

শেষ প্রযাজের আহুতিসমাপ্তির পর সকল প্রযাজের উদ্দিষ্ট দেবগণের নাম করিয়া স্বাহাকার (স্বাহা উচ্চারণ) হয়। এই হেতু স্বাহাকৃতিগণ বলিতে বিশ্বদেবগণ বুঝাইতে পারে। এতদ্দ্বারা যজ্ঞের শেষকালে প্রতিষ্ঠা সম্পাদিত হয়।

অধিকারিভেদে অন্য আপ্রীসূক্তেরও বিধান আছে, যথা "তাভিঃ...নোৎসৃজতি"

[গোত্রপ্রবর্তক] ঋষি অনুসারে সেই সকল (আপ্রীমন্ত্র) দ্বারা প্রীত করিবে। ঋষি অনুসারে যে আপ্রী পাঠ হয়, এতদ্দ্বারা যজমানকে [সেই সেই ঋষির] বন্ধুতা (গোত্রগত সম্বন্ধ) হইতে বাহির করা হয় না।

যজমান আপন গোত্রপ্রবর্তক ঋষিভেদে বিভিন্ন আপ্রী ব্যবহার করিতে পারেন; এরূপ করিলে সেই ঋষির সহিত তাঁহার সম্বন্ধ অবিচ্ছিন্ন থাকে।[১৬]

---

(১৩) "য ইমে দ্যাবাপৃথিবী জনিত্রী রূপৈরপিংশদ্ ভুবনানি বিশ্বা।
তমদ্য হোতরিষিতো যজীয়ান্ দেবং ত্বষ্টারমিহ যক্ষি বিদ্বান্।" (১০।১১০।৯)

(১৪) "উপাবসৃজ ত্মন্যা সমঞ্জন্ দেবানাং পাথ ঋতুথা হবীংষি।
বনস্পতিঃ শমিতা দেবো অগ্নিঃ স্বদন্তু হব্যং মধুনা ঘৃতেন।" (১০।১১০।১০)

(১৫) "সদ্যো জাতো ব্যমিমীত যজ্ঞমগ্নির্দেবানামভবৎ পুরোগাঃ।
অস্য হোতুঃ প্রদিশি ঋতস্য বাচি স্বাহাকৃতং হবিরদন্তু দেবাঃ।" (১০।১১০।১১)

(১৬) আশ্বলায়নোক্ত উক্ত মত ব্যতীত যজমানের গোত্রপ্রবর্তক ঋষিভেদে অন্যান্য আপ্রীসূক্ত প্রয়োগের বিধান আছে। যথা কণ্বপক্ষে "সুসমিদ্ধো ন আবহ" (১।১৩), অঙ্গিরার পক্ষে "সমিদ্ধো অগ্ন আবহ" (১।১৪২), অগস্ত্যপক্ষে "সমিদ্ধো অদ্য রাজসি" (১।১৮৮), শুনকপক্ষে "সমিদ্ধো অগ্নির্নিহিতঃ" (২।৩), বিশ্বামিত্রপক্ষে "সমিৎ সমিৎ সুমনা" (৩।৪), অত্রিপক্ষে "সুসমিদ্ধায় শোচিষে" (৫।৫), বসিষ্ঠপক্ষে "জুষস্ব নঃ সমিধম্" (৭।২), কশ্যপপক্ষে "সমিদ্ধো বিশ্বতস্পতিঃ" (৯।৫), বধ্র্যশ্বপক্ষে "ইমাং মে অগ্নে সমিধং জুষস্ব" (১০।৭০), জমদগ্নিপক্ষে "সমিদ্ধো অদ্য মনুষো দুরোণে" (১০।১১০); (গার্গ্যনারায়ণ-কৃত আঃ শ্রৌঃ সূত্রবৃত্তি)।

পঞ্চম খণ্ড

পর্য্যগ্নিকরণ

আপ্রী মন্ত্র দ্বারা প্রযাজবিধানের পর পর্য্যগ্নিকরণ। এই কর্ম্মে আগ্নীধ্র নামক ঋত্বিক্ আহবনীয় হইতে অগ্নি লইয়া তিন বার অগ্নীষোমীয় পশুকে প্রদক্ষিণ করেন। তদ্বিষয়ে প্রৈষমন্ত্র—"পর্য্যগ্নয়ে···অধ্বর্য্যুঃ"

পবিক্রিয়মাণ অগ্নিব অনুকূল মন্ত্র পাঠ কব, অধ্বর্য্যু [মৈত্রাবরুণকে] এই প্রৈষমন্ত্র বলেন।

হোতার সহকারী মৈত্রাবরুণ পর্য্যগ্নিকবণেব অনুবচন পাঠ কবেন। মৈত্রাবরুণ-পাঠ্য ঋক্ত্রয়—"অগ্নির্হোতা···সমর্দ্ধয়তি"

"অগ্নির্হোতা নো অধ্যবত"[1] ইত্যাদি অগ্নিদৈবত গায়ত্রী ঋক্ তিনটি পর্য্যগ্নিকবণ কর্ম্মে (পশুব চাবি দিকে অগ্নিভ্রামণ কালে) পাঠ কবিবে। এতদ্দাবা আপনাবই দেবতা ও আপনাবই ছন্দ দ্বাবা ইহাকে সমৃদ্ধ কবা হয়।

গায়ত্রী অগ্নির ছন্দ, এ বিষয়ে পূর্ব্বে দেখ।

প্রথম ঋকেব দ্বিতীয় চবণের ব্যাখ্যা—"বাজী···পবিণয়ন্তি"

"বাজী সন্ পবিণীয়তে"—এতদ্দাবা ইহাকে (অগ্নিকে) বাজী (অন্নযুক্ত) কবিয়া পবিণয়ন (পশুর চতুর্দ্দিকে ভ্রমণ কবান) হয়।

দ্বিতীয় ঋকের পূর্ব্বার্দ্ধেব ব্যাখ্যা—"পরিত্রিবিষ্ট্যধ্বরং···পরিযাতি"

"পবিত্রিবিষ্ট্যধ্ববং যাত্যগ্নী বথীবিব"—ইহাব অর্থ এই যে, অগ্নি বথীব মত অধ্ববেব (যজ্ঞেব) চতুর্দ্দিকে গমন কবেন।

তৃতীয় ঋকের প্রথম চরণের ব্যাখ্যা—"পরি বাজপতিঃ···পতিঃ"

"পরি বাজপতিঃ কবিঃ" এ স্থলে এই অগ্নিই বাজপতি (অন্নপতি)।

তৎপরে অধ্বর্য্যু পুনরায় মৈত্রাবরুণকে প্রৈষমন্ত্র দ্বারা আহ্বান করিবেন এবং অধ্বর্য্যুপ্রেষিত মৈত্রাবরুণ হোতাকে প্রৈষমন্ত্র দ্বারা আহ্বান করিবেন। অধ্বর্য্যুপঠিত মৈত্রাবরুণোদ্দিষ্ট প্রৈষমন্ত্র—"অতঃ···অধ্বর্য্যুঃ"

অনন্তর (পর্য্যগ্নিকরণে অনুবচন পাঠের পর), অহে হোতা, তুমি দেবগণের উদ্দেশে হবির প্রেরণ কর,—এই [প্রৈষমন্ত্র] অধ্বর্য্যু [মৈত্রাবরুণকে] বলিবেন।

---

(১) ৪।১৫।১—৩।

মৈত্রাবরুণ হোতার সহকারী ; এজন্য এ স্থলে তাঁহাকে হোতা বলিয়া সম্বোধনে দোষ হইল না। এ বিষয়ে ব্রহ্মবাদীদের আপত্তি পরে দেখ। অনন্তর অধ্বর্য্যুপ্রেষিত মৈত্রাবরুণ হোতাকে লক্ষ্য করিয়া যে প্রৈষমন্ত্র বলিবেন, তাহার নাম উপপ্রৈষ, যথা—"অজৈৎ...প্রতিপদ্যতে"

"অজৈদগ্নিরসনদ্বাজম্"—অগ্নি জয় হউক, তিনি বাজ (অন্ন) দান করুন—মৈত্রাবরুণ [হোতাকে] এই উপপ্রৈষ বলিবেন।

অধ্বর্য্যুপঠিত মন্ত্রে হোতাকেই সম্বোধন হইয়াছে ; এ বিষয়ে ব্রহ্মবাদীদের আপত্তি "তদাহুঃ...ইতি"

এ বিষয়ে [ব্রহ্মবাদীরা] বলেন, যখন অধ্বর্য্যু হোতাকেই উপপ্রেষণ করেন, তবে মৈত্রাবরুণকে কেন উপপ্রৈষ মন্ত্র বলিতে হয় ?

ইহার উত্তর—"মনো বৈ...সম্পাদয়তি"

মৈত্রাবরুণই যজ্ঞের মনের স্বরূপ, হোতা যজ্ঞের বাক্ [-ইন্দ্রিয়-] স্বরূপ ; বাগিন্দ্রিয় মন কর্ত্তৃক প্রেষিত (প্রেরিত) হইয়াই কথা কহে। [লোকে] অন্যমনস্ক হইয়া যে বাক্য বলে, সেই বাক্য অসুরগণের প্রিয়, দেবগণের প্রিয় নহে। সেই নিমিত্ত মৈত্রাবরুণ যে উপপ্রৈষ পাঠ করেন, তাহাতে মনের দ্বারা [প্রেরিত হইয়াই] বাক্য বলা হয় ; মন কর্ত্তৃক প্রেরিত সেই বাক্যদ্বারা দেবগণের উদ্দেশে আহুতি সম্পাদন করা হয়।

ষষ্ঠ খণ্ড

অধ্রিগুপ্রৈষ

অধ্বর্য্যু-প্রেষিত মৈত্রাবরুণ উক্ত প্রৈষমন্ত্র দ্বারা হোতাকে অনুজ্ঞা করিলে, মৈত্রাবরুণ-প্রেষিত হোতা আবার অধ্রিগু-প্রৈষদ্বারা পশুবধকর্ত্তাকে অনুজ্ঞা করেন। অধ্রিগু শব্দের অর্থ পশুবিশসন-(বধ)-কর্ত্তা দেবতা। এ স্থলে পশুহত্যাকারী মনুষ্যের প্রতি উক্ত প্রৈষমন্ত্র প্রযুক্ত হয়। উক্ত অধ্রিগু-প্রৈষমন্ত্রের প্রথমাংশ, যথা—"দৈব্যাঃ... ইত্যাহ"

"অহে দেবরূপী শমিতৃগণ (পশুহত্যাকারিগণ), [পশুবধ] কর ; আর মনুষ্যরূপী [শমিতৃগণ, তোমরাও আরম্ভ কর]"—এই মন্ত্র [হোতা] পাঠ করিবেন।

ঐ মন্ত্রের ব্যাখ্যা—"যে চৈব...সংশাস্তি"

যাঁহারা দেবগণমধ্যে শমিতা (পশুঘাতক) ও যাঁহারা মনুষ্যগণমধ্যে শমিতা, তাঁহাদের উভয়কেই এতদ্দ্বারা [বধ কর্ম্মে] প্রেরণ করা হয়।

ঐ মন্ত্রের পরবর্ত্তী অংশ—"উপনয়ত...সমর্দ্ধয়তি"

মেধপতিদ্বয়ের (যজ্ঞস্বামী যজমানের ও তৎপত্নীর) **জন্য যজ্ঞকে** প্রার্থনা করিয়া "মেধ্য (যজ্ঞে ব্যবহার্য্য) দ্বার (উপায় অর্থাৎ পশুহত্যার) অস্ত্রাদি [যূপের নিকট] লইয়া আইস"—এই বাক্যে পশুই মেধ ও যজমানই মেধপতি ; এতদ্দ্বারা যজমানকেই আপনার মেধদ্বারা (যজ্ঞভাগ দ্বারা) সমৃদ্ধ করা হয়।

এ স্থলে মেধপতি শব্দে যজমানকে না বুঝাইয়া যজ্ঞপতি দেবতাকেও বুঝাইতে পারে, যথা—"অথো খলু...স্থিতম্"

এ বিষয়ে [ব্রহ্মবাদীরা] বলেন, যে দেবতার উদ্দেশে পশুর হত্যা হয়, তিনিই মেধপতি। তাহা হইলে সেই পশু যদি এক দেবতার উদ্দিষ্ট হয়, তাহা হইলে [ঐ মন্ত্রে "মেধপতিভ্যাং" না বলিয়া] "মেধপতয়ে" ইহাই বলিবে, যদি দুই দেবতার উদ্দিষ্ট হয়, তাহা হইলে "মেধপতিভ্যাং" বলিবে; যদি বহুদেবতার উদ্দিষ্ট হয়, তবে "মেধপতিভ্যঃ" বলিবে, ইহাই স্থির।

মন্ত্রের পরবর্ত্তী অংশ বিষয়ে আখ্যায়িকা—"প্রাস্মা...পুরস্তাদ্ধরন্তি"

["হে শমিতৃগণ] এই পশুর জন্য অগ্নিকে প্রথমে লইয়া যাও"—এই বাক্যের তাৎপর্য্য—[পুরাকালে বধদেশে] নীয়মান পশু মৃত্যু সম্মুখে দেখিয়াছিল; সেই পশু দেবগণের পশ্চাৎ যাইতে চাহে নাই ; [তখন] দেবগণ তাঁহাকে বলিলেন, আইস, তোমার সহিত আমরা স্বর্গেই যাইব; সে বলিয়াছিল, তাহাই হউক, (তবে) তোমাদের মধ্যে একজন আমার সম্মুখে (অগ্রে) চল, তাহাই হউক, বলিয়া অগ্নি তাহার অগ্রে গমন করিয়াছিলেন; সেও তাঁহার পশ্চাৎ চলিয়াছিল। এই জন্য বলা হয়, পশুগণ অগ্নিসম্বন্ধী, কেন না, পশু অগ্নির পশ্চাৎই চলিয়াছিল। এই জন্য [এই কর্ম্মে] ইহার (বধ্য পশুর) সম্মুখে অগ্নিকে লইয়া যাওয়া হয়।

মন্ত্রের পরবর্ত্তী অংশের ব্যাখ্যা—"স্তৃণীত...করোতি"

["বধস্থানে নীত পশুর নিম্নে] বর্হিঃ (কুশ) আস্তীর্ণ কর"—এই বাক্যে পশুকে সমস্ত-ওষধি-আত্মক করা হয়, কেন না, পশু ওষধি-আত্মক।

ওষধি (কুশাদি তৃণ) খাইয়া বর্দ্ধিত হয় বলিয়া, পশু ওষধি-আত্মক। মন্ত্রের পরবর্তী অংশের ব্যাখ্যা—"অন্বেনং...আলভন্তে"

"এই পশুকে (ইহার বধে) [ইহার] মাতা অনুমতি দিক, পিতা অনুমতি দিক, সহোদর ভ্রাতা অনুমতি দিক, সখা ও একযূথবর্ত্তী [অন্য পশু] অনুমতি দিক"—এই বাক্যে তাহার জন্মসম্পর্কযুক্ত-[অন্য পশু]-গণেরও অনুমতি লইয়া ইহার আলম্ভন (বধ) হয়।

তৎপরবর্ত্তী ভাগের ব্যাখ্যা—"উদীচীনাং অস্য...আদধাতি"

"ইহার পা উত্তরদিক্ আশ্রয় করুক, চক্ষু সূর্য্যকে প্রাপ্ত হউক, প্রাণ বায়ুকে, জীবন অন্তরিক্ষকে, শ্রোত্র দিক্‌সমূহকে ও শরীর পৃথিবীকে আশ্রয় করুক"—এই বাক্যে ইহাকে ঐ সকল স্থানে স্থাপন করা হয়।

তৎপরভাগের ব্যাখ্যা—"একধা...দধাতি"

"ইহার ত্বক্ একভাবে [অবিচ্ছিন্নভাবে] ছিন্ন কর, ছেদনের পূর্ব্বে নাভি হইতে বপা (মেদ) পৃথক্ কর, প্রশ্বাসকে ভিতরেই নিবারণ কর (শ্বাসরোধ করিয়া বধ কর)"—এই বাক্যে পশুসমূহেই প্রাণসকলের স্থাপনা হয়।

তৎপরভাগের ব্যাখ্যা—"শ্যেনমস্য...প্রীণাতি"

"ইহার বক্ষ শ্যেনের (পক্ষীর) আকৃতিযুক্ত কর (সেইরূপে ছিন্ন কর), বাহুদ্বয় উত্তমরূপে ছিন্ন কর, প্রকোষ্ঠদ্বয় শলাকাকার কর, অংসদ্বয় কচ্ছপাকার কর, শ্রোণিদ্বয় অচ্ছিদ্র কর, উরুদ্বয় কবষের (ঢালের) মত ও উরুমূল করবীরপত্রের মত কর, ইহার পার্শ্বাস্থি ছাব্বিশখানি, সেগুলি পর পর পৃথক্ কর, সমস্ত গাত্র অবিকল [ছিন্ন] কর"—এই বাক্যে ইহার সমস্ত অঙ্গ ও গাত্রকে প্রীত করা হয়।

শেষ ভাগের ব্যাখ্যা—"উবধ্যগোহং...প্রতিষ্ঠাপয়তি"

"ইহার পুরীষ গোপনের জন্য স্থান (গর্ত্ত) পৃথিবীতে (ভূমিতে) খনন কর"—এই বাক্যে এই উবধ্য (পুরীষ) ওষধি-সম্বন্ধী (ভক্ষিত তৃণাদির বিকার), এবং এই পৃথিবী ওষধিসকলের স্থান ; অতএব এতদ্দ্বারা এই পুরীষকে শেষে (পশুবধান্তে) আপনার স্থানেই স্থাপিত করা হয়।

সপ্তম খণ্ড

অধ্রিগু-প্রৈষমন্ত্র

অধ্রিগু-প্রৈষমন্ত্রের পরবর্ত্তিভাগের ব্যাখ্যা—"অস্না রক্ষঃ···নিরবদয়তে"

"রুধিরের সহিত রাক্ষসগণের যোজনা কর"—ইহা [হোতা] বলিবেন। [পুরাকালে] দেবগণ তুষ দ্বারা ও তণ্ডুলাংশ দ্বারা (ক্ষুদ দ্বারা) [তৃপ্ত করিয়া] রাক্ষসগণকে [দর্শপূর্ণমাসাদি] যজ্ঞসমূহ হইতে (যজ্ঞের হবির্ভাগ হইতে) ও রুধির দ্বারা মহাযজ্ঞ (জ্যোতিষ্টোম) হইতে বঞ্চিত করিয়াছিলেন ; সেই হোতা যখন "রুধিরের সহিত রাক্ষসগণের যোজনা কর" এই [মন্ত্রাংশ] পাঠ করেন, তখন রাক্ষসদিগকে তাহাদের নির্দোচিত যজ্ঞভাগ দ্বারাই যজ্ঞ হইতে অপসারিত করা হয়।

রাক্ষসেরা তুষ ও ক্ষুদ এবং পশুরক্ত পাইয়াই চলিয়া গিয়াছিল, পুরোডাশের বা পশুমাংসের অপেক্ষা করে নাই। সেই জন্য ঐ মন্ত্র পাঠ করিলে রাক্ষসেরা এ স্থলেও রুধিরতৃপ্ত হইয়াই চলিয়া যাইবে ; পশুমাংসের লোভে যজ্ঞের বিঘ্ন জন্মাইবে না।

ঐ মন্ত্র সম্বন্ধে আপত্তি ও তাহার খণ্ডন—"তদাহুঃ···এনমিতি"

এ বিষয়ে [ব্রহ্মবাদীরা] বলেন (আপত্তি করেন), যজ্ঞে রাক্ষসের নাম করিবে না, কোন রাক্ষসেরই (রাক্ষসজাতীয় অসুর-পিশাচাদিরও) নাম করিবে না ; কেন না, যজ্ঞে রাক্ষসেরা বর্জ্জিত (রাক্ষসাদির যজ্ঞে ভাগ নাই, দেবতাদেরই ভাগ আছে)। সেই [আপত্তি] সম্বন্ধে [অন্য ব্রহ্মবাদীরা] বলেন, [এ স্থলে রাক্ষসের] নাম করিতেই হইবে ; কেন না, যে ব্যক্তি ভাগীকে ভাগ হইতে বঞ্চিত করে, সেই [বঞ্চিত ব্যক্তি] তাহাকে (বঞ্চনাকারীকে) বিনাশ করে, যদি বা তাহাকে বিনাশ না করিতে পারে, তবে পরে তাহার পুত্রকে বিনাশ করে, অথবা [পুত্রকে না পারিলে] পৌত্রকে বিনাশ করে ; [কোন না কোনরূপে] তাহাকে নষ্ট করেই।

মৃদুস্বরে ঐ মন্ত্রাংশ উচ্চারণ করা উচিত, যথা—"স যদি···এবং বেদ"

সেই [হোতাকে] যদি [রাক্ষসের] নাম করিতেই হয়, তবে উপাংশুভাবেই (মৃদুস্বরেই) নাম করিবে ; কেন না, যে বাক্য উপাংশু (মৃদু উচ্চারিত), তাহা প্রচ্ছন্ন (অন্যের অশ্রুত) থাকে ; আর এই যে [যজ্ঞস্থলবিহারী] রাক্ষসগণ, ইহারাও প্রচ্ছন্ন [-বিচরণশীল]। অপিচ

যদি উচ্চৈঃস্বরে নাম করা হয়, তাহা হইলে যে ব্যক্তি এই রাক্ষসোচিত (উচ্চৈঃস্ববে উচ্চারিত) বাক্য বলে, সে বাক্ষসী ভাষা উৎপাদনে সমর্থ হয় , কেন না, দৃপ্ত লোকে যে [উচ্চ] বাক্য বলে, উন্মত্ত লোকে যে [উচ্চ] বাক্য বলে, তাহা বাক্ষসোচিত বাক্য। যে ইহা জানে, সে স্বয়ং দৃপ্ত হয না, এবং তাহাব পুত্রাদিও কেহ দৃপ্ত হয় না।

মন্ত্রেব পববর্ত্তী ভাগ—"বনিষ্টু মস্ত···পরিদদাতি"

"অহে শমিতৃগণ, বপাব সমীপবর্ত্তী মাংসখণ্ডকে উলূকাকৃতি (পেচকাকৃতি) জানিয়া [অন্য আকারে] ছেদন কবিও না (উলূকাকারেই ছেদন কব) , [এইরূপ কবিলে] তোমাব পুত্র পৌত্র কাহাকেও বোদন করিতে হইবে না"—এই বাক্যে দেবগণ মধ্যে ও মনুষ্যগণ মধ্যে যাহাবা শমিতা (পশুহন্তা), তাহাদেব উদ্দেশেই সেই মাংসখণ্ড দান কবা হয়।

মন্ত্রেব শেষভাগ—"অধ্রিগো···সংপ্রযচ্ছতি"

"অধ্রিগু, তোমবা পশুকে হনন কব—সুষ্ঠুভাবে (যথাশাস্ত্র) হনন কব,—অহে অধ্রিগু, হনন কব"—এই বাক্য তিন বাব বলিবে। [তৎপবে তিন বাব] "অপাপ" বলিবে। যিনি দেবগণেব মধ্যে শমিতা (পশুহন্তা), তিনিই অধ্রিগু , ও যিনি নিগ্রহকর্ত্তা, তিনি অপাপ। এই বাক্যে শমিতৃগণেব উদ্দেশে ও নিগ্রহকর্ত্তাদেব উদ্দেশে সেই পশুকে (হননেব জন্য) দেওযা হয়।

অধ্রিগু প্রৈষপাঠান্তব জপমন্ত্রপাঠ—"শমিতারো···য এবং বেদ"

"হে শমিতৃগণ, এই কর্ম্মে যে সুকৃত হইল, তাহা আমাদিগেব উপবে ও যে দুষ্কৃত হইল, তাহা অন্যেব উপবে [অর্পিত হউক]" এই মন্ত্র বলিবে। অগ্নিই দেবগণেব হোতা ছিলেন—তিনি এই বাক্য (অধ্রিগু-প্রৈষমন্ত্র) দ্বারা এই পশুকে বধ কবিয়াছিলেন, এই জন্য হোতাও সেই বাক্য দ্বারা ইহাকে বধ কবেন। এতদ্দাবা [পশুব] সম্মুখভাগে যে ছেদন করা হয় ও পশ্চাদ্ভাগে যে ছেদন করা হয়, যাহা [শাস্ত্রবিধান অপেক্ষা] অতিবিক্ত করা হয় বা যাহা [তদপেক্ষা] অল্প কবা হয়, তাহা সমস্তই শমিতাদিগকে ও নিগ্রহকর্ত্তাদিগকেই জানান হয়। [এই মন্ত্রপাঠে] হোতাও মঙ্গল দ্বারা [পাপ হইতে] মুক্ত হন ও পূর্ণ আয়ুঃ লাভ করেন ও [যজমানেরও] পূর্ণায়ুষ্কতালাভ ঘটে। যে ইহা জানে, সে পূর্ণ আয়ু লাভ কবে।

অষ্টম খণ্ড

পশুসম্বন্ধে আখ্যায়িকা

অদ্রিগুপ্রৈষের পর পুরোডাশ বিধানের পূর্ব্বে আখ্যায়িকা—"পুরুষং বৈ... নাম্নীয়াৎ"

[পুরাকালে] দেবগণ পুরুষকে (মনুষ্যকে) পশুরূপে আলম্ভন (যজ্ঞে হনন) করিতে উদ্যত হইয়াছিলেন। সেই হননোদ্যুক্ত পুরুষ হইতে যজ্ঞভাগ পলায়ন করিল ও অশ্বে প্রবেশ করিল। সেই জন্য অশ্ব যজ্ঞযোগ্য হইল। অনন্তর যজ্ঞভাগ কর্ত্তৃক পরিত্যক্ত সেই পুরুষকে দেবগণ সম্পূর্ণরূপে বর্জ্জন করিলেন; সেই পুরুষ [তখন] কিম্পুরুষ হইল।

তাঁহারা অশ্বের আলম্ভনে উদ্যত হইলেন। সেই হননোদ্যুক্ত অশ্ব হইতে যজ্ঞভাগ পলায়ন করিল ও গরুতে প্রবেশ করিল। সেই হইতে গরু যজ্ঞের যোগ্য হইল। দেবগণ সেই যজ্ঞভাগ কর্ত্তৃক পরিত্যক্ত অশ্বকে বর্জ্জন করিলেন; সেই অশ্ব [তখন] গৌর-মৃগ হইল।

তাঁহারা গরুর আলম্ভনে উদ্যত হইলেন। সেই বধোদ্যুক্ত গরু হইতে যজ্ঞভাগ পলায়ন করিল ও অবিতে (মেষে) প্রবেশ করিল। সেই হইতে অবি যজ্ঞের যোগ্য হইল। তখন দেবগণ যজ্ঞভাগ কর্ত্তৃক পরিত্যক্ত গরুকে বর্জ্জন করিলেন; সে গবয় হইল।

তাঁহারা অবির আলম্ভনে উদ্যত হইলেন। সেই বধোদ্যুক্ত অবি হইতে যজ্ঞভাগ পলায়ন করিল ও অজে (ছাগে) প্রবেশ করিল। সেই হইতে অজ যজ্ঞের যোগ্য হইল। দেবগণ যজ্ঞভাগ কর্ত্তৃক পরিত্যক্ত অবিকে বর্জ্জন করিলেন; সে উষ্ট্র হইল।

এই যজ্ঞভাগ অজে বহুকাল ধরিয়া ক্রীড়া করিয়াছিল। সেই হেতু এই যে অজ, সে পশুগণ মধ্যে [যজ্ঞে] সর্ব্বাপেক্ষা উপযুক্ত।

তাঁহারা অজের আলম্ভনে উদ্যত হইলেন। সেই বধোদ্যুক্ত অজ হইতে যজ্ঞভাগ পলায়ন করিল ও এই [পৃথিবীতে] প্রবেশ করিল। সেই হইতে এই [পৃথিবী] যজ্ঞের যোগ্য হইল। তখন দেবগণ যজ্ঞভাগ কর্ত্তৃক পরিত্যক্ত অজকে বর্জ্জন করিলেন; সে শরভ হইল।

এই সেই পশুগণ (যজ্ঞভাগ) মেধ কর্তৃক পরিত্যক্ত হওয়ায় অমেধ্য (যজ্ঞের অনুপযুক্ত বা অপবিত্র) ; সেই জন্য ইহাদের [মাংস] ভোজন করিবে না।

পরে পুরোডাশের বিধান—"তমস্যাং…য এবং বেদ"

এই পৃথিবীতে [প্রবিষ্ট] যজ্ঞভাগকে দেবগণ অনুগমন করিয়াছিলেন। অনুসৃত হইয়া সে ব্রীহি (ধান্য) হইল। সেই জন্য যখন পশুর (হননের) পর [ধান্য হইতে প্রস্তুত] পুরোডাশ নির্বপণ (আহুতি দান) করা হয়, তখন আমাদিগের যজ্ঞভাগযুক্ত পশু দ্বারাই ইষ্ট ঘটে, কেবল পশু দ্বারাই ইষ্ট ঘটে। যে ইহা জানে, তাহারও যজ্ঞভাগযুক্ত পশু দ্বারাই ইষ্ট ঘটে, কেবল পশু দ্বারাই ইষ্ট ঘটে।

নবম খণ্ড

পুরোডাশহোম—বপাহোম

পুরোডাশের প্রশংসা—"স বা এষঃ…লোক্যমিতি"

এই যে পুরোডাশ [প্রদান], এতদ্দ্বারা পশুরই আলম্ভন হয়। তাহার (পুরোডাশের অর্থাৎ তাহার উপকরণরূপ ধান্যের) যে কিংশারু (খড়), তাহাই [পশুর] লোম ; যে তুষ, তাহাই চর্ম্ম ; যে ক্ষুদ, তাহাই রক্ত, যে (তণ্ডুল হইতে প্রস্তুত) পিষ্টক ও পিষ্টকের অবয়বসকল, তাহাই মাংস ; আর যে কিছু সার (তণ্ডুলের কঠিন ভাগ), তাহাই অস্থি। [অতএব] যে পুরোডাশ দ্বারা যাগ করে, সে পশুগণের সকল যজ্ঞভাগ দ্বারাই যাগ করে। সেই জন্য [ব্রহ্মবাদীরা] বলেন, পুরোডাশ যাগ [সকলের] দর্শনীয়।

তৎপরে বপাহোমের যাজ্যা—"যুবমেতানি…ভবতীতি"

"যুবমেতানি দিবি রোচনানি অগ্নিশ্চ সোম সক্রতূ অধত্তম্। যুবং সিন্ধূঁরভিশস্তেরবদ্যাদ্ অগ্নীষোমাবমুঞ্চতং গৃভীতান্"॥[১]—হে সোম, তুমি এবং অগ্নি, তোমরা উভয়ে স্বর্গে প্রকাশমান [এই নক্ষত্রগণকে] ধরিয়া

(১) অর্থাৎ যজ্ঞভাগ কর্তৃক পরিত্যাগের পর মনুষ্যাদি যে যে মূর্ত্তি গ্রহণ করিয়াছিল, সেই কিম্পুরুষাদি শরভপর্য্যন্ত পশুগণ অমেধ্য ও উহাদের মাংস বর্জ্জনীয়।

(১) ১।৯৩।৫।

আছ; হে অগ্নি ও সোম, সক্রতু (সমানকর্ম্মা) তোমরা তোমাদেব আপনার সিন্ধুগণকে (সমুদ্রবৎ প্রৌঢ় যজমানদিগকে) অপবাদ হইতে ও পাপ হইতে মুক্ত কব—এই মন্ত্রকে বপাব জন্য (বপা-হোমের জন্য) যাজ্যা করিবে। যে ব্যক্তি দীক্ষিত হয়, সে সকল দেবতাকর্ত্তৃকই আলব্ধ (আহুতিরূপে স্বীকৃত) হয়; সেই জন্য [ব্রহ্মবাদীবা কেহ কেহ] বলেন, দীক্ষিতের [গৃহে] ভোজন কবিবে না। [ইহার উত্তর] সেই হোতা যখন "অগ্নীষোমাবমুঞ্চতং গৃভীতান্" বলিয়া বপাব যাগ করেন, তখন যজমানকে সকল দেবতাব নিকটেই মুক্ত কবেন। সেই জন্য [অন্য ব্রহ্মবাদীবা] বলেন, [দীক্ষিতের গৃহে] ভোজন কবিবে, কেন না, বপা-হোমেব পব সেই দীক্ষিত [দেবগণেব নিকট মুক্ত হইয়া] যজমানে পবিণত হয়।

অনন্তব পুরোডাশহোমেব যাজ্যা—"আন্যং···যজতি"

"আন্যং দিবো মাতবিশ্বা জভাব"[২] এই মন্ত্র পুবোডাশদানেব যাজ্যা করিবে।

মন্ত্রের দ্বিতীয় চরণ—"অমথ্নাৎ···ভবতি"

"অমথ্নাদন্যং পরি শ্যেনো অদ্রেঃ" এতদ্দ্বারা এই যজ্ঞভাগ (পুরোডাশ) এখান হইতে (মনুষ্য হইতে) লব্ধ, ওখান হইতে (অশ্বাদি হইতে) লব্ধ, ইহাই বুঝায়।

উভয় চরণের অর্থ—মাতবিশ্বা (বায়ু) [উভয় দেবতার মধ্যে] অন্যতরকে (সোমকে) স্বর্গ হইতে আনিষাছিলেন; শ্যেন (পক্ষী) অন্য দেবকে (অগ্নিকে) অদ্রি (পর্ব্বত) হইতে মন্থন করিয়াছিলেন। সেইরূপ পুরোডাশও মনুষ্য, অশ্ব, গো, অবি প্রভৃতি পশু হইতে লব্ধ বলিয়া ঐ মন্ত্রেব এই কর্ম্মে প্রযোজ্যতা।

পুবোডাশহোমের পর তাহাব স্বিষ্টকৃতেব যাজ্যা—"স্বদস্ব হব্যা···যজতি"

"স্বদস্ব হব্যা সমিষো দিদীহি"—[হে অগ্নি] হব্যসকল স্বাদু কর ও অন্নসকল সম্প্রদান কব—[৩] এই মন্ত্রকে পুরোডাশহোমে স্বিষ্টকৃতের যাজ্যা কবিবে।

ঐ যাজ্যার প্রশংসা—"হবিরেবাস্মা···ধত্তে"

ঐ মন্ত্রদ্বাবা এই কর্ম্মে (স্বিষ্টকৃতে) আহুতিকেই স্বাদু করা হয় এবং অন্নকে ও ঊর্জ্জকে (ক্ষীরাদিকে) আপনাতে স্থাপন করা হয়।

---

(২) ১।৯৩।৬। (৩) ৩।৫৪।২২।

তৎপরে স্বিষ্টকৃৎযাগের পর পশুপুরোডাশসম্বন্ধী ইড়ার আহ্বান—"ইড়াং…দধাতি"

ইড়াদেবতাকে⁴ আহ্বান করা হয়। পশুগণই ইডা; এতদ্দ্বারা পশুগণকেই আহ্বান করা হয় ও যজমানে পশুগণেরই স্থাপনা হয়।

দশম খণ্ড

পশ্বঙ্গ যাগ

পশুর হৃদয়াদি একাদশ অঙ্গ আহুতির জন্য মৈত্রাবরুণের প্রতি প্রৈষবিধান—"মনোতায়ৈ…অধ্বর্য্যুঃ"

"মনোতার (তন্নামক দেবতার) উদ্দেশে অবদীয়মান (খণ্ডশঃ গৃহীত) আহুতির (পশ্বঙ্গের) অনুকূল মন্ত্র পাঠ কর"—অধ্বর্য্যু এই প্রৈষমন্ত্র বলিবেন।

তৎপরে পশ্বঙ্গহোমকালে মৈত্রাবরুণপাঠ্য সূক্ত—"ত্বং হ্যগ্নে…অব্যাহ"

"ত্বং হ্যগ্নে প্রথমো মনোতা" ইত্যাদি সূক্ত¹ [মৈত্রাবরুণ] পাঠ করিবে।

ঐ সূক্ত সম্বন্ধে আপত্তি ও তাহার খণ্ডন—"তদাহ…অম্বাহ"

এ বিষয়ে [ব্রহ্মবাদীরা] আপত্তি করেন, পশু যখন অন্য দেবতার (অগ্নি ও সোম, এতদুভয়ের) উদ্দিষ্ট, তবে কেন মনোতার উদ্দেশে অবদীয়মান আহুতির অনুকূলে কেবল একমাত্র অগ্নিদেবতার উদ্দিষ্ট মন্ত্র পাঠ করা হয়? [উত্তর] তিন জন দেবতা (বাক্য, গাভী এবং অগ্নি) দেবগণের মনোতা (মনে প্রবিষ্ট দেবতা), সেই তিন দেবতাতেই দেবগণের মন আসক্ত রহিয়াছে। বাক্যই দেবগণের মনোতা, তাঁহাতেই তাঁহাদের মন আসক্ত রহিয়াছে। গাভীই দেবগণের মনোতা, তাঁহাতেই তাঁহাদের মন আসক্ত রহিয়াছে। অগ্নিই দেবগণের মনোতা; তাঁহাতেই তাঁহাদের মন আসক্ত রহিয়াছে। অগ্নিই সকল মনোতার স্বরূপ, অগ্নিতেই সকল মনোতা মিলিত আছেন, সেই জন্য অগ্নির উদ্দিষ্ট ঋক্‌সকলকেই মনোতার উদ্দেশে অবদীয়মান আহুতির অনুকূল মন্ত্ররূপে পাঠ করিবে।

তৎপরে হৃদয়াদি একাদশ অঙ্গহোমের যাজ্যা ও তাহার প্রশংসা—"অগ্নীষোমা…য এবং বেদ"

(৪) ইড়া শব্দের অর্থ—যাগের পর পুরোডাশের যে অংশ যজমান ও ঋত্বিকেরা ভক্ষণ করেন। ইড়াভক্ষণের পূর্ব্বে ইড়ার আহ্বান হয়। পূর্ব্বে দেখ।

(১) ৬।১।

"অগ্নীষোমা হবিষঃ প্রস্থিতস্য"[২] এই মন্ত্রকে [প্রধান] আহুতির যাজ্যা করিবে। ঐ মন্ত্রে "হবিষঃ" এই পদ রূপসমৃদ্ধ ও "প্রস্থিতস্য" ইহাও রূপসমৃদ্ধ। যে ইহা জানে, তাহার প্রদত্ত আহুতি সকল সমৃদ্ধি দ্বারা সমৃদ্ধ হইয়া দেবগণকে প্রাপ্ত হয়।

অনন্তর বনস্পতিযাগ—"বনস্পতিং···যজতি"

বনস্পতির যাগ করিবে। কেন না, প্রাণই বনস্পতি। যে কর্ম্মে ইহা জানিয়া বনস্পতির যাগ হয়, সেখানে তদ্দত্ত এই আহুতি জীবনস্বরূপ হইয়া দেবগণকে প্রাপ্ত হয়।

পরে স্বিষ্টকৃতের যাগ—"স্বিষ্টকৃতং···প্রতিষ্ঠাপয়তি"

স্বিষ্টকৃতের যাগ করিবে। প্রতিষ্ঠাই স্বিষ্টকৃৎ। এতদ্দ্বারা যজ্ঞান্তে যজ্ঞকে প্রতিষ্ঠাতেই প্রতিষ্ঠিত করা হয়।

পরে ইড়ার আহ্বান—"ইড়াম্···দধাতি"

ইড়ার আহ্বান হয়। পশুগণই ইড়া, এতদ্দ্বারা পশুগণকেই আহ্বান করা হয় এবং পশুগণকেই যজমানে স্থাপিত করা হয়।

পূর্ব্বে পুরোডাশের পর ইড়াহ্বান হইয়াছে। এখন পশ্বঙ্গহোমের পর ইড়াহ্বান।

সপ্তম অধ্যায়

প্রথম খণ্ড

পশুযাগ

পর্য্যগ্নিকরণবিষয়ে[১] আখ্যায়িকা—"দেবা বৈ···পশ্চাৎ"।

পুরাকালে দেবগণ যজ্ঞ বিস্তার করিয়াছিলেন। ইঁহাদের যজ্ঞের বিঘ্ন করিব, এই অভিপ্রায়ে অসুরেরা তাঁহাদের নিকট আসিয়াছিল। পশু আপ্রীত হইলে পর (পশুযাগের অন্তর্গত প্রযাজ-যজনের পর) ও পর্য্যগ্নিকরণের পূর্ব্বে যূপের অভিমুখে পূর্ব্বদিকে তাহারা আসিয়াছিল। সেই দেবগণ তাহা বুঝিতে পারিয়া যজ্ঞরক্ষার্থ ও আত্মরক্ষার্থ [পশুর

(২) ১।৯৩।৭।

(১) আগ্নীধ্র নামক ঋত্বিক্ আহবনীয় হইতে অগ্নি গ্রহণ করিয়া "পরি বাজপতিঃ কবিঃ" (৪।১৫।৩) এই মন্ত্রে তিন বার পশুর চারি দিকে সেই অগ্নিকে প্রদক্ষিণ করান। এই পর্য্যগ্নিকরণ-অনুষ্ঠান পূর্ব্বে বিবৃত হইয়াছে, ষষ্ঠ অধ্যায়, পঞ্চম খণ্ড দেখ।

সম্মুখে] পব পব তিনটি অগ্নিময় প্রাকাব নির্ম্মাণ কবিয়াছিলেন। তাঁহাদেব সেই অগ্নিময় প্রাকাবগুলি [পশুব] সম্মুখে দীপ্যমান থাকিয়া উজ্জ্বলভাবে অবস্থিত ছিল। অসুবেবা সেই প্রাকাব আক্রমণ না করিয়াই পলায়ন কবিয়াছিল। তখন দেবগণ [প্রাকাবগত] অগ্নি দ্বাবাই পূর্ব্বদিকে ও [সেই] অগ্নি দ্বাবাই পশ্চিমাদিকে অসুবগণকে ও বাক্ষসগণকে বধ কবিয়াছিলেন।

পর্য্যগ্নিকরণেব তাৎপর্য্য—"তথৈব···অন্বাহ"

যজমানেবা এই যে পর্য্যগ্নিকবণ [কর্ম্ম] কবেন, তদ্দ্বাবাও সেইরূপই (দেবগণকৃত কর্ম্মেব মত) যজ্ঞবক্ষার্থ ও আত্মবক্ষার্থ তিনটি অগ্নিময প্রাকার নির্ম্মাণই কবা হয। সেই জন্যই পর্য্যগ্নিকবণ অনুষ্ঠিত হয ও সেই জন্যই পর্য্যগ্নিকবণেব অনুকূল মন্ত্র পাঠ হয।[২]

পর্য্যগ্নিকবণেব পর সেই অগ্নি অগ্রবর্ত্তী কবিষা পশুকে বধস্থানে আনিতে হয, যথা—"তং···লোকমেতি"।

সেই পশুকে আপ্রীত হইলে পব (অর্থাৎ প্রযাজেব পব) ও পর্য্যগ্নিকবণেব পব উত্তবমুখে লইয়া যাওযা হয। তাহাব সম্মুখে [আগ্নীধ্র] উল্মুক (আহবনীয হইতে গৃহীত অগ্নিব উল্কা) বহন কবেন। এই যে পশু, ইনি মূলতঃ যজমানেব স্বরূপ।[৩] ঐ [সম্মুখে নীযমান] অগ্নি দ্বাবা যজমান সম্মুখে আলোক বাখিযা স্বর্গলোকে গমন কবিবেন, এই অভিপ্রায়-হেতু, সেই অগ্নি দ্বাবা যজমান সম্মুখে আলোক বাখিয়াই স্বর্গলোকে গমন কবেন।

শামিত্রদেশে উপস্থিত হইয়া বর্হিঃ প্রক্ষেপ করিবে, যথা—"তং···কুর্ব্বন্তি"

সেই পশুকে যেখানে হত্যা কবিতে ইচ্ছা হয়, সেইখানে অধোভূমিতে অধ্বর্য্যু বর্হিঃ (কুশ) নিক্ষেপ কবিবেন। [প্রযাজ যজন দ্বাবা] আপ্রীত হইলে পব ও পর্য্যগ্নিকবণের পব, এই পশুকে [হননার্থ] বেদিব বাহিবে (শামিত্রদেশে) এই যে আনা হয়, এতদ্দ্বাবা সেই পশুকে বর্হিষদ (কুশাসনে উপবিষ্ট) কবা হয়।

(২) পর্য্যগ্নিকরণের অনুবচন-মন্ত্র—"অগ্নির্হোতা নোঽধ্বরে" (৪।১৫।১) পূর্ব্বে দেখ।

(৩) পশু যজমানের প্রতিনিধি, পশুকে যজমান আত্মনিষ্ক্রয়রূপে অর্পণ করেন। ইহা পূর্ব্বে বলা হইয়াছে।

পশুর পুরীষ ফেলাইবার জন্য গর্ত্ত খনন,[৪] যথা—"তস্ত…প্রতিষ্ঠাপয়ন্তি"।

তাহার পুরীষগোপনের স্থান খনন করা হয়। পুরীষ ওষধি হইতে উৎপন্ন; এই [ভূমি] ওষধিগণের স্থান, এই হেতু ইহাকে স্বস্থানেই শেষ পর্য্যন্ত স্থাপন করা হয়।

পশু-পুরোডাশের প্রশংসা[৫]—"তদাহুঃ…বেদ"।

এ বিষয়ে [ব্রহ্মবাদীরা] বলেন, এই যে পশু, ইহা [সমস্তই] আহুতিরূপে দেয়; কিন্তু ইহার লোম, চর্ম্ম, রক্ত, অন্ত্রগত তৃণাদি, খুর, শৃঙ্গদ্বয় এবং যে কিছু মাংস [ভূমিতে] পড়িয়া যায়, তাহা ইত্যাদি ইহার বহু অবয়ব [আহুতি] দেওয়া হয় না; তবে ঐ সকলের অভাব কিরূপে পূর্ণ করা হয়? [উত্তর] পশুর [আলম্ভনের] পরে ঐ যে পুরোডাশ দেওয়া হয়, এতদ্দ্বারাই সেই সকলের অভাবের পূরণ হয়। [কেন না] [পূর্ব্বোক্ত মনুষ্যাশ্বাদি] পশুগণের নিকট হইতে যজ্ঞভাগ চলিয়া গিয়াছিল; তাহাই [ভূমিপ্রবেশ করিয়া] ব্রীহি ও যবরূপে উৎপন্ন হইয়াছিল। সেই জন্য এই যে পশুর [আলম্ভনের] পর পুরোডাশ দেওয়া হয়, ইহাতে আমাদের যজ্ঞভাগযুক্ত পশু দ্বারাই ইষ্ট লাভ হয়, কেবল পশু দ্বারাই আমাদের ইষ্ট লাভ হয়। যে ইহা জানে, তাহার যজ্ঞভাগযুক্ত পশু দ্বারাই ইষ্ট লাভ হয়—কেবল পশু দ্বারাই তাহার ইষ্ট লাভ হয়।

পুরোডাশদানে পশুদানেরই ফল পাওয়া যায়। পর্য্যগ্নিকরণ হইতে পুরোডাশদান পর্য্যন্ত কর্ম্ম ষষ্ঠ অধ্যায়েই পূর্ব্বে বিবৃত হইয়াছে।

দ্বিতীয় খণ্ড

বপাস্তোক-হোম

বপাস্তোকহোমের প্রৈষ মন্ত্র—"তস্ত বপাং…গচ্ছানিতি"

সেই পশুর বপা[১] [উদরের উপর হইতে] ছিন্ন করিয়া [অগ্নিতে পাকার্থ] আনা হয়। অধ্বর্য্যু তাহার উপর স্রুব[২] হইতে ঘৃতধারা নিক্ষেপ

(৪) পূর্ব্বে দেখ। (৫) পূর্ব্বে দেখ।

(১) উদরের উপরে শ্বেতবর্ণ যে মেদ, তাহার নাম বপা। স্রুভাজ্য ও অগ্নিতপ্ত বপা হইতে ক্ষরিত বিন্দুসকলের দ্বারা হোম বপাস্তোকহোম।

(২) আজ্যাদির হোমে ব্যবহৃত খদিরকাষ্ঠের হাতাকে স্রুব বলে।

করিয়া, "স্তোকের (বপা হইতে ক্ষরিত জলবিন্দুর) অনুকূল মন্ত্র পাঠ কর" [হোতাকে] এই [প্রৈষ মন্ত্র] বলেন। [বপা হইতে] এই যে বিন্দুসকল ক্ষরিত হয়, ঐ বিন্দুসকল সকল দেবতার প্রিয় ; ইহারা অসন্তুষ্ট হইয়া যেন দেবগণের নিকট না যায়, এই উদ্দেশেই [উহাদের অনুকূল মন্ত্রপাঠার্থ মৈত্রাবরুণকে আহ্বান হয়]।

মৈত্রাবরুণপাঠ্য অনুবচন—"জুষস্ব জুহোতি"

"জুষস্ব সপ্রথস্তমম্"[৩] এই মন্ত্র পাঠ করিবে। "বচো দেবপ্সরস্তমম্। হব্যা জুহ্বান আসনি" এতদ্দ্বারা [দ্বিতীয় ও তৃতীয় চরণ পাঠ দ্বারা] ঐ বিন্দুসকলকে অগ্নির মুখেই আহুতি দেওয়া হয়।

মন্ত্রের অর্থ—অহে অগ্নি, এই হব্য আস্যে (মুখে) নিক্ষেপ করিয়া অতিশয় বিস্তৃত ও দেবগণের প্রীতিজনক এই স্তুতিবাক্যে প্রীত হও।

তৎপরে পঞ্চঋগ্‌যুক্ত সূক্তের বিধান—"ইমং···অব্রাহ"

"ইমং নো যজ্ঞমমৃতেষু ধেহি" ইত্যাদি সূক্ত[৪] পাঠ করিবে।

ঐ অগ্নিসূক্তের প্রথম ঋকের ব্যাখ্যা—"ইমা···তদাহ"

"ইমা হব্যা জাতবেদো জুষস্ব"—এই [দ্বিতীয় চরণে] হব্য দ্বারা [জাতবেদা অগ্নির] প্রীতি প্রার্থনা হয়। "স্তোকানামগ্নে মেদসো ঘৃতস্য" এই [তৃতীয়] চরণে [ঐ বিন্দুসকলকে] মেদের (বপার) ও ঘৃতের [বিন্দুই] বলা হইল। "হোতঃ প্রাশান প্রথমো নিষদ্য" এই [চতুর্থ] চরণে অগ্নিই দেবগণের হোতা ; সেই অগ্নি, তুমিই প্রথমে উপবিষ্ট হইয়া [বিন্দুসকল] ভক্ষণ কর—ইহাই বলা হইল।

সমস্ত মন্ত্রের অর্থ—অহে জাতবেদা অগ্নি, তুমি আমাদের যজ্ঞকে অমরগণের নিকট রাখ; এই হব্যসকলে প্রীত হও; অহে হোতা, প্রথমে উপবিষ্ট হইয়া মেদের ও ঘৃতের এই বিন্দুসকলকে ভক্ষণ কর।

সূক্তগত দ্বিতীয় ঋক্[৫]—"ঘৃতবন্তঃ···আশাস্তে"

"ঘৃতবন্তঃ পাবক তে স্তোকাশ্চোতন্তি মেদসঃ"—এই বাক্যে উহাদিগকে মেদেরই (বপার) এবং ঘৃতেরই [বিন্দু] বলা হইল। "স্বধর্ম্মং দেববীতয়ে

(৩) ১।৭৫।১।

(৪) ৩।২১।১। তৃতীয় মণ্ডলের একবিংশ সূক্তের বিধান হইল।

(৫) ৩।২১।২।

শ্রেষ্ঠং নো ধেহি বার্য্যম্”—এতদ্দারা [স্বধর্ম্মে নিধানরূপ] আশীষ প্রার্থনাই হইল।

ঋকের অর্থ—হে পাবক, তোমাব জন্য মেদেব বিন্দুসকল ঘৃতযুক্ত হইয়া ক্ষরিত হইতেছে, দেবগণের ভক্ষণার্থ তুমি আমাদিগকে শ্রেষ্ঠ স্বধর্ম্মে নিধান কব।

তৃতীয় ঋক্[৬]—“তুভ্যং...আশাস্তে”

“তুভ্যং স্তোকা ঘৃতশ্চুতোঽগ্নেবিপ্রায় সন্ত্য”—এই বাক্যেও উহাদিগকে ঘৃতশ্চুত (ঘৃতস্রাবী) বলা হইল। “ঋষিঃ শ্রেষ্ঠঃ সমিধ্যসে যজ্ঞস্য প্রাবিতা ভব”—এতদ্দাবা যজ্ঞেব সমৃদ্ধি প্রার্থনা হইল।

ঋকের অর্থ—হে দানকুশল অগ্নি, এই ঘৃতস্রাবী বিন্দুসকল বিপ্ররূপী তোমার জন্যই বর্ত্তমান। তুমি ঋষি ও শ্রেষ্ঠ, তোমাকে প্রজ্বলিত কবিতেছি, তুমি যজ্ঞের রক্ষক হও।

চতুর্থ ঋক্[৭]—“তুভ্যং শ্চোতন্তি...আশাস্তে”

“তুভ্যং শ্চোতন্ত্যধ্রিগো শচীব স্তোকাসো অগ্নে মেদসো ঘৃতস্য”—এতদ্দারা উহাদিগকে মেদেবই এবং ঘৃতেবই [বিন্দু] বলা হইল। “কবিশস্তো বৃহতা ভানুনাগা হব্যা জুষস্ব মেধিব” এতদ্দাবাও হব্যে প্রীতি প্রার্থনা হইল।

ঋকেব অর্থ—অহে অধ্রিগু, অহে শক্তিমান্ অগ্নি, বপাবিন্দুসকল ও ঘৃতবিন্দুসকল তোমাব জন্য ক্ষবিত হইতেছে। তুমি কবিগণ কর্ত্তৃক স্তুত হইযা মহৎ তেজের সহিত আগমন কব। হে মেধাবী, তুমি আমাদেব হব্যে প্রীত হও।

পঞ্চম ঋক্[৮]—“ওজিষ্ঠং...বীহীতি”

“ওজিষ্ঠং তে মধ্যতো মেদ উদ্ধৃতং প্র তে বয়ং দদামহে। শ্চোতন্তি তে বসো স্তোকা অধিত্বচি প্রতি তান্ দেবশো বিহি”—এতদ্দারা যেমন “সোমস্য অগ্নে বীহি”—অগ্নি, তুমি সোম ভক্ষণ কব—[ইহা বলিয়া বষট্কার উচ্চাবণ হয়], সেইরূপ ঐ মন্ত্রের পর ইহাদেব (ঐ বিন্দুসকলেব) উদ্দেশে বষট্কাব উচ্চাবণ হয়।

ঋকের অর্থ—অহে অগ্নি, পশুর মধ্য হইতে বলিষ্ঠ মেদ উদ্ধৃত করিয়া আমরা তোমার জন্য প্রদান করিতেছি; অহে বসু, বপার উপরিস্থিত বিন্দুসকল তোমার জন্য ক্ষরিত হইতেছে; দেবগণের তুষ্টির জন্য সেই প্রত্যেক বিন্দু ভক্ষণ কর। এই শেষ মন্ত্রের পর বষট্কার উচ্চারণ করিয়া আহুতি দেওয়া হয়।

তৎপরে বিন্দুসকলের প্রশংসা—“তদ্ যদ্...উপাচরন্তি”

(৬) ৩।২১।৩। (৭) ৩।২১।৪। (৮) ৩।২১।৫।

এই যে বিন্দুসকল বপা হইতে ক্ষরিত হয়, ঐ বিন্দুসকল সকল দেবতারই প্রিয়, এই হেতু বৃষ্টিও (মেঘ হইতে জলবৃষ্টিও) বিন্দু বিন্দু বিভক্ত হইয়া [ভূমিতে] পতিত হয়।

তৃতীয় খণ্ড

বপাহোম

বপাহোম সম্বন্ধে কতিপয় প্রশ্ন ও উত্তর, যথা—"তদাহুঃ…যজন্তীতি"

এ বিষয়ে [ব্রহ্মবাদীরা] বলেন, [এ স্থলে] স্বাহাকৃতিগণের (অন্তিম প্রযাজ দেবতাগণের) পুরোহনুবাক্যা কি হইবে? প্রৈষ কি হইবে ও যাজ্যাই বা কি হইবে? [উত্তর] [বপাবিন্দুর অনুকূলে মৈত্রাবরুণ] যে যে [অনুবচন] পাঠ করেন,[১] তাহাই [স্বাহাকৃতি-যাগের] পুরোহনু-বাক্যা হয়, [প্রৈষসূক্তে] যে [পশুপ্রযাজের অন্তিম] প্রৈষ,[২] তাহাই [স্বাহাকৃতিযাগে] প্রৈষ হয়, [আপ্রীসূক্তে] যে [অন্তিম] যাজ্যা,[৩] তাহাই [স্বাহাকৃতির] যাজ্যা হয়।

আবার [ব্রহ্মবাদীরা] বলেন, স্বাহাকৃতির দেবতা কাহারা? [উত্তর] বিশ্বদেবগণই [স্বাহাকৃতির দেবতা], ইহাই বলিবে। সেই জন্যই "স্বাহাকৃতং হবিরদন্তু দেবাঃ"—দেবগণ স্বাহাকারসংস্কৃত হব্য ভক্ষণ করুন—এতদ্দ্বারা [এই মন্ত্রাংশ দ্বারা] যাগ করা হয় (অর্থাৎ উহাই যাজ্যারূপে পাঠ করা হয়)।

বপাহোম-প্রশংসার্থ আখ্যায়িকা—"দেবা বৈ…বপা"

দেবগণ যজ্ঞদ্বারা, শ্রমদ্বারা, তপস্যাদ্বারা ও আহুতিসমূহদ্বারা স্বর্গলোক জয় করিয়াছিলেন। বপাহোমের পরই তাঁহাদের নিকট স্বর্গলোক আবির্ভূত হইল। তাঁহারা বপাহোম করিয়াই অন্য কর্ম্মসকল সম্পন্ন না করিয়াও ঊর্দ্ধমুখে স্বর্গলোকে গিয়াছিলেন। তদনন্তর মনুষ্যগণ ও ঋষিগণ যজ্ঞ জানিবার উদ্দেশে যজ্ঞের কোন চিহ্ন দেখিব বলিয়া দেবগণের যজ্ঞভূমিতে আসিয়াছিলেন। তাঁহারা [যজ্ঞভূমির] নিকটে বিচরণ

(১) "জুষস্ব সপ্রথস্তমম্" (১।৭৫।১)—পূর্ব্বে ১১৮ পৃষ্ঠা দেখ।

(২) "হোতা যক্ষদগ্নিং স্বাহাজ্যস্য" ইত্যাদি একাদশ প্রযাজ যাগের প্রৈষ। পূর্ব্বে দেখ।

(৩) "সদ্যোজাতঃ" ইত্যাদি একাদশ প্রযাজের যাজ্যা। পূর্ব্বে ১০৫ পৃষ্ঠা দেখ।

করিতে করিতে অঙ্গহীন (বপাহীন) পশুকে শয়ান (যজ্ঞভূমিতে পতিত) অবস্থায় প্রাপ্ত হইলেন ও বুঝিলেন, এই যে বপাটুকু, তাহাই পশু। সেই জন্য এই যে বপাটুকু, তাহাই পশু।

দেবগণ পশুর বপামাত্র আহুতি দিয়া পশুব অন্য অঙ্গ পরিত্যাগ করিয়াও স্বর্গলোকে গিয়াছেন, অতএব বপাই পশুর প্রধান অঙ্গ, বপাহোমেই পশুহোম সিদ্ধ হয়। সুত্যাদিনে (সোমাভিষবের শেষদিনে) প্রাতঃসবনে পশুর বপাহোম হয় ও তৃতীয় সবনে পশুর হৃদয়াদি অন্য অঙ্গের হোম হয়। বপাহোমেই যদি সমস্ত পশুব হোম সিদ্ধ হইল, তবে ঐ তৃতীয সবনে অন্যান্য অঙ্গের হোমের প্রয়োজন কি, এই প্রশ্নের মীমাংসা—"অথ যদেনং···বেদ"

অনন্তর, তৃতীয সবনে এই পশুকে পাক কবিয়া যে আহুতি দেওয়া হয়, তাহাব উদ্দেশ্য এই যে, বহুল আহুতিদ্বাবাই আমাদেব ইষ্ট লাভ হউক, কেবল মাত্র পশুদ্বাবাই আমাদেব ইষ্ট লাভ হউক। যে ইহা জানে, তাহার বহুল আহুতিদ্বাবাই ইষ্ট লাভ হয ; কেবল পশুদ্বাবাই তাহাব ইষ্ট লাভ হয়।

বপাহোমের পর অন্য অঙ্গেব হোম স্বর্গলাভপক্ষে আবশ্যক না হইলেও আহুতিব বাহুল্যে কোন দোষ হয় না। "অধিকং নৈব দোষায়।"

চতুর্থ খণ্ড

বপাহোমপ্রশংসা

বপাহোমপ্রশংসা—"সা বা···জয়তি"

এই যে বপাহুতি, ইহা বস্তুতঃ অমৃতাহুতি। [সেইরূপ] অগ্ন্যাহুতিও[১] অমৃতাহুতি ; ঘৃতাহুতিও অমৃতাহুতি ; সোমাহুতিও অমৃতাহুতি। এ সকলই অশবীব (অমবত্ব দান কবে বলিয়া শবীবনাশক) আহুতি। যে কিছু অশরীব আহুতি আছে, তদ্দ্বাবা যজমান অমৃতত্ব (অমবত্ব বা অশবীরিত্ব) লাভ করে।

পুনঃপ্রশংসা—"সা বা···পরিবাসয়েতি"

এই যে বপা, ইহা রেতঃস্বরূপ। রেতঃ যেমন [নিষেকান্তে] লীন হয়, বপাও সেইরূপ [আহুতির পর] লীন হয় ; রেতঃ শুক্লবর্ণ ; বপাও

(১) অগ্নিও কখন কখন আহুতিস্বরূপে ব্যবহৃত হয়, যথা—অগ্নিমন্থনে মথিত অগ্নিকে আহবনীয়ে আহুতি দেওয়া হয়। পূর্ব্বে ৩১ পৃষ্ঠ দেখ।

শুক্লবর্ণ; রেতঃ অশরীর; বপাও অশরীর। এই যে রক্ত ও যে মাংস, তাহাই শরীর; সেই জন্যই [ঋত্বিক্ পশুর অঙ্গচ্ছেদনকর্ত্তাকে] বলেন, যত ক্ষণ অলোহিত (রক্তশূন্য) না হয়, তত ক্ষণ বপা ছেদন কর।

হোমের জন্য বপাকে কয়টি অবদানে বা ভাগে বিভক্ত করিতে হইবে, তাহার বিধান—"সা···লোকমেতি"

বপা পাঁচ অবদানে বিভক্ত হয়। যদি যজমান চতুরবত্তী হয়,[২] তাহা হইলে বপা পাঁচ অবদানে ভাগ করিবে। প্রথমে ঘৃত [জুহূর] উপরে রাখিবে, [তাহার উপর] হিরণ্যখণ্ড, [তাহার উপর] বপা, [তাহার উপর] হিরণ্যখণ্ড, পরে [সকলের উপর] ঘৃতধারা দিবে।

এ বিষয়ে [ব্রহ্মবাদীরা] বলেন, যদি হিরণ্য না থাকে, তবে কি হইবে ? [উত্তর] দুই বার ঘৃত রাখিয়া তৎপরে বপা অবদান করিয়া উপরে আর দুই বার ঘৃতধারা দিবে। ঘৃতই অমৃত ও হিরণ্যও অমৃত। সেই হেতু ঘৃতে যে ফল, তাহা তাহাতেই লব্ধ হয়। হিরণ্যে যে ফল, তাহাও তাহাতেই লব্ধ হয়। এইরূপে (হিরণ্যযুক্ত ও ঘৃতযুক্ত হইয়া) সেই বপা পাঁচ-অবদানযুক্ত হয়।

এই পুরুষও (মনুষ্যদেহও) লোম, ত্বক্, মাংস, অস্থি ও মজ্জা, এই পাঁচ ভাগে বিভক্ত হইয়া পঞ্চ [-অবয়ব-] বিশিষ্ট। সেই পুরুষ যেরূপ (পঞ্চ-অবয়ববিশিষ্ট), যজমানকেও সেইরূপ [পাঁচ অবদানে] সংস্কৃত

(২) বিকঙ্কত (বৈঁচি) কাষ্ঠের পাত্র যাহাতে হোমার্থ ঘৃত রক্ষিত হয়, উহার নাম ধ্রুবা। যে পলাশনির্ম্মিত হাতাতে হব্য গ্রহণ করিয়া অধ্বর্য্যু হোম করেন, তাহার নাম জুহূ। ডানি হাতে জুহূ ধরিয়া বাম হাতে অশ্বত্থকাষ্ঠের আর একখান হাতা ধরা থাকে, তাহার নাম উপভৃৎ। আর ঘৃতহোমের জন্য খদিরকাষ্ঠের ছোট একখানি হাতা থাকে, তাহার নাম স্রুব। হোমের পূর্ব্বে স্রুবদ্বারা ধ্রুবা হইতে ঘৃত গ্রহণ করিয়া জুহূতে রাখিয়া পরে অধ্বর্য্যু হোতাকে অনুবাক্যা পাঠার্থ প্রৈষ দ্বারা আহ্বান করেন। পরে আবার তিন বার ঐরূপ ঘৃত গ্রহণ করেন। এইরূপে চারি বারে হোমার্থ ঘৃত গ্রহণের নাম চতুরবত্ত। যে যজমানের পক্ষে এই ব্যবস্থা, সেই যজমান চতুরবত্তী। গোত্রভেদে কোন কোন যজমানের পক্ষে পাঁচ বারে ঘৃত গ্রহণ বিহিত। সেই যজমান পঞ্চাবত্তী। সমস্ত হব্য হইতে এক এক বার হোমের জন্য কিয়দংশ গ্রহণের নাম অবদান। এ স্থলে যথাক্রমে ঘৃত, স্বর্ণখণ্ড, বপা, স্বর্ণখণ্ড ও ঘৃত, এই পাঁচটি যথাক্রমে আহুতিরূপে গৃহীত হওয়ায় পাঁচ অবদান হইল। হিরণ্যখণ্ডের পরিবর্ত্তে ঘৃত হইলেও চলিতে পারে, তাহারও বিধান হইল। হিরণ্যখণ্ডে হোম করিলেও যে ফল, অভাবে ঘৃত দ্বারা হোমেও সেই ফল হয়।

করিয়া [বপাহোমদ্বাবা] দেবযোনি অগ্নিতে আহুতি দেওয়া হয়। অগ্নিই দেবযোনি'। সেই যজমান দেবযোনি অগ্নি হইতে আহুতিসমূহের সহিত মিলিত হইয়া হিরণ্যশবীব হইয়া উর্দ্ধমুখে স্বর্গলোকে গমন কবে।

পঞ্চম খণ্ড

প্রাতরনুবাক

প্রাতবনুবাক[১] বিষযে প্রৈষ মন্ত্র—"দেবেভ্যঃ···অধ্বর্যুঃ"

অহে হোতা, [সুত্যাদিনেব] প্রাতঃকালে আগমনকাবী দেবগণেব অনুকূল মন্ত্র পাঠ কব—অধ্বর্যু এই [প্রৈষমন্ত্র] বলেন।

উহাব ব্যাখ্যা—"এতে বাব·· এবং বেদ"

এই যে অগ্নি, উষা ও অশ্বিদ্বয়, এই দেবতাবাই [সেই দিন] প্রাতঃকালে আগমন কবেন। ইঁহাবা প্রত্যেকে সাত সাত ছন্দোযুক্ত মন্ত্রদ্বাবা আগমন কবেন।[২] যে ইহা জানে, ঐ প্রাতঃকালে আগমনকাবী দেবতাগণ তাহাব যজ্ঞে আগমন কবেন।

প্রাতরনুবাকেব দেবসম্বন্ধবিচার—"প্রজাপতৌ···এবং বেদ"

পুবাকালে [কোন যজ্ঞে] প্রজাপতি স্বযং হোতা হইয়া প্রাতরনুবাক পাঠে উদ্যত হইলে দেবগণ ও অসুবগণ, উনি আমাদেব উদ্দেশে [অনুবচন পাঠ কবিতেছেন], উনি আমাদেব উদ্দেশে অনুবচন পাঠ কবিতেছেন, এই বলিয়া যজ্ঞের সমীপে উপস্থিত হইযাছিলেন। তিনি (প্রজাপতি) কিন্তু দেবগণের উদ্দেশেই অনুবচন পাঠ কবিয়াছিলেন। তাহাতে দেবগণেরই জয় হইল; অসুরেরা পরাভূত হইল। যে ইহা জানে, সে স্বয়ং জয় লাভ করে; তাহার দ্বেষকর্ত্তা পাপী শত্রুও পরাভূত হয়।

(১) সোমযাগের শেষদিনকে সুত্যাদিন বলে। সেই দিন সোমের অভিষব হয়। ঐ দিন সূর্য্যোদয়ের পূর্ব্বে অগ্নি, উষা ও অশ্বিদ্বয়ের উদ্দেশে হোতা অধ্বর্য্যুপ্রেষিত হইয়া ঋক্‌মন্ত্র পাঠ করেন। এই অনুষ্ঠানের নাম প্রাতরনুবাক। সূর্য্যোদয়ের পূর্ব্বে অনুবচনসমাপ্তির কারণ পরে দেখান হইতেছে।

(২) প্রত্যেকের পক্ষে যথাক্রমে এই সাত ছন্দের ঋক্ পঠিত হয়;—গায়ত্রী, অনুষ্টুপ্, ত্রিষ্টুপ্, বৃহতী, উষ্ণিক্, জগতী ও পঙ্‌ক্তি। প্রত্যেকের পক্ষে ছন্দ এক, কিন্তু মন্ত্র স্বতন্ত্র; মন্ত্রগুলির জন্য আশ্বলায়ন শ্রৌতসূত্র দেখ।

প্রাতরনুবাক শব্দের ব্যুৎপত্তি—"প্রাতর্বৈ...প্রাতরনুবাকত্বম্"

সেই প্রজাপতি প্রাতঃকালেই দেবগণের উদ্দেশে অনুবচন পাঠ করিয়াছিলেন; তাহাই প্রাতরনুবাকের প্রাতরনুবাকত্ব।

প্রাতরনুবাকের কালনির্দ্দেশ—"মহতি রাত্র্যা...ব্রহ্মণি চ"

রাত্রির৩ অধিক [অবশিষ্ট] থাকিতে (অর্থাৎ সূর্য্যোদয়ের অধিক পূর্ব্বেই) অনুবচন পাঠ কর্ত্তব্য; তাহা হইলে সমস্ত [লৌকিক] বাক্যের ও সমস্ত ব্রহ্মবাক্যের (বেদবাক্যের) পরিগ্রহ ঘটে। যে ব্যক্তি [লোক-সমাজে] উৎকৃষ্ট হয় ও শ্রেষ্ঠতা লাভ করে, সে পূর্ব্বে কথা কহিলে [অন্য ইতর লোকে] তাহার পরে কথা কহে। এই জন্য রাত্রি অধিক থাকিতেই অনুবচন পাঠ কর্ত্তব্য। [নিদ্রিত লোকে জাগরণের পর] কথা কহিবার পূর্ব্বেই অনুবচন পাঠ কর্ত্তব্য। যদি [সেই সকল লোক] পূর্ব্বে কথা কহিলে, তৎপরে অনুবচন পাঠ করা হয়, তাহা হইলে এতদ্দ্বারা অন্য লোকের (ইতর লোকের বা নীচ লোকের) কথার পর কথা কহা হয়।৪ সেই জন্য রাত্রি অধিক থাকিতেই অনুবচন পাঠ কর্ত্তব্য। পাখী ডাকিবার পূর্ব্বে অনুবচন পাঠ করিবে। এই যে পক্ষিসকল ও এই যে শকুনিসকল,৫ ইহারা [মৃত্যুদেবতা] নির্ঋতির মুখস্বরূপ। সেই জন্য পাখী ডাকিবার পূর্ব্বে অনুবচন পাঠ করিবে, ইহার উদ্দেশ্য এই যে, অযজ্ঞিয় বাক্য (পক্ষ্যাদির ধ্বনি) পূর্ব্বে কথিত হওয়ার পরে যেন [প্রাতরনুবাক] পঠিত না হয়। সেই জন্য রাত্রি অধিক থাকিতেই অনুবচন পাঠ কর্ত্তব্য।

অথবা যখনই অধ্বর্য্যু প্রৈষমন্ত্র৬ বলিবেন, তখনই অনুবচন পাঠ করিবে। যখন অধ্বর্য্যু প্রৈষমন্ত্র পড়েন, তখন [বৈদিক] বাক্যদ্বারাই

---

(৩) সুত্যাদিনের পূর্ব্বদিবসে অগ্নীষোমীয় পশু অনুষ্ঠান বিহিত হইয়াছে। সেই দিনের নাম উপবসথ। ঐ দিবস শেষরাত্রিতে সুত্যাদিনের সূর্য্যোদয়ের পূর্ব্বে প্রাতরনুবাক পাঠ বিহিত। অপর লোক জাগিবার পূর্ব্বে ও পাখী ডাকিবার পূর্ব্বেই যেন পাঠ সমাপ্ত হয়, এমন সময়ে পাঠ আরম্ভ করিবে।

(৪) বড়লোকে কথা কহিলে পরে নীচ লোকে কথা কহিবে, ইহাই সামাজিক নিয়ম। প্রাতরনুবাক পাঠ বড়লোকের কথার স্বরূপ। অন্য লোকে যেন তৎপূর্ব্বে কথা কহিতে না পায়, ইহাই তাৎপর্য্য।

(৫) শকুনি শব্দে অশুভ-নিমিত্ত-সূচক পক্ষী বুঝাইতেছে (সায়ণ)।

(৬) অধ্বর্য্যু হোতাকে প্রাতরনুবাক পাঠার্থ ও অন্য ঋত্বিক্‌গণকে অন্য কর্ম্মের জন্য অনুজ্ঞা করেন।

তাহা পাঠ করেন ; [পরে] হোতাও [বৈদিক] বাক্যদ্বাবাই অনুবচন পাঠ করেন। এই বাক্যই ব্রহ্ম (বেদস্বরূপ) ; সেই জন্য বাক্যে ও ব্রহ্মে যে ফল, এতদ্দ্বারা সেই ফলই লব্ধ হয়।

ষষ্ঠ খণ্ড

প্রাতবনুবাক

প্রাতবনুবাকেব প্রথম ঋক্ সম্বন্ধে আখ্যায়িকা—"প্রজাপতৌ···য এবং বেদ"

প্রজাপতি স্বয়ং হোতা হইয়া প্রাতবনুবাক পাঠে উদ্যত হইলে সকল দেবতাই, আমাব উদ্দেশেই [উনি] প্রথমে অনুবচন আবম্ভ কবিবেন, আমাব উদ্দেশেই [কবিবেন], এইরূপ আশা কবিয়াছিলেন। সেই প্রজাপতি দেখিলেন, যদি [ইঁহাদেব মধ্যে কোন] একজন দেবতাকে উদ্দেশ কবিয়া প্রথমে আবম্ভ কবি, তাহা হইলে অন্য দেবতাগণ কিরূপ ক্রমানুসাবে আমাব লব্ধ হইবেন ;—ইহা ভাবিয়া (অর্থাৎ অপক্ষপাত দেখাইবাব জন্য) তিনি "আপো বেবতীঃ"[১] এই ঋক্ দর্শন[২] কবিলেন। কেন না, অপ্‌সমূহই (জলই) সকল দেবতাব স্বরূপ, বেবতীসমূহও সকল দেবতাব স্বরূপ। তিনি এই ঋক্‌দ্বাবা প্রাতবনুবাক আবম্ভ কবিলেন ; তাহাতে সেই সকল দেবতাই আমাব উদ্দেশেই আবম্ভ হইয়াছে, আমাব উদ্দেশেই হইয়াছে, ভাবিয়া আনন্দিত হইলেন। সেই জন্য এই ঋকে প্রাতবনুবাক আরম্ভ কবিলে সকল দেবতাই আনন্দিত হন। যে ইহা জানে, তাহাব প্রাতবনুবাক সকল দেবতাব উদ্দেশেই আবব্ধ হয়।

ঐ ঋকের আখ্যায়িকা দ্বারা প্রশংসা—"তে···দেবাঃ"

সেই দেবগণ ভয় করিয়াছিলেন, যেমন ওজস্বী (দৈহিক সামর্থ্যযুক্ত) ও বলবান্ (সৈন্যসহায়) ব্যক্তিবা [দুর্ব্বলের ধন হবণ কবে], সেইরূপ এই অসুরেবা আমাদেব এই প্রাতঃকালেব যজ্ঞ (প্রাতবনুবাক) অপহরণ

(১) আপো রেবতীঃ ক্ষয়থা হি বস্বঃ ক্রতুং চ ভদ্রং বিভৃথামৃতঞ্চ। রায়শ্চ স্থ স্বপত্যস্য পত্নীঃ সরস্বতী তদ্ গৃণতে বয়োধাৎ। (১০।৩০।১২) ঐ মন্ত্রে প্রাতরনুবাক আরম্ভ করিতে হয়। তার পর বিভিন্ন দেবতার উদ্দিষ্ট বিহিত ছন্দের মন্ত্র পাঠ হয়। রায়ো ধনানি যাসাং সন্তীতি রেবত্যঃ (সায়ণ)। ধনবত্তাহেতু সকল দেবতাই রেবতী।

(২) প্রজাপতি স্বয়ংও বৈদিক মন্ত্রের দ্রষ্টা। কেন না, বেদ অপৌরুষেয়।

কবিবে। তখন ইন্দ্র তাঁহাদিগকে বলিলেন, তোমবা ভয় কবিও না, আমি প্রাতঃকালেই উহাদেব (অসুবদেব) প্রতি তিন কাবণে সমৃদ্ধ বজ্র প্রহাব কবিব। ইহা বলিয়া সেই ["আপো বেবতীঃ" ইত্যাদি] ঋক্ পাঠ কবিয়াছিলেন। ঐ ঋকেব দেবতা 'অপো নপ্তা,'—সেই কাবণে উহা বজ্রস্বরূপ; উহাব ছন্দ ত্রিষ্টুপ্, সেই [দ্বিতীয়] কাবণে উহা বজ্রস্বরূপ; উহা বাক্য, এই [তৃতীয়] কাবণে উহা বজ্রস্বরূপ। [তৎপবে ইন্দ্র] উহাদেব প্রতি তাহা প্রহাব কবিলেন ও তদ্দ্বাবা উহাদিগকে হত্যা কবিলেন। তাহাতে দেবগণ জযলাভ কবিল ও অসুবেবা পবাভূত হইল। যে ইহা জানে, সে স্বযং জযলাভ কবে ও তাহাব দ্বেষকর্ত্তা পাপী শত্রু পবাভূত হয।

সেই জন্য ঐ ঋক্ তিন বাব পাঠ কবিবে—"তদাহুঃ···প্রজাতিঃ"

এ বিষয়ে [ব্রহ্মবাদীবা] বলেন, যে এই ঋকে সকল ছন্দ জন্মাইতে পাবে, সেই [উৎকৃষ্ট] হোতা হয। ইহা তিন বাব পঠিত হইলেই সকল ছন্দেব স্বরূপ হয, এইরূপেই সকল ছন্দ জন্মে।

সপ্তম খণ্ড

প্রাতবনুবাক

বিশিষ্ট ফলকামনায প্রাতবনুবাকে অন্যবিধ ঋক্‌সংখ্যার বিধান—"শতমনূচ্যং··· অপবিমিতমেবানূচ্যম্"

আয়ুষ্কামীব জন্য শত মন্ত্র পাঠ কবিবে। পুরুষ শতাযুঃ, শতবীর্য্য, শতেন্দ্রিয়; এতদ্দ্বাবা তাহাকে আযুতে, বীর্য্যে ও ইন্দ্রিয়ে স্থাপন কবা হয়।

যজ্ঞকামীব জন্য তিন শত ষাটি মন্ত্র পাঠ কবিবে। সংবৎসবের দিন তিন শত ষাটি; তাহা লইয়াই সংবৎসব; সংবৎসবই প্রজাপতি, প্রজাপতিই যজ্ঞ। ইহা জানিয়া যাহাব জন্য তিন শত ষাটি মন্ত্র [হোতা] পাঠ কবেন, যজ্ঞ তাঁহার নিকট প্রণত হয়।

প্রজাকামীব ও পশুকামীব জন্য সাত শত বিশ মন্ত্র পাঠ কবিবে। সংবৎসরে সাত শত বিশ অহোরাত্র; তাহাদের লইয়া সংবৎসর; সংবৎসরই প্রজাপতি; আর যিনি অগ্রে জাত হইলে তৎপরে এই বিশ্বরূপ

(প্রজাপশ্বাদিযুক্ত অখিল বস্তু) জন্মগ্রহণ করে, এতদ্দ্বারা (উক্ত-সংখ্যক মন্ত্র পাঠে) [যজমান] সেই অগ্রজন্মা প্রজাপতির পরই প্রজাদ্বারা ও পশুদ্বারা [সমৃদ্ধ হইয়া] জাত (উৎপন্ন) হয়। যে ইহা জানে, সে প্রজাদ্বারা ও পশুদ্বারা [সমৃদ্ধ হইয়া] জাত হয়।

অব্রাহ্মণরূপে কথিতের জন্য বা যে দুরুক্ত (অপবাদগ্রস্ত) রূপে কথিত ও মলিনরূপে স্বীকৃত হইয়া যাগ করে, তাহার জন্য আট শত মন্ত্র পাঠ করিবে। গায়ত্রী অষ্টাক্ষরা; দেবগণ গায়ত্রীদ্বারাই মলিন পাপকে বিনাশ করিয়াছিলেন। এতদ্দ্বারা গায়ত্রীদ্বারাই যজমানের মলিন পাপকে বিনাশ করা হয়। যে ইহা জানে, সে পাপকে বিনাশ করে।

স্বর্গকামীর জন্য সহস্র মন্ত্র পাঠ করিবে। একদিনে অশ্ব যত দূর যায়, স্বর্গলোক এখান হইতে তাহার সহস্র গুণ দূরে, এতদ্দ্বারা স্বর্গলোকপ্রাপ্তি, [সেখানে] সম্পত্তি (ঐশ্বর্য্যলাভ) ও [দেবগণ সহ] সঙ্গতি (মিলন) ঘটে।

[সর্ব্বকামসিদ্ধির জন্য] অপরিমিত (শেষ রাত্রিতে সূর্য্যোদয়ের পূর্ব্বে যত পারা যায়, তত) মন্ত্র পাঠ করিবে। প্রজাপতি অপরিমিত, এই যে প্রাতরনুবাক, তাহা প্রজাপতির উক্‌থ (প্রিয় স্তুতি); সেই [হোতা] যদি সর্ব্বকামপ্রাপ্তির জন্য অপরিমিত মন্ত্র পাঠ করে, তবে সেই [যজমানের] সর্ব্বকামনা লব্ধ হয়। যে ইহা জানে, সে সকল কামনা লাভ করে। সেই জন্য অপরিমিত মন্ত্র পাঠ করিবে।

প্রাতরনুবাকের উদ্দিষ্ট দেবতা তিন; অগ্নি, উষা ও অশ্বিদ্বয়; তদনুসারে উহার তিন ভাগ। প্রত্যেক ভাগে পাঠ্য অনুবচন মন্ত্রের ছন্দের সংখ্যা বিধান—
"সপ্তাগ্নেয়ানি···অভিজিত্যৈ"

সাতটি ছন্দে অগ্নির উদ্দিষ্ট মন্ত্র পাঠ করিবে।[১] কেন না, দেবলোকের সংখ্যা সাতটি। যে ইহা জানে, সে সকল দেবলোকেই সমৃদ্ধ হয়। সাতটি ছন্দে উষার উদ্দিষ্ট মন্ত্র পাঠ করিবে, কেন না, গ্রাম্য পশুর সংখ্যা সাতটি।[২] যে ইহা জানে, সে গ্রাম্য পশুসকল লাভ করে। সাতটি ছন্দে অশ্বিদ্বয়ের

(১) তিন দেবতার পক্ষেই সাতটি ছন্দ যথাক্রমে—গায়ত্রী, অনুষ্টুপ্, ত্রিষ্টুপ্, বৃহতী, উষ্ণিক্, জগতী ও পঙ্‌ক্তি। (পূর্ব্বে দেখ)

(২) গ্রাম্য পশু সাতটি, বৌধায়ন মতে—অজ, অশ্ব, গো, মহিষী, বরাহ, হস্তী, অশ্বতরী। আপস্তম্ব মতে—অজ, অবি (মেষ), গো, অশ্ব, গর্দ্দভ, উষ্ট্র, নর।

উদ্দিষ্ট মন্ত্র পাঠ করিবে ; কেন না, [লৌকিক সপ্তস্বরযুক্ত গানরূপ] বাক্য সাত প্রকারে (সাত স্বরে) কথিত হয় ; [বৈদিক সামরূপী] বাক্যও তত প্রকারেই কথিত হয়। ইহাতে সমস্ত [লৌকিক] বাক্যের ও সমস্ত ব্রহ্মের (বৈদিক বাক্যের) পরিগ্রহ ঘটে।

তিন দেবতার উদ্দেশেই মন্ত্র পাঠ করিবে। এই লোকত্রয় (স্বর্গ, অন্তরিক্ষ ও ভূমি) ত্রিবৃত (তিনগাছি সূত্রে প্রস্তুত রজ্জুর মত মিলিত) ; ইহাতে এই লোকসকলের জয় ঘটে।

অষ্টম খণ্ড

প্রাতরনুবাক

প্রাতরনুবাকে মন্ত্রপাঠের নিয়ম নির্দ্দেশ—"তদাহুঃ···তেনেতি"

এ বিষয়ে [ব্রহ্মবাদীরা] প্রশ্ন করেন, প্রাতরনুবাক কিরূপে পাঠ করিবে ? [উত্তর] প্রাতরনুবাক ছন্দের ক্রমানুসারে পাঠ করিবে।[১] এই যে ছন্দ সকল, ইহারা প্রজাপতির অঙ্গস্বরূপ, এবং এই যিনি যাগ করেন, তিনিও প্রজাপতির স্বরূপ। এই জন্য ঐরূপ পাঠ যজমানের পক্ষে হিতকর।

[কাহারও মতে] প্রাতরনুবাক [প্রতি মন্ত্রে] পাদশঃ (প্রত্যেক চরণের পর) [বিরাম দিয়া] পাঠ করিবে। কেন না, পশুগণ চতুষ্পাদ ; ইহাতে পশুলাভ ঘটে।

[ঐ মতের খণ্ডন] অর্দ্ধ ঋক্ ক্রমেই (প্রতি চরণে বিরাম না দিয়া অর্দ্ধঋক্ পাঠান্তে বিরাম দিয়া) পাঠ করিবে। যেমন [অধ্যয়নকালে] পাঠ করা হয়, সেইরূপেই পাঠ করিলে প্রতিষ্ঠা ঘটিবে। কেন না, পুরুষ (মনুষ্য) দ্বিপ্রতিষ্ঠ (দুই পায়ে প্রতিষ্ঠিত) ; আর পশুগণ চতুষ্পাদ। এতদ্দারা যজমানকে দ্বিপ্রতিষ্ঠ করিয়া চতুষ্পাদ পশুতে স্থাপনা করা হয়। এই জন্য অর্দ্ধ ঋক্ ক্রমেই পাঠ করিবে।

এ বিষয়ে আবার [ব্রহ্মবাদীরা] প্রশ্ন করেন, এই যে [পূর্ব্বোক্ত ক্রমানুসারে ছন্দ পাঠ], ইহা [অক্ষরসংখ্যানুযায়ী ক্রমের] বিপরীত হইয়াও কেন বিপরীত হইল না ? [উত্তর] উহার মধ্য হইতে বৃহতী

---

(১) ছন্দের ক্রম পূর্ব্বে দেখান হইয়াছে। ১২৮ পৃষ্ঠে পাদটীকা (১) দেখ

ছন্দ অপগত হয় নাই ; তজ্জন্য সেই মতেই (উক্ত ক্রমানুসারেই) পাঠ করিবে।

প্রাতরনুবাকের মন্ত্র কযটিতে অক্ষরসংখ্যানুসারে ছন্দের ক্রম এইরূপ হওয়া উচিত ; গায়ত্রী, উষ্ণিক্‌, অনুষ্টুপ্‌, বৃহতী, পঙ্‌ক্তি, ত্রিষ্টুপ্‌, জগতী। তাহা হইলে গায়ত্রীতে চব্বিশ অক্ষব হয় ও পরের ছন্দগুলিতে অক্ষবসংখ্যা ক্রমশঃ চারিটি করিয়া বাড়ে। কিন্তু প্রাতরনুবাকে বিহিত ছন্দের ক্রম বিপরীত, অর্থাৎ ঠিক্‌ ঐরূপ নহে ; যথা—গায়ত্রী, অনুষ্টুপ্‌, ত্রিষ্টুপ্‌, বৃহতী, উষ্ণিক্‌, জগতী, পঙ্‌ক্তি, উভযত্রই বৃহতী ছন্দ মধ্যে অর্থাৎ চতুর্থ স্থানে থাকাতে এই ক্রমবিপর্য্যয়ে দোষ হইল না, ইহাই তাৎপর্য্য। (সাযণ)

প্রাতরনুবাকের প্রশংসা—"আহুতিভাগা…এবং বেদ"

কোন কোন দেবতা [যজুর্বেদবিহিত] আহুতির ভাগী, অন্য দেবতারা [সামবেদগত] স্তোমের ভাগী অথবা [ঋঙ্‌মন্ত্রময] ছন্দের ভাগী ; অগ্নিতে যে সকল আহুতি দেওয়া হয, তাহাতে আহুতিভাগীরা প্রীত হন, আর [স্তোম দ্বারা] যে স্তব করা হয, এবং [ঋক্‌ দ্বারা] যে প্রশংসা করা হয, তাহাতে স্তোমভাগীরা ও ছন্দোভাগীরা প্রীত হন। যে ইহা জানে, তাহার প্রতি এই উভযবিধ (আহুতিভাগী এবং স্তোম-ছন্দোভাগী) দেবতারা প্রীত হইযা অভীষ্টপ্রদ হন।

তেত্রিশ জন দেবতা সোমপাযী, আর তেত্রিশ জন সোমপাযী নহেন। অষ্ট বসু, একাদশ রুদ্র, দ্বাদশ আদিত্য, প্রজাপতি, বষট্‌কার, ইঁহারা সোমপাযী ; আর একাদশ প্রযাজ, একাদশ অনুযাজ, একাদশ উপযাজ, ইঁহারা সোমপায়ী নহেন, ইঁহারা পশুভাগী। অতএব সোমদ্বারা সোমপায়ী-দিগকে ও পশু দ্বারা অসোমপদিগকে প্রীত করা হয়। যে ইহা জানে, তাহার প্রতি উভয়বিধ দেবতা প্রীত ও অভীষ্টপ্রদ হন।

এ স্থলে প্রযাজ, অনুযাজ ও উপযাজ বলিতে পশুকর্ম্মে বিহিত তত্তৎ যাগের উদ্দিষ্ট দেবতাকে বুঝাইতেছে।

প্রাতরনুবাক সমাপ্তির জন্য শেষ ঋক্‌,—"অভূদুষা…ভবন্তি"।

"অভূদুষা রুশৎপশুঃ(২)" এই অন্তিম ঋকে [প্রাতরনুবাক পাঠ] সমাপ্ত করিবে। এ বিষয়ে [ব্রহ্মবাদীরা] প্রশ্ন করেন, এই যে অগ্নির, উষার ও অশ্বিদ্বয়ের উদ্দিষ্ট ক্রতুর (প্রাতরনুবাকের ভাগত্রয়ের) পাঠ হইল, কিরূপে

---

(২) ৫।৭৫।৯।

একটি ঋকে [প্রাতরনুবাক] সমাপ্ত করায় ইহাতে তিনটি ক্রতুর সমাপ্তি হয় ? [উত্তর] "অভূদুষা রুশৎপশুঃ"—উষাতে পশুগণ পরস্পরের প্রতি চাহিয়া শব্দ করে—এই [প্রথম চরণ] উষার অনুকূল। "আগ্নিরধায্যৃত্বিয়ঃ"—ঋতুতে উৎপন্ন অগ্নির আধান হইল—এই [দ্বিতীয় চরণ] অগ্নির অনুকূল। "অযোজি বাং বৃষণ্বসূ রথো দস্রাবমর্ত্ত্যো মাধ্বী মম শ্রুতং হবম্"—অহে বহু ধনশালী অশ্বিদ্বয়, তোমাদের অমর্ত্ত্য রথ যোজিত হইয়াছে, আমার মধুর আহ্বান শ্রবণ কর—এই [শেষার্দ্ধ] অশ্বিদ্বয়ের অনুকূল। এই জন্য এই একমাত্র ঋকে সমাপ্ত করিলেও সেই তিন ক্রতু সমস্তই সমাপ্ত হয়।

অষ্টম অধ্যায়

প্রথম খণ্ড

অপোনপ্ত্রীয় সূক্ত

পশুযাগের পর বসতীবরী নামক জল নদী বা অন্য জলাশয় হইতে আনিয়া রাখা হয়। পরদিন উহার সহিত একধনা নামক জল কলসে করিয়া আনিয়া উভয় জল মিশান হয়। এই জল সোমাভিষবের জন্য অর্থাৎ সোম ছেঁচিয়া রস নিষ্কাশনের জন্য ব্যবহৃত হয়। একধনা আনিয়া বসতীবরীর সহিত মিশাইবার সময় অপোনপ্ত্রীয় সূক্ত পাঠ করিতে হয়। ঐ সূক্ত সম্বন্ধে আখ্যায়িকা—"ঋষয়ো বৈ…কুরুতে"

পুরাকালে ঋষিগণ সরস্বতীতীরে সত্রে[১] উপস্থিত হইয়াছিলেন। তাঁহারা ইলূষপুত্র কবষকে, এই দাসীপুত্র কিতব (দ্যূতাসক্ত) অব্রাহ্মণ

---

(১) দ্বাদশদিনের অধিকদিনব্যাপী বহু যজমানের পক্ষে অনুষ্ঠিত যাগকে সত্র বলে। কৌষীতকিব্রাহ্মণে উক্ত সত্রসম্বন্ধে নিম্নোক্ত আখ্যায়িকা আছে—

"মাধ্যমাঃ সরস্বত্যাং সত্রমাসত তদ্ধাপি কবষো মধ্যে নিষসাদ। তং হেম উপোদুর্দাস্যা বৈ ত্বং পুত্রোঽসি ন বয়ং ত্বয়া সহ ভক্ষয়িষ্যাম ইতি। স হ ক্রুদ্ধঃ প্রদ্রবন্ সরস্বতীমেতেন সূক্তেন তুষ্টাব। তং হেয়মন্বেয়ায়। ত উ হেমে নিরাগা ইব মনিরে তং হান্বাবৃত্যোচুর্ঋষে নমস্তে অস্তু মা নো হিংসীস্ত্বং বৈ নঃ শ্রেষ্ঠোঽসি যং ত্বেয়মন্বেতীতি। তং হ জ্ঞপয়াংচক্রুস্তস্য হ ক্রোধং বিনিন্যুঃ। স এষ কবষস্যৈষ মহিমা সূক্তস্য চানুবেদিতা।" (কৌষীতকি ব্রাহ্মণ, ১২।৩)

মধ্যম ঋষিগণ (গৃৎসমদ, বিশ্বামিত্র, বামদেব, অত্রি, ভরদ্বাজ, বশিষ্ঠ [আশ্ব-গৃহ্য-সূ, ৩।৪]) সরস্বতীতীরে সত্রানুষ্ঠান করিয়াছিলেন। তাঁহাদের মধ্যে কবষ আসীন ছিলেন। সেই

কিরূপে আমাদেব মধ্যে দীক্ষা গ্রহণ কবিল, এই বলিয়া সোমযাগ হইতে অপসারিত কবিয়াছিলেন ; এবং পিপাসা ইহাকে বিনাশ করুক, সরস্বতীর জল যেন এ পান কবিতে না পায়, ইহা বলিয়া তাঁহাকে [সবস্বতীব] বাহিবে জলহীন দেশে তাডাইযা দিযাছিলেন। সেই কবষ বাহিবে জল-হীন দেশে অপসাবিত হইযা পিপাসায আক্রান্ত হইয়া "প্র দেবত্রা ব্রহ্মণে গাতুবেতু" ইত্যাদি অপোনপ্‌ত্রীয (অপোনপতৃদৈবত) সূক্তং দর্শন কবিয়াছিলেন। তদ্দ্বাবা (ঐ সূক্তজপে) তিনি অপ্‌দেবতাব প্রিয ধাম প্রাপ্ত হইযাছিলেন ; সবস্বতী [নদীও] তাঁহাব চাবি দিকে আসিযা ধাবিত (প্রবাহিত) হইযাছিলেন। সেই হেতু, সবস্বতী যেখানে ইঁহাব চাবি দিকে পবিস্থত (প্রবাহিত) হইযাছিলেন, সেই স্থানকে এখনও 'পবিসাবক' [এই নামে] ডাকা হয়।

সেই ঋষিগণ তখন [পবস্পব] বলিলেন, দেবগণ এই কবষকে জানিয়াছেন, [অতএব] ইঁহাকে আমবা নিকটে আহ্বান কবিব। তাহাই

ঋষিগণ তাঁহাকে তিরস্কার করিলেন, "তুমি ত দাসীর পুত্র, আমরা তোমার সহিত ভোজন করিব না।" তিনি ক্রুদ্ধ হইয়া চলিয়া গেলেন এবং ঐ সূক্ত দ্বারা সরস্বতীকে তুষ্ট করিলেন। সেই সরস্বতী তাঁহার অনুগমন করিলেন। তখন তাঁহারা (ঋষিগণ) তাঁহাকে নির্দ্দোষ বলিয়া বুঝিলেন ও তাঁহার পশ্চাতে গমন করিয়া বলিলেন, "অহে ঋষি, তোমাকে প্রণাম ; তুমি আমাদের হিংসা করিও না ; তুমি আমাদের মধ্যে শ্রেষ্ঠ, যেহেতু এই সরস্বতী তোমার অনুগমন করিতেছেন।" তখন তাঁহারা তাঁহাকে যজ্ঞের অধ্যক্ষ করিয়া তাঁহার ক্রোধ অপনোদন করিলেন। ইহাই কবষের মহিমা এবং তিনিই সেই সূক্তের প্রকাশক। পুনশ্চ—

"তদ্ধ স্ম পুরা যজ্ঞমুহো রক্ষাংসি তীর্থেষপো গোপায়ন্তি। তদেকেঽপোঽচ্ছ জগ্মুস্তত এব তান্ সর্ব্বান্ জঘ্নুস্ত এব তৎ কবষঃ সূক্তমপশ্যৎ পঞ্চদর্শর্চং প্র দেবত্রা ব্রহ্মণে গাতুরেতু ইতি তদন্বব্রবীত্তেন যজ্ঞমুহো রক্ষাংসি তীর্থেভ্যোঽপাহন্" (কৌষীতকিব্রাহ্মণ, ১২।১)।

পুরাকালে যজ্ঞবিঘ্নকারী রাক্ষসেরা তীর্থ সকলের জল রক্ষা করিত। তখন কেহ কেহ জল লইতে আসিলে সেই রাক্ষসেরা তাহাদের সকলকে হত্যা করিত। তখন কবষ "প্র দেবত্রা ব্রহ্মণে গাতুরেতু" ইত্যাদি পঞ্চদশ ঋক্‌যুক্ত সূক্ত দর্শন করিলেন ও সেই সূক্ত পাঠ করিলেন। তদ্দ্বারা তিনি সেই যজ্ঞবিঘ্নকারী রাক্ষসদিগকে তীর্থ হইতে অপসারিত করিলেন।

(২) দশম মণ্ডল, ৩০ সূক্ত। ঐ সূক্তের ঋষি কবষ ঐলূষ। দেবতা আপঃ অথবা অপাং নপাৎ।

হউক, বলিয়া তাঁহারা তাঁহাকে সমীপে আহ্বান করিয়াছিলেন। তাঁহাকে সমীপে আহ্বান করিয়া "প্র দেবত্রা ব্রহ্মণে গাতুরেতু" ইত্যাদি অপোনপ্ত্রীয় সূক্ত প্রয়োগ করিয়াছিলেন। তদ্দারা তাঁহারা অপ্‌দেবতাগণের প্রিয় ধামের ও দেবগণের সামীপ্য প্রাপ্ত হইয়াছিলেন।

যে ইহা জানে ও যে ইহা জানিয়া এই অপোনপ্ত্রীয় সূক্ত প্রয়োগ করে, সে অপ্‌দেবতাগণের প্রিয় ধামের ও দেবগণের সামীপ্য প্রাপ্ত হয় ও পরম লোক জয় করে।

ঐ সূক্তপাঠের নিয়ম—"তৎ সন্ততং…ভবতি"।

ঐ সূক্ত অবিচ্ছেদে (বিনা বিরামে)[৩] পাঠ করিবে। যে স্থানে ইহা জানিয়া এই সূক্ত অবিচ্ছেদে পাঠ করা হয়, সেখানে পর্জ্জন্য (মেঘ) প্রজাগণের উদ্দেশে অবিচ্ছেদে বর্ষণ করেন। যদি [প্রত্যেক চরণের পর বা অর্দ্ধ ঋকের পর] বিরাম দিয়া পাঠ করা হয়, তাহা হইলে পর্জ্জন্য প্রজাদিগের উদ্দেশে [ভূমিতে বর্ষণ না করিয়া] পর্ব্বতে বর্ষণ করেন। সেই জন্য অবিচ্ছেদেই পাঠ করিবে। এই সূক্তের প্রথম মন্ত্র তিন বার অবিচ্ছেদে পাঠ করিবে। তাহা হইলে ঐ সমস্ত সূক্তই অবিচ্ছেদে পাঠ করা হইবে।

দ্বিতীয় খণ্ড

অপোনপ্ত্রীয় সূক্ত

সূক্তগত মন্ত্রপাঠের নিয়ম—"তা এতা…দশমীম্"

এই সেই (সূক্তমধ্যে প্রথম হইতে নবম পর্য্যন্ত) নয়টি ঋক্ অবিচ্ছেদে (কোন দুই মন্ত্রের মধ্যে বিরাম না দিয়া) পাঠ করিবে। "হিনোতা নো অধ্বরং দেবযজ্যা"[১] এই মন্ত্রকে দশম করিবে।

অর্থাৎ নবম ঋক্ পাঠের পর "আবর্ত্ততীরধ" ইত্যাদি দশম ঋক্‌টিকে পরিত্যাগ করিয়া তৎপরবর্ত্তী "হিনোতা নো অধ্বরং" ইত্যাদি একাদশ ঋক্‌কেই দশমের স্থানে পড়িবে। পরিত্যক্ত ঋক্‌পাঠের সময়-বিধান "আবর্ত্ততীঃ… একধনাসু"।

(৩) পূর্ব্বোক্ত প্রাতরনুবাক অর্দ্ধ ঋকের পর অবসান দিয়া পাঠ করিতে হয়। এ স্থলে সেইরূপ অবসানের বা বিরামের নিষেধ হইল।

(১) ১০।৩০।১১।

"আবর্ত্ততীবধ স্ম দ্বিধাবা"[২] এই [পরিত্যক্ত দশম] ঋক্ একধনা [জল] লইয়া আসিবাব সময়ে [পাঠ কবিবে]।

হোতা প্রাতরনুবাক পাঠ কবিলে পব অধ্বর্য্যু হোম কবেন ও হোতাকে অপোনপ্ত্রীয় সূক্তপাঠার্থ অনুজ্ঞা কবেন। হোতা ঐ সূক্তের প্রথম নয় মন্ত্র ও একাদশ মন্ত্র পাঠ কবিলে কযেক জন লোকে অধ্বর্য্যুব আদেশে নদী বা পুষ্কবিণী হইতে কলসে কবিযা জল আনযন কবেন। ঐ জলেব নাম একধনা। যাহাবা একধনা লইয়া আসে, তাহাদেব নাম একধনী। একধনা লইযা আসিবাব সময়ে হোতা ঐ সূক্তেব দশম ঋক্ ("আবর্ত্ততীবধ" ইত্যাদি) পাঠ কবেন। তৎপবে ঐ জল লইয়া নিকটে আসিলে হোতা যখন তাহা দেখিতে পান, তখন ঐ সূক্তের ত্রয়োদশ মন্ত্র পাঠ কবেন, যথা—"প্রতি যদাপো⋯প্রতিদৃশ্যমানাসু"

"প্রতি যদাপো অদৃশ্রমায়তীঃ"[৩] এই মন্ত্র হোতা যখন [ঐ একধনা] দেখিতে পান, তখন পাঠ কবিবে।

তৎপবে অন্য সূক্তেব অন্তর্গত অন্যান্য মন্ত্রপাঠেব সমযনির্দ্দেশ—"আ ধেনবঃ ⋯ সমায়তীষু"

"আ ধেনবঃ পয়সা তূর্ণ্যর্থাঃ"[৪] এই মন্ত্র [ঐ জল চাত্বালেব[৫] নিকট] আনিবাব সময [পাঠ কবিবে]। "সমন্যা যন্ত্যপ যন্ত্যন্যাঃ"[৬] এই মন্ত্র [ঐ জল হোতৃচমসে] সংযুক্ত কবিবাব সময পাঠ কবিবে।

পূর্ব্বদিন পশুযাগেব পব বসতীববী নামক জল আনিযা বেদিব উপব বাখা হইয়াছিল। পবদিন উন্নেতা নামক ঋত্বিক্[৭] সেই বসতীববী জল ও হোতাব চমস[৮] চাত্বালে লইযা আসেন। মৈত্রাবরুণেব পবিচাবক চমসাধ্বর্য্যু, একধনী পুরুষগণ কর্ত্তৃক আনীত একধনা জল ও মৈত্রাবরুণেব চমস আনেন। হোতাব চমসে বসতীববী ও মৈত্রাবরুণেব চমসে একধনা বাখা হয়। তৎপবে অধ্বর্য্যু উভয় চমস পরস্পব

---

(২) ১০।৩০।১০। (৩) ১০।৩০।১৩। (৪) ৫।৪৩।১।

(৫) বেদির পার্শ্বে নির্দ্দিষ্ট স্থানবিশেষের নাম চাত্বাল।

(৬) ২।৩৫।৩।

(৭) অগ্নিষ্টোমযজ্ঞে ষোল জন ঋত্বিক্ থাকেন। হোতা, ব্রহ্মা অধ্বর্য্যু ও উদ্গাতা, এই চারি জন প্রধান। তদ্ভিন্ন বার জন সহকারী ঋত্বিকের নাম যথাক্রমে—মৈত্রাবরুণ, ব্রাহ্মণাচ্ছংসী, প্রতিপ্রস্থাতা, প্রস্তোতা, অচ্ছাবাক, আগ্নীধ্র, নেষ্টা, প্রতিহর্ত্তা, গ্রাবস্তুৎ, পোতা, উন্নেতা, সুব্রহ্মণ্য। এই ষোল জন ঋত্বিক্ ব্যতীত দশ জন চমসাধ্বর্য্যু ও কতিপয় পরিকর্ম্মী (পরিচারক) আবশ্যক হয়।

(৮) চমস—চামচা। চমস দ্বারা সোমরসাদি গ্রহণ করা হয়।

সংযুক্ত করেন। সেই সময়ে হোতা ঐ মন্ত্র ("সমন্ব্যা যন্তি" ইত্যাদি) পাঠ করেন। তৎপরে পরবর্ত্তী মন্ত্রপাঠকালে দুই জল মিশান হয়।

ঐ মন্ত্রের প্রশংসার্থ আখ্যায়িকা—"ত পো বা…এবং বেদ"

এই যে বসতীবরী, যাহা [সুত্যার] পূর্ব্বদিনে, আর এই যে একধনা, যাহা [সেই দিন] প্রাতঃকালে সংগৃহীত হয়, এই [উভয়বিধ] জল, আমরাই আগে যজ্ঞ নির্ব্বাহ করিব, আমরাই [আগে করিব], এই বলিয়া [পরস্পর] স্পর্দ্ধা (বিবাদ) করিয়াছিল। ভৃগু (তন্নামক ঋষি) দেখিলেন, সেই জলেরা [পরস্পর] স্পর্দ্ধা করিতেছে, তাহা দেখিয়া তিনি "সমন্ব্যা যন্ত্যপ যন্ত্যন্যাঃ" এই ঋক্ দ্বারা তাহাদিগের মিলন করিয়া দিলেন। তখন তাহারা [বিবাদ ত্যাগ করিয়া] মিলিত হইল। যে ইহা জানে, তাহাদের [উভয়বিধ] জল মিলিত হইয়া যজ্ঞ নির্ব্বাহ করে।

এই জন্য উভয় জল চমসদ্বয়ে আনিয়া চমসদ্বয় সংযোগের সময় ঐ মন্ত্রপাঠের প্রযোজ্যতা। তৎপরে উভয় জল হোতার চমসে মিশান হয়। যথা—"আপো ন… তদাহ"

"আপো ন দেবী উপযন্তি হোত্রিয়ম্" এই মন্ত্র বসতীবরী ও একধনা [উভয়] জল হোতার চমসে সেচনের সময় [পাঠ করিবে]। সেই সময়ে "অবেরপোঽধ্বর্য্যা উ"—অহে অধ্বর্য্যু, [উভয়] জল পাইয়াছ কি?—এই মন্ত্রে হোতা অধ্বর্য্যুকে প্রশ্ন করেন। [ঐ উভয়] জলই যজ্ঞস্বরূপ, [সেই হেতু] ঐ প্রশ্নে "যজ্ঞকে পাইয়াছ কি?" ইহাই জিজ্ঞাসা করা হয়। [অনন্তর] "উতেমনন্নমুঃ"—উহা ঠিকই পাইয়াছি —অধ্বর্য্যু এই উত্তর দেন। এই উত্তরে, "[অহে হোতা] উহাই (ঐ উভয়বিধ জলই) তুমি দেখ," ইহাই বলা হয়।

তৎপরে হোতা একটি নিগদ মন্ত্র অধ্বর্য্যুর উদ্দেশে পাঠ করিয়া আসন হইতে উত্থান করেন। সেই নিগদ মন্ত্র—"তাসু…প্রত্যুত্তিষ্ঠতি"।

"অহে অধ্বর্য্যু, বসুমান্ রুদ্রবান্ আদিত্যবান্ ঋভুমান্ বিভুমান্ বাজবান্ (অন্নযুক্ত) বৃহস্পতিবান্ বিশ্বদেব্যবান্ ইন্দ্রের উদ্দেশে, ঐ [উভয়বিধ] জলে মধুমান্ (মধুর) বৃষ্টিপ্রদ তীব্র-(অবশ্যম্ভাবী)-ফলপ্রদ বহুল-অনুষ্ঠানযুক্ত সোমের অভিষব কর; যে সোম পান করিয়া ইন্দ্র বৃত্রগণকে (শত্রুগণকে) হত্যা করিয়াছিলেন, তদ্দ্বারা সেই যজমান উৎপন্ন পাপসমূহ হইতে উত্তীর্ণ হউন; "ওঁ" এই মন্ত্র দ্বারা [হোতা] [সেই উভয় জলের] প্রত্যুত্থান করিবে।

উভয়বিধ জলের অভ্যর্থনার জন্য এইরূপ প্রত্যুত্থান বিধেয়, যথা—"প্রত্যুত্থেয়া বৈ…প্রত্যুত্থেয়াঃ"।

[এই উভয়] জলেব প্রত্যুত্থান কর্ত্তব্য। কোন পূজ্য ব্যক্তি আগত হইলে [লোকে তাঁহাব সম্মানার্থ] প্রত্যুত্থান কবে ; এই জন্য উহাদেবও প্রত্যুত্থান কর্ত্তব্য।

প্রত্যুত্থানেব পব উহাব অনুগমন কর্ত্তব্য, যথা—"অনুপর্য্যাবৃত্যাঃ…অনুপ্রপত্তব্যম্"।

উহাদেব পশ্চাতে অনুগমনও কর্ত্তব্য। পূজ্য ব্যক্তিব পশ্চাতে অনুগমন কবা হয় ; সেই জন্য উহাদেব অনুগমন কর্ত্তব্য। [উক্ত নিগদ] পাঠ কবিতে কবিতেই অনুগমন কর্ত্তব্য। যদিও অন্য ব্যক্তি যাগ কবে (অর্থাৎ হোতা স্বযং যাগ কবেন না, যজমানই যাগকর্ত্তা), তথাপি [একপ কবিলে] হোতা যশোলাভে সমর্থ হন ; সেই জন্য [ঐ মন্ত্র] পাঠ কবিতে কবিতেই অনুগমন কর্ত্তব্য।

অনুগমনকালে পাঠ্য অন্য ঋকেব বিধান—"অম্বযো…বুভূষেৎ"

"অম্বযো যন্ত্যধ্বভিঃ"[৯] এই মন্ত্র পাঠ কবিতে কবিতে অনুগমন কবিবে। [ঐ ঋকে] "জামযো অধ্ববীযতাম্ পৃঞ্চতীর্মধুনা পয়ঃ" এই [শেষাংশ] যে ব্যক্তি মধুলাভেব (সোমলাভেব) অযোগ্য, সেও যশোলাভ ইচ্ছা কবিলে [পাঠ কবিবে]।

ঐ ঋকেব অর্থ—[ঐ উভয জল] যজ্ঞ-সম্পাদনেচ্ছুগণেব ভ্রাতৃস্থানীয ও মাতৃসদৃশ হইযা আপনাব জল মধুব (সোমরসেব) সহিত মিশ্রিত কবিযা পথে গমন করে।

বিশেষ ফলকামনায অন্যান্য ঋকের বিধান, যথা—"অমূর্য্যাঃ…পশুকামঃ"

তেজস্কামী ও ব্রহ্মবর্চ্চসকামী "অমূর্য্যা উপসূর্য্যে যাভির্বা সূর্য্যঃ সহ"[১০] এই মন্ত্র, এবং পশুকামী "অপো দেবীরুপহ্বয়ে যত্র গাবঃ পিবন্তি নঃ"[১১] এই মন্ত্র পাঠ কবিবে।

পূর্ব্বোক্ত তিন মন্ত্রপাঠেব ফল—"তা এতাঃ……এবং বেদ"।

ঐ সকল কামনাপ্রাপ্তিব জন্য ঐ সকল মন্ত্র (ঐ তিনটি মন্ত্র) পাঠ কবিতে কবিতে অনুগমন করিবে। যে ইহা জানে, সে ঐ সকল কামনাই প্রাপ্ত হয়।

অন্য দুই মন্ত্রের কালনির্দ্দেশ—"এমাঃ……পরিদধাতি"।

---

(৯) ১।২৩।১৬। (১০) ১।২৩।১৭। (১১) ১।২৩।১৮।

"এমা অগ্মন্ রেবতীর্জীব ধন্যা"[১২] এই মন্ত্র বসতীবরী ও একধনা [বেদিতে] রাখিবার সময় পাঠ করিবে। [বেদিতে] স্থাপিত হইলে পর "আগ্মন্নাপ উশতীর্বর্হিবেদম্"[১৩] এই মন্ত্র দ্বারা অনুবচন সমাপ্ত করিবে।

তৃতীয় খণ্ড

উপাংশুগ্রহ—অন্তর্যামগ্রহ

অপোনপ্ত্রীয় পাঠের পর অধ্বর্য্যু উপাংশুগ্রহ ও অন্তর্যামগ্রহ হইতে সোমরস লইয়া হোম করেন; তখন হোতা অনুচ্চস্বরে মন্ত্র পড়িবেন, যথা—"শিরো বা··· · বিসৃজেত"।

এই যে প্রাতরনুবাক, ইহা যজ্ঞের মস্তকস্বরূপ, উপাংশু ও অন্তর্যাম (তন্নামক গ্রহদ্বয়) প্রাণস্বরূপ ও অপানস্বরূপ, এবং বাক্য বজ্রস্বরূপ। এই জন্য উপাংশু ও অন্তর্যাম আহুতি না হওয়া পর্য্যন্ত [হোতা] বাক্য ত্যাগ করিবে না (মৃদুস্বরে মন্ত্র পাঠ করিবে)।

উপাংশু ও অন্তর্যাম নামক গ্রহদ্বয়[১] হইতে আহবনীয়ে আহুতি দেওয়া হয়। ঐ সময়ে হোতা উচ্চে মন্ত্র পাঠ করিবেন না।

এ বিষয়ে হেতুপ্রদর্শন—"যদাহুতয়ো······বিসৃজেত"

যদি উপাংশু ও অন্তর্যামের আহুতি না হইতেই বাক্য ত্যাগ করেন, তাহা হইলে [হোতা] বাক্যরূপ বজ্র দ্বারা যজমানের প্রাণ বহির্গত করেন। যদি সেই সময়ে কেহ হোতাকে বলে, ইনি বাক্যরূপ বজ্রদ্বারা যজমানের প্রাণ বহির্গত করিয়াছেন, অতএব প্রাণ ইহাকে (যজমানকে) পরিত্যাগ করিবে;—তাহা হইলে অবশ্যই তাহা (যজমানের প্রাণহানি) ঘটে। অতএব উপাংশু ও অন্তর্যামের আহুতি না হইলে বাক্য ত্যাগ করিবে না।

---

(১২) ১০।৩০।১৪। (১৩) ১০।৩০।১৫।

(১) সোমযাগের শেষ দিনে সোমলতা হইতে সোমরস নিষ্ক্রান্ত করিয়া ঐ রস আহুতি দেওয়া হয় ও উহা ঋত্বিকেরা ও যজমান পান করেন। ইহাই সোমযাগের প্রধান অনুষ্ঠান। ইহার নাম সবন। দিবসের মধ্যে তিন বার সবন হয়—প্রাতঃসবন, মাধ্যন্দিনসবন ও তৃতীয় সবন। অভিযুত সোমরসের নাম গ্রহ। যে পাত্রে সোমরস রক্ষিত হয়, তাহাকেও গ্রহ বলে। যে পাত্রে সোমরস লইয়া পান করা হয়, উহা চমস। প্রাতঃসবনে নিম্নোক্ত গ্রহের ব্যবহার আছে। উপাংশু, অন্তর্যাম, ঐন্দ্রবায়ব, মৈত্রাবরুণ, আশ্বিন, শুক্র, মন্থী, দ্বাদশ ঋতুগ্রহ, ঐন্দ্রাগ্ন, বৈশ্বদেব ও উক্থ্য।

উপাংশুহোম ও অন্তর্যামহোমের পর বাক্যত্যাগের বিধান—"প্রাণং যচ্ছ ......বেদ"।

"প্রাণং যচ্ছ স্বাহা ত্বা সুহব সূর্য্যায়"—হে শোভনহোম-সম্পাদক [উপাংশুগ্রহ], সূর্য্যের উদ্দেশে সম্যক্‌ভাবে তোমার হোম করিতেছি, তুমি [যজমানে] প্রাণ দান কর—এই বলিয়া উপাংশুগ্রহের উদ্দেশে মন্ত্র [অনুচ্চস্বরে] পাঠ করিবে ও "প্রাণ প্রাণং মে যচ্ছ"—হে প্রাণ, আমাকে প্রাণ দাও—এই মন্ত্রে তাহার উদ্দেশে শ্বাস গ্রহণ করিবে। "অপানং যচ্ছ স্বাহা ত্বা সুহব সূর্য্যায়"—এই বলিয়া অন্তর্যামের উদ্দেশে মন্ত্র [অনুচ্চস্বরে] পাঠ করিবে ও "অপানাপানং মে যচ্ছ" এই মন্ত্রে তাহার উদ্দেশে শ্বাস ত্যাগ করিবে। [তদনন্তর] "ব্যানায় ত্বা"—ব্যানবায়ুর জন্য তোমাকে [স্পর্শ করিতেছি]—এই বলিয়া উপাংশু-সবন[২] (তন্নামক) পাষাণকে স্পর্শ করিয়া বাক্য ত্যাগ করিবে (উচ্চস্বরে কথা কহিবে)। এই উপাংশুসবনই আত্মা। এতদ্দ্বারা (ঐ পাষাণস্পর্শ দ্বারা) হোতা আত্মাতেই (শরীরেই) প্রাণ স্থাপিত করিয়া পূর্ণায়ু লাভ করিয়া বাক্য ত্যাগ করেন। তাহাতে পূর্ণ আয়ু লাভ ঘটে। যে ইহা জানে, সে পূর্ণ আয়ু প্রাপ্ত হয়।

চতুর্থ খণ্ড

বহিষ্পবমান স্তোত্র

উপাংশুহোম ও অন্তর্যামহোমের পর অভিযুত সোমরস ঐন্দ্রবায়বাদি গ্রহে হোমের জন্য রাখা হয়। তৎপরে অধ্বর্য্যু, প্রস্তোতা, প্রতিহর্ত্তা, উদ্গাতা ও ব্রহ্মা, এই পাঁচ জন ঋত্বিক্‌ ও তৎপরে যজমান ক্রমান্বয়ে হাত ধরাধরি করিয়া চাত্বাল অভিমুখে বহিষ্পবমান স্তোত্র[১] গানের জন্য প্রসর্পণ (গমন) করেন ; সকলে উপবেশন করিলে

---

(২) সোমাভিষবের জন্য অর্থাৎ জলসিক্ত সোম কুটিয়া তাহা হইতে রস নিষ্কাশনের জন্য যে পাষাণখণ্ড ব্যবহার হয়, সেই পাষাণের উল্লেখ হইতেছে। উপাংশুহোমের অর্থাৎ উপাংশুগ্রহ হইতে আহুতির নিমিত্ত সোমরস নিষ্কাশনের জন্য যে পাষাণখণ্ড ব্যবহৃত হয়, তাহার নাম উপাংশুসবনপাষাণ।

(১) "উপাস্মৈ গায়তা নরঃ" ইত্যাদি নয়টি মন্ত্রান্বিত নবম মণ্ডলের একাদশ সূক্ত সামগায়ী ঋত্বিক্‌গণ গান করেন। যাহা গান করা যায়, তাহার নাম স্তোত্র। ঐ সূক্তটি যখন গীত হয়, তখন তাহার নাম বহিষ্পবমান স্তোত্র। প্রস্তোতা, উদ্গাতা ও প্রতিহর্ত্তা,

হোতা তাঁহাদের অনুমন্ত্রণ করেন। হোতা ঐ সময়ে অন্যান্য ঋত্বিকের সহিত যাইবেন কি না, তৎসম্বন্ধে বিচার—"তদাহুঃ····· তথা স্যাৎ"

এ বিষয়ে [ব্রহ্মবাদীরা] প্রশ্ন করেন, [হোতাও ঐ সঙ্গে] যাইবেন, কি যাইবেন না? কেহ কেহ বলেন যে, [হোতাও] যাইবেন। এই যে বহিষ্পবমান, ইহা দেবগণের ও মনুষ্যগণের ভক্ষ্য, সেই জন্য ইহার উদ্দেশে সকলেই যাইবেন, ইহাই তাঁহারা বলেন। কিন্তু [ঐ ব্রহ্মবাদীদের] এই মত এই [প্রসর্পণ] বিষয়ে আদরণীয় নহে। [কেন না] যদি হোতা [প্রসর্পণকারী উদ্গাতার পশ্চাৎ] গমন করেন, তাহা হইলে ঋক্‌কে সামের অনুগামী করা হইবে।[২]

এই সময়ে যদি কেহ সেই হোতাকে বলে, এই হোতা সামগানকারীর (উদ্গাতার) পশ্চাদ্‌গামী হইয়াছে ও উদ্গাতাতেই [নিজের] যশ স্থাপন করিয়াছে ও [আপনার উচ্চতর] পদবী হইতে ভ্রষ্ট হইয়াছে, এখন এই ব্যক্তি [আপনার] পদবী হইতে ভ্রষ্ট হইবে,—তাহা হইলে অবশ্যই তাহা [স্বপদ হইতে ভ্রংশ] ঘটিবে। এই জন্য [হোতা] সেইখানে (স্বস্থানে) উপবিষ্ট হইয়াই [অন্য ঋত্বিক্‌গণের দিকে চাহিয়া] মন্ত্রপাঠ করিবে।

হোতৃপাঠ্য মন্ত্র যথা—"যো দেবানাং ·· ··এবং বেদ"

"যো দেবানামিহ সোমপীথো যজ্ঞে বর্হিষি বেদ্যাম্। তস্যাপি ভক্ষয়ামসি"—এই যজ্ঞে যে বেদি ও যে বর্হিঃ আছে, তাহাতে দেবগণের যে সোমপীথ (সোমযাগে ভক্ষণীয় বহিষ্পবমান চরু) আছে, তাহার অংশ আমরা ভক্ষণ করিব—এই মন্ত্র পাঠ করিলে হোতার আত্মা সোমপীথ (সোমপান) হইতে বঞ্চিত হয় না। তৎপরে "মুখমসি মুখং ভূয়াসম্"—[হে বহিষ্পবমান], তুমি [যজ্ঞের] মুখ, আমিও মুখ (মুখ্য বা প্রধান) হইব—এই মন্ত্রে এই যে বহিষ্পবমান, ইহাকেই যজ্ঞের মুখস্বরূপ বলা

এই তিন জন সামগায়ী ঋত্বিকে উহা গান করেন। গানের পূর্ব্বে সামগায়ীরা বহিষ্পবমানের উদ্দেশে চরু ভক্ষণ করেন। হোতা উহা ভক্ষণ করেন না। সেই বহিষ্পবমান চরুকেই দেবগণের ও মনুষ্যগণের ভক্ষ্য বলা হইল।

(২) হোতার কর্ত্তব্য ঋক্‌পাঠ, উদ্গাতার কর্ত্তব্য সামগান। ঋক্ মন্ত্রেরই গান করিলে তাহা সাম হয়। এজন্য সাম ঋকের পশ্চাদ্‌গামী। যে পশ্চাদ্‌গামী, সে নিকৃষ্ট, যে পুরোগামী, সে উৎকৃষ্ট।

হয়। যে ইহা জানে, সে আত্মীয় মধ্যে মুখ (প্রধান) হয় ও আত্মীয় মধ্যে শ্রেষ্ঠ হয়।

মিত্রাবরুণের উদ্দেশে সবনীয় সোমরসে পয়স্যা (দধি) মিশাইতে হয়; তৎসম্বন্ধে আখ্যায়িকা—"আসুরী……নিরকুরুতাম্"

অসুরজাতীয়া দীর্ঘজিহ্বী দেবগণের উদ্দিষ্ট প্রাতঃসবন [জিহ্বাদ্বারা] লেহন করিয়াছিল, তদ্দ্বারা ঐ [সোমরস] আরও মত্ততাজনক হইয়াছিল। সেই দেবগণ [মাদকতা নিবারণের উপায়] জানিতে ইচ্ছা করিয়া মিত্র ও বরুণকে বলিলেন, এই প্রাতঃসবনকে নির্দ্দোষ কর। তাঁহারা (মিত্র ও বরুণ) বলিলেন, "তাহাই করিব; তবে আমরা বরপ্রার্থনা করিতেছি।" [দেবগণ বলিলেন] "প্রার্থনা কর"। তখন তাঁহারা প্রাতঃসবনে পয়স্যাকেই বরস্বরূপে প্রার্থনা করিলেন। সেই জন্য এই সেই পয়স্যা (দধি) ইহাঁদের বরস্বরূপে প্রার্থিত হওয়ায় কখনও ইহাদিগকে ত্যাগ করে না। এই হেতু সেই প্রাতঃসবনে সেই [দীর্ঘজিহ্বী] যাহাকে মাদকতাজনক করিয়াছিল, তাহা এই পয়স্যা দ্বারা সমৃদ্ধই হইল। কেন না, মিত্র ও বরুণ সেই মাদক দ্রব্যকে সেই দধি দ্বারা নির্দ্দোষ করিয়াছিলেন।

পঞ্চম খণ্ড

সবনীয় পুরোডাশবিধান

সবনকর্ম্মে পুরোডাশবিধান—"দেবানাং বৈ……অধ্রিয়ন্ত"

দেবগণ সবনসমূহ[১] ধরিয়া রাখিতে পারেন নাই। তাঁহারা এই [পশ্চাদুক্ত পাঁচটি] পুরোডাশকে দেখিয়াছিলেন এবং সবনসমূহকে ধরিবার জন্য প্রত্যেক সবনে [আহুতিরূপে] ঐ পুরোডাশ সকল নির্ব্বপণ করিয়াছিলেন। তখন সেই সবনসমূহ তাঁহাদের জন্য ধৃত হইল। সেই সবনসমূহ ধরিবার জন্য প্রত্যেক সবনে যে পুরোডাশ নির্ব্বপণ হয়, তাহাতেই সবনসমূহ দেবগণের উদ্দেশে ধৃত হইয়া থাকে।

---

(১) সুত্যাদিনে তিন বার সোমাভিষব, সোমাহুতি ও সোমপান হয়। এই তিন অনুষ্ঠান যথাক্রমে প্রাতঃসবন, মাধ্যন্দিনসবন ও তৃতীয়সবন। সবনকর্ম্মে যে পুরোডাশের আহুতি হয়, তাহার নাম সবনীয় পুরোডাশ। পাঁচ পুরোডাশের বিষয় পরে ষষ্ঠ খণ্ডে দেখ।

পুরোডাশ শব্দের ব্যুৎপত্তি—"পুরো বা…পুরোডাশত্বম্"

এই যে সকল পুরোডাশ, ইহাদিগকে দেবগণ [সোমাহুতির] পুরোবর্ত্তী করিয়াছিলেন, ইহাই পুরোডাশের পুরোডাশত্ব।[২]

পুরোডাশদানের নিয়ম—"তদাহুঃ   নির্ব্বপেৎ"

এ বিষয়ে [ব্রহ্মবাদীরা] বলেন—প্রাতঃসবনে আটখানি কপালে, মাধ্যন্দিনসবনে এগারখানি কপালে ও তৃতীয়সবনে বারখানি কপালে—এইরূপে প্রতি সবনে পুরোডাশ আহুতি দিবে, কেন না, সবনগুলিরও ঐ রূপ, কেন না, [সবনে বিহিত মন্ত্রের] ছন্দসকলও ঐরূপে (ঐ সংখ্যাক্রমে) বিহিত হয়।[৩] কিন্তু [ব্রহ্মবাদীদের] ঐ মত আদরণীয় নহে। [কেন না] প্রতি সবনে যে পুরোডাশসমূহ, ইহারা সকলেই ইন্দ্রের উদ্দেশে আহুত হয়। সেই জন্য [তিন সবনেই] পুরোডাশসমূহ এগারখানি কপালেই আহুতি দিবে।[৪]

পুরোডাশাহুতির পর তাহার অবশেষ ভক্ষণবিধি—"তদাহুঃ ……এবং বেদ"

এ বিষয়ে [ব্রহ্মবাদীরা] বলেন, যেটুকু ঘৃতাক্ত নহে, সেই পুরোডাশই ভক্ষণ করিবে, তাহাতে সোমপানের রক্ষা ঘটিবে, কেন না, ইন্দ্র ঘৃতরূপ বজ্র দ্বারা[৫] বৃত্রকে বধ করিয়াছিলেন। কিন্তু এই মত আদরণীয় নহে। [কেন না] এই যে [ঘৃত] উৎপূত হয়, তাহাই হব্য (আহুতিরূপে দেয়) এবং যাহা উৎপূত হয়, তাহাই সোমপীথ-(পেয় সোমরস)-স্বরূপ, সেই জন্য সেই পুরোডাশের যেখান সেখান হইতেই (ঘৃতাক্ত বা ঘৃতবর্জ্জিত অংশ হইতেই) ভক্ষণ করিবে। এই যে আজ্য (ঘৃত), ধানা,[৬] করম্ভ,[৭] পরিবাপ,[৮]

(২) পুরতো দীয়মানং হবিঃ, এই অর্থে দানার্থক দাশ ধাতু হইতে নিষ্পন্ন করা হইল।

(৩) প্রাতঃসবনে গায়ত্রীচ্ছন্দের মন্ত্র বিহিত, উহার প্রত্যেক চরণে আট অক্ষর, মাধ্যন্দিন সবনে বিহিত ত্রিষ্টুভের প্রতি চরণে এগার অক্ষর ও তৃতীয় সবনে বিহিত জগতীর প্রতি চরণে বার অক্ষর।

(৪) ইন্দ্রের উদ্দিষ্ট পুরোডাশ একাদশ কপালেই বিহিত। ইন্দ্রের ছন্দ ত্রিষ্টুপ্‌, উহার প্রতি চরণে এগার অক্ষর।

(৫) ঘৃতের বজ্রস্বরূপত্ব ও তদ্দ্বারা বৃত্রহত্যা সম্বন্ধে পূর্ব্বে ৭৫ পৃষ্ঠে দেখ। হত্যারূপ ক্রূর কর্ম্মে সংসৃষ্ট বলিয়া ঘৃতাক্ত পুরোডাশভক্ষণ নিষিদ্ধ হইল।

(৬) (৭) (৮) নিম্নে দেখ। ধানা, করম্ভ, পরিবাপ, পুরোডাশ ও পয়স্যা, এই পাঁচটি দ্রব্যই আহুতি দেওয়া যায়। পুরোডাশের সঙ্গে ধানাদি চারিটি দ্রব্যও আহুতি দেওয়া যায় বলিয়া উহাদেরও সাধারণ নাম এ স্থলে পুরোডাশ।

পুরোডাশ, পয়স্যা, এই সকল হব্য আছে, ইহারা সকলেই স্বধা-(অন্ন)-স্বরূপ হইয়া যজমানের উদ্দেশে ক্ষরিত হয়। যে ইহা জানে, তাহার উদ্দেশে এই সমস্ত [হব্য] হইতেই স্বধা (অন্ন) ক্ষরিত হয়।

ষষ্ঠ খণ্ড

হবিষ্পঙ্‌ক্তি—অক্ষরপঙ্‌ক্তি—নরাশংসপঙ্‌ক্তি—সবনপঙ্‌ক্তি

ধানাদির প্রশংসা—"যো···য এবং বেদ"

যে ব্যক্তি হবিষ্পঙ্‌ক্তি (পঞ্চ-হব্যযুক্ত) যজ্ঞকে জানে, সে হবিষ্পঙ্‌ক্তি যজ্ঞ কর্তৃক সমৃদ্ধ হয়। ধানা, করম্ভ, পরিবাপ, পুরোডাশ ও পয়স্যা[১] (এই পাঁচটি হব্যযুক্ত) যজ্ঞই হবিষ্পঙ্‌ক্তি, যে ইহা জানে, সে হবিষ্পঙ্‌ক্তি যজ্ঞ দ্বারা সমৃদ্ধ হয়।

হবিষ্পঙ্‌ক্তির পর হোতা পঞ্চাক্ষরযুক্ত মন্ত্র জপ করিবেন, তাহার প্রশংসা—"যো বৈ···· এবং বেদ"।

যে ব্যক্তি অক্ষরপঙ্‌ক্তি (পঞ্চাক্ষরযুক্ত) যজ্ঞকে জানে, সে অক্ষরপঙ্‌ক্তি যজ্ঞ দ্বারা সমৃদ্ধ হয়। সু, মৎ, পৎ, বক্ ও দে, এই [পাঁচ-অক্ষর-যুক্ত] যজ্ঞই অক্ষরপঙ্‌ক্তি; যে ইহা জানে, সে অক্ষরপঙ্‌ক্তি যজ্ঞদ্বারা সমৃদ্ধ হয়।

তৎপরে নরাশংস-পঙ্‌ক্তির প্রশংসা—"যো বৈ য এবং বেদ"

যে ব্যক্তি নরাশংসপঙ্‌ক্তি (পঞ্চনরাশংসযুক্ত) যজ্ঞকে জানে, সে নরাশংসপঙ্‌ক্তি যজ্ঞ দ্বারা সমৃদ্ধ হয়। প্রাতঃসবনে দুইটি নরাশংস, মাধ্যন্দিনসবনে দুইটি নরাশংস, তৃতীয় সবনে একটি নরাশংস থাকে। এইরূপ [পঞ্চ-নরাশংসযুক্ত] যজ্ঞই নরাশংসপঙ্‌ক্তি। যে ইহা জানে, সে নরাশংসপঙ্‌ক্তি যজ্ঞ দ্বারা সমৃদ্ধ হয়।[২]

(১) যব ভাজিয়া ঘৃতে পাক করিয়া ধানা প্রস্তুত হয়। ঐ ভাজা যবের ছাতু ঘৃতে পাক করিয়া করম্ভ প্রস্তুত হয়। চাউল ভাজিয়া উহার খই ঘৃতে পাক করিয়া পরিবাপ প্রস্তুত হয়। দুগ্ধে দধি মিশাইয়া পয়স্যা প্রস্তুত হয়। চাউলের পিষ্টকের নাম পুরোডাশ। এই পঞ্চহব্যসমন্বিত যজ্ঞের নাম হবিষ্পঙ্‌ক্তি যজ্ঞ।

(২) হবিষ্পঙ্‌ক্তির (পঞ্চ হব্যদানের) পর হোতা মন্ত্র জপ করেন, সেই জপের আরম্ভে ঐ পাঁচটি অক্ষর উচ্চারণ করিতে হয়। সম্প্রদায়বিদ্‌গণের মতে এক একটি অক্ষর

চমস হইতে সোমপানের পর পুনরায় ঐ চমস সোমরসপূর্ণ করিয়া রাখিয়া দিলে ঐ চমস নরাশংসনামক দেবতার উদ্দিষ্ট হয়। তখন ঐ চমসকে নারাশংস বলে। প্রাতঃসবনে ও মাধ্যন্দিনসবনে ঐ অনুষ্ঠান দুই বার করিয়া ও তৃতীয় সবনে একবার মাত্র অনুষ্ঠিত হয়। এজন্য যজ্ঞকে পঞ্চনরাশংসযুক্ত বলা হইল।

তৎপরে পঞ্চ সবনের প্রশংসা—"যো বৈ　এবং বেদ"।

যে ব্যক্তি পঞ্চসবনবিশিষ্ট যজ্ঞকে জানে, সে সবনপঙ্‌ক্তি যজ্ঞ দ্বারা সমৃদ্ধ হয়। উপবসথ দিবসে পশুকর্ম্ম, [সুত্যাদিনে] তিন সবন ও [সবনের পরবর্ত্তী] অনুবন্ধ্যা পশুকর্ম্ম, এই [পাঁচটির একত্র যোগে] যজ্ঞ পঞ্চসবনবিশিষ্ট। যে ইহা জানে, সে সবনপঙ্‌ক্তি যজ্ঞ দ্বারা সমৃদ্ধ হয়।

সুত্যাদিনে প্রাতঃকালে, মধ্যাহ্নে ও অপরাহ্নে তিন সবন বিহিত। তদ্ব্যতীত পূর্ব্বদিনে যে পশুযাগ হইয়াছে ও সবনের পরে যে অনুবন্ধ্য নামক পশুযাগ হয়, ঐ দুইকেও সবনের স্বরূপ বলিয়া গ্রহণ করিলে সোমযাগে সর্ব্বসমেত পাঁচটি সবন হয়। সেই হেতু যজ্ঞকে পঞ্চসবনযুক্ত বলা হইল। অনন্তর পুরোডাশ আহুতির যাজ্যাবিধান ও তৎপ্রশংসা—"হরিবান্　এবং বেদ"।

"হরিবাঁ ইন্দ্রো ধানা অত্তু পূষণ্বান্ করম্ভং সরস্বতীবান্ ভারতীবান্ পরিবাপ ইন্দ্রস্যাপূপঃ"—হরিবান (হরি-নামক-অশ্বদ্বয়যুক্ত) ইন্দ্র ধানা ভক্ষণ করুন, পূষণ্বান্ (পশুযুক্ত দেব) করম্ভ ভক্ষণ করুন, সরস্বতীবান্ ভারতীবান্ দেব পরিবাপ ভক্ষণ করুন, অপূপ (পুরোডাশ) ইন্দ্রের [প্রিয়]—এই মন্ত্র হবিষ্পঙ্‌ক্তির (পঞ্চ হব্য প্রদানের) যাজ্যা করিবে।[৩] [ঐ সকল মন্ত্রে] ঋক্ ও সামই ইন্দ্রের হরিদ্বয় (অশ্বদ্বয়); পশুগণই পূষা (দেহপোষক অন্নস্বরূপ), এই জন্য করম্ভই [পূষণ্বানের] অন্ন, "সরস্বতীবান" ও "ভারতীবান্" এ স্থলে বাক্যই সরস্বতী এবং প্রাণই ভরত[৪] (শরীরভরণহেতু), "পরিবাপ ইন্দ্রস্যাপূপঃ" এ স্থলে অন্নই পরিবাপ ও

ব্রহ্মের স্বরূপ। সু দ্বারা ব্রহ্মের পূজিতত্ব, মৎ দ্বারা প্রহৃষ্টত্ব, পৎ দ্বারা সর্ব্বব্যাপিত্ব, বক্ দ্বারা সর্ব্ববক্তৃত্ব ও দে দ্বারা ফলদাতৃত্ব বুঝায়। সায়ণোদ্ধৃত বচন—

"এতদ্ধোতৃজপাখ্যস্য চাদিতোঽক্ষরপঞ্চকম্। একৈকমক্ষরং চাত্র পরস্য ব্রহ্মণো বপুঃ॥
সু পূজিতং মৎ প্রহৃষ্টং পৎ সর্ব্বব্যাপি তচ্চ বক্। সর্ব্বস্য বক্তৃ ব্রহ্মৈব দে ফলানাং প্রদাতৃ তৎ॥"

(৩) এ স্থলে চারিটি হব্যের জন্য চারিটি মন্ত্রমাত্র বলা হইল। পয়স্যাদানের জন্য পঞ্চম মন্ত্র বলা হইল না। ঐ মন্ত্র শাখান্তরে আছে।

(৪) শরীরের ভরণহেতু বলিয়া প্রাণকে ভরত বলা হইল। ভরতের বৃত্তি ভারতী। বাগ্‌দেবতার ও ভারতী দেবতার উদ্দেশে পরিবাপ দেওয়া হইল।

অপূপই (পুরোডাশই) ইন্দ্রিয় (ইন্দ্রিয়-সামর্থ্য)। যে ইহা জানে, সে যজমানকে ঐ সকল দেবতার সাযুজ্য, সামীপ্য ও সালোক্য প্রাপ্ত করায় ও শ্রেষ্ঠ [দেবতার] সাযুজ্য প্রাপ্ত হয় ও শ্রেষ্ঠতাপ্রাপ্ত হয়।

পুরোডাশযাগের পর তৎসম্বন্ধী স্বিষ্টকৃৎ যাগের যাজ্যা—"হবিরগ্নে···যজতীতি"

"হবিরগ্নে বীহি"—অহে অগ্নি, হব্য ভক্ষণ কর—এই মন্ত্রকে প্রত্যেক সবনে (তিন সবনেই) পুরোডাশসম্বন্ধী স্বিষ্টকৃতের যাজ্যা করিবে। অবৎসার (তন্নামক ঋষি) এই মন্ত্র দ্বারা অগ্নির প্রিয় ধামের সমীপে গিয়াছিলেন ও তিনি পরম লোক জয় করিয়াছিলেন। যে ইহা জানে এবং যে ইহা জানিয়া উক্ত পঞ্চ হব্য দ্বারা নিজের জন্য যাগ করে ও [পরের অর্থাৎ যজমানের জন্য] যাগ করে, সে অগ্নির প্রিয় ধামের সমীপে গমন করে ও পরমলোক প্রাপ্ত হয়।

নবম অধ্যায়

প্রথম খণ্ড

দ্বিদেবত্য গ্রহ

তৎপরে প্রাতঃসবনে ঐন্দ্রবায়বাদি অন্যান্য গ্রহ লইয়া সোমাহুতি হয়। তন্মধ্যে ঐন্দ্রবায়বাদি তিনটি দ্বিদেবত্য গ্রহ সম্বন্ধে[১] আখ্যায়িকা—"দেবা বৈ···উদজয়ৎ"

পুরাকালে দেবগণ আমি প্রথমে পান করিব, আমি প্রথমে [পান করিব], এইরূপ ইচ্ছা করিয়া রাজা সোমকে কে অগ্রে পান করিবে, তাহা নিরূপণে সমর্থ হন নাই। তাঁহারা [প্রথম পান] সম্পাদনে প্রবৃত্ত হইয়া বলিলেন, আচ্ছা, আমরা [কোন নির্দ্দিষ্ট] লক্ষ্য-অভিমুখে দৌড়িব; যে আমাদের মধ্যে জয় লাভ করিবে, সেই প্রথমে সোম পান করিবে। তাহাই হউক, বলিয়া তাঁহারা লক্ষ্যাভিমুখে দৌড়িয়াছিলেন। লক্ষ্যমুখে ধাবনে প্রবৃত্ত তাঁহাদের মধ্যে প্রথমে বায়ু, তৎপরে ইন্দ্র, তৎপরে মিত্র ও বরুণ, তৎপরে অশ্বিদ্বয় সেই লক্ষ্য স্থলে উপস্থিত হইয়াছিলেন।

(১) সূর্য্যোদয়ের পূর্ব্বে উপাংশুগ্রহ হইতে ও সূর্য্যোদয়ের পর অন্তর্যামগ্রহ হইতে সোমাহুতি হয়। তৎপরে অন্য কতিপয় অনুষ্ঠানের পর ঐন্দ্রবায়বাদি গ্রহ হইতে আহুতি হয়। প্রথমে ঐন্দ্রবায়ব, পরে মৈত্রাবরুণ, পরে আশ্বিন গ্রহের হোম। এই তিনটি গ্রহ প্রত্যেকে দুই দুই দেবতার উদ্দিষ্ট বলিয়া ইহাদিগকে দ্বিদেবত্য গ্রহ বলে।

সেই ইন্দ্র যখন বুঝিলেন, বায়ুই সকলকে জয় কবিলেন, তখন তিনি বায়ুব পশ্চাৎ ধাবিত হইয়া বলিলেন, আমবা উভয়েই একসঙ্গে জয় লাভ কবি ; [অতএব আমাদেব সমান ভাগ হউক] ; তখন সেই বায়ু বলিলেন—না, আমিই জয় লাভ কবিব। [ইন্দ্র বলিলেন] আমাব তৃতীয় ভাগ হউক, তাহা হইলেই আমাদেব [একসঙ্গে] জয়লাভ হইবে। সেই বায়ু বলিলেন—না, আমিই জয় লাভ কবিব। [ইন্দ্র বলিলেন] আমাব চতুর্থ ভাগ হউক, তাহা হইলেই আমাদেব একসঙ্গে জযলাভ হইবে। তাহাই হউক, বলিযা বায়ু ইন্দ্রকে চতুর্থ ভাগে স্থাপন কবিলেন। সেই হেতু বায়ু তিন অংশেব ও ইন্দ্র চতুর্থাংশেব ভাগী হইযাছেন।[২]

এইরূপে ইন্দ্র ও বায়ু উভযে একসঙ্গে, [তৎপবে] মিত্র ও বরুণ একসঙ্গে ও [তৎপবে] অশ্বিদ্বয একসঙ্গে জয লাভ কবিযাছিলেন। তাঁহাদেব জয়লাভেব [ক্রম-] অনুসাবে এই [সোম] প্রথমে ইন্দ্র ও বাযুব, পবে মিত্রাবরুণেব, পবে অশ্বিদ্বযেব ভক্ষণীয হইয়াছিল।

সেই জন্য [প্রথমে] ঐন্দ্রবাযব গ্রহ গ্রহণ কবা হয ; তাহাতে ইন্দ্রেব ভাগ চতুর্থাংশ। ঋষি তাহাই দেখিতে পাইয়া "নিযুত্বাঁ ইন্দ্রসাবথিঃ"[৩] এই মন্ত্র বলিয়াছিলেন।

সেই জন্যই আবাব ঐ যে ইন্দ্র, তিনি যেন [বাযুব] সাবথি হইয়াই [সোমেব চতুর্থাংশ মাত্র] পাইয়াছিলেন। এই দৃষ্টান্তক্রমেই একালেও ভবতগণ (যোদ্ধাবা)[৪] সত্বগণেব (সাবথিদেব) বেতন ব্যবস্থা করেন ও সাবথিবাও [জযলব্ধ ধনেব] চতুর্থ ভাগই [নিজেব প্রাপ্য] কহিয়া থাকেন।

(২) ঐন্দ্রবায়ব গ্রহ হইতে সোমরসের অর্দ্ধ অংশ লইয়া অধ্বর্য্যু প্রথমে কেবল বায়ুর উদ্দেশে হোম করেন। পরে অন্য অর্দ্ধাংশ বায়ু ও ইন্দ্র উভয়ের উদ্দেশে হোম করেন। কাজেই ইন্দ্রের ভাগ একচতুর্থাংশ মাত্র।

(৩) "শতেনা নো অভিষ্টিভিঃ নিযুত্বাঁ ইন্দ্রসারথিঃ বায়োঃ সুতস্য ত্রিংপতম্।" [৪।৪৬।২] এই মন্ত্র ঐন্দ্রবায়বগ্রহহোমে দ্বিতীয় যাজ্যারূপে ব্যবহৃত হয় (নিম্নে দেখ)। ঐ মন্ত্রের ঋষি বামদেব। "নিযুত্বান্" পদ বায়ুর বিশেষণ, এতদ্দ্বারা বায়ুকে ইন্দ্রসারথি—ইন্দ্র যাহার সারথি—এইরূপ বলিয়া বায়ুর উৎকর্ষ স্থাপনা হইল।

(৪) সায়ণ ভরত শব্দে যোদ্ধা বুঝিয়াছেন, "ভরঃ সংগ্রামস্তং তন্বন্তি বিস্তারয়ন্তীতি ভরতা যোদ্ধারঃ।" কিন্তু ভরত অর্থে ভরতবংশীয় বীর বুঝাইতেও পারে।

দ্বিতীয় খণ্ড

দ্বিদেবত্যগ্রহহোম

দ্বিদেবত্য-গ্রহগুলির প্রশংসা—"তে বৈ…চাশ্বিনঃ"

এই যে সকল দ্বিদেবত্য (দুই দুই দেবতার উদ্দিষ্ট) গ্রহ, ইহারা প্রাণস্বরূপ। ঐন্দ্রবায়ব গ্রহ বাক্য ও প্রাণ; মৈত্রাবরুণ গ্রহ মন ও চক্ষুঃ, আশ্বিন[১] গ্রহ শ্রোত্র ও আত্মা।

ঐন্দ্রবায়ব গ্রহ হোমের যাজ্যানুবাক্যা যথা—"তদ্ধ…বিষমং করোতি"।

এই সেই ঐন্দ্রবায়বের জন্য কেহ কেহ দুইটি অনুষ্টুপ্‌কে পুরোঽনুবাক্যা ও দুইটি গায়ত্রীকে যাজ্যা করেন। এই যে ঐন্দ্রবায়ব গ্রহ, উহা বাক্য-স্বরূপ এবং প্রাণস্বরূপ, এই জন্য ঐ দুই ছন্দই উহার পক্ষে যথাযথ।[২]

কিন্তু এই মত আদরণীয় নহে। যে যজ্ঞে পুরোঽনুবাক্যাকে যাজ্যা অপেক্ষা উৎকৃষ্ট (অধিকাক্ষরবিশিষ্ট) করা হয়,[৩] সেখানে কর্ম্ম সমৃদ্ধ হয় না; যেখানে যাজ্যাই উৎকৃষ্ট হয়, অথবা যেখানে উভয়ই সমান (সমাক্ষর-যুক্ত) হয়, সেখানে কর্ম্ম সমৃদ্ধ হয়। প্রাণের ও বাক্যের মধ্যে যাহার কামনার জন্য ঐরূপ (অনুষ্টুপের ও গায়ত্রীর বিধান) করা হয়, ঐরূপ করিলে সে কামনা বিফল হয়। ইহাতেই (অর্থাৎ সমান করিলেই) সেই কামনা লব্ধ হয়।

[পুনশ্চ] যেটি প্রথম পুরোঽনুবাক্যা,[৪] তাহা বায়ুদৈবত, আর যেটি দ্বিতীয়,[৫] তাহা ইন্দ্র-বায়ু-দৈবত। যাজ্যা দুইটির পক্ষেও সেইরূপ।[৬]

---

(১) অশ্বিদ্বয়ের উদ্দিষ্ট গ্রহ আশ্বিন গ্রহ।

(২) কেন না, শ্রুত্যন্তরে আছে—"বাগ্বা অনুষ্টুপ্," "প্রাণো বা গায়ত্রী" [সায়ণ]

(৩) অনুষ্টুভের বত্রিশ অক্ষর ও গায়ত্রীর চব্বিশ অক্ষর। পুরোঽনুবাক্যাকে যাজ্যার অপেক্ষা অধিক অক্ষরবিশিষ্ট করা উচিত নহে, ইহাই তাৎপর্য্য।

(৪) "বায়বা যাহি দর্শত" এই ঋক্ [১।২।১] প্রথম পুরোঽনুবাক্যা; উহার দেবতা বায়ু, ছন্দ গায়ত্রী।

(৫) "ইন্দ্রবায়ূ ইমে সুতাঃ" এই ঋক্ [১।২।৪] দ্বিতীয় পুরোঽনুবাক্যা; উহার দেবতা ইন্দ্র ও বায়ু, ছন্দ গায়ত্রী।

(৬) "অগ্রং পিবা মধুনাং" [৪।৪৬।১] প্রথম যাজ্যা; উহার দেবতা বায়ু, ছন্দ গায়ত্রী। "শতেনা নো অভিষ্টিভিঃ" [৪।৪৬।২] দ্বিতীয় যাজ্যা, উহার দেবতা ইন্দ্র ও বায়ু, ছন্দ গায়ত্রী।

অতএব যাহা (যে পুরোহনুবাক্যা ও যে যাজ্যা) বায়ু-দৈবত, তদ্দ্বারা প্রাণই কল্পিত (স্বব্যাপারসমর্থ) হয়, কেন না, বায়ুই প্রাণ। আর যাহা (যে পুরোহনুবাক্যা ও যে যাজ্যা) ইন্দ্র-বায়ু-দৈবত, তাহাতে যে ইন্দ্র-সম্বন্ধী পদ আছে, তদ্দ্বারা বাক্যই কল্পিত (সমর্থ) হয়, কেন না, বাক্য ইন্দ্রসম্বন্ধী। যে ব্যক্তি যজ্ঞে [অনুবাক্যাকে ও যাজ্যাকে] বিষম (বিষমাক্ষরযুক্ত) না করে,[৭] সে প্রাণে ও বাক্যে যে ফল, সেই ফলই প্রাপ্ত হয়।

তৃতীয় খণ্ড

সোমপান

দ্বিদেবত্য সোমরস একটি পাত্রে গৃহীত হয, কিন্তু দুই পাত্রে আহুত হয, যথা—"প্রাণা বৈ··· দ্বন্দ্বম্"।

দ্বিদেবত্য গ্রহগুলি প্রাণস্বরূপ[১] ও তাহারা এক এক পাত্রে গৃহীত হয়, এই জন্য প্রাণসকলের একই নাম (শ্রোত্রাদির সাধারণ নাম প্রাণ)। আর দুই দুই পাত্রে উহাদের আহুতি হয, সেই জন্য প্রাণসকল দ্বন্দ্বরূপে অবস্থিত।[২]

ঐন্দ্রবায়ব, মৈত্রাবরুণ ও আশ্বিন গ্রহের প্রত্যেকটি দুই দুই দেবতার উদ্দিষ্ট। দেবতাযুগলের উদ্দিষ্ট সোমরস প্রথমে একই পাত্রে গৃহীত হয়। পরে তাহা দুই ভাগ করিয়া দুই পাত্রে রাখিয়া আহুতি দেওয়া হয। যে পাত্রে প্রথমে গৃহীত হইয়াছিল, অধ্বর্য্যু সেই পাত্র হইতেই আহুতি দেন। প্রতিপ্রস্থাতা দ্বিতীয় পাত্র হইতে লইয়া আহুতি দেন। গ্রহণকালে একটি পাত্রের ও হোমকালে দুইটি পাত্রের ব্যবহারের তাৎপর্য্য বুঝান হইল।[৩]

তৎপরে হোতা হুতাবশিষ্ট গ্রহ হইতে সোম পান করিবেন, তদ্বিষয়ে মন্ত্র—"যেনৈব···তদুপহ্বয়তে"।

---

(৭) যাজ্যা ও অনুবাক্যা উভয়ত্রই গায়ত্রী বিহিত হইল।

(১) এ স্থলে বাক্য শ্রোত্র চক্ষুঃ প্রভৃতিকেও প্রাণ বলা হইয়াছে। পূর্ব্বখণ্ড দেখ।

(২) চক্ষুঃ কর্ণ প্রভৃতি ইন্দ্রিয়, যাহাকে এখানে প্রাণ বলা হইতেছে, তাহা জোড়া জোড়া ; যেমন দুই চোখ, দুই কাণ ইত্যাদি।

(৩) শ্রুত্যন্তরে—"ব্রহ্মবাদিনো বদন্তি কস্মাৎ সত্যাৎ একপাত্রা দ্বিদেবত্যা গৃহন্তে দ্বিপাত্রা হূয়ন্তে ইতি। যদেকপাত্রা গৃহন্তে তস্মাদেকোঽন্তরতঃ প্রাণঃ, দ্বিপাত্রা হূয়ন্তে তস্মাদ্দ্বৌ দ্বৌ বহিষ্ঠাঃ প্রাণাঃ।"

অধ্বর্য্যু যে যজুর্মন্ত্র দ্বাবা[৪] [হুতাবশিষ্ট গ্রহ] হোতাকে প্রদান করেন, হোতাও সেই মন্ত্রে উহা গ্রহণ কবেন।

"এষ বসুঃ পুরুবসুর্বিহ বসুঃ পুরুবসুর্ম্ময়ি বসুঃ পুরুবসুর্ব্বাক্‌পা বাচং মে পাহি"[৫] এই মন্ত্রে ঐন্দ্রবাযব [গ্রহশেষ] হোতা ভক্ষণ কবেন।

[মন্ত্রেব অবশিষ্ট ভাগ] "আমি প্রাণেব সহিত বাক্যকে আহ্বান কবিয়াছি; বাক্য প্রাণেব সহিত আমাকে অনুজ্ঞা করুক। দেবোৎপন্ন, তনুপালক, তনুসম্বন্ধী, তপোজাত ঋষিগণকে আমি আহ্বান কবিয়াছি। দেবোৎপন্ন, তনুপালক, তনুসম্বন্ধী, তপোজাত ঋষিগণ আমাকে অনুজ্ঞা করুন।"

এই মন্ত্রে প্রাণসকলই দেবোৎপন্ন, তনুপালক, তনুসম্বন্ধী, তপোজাত ঋষি; এতদ্দ্বাবা তাঁহাদিগকেই অনুজ্ঞা কবা হয।

তৎপরে মৈত্রাবরুণ গ্রহেব হুতশেষপানমন্ত্র—"এষ···উপহ্বযতে"।

"এষ বসুর্বিদ্বদ্বসুর্বিহ বসুর্বিদ্বদ্বসুর্ময়ি বসুর্বিদ্বদ্বসুশ্চক্ষুষ্পাশ্চক্ষুর্মে পাহি"[৬] এই মন্ত্রে হোতা মৈত্রাবরুণ [-গ্রহশেষ] ভক্ষণ কবেন। [মন্ত্রেব পবভাগ] "আমি মনেব সহিত চক্ষুকে আহ্বান কবিযাছি। চক্ষু মনেব সহিত আমাকে আহ্বান করুক। দেবোৎপন্ন, তনুপালক, তনুসম্বন্ধী, তপোজাত ঋষিগণকে আমি আহ্বান কবিযাছি। দেবোৎপন্ন, তনুপালক, তনুসম্বন্ধী, তপোজাত ঋষিগণ আমাকে অনুজ্ঞা করুন।" এই মন্ত্রে প্রাণসকলই (চক্ষু ও মনই) দেবোৎপন্ন, তনুপালক, তনুসম্বন্ধী, তপোজাত ঋষি, তাঁহাদিগকেই এতদ্দ্বাবা আহ্বান কবা হয।

তৎপরে আশ্বিনগ্রহশেষপানমন্ত্র—"এষ···বসু উপবেযতে"

"এষ বসুঃ সংযদ্বসুর্বিহ বসুঃ সংযদ্বসুর্ম্ময়ি বসুঃ সংযদ্বসুঃ শ্রোত্রপাঃ শ্রোত্রং মে পাহি"[৭] এই মন্ত্রে হোতা আশ্বিন (অশ্বিদ্বয়েব উদ্দিষ্ট)

(৪) অধ্বর্য্যু গ্রহ গ্রহণ করিয়া "ময়ি বসুঃ পুরুবসুঃ" এই মন্ত্রে হোতাকে দান করেন। হোতা ঐ মন্ত্রে উহা দক্ষিণ উরুতে রাখিয়া দুই হস্তে গ্রহণ করিয়া পরবর্ত্তী মন্ত্রে পান করেন।

(৫) এষ ঐন্দ্রবায়বগ্রহঃ। বসুঃ নিবাসহেতুঃ। পুরুবসুঃ প্রভূতনিবাসহেতুঃ। ইহ অস্মিন্ লোকে। বাক্‌পা বাচঃ পালয়িতা। (সায়ণ) এই পদগুলি ঐন্দ্রবায়ব গ্রহের বিশেষণ।

(৬) বিদ্বদ্বসুঃ জ্ঞানপূর্ব্বকনিবাসহেতুঃ। মৈত্রাবরুণ গ্রহের বিশেষণ।

(৭) সংযদ্বসুঃ নিয়তনিবাসহেতুঃ। আশ্বিন গ্রহের বিশেষণ।

[-গ্রহশেষ] ভক্ষণ কবেন। [মন্ত্রের শেষভাগ] "আমি আত্মার সহিত শ্রোত্রকে আহ্বান কবিয়াছি। শ্রোত্র আত্মাব সহিত আমাকে অনুজ্ঞা করুক। আমি দেবোৎপন্ন, তনুবক্ষক, তনুসম্বন্ধী, তপোজাত ঋষিগণকে আহ্বান কবিয়াছি। দেবোৎপন্ন, তন্‌বক্ষক, তনুসম্বন্ধী, তপোজাত ঋষিগণ আমাকে অনুজ্ঞা করুন।" এ স্থলে প্রাণসকলই (অর্থাৎ শ্রোত্র ও আত্মা) দেবোৎপন্ন, তনুবক্ষক, তনুসম্বন্ধী, তপোজাত ঋষি। এতদ্দ্বাবা তাঁহাদিগকেই আহ্বান কবা হয।

গ্রহ-শেষপানেব নিয়ম—"পুবস্তাৎ…শৃণ্বন্তি"

[হোতা] পূর্ব্বমুখী হইয়া ঐন্দ্রবায়ব গ্রহ সম্মুখে বাখিয়া ভক্ষণ কবেন; সেই জন্য প্রাণ ও অপান সম্মুখে থাকে। [সেইরূপ] পূর্ব্বমুখী হইয়া মৈত্রাবরুণ গ্রহ সম্মুখে বাখিয়া ভক্ষণ কবেন; সেই জন্য চক্ষু দুইটিও সম্মুখে থাকে। আব আশ্বিন গ্রহকে সকল দিকে ঘুবাইযা (শিবঃ প্রদক্ষিণ কবিয়া) গ্রহণেব পব ভক্ষণ কবেন; সেই জন্য মনুষ্যগণ ও পশুগণ [শ্রোত্রদ্বাবা] সকল দিক্ হইতেই কথিত বাক্য শুনিয়া থাকে।৮

চতুর্থ খণ্ড

দ্বিদেবত্যগ্রহহোমমন্ত্র

দ্বিদেবত্যগ্রহহোমে যাজ্যাপাঠেব সময় হোতা নিশ্বাস গ্রহণ করিবেন না, যথা—"প্রাণা…অব্যবচ্ছেদায়"।

দ্বিদেবত্য গ্রহগুলি প্রাণস্বরূপ, এজন্য শ্বাস না লইযাই দ্বিদেবত্য হোমে যাজ্যাপাঠ কবিবে, তাহাতে প্রাণসকলেব সন্ততি ঘটে ও প্রাণসকলের অবিচ্ছেদ ঘটে।

যাজ্যার পর অনুবষট্‌কারনিষেধ—"প্রাণা বৈ…অনুবষট্ কুর্য্যাৎ"

দ্বিদেবত্য গ্রহগুলি প্রাণস্বরূপ; দ্বিদেবত্য সকলের [হোমে] অনুবষট্‌কার কবিবে না। যদি দ্বিদেবত্য সকলেব [হোমে] অনুবষট্‌কার কবা হয়, তাহা হইলে অসমাপ্ত প্রাণসকলেব সমাপ্তি কবা হয়; কেন না,

(৮) শাখান্তরে—"বায়ু ঐন্দ্রবায়বশ্চক্ষুর্মৈত্রাবরুণঃ শ্রোত্রমাশ্বিনঃ পুরস্তাদৈন্দ্রবায়বং ভক্ষয়তি তস্মাৎ পুরস্তাদ্বাচা বদতি পুরস্তান্মৈত্রাবরুণং তস্মাৎ পুরস্তাচ্চক্ষুষা পশ্যতি সর্ব্বতঃ পরিহারমাশ্বিনং তস্মাৎ সর্ব্বতঃ শ্রোত্রেণ শৃণোতি"।

এই যে অনুবষট্কার, ইহাই সমাপ্তি; সে সময়ে যদি কেহ ঐ [অনুবষট্কারী] হোতাকে বলে, এ ব্যক্তি অসমাপ্ত প্রাণসকলের সমাপ্তি করিয়াছে, প্রাণ ইহাকে ত্যাগ করিবে, তাহা হইলে তাহা অবশ্যই ঘটে। সেই জন্য দ্বিদেবত্যগণের [হোমে] অনুবষট্কার করিবে না।

ঐন্দ্রবায়ব গ্রহহোমে আগূঃ সম্বন্ধে বিধান—"তদাহুঃ…আগূঃ"

এ বিষয়ে [ব্রহ্মবাদীরা] প্রশ্ন করেন, মৈত্রাবরুণ (হোতার সহকারী) দুই বার আগূঃ উচ্চারণ করিয়া [হোতাকে] দুই বার [যাজ্যাপাঠার্থ] প্রেষণা (অনুজ্ঞা) করেন, কিন্তু হোতা একবারমাত্র আগূঃ উচ্চারণ করিয়া দুই বার বষট্কার করেন; এ স্থলে হোতার [দ্বিতীয় যাজ্যাপাঠে] কোন্ মন্ত্র আগূঃ হয়?[১]

[তাহার উত্তর]—দ্বিদেবত্য গ্রহগুলি প্রাণস্বরূপ; এবং আগূঃ ("যে যজামহে" এই বাক্য) বজ্রস্বরূপ, সেই জন্য এ স্থলে হোতা যদি [দুই যাজ্যার] মধ্যস্থলে আগূঃ উচ্চারণ করেন, তাহা হইলে আগূঃস্বরূপ বজ্রদ্বারা যজমানের প্রাণনাশ করা হয়। যদি কেহ সে স্থলে সেই হোতাকে বলে, এই ব্যক্তি আগূঃস্বরূপ বজ্রদ্বারা যজমানের প্রাণ নষ্ট করিয়াছে, অতএব প্রাণ ইহাকে পরিত্যাগ করিবে; তাহা হইলে অবশ্যই তাহা

(১) মৈত্রাবরুণ প্রৈষমন্ত্র দ্বারা আহ্বান করিলে হোতা যাজ্যা পাঠ করেন। "হোতা যক্ষৎ" এই আগূঃ দ্বারা প্রৈষমন্ত্রের আরম্ভ হয় ও "হোতর্যজ"—হোতা, তুমি যাজ্যা পাঠ কর—বলিয়া শেষ হয়। ঐন্দ্রবায়ব হোমে দুই যাজ্যা। দুই যাজ্যার জন্য প্রৈষমন্ত্রও দুইটি। মৈত্রাবরুণ দুই বারই "হোতা যক্ষৎ" বলিয়া প্রৈষ আরম্ভ করেন। উহাই তাঁহার পক্ষে আগূঃ উচ্চারণ। হোতা "যে যজামহে" এই আগূঃ উচ্চারণ করিয়া যাজ্যা পাঠ করেন ও পরে "বৌষট্" উচ্চারণ করিয়া বষট্কার দ্বারা যাজ্যা শেষ করেন। এই স্থলে বিশেষ বিধি দ্বারা দুই যাজ্যার পূর্ব্বে একবারমাত্র "যে যজামহে" (আগূঃ) বলা হয়, কিন্তু "বৌষট্" উচ্চারণ দুই যাজ্যার পর দুই বারই হয়। দ্বিতীয় যাজ্যার পূর্ব্বে "যে যজামহে" বলা হয় না, তবে দ্বিতীয় যাজ্যার আগূঃ কি হইল, তাহাই জিজ্ঞাস্য। মৈত্রাবরুণপাঠ্য প্রৈষমন্ত্রদ্বয় "হোতা যক্ষদ্বায়ুমগ্রেগাং" ইত্যাদি ও "হোতা যক্ষদিন্দ্রবায়ূ অর্হন্তা" ইত্যাদি—এই দুই মন্ত্রেই "হোতা যক্ষৎ" এই আগূঃ দ্বারা প্রৈষ আরম্ভ হইয়াছে। "অগ্রং পিব মধুনাম্" ইত্যাদি মন্ত্রদ্বয় হোতৃপাঠ্য যাজ্যা। ঐ দুই যাজ্যা পাঠকালে হোতা শ্বাস গ্রহণ করিতে পান না, এই জন্য কেবল আরম্ভে একবার মাত্র "যে যজামহে" এই আগুরুচ্চারণ বিহিত। উক্তরূপ বিধান কেবল ঐন্দ্রাবরুণ হোমেই আছে। মৈত্রাবরুণ ও আশ্বিন গ্রহের পক্ষে একটি প্রৈষ, একটি যাজ্যা ও একটি বষট্কার বিহিত। (আশ্ব০ শ্রৌ০ সূ০, ৫।৫)

ঘটে। সেই জন্য হোতা এ স্থলে [দুই যাজ্যার] মধ্যস্থলে আগূঃ উচ্চারণ করিবে না।

আবাব মৈত্রাবরুণ যজ্ঞেব মন, হোতা যজ্ঞেব বাক্য; মন কর্ত্তৃক প্রেবিত হইয়াই বাক্য কথিত হয। অন্যমনস্ক হইয়া যে বাক্য বলা হয়, উহা অসুবোচিত; সেই বাক্য দেবগণেব প্রিয় নহে। সেই জন্য এ স্থলে মৈত্রাবরুণ যে দুই বাব আগূঃ ("হোতা যক্ষৎ" এই বাক্য) উচ্চাবণ কবেন, তাহাই হোতাবও [দ্বিতীয] আগূঃ হইযা থাকে।

পঞ্চম খণ্ড

ঋতুগ্রহহোম

ঐন্দ্রবাযব, মৈত্রাবরুণ, আশ্বিন, এই তিনটি দ্বিদেবত্য গ্রহ। উহাদেব আহুতিব পব শুক্র, মন্থী, এই দুইটি গ্রহ হইতে হোম হয। তৎপবে দ্বাদশ ঋতুগ্রহ হইতে সোমাহুতি হয। তৎকালে প্রযুক্ত মন্ত্রেব নাম ঋতুযাজ। এ স্থলে দ্বাদশঋতুগ্রহযাগেব প্রস্তাব হইতেছে, যথা—"প্রাণা বৈ...অব্যবচ্ছেদায়"।

ঋতুযাজসকল প্রাণস্বরূপ, সেই জন্য এই যে ঋতুযাজ দ্বাবা অনুষ্ঠান হয়, তাহাতে যজমানে প্রাণসকলেবই স্থাপনা হয়।

"ঋতুনা" ইত্যাদি মন্ত্রদ্বাবা [প্রথম] ছযটি যজন হয।[১] তাহাতে যজমানে প্রাণকেই স্থাপন কবা হয়। "ঋতুভিঃ" ইত্যাদি মন্ত্র দ্বাবা

---

(১) চৈত্রমাস হইতে আরম্ভ করিয়া ফাল্গুন পর্য্যন্ত বার মাসের উদ্দেশে বারটি ঋতুগ্রহ বিহিত (ঐ বারটি ঋতুগ্রহ ব্যতীত অধিমাস বা মলমাসের উদ্দেশে আরও একটি ঋতুগ্রহ লওয়া ইচ্ছাধীন।) ঋতুযাজের সময় মৈত্রাবরুণ একাকী দ্বাদশাক্ষর প্রৈষমন্ত্র দ্বারা অন্যান্য ঋত্বিক্‌দিগকে যাজ্যাপাঠে আহ্বান করেন। যাজ্যাপাঠকারী ঋত্বিক্‌দিগের ও যাজ্যার উদ্দিষ্ট দেবতার নাম যথাক্রমে দেওয়া গেল—

১ম ঋতুযাজ	হোতা	ইন্দ্র
২য় "	পোতা	মরুদ্গণ
৩য় "	নেষ্টা	ত্বষ্টা ও দেবপত্নীগণ
৪র্থ "	আগ্নীধ্র	অগ্নি
৫ম "	ব্রাহ্মণাচ্ছংসী	ইন্দ্র ব্রহ্মা

[তৎপরবর্ত্তী] চারিটি যাগ হয়; তাহাতে যজমানে অপানকেই স্থাপন করা হয়। "ঋতুনা" ইত্যাদি মন্ত্রদ্বারা [তৎপরবর্ত্তী] শেষে যে দুইটি যাগ হয়, তাহাতে যজমানে ব্যানকেই স্থাপন করা হয়। এই সেই প্রাণ, প্রাণ অপান ব্যান এই তিন রূপেই বর্ত্তমান। সেই জন্য "ঋতুনা" "ঋতুভিঃ" "ঋতুনা" ইত্যাদি [তিনটি পদে আবদ্ধ] মন্ত্রদ্বারা যে যাগ হয়, ইহাতে প্রাণসকলেরই সন্ততি ঘটে ও প্রাণসকলেরই অবিচ্ছেদ ঘটে।

ঋতুযাগে অনুবষট্‌কার নিষেধ, যথা—"প্রাণা বৈ…অনুবষট্ কুর্য্যাৎ"

ঋতুযাজসকল প্রাণস্বরূপ, ঋতুযাজে অনুবষট্‌কার করিবে না। কেন না, ঋতুসকল একের পর একটি বর্ত্তমান বলিয়া সমাপ্তিরহিত। যদি ঋতুযাগে অনুবষট্‌কার করা হয়, তাহা হইলে সমাপ্তিরহিত ঋতুগণকে সমাপ্তিযুক্ত করা হয়। কেন না, এই যে অনুবষট্‌কার, ইহাই সমাপ্তি। যদি কেহ এ স্থলে সেই হোতাকে বলে, এই ব্যক্তি সমাপ্তিরহিত ঋতুগণকে সমাপ্তিযুক্ত করিয়াছে, এ ব্যক্তি দুঃষম (সাম্যাবস্থাচ্যুত বা অসুস্থ) হইবে, তাহা হইলে তাহা অবশ্যই ঘটে। সেই জন্য ঋতুযাজে অনুবষট্‌কার করিবে না।

৬ষ্ঠ ঋতুযাজ	মৈত্রাবরুণ	মিত্রাবরুণ
৭ম "	হোতা	দেব দ্রবিণোদাঃ
৮ম "	পোতা	ঐ
৯ম "	নেষ্টা	ঐ
১০ম "	অচ্ছাবাক	ঐ
১১শ "	হোতা	অশ্বিদ্বয়
১২শ "	হোতা	অগ্নি গৃহপতি

প্রথম ঋতুযাজে হোতৃপাঠ্য যাজ্যামন্ত্র "যে যজামহে ইন্দ্রং হোত্রাৎসজূর্দিব আ পৃথিব্যা ঋতুনা সোমং পিবতু।" এই মন্ত্রে ও পরবর্ত্তী পাঁচটি মন্ত্রে "ঋতুনা সোমং পিবতু" এই বাক্য আছে। তৎপরবর্ত্তী (৭ হইতে ১০) চারিটি মন্ত্রে "ঋতুভিঃ সোমং পিবতু" এই বাক্য আছে ও তৎপরবর্ত্তী (১১—১২) দুইটি মন্ত্রে পুনরায় "ঋতুনা সোমং পিবতু" এই বাক্য আছে।

ষষ্ঠ খণ্ড

পুরোডাশভক্ষণ—দ্বিদেবত্য গ্রহ

সবনীয় পুরোডাশ অনুষ্ঠানের পর ইড়ার আহ্বান বিহিত হইয়াছে। তৎপরে দ্বিদেবত্য গ্রহহোম ও তদবশেষ ভক্ষণ বিহিত হইয়াছে। এক্ষণে ঐ ইড়াহ্বান ও গ্রহভক্ষণের পৌর্ব্বাপর্য্য বিচার[১]—"প্রাণা…দধাতি"

দ্বিদেবত্য গ্রহগুলি প্রাণস্বরূপ ও পশুগণই ইড়া। দ্বিদেবত্যগুলি ভক্ষণ করিয়া ইড়ার আহ্বান করা হয়। পশুগণই ইড়া, পশুগণকেই তদ্দ্বারা আহ্বান করা হয়, এবং যজমানে পশুগণেরই স্থাপনা হয়।

তৎপরে অবান্তরেড়া ও হোতৃচমস উভয় ভক্ষণের পৌর্ব্বাপর্য্য—"তদাহুঃ…য এবং বেদ"

এ বিষয়ে [ব্রহ্মবাদীরা] বলেন, পূর্ব্বে অবান্তরেড়া ভক্ষণ করিবে, না হোতৃচমস (তৎস্থিত সোমরস) ভক্ষণ করিবে ? [উত্তর] প্রথমে অবান্তরেড়াই ভক্ষণ করিবে, তৎপরে হোতৃচমস ভক্ষণ করিবে।

যদি দ্বিদেবত্যসকল পূর্ব্বে ভক্ষণ করা হয়, তাহা হইলে পেয় সোমকে পূর্ব্বেই ভক্ষণ করা হয়, সেই জন্য পূর্ব্বে অবান্তরেড়া ভক্ষণ করিবে, পরে

(১) প্রকৃতিযজ্ঞে স্বিষ্টকৃৎ যাগের পর যজমান ও ঋত্বিক্‌গণ ইড়াভক্ষণ করেন। আহুতির পর পুরোডাশাদির যাহা অবশিষ্ট থাকে, তাহাই সকলে ভাগ করিয়া ভক্ষণ করেন। হোতা নিজের জন্য দুই ভাগ হাতে লইয়া মন্ত্র দ্বারা ইড়ার আহ্বান করেন। হোতৃহস্তগৃহীত ঐ দুই ভাগের নাম অবান্তরেড়া। ইড়ার আহ্বানের পর হোতা অবান্তরেড়া ভক্ষণ করেন ও পরে যজমান ও ঋত্বিকেরা সকলে আপন আপন ইড়াভাগ ভক্ষণ করেন। এস্থলে সোমযাগের দ্বিদেবত্য গ্রহের অবশেষ, সবনীয় পুরোডাশের অবশেষ (ইড়া) ও চমসস্থিত সোম, এই তিন দ্রব্য ভক্ষণ বিহিত। ঋত্বিকেরা ঐন্দ্রবায়ব, মৈত্রাবরুণ ও আশ্বিন, এই তিন দ্বিদেবত্য গ্রহ ভক্ষণ করিলে পর ইড়ার আহ্বান হয়। তৎপরে হোতা অবান্তরেড়া ভক্ষণ করিলে যজমান ও ঋত্বিকেরা ইড়া ভক্ষণ করেন। এই ইড়া ভক্ষণের পর অন্য কতিপয় অনুষ্ঠান সম্পাদিত হইলে পর হোতা নিজের চমস (হোতৃচমস) হইতে সোমরস ভক্ষণ করেন ; পরে তিনি অন্যের চমস হইতে ভক্ষণ করেন এবং যজমান ও অন্য ঋত্বিকেরাও চমস হইতে ভক্ষণ করেন।

হোতৃচমস ভক্ষণ করিবে। তাহা হইলে [ইড়ার] উভয় দিক্ হইতেই সোমপানদ্বারা[২] ভক্ষণীয় অন্ন গ্রহণ করা হয় ও ভক্ষণীয় অন্ন গ্রহণ ঘটে।

দ্বিদেবত্যগুলি প্রাণস্বরূপ ও হোতৃচমস আত্মার স্বরূপ। দ্বিদেবত্য গ্রহের [সোম-] বিন্দুসকল হোতৃচমসে নিক্ষেপ করা হয়। এতদ্দ্বারা প্রাণসকলকেই আত্মাতে নিক্ষিপ্ত করা হয়, সে (হোতা স্বয়ং) পূর্ণায়ু হয় ও [যজমানেরও] পূর্ণায়ুষ্কতা ঘটে। যে ইহা জানে, সে পূর্ণ আয়ু লাভ করে।

সপ্তম খণ্ড

তূষ্ণীংশংস

তূষ্ণীংশংস সম্বন্ধে আখ্যায়িকা[১]—"দেবা বৈ…এবং বেদ"

পুরাকালে দেবগণ যজ্ঞে যে যে [অনুষ্ঠান] করিয়াছিলেন, অসুরেরাও তাহাই করিয়াছিল। তাঁহারা (উভয়েই) সমানবীর্য্য হইলেন, কেহ

(২) ইড়াভক্ষণের পূর্ব্বেই দ্বিদেবত্য গ্রহ হইতে সোমপান হইয়াছে, এবং ইড়া-ভক্ষণের পরেও চমস হইতে সোমপান হইল। অতএব ইড়ার উভয় দিক্ হইতেই সোমপান করা হইল।

(১) ঋতুগ্রহ হইতে সোমাহুতির ও সোমপানের পর হোতার সম্মুখে উপবিষ্ট অধ্বর্য্যু পরাঙ্মুখ হইয়া বসেন। তখন হোতা "ভূ মং পদ বগ্ দে (১৪২-৪৩ পৃষ্ঠ দেখ) পিতা মাতরিশ্বা ছিদ্রাপদাধাদচ্ছিদ্রোকৃথা কবয়ঃ শংসন্ সোমো বিশ্ববিন্নীথা নিনেষদ্ বৃহস্পতি-ককৃথামদানি শংসিষদ্বাগায়ুর্বিশ্বায়ুর্বিশ্বমায়ুঃ ক ইদং শংসিষ্যতি স ইদং শংসিষ্যতি" এই মন্ত্র জপান্তে অভিহিঙ্কার (হুঁ এই শব্দ উচ্চারণ) না করিয়াই "শোংসাবোম্" এই বাক্যে অধ্বর্য্যুকে উচ্চৈঃস্বরে আহ্বান করেন। তৎপরে "ওঁ ভূরগ্নির্জ্যোতিঃ জ্যোতির্গ্নিঃ" এই মন্ত্র মনে মনে অবিরাম জপ করেন। ইহার নাম তূষ্ণীংশংস। শংস শব্দের অর্থ প্রশংসা, শংসন শব্দে তদর্থ মন্ত্রপাঠ। শস্ত্র শব্দের অর্থ, যদ্দ্বারা শংসন হয়, সেই ঋক্। "শোংসাবোম্" এই বাক্য দ্বারা অধ্বর্য্যুকে আহ্বান হয় বলিয়া উহার নাম আহাব। আহাবের পর "ওঁ ভূরগ্নিঃ" ইত্যাদি তূষ্ণীংশংস জপ প্রাতঃসবনে বিহিত। মাধ্যন্দিন ও তৃতীয় সবনেও এরূপ আহাবান্তে তূষ্ণীংশংস জপ বিহিত আছে। সে স্থলে "ওঁ ভূরগ্নিঃ" ইত্যাদির পরিবর্ত্তে "ওঁ ইন্দ্রো জ্যোতির্ভুবো জ্যোতিরিন্দ্রঃ" এবং "ওঁ সূর্য্যো জ্যোতির্জ্যোতিঃ স্বঃ সূর্য্যঃ" এই দুই মন্ত্র যথাক্রমে উপাংশু (মনে মনে) জপ করা হয়। হোতা "শোংসাবোম্" এই আহাবমন্ত্রে অধ্বর্য্যুকে আহ্বান করিলে অধ্বর্য্যু "শোংসামো দৈব" এই উত্তর দেন, অধ্বর্য্যুকথিত এই প্রত্যুক্তিমন্ত্রের নাম প্রতিগর। প্রাতঃসবন, মাধ্যন্দিন সবন ও তৃতীয় সবন, ঐ তিন

[অন্যের অপেক্ষা] নিকৃষ্ট হইলেন না। তদনন্তর দেবগণ এই তূষ্ণীংশংস (তন্নামক মন্ত্র) দর্শন করিলেন। ইহাদিগের সেই তূষ্ণীংশংস [উচ্চ স্বরে পঠিত না হওয়ায়] অসুরেরা তাহার অনুসরণ করিতে পারে নাই। কেন না, এই যে তূষ্ণীংশংস, ইহা তূষ্ণীম্ভাবেং (মনে মনেই) পঠিত হয়।

দেবগণ অসুরগণের প্রতি যে যে বজ্র প্রয়োগ করিয়াছিলেন, তাঁহাদের সেই সেই বজ্রেরই অসুরেরা প্রতীকার করিয়াছিল। তদনন্তর দেবগণ এই তূষ্ণীংশংসরূপ বজ্র দর্শন করিয়াছিলেন ও তাহাই উহাদের প্রতি প্রয়োগ করিয়াছিলেন। অসুরেরা তাহার প্রতীকার করিতে পারে নাই। দেবগণ তাহাই উহাদিগের প্রতি প্রহার করিয়াছিলেন এবং তাহার প্রতীকার না হওয়ায় তদ্দ্বারা উহাদিগকে বধ করিয়াছিলেন। তখন দেবগণ জয় লাভ করিলেন এবং অসুরেরা পরাভূত হইল।

যে ইহা জানে, তাহার দ্বেষকারী ও অনিষ্টকারী শত্রু পরাভূত হয়।

সেই দেবগণ, আমরা জয়ী হইয়াছি, মনে করিয়া যজ্ঞ বিস্তার করিয়াছিলেন। ইহাদের যজ্ঞের বিঘ্ন করিব, এই বলিয়া অসুরেরা সেই যজ্ঞের নিকট আসিয়াছিল। দেবগণ তাহাদিগকে চারি দিক্ হইতে উদ্ধতভাবে সমীপস্থ হইতে দেখিয়াছিলেন। তাঁহারা বলিলেন, আমরা এই যজ্ঞ শীঘ্র সমাপ্ত করিব, [তাহা হইলে] অসুরেরা আমাদের যজ্ঞ নষ্ট করিতে পারিবে না। তাহাই হউক বলিয়া, তাঁহারা সেই যজ্ঞকে তূষ্ণীংশংসে শীঘ্র সমাপ্ত করিয়াছিলেন। "ভূরগ্নির্জ্যোতির্জ্যোতিরগ্নিঃ" এই মন্ত্রে (তূষ্ণীংশংসের এই ভাগে) আজ্য শস্ত্র ও প্রউগ শস্ত্রকেং সমাপ্ত করিয়াছিলেন। "ইন্দ্রো জ্যোতির্ভুর্বো জ্যোতিরিন্দ্রঃ" এই মন্ত্রে নিষ্কেবল্য ও মরুত্বতীয় শস্ত্র সমাপ্ত করিয়াছিলেন। "সূর্য্যো জ্যোতির্জ্যোতিঃ স্বঃ সূর্য্যঃ" এই মন্ত্রে বৈশ্যদেব ও আগ্নিমারুত শস্ত্র সমাপ্ত করিয়াছিলেন। এইরূপে সেই [ষট্‌শস্ত্রাত্মক] যজ্ঞকে তূষ্ণীংশংসে সমাপ্ত করিয়াছিলেন।

অনুষ্ঠানেই কতিপয় শস্ত্র পাঠ বিহিত। কোন স্থলে হোতা, কোথাও বা মৈত্রাবরুণ, ব্রাহ্মণাচ্ছংসী অথবা অচ্ছাবাক শস্ত্র পাঠ করেন। প্রত্যেক শস্ত্রপাঠের পূর্ব্বেই আহাবোচ্চারণ বিহিত। (আশ্ব. শ্রৌ সূ, ৫।৯)

(২) প্রাতঃসবনে পাঠ্য আজ্য শস্ত্র ও প্রউগ শস্ত্র, মাধ্যন্দিন সবনে পাঠ্য নিষ্কেবল্য ও মরুত্বতীয় শস্ত্র এবং তৃতীয় সবনে পাঠ্য বৈশ্বদেব শস্ত্র ও আগ্নিমারুত শস্ত্র। এতৎসম্বন্ধে পরে দেখ।

সেই যজ্ঞকে এইরূপে তূষ্ণীংশংসে সমাপ্ত করিয়া তদ্দ্বারা নির্ব্বিঘ্নে যজ্ঞ-সমাপ্তি পাইয়াছিলেন। সেই জন্য হোতা যখন তূষ্ণীংশংস জপ করেন, তখনই যজ্ঞ [নির্ব্বিঘ্নে] সমাপ্ত হয়। তূষ্ণীংশংসজপ হইলে, যদি কেহ এই হোতাকে নিন্দা করে বা শাপ দেয়, তাহা হইলে হোতা তাহাকে বলিবেন—ঐ [শাপ বা নিন্দা] উহাকেই (নিন্দাকারীকে বা শাপ-দাতাকেই) বিনষ্ট করিবে, কেন না, আমরা অদ্য প্রাতঃকালেই এই যজ্ঞকে তূষ্ণীংশংসে সমাপ্ত করিব, গৃহাগত ব্যক্তিকে লোকে যেমন [আতিথ্য-] কর্ম্মদ্বারা অভ্যর্থনা করে, আমরাও তেমনই এই [মন্ত্রজপ] দ্বারা এই যজ্ঞকে অভ্যর্থনা করিব। যে ব্যক্তি ইহা জানিয়া তূষ্ণীংশংস জপের পর হোতাকে নিন্দা করে বা শাপ দেয়, সে বিনাশপ্রাপ্ত হয়। সেই জন্য ইহা জানিয়া তূষ্ণীংশংস জপের পর [হোতাকে] নিন্দা করিবে না বা শাপ দিবে না।

অষ্টম খণ্ড

তূষ্ণীংশংস

তূষ্ণীংশংসের পুনঃপ্রশংসা—"চক্ষুংষি···শংস্তব্যঃ"

এই যে তূষ্ণীংশংস, ইহা সবনসকলের চক্ষুঃস্বরূপ। "ভূরগ্নির্জ্যোতি-র্জ্যোতিরগ্নিঃ" ইহা প্রাতঃসবনের চক্ষুর্দ্বয়; "ইন্দ্রো জ্যোতির্ভুবো জ্যোতিরিন্দ্রঃ" ইহা মাধ্যন্দিনসবনের চক্ষুর্দ্বয়, "সূর্য্যো জ্যোতির্জ্যোতিঃ স্বঃ সূর্য্যঃ" ইহা তৃতীয় সবনের চক্ষুর্দ্বয়। যে ইহা জানে, সে চক্ষুর্যুক্ত সবন-সকল দ্বারা সমৃদ্ধ হয় এবং চক্ষুর্যুক্ত সবনসকল দ্বারা স্বর্গলোক প্রাপ্ত হয়।

এই যে তূষ্ণীংশংস, ইহা যজ্ঞের চক্ষুঃস্বরূপ। ব্যাহৃতি[1] এক হইয়াও এ স্থলে দুই বার উক্ত হইয়াছে; সেই জন্য চক্ষু (দর্শনেন্দ্রিয়) এক হইয়াও দুইটি (এক জোড়া)।

এই যে তূষ্ণীংশংস, ইহা যজ্ঞের মূলস্বরূপ। এই যজমান আশ্রয়হীন হউক, ইহা যদি [হোতা] ইচ্ছা করেন, তবে তাহার যজ্ঞে তূষ্ণীংশংস জপ

(১) ভূঃ ভুবঃ স্বঃ এই তিনটির নাম ব্যাহৃতি। এস্থলে ব্যাহৃতি সঙ্গে থাকায় "অগ্নির্জ্যোতিঃ" ইত্যাদি অংশকেও ব্যাহৃতি বলা হইল। প্রতি মন্ত্রে ঐ ঐ অংশেরও দুই বার আবৃত্তি হইয়াছে।

করিবেন না। তাহা হইলে যজ্ঞও মূলহীন হইয়া পরাভূত হইবে ও পরে যজমানকেও পরাভব করিবে।

[সেই জন্য] সে বিষয়ে [ব্রহ্মবাদীরা] বলেন, উহা জপ করাই উচিত। কেন না, হোতা যদি তূষ্ণীংশংস জপ না করেন, তাহা হইলে ঋত্বিকের পক্ষেই অহিত হয়। সমস্ত যজ্ঞ ঋত্বিকেই প্রতিষ্ঠিত এবং যজমান যজ্ঞে প্রতিষ্ঠিত, সেই জন্য উহা জপ করাই উচিত।

দশম অধ্যায়

প্রথম খণ্ড

আজ্যশস্ত্র

প্রাতঃসবনে আজ্যশস্ত্রের শংসন হয়; ঐ আজ্যশস্ত্রের তিন পর্ব্ব, প্রথমে আহাবযুক্ত তূষ্ণীংশংস, পরে নিবিৎ, তৎপরে সূক্ত। এই তিন পর্ব্বের প্রশংসা যথা—"ব্রহ্ম বৈ...কৢপ্তিঃ"

আহাবই[১] ব্রহ্ম (ব্রাহ্মণ), নিবিৎ[২] ক্ষত্র (ক্ষত্রিয়) ও সূক্ত[৩] বৈশ্য। [প্রথমে আহাব দ্বারা] আহ্বান করা হয় ও তৎপরে নিবিদের স্থাপনা হয়, এতদ্দ্বারা ব্রহ্মেরই (ব্রাহ্মণজাতিরই) পশ্চাতে ক্ষত্রিয়কে নিযুক্ত করা হয়। নিবিৎপাঠের পর সূক্তের পাঠ হয়। নিবিৎ ক্ষত্রিয় ও সূক্ত বৈশ্য, এতদ্দ্বারা ক্ষত্রিয়েরই পশ্চাতে বৈশ্যকে নিযুক্ত করা হয়।

এই যজমানকে ক্ষত্রিয়ত্ব হইতে বিযুক্ত করিব, এইরূপ যদি হোতা ইচ্ছা করেন, তবে তাহার পক্ষে নিবিদের মধ্যে সূক্ত পাঠ করিবেন। নিবিদ্‌ই ক্ষত্রিয় ও সূক্তই বৈশ্য। এতদ্দ্বারা ঐ যজমানকে ক্ষত্রিয়ত্ব হইতে বিযুক্ত করা হয়।

এই যজমানকে বৈশ্যত্ব হইতে বিযুক্ত করিব, হোতা যদি এইরূপ ইচ্ছা করেন, তবে তাহার পক্ষে সূক্তের মধ্যে নিবিদ্ পাঠ করিবেন। নিবিদ্‌ই

(১) তূষ্ণীংশংস জপের পূর্ব্বে হোতা "শোংসাবোম্" এই মন্ত্রদ্বারা অধ্বর্য্যুকে আহ্বান করেন, ঐ মন্ত্রের নাম আহাব। ১৫৪ পৃঃ দেখ।

(২) "অগ্নির্দেবেদ্ধঃ" ইত্যাদি দ্বাদশপদযুক্ত মন্ত্রের নাম নিবিৎ। নিম্নে ২য় খণ্ড দেখ।

(৩) "প্র বো দেবায়াগ্নয়ে" ইত্যাদি (৩।১৩।১-৭) সাতটি ঋক্‌যুক্ত সূক্ত আজ্যশস্ত্রে পঠিত হয়; এ স্থলে উহাকেই সূক্ত বলা হইল। নিম্নে ৮ম খণ্ড দেখ।

ক্ষত্রিয় ও সূক্তই বৈশ্য। এতদ্দ্বারা ঐ যজমানকে বৈশ্যত্ব হইতে বিযুক্ত করা হয়।

এই যজমানের সমস্ত [অর্থাৎ ব্রাহ্মণত্ব, ক্ষত্রিয়ত্ব বা বৈশ্যত্ব] যথাক্রমে সুরক্ষিত হউক, হোতা যদি এইরূপ ইচ্ছা করেন, তবে তাহার পক্ষে প্রথমে [আহাব দ্বারা] আহ্বান করিবেন, তৎপরে নিবিদ্ আধান করিবেন, তৎপরে সূক্ত পাঠ করিবেন, তাহা হইলে সমস্ত [জাতি] রক্ষিত হইবে।

অনন্তর নিবিদের প্রশংসা—"প্রজাপতির্বৈ...এবং বেদ"

প্রজাপতিই এই জগতের অগ্রে একাকী বর্ত্তমান ছিলেন। তিনি ইচ্ছা করিলেন, আমি প্রজারূপে উৎপন্ন হইব ও বহু হইব। এই ইচ্ছা করিয়া তিনি তপস্যা করিলেন। তিনি বাক্য সংযম করিলেন। সংবৎসর পরে তিনি দ্বাদশ বার [বাক্য] উচ্চারণ করিলেন। সেই বাক্যই এই দ্বাদশপদযুক্ত নিবিদ্ হইল। এই সেই নিবিদ্‌কেই তিনি উচ্চারণ করিয়াছিলেন। তাহার পরে সমস্ত ভূতের সৃষ্টি করিয়াছিলেন। ঋষি[৫] তাহা দেখিয়া "স পূর্ব্বয়া নিবিদা কব্যতায়োরিমা প্রজা অজনয়ন্ মনূনাম্"[৬] —সেই প্রজাপতি প্রথমে আবির্ভূত নিবিদ্ দ্বারা কবিত্ব (কবি-পদ) পাইয়াছিলেন ও তৎপরে মনুগণের[৭] এই সকল প্রজা উৎপাদন করিয়াছিলেন—এই মন্ত্র উচ্চারণ করিয়াছিলেন।

সেই হেতু যদি সূক্তের পূর্ব্বে নিবিদের আধান হয়, তাহা হইতে প্রজালাভ ঘটে। যে ইহা জানে, সে প্রজাদ্বারা ও পশু দ্বারা [সমৃদ্ধ হইয়া] উৎপন্ন হয়।

---

(৪) নিবিদের মধ্যে সূক্ত বসাইলে নিবিদ্ খণ্ডিত হয়, তাহাতে ক্ষত্রিয়ত্বের হানি হয়। তদ্রূপ সূক্তের মধ্যে নিবিদ বসাইলে উহা খণ্ডিত হয় ও তাহাতে বৈশ্যত্বের হানি হয়। হোতা যজমানের অনিষ্ট ইচ্ছা করিলে ঐরূপ করিতে পারেন।

(৫) কুৎস নামক ঋষি। (৬) ১।৯৬।২।

(৭) মনু অর্থে বৈবস্বতাদি মানবজাতির আদিপুরুষ। তাঁহাদের প্রজা অর্থাৎ সন্তান ব্রাহ্মণাদি মনুষ্য।

দ্বিতীয় খণ্ড

আজ্যশস্ত্র—নিবিৎ

তৎপরে আজ্যশস্ত্রের অন্তর্গত নিবিদের ব্যাখ্যা।[১] ঐ নিবিদের দ্বাদশ পদের এক একটি পদ ক্রমশঃ ব্যাখ্যাত হইতেছে। যথা—"অগ্নির্দেবেদ্ধঃ...আবাতযতি"

[প্রথম পদ] "অগ্নির্দেবেদ্ধঃ" এই [পদ] পাঠ করিবে। ঐ (স্বর্গে অবস্থিত আদিত্যরূপী) অগ্নি দেবগণকর্ত্তৃক ইদ্ধ (প্রদীপ্ত), দেবগণ তাঁহাকে প্রদীপ্ত করেন। এতদ্দ্বারা (ঐ পদের পাঠ দ্বারা) তাঁহাকেই ঐ [স্বর্গ-] লোকে প্রসারিত করা হয়।

[দ্বিতীয় পদ] "অগ্নির্মন্বিদ্ধঃ" এই পদ পাঠ করিবে। এই [ভূলোকস্থ] অগ্নি মনুগণ (মনুষ্যগণ) কর্ত্তৃক ইদ্ধ, মনুষ্যেরা উঁহাকে প্রদীপ্ত করেন। এতদ্দ্বারা এই অগ্নিকেই এই [ভূ-] লোকে প্রসারিত করা হয়।

[তৃতীয় পদ] "অগ্নিঃ সুষমিৎ" এই পদ পাঠ করিবে। বায়ুই সুষমিৎ (সুপ্রকাশ) অগ্নি, বায়ু স্বয়ং আপনাকে ও স্বয়ং এই যাহা কিছু [জগতে] আছে, সেই সমস্তকে প্রদীপ্ত করেন। এতদ্দ্বারা বায়ুকেই অন্তরিক্ষলোকে প্রসারিত করা হয়।

[চতুর্থ পদ] "হোতা দেববৃতঃ" এই পদ পাঠ করিবে। ঐ [আদিত্য] দেবগণের বৃত হোতা, উনিই সর্ব্বত্র দেবগণ কর্ত্তৃক প্রার্থিত। এতদ্দ্বারা তাঁহাকেই সেই [স্বর্গ-] লোকে প্রসারিত করা হয়।

[পঞ্চম পদ] "হোতা মনুবৃতঃ" এই পদ পাঠ করিবে। এই [ভূলোকস্থ] অগ্নিই মনুগণের (মনুষ্যগণের) বৃত হোতা, ইনি সর্ব্বত্র মনুষ্যগণকর্ত্তৃক প্রার্থিত। এতদ্দ্বারা এই অগ্নিকেই এই [ভূ-] লোকে প্রসারিত করা হয়।

[ষষ্ঠ পদ] "প্রণীর্যজ্ঞানাম্" এই পদ পাঠ করিবে। বায়ুই যজ্ঞ-সকলের প্রণী (প্রণয়নকারী), যখন প্রাণ (নিশ্বাস) গ্রহণ করা হয়, তখনই যজ্ঞ ও অগ্নিহোত্র সম্পন্ন হয়। এতদ্দ্বারা বায়ুকেই অন্তরিক্ষলোকে প্রসারিত করা হয়।

---

(১) দ্বাদশপদযুক্ত এই নিবিদ মন্ত্রের অপর নাম পুরোরুক্। পরে ১০ অধ্যায় ৭ খণ্ড দেখ।

[সপ্তম পদ] "রথীরধ্বরাণাম্" এই পদ পাঠ করিবে। ঐ [আদিত্য] অধ্বরসকলের (যজ্ঞসকলের) রথী ; উনি রথীর মতই ঐখানে (দ্যুলোকে) বিচরণ করেন। এতদ্দারা তাঁহাকেই ঐ [স্বর্গ-] লোকেই প্রসারিত করা হয়।

[অষ্টম পদ] "অতূর্তো হোতা" এই পদ পাঠ করিবে। অগ্নিই অতূর্ত্ত (অনতিক্রমণীয়) হোতা, কেহই [পথমধ্যে] তির্য্যগ্‌রূপে অবস্থিত অগ্নিকে অতিক্রম করিতে পারে না। এতদ্দারা ইঁহাকে এই [ভূ-] লোকেই প্রসারিত করা হয়।

[নবম পদ] "তূর্ণির্হব্যবাট্" এই পদ পাঠ করিবে। বায়ুই তূর্ণি (তরণক্ষম বা অতিক্রমণক্ষম) ও হব্যবাট্ (হব্যবহনকারী), বায়ুই, এই যাহা কিছু আছে, সেই সমস্তকে সদ্য অতিক্রম করেন, বায়ুই দেবগণের উদ্দেশে হব্য বহন করেন। এতদ্দারা বায়ুকেই অন্তরিক্ষলোকে প্রসারিত করা হয়।

[দশম পদ] "আ দেবো দেবান্ বক্ষৎ" এই পদ পাঠ করিবে। ঐ আদিত্য দেবই দেবগণকে [হোমার্থ] আহ্বান করেন। এতদ্দারা তাঁহাকেই ঐ [স্বর্গ-] লোকে প্রসারিত করা হয়।

[একাদশ পদ] "যক্ষদগ্নির্দেবো দেবান্" এই পদ পাঠ করিবে। এই অগ্নিদেবই দেবগণের যজন করেন। এতদ্দারা অগ্নিকেই এই [ভূ-] লোকে প্রসারিত করা হয়।

[দ্বাদশ পদ] "সো অধ্বরা করতি জাতবেদাঃ" এই পদ পাঠ করিবে। বায়ুই জাতবেদাঃ, এখানে যাহা কিছু আছে, তৎসমস্ত বায়ুই করিয়া থাকেন। এতদ্দারা বায়ুকেই অন্তরিক্ষে প্রসারিত করা হয়।

তৃতীয় খণ্ড

আজ্যশস্ত্র—সূক্ত

নিবিদের পর সূক্ত পাঠের প্রশংসা,[১] যথা—"প্রবো দেবায়···স্তর্তবে"

"প্রবো দেবায় অগ্নয়ে" ইত্যাদি [সাতটি] অনুষ্টুপ্ [পাঠ করিবে]। [প্রথম ঋকে] প্রথম দুই চরণের মধ্যে বিচ্ছেদ (বিরাম) দিবে, সেই

(১) তৃতীয় মণ্ডলের অন্তর্গত ত্রয়োদশ সূক্ত আজ্যশস্ত্রে পঠিত হয়। ঐ সূক্তের ঋষি বিশ্বামিত্র, ছন্দ অনুষ্টুপ্, দেবতা অগ্নি। উহার মধ্যে সাতটি মন্ত্র আছে।

জন্য [পুংসঙ্গমকালে] স্ত্রীলোকে উরুদ্বয় বিচ্ছিন্ন করে। [সেই প্রথম ঋকে] শেষ দুই চরণ সংযুক্ত করিবে। সেই জন্য [স্ত্রীসঙ্গমকালে] পুরুষে উরুদ্বয় যুক্ত করে। তাহারা (উভয়ে মিলিয়া) মিথুন হয়। এই জন্য উক্‌থের (আজ্যশস্ত্রের) আরম্ভে এইরূপ মিথুন করা হয়। ইহাতে যজমানের জনন (উৎপত্তি) ঘটে। যে ইহা জানে, সে প্রজাদ্বারা ও পশুদ্বারা [সমৃদ্ধ হইয়া] উৎপন্ন হয়।

"প্র বো দেবায়াগ্নয়ে" ইত্যাদি অনুষ্টুভের প্রথম দুই চরণ বিচ্ছিন্ন করিবে। এতদ্দ্বারা ইহাকে উত্তর-ভাগে স্থূল বজ্রের সদৃশ করা হয়। শেষ দুই চরণ সংযুক্ত করিবে। বজ্রের[২] মূলভাগ সূক্ষ্ম, দণ্ডেরও সেইরূপ; পরশুরও সেইরূপ। এতদ্দ্বারা দ্বেষকারী শত্রুর বধের উদ্দেশে বজ্র প্রহার করা হয়। যে তাহার (যজমানের) হন্তব্য, এতদ্দ্বারা তাহার হত্যা ঘটে।

চতুর্থ খণ্ড

আজ্যশস্ত্র

শস্ত্রপাঠকালে ঋত্বিকেরা সদোমণ্ডপ পরিত্যাগ করিয়া আগ্নীধ্রে উপস্থিত হন ও তত্রত্য অগ্নি ধিষ্ণ্যে স্থাপন করেন; তৎসম্বন্ধে আখ্যায়িকা ও আগ্নীধ্র নামের ব্যুৎপত্তি, যথা—"দেবাসুরা বৈ…তদপঘ্নতে"

পুরাকালে দেবগণ ও অসুরগণ এই লোকসমূহে যুদ্ধ করিয়াছিলেন। সেই দেবগণ সদোনামক মণ্ডপে[১] আশ্রয় লইয়াছিলেন। অসুরেরা তাঁহাদিগকে সেই সদোনামক মণ্ডপ হইতে পরাজয় করিয়াছিল। তখন তাঁহারা আগ্নীধ্রে[২] উপস্থিত হইলেন। সেখান হইতে তাঁহারা পরাজিত

(২) বজ্র বলিতে এ স্থলে খড়্গাকার অস্ত্র বুঝাইতেছে। (সায়ণ) উহার মুষ্টিদেশ সরু, পরে মোটা। দণ্ড অর্থে গদা। পরশু অর্থে কুঠার। উহাদেরও মুষ্টিদেশ সূক্ষ্ম।

(১) প্রাচীনবংশের পূর্ব্বে যে যজ্ঞশালা বা মণ্ডপ, তাহার নাম সদঃ। ঐ মণ্ডপের দক্ষিণপ্রান্তে মার্জ্জালীয় ও উত্তরপ্রান্তে আগ্নীধ্রীয় অগ্নিকুণ্ড অবস্থিত থাকে। উভয় অগ্নির মধ্যে ছয় জন ঋত্বিকের জন্য নির্দ্দিষ্ট ছয়টি ধিষ্ণ্য (অগ্নিকুণ্ড) থাকে। ঐ ছয়টি ধিষ্ণ্য দক্ষিণ হইতে উত্তরে যথাক্রমে মৈত্রাবরুণ, হোতা, ব্রাহ্মণাচ্ছংসী, পোতা, নেষ্টা, অচ্ছাবাক, এই ছয় জন ঋগ্বেদী ঋত্বিকের জন্য নির্দ্দিষ্ট। সবনত্রয়ে শস্ত্র পাঠের সময় ঐ ঋত্বিকেরা আগ্নীধ্র হইতে অগ্নি আহরণ করিয়া স্ব স্ব ধিষ্ণ্যে উপস্থিত হন।

(২) আগ্নীধ্র—তন্নামক অগ্নিকুণ্ড; এই আগ্নীধ্র অগ্নির দক্ষিণে ধিষ্ণ্যগুলি অবস্থিত।

হয়েন নাই। সেই জন্য [উপবসথ দিনে যজমানেরা] আগ্নীধ্রেই উপস্থিত থাকেন, সদোমণ্ডপে থাকেন না। [দেবগণ] আগ্নীধ্রেই [আপনাদিগকে] ধৃত রাখিয়াছিলেন (সেখান হইতে চলিয়া যান নাই); যেহেতু আগ্নীধ্রেই [আপনাদিগকে] ধৃত রাখিয়াছিলেন, সেই হেতু আগ্নীধ্রের আগ্নীধ্রত্ব।

অসুরেরা সেই দেবগণের সদঃস্থিত অগ্নিসকল নির্ব্বাপিত করিয়া দিয়াছিল। সেই দেবগণ আগ্নীধ্র হইতেই সদঃস্থ অগ্নিসকল আহরণ করিয়া স্থাপন করিয়াছিলেন এবং সেই অগ্নিদ্বারা অসুরগণকে ও রাক্ষসগণকে বধ করিয়াছেন। সেইরূপ এখনও যজমানেরা আগ্নীধ্র হইতেই সদঃস্থ অগ্নি আহরণ করেন। তদ্দ্বারা অসুরগণের ও রাক্ষসগণের নিধন হয়[৩]।

তৎপরে আজ্যশস্ত্র নামের ব্যুৎপত্তি, যথা—"তে বৈ…আজ্যত্বম্"

তাঁহারা (দেবগণ) প্রাতঃকালে (প্রাতঃসবনে) আজ্যসমূহদ্বারা (তন্নামক শস্ত্রদ্বারা) চতুর্দ্দিকে জয় লাভ করিয়া আসিয়াছিলেন। যে হেতু আজ্যদ্বারা চতুর্দ্দিকে জয় লাভ করিয়া আসিয়াছিলেন, তাহাই আজ্যসমূহের আজ্যত্ব।

"আ সামন্তাৎ জয়ন্তি এভিঃ" এই অর্থে আজ্য নাম সিদ্ধ হইল (সায়ণ)।

তৎপরে প্রাতঃসবনে ইন্দ্রাগ্নির উদ্দিষ্ট অচ্ছাবাকপাঠ্য শস্ত্রবিধান, যথা—"তাসাং…ভবতি"

জয় লাভ করিয়া [সদঃস্থ ধিষ্ণ্যের অভিমুখে] আগমনকারী হোতাদিগের[৪] মধ্যে অচ্ছাবাকের শরীর হীন (নিকৃষ্ট অর্থাৎ সদঃপ্রবেশে অসমর্থ) হইয়াছিল; তখন ইন্দ্র ও অগ্নি তাঁহার (অচ্ছাবাকের) শরীরে

---

(৩) শাখান্তরে—"দেবা বৈ যজ্ঞং পরাজয়ন্ত তমাগ্নীধ্রাৎ পুনরপাজয়ন্নেতদ্বৈ যজ্ঞস্যাপরাজিতং যদাগ্নীধ্রং যদাগ্নীধ্রাদ্বিষ্ণিয়ান্ বিহরন্তি যদেব যজ্ঞস্যাপরাজিতং তত এবৈনং পুনস্তনুতে"।

(৪) এ স্থলে হোতা বলিতে শস্ত্রপাঠার্থ সদঃপ্রবেশকারী সাত জন ঋত্বিক্‌কেই বুঝাইতেছে। ঋগ্বেদানুষ্ঠায়ী হোতা সাত জন; তন্মধ্যে প্রধানের নাম হোতা; মৈত্রাবরুণ (প্রশাস্তা), ব্রাহ্মণাচ্ছংসী ও অচ্ছাবাক তিন জন হোত্রক, আর পোতা, নেষ্টা, আগ্নীধ্র (আগ্নীৎ), এই তিন জন হোত্রাচ্ছংসী। ঐ সাত জনের জন্য সদঃশালাতে সাতটি ধিষ্ণ্য নির্দ্দিষ্ট থাকে। তন্মধ্যে অচ্ছাবাক সকলের পশ্চাতে সদঃপ্রবেশ করিয়া ঐন্দ্রাগ্ন শস্ত্র পাঠ করেন।

অধিষ্ঠান কবিয়াছিলেন। কেন না, ইন্দ্র এবং অগ্নিই দেবগণেব মধ্যে সর্ব্বাপেক্ষা ওজস্বী, বলবান্, সহিষ্ণু, সাধু ও পাবগ। সেই জন্য অচ্ছাবাক প্রাতঃসবনে ঐন্দ্রাগ্ন শস্ত্র পাঠ কবেন; কেন না, ইন্দ্র ও অগ্নি তাঁহাব শবীবে অধিষ্ঠান কবিযাছিলেন।

সেই জন্যই [অচ্ছাবাক ব্যতীত] অপব হোত্রকগণ পূর্ব্বে সদঃপ্রবেশ কবেন, অচ্ছাবাক পশ্চাৎ প্রবেশ কবেন। যে ব্যক্তি হীন (অশক্ত), সে [সমর্থ ব্যক্তিব] পশ্চাতে যাইতেই ইচ্ছা কবে।

সেই জন্য যে বহ্বৃচ (ঋগ্বেদাধ্যায়ী) ব্রাহ্মণ বীর্য্যবান্ (বেদশাস্ত্রে কুশল) হইবে, সেই সেই যজমানেব পক্ষে অচ্ছাবাকীয শস্ত্র পাঠ কবিবে। তাহাতেই তাহাব শবীব অহীন (সমর্থ) হইবে।

পঞ্চম খণ্ড

আজ্যশস্ত্র

বহিষ্পবমানস্তোত্র গীত হইলে পব হোতৃগণ আজ্যশস্ত্র পাঠ করেন এবং আজ্যস্তোত্রেব পব প্রউগ শস্ত্র[১] পঠিত হয়, যথা—"দেববথো বৈ...এবং বেদ"

এই যে যজ্ঞ, ইহা দেবগণেব বথস্বরূপ। আব এই যে আজ্য ও প্রউগ (তন্নামক শস্ত্রদ্বয), তাহা [বথেব] অভ্যন্তববশ্মি-(অশ্ববন্ধন-বজ্জু)-স্বরূপ। সেই হেতু এই যে পবমানেব পব আজ্যশস্ত্রের পাঠ হয ও আজ্যস্তোত্রেব পব প্রউগশস্ত্রেব পাঠ হয, তদ্দ্বাবা দেবগণেব বথেব অভ্যন্তববশ্মি সম্পাদিত হয; তাহাতে সেই বথেব (অর্থাৎ যজ্ঞেব) চালনায কোন বিঘ্ন ঘটে না। ঐ কর্ম্ম কবিলে মনুষ্যেব বথেবও অভ্যন্তব-বশ্মি সম্পাদিত হয ও [যজমানেব বথেবও] কোন বিঘ্ন ঘটে না। যে ইহা জানে, তাহাব দেববথ ও মনুষ্যবথ, উভযেবই বিঘ্ন ঘটে না।

বহিষ্পবমানস্তোত্র ও আজ্যশস্ত্র এতদুভয়েব দেবতা পৃথক্ ও ছন্দও পৃথক্। তথাপি ঐ স্তোত্রেব পব ঐ শস্ত্র পাঠ কিরূপে বিহিত হইল, তৎসম্বন্ধে বিচার, যথা—"তদাহুঃ...ভবন্তি"

---

(১) সামগায়ীরা স্তোত্র গান করিলে পর হোতা শস্ত্র পাঠ করেন। প্রত্যেক শস্ত্রপাঠের পূর্ব্বে একবার স্তোত্র গীত হয়। বহিষ্পবমানস্তোত্র গীত হইলে আজ্যশস্ত্র এবং আজ্যস্তোত্র (৬।১৬।১০) গীত হইলে প্রউগ শস্ত্র পঠিত হয়।

এ বিষয়ে [ব্রহ্মবাদীরা] প্রশ্ন করেন,—স্তোত্র যেরূপ, শস্ত্রও তদনুসারী [হওয়া উচিত] ; কিন্তু সামগায়ীরা পবমানদৈবত স্তোত্রে স্তব করেন, আর হোতা অগ্নিদৈবত আজ্যশস্ত্র পাঠ করেন ; তাহা হইলে হোতৃকর্তৃক পবমানদৈবত স্তোত্রের অনুসরণ কিরূপে সিদ্ধ হয় ? [উত্তর] যিনি অগ্নি, তিনিই পবমান। ঋষিও এ বিষয়ে বলিয়াছেন, অগ্নিই ঋষি পবমান।[২] অতএব অগ্নিদৈবত মন্ত্র দ্বারা হোতা [শস্ত্রপাঠ] আরম্ভ করিলে পবমানদৈবত স্তোত্রের অনুসরণই সিদ্ধ হয়।

[আবার] এ বিষয়ে [ব্রহ্মবাদীরা] প্রশ্ন করেন,—স্তোত্র যেরূপ, শস্ত্র তদনুসারী [হওয়া উচিত] ; কিন্তু সামগায়ীরা গায়ত্রী দ্বারা স্তব করেন, আর হোতা অনুষ্টুপ্ দ্বারা আজ্যপাঠ করেন। তাহা হইলে তৎকর্তৃক গায়ত্রীর অনুসরণ কিরূপে সিদ্ধ হয় ?

[উত্তর] [অনুষ্টুপ্ দ্বারাই গায়ত্রী] সম্পাদিত হয়, এই [উত্তর] বলিবে। কেন না, [আজ্যশস্ত্রে] এই সাতটি অনুষ্টুপ্ ; উহার প্রথমটি তিন বার ও শেষটি তিন বার পাঠ করিলে, উহা এগারটি হয়। [তদ্ব্যতীত] বিরাট্ ছন্দের যাজ্যাটি দ্বাদশস্থানীয় ; কেন না, একটি অক্ষরে বা দুইটি অক্ষরে ছন্দের ব্যত্যয় হয় না।[৩] এইরূপে উহারা (ঐ বারটি অনুষ্টুপ্) ষোলটি গায়ত্রীর সমান হয়।[৪] এইরূপেই অনুষ্টুভ্ দ্বারা [শস্ত্রপাঠ] আরম্ভ করিলেও হোতৃকর্তৃক গায়ত্রীর অনুসরণ সিদ্ধ হয়।

তৎপরে ঐন্দ্রাগ্নগ্রহহোমের যাজ্যাবিধান—"অগ্ন ইন্দ্রশ্চ…যজতি"

"অগ্ন ইন্দ্রশ্চ দাশুষো দুরোণে"[৫]—এই অগ্নি ও ইন্দ্র উভয় দেবতার উদ্দিষ্ট মন্ত্রকে যাজ্যা করিবে।

---

(২) "অগ্নির্ঋষিঃ পবমানঃ পাঞ্চজন্যঃ পুরোহিতঃ। তমীমহে মহাগয়ম্॥" (৯।৬৬।২০) এই মন্ত্রের ঋষি বৈখানস।

(৩) অনুষ্টুভের অক্ষর বত্রিশটি, বিরাটের তেত্রিশটি। একটি অক্ষরের আধিক্য ধর্তব্য নহে। এই জন্য বিরাট্‌কেও অনুষ্টুপ্ বলিয়া গ্রহণ করা যাইতে পারে। তাহা হইলে আজ্যশস্ত্রে সমুদয়ে বারটি অনুষ্টুপ্ হয়।

(৪) অনুষ্টুপের প্রতি মন্ত্রে চারি চরণ ; গায়ত্রীর তিন চরণ। অতএব বারটি অনুষ্টুপ্ ষোলটি গায়ত্রীর সমান। কাজেই অনুষ্টুপ্ ছন্দের আজ্যশস্ত্র গায়ত্রীচ্ছন্দের পবমানস্তোত্রের অনুসারী হইল।

(৫) ৩।২৫।৫।

ঐন্দ্রাগ্নগ্রহে প্রথমে ইন্দ্রের, পরে অগ্নির নাম আছে, কিন্তু ঐ যাজ্যামন্ত্রের দেবতামধ্যে পূর্ব্বে অগ্নির, পবে ইন্দ্রেব নাম দেখা যাইতেছে। এই আপত্তির খণ্ডন—"ন বৈ…এব"

[অসুবদিগেব সহিত যুদ্ধে] [পূর্ব্বে] ইন্দ্র ও [পবে] অগ্নি যাইয়া জয় লাভ কবেন নাই, [পূর্ব্বে] অগ্নি ও [পবে] ইন্দ্র যাইযা জয লাভ কবিযাছিলেন ; সেই জন্য এই যে অগ্নি ও ইন্দ্রেব উদ্দিষ্ট মন্ত্রকে যাজ্যা কবা হয, ইহাতে বিজযলাভই ঘটে।

যাজ্যাব অক্ষবসংখ্যাপ্রশংসা—"সা বিবাট্…তৃপ্যন্তি"

সেই বিবাটে তেত্রিশটি অক্ষব। দেবগণও তেত্রিশ জন, অষ্ট বসু, একাদশ রুদ্র, দ্বাদশ আদিত্য, প্রজাপতি এবং বষট্কাব। এতদ্দ্বাবা [প্রাতঃসবনে বিহিত] প্রথম শস্ত্রে (অর্থাৎ আজ্যশস্ত্রে) দেবতাদিগকে অক্ষবেব ভাগী কবা হয। তদ্দ্বাবা দেবতাবা [তেত্রিশ জনে] এক এক অক্ষব অনুসবণ কবিয়া [সকলেই] উত্তমরূপে [সোমবস] পান কবেন। তাহাতে [অক্ষবরূপী] দেবপাত্র দ্বাবাই [সোমপান কবিয়া] দেবতাগণ তৃপ্ত হন।[৬]

শস্ত্রেব ও যাজ্যাব দেবতা পৃথক্, সে বিষযে আপত্তিখণ্ডন—"তদাহুঃ…যাজ্যা"

এ বিষযে [ব্রহ্মবাদীবা] প্রশ্ন কবেন,—যেরূপ শস্ত্র, যাজ্যা তদনুসাবী হওযা উচিত ; কিন্তু হোতা অগ্নিদৈবত শস্ত্র পাঠ কবেন ; তবে কেন অগ্নি ও ইন্দ্র দেবতাব উদ্দিষ্ট মন্ত্রকে যাজ্যা কবা হয ? [উত্তব] যাহাব দেবতা অগ্নি ও ইন্দ্র, তাহাব দেবতা ইন্দ্র ও অগ্নি [এরূপ বলাও চলে] ; আব এই যে শস্ত্র, ইহা গ্রহেব সহিত ও তূষ্ণীংশংসেব সহিত [একযোগে] ইন্দ্র ও অগ্নি, ইহাদেবই উদ্দিষ্ট। কেন না, "ইন্দ্রাগ্নী আগতং সুতং গীর্ভির্নভো ববেণ্যম্। অস্য পাতং ধিয়েষিতা"[৭]—অহে ইন্দ্র, অহে অগ্নি, তোমবা স্তুতি দ্বাবা অভিষুত এবং আকাশেব মত ববেণ্য এই সোমেব নিকট আগমন কব এবং আপন ধীশক্তিপ্রেবিত হইযা ইহা পান কব—এই মন্ত্রে অধ্বর্য্যু ঐন্দ্রাগ্ন গ্রহ গ্রহণ কবেন ; অপিচ "ভূবগ্নির্জ্যোতির্জ্যোতিবগ্নিবিন্দ্রো জ্যোতির্ভুবো জ্যোতিবিন্দ্রঃ সূর্য্যো জ্যোতির্জ্যোতিঃ স্বঃ সূর্য্যঃ" এই মন্ত্রে হোতা তূষ্ণীংশংস

---

(৬) এক এক অক্ষর এক এক দেবতার ভাজন অর্থাৎ পাত্রস্বরূপ

(৭) ৩।১২।১।

পাঠ করেন। এই হেতু শস্ত্রও যেরূপ, যাজ্যাও তদনুসারী (অর্থাৎ অভিন্ন দেবতার উদ্দিষ্ট)।

ষষ্ঠ খণ্ড

আজ্যশস্ত্র

হোতৃজপের বিধান[১]—"হোতৃজপং...এব তৎ"

হোতৃজপ জপ করা হয়। এতদ্দ্বারা রেতঃসেক হয়। উপাংশু (নীরবে) জপ করা হয়; কেন না, রেতঃসেকও উপাংশু সম্পাদিত হয়। আহাবের পূর্ব্বেই জপ করা হয়; কেন না, আহাবের পর যাহা কিছু [অনুষ্ঠিত হয়], তাহা শস্ত্রেরই [অন্তর্গত]।

আহাবপাঠের নিয়ম, যথা—"পরাঙ্ঙং...সিঞ্চন্তি"

পরাঙ্মুখ (হোতার প্রতি বিমুখ) ও চতুষ্পদের মত (দুই হাত ও দুই পায়ে ভর দিয়া) উপবিষ্ট অধ্বর্য্যুর উদ্দেশে [হোতা] আহাব পাঠ করিবেন। সেই হেতু চতুষ্পদেরাও (পশুরাও) পরাঙ্মুখ হইয়া রেতঃসেক করে। [আহাবপাঠের পর অধ্বর্য্যু] দুই পায়ে সম্মুখ হইয়া দাঁড়ান, সেই জন্য দ্বিপদেরা (মনুষ্যেরা) সম্মুখ হইয়া রেতঃসেক করে।

আহাবের পূর্ব্বে হোতা যে মন্ত্র জপ করেন, ঐ মন্ত্রের ছয় ভাগ। আজ্যশস্ত্রে যজমানের নূতন জন্ম সম্পাদিত হয়। হোতৃজপ মন্ত্রটির তাৎপর্য্যও জন্মদানক্রিয়ার অনুকূল, ইহা দেখান হইতেছে, যথা—"পিতা মাতরিশ্বা...তদাহ"

"পিতা মাতরিশ্বা"—মাতরিশ্বা (বায়ু) পিতা—এই অংশে প্রাণই পিতা এবং প্রাণই মাতরিশ্বা (বায়ু) এবং প্রাণই রেতঃ; এতদ্দ্বারা রেতঃসেক হয়। [তৎপরে] "অচ্ছিদ্রা পদাধাৎ"—[সেই বায়ুস্বরূপ পিতা] অচ্ছিদ্র পদ (অর্থাৎ রেতঃ) আধান করিয়াছিলেন—এ স্থলে অচ্ছিদ্র অর্থে রেতঃ; এতদ্দ্বারা [যজমান] এই রেতঃ হইতে অচ্ছিদ্র হইয়া উৎপন্ন হন। "অচ্ছিদ্রোক্থা কবয়ঃ শংসন্"—কবিগণ ছিদ্রহীন উক্থ (শস্ত্র) শংসন (পাঠ) করেন—এ স্থলে যাঁহারা অনূচান (বেদজ্ঞ), তাঁহারাই কবি; তাঁহারাই এই অচ্ছিদ্র রেতঃ উৎপাদন করেন, ইহাই ঐ বাক্যে বলা হইল।

(১) ৭।৩।১২।১, হোতৃজপের বিষয় পূর্ব্বে বলা হইয়াছে। শস্ত্রপাঠের পূর্ব্বে হোতা আহাব দ্বারা অধ্বর্য্যুকে আহ্বান করেন। তৎপূর্ব্বে হোতৃজপ বিহিত। ঐ জপের আরম্ভে ভূ মৎ পৎ বক্ দে এই পঞ্চাক্ষর পঠিত হয়। পূর্ব্বে ১৫৪ পৃষ্ঠ দেখ।

"সোমো বিশ্ববিন্নীথা নিনেষদ্ বৃহস্পতিরুক্থামদানি শংসিষৎ"—বিশ্ববিৎ (সর্ব্বজ্ঞ) সোম নীথসকল (অনুষ্ঠেয় কর্ম্মসকল) সম্পাদন করিতে ইচ্ছা করিয়াছিলেন, বৃহস্পতি উক্থামদ (তুষ্টিজনক উক্থ) পাঠে ইচ্ছা করিয়াছিলেন—এ স্থলে বৃহস্পতিই ব্রহ্ম (ব্রাহ্মণ), সোমই ক্ষত্র (ক্ষত্রিয়), এবং স্তোত্র ও শস্ত্রই নীথ ও উক্থামদ। এতদ্দ্বারা দৈব ব্রাহ্মণ দ্বারা ও দৈব ক্ষত্রিয় দ্বারা প্রেরিত হইয়াই উক্থসকল (শস্ত্রসকল) পঠিত হয়। কেন না, এই যজ্ঞে যাহা কিছু অনুষ্ঠেয়, ইঁহারাই (সোম এবং বৃহস্পতি) তাহা প্রেরণ করিতে সমর্থ। সেই জন্য যাহা ইঁহাদেরকর্তৃক প্রেরিত না হইয়া অনুষ্ঠিত হয়, তাহা অক্রিয়া হয়, এবং এই ব্যক্তি অক্রিয়া করিয়াছে, এই বলিয়া লোকে নিন্দা করে। যে ইহা জানে, সে কর্ত্তব্যই করে, সে অকর্ত্তব্য করে না। "বাগায়ুর্বিশ্বায়ুর্বিশ্বমায়ুঃ"—বাক্য হউক ও আয়ু হউক, ও বিশ্বায়ু (পূর্ণায়ু) হইয়া বিশ্ব (পূর্ণ) আয়ু [লাভ করুক]—এই অংশ [পরে] পাঠ করিবে। এ স্থলে প্রাণই আয়ুঃস্বরূপ, প্রাণই রেতঃস্বরূপ এবং বাক্য যোনিস্বরূপ। এতদ্দ্বারা যোনির অভিমুখে রেতঃসেক করা হয়। "ক ইদং শংসিষ্যতি স ইদং শংসিষ্যতি"—ক (প্রজাপতি)[২] এই শস্ত্র পাঠ করিতে ইচ্ছা করিবেন, তিনিই এই শস্ত্র পাঠ করিতে ইচ্ছা করিবেন—এই [শেষাংশ] পাঠ করিবে। এ স্থলে ক-শব্দে প্রজাপতি। প্রজাপতিই উৎপাদন করিবেন (যজমানের পুনর্জন্ম দিবেন), ইহাই এই মন্ত্রে বলা হইল।

সপ্তম খণ্ড

আজ্যশস্ত্র

প্রাতঃসবনে আজ্যশস্ত্র পাঠে যজমানের পুনর্জন্ম লাভ হয়। ঐ অনুষ্ঠানের বিভিন্ন অঙ্গ জন্মদানক্রিয়ার অনুরূপ। প্রথম অনুষ্ঠান হোতৃজপ রেতঃসেকের অনুরূপ; পরবর্ত্তী অনুষ্ঠান তূষ্ণীংশংসে রেতঃ মাতৃগর্ভে বিকৃত হইয়া ভ্রূণের আকৃতি গ্রহণ করে; তৎপরে নিবিৎ পাঠে শিশু ভূমিষ্ঠ হয়। সেই তূষ্ণীংশংস সম্বন্ধে পুনরায় আলোচনা, যথা—"আহ্বয়···সুবিদিতম্"

[আহাবদ্বারা অধ্বর্য্যুকে] আহ্বানের পর তূষ্ণীংশংস পাঠ করিবে; এতদ্দ্বারা [হোতৃজপকালে] সিক্ত রেতঃ বিকৃত হয় (পিণ্ডাকৃতি লাভ

(২) প্রজাপতির নামান্তর ক; যথা—"কস্মৈ দেবায় হবিষা বিধেম"।

করে)। বেতঃসেক পূর্ব্বে ঘটে ও তাহাব বিকাব পবেই ঘটিযা থাকে। তূষ্ণীংশংস উপাংশুভাবে পাঠ কবিবে। কেন না, বেতঃসেক উপাংশুভাবেই ঘটে। তূষ্ণীংশংস অনুচ্চভাবে (হোতৃজপের অপেক্ষা ঈষৎ উচ্চ অথচ অস্পষ্ট ভাবে) জপ কবিবে। কেন না, বেতঃ সেইরূপেই বিকাব লাভ কবে। তূষ্ণীংশংস ছয ভাগে[১] পাঠ কবিবে; পুরুষও ষডঙ্গ অর্থাৎ ছয ভাগে বিভক্ত[২]। এতদ্দ্বাবা আত্মাকে (বেতঃ হইতে উৎপন্ন ভ্রূণরূপী যজমানকে) ছয় ভাগে বিভক্ত অর্থাৎ ষডঙ্গ কবিযা বিকৃত কবা হয।

তূষ্ণীংশংস পাঠেব পব পুবোরুক্[৩] পাঠ কবা হয। তদ্দ্বাবা বিকৃত বেতঃ [শিশুরূপে] জন্ম লাভ কবে। বেতঃ পূর্ব্বে বিকৃত হয, পবে [শিশুর] জন্ম ঘটে। পুবোরুক্ উচ্চে পাঠ কবা হয। কেন না, (জননীব প্রসববেদনাহেতু) উচ্চ ধ্বনি সহকাবেই [শিশুব] জন্ম ঘটে।

দ্বাদশাংশবিশিষ্ট পুবোরুক্ পাঠ কবিবে। দ্বাদশ মাসেই সংবৎসব, সংবৎসবই প্রজাপতি; তিনিই এই সকলেব জন্মদাতা। যিনি এ সকলেব জন্মদাতা, তিনিই এতদ্দ্বাবা (পুবোরুক্ পাঠে) এই যজমানকে প্রজাসহিত ও পশুসহিত [সমৃদ্ধ কবিয়া] উৎপন্ন কবেন। ইহাতে ঐ জন্মলাভই ঘটে। যে ইহা জানে, সে প্রজাসহিত ও পশুসহিত [সমৃদ্ধ হইয়া] জন্ম লাভ কবে।

জাতবেদাব (তন্নামক দেবতাব) উদ্দিষ্ট পুবোরুক্ পাঠ কবা হয। জাতবেদা ঐ পুবোরুকেব নিম্ন অঙ্গ[৪]।

এ বিষয়ে [ব্রহ্মবাদীবা] বলেন, তৃতীয় সবনই জাতবেদাব আয়তন-(আশ্রয়)-স্বরূপ,[৫] তবে প্রাতঃসবনে কেন জাতবেদাব উদ্দিষ্ট পুবোরুকেব

---

(১) তূষ্ণীংশংসের ছয় ভাগ যথাক্রমে—১ ভূরগ্নির্জ্যোতিঃ। ২ জ্যোতিরগ্নিঃ। ৩ ইন্দ্রো জ্যোতির্ভুবঃ। ৪ জ্যোতিরিন্দ্রঃ। ৫ সূর্য্যো জ্যোতিঃ। ৬ জ্যোতিঃ স্বঃ সূর্য্যঃ।

(২) পুরুষের ষড়ঙ্গ যথা—আত্মা (মধ্যদেহ), মস্তক, দুই হস্ত, দুই পদ।

(৩) "প্র বো দেবায়" ইত্যাদি সূক্তের পূর্ব্বে পঠিত হয় বলিয়া "অগ্নির্দ্দেবেদ্ধঃ" ইত্যাদি পূর্ব্বব্যাখ্যাত নিবিদের নাম পুরোরুক্। পুরতো রোচতে দীপ্যতে ইতি পুরোরুক্,—তন্নামক নিবিদ্ মন্ত্র।

(৪) নিবিদের শেষ ভাগে "সো অধ্বরা করতি জাতবেদাঃ" এই অংশ থাকায় জাতবেদাঃ উহার দেবতা ও উহার নিম্ন অঙ্গস্বরূপ হইল।

(৫) তৃতীয় সবনে অগ্নিমারুত শস্ত্র পঠিত হয়। ঐ শস্ত্রেরই দেবতা জাতবেদাঃ।

পাঠ হয়? [উত্তর] প্রাণই জাতবেদাঃ; সেই প্রাণই সকল জাত (উৎপন্ন) পদার্থের বেত্তা (জ্ঞাতা)। সেই প্রাণ যে সকল জাত পদার্থকে জানে, তাহারাই বর্ত্তমান আছে; যাহাদিগকে জানে না, তাহারা কোথায় আছে? যে যজমান আজ্যশস্ত্রে আপনার ঐ সংস্কারের (পুনর্জন্ম-লাভের) বিষয় জানে, সেই ঠিক জানে।

অষ্টম খণ্ড

আজ্যশস্ত্র

আজ্যশস্ত্রে পাঠ্য সূক্তের অন্তর্গত ঋক্‌সমূহের ব্যাখ্যা—"প্র বো···সমন্তং সংস্কুরুতে"

"প্র বো দেবায়াগ্নয়ে"[১] এই মন্ত্র পাঠ করিবে। এই মন্ত্রে "প্র" শব্দে প্রাণ বুঝাইতেছে। এই ভূতসকল (জীবসকল) প্রাণের পশ্চাতেই গমন করে, প্রাণকেই বর্দ্ধিত করে ও প্রাণকেই সংস্কৃত করে।

"দীদিবাংসমপূর্ব্ব্যম্" এই[২] মন্ত্র পাঠ করিবে। এ স্থলে মনই দীপ্তিযুক্ত ("দীদিবান্"), অন্য কোন [ইন্দ্রিয়] মনের পূর্ব্বে অবস্থিত নহে ("অপূর্ব্ব্য")। এতদ্দ্বারা মনকেই বর্দ্ধিত করা হয় ও মনকেই সংস্কৃত করা হয়।

"স নঃ শর্ম্মাণি বীতয়ে" এই[৩] মন্ত্র পাঠ করিবে। এ স্থলে বাক্যই শর্ম্ম (সুখস্বরূপ)। সেই জন্য যে ব্যক্তি (যে শিষ্য) [আপন গুরুর বাক্য] নিজ বাক্য দ্বারা অনুমোদন করে, তাহার উদ্দেশে লোকে বলিয়া থাকে, ইহার শর্ম্ম (সুখ) হউক, এই ব্যক্তি [বাক্য] সংযম করিয়াছে। এতদ্দ্বারা বাক্যকেই বর্দ্ধিত করা হয় ও বাক্যকেই সংস্কৃত করা হয়।

"উত নো ব্রহ্মন্নবিষঃ" এই মন্ত্র[৪] পাঠ করিবে। এ স্থলে শ্রোত্রই ব্রহ্ম; শ্রোত্রদ্বারাই ব্রহ্ম (বেদবাক্য) শুনা যায়, শ্রোত্রেই ব্রহ্ম প্রতিষ্ঠিত। এতদ্দ্বারা শ্রোত্রকেই বর্দ্ধিত করা হয় ও শ্রোত্রকেই সংস্কৃত করা হয়।

"স যন্তা বিপ্র এষাম্" এই মন্ত্র[৫] পাঠ করিবে। এ স্থলে অপানই যন্তা (নিয়মনকর্ত্তা); অপানদ্বারাই নিয়মিত হইয়া প্রাণ (শ্বাসবায়ু) দূরে

(১) ৩।১৩।১। (২) ৩।১৩।৫। (৩) ৩।১৩।৪। (৪) ৩।১৩।৬। (৫) ৩।১৩।৩।

যায়; এতদ্দ্বারা অপানকেই বর্দ্ধিত করা হয় ও অপানকেই সংস্কৃত করা হয়।

"ঋতা বা যস্য রোদসী" এই মন্ত্র[৬] পাঠ করিবে। এ স্থলে চক্ষুই ঋত; সেই জন্য উভয় ব্যক্তির মধ্যে বিবাদ হইলে যে বলে, আমি যত্ন করিয়া চোখে দেখিয়াছি, তাহার বাক্যেই লোকে শ্রদ্ধা করিয়া থাকে। এতদ্দ্বারা চক্ষুকেই বর্দ্ধিত করা হয় ও চক্ষুকেই সংস্কৃত করা হয়।

"নূ নো রাস্ব সহস্রবত্তোকবৎ পুষ্টিমৎ বসু"[৭] এই অন্তিম মন্ত্র দ্বারা [আজ্যশস্ত্র পাঠ] সমাপ্ত করিবে। এ স্থলে আত্মাই সমস্ত (প্রাণমন-বাক্যাদির সমষ্টিস্বরূপ) এবং সহস্রবান্ (সহস্রসংখ্যক-ধনবিশিষ্ট) ও তোকবান্ (অপত্যযুক্ত) ও পুষ্টিমান্ (সমৃদ্ধিযুক্ত)। এতদ্দ্বারা সমস্ত আত্মাকেই বর্দ্ধিত করা হয় ও সমস্ত আত্মাকেই সংস্কৃত করা হয়।

শস্ত্রপাঠান্তে ঐন্দ্রাগ্ন গ্রহহোমের যাজ্যামন্ত্র বিধান—"যাজ্যযা⋯অধিদৈবতম্"

যাজ্যাদ্বারা যাগ করা হয়। যাজ্যাই প্রদানক্রিয়াস্বরূপ,[৮] ইহা পুণ্যস্বরূপ ও লক্ষ্মীস্বরূপ। এতদ্দ্বারা পুণ্যরূপা লক্ষ্মীকেই বর্দ্ধিত করা হয় ও পুণ্যরূপা লক্ষ্মীকেই সংস্কৃত করা হয়।

যে ইহা জানে, সে ইহা জানিয়া ছন্দোময় দেবতাময় ব্রহ্মময় অমৃতময় হইয়া একযোগে সকল দেবতাকেই প্রাপ্ত হয়। যেরূপে ছন্দোময় দেবতাময় ব্রহ্মময় অমৃতময় হইয়া একযোগে সকল দেবতাকেই পাওয়া যায়, যে তাহা জানে, সে ঠিকই জানে।

এই পর্য্যন্ত [যাহা বলা হইল, তাহা] আত্মবিষয়ক, পরে [যাহা বলা হইতেছে, তাহা] দেবতাবিষয়ক।

নবম খণ্ড

আজ্যশস্ত্র

তূষ্ণীংশংস, নিবিৎ ও সূক্ত, আজ্যশস্ত্রের এই পর্ব্বত্রয়ের প্রশংসা হইতেছে

তূষ্ণীংশংসের প্রশংসা যথা—"ষট্ পদং অপ্যেতি"

---

(৬) ৩।১৩।২। (৭) ৩।১৩।৭।

(৮) পুরোঽনুবাক্যা দ্বারা হব্য গ্রহণ ও যাজ্যাদ্বারা দেবতাকে হব্যপ্রদান হয়। যথা শ্রুত্যন্তরে—"পুরোঽনুবাক্যয়া আদত্তে প্রযচ্ছতি যাজ্যয়া"।

ষট্‌পদবিশিষ্ট তূষ্ণীংশংস পাঠ করা হয়। ঋতু ছয়টি, এতদ্দ্বারা ঋতুসকলকেই [ভোগপ্রদানে] সমর্থ করা হয় ও ঋতুসকলকেই প্রাপ্ত হওয়া যায়।

নিবিদের প্রশংসা—"দ্বাদশপদং···অপ্যেতি"

দ্বাদশপদবিশিষ্ট পুরোরুক্ পাঠ করা হয়। মাস বারটি, এতদ্দ্বারা মাসসকলকেই [ভোগপ্রদানে] সমর্থ করা হয় ও মাসসকলকেই প্রাপ্ত হওয়া যায়।

আজ্যশস্ত্রের সূক্তান্তর্গত ঋকসকলের প্রশংসা—"প্র বো···ভবতি ভবতি"

"প্র বো দেবায় অগ্নয়ে" এই মন্ত্র পাঠ করা হয়। এ স্থলে "প্র" শব্দে অন্তরিক্ষ বুঝাইতেছে। এই ভূতসকল অন্তরিক্ষমধ্যেই প্রযাণ করে। এতদ্দ্বারা অন্তরিক্ষকেই [ভোগপ্রদানে] সমর্থ করা হয় ও অন্তরিক্ষকেই প্রাপ্ত হওয়া যায়।

"দীদিবাংসমপূর্ব্ব্যম্" এই মন্ত্র পাঠ করা হয়। যিনি [সূর্য্য] তাপ দেন, তিনিই দীপ্তিমান্, তাঁহার [উদয়ের] পূর্ব্বে কিছুই [সচেতন] থাকে না, এতদ্দ্বারা তাঁহাকেই (ভোগপ্রদানে) সমর্থ করা হয় ও তাঁহাকেই প্রাপ্ত হওয়া যায়।

"স নঃ শর্ম্মাণি বীতয়ে" এই মন্ত্র পাঠ করা হয়। এ স্থলে অগ্নিই শর্ম্ম (সুখজনক) ভক্ষণীয় অন্ন দান করেন। এতদ্দ্বারা অগ্নিকেই [ভোগপ্রদানে] সমর্থ করা হয় ও অগ্নিকেই প্রাপ্ত হওয়া যায়।

"উত নো ব্রহ্মন্নবিষঃ" এই মন্ত্র পাঠ করা হয়। এ স্থলে চন্দ্রমাই ব্রহ্ম। এতদ্দ্বারা চন্দ্রমাকেই [ভোগপ্রদানে] সমর্থ করা হয় ও চন্দ্রমাকেই প্রাপ্ত হওয়া যায়।

"স যন্তা বিপ্র এষাম্" এই মন্ত্র পাঠ করা হয়। এ স্থলে বায়ুই যন্তা (নিয়মনকর্ত্তা), বায়ু দ্বারাই নিয়মিত হইয়া এই অন্তরিক্ষ দূরে যায় না। এতদ্দ্বারা বায়ুকেই [ভোগপ্রদানে] সমর্থ করা হয় ও বায়ুকেই প্রাপ্ত হওয়া যায়।

"ঋতা বা যস্য রোদসী" এই মন্ত্র পাঠ করা হয়। এ স্থলে দ্যাবা-পৃথিবীই রোদঃস্বরূপ। দ্যাবাপৃথিবীকেই এতদ্দ্বারা [ভোগপ্রদানে] সমর্থ করা হয় ও দ্যাবাপৃথিবীকেই প্রাপ্ত হওয়া যায়।

"নূ নো রাস্ব সহস্রবৎ তোকবৎ পুষ্টিমৎ বসু" এই অন্তিম মন্ত্রে [আজ্য-শস্ত্রপাঠ] সমাপ্ত করা হয়। সমস্ত সংবৎসরই সহস্রবান্ (সহস্রসংখ্যক-ধনদাতা), তোকবান্ (পুত্রদাতা), পুষ্টিমান্ (পুষ্টিদাতা), এতদ্দ্বারা সমস্ত সংবৎসরকেই [ভোগপ্রদানে] সমর্থ করা হয় ও সমস্ত সংবৎসরকেই প্রাপ্ত হওয়া যায়।

যাজ্যাদ্বারা যাগ করা হয়। যাজ্যাই বৃষ্টি ও বিদ্যুৎ; বিদ্যুৎই এই বৃষ্টি ও ভক্ষণীয় অন্ন প্রদান করে। এতদ্দ্বারা বিদ্যুৎকেই [ভোগপ্রদানে] সমর্থ করা হয় ও বিদ্যুৎকেই প্রাপ্ত হওয়া যায়।

ইহা জানিয়া সেই যজমান এই [ঋতু হইতে বিদ্যুৎ পর্য্যন্ত] সর্ব্ব-দেবতাময় হইয়া থাকে।

তৃতীয় পঞ্চিকা

একাদশ অধ্যায়

প্রথম খণ্ড

প্রউগশস্ত্র

প্রাতঃসবনে আজ্যশস্ত্র ও প্রউগশস্ত্র উভয়ের পাঠ বিহিত। আজ্যশস্ত্রের বিবরণ পূর্ব্বে দেওয়া হইয়াছে। এখন প্রউগশস্ত্রের বিবরণ দেওয়া হইতেছে, যথা—"গ্রহোক্‌থং⋯সম্মা"

এই যে প্রউগ, ইহা [ঐন্দ্রবায়বাদি] গ্রহগণের উক্‌থ[১] (ঐ সকল গ্রহের উদ্দিষ্ট দেবতার প্রশংসাপর)। প্রাতঃসবনে নয়টি গ্রহ[২] গৃহীত হয় ও হবিষ্পবমানে নয়টি মন্ত্র দ্বারা স্তব করা হয়। এই স্তোম (হবিষ্পবমান স্তোত্র) দ্বারা স্তব হইলে [অধ্বর্য্যু] দশম গ্রহ (আশ্বিন গ্রহ) গ্রহণ করেন। [অপিচ] হিঙ্কার [হবিষ্পবমানান্তর্গত মন্ত্রসকলের] দশম। তাহা হইলেই ইহা (গ্রহসংখ্যা) এবং উহা (স্তোত্রের অন্তর্গত মন্ত্রসংখ্যা) সমান হয়।[৩]

এইরূপে হিঙ্কার সমেত হবিষ্পবমান স্তোত্রে দশটি মন্ত্র হইল। প্রাতঃসবনে দশটি ধারাগ্রহ হইতে হোম বিহিত। প্রউগশস্ত্র ঐ সকল ধারাগ্রহের উদ্দিষ্ট দেবতার প্রশংসামাত্র। এইরূপে হবিষ্পবমান স্তোত্র ও প্রউগশস্ত্র উভয়েরই প্রাতঃসবনে বিহিত গ্রহগণের সহিত সম্বন্ধ প্রদর্শিত হইল।

তৎপরে প্রউগশস্ত্রান্তর্গত মন্ত্রের বিধান[৪] যথা—"বায়ব্যং⋯এবং বেদ"

---

(১) যে সকল ঋক্‌মন্ত্রে দেবতার প্রশংসা হয়, তাহার নাম শস্ত্র। উক্‌থ ও শস্ত্র একার্থক। সামগায়ীরা যাহা গান করেন, তাহা স্তোত্র বা স্তোম।

(২) উপাংশু, অন্তর্যাম ও ঋতুগ্রহ, এই কয়টি ছাড়িয়া অন্য অন্য গ্রহগুলির নাম ধারাগ্রহ।

(৩) হবিষ্পবমান স্তোত্রে "উপাস্মৈ গায়তা" ইত্যাদি নয়টি মন্ত্র গীত হয়। পূর্ব্বে দেখ। তিন জন সামগায়ী স্তোত্র গান করেন। তন্মধ্যে একজন হিঙ্কার (হুঁ এই শব্দ উচ্চারণ) করেন। ঐ হিঙ্কারকে দশম মন্ত্র বলিয়া ধরিলে স্তোত্রের মন্ত্রসংখ্যা ও প্রাতঃসবনে গ্রহসংখ্যা সমান হয়।

(৪) প্রথম মণ্ডলের অন্তর্গত মধুচ্ছন্দা ঋষির দৃষ্ট দ্বিতীয় ও তৃতীয় সূক্ত প্রউগশস্ত্রে পাঠ করা হয়।

বায়ুদৈবত [তিনটি ঋক্] পাঠ করিবে।[৫] তদ্দ্বারা বায়ুদৈবত গ্রহ[৬] উক্‌থবান্ (শস্ত্রযুক্ত অর্থাৎ শস্ত্রদ্বারা প্রশংসিত) হয়।

ইন্দ্র ও বায়ু-দেবতার উদ্দিষ্ট [তিনটি মন্ত্র][৭] পাঠ করিবে। তদ্দ্বারা ঐন্দ্রবায়ব গ্রহ উক্‌থবান্ হয়।

মিত্র ও বরুণ দেবতার উদ্দিষ্ট [তিনটি মন্ত্র][৮] পাঠ করিবে। তদ্দ্বারা মৈত্রাবরুণ গ্রহ উক্‌থবান্ হয়।

অশ্বিদ্বয়ের উদ্দিষ্ট [তিনটি মন্ত্র][৯] পাঠ করিবে। তদ্দ্বারা আশ্বিন গ্রহ উক্‌থবান্ হয়।[১০]

ইন্দ্রদৈবত [তিনটি মন্ত্র][১১] পাঠ করিবে। তদ্দ্বারা শুক্র ও মন্থী গ্রহদ্বয় উক্‌থবান্ হয়।

বিশ্বদেবগণের উদ্দিষ্ট [তিনটি মন্ত্র][১২] পাঠ করিবে। তদ্দ্বারা আগ্রয়ণ গ্রহ উক্‌থবান্ হয়।

সরস্বতীদৈবত [তিনটি মন্ত্র][১৩] পাঠ করিবে। [কিন্তু] সরস্বতীর উদ্দিষ্ট কোন গ্রহ নাই। বাক্যই সরস্বতী, যে সকল গ্রহ বাক্যদ্বারা (মন্ত্রদ্বারা) গৃহীত হয়, তাহারা সকলেই এতদ্দ্বারা উক্‌থবান্ হয়। যে ইহা জানে, তাহার সকল গ্রহই উক্‌থযুক্ত (প্রশংসিত) হয়।

দ্বিতীয় খণ্ড

প্রউগশস্ত্র

প্রউগশস্ত্রের প্রশংসা—"অন্নাদ্যং বৈ···শংসন্তি"

এই যে প্রউগ, ইহা দ্বারা ভোজনযোগ্য অন্ন রক্ষিত হয়। প্রউগে যেমন নানা দেবতার প্রশংসা হয়, সেইরূপ নানা উক্‌থও (অর্থাৎ মন্ত্রও)

(৫) ১।২।১-৩ এই তিন মন্ত্রের দেবতা বায়ু।

(৬) প্রাতঃসবনে বায়ু দেবতার উদ্দিষ্ট স্বতন্ত্র গ্রহ নাই, তবে ঐন্দ্রবায়ব গ্রহের প্রথমাংশ কেবল বায়ুর উদ্দেশে ও দ্বিতীয় অংশ ইন্দ্র বায়ু উভয়ের উদ্দেশে আহুত হয়। পূর্ব্বে দেখ। এ স্থলে ঐন্দ্রবায়ব গ্রহের প্রথমাংশকেই বায়ুদৈবত গ্রহ বলা হইল।

(৭) ১।২।৪-৬। (৮) ১।২।৭-৯। (৯) ১।৩।১-৩।

(১০) ইতঃপূর্ব্বেই আশ্বিনগ্রহকে দশম গ্রহ বলা হইয়াছে। বস্তুতঃ গ্রহণকালে উহা দশমস্থানীয়, কিন্তু হোমকালে তৃতীয়স্থানীয়। (১১) ১।৩।৪-৬।

(১২) ১।৩।৭-৯। (১৩) ১।৩।১০-১২।

প্রউগে ব্যবহৃত হয।[১] যে ইহা জানে, তাহাব গৃহে নানাবিধ ভোজনযোগ্য অন্ন বক্ষিত হয।

এই যে প্রউগ নামক উক্‌থ, ইহা যজমানেবই আত্মবিষযক (শবীবোৎকর্ষসাধক), সেই জন্য তৎকর্ত্তৃক অত্যন্ত আদবণীয, ইহাই [ব্রহ্মবাদীবা] বলেন। হোতা এই [প্রউগশস্ত্র] দ্বাবা সেই যজমানকেই সংস্কৃত কবেন।[২]

বাযুব উদ্দিষ্ট [তিন মন্ত্র] পাঠ কবা হয। এই জন্য বলা হয, বাযুই প্রাণ, প্রাণই বেতঃ, জাযমান পুরুষেব [দেহগঠনে] প্রথমে বেতঃই সম্ভূত হয। এই হেতু বাযুব উদ্দিষ্ট যে মন্ত্র পাঠ কবা হয, তদ্দ্বাবা যজমানেব প্রাণেবই সংস্কাব হয।

ইন্দ্র ও বাযুব উদ্দিষ্ট [তিন মন্ত্র] পাঠ কবা হয। যেখানে প্রাণ, সেইখানেই অপান। এই যে ইন্দ্র ও বাযুব উদ্দিষ্ট মন্ত্র পাঠ কবা হয, তদ্দ্বাবা তাহাব প্রাণেব ও অপানেবই সংস্কাব হয।

মিত্র ও বরুণেব উদ্দিষ্ট [তিন মন্ত্র] পাঠ কবা হয। সেই জন্য বলা হয, [জাযমান] পুরুষেব প্রথমে চক্ষু উৎপন্ন হয। এই যে মিত্রাবরুণেব উদ্দিষ্ট মন্ত্র পাঠ হয, এতদ্দ্বাবা তাহাব চক্ষুবই সংস্কাব হয।

অশ্বিদ্বযেব উদ্দিষ্ট [তিন মন্ত্র] পাঠ কবা হয। সেই জন্য নবজাত শিশুকে লক্ষ্য কবিযা লোকে বলে, ঐ [শিশু] আমাব কথা শুনিতে চাহিতেছে, আমাকেই ভাবিতেছে। এই যে অশ্বিদ্বযেব উদ্দিষ্ট মন্ত্র পাঠ হয, তদ্দ্বাবা তাহাব শ্রোত্রেবই সংস্কাব হয।

ইন্দ্রেব উদ্দিষ্ট [তিন মন্ত্র] পাঠ কবা হয। সেই জন্য নবজাত শিশুকে লক্ষ্য কবিযা লোকে বলে, ঐ শিশু গ্রীবা তুলিতেছে, আবাব মাথা তুলিতেছে। এই যে ইন্দ্রেব উদ্দিষ্ট মন্ত্র পাঠ হয, এতদ্দ্বাবা তাহাব বীর্য্যেব (দৈহিক সামর্থ্যেব) সংস্কাব হয।

বিশ্বদেবগণেব উদ্দিষ্ট [তিন মন্ত্র] পাঠ কবা হয। সেই জন্য নবজাত শিশু পশুব মত (চাবি হাতপাযে) বিচবণ কবে। তাহাব অঙ্গসকলও

(১) প্রউগের উদ্দিষ্ট দেবতার নাম ও তদন্তর্গত মন্ত্র পূর্ব্বখণ্ডে দেখ।

(২) আজ্যশস্ত্রে যজমানের পুনর্জ্জন্মলাভ হয়। পূর্ব্বে দেখ। প্রউগশস্ত্রে তাঁহার সংস্কার হয়।

বিশ্বদেবগণের সম্বন্ধী। এই যে বিশ্বদেবগণের উদ্দিষ্ট মন্ত্র পাঠ হয়, এতদ্দ্বারা তাহার অঙ্গসকলের সংস্কার হয়।

সরস্বতীর উদ্দিষ্ট [তিন মন্ত্র] পাঠ করা হয়। সেই জন্য নবজাত শিশুতে শেষে (চলিতে শিখিবার পরে) বাক্য (কথা কহিবার শক্তি) প্রবেশ করে। বাক্যই সরস্বতী। এই যে সরস্বতীর উদ্দিষ্ট মন্ত্র পাঠ হয়, এতদ্দ্বারা তাহার বাক্যেরই সংস্কার হয়।

যে ইহা জানে, সেই হোতা, এবং যে যজমান ইহা জানে, যাহার পক্ষে এই শস্ত্র পাঠ করা হয়, সেই যজমান, পূর্ব্বে জাত হইয়াও এই সকল দেবতা হইতে, সকল উক্‌থ (শস্ত্র) হইতে, সকল ছন্দ হইতে, সকল প্রউগ হইতে, সকল সবন হইতে [পুনরায়] জন্ম লাভ করে।

তৃতীয় খণ্ড

প্রউগশস্ত্র

প্রউগশস্ত্রের পুনঃপ্রশংসা—"প্রাণানাং বৈ দধাতি"

এই যে প্রউগ, ইহা প্রাণসকলেরই উক্‌থ (প্রশংসাসূচক)। [এই শস্ত্রে] সাত জন দেবতার প্রশংসা হয়, মস্তকে প্রাণও সাতটি, এতদ্দ্বারা মস্তকে প্রাণসকলেরই স্থাপনা হয়।

তৎপরে প্রউগশস্ত্রের সামর্থ্যপ্রদর্শন—"কিং স···য এবং বেদ"

যিনি এই যজমানের হোতা হইবেন, তিনি তাহার কি ইষ্ট বা কি অনিষ্ট করিতে সমর্থ? [উত্তর] সেই হোতা যজমানের উদ্দেশে ইহজন্মে যাহা ইচ্ছা করেন, তাহাই করিতে পারেন।

যাহার উদ্দেশে তিনি ইচ্ছা করিবেন, ইহাকে প্রাণ হইতে বিযুক্ত করিব, তাহার উদ্দেশে বায়ুদৈবত [ঋক্ তিনটি] লুব্ধভাবে পাঠ করিবেন। তাহার মধ্যে একটি ঋক্ বা একটি চরণ পাঠ করিবেন না; তাহা হইলেই সেই মন্ত্রপাঠ লুব্ধ হইবে, এবং তদ্দ্বারা যজমানকে প্রাণ হইতে বিযুক্ত করা হইবে।

যাহার উদ্দেশে তিনি ইচ্ছা করিবেন, ইহাকে প্রাণ ও অপান হইতে বিযুক্ত করিব, তাহার উদ্দেশে ইন্দ্র ও বায়ু এতদুভয়ের উদ্দিষ্ট [ঋক্ তিনটি] লুব্ধভাবে পাঠ করিবেন। তাহার মধ্যে একটি ঋক্ বা একটি

চবণ পাঠ কবিবেন না ; তাহা হইলেই সেই মন্ত্রপাঠ লুব্ধ হইবে ; এবং তদ্দাবা যজমানকে প্রাণ ও অপান হইতে বিযুক্ত কবা হইবে।

যাহাব উদ্দেশে তিনি ইচ্ছা কবিবেন, ইহাকে চক্ষু হইতে বিযুক্ত কবিব, তাহাব উদ্দেশে মিত্রাবরুণেব উদ্দিষ্ট [ঋক্ তিনটি] লুব্ধভাবে পাঠ কবিবেন। তাহাব মধ্যে একটি ঋক্ বা একটি চবণ পাঠ কবিবেন না, তাহা হইলেই এই মন্ত্রপাঠ লুব্ধ হইবে, এবং যজমানকে চক্ষু হইতে বিযুক্ত কবা হইবে।

যাহাব উদ্দেশে তিনি ইচ্ছা কবিবেন, ইহাকে স্তোত্র হইতে বিযুক্ত কবিব, তাহাব উদ্দেশে অশ্বিদ্বযেব উদ্দিষ্ট [ঋক্ তিনটি] লুব্ধভাবে পাঠ কবিবেন। তাহাব মধ্যে একটি ঋক্ বা একটি চবণ পাঠ কবিবেন না, তাহা হইলেই ঐ মন্ত্রপাঠ লুব্ধ হইবে, এবং যজমানকে স্তোত্র হইতে বিযুক্ত কবা হইবে।

যাহাব উদ্দেশে তিনি ইচ্ছা কবিবেন, ইহাকে বীর্য্য হইতে বিযুক্ত কবিব, তাহাব উদ্দেশে ইন্দ্রেব উদ্দিষ্ট [ঋক্ তিনটি] লুব্ধভাবে পাঠ কবিবেন। তাহাব মধ্যে একটি ঋক্ বা একটি চবণ পাঠ কবিবেন না, তাহা হইলেই ঐ ঋক্ তিনটি লুব্ধ হইবে, এবং যজমানকে বীর্য্য হইতে বিযুক্ত কবা হইবে।

যাহাব উদ্দেশে তিনি ইচ্ছা কবিবেন, ইহাকে অঙ্গসমূহ হইতে বিযুক্ত কবিব, তাহাব উদ্দেশে বিশ্বদেবগণেব উদ্দিষ্ট [ঋক্ তিনটি] লুব্ধভাবে পাঠ কবিবেন। তাহাব মধ্যে একটি ঋক্ বা একটি চবণ পাঠ কবিবেন না, তাহা হইলেই ঐ মন্ত্রপাঠ লুব্ধ হইবে, এবং যজমানকে অঙ্গসমূহ হইতে বিযুক্ত কবা হইবে।

যাহাব উদ্দেশে তিনি ইচ্ছা কবিবেন, ইহাকে বাক্য হইতে বিযুক্ত কবিব, তাহাব উদ্দেশে সবস্বতীব উদ্দিষ্ট [ঋক্ তিনটি] লুব্ধভাবে পাঠ কবিবেন। তাহাব মধ্যে একটি ঋক্ বা একটি চবণ পাঠ কবিবেন না ; তাহা হইলে ঐ ঋক্ তিনটি লুব্ধ হইবে, এবং যজমানকে বাক্য হইতে বিযুক্ত কবা হইবে।

আব যাহাব উদ্দেশে তিনি ইচ্ছা কবিবেন, ইহাকে সকল অঙ্গদ্বাবা ও সমস্ত আত্মা (শবীব) দ্বাবা সমৃদ্ধ কবিব, তাহাব উদ্দেশে সমস্ত শস্ত্রটি

যথাক্রমে কোন অংশ পরিত্যাগ না করিয়া পাঠ করিবেন। তাহা হইলে যজমানকে সকল অঙ্গ দ্বারা ও সমস্ত আত্মা দ্বারা সমৃদ্ধ করা হইবে।

যে ইহা জানে, সে সকল অঙ্গ দ্বারা ও সমস্ত আত্মা দ্বারা সমৃদ্ধ হয়।

চতুর্থ খণ্ড

প্রউগশস্ত্র

প্রউগশস্ত্রের উদ্দিষ্ট দেবতা ও তৎপূর্ব্বে গীত আজ্যস্তোত্রের উদ্দিষ্ট দেবতা এক নহেন। এ বিষয়ে আপত্তিখণ্ডন—"তদাহুঃ···অনুশস্তো ভবতি"

এ বিষয়ে [ব্রহ্মবাদীরা] বলেন, স্তোত্র যেরূপ, শস্ত্রও তদনুসারী হওয়া উচিত ; কিন্তু সামগায়ীরা অগ্নির উদ্দিষ্ট মন্ত্রদ্বারা স্তব করেন, আর হোতা বায়ুর উদ্দিষ্ট মন্ত্রদ্বারা শস্ত্র পাঠ করেন, তাহা হইলে ঐ অগ্নির উদ্দিষ্ট মন্ত্রে কিরূপে শস্ত্রের অনুসরণ সিদ্ধ হয় ?[১]

[উত্তর] [প্রউগ শস্ত্রের অন্তর্গত একুশটি মন্ত্রে] এই যে সকল দেবতা উদ্দিষ্ট হইয়াছেন, ইঁহারা অগ্নিরই তনুস্বরূপ। সেই অগ্নি যে প্রবল হইয়া দহন করেন, তাহা তাঁহার বায়ব্য (বায়ুর সহযোগে উৎপন্ন) রূপ, সেই জন্য বায়ুর উদ্দিষ্ট মন্ত্রে অগ্নির উদ্দিষ্ট স্তোত্রের অনুসরণ হয়। আবার অগ্নি দুই ভাগ করিয়া (দুইটি শিখায় বিভক্ত হইয়া) দহন করেন এবং ইন্দ্র ও বায়ু ইঁহারাও দুই জন, ইহাই সেই অগ্নির ঐন্দ্রবায়ব রূপ, সেই জন্য ঐন্দ্রবায়ব মন্ত্রে অগ্নির উদ্দিষ্ট স্তোত্রের অনুসরণ হয়। আর যে অগ্নি কখন হৃষ্ট হইয়া উচ্চে উঠেন, কখন হৃষ্ট হইয়া নীচে নামেন, তাহাই তাঁহার মৈত্রাবরুণ রূপ, সেই জন্য মৈত্রাবরুণ মন্ত্রে অগ্নির উদ্দিষ্ট স্তোত্রের অনুসরণ হয়। সেই অগ্নির স্পর্শ উষ্ণ, ইহাই তাঁহার বারুণ রূপ, আর সেই উষ্ণস্পর্শ অগ্নিকে লোকে মিত্রের (বন্ধুর) মত উপাসনা করে, এই তাঁহার মৈত্র রূপ ; সেই জন্য মৈত্রাবরুণ মন্ত্রে অগ্নির উদ্দিষ্ট স্তোত্রের অনুসরণ হয়। আবার অগ্নিকে যে দুই বাহু দ্বারা ও দুই অরণি দ্বারা মন্থন করা হয়, এবং অশ্বীও দুই জন, এই তাঁহার আশ্বিন রূপ, সেই জন্য আশ্বিন

(১) 'অগ্ন আয়াহি' ইত্যাদি মন্ত্র সামগায়ীরা আজ্যস্তোত্রস্বরূপে গান করেন। ঐ মন্ত্রের দেবতা অগ্নি। হোতা "বায়বায়াহি" ইত্যাদি মন্ত্রে প্রউগশস্ত্র পাঠ আরম্ভ করেন। ঐ মন্ত্রের দেবতা বায়ু।

মন্ত্রে অগ্নির উদ্দিষ্ট স্তোত্রের অনুসরণ হয়। আবার অগ্নি যে উচ্চ ধ্বনিতে র র র শব্দ করিয়া দহন করেন, যাহাতে ভূতসকল ভয় পায়, এই তাঁহার ঐন্দ্র রূপ ; সেই জন্য ঐন্দ্র মন্ত্রে অগ্নির উদ্দিষ্ট স্তোত্রের অনুসরণ হয়। আবার অগ্নি এক হইয়াও বহুধা বিচরণ করেন, এই তাঁহার বৈশ্বদেব রূপ, সেই জন্য বৈশ্বদেব মন্ত্রে অগ্নির উদ্দিষ্ট স্তোত্রের অনুসরণ হয়। আর অগ্নি যে স্ফূর্ত্তির সহিত যেন বাক্য উচ্চারণ করিয়া দহন করেন, এই তাঁহার সারস্বত রূপ, সেই জন্য সারস্বত মন্ত্রে অগ্নির উদ্দিষ্ট স্তোত্রের অনুসরণ হয়। এইরূপে বায়ুদৈবত মন্ত্রে আরব্ধ এই প্রউগশস্ত্রের তিন তিনটি ঋকে ঐ সকল দেবতা দ্বারাই স্তোত্রগত [অগ্নির উদ্দিষ্ট] মন্ত্র অনুসৃত হয়।

তৎপরে প্রউগশস্ত্রের যাজ্যা বিধান—"বিশ্বেভিঃ···প্রীণাতি"

"বিশ্বেভিঃ সোম্যং মধ্বগ্ন ইন্দ্রেণ বায়ুনা পিবা মিত্রস্য ধামভিঃ"[২]—অহে অগ্নি, বিশ্বদেবগণের সহিত এবং ইন্দ্রের ও বায়ুর সহিত মিত্রের বাসস্থানে থাকিয়া সোমের মধু পান কর—এই বিশ্বদেবদৈবত মন্ত্রে বৈশ্বদেব-শস্ত্র-পাঠান্তে যজন করিবে। ইহাতে সকল দেবতাকেই আপন ভাগানুসারে প্রীত করা হয়।

পঞ্চম খণ্ড

প্রউগশস্ত্র—বষট্‌কার

প্রউগশস্ত্রের যাজ্যাপাঠের পর তদন্তর্গত বষট্‌কার ও অনুবষট্‌কার সম্বন্ধে বিচার—"দেবপাত্রং অনুবষট্‌করোতি"

এই যে বষট্‌কার, ইহা দেবগণের পাত্র স্বরূপ, বষট্‌কারে দেবপাত্র দ্বারাই দেবতাগণকে তৃপ্ত করা হয়। [তৎপরে] অনুবষট্‌কার করা হয়।[১] সে এইরূপ। যেমন লোকে অশ্বকে বা গরুকে প্রথমে অভিমুখ করিয়া পরে তাহাদিগকে [ঘাসজলাদি দ্বারা] তৃপ্ত করে, সেইরূপ এই যে অনুবষট্‌কার করা হয়, তাহাতে দেবতাগণকেও অভিমুখ করিয়া তদ্দ্বারা তৃপ্ত করা হয়।

---

(২) ১।১৪।১০।

(১) "সোমস্যাগ্নে বীহি" এই মন্ত্রে অনুবষট্‌কার হয়।

উত্তরবেদিস্থিত অগ্নিতেই হোম হয় ও অনুবষট্কার হয়, ধিষ্ণ্যস্থিত অগ্নিতে হয় না, তাহাতে সেই অগ্নির কিরূপে তৃপ্তি হইবে, এতৎসম্বন্ধে বিচার—"ইমানেব · প্রীণাতি"

[ব্রহ্মবাদীরা] এই প্রশ্ন করেন, ধিষ্ণ্যস্থিত এই অগ্নিসকলেরই উপাসনা কর্ত্তব্য, তবে কেন পূর্ব্ব (উত্তরবেদিস্থিত) অগ্নিতেই হোম হয়, আর পূর্ব্ব অগ্নিতেই অনুবষট্কার হয় ? [উত্তর] "সোমস্য অগ্নে বীহি" —অহে অগ্নি, সোম ভক্ষণ কর—এই মন্ত্রে যে অনুবষট্কার হয়, তাহাতেই ধিষ্ণ্যস্থ অগ্নিসকলকেও প্রীত করা হয়।

দ্বিদেবত্যগ্রহহোমে অনুবষট্কার হয় না, কাজেই অনুষ্ঠান অসমাপ্ত থাকে ; অথচ তখন ঋত্বিকেরা কিরূপে সোমপান করেন ? অপিচ দর্শপূর্ণমাসাদি যাগে স্বিষ্টকৃৎ দ্বারা তৎপূর্ব্বে দত্ত আহুতির সংস্কার হয়, কিন্তু এ স্থলে সোমাহুতির পর স্বিষ্টকৃৎ কেন হয় না ? এই উভয় প্রশ্নের উত্তর যথা—"অসংস্থিতান্ বষট্করোতি"

যে [দ্বিদেবত্য] সোমের আহুতির পর অনুবষট্কার হয় না, সেই অসমাপ্ত সোম কিরূপে ভক্ষণ করিবে ? অপিচ সোমের স্বিষ্টকৃৎ ভাগই বা কি হইবে ? [ব্রহ্মবাদীরা] এই প্রশ্ন করেন। [উত্তর] "সোমস্য অগ্নে বীহি" এই মন্ত্র দ্বারা [প্রউগশস্ত্রের যাজ্যায়] যে অনুবষট্কার হয়, তাহাতেই সোমাহুতি সমাপ্ত ও উহার ভক্ষণ [সিদ্ধ] হয়। অপিচ সেই অনুবষট্কারই সোমের স্বিষ্টকৃৎ-ভাগ, এই জন্যই বষট্কার উচ্চারণ হয়।

ষষ্ঠ খণ্ড

বষট্কার

বষট্কার সম্বন্ধে পুনরায় বিচার—"বজ্রো বা···কুর্ব্বন্তি"

এই যে বষট্কার, ইহা বজ্রস্বরূপ। যাহাকে দ্বেষ করা যায়, তাহাকে চিন্তা করিয়া বষট্কার করিলে তাহারই প্রতি সেই বজ্রের নিক্ষেপ ঘটে।

"ষট্"[১] এই [অন্ত্যভাগ] দ্বারা বষট্কার হয়। ঋতু ছয়টি, এতদ্দ্বারা ঋতুসকলকেই সমর্থ করা হয়, ঋতুসকলকেই প্রতিষ্ঠিত করা হয়। ঋতুসকল প্রতিষ্ঠিত হইলে এই যাহা কিছু আছে, তাহা সমস্তই তাহার পশ্চাৎ প্রতিষ্ঠিত হয়।

---

(১) বষট্কারের দুই ভাগ—"বৌ" আর "ষট্"।

যে ইহা জানে, সেও প্রতিষ্ঠিত হয়। এ বিষয়ে বিদেব পুত্র হিবণ্যদৎ (তন্নামক ঋষি) বলিয়াছেন,—এই বষট্‌কাব দ্বাবা এই ছয়টি প্রতিষ্ঠিত কবা হয়, দ্যুলোক অন্তবিক্ষে, অন্তবিক্ষ পৃথিবীতে, পৃথিবী অপ্‌সমূহে, অপ্‌সমূহ সত্যে, সত্য ব্রহ্মে (বেদে), ব্রহ্ম তপস্যায় প্রতিষ্ঠিত হয়, তখন প্রতিষ্ঠাস্বরূপ এই সকলই প্রতিষ্ঠিত হয় এবং এই যাহা কিছু আছে, তাহা সমস্তই তাহাব পশ্চাৎ প্রতিষ্ঠিত হয়, যে ইহা জানে, সেও প্রতিষ্ঠিত হয়।

"বৌষট্" এই বলিয়া বষট্‌কাব হয়। উনিই (ঐ আদিত্যই) 'বৌ,' আব ঋতুসমূহ 'ষট্' (ছয়), এতদ্দ্বাবা তাঁহাকেই (আদিত্যকেই) ঋতুসমূহে নিহিত কবা হয় ও ঋতুসমূহেই প্রতিষ্ঠিত কবা হয়। এই হোতা দেবগণেব উদ্দেশে যেরূপ [প্রতিষ্ঠা সম্পাদন] কবেন, দেবগণও তাঁহাব উদ্দেশে সেইরূপ কবেন।

সপ্তম খণ্ড

বষট্‌কাব

বষট্‌কাবেব অবান্তবভেদ, যথা—"ত্রযো বৈ য এবং বেদ"

বষট্‌কাব ত্রিবিধ—বজ্র, ধামচ্ছৎ ও বিক্ত। সেই হোতা উচ্চস্ববে ও বলেব সহিত যে বষট্‌কাব কবেন, তাহাব নাম বজ্র। যে সেই হোতাব হন্তব্য হয়, তাহাব হত্যাব জন্য দ্বেষকাবী শত্রুব উদ্দেশে ঐ বজ্র নিক্ষিপ্ত হয়; সেই জন্য শত্রুযুক্ত যজমানকর্ত্তৃক সেই বষট্‌কাব প্রযোজ্য।

আবাব যাহা সমান স্ববে উচ্চাবিত, [যাজ্যামন্ত্র হইতে] অবিচ্ছিন্ন ও যাহাব [যাজ্যা] ঋক্ পবিত্যক্ত হয় নাই, সেই বষট্‌কাব ধামচ্ছৎ।[১] প্রজাগণ ও পশুগণ সেই বষট্‌কাবেব নিকটে উপস্থিত থাকে, সেই জন্য প্রজাকামী ও পশুকামী যজমানকর্ত্তৃক সেই বষট্‌কাব প্রযোজ্য।

আব যদ্দ্বাবা বৌষট্ [মৃদু স্ববে উচ্চাবণহেতু] সমৃদ্ধিহীন হয়, তাহাব নাম বিক্ত। উহা আপনাকে (হোতাকে) বিক্ত (সমৃদ্ধিহীন) কবে, যজমানকে বিক্ত কবে; বষট্‌কর্ত্তাও পাপযুক্ত হয়; যে যজমানেব উদ্দেশে

(১) ধাম যজ্ঞস্থানং তত্র যথা রক্ষাংসি ন প্রবিশন্তি তথা ছাদয়তি স ধামচ্ছৎ (সায়ণ) অর্থাৎ যজ্ঞস্থানের রক্ষাকারক।

ঐ বষট্‌কার হয়, সেও পাপযুক্ত হয়। সেই জন্য ঐ বষট্‌কারের ইচ্ছাও করিবে না।

যিনি সেই যজমানের হোতা হইবেন, তিনি যজমানের কি ইষ্ট বা কি অনিষ্ট সম্পাদনে সমর্থ? এ বিষয়ে বলা হয়, সেই হোতা ইহলোকেই যজমানের প্রতি যাহা ইচ্ছা করিবেন, তাহাই করিতে পারিবেন। যাহার উদ্দেশে হোতা ইচ্ছা করিবেন, যজ্ঞ না করিলে যেমন হয়, এই যজমান যজ্ঞ করিয়াও সেইরূপ হউক, তাহা হইলে তাহার উদ্দেশে যেরূপে ঋক্‌পাঠ (যাজ্যাপাঠ[২]) করিবেন, সেইরূপেই বষট্‌কার করিবেন। ইহাতেই তাহাকে সেই ব্যক্তির (অকৃতযজ্ঞ ব্যক্তির) সদৃশ করা হইবে। যাহার উদ্দেশে হোতা ইচ্ছা করিবেন, এই যজমান পাপযুক্ত হউক, তাহার উদ্দেশ্যে ঋক্ (যাজ্যা) উচ্চস্বরে পাঠ করিয়া নীচস্বরে বষট্‌কার করিবেন। ইহাতেই তাহাকে পাপযুক্ত করা হইবে। যাহার উদ্দেশে হোতা ইচ্ছা করিবেন, এই যজমান শ্রেয়োযুক্ত হউক, তাহার উদ্দেশে নীচস্বরে ঋক্ পাঠ করিয়া উচ্চস্বরে বষট্‌কার করিবেন। ইহাতেই তাহাকে শ্রীযুক্ত করা হইবে।

ঋকের সহিত অবিচ্ছেদে বষট্‌কার কর্ত্তব্য। তাহাতে যজমানের [শ্রেয়োলাভে] অবিচ্ছেদ ঘটে। যে ইহা জানে, সে প্রজাদ্বারা ও পশুদ্বারা সংযুক্ত হয়।

অষ্টম খণ্ড

বষট্‌কার

বষট্‌কারকালে অন্যান্য ক্রিয়া যথা—"যস্যৈ দেবতায়ৈ" এবং বেদ"

যে দেবতার উদ্দেশে [অধ্বর্য্যু] হব্য গ্রহণ করেন, [হোতা] বষট্‌কারকালে সেই দেবতার ধ্যান করিবেন। তাহাতে সেই দেবতাকে সাক্ষাৎ করিয়াই প্রীত করা হয় এবং প্রত্যক্ষেই দেবতার যজন হয়।

বষট্‌কার বজ্রস্বরূপ; তাহা প্রহারের পর অশান্ত হইয়া দীপ্তি পায়। সকলে তাহার শান্তির উপায় জানে না ও [শান্তির পর] প্রতিষ্ঠা (অবস্থিতি) কোথায়, তাহাও জানে না। সেই জন্যই ইহলোকে মৃত্যুর

(২) পূর্ব্বে দেখ।

এত বাহুল্য। "বাক্" ইত্যাদি[১] মন্ত্রই তাহার শান্তির ও তাহার প্রতিষ্ঠার উপায়। সেই জন্য যখন যখন বষট্কার করিবে, তখনই "বাক্" ইত্যাদি মন্ত্রে অনুমন্ত্রণ করিবে। এইরূপে শান্ত হইলে সেই বষট্কার এই যজমানকে হিংসা করিবে না।

অথবা "অহে বষট্কার, আমাকে বিনষ্ট করিও না, আমিও তোমাকে বিনষ্ট করিব না, বৃহৎ যজ্ঞদ্বারা তোমার মনের আহ্বান করিতেছি, ব্যানদ্বারা তোমার শরীরের আহ্বান করিতেছি, তুমি প্রতিষ্ঠাস্বরূপ, তুমি প্রতিষ্ঠা লাভ কর ও আমাকে প্রতিষ্ঠা লাভ করাও"—ইত্যর্থক মন্ত্রদ্বারা বষট্কারের অনুমন্ত্রণ করিবে।

কিন্তু এই অনুমন্ত্রণ বিষয়ে বলা হয়, এই মন্ত্র দীর্ঘ ও [এই জন্য শান্তিকর্ম্মে] অক্ষম, অতএব "ওজঃ সহ ওজঃ" এই মন্ত্রদ্বারা অনুমন্ত্রণ করিবে, [কেন না] "ওজঃ" ও "সহ" এই দুইটি বষট্কারের প্রিয়তম তনুস্বরূপ, এতদ্দ্বারা বষট্কারকে তাহার প্রিয় ধাম দ্বারা সমৃদ্ধ করা হয় এবং যে ইহা জানে, সে প্রিয় ধাম দ্বারা সমৃদ্ধ হয়।

বাক্যই প্রাণ ও অপান, বষট্কারও তাহাই। যখনই বষট্কার হয়, তখনই ইহারা [হোতার শরীর হইতে] উপক্রমণ করে। এই জন্য তাহাদিগকে "বাগোজঃ সহ ওজো ময়ি প্রাণাপানৌ"—বাক্য সহিত ও ওজঃ সহিত বর্ত্তমান অহে বষট্কার, আমার ওজোলাভ হউক এবং প্রাণাপান লাভ হউক—এই মন্ত্রদ্বারা অনুমন্ত্রণ করিবে। এতদ্দ্বারা হোতা পূর্ণায়ু হইয়া পূর্ণায়ুষ্কতার জন্য আত্মাতেই বাক্য এবং প্রাণ ও অপান প্রতিষ্ঠিত করেন। যে ইহা জানে, সে পূর্ণ আয়ু প্রাপ্ত হয়।

নবম খণ্ড

প্রৈষাদি-প্রশংসা

প্রৈষ প্রভৃতির ব্যুৎপত্তি ও প্রশংসা যথা—"যজ্ঞো বৈ· ·প্রেষ্যতি'

যজ্ঞ দেবগণের নিকট হইতে চলিয়া গিয়াছিলেন। তাঁহারা প্রৈষদ্বারা[১] সেই যজ্ঞকে প্রৈষ (আহ্বান) করিতে ইচ্ছা করিয়াছিলেন, তাহাই

(১) "বাগোজঃ সহ ওজো ময়ি প্রাণাপানৌ" এই মন্ত্র বষট্কার প্রশমনের উপায়। পরে দেখ।

(১) "হোতা যক্ষদগ্নিং সমিধা" ইত্যাদি প্রৈষমন্ত্র।

প্রৈষের প্রৈষত্ব। দেবগণ পুরোরুক্‌সমূহ দ্বারা সেই যজ্ঞকে রুচিসম্পন্ন করিয়াছিলেন, পুরোরুক্ দ্বারা যজ্ঞের রুচি সম্পাদন করিয়াছিলেন, উহাই পুরোরুকের পুরোরুক্ত্ব। সেই যজ্ঞকে বেদিতে অনুবেদন (অনুকূলভাবে লাভ) করিয়াছিলেন, বেদিতে যে অনুবেদন করিয়াছিলেন, তাহাই বেদির বেদিত্ব। সেই যজ্ঞ [বেদিতে] লব্ধ হইলে পর উহাকে গ্রহ দ্বারা (উপাংশু প্রভৃতি দ্বারা) গ্রহণ করিয়াছিলেন, লব্ধ হইলে পর গ্রহ দ্বারা যে গ্রহণ করিয়াছিলেন, উহাই গ্রহ সকলের গ্রহত্ব। তাহাকে লাভ করিয়া নিবিৎসমূহের দ্বারা [দেবতার উদ্দেশে] নিবেদন করিয়াছিলেন, লাভের পর নিবিৎসমূহ দ্বারা নিবেদন করিয়াছিলেন, ইহাই নিবিৎসমূহের নিবিৎত্ব।

নষ্ট দ্রব্য পাইতে ইচ্ছা করিয়া, কেহ বা অধিক পাইতে ইচ্ছা করে, কেহ বা অল্প পাইতে ইচ্ছা করে। উভয়ের মধ্যে যে অধিক পাইতে ইচ্ছা করে, সেই ব্যক্তি উভয়ের মধ্যে ভাল ইচ্ছা করে। সেইরূপ যে ব্যক্তি এই প্রৈষমন্ত্রসকলকে দীর্ঘ বলিয়া জানে, সেই ব্যক্তি তাহা ভাল জানে, কেন না, এই যে প্রৈষমন্ত্রসকল, এতদ্দ্বারাই নষ্ট যজ্ঞের অন্বেষণ হয়। সেই জন্য [মৈত্রাবরুণ] মাথা নোয়াইয়া দাঁড়াইয়া প্রৈষমন্ত্র পাঠ করিবেন।

দশম খণ্ড

নিবিৎ-স্থাপনা

সবনত্রয়ে নিবিৎসমূহের স্থাননিরূপণ, যথা—"গর্ভা বৈ এবং বেদ"

এই যে নিবিৎসমূহ,[১] ইহারা উক্থ-(শস্ত্র)-সকলের গর্ভস্বরূপ। সেই হেতু প্রাতঃসবনে ঐ নিবিৎসমূহকে উক্থসমূহের পূর্ব্বে স্থাপন করা হয়। এই জন্যই গর্ভ (ভ্রূণ) [শরীরমধ্যে] পুরোভাগেই স্থাপিত হয় ও [প্রসবকালেও] পুরোভাগেই বর্ত্তমান থাকে।

---

(২) "বায়বগ্রেগাঃ" ইত্যাদি সাতটি পুরোরুক্ প্রউগশস্ত্রের অন্তর্গত সাতটি ঋক্‌ত্রয়ের পূর্ব্বে পঠিত হয়।

(১) "অগ্নির্দেবেদ্ধঃ" ইত্যাদি মন্ত্রসকল। পূর্ব্বে দেখ।

মাধ্যন্দিনসবনে নিবিৎসমূহ মধ্যস্থলে স্থাপিত হয়। সেই জন্য গর্ভ মধ্যস্থলে (উদরমধ্যে) স্থাপিত হয়।

তৃতীয় সবনে নিবিৎসমূহ শেষে স্থাপিত হয়। সেই জন্য গর্ভ ঐ [উদরমধ্য] হইতে অধোমুখ হইয়া জাত হয়। ইহাতে যজমানের পুনর্জন্ম ঘটে।

যে ইহা জানে, সে প্রজাদ্বারা ও পশুদ্বারা জন্মলাভ করে।

এই যে নিবিৎসমূহ, ইহারা উক্থসকলের অলঙ্কারস্বরূপ।[২] সেই জন্য প্রাতঃসবনে উহাদিগকে পূর্ব্বে স্থাপন করা হয়, কেন না, বয়নের পূর্ব্বেই বস্ত্রকে অলঙ্কৃত করা হয়। মাধ্যন্দিন সবনে উহাদিগকে মধ্যে স্থাপন করা হয়, কেন না, বস্ত্রেরও মধ্যস্থলে অলঙ্কার দেওয়া হয়। আর তৃতীয় সবনে তাহাদিগকে শেষে স্থাপন করা হয়, কেন না, বস্ত্রেরও শেষভাগে অলঙ্কার দেওয়া হয়। যে ইহা জানে, তাহার যজ্ঞের সমস্ত ভাগই অলঙ্কার দ্বারা শোভা পায়।

একাদশ খণ্ড

নিবিৎপ্রশংসা

নিবিৎসম্বন্ধে বিবিধ উক্তি—"সৌর্য্যা প্রায়শ্চিত্তিঃ"

এই যে নিবিৎসমূহ, ইহারা সূর্য্যসম্বন্ধী দেবতাস্বরূপ। প্রাতঃসবনে শস্ত্রসকলের প্রথমে, মাধ্যন্দিনসবনে মধ্যে ও তৃতীয় সবনে অন্তে নিবিদের স্থাপনা হয়। এতদ্দ্বারা নিবিৎসমূহ আদিত্যের আচরণই অনুসরণ করে।

দেবগণ পুরাকালে পাদশঃ (ক্রমশঃ) যজ্ঞের সম্ভার করিয়াছিলেন, সেই জন্য নিবিৎসমূহও পাদশঃ (এক এক পাদ করিয়া) পঠিত হয়।

দেবগণ তখন যে স্থানে যজ্ঞের সম্ভার করিয়াছিলেন, সেই স্থান হইতে অশ্ব উৎপন্ন হইয়াছিল। সেই জন্য [ব্রহ্মবাদীরা] বলেন, নিবিৎসমূহের পাঠককে (অর্থাৎ হোতাকে) অশ্ব দান করিবে। তাহাতে প্রার্থনাযোগ্য বস্তুরই দান করা হয়।

---

(২) ভিন্ন বর্ণের তন্তু বিন্যাস করিয়া বস্ত্রের অলঙ্কার সাধিত হয়। এ স্থলে সবনকে বস্ত্রের সহিত উপমিত করিয়া নিবিৎকে তাহার অলঙ্কার বলা হইল।

[দ্বাদশপদযুক্ত] নিবিদের কোন পদকেই পরিত্যাগ করিবে না। যদি নিবিদের কোন পদ পরিত্যাগ করা হয়, তাহা হইলে যজ্ঞে ছিদ্র করা হয়। যজ্ঞে ছিদ্র হইলে উহা স্খলিত হয় ও যজমান পাপযুক্ত হয়। এই হেতু নিবিদের কোন পদ পরিত্যাগ করিবে না।

নিবিদের কোন দুই পদের বিপর্য্যাস করিবে না। যদি নিবিদের কোন দুই পদের বিপর্য্যাস করা হয়, তাহা হইলে যজ্ঞে ভ্রান্তি জন্মান হয়, যজমানও ক্ষুব্ধ (ভ্রান্ত) হয়। এই হেতু নিবিদের কোন দুই পদের বিপর্য্যাস করিবে না।

নিবিদের কোন দুই পদ [একত্র] যুক্ত করিবে না। যদি নিবিদের দুই পদ যুক্ত করা হয়, তাহা হইলে যজ্ঞের আয়ুর সংহার করা হয়, যজমানও বিনষ্ট হয়। এই হেতু নিবিদের কোন দুই পদ যুক্ত করিবে না। কিন্তু "প্রেদং ব্রহ্ম" ও "প্রেদং ক্ষত্রম্" এই দুই পদ ব্রহ্ম ও ক্ষত্রের মিলনোদ্দেশে যুক্ত করিবে, তাহা হইলে ব্রাহ্মণ ও ক্ষত্রিয় [পরস্পর] সম্মিলিত হইবে।

তিন-ঋক্‌যুক্ত ও চারি-ঋক্-যুক্ত সূক্ত অতিক্রম করিয়া অন্য সূক্তে নিবিৎ স্থাপন করিবে না। নিবিদের এক একটি পদ সূক্তগত প্রত্যেক ঋকের অনুকূল। সেই জন্য তিন-ঋক্-যুক্ত ও চারি-ঋক্‌যুক্ত সূক্ত অতিক্রম করিয়া অন্য সূক্তে নিবিৎ স্থাপন করিবে না। তদপেক্ষা অধিক-ঋক্‌যুক্ত সূক্তে নিবিৎ স্থাপন করিলে নিবিৎ দ্বারা স্তোত্রকে অতিক্রম করা হয়। কিন্তু তৃতীয় সবনে একটি ঋকের পাঠ অবশিষ্ট থাকিতে নিবিদের স্থাপন করিবে। যদি দুইটি ঋক্ অবশিষ্ট থাকিতে নিবিৎ স্থাপন করা হয়, তাহা হইলে সন্তানোৎপত্তির ব্যাঘাত করা হয় এবং গর্ভ হইতে সন্তানকে বিযুক্ত করা হয়। এই হেতু তৃতীয় সবনে একটি ঋকের পাঠ অবশিষ্ট থাকিতে নিবিৎ স্থাপন করিবে।

নিবিৎ ছাড়িয়া (অর্থাৎ সূক্তমধ্যে যথাস্থানে না বসাইয়া) সূক্ত পাঠ করিবে না। নিবিৎ ছাড়িয়া যে সূক্ত [ভ্রমক্রমে] পাঠ করা হয়, সেই সূক্ত পুনরায় [নিবিৎ বসাইয়া] পাঠ করিবে না ; কেন না, ঐ সূক্ত [নিবিদের] বসতি স্থান নষ্ট করিয়াছে। [সে স্থলে] সেই দেবতারই উদ্দিষ্ট ও সেই-ছন্দোবিশিষ্ট অন্য সূক্ত আনিয়া তাহার মধ্যেই নিবিদের স্থাপনা করিবে। কিন্তু সেই [নূতন] সূক্ত পাঠের পূর্ব্বে "মা প্র গাম

পথো বযম্”—১ আমবা যেন পথ হইতে ভ্রষ্ট হইযা না যাই—এই মন্ত্র পাঠ কবিবে। যজ্ঞে যে ভ্রম কবে, সে পথ হইতে ভ্রষ্ট হয। “মা যজ্ঞাদিন্দ্র সোমিনঃ”—হে ইন্দ্র, সোমযুক্ত যজ্ঞ হইতেও যেন [ভ্রষ্ট] না হই—এই [দ্বিতীয চবণ] পাঠে যজ্ঞ হইতে ভ্রষ্ট হয না। “মান্তঃ স্থুর্নো অবাতযঃ”—আমাদেব মধ্যে যেন অবাতি না থাকে—এই [তৃতীয চবণ] পাঠে যাহাবা অবাতি হইতে ইচ্ছা কবে, তাহাদিগকে বিনষ্ট কবা হয। [তৎপবে পাঠ্য দ্বিতীয ঋক্] “যো যজ্ঞস্য প্রসাধনস্তন্তুর্দেবেষ্বাততঃ। তমাহুতং নশীমহি”২—আমাদেব যে সন্তান দেবগণমধ্যে প্রসাবিত তন্তুব মত [আমাদেব পবে] যজ্ঞেব সাধন কবিবে, দেবগণেব আহ্বানকাবী সেই সন্তান যেন নষ্ট না হয—এ স্থলে প্রজাই (সন্তানই) তন্তু,৩ এতদ্দ্বাবা যজমানেব সন্তানকেই সন্তত (বিচ্ছেদবহিত) কবা হয। [তৎপববর্ত্তী তৃতীয ঋকেব প্রথমার্দ্ধ] “মনো ন্বাহুবামহে নাবাশংসেন সোমেন”—নাবাশংস সোম দ্বাবা৪ আমাদেব মনকে আহ্বান কবিতেছি—ইহাব তাৎপর্য্য এই যে, যজ্ঞ মন দ্বাবাই বিস্তাবিত হয ও মন দ্বাবাই অনুষ্ঠিত হয। এই সূক্তেব পাঠই [উক্ত বিস্মৃতিদোষেব] প্রাযশ্চিত্তস্বরূপ।

দ্বাদশ অধ্যায

প্রথম খণ্ড

আহাব—প্রতিগব

সবনত্রযে বিহিত আহাব ও প্রতিগবমন্ত্রেব বিধান, যথা—“দেববিশঃ এবং বেদ”

---

(১) বিস্মৃতিক্রমে বা ভ্রমক্রমে নিবিৎ না বসাইয়া সূক্ত পাঠ করিলে, পুনরায় ঐ সূক্তের পাঠ নিষিদ্ধ হইল। তাহার স্থলে আর একটি সূক্তের যথাস্থানে নিবিৎ বসাইয়া পাঠ বিহিত, কিন্তু তৎপূর্ব্বে প্রায়শ্চিত্তস্বরূপে দশম মণ্ডলের ৫৭ সূক্তটি পাঠ করিবে। “মা প্র গাম পথো বয়ং মা যজ্ঞাদিন্দ্র সোমিনঃ। মান্তঃ স্থুর্নো অরাতয়ঃ॥” (১০।৫৭।১) এইটি ঐ সূক্তের প্রথম মন্ত্র।

(২) ১০।৫৭।২।   (৩) ১০।৫৭।৩।

(৪) চমসস্থিত সোমের নাম নারাশংস, পূর্ব্বে ১৪২ পৃষ্ঠ দেখ।

ব্রহ্মবাদীরা বলেন, দেববৈশ্যগণের কল্পনা করিতে হইবে। [তজ্জন্য] ছন্দে ছন্দের স্থাপনা করিতে হইবে।[১] প্রাতঃসবনে [হোতা] "শোংসাবোম্"[২] এই ত্র্যক্ষর মন্ত্র দ্বারা [অধ্বর্য্যুকে] আহ্বান করিবেন। অধ্বর্য্যু "শংসামোদৈবোম্"[৩] এই পঞ্চাক্ষর মন্ত্রে প্রতিগর (প্রত্যুত্তর) করিবেন। এইরূপে উহা অষ্টাক্ষর হইবে। গায়ত্রীও অষ্টাক্ষরা। এতদ্দ্বারা প্রাতঃসবনে [শস্ত্রপাঠের] পূর্ব্বে গায়ত্রীরই কল্পনা হইবে। শস্ত্রপাঠের পর [হোতা] "উক্থং বাচি"[৪] এই চতুরক্ষর মন্ত্র পাঠ করিবেন। [অধ্বর্য্যু] "ওঁ উক্থশাঃ"[৫] এই চতুরক্ষর মন্ত্র পাঠ করিবেন। এইরূপে উহা অষ্টাক্ষর হইবে। গায়ত্রীও অষ্টাক্ষরা। এতদ্দ্বারা প্রাতঃসবনে [শস্ত্রপাঠের পূর্ব্বে ও পরে] উভয়তই গায়ত্রীর কল্পনা হইবে।

মাধ্যন্দিনসবনে হোতা "অধ্বর্য্যো শোংসাবোম্" এই ষড়ক্ষর মন্ত্রে আহ্বান করিবেন, অধ্বর্য্যু "শংসামোদৈবোম্" এই পঞ্চাক্ষর মন্ত্রে প্রতিগর করিবেন। এইরূপে উহা একাদশাক্ষর হইবে। ত্রিষ্টুপ্ একাদশাক্ষরা। এতদ্দ্বারা মাধ্যন্দিন-সবনে [শস্ত্রপাঠের] পূর্ব্বে ত্রিষ্টুভের কল্পনা হইবে। শস্ত্রপাঠের পর হোতা "উক্থং বাচীন্দ্রায়"[৬] এই সপ্তাক্ষর মন্ত্র পাঠ করিবেন,

---

(১) শস্ত্রপাঠের পূর্ব্বে হোতৃপাঠ্য আহ্বান ও অধ্বর্য্যুপাঠ্য প্রতিগর একত্র করিয়া যে কয়টি অক্ষর হইবে, শস্ত্রপাঠের পরেও হোতা ও অধ্বর্য্যু উভয়ে ততগুলি অক্ষরের মন্ত্র পাঠ করিবেন। এইরূপে ছন্দে ছন্দের স্থাপনা হইবে। প্রাতঃসবনে শস্ত্রপাঠের পূর্ব্বে গায়ত্রী, পরেও গায়ত্রী, মাধ্যন্দিন সবনে পূর্ব্বে ত্রিষ্টুভ্, পরেও ত্রিষ্টুভ্, এবং তৃতীয় সবনে পূর্ব্বে জগতী, পরেও জগতী স্থাপিত হইবে। এতদ্দ্বারা ব্রহ্মবাদীর মতে দেববৈশ্যের কল্পনা হয়।

(২) প্রাতঃসবনের আহ্বান মন্ত্র—উহার অর্থ—হে অধ্বর্য্যো, শোংসাব: শংসনং কুর্ব্বঃ। ওমিত্যনুজ্ঞার্থম্। ত্বয়া অনুজ্ঞা দেয়া। (সায়ণ)—হে অধ্বর্য্যু, শস্ত্রপাঠ করিব ; তুমি অনুজ্ঞা দাও।

(৩) প্রাতঃসবনের প্রতিগর মন্ত্র। অর্থ—হে হোতস্ত্বং শংস, তত্রামোদৈব হর্ষ এবাস্মাকম্, অতোঽনুজ্ঞা দত্তা (সায়ণ)—অহে হোতা, শস্ত্র পাঠ কর, উহাতে আমাদের আমোদই হইবে, অনুজ্ঞা দিলাম।

(৪) উক্থং বাচি—মদীয়ায়াং বাচি উক্থং শস্ত্রং সম্পন্নম্ (সায়ণ)—আমাদের বাক্যে শস্ত্রপাঠ সম্পন্ন হইল।

(৫) ওঁ উক্থশাঃ—ওমিত্যঙ্গীকারে, উক্থশাস্ত্বং শস্ত্রশংসী ভবসি (সায়ণ)—তোমার উক্থ-পাঠ সম্পন্ন হইয়াছে।

(৬) ইন্দ্রের জন্য মদীয় বাক্যে শস্ত্রপাঠ সম্পন্ন হইল।

ও অধ্বর্য্যু "ওঁ উক্‌থশাঃ" এই চতুরক্ষর মন্ত্র পাঠ করিবেন। এইরূপে উহা একাদশাক্ষর হইবে। ত্রিষ্টুপ্ একাদশাক্ষরা। এতদ্দ্বারা মাধ্যন্দিন-সবনে [শস্ত্রপাঠের পূর্ব্বে ও পরে] উভয়তঃ ত্রিষ্টুভের কল্পনা হইবে।

তৃতীয় সবনে হোতা "অধ্বর্য্যো শোশোংসাবোম্"[৭] এই সপ্তাক্ষর মন্ত্রে আহাব করিবেন ও অধ্বর্য্যু "শংসামোদৈবোম্" এই পঞ্চাক্ষর মন্ত্রে প্রতিগর করিবেন। এইরূপে উহা দ্বাদশাক্ষর হইবে। জগতী দ্বাদশাক্ষরা। এতদ্দ্বারা তৃতীয় সবনে [শস্ত্রপাঠের] পূর্ব্বে জগতীর কল্পনা হইবে। শস্ত্রপাঠের পর হোতা "উক্‌থং বাচি ইন্দ্রায় দেবেভ্যঃ"[৮] এই একাদশাক্ষর মন্ত্র পাঠ করিবেন ও অধ্বর্য্যু "ওঁ" এই একাক্ষর মন্ত্র পাঠ করিবেন। এইরূপে উহা দ্বাদশাক্ষর হইবে। জগতী দ্বাদশাক্ষরা। এতদ্দ্বারা তৃতীয় সবনে [শস্ত্রপাঠের পূর্ব্বে ও পরে] উভয়তঃ জগতীর কল্পনা হইবে।

এই সমস্ত দর্শন করিয়া ঋষি[৯] এই মন্ত্র বলিয়াছিলেন,—"যদ্ গায়ত্রে অধি গায়ত্রমাহিতং ত্রৈষ্টুভাদ্বা ত্রৈষ্টুভং নিরতক্ষত। যদ্বা জগজ্জগত্যাহিতং পদং য ইত্তদ্বিদুস্তে অমৃতত্বমানশুঃ"[১০]—[প্রাতঃসবনে শংসনের পূর্ব্বে পঠিত] গায়ত্রীর পরে [শংসনের পরে পঠিত] যে গায়ত্রীর স্থাপনা হয়, তদ্রূপ [মাধ্যন্দিনসবনে] ত্রিষ্টুভের পরে যে ত্রিষ্টুপ্ স্থাপিত হয় এবং [তৃতীয় সবনে] জগতীর পর জগতী স্থাপিত হয়, যে অনুষ্ঠাতারা এই স্থাপনা জানেন, তাঁহারা অমৃতত্ব প্রাপ্ত হন।

এতদ্দ্বারাই এক ছন্দে অন্য ছন্দের স্থাপনা হইয়া থাকে এবং যে ইহা জানে, সে দেববৈশ্যেরই কল্পনা করে।

দ্বিতীয় খণ্ড

সবনত্রয়ে ছন্দোবিভাগ

অনুষ্টুপ্, গায়ত্রী, ত্রিষ্টুপ্ ও জগতীচ্ছন্দের সবনত্রয়ে বিভাগ সম্বন্ধে আখ্যায়িকা —"প্রজাপতির্বৈ…যজতে"

প্রজাপতি পুরাকালে যজ্ঞকে ও ছন্দ সকলকে দেবগণের অংশে বিভাগ করিয়া দিয়াছিলেন। তিনি প্রাতঃসবনে গায়ত্রীকে অগ্নির ও বসুগণের

---

(৭) "শোশোংসাবোম্"—শোংসাবোম্। প্রথম অক্ষরের দ্বিত্ব ছান্দস।

(৮) ইন্দ্রের ও অন্য দেবতাগণের উদ্দেশে মদীয় বাক্যে শস্ত্রপাঠ নিষ্পন্ন হইল।

(৯) এই মন্ত্রের ঋষি উতথ্যের পুত্র দীর্ঘতমাঃ। (১০) ১।১৬৪।২৩।

ভাগে দিয়াছিলেন, মাধ্যন্দিনে ত্রিষ্টুভ্‌কে ইন্দ্রেব ও রুদ্রগণেব ভাগে দিয়াছিলেন এবং তৃতীয় সবনে জগতীকে বিশ্বদেবগণেব ও আদিত্যগণেব ভাগে দিযাছিলেন। অনন্তব তাঁহাব আপনাব যে অনুষ্টুপ্ ছন্দ বর্ত্তমান ছিল, তাহাকে অচ্ছাবাকোক্ত মন্ত্রেব উদ্দেশে [যজ্ঞেব] প্রান্তদেশে অপসাবিত কবিযাছিলেন। তখন সেই অনুষ্টুপ্ প্রজাপতিকে বলিলেন, তুমি দেবগণেব মধ্যে পাপিষ্ঠ, আমি তোমাব আপনাব ছন্দ, [তথাপি] আমাকে তুমি অচ্ছাবাকপাঠ্য মন্ত্রেব উদ্দেশে [যজ্ঞেব] প্রান্তদেশে অপসাবিত কবিযাছ। সেই প্রজাপতি এই সমস্ত (অনুষ্টুভেব তিবস্কাব) জানিলেন, তিনি আপনাব জন্য সোমযাগেব আযোজন কবিলেন ও সেই সোমযাগেব অগ্রমুখে (আবম্ভে) অনুষ্টুভ্‌কে স্থাপন কবিলেন।[১] সেই হেতু অনুষ্টুপ্ সকল সবনেব অগ্রমুখে স্থাপিত হইযা প্রযুক্ত হয। যে ইহা জানে, সে সকলেব অগ্রস্থিত ও মুখ্য হইযা শ্রেষ্ঠতা প্রাপ্ত হয। সেই প্রজাপতি আপন সোমযাগে এইরূপ [অনুষ্টুভেব মুখ্যত্ব] কল্পনা কবিযাছিলেন, সেই জন্য যে কোন স্থলে যজ্ঞ [যজ্ঞাবম্ভে অনুষ্টুভেব প্রযোগ দ্বাবা] যজমানেব বশীভূত হয, সেখানে যজ্ঞও সমর্থ হয। যেখানে যজমান ইহা জানিযা বশীভূত (অনুষ্টুভেব প্রযোগে সাবধান) হইযা যাগ কবে, সেই জনতামধ্যে সেই যজ্ঞও সমর্থ হয।

তৃতীয় খণ্ড

অনুষ্টুভ্-প্রসংশা

অনুষ্টুপ্ মন্ত্রে শস্ত্রপাঠ কবিযা অগ্নি মৃত্যু হইতে বক্ষা পাইযাছিলেন, তৎসম্বন্ধে আখ্যাযিকা—"অগ্নির্বৈ·· এবং বেদ"

পুবাকালে অগ্নি দেবগণেব হোতা হইযাছিলেন। বহিষ্পবমান স্তোত্র গীত হইলে পব মৃত্যু তাঁহাব নিকট উপস্থিত হইয়াছিল। তিনি (অগ্নি) [আত্মবক্ষার্থ] অনুষ্টুভ্ দ্বাবা[১] আজ্যশস্ত্র আবম্ভ কবিযাছিলেন ও তদ্দ্বাবা মৃত্যুকে অতিক্রম কবিযাছিলেন, আজ্যশস্ত্র পঠিত হইলে মৃত্যু তাঁহাব

---

(১) "প্র বো দেবায় অগ্নয়ে" ইত্যাদি অনুষ্টুভ্ মন্ত্রদ্বারা প্রাতঃসবনে আজ্যশস্ত্রের আরম্ভ হয় (পূর্ব্বে দেখ)। ইহাই প্রজাপতির স্বকীয় ছন্দ অনুষ্টুভের মাহাত্ম্য।

(১) "প্র বো দেবায় অগ্নয়ে" এই অনুষ্টুভ্ দ্বারা।

নিকট [পুনরায] উপস্থিত হইযাছিল। তখন তিনি প্রউগশস্ত্র২ আরম্ভ করিয়াছিলেন ও তদ্দ্বারা মৃত্যুকে অতিক্রম করিযাছিলেন। তৎপরে মাধ্যন্দিন পবমানস্তোত্র৩ গীত হইলে পর মৃত্যু তাঁহার নিকট উপস্থিত হইযাছিল। তখন তিনি অনুষ্টুভ্ দ্বারা মরুত্বতীয শস্ত্র আরম্ভ করিযাছিলেন ও তদ্দ্বারা মৃত্যুকে অতিক্রম করিযাছিলেন। তৎপরে মাধ্যন্দিনসবনে [মরুত্বতীয শস্ত্রপাঠের পর নিষ্কেবল্য শস্ত্রে] বৃহতীচ্ছন্দ পঠিত হওযায তাঁহার নিকট মৃত্যু উপস্থিত হইতে পারে নাই, কেন না, বৃহতীসকল প্রাণস্বরূপ, সেই হেতু সে প্রাণসকলের বিযোগ করিতে পারে নাই। সেই জন্য মাধ্যন্দিনসবনে বৃহতীসকলের মধ্যে স্তোত্রিয ঋক্ত্রয দ্বারা৪ [নিষ্কেবল্য শস্ত্র] আরম্ভ করা হয। বৃহতীসকল প্রাণস্বরূপ। এতদ্দ্বারা প্রাণের উদ্দেশেই শস্ত্রের আরম্ভ হয।

তদনন্তর তৃতীয পবমানস্তোত্র৫ গীত হইলে পর মৃত্যু উপস্থিত হইযাছিল। তখন তিনি অনুষ্টুভ্ দ্বারা৬ বৈশ্বদেব শস্ত্র আরম্ভ করিযাছিলেন ও তদ্দ্বারা মৃত্যুকে অতিক্রম করিযাছিলেন। তৎপরে যজ্ঞাযজ্ঞীয স্তোত্র৭ গীত হইলে মৃত্যু [পুনরায] তাঁহার নিকট উপস্থিত হইযাছিল। তখন তিনি বৈশ্বানরীয সূক্ত দ্বারা আগ্নিমারুত শস্ত্র আরম্ভ করিযাছিলেন ও তদ্দ্বারা মৃত্যুকে অতিক্রম করিযাছিলেন। বৈশ্বানরীয সূক্ত বজ্রস্বরূপ৮ এবং যজ্ঞাযজ্ঞীয স্তোত্র প্রতিষ্ঠা-(সমাপ্তি)-স্বরূপ। অগ্নি বজ্র দ্বারা

---

(২) "বায়বায়াহি" ইত্যাদি একুশটি মন্ত্র প্রউগশস্ত্র। পূর্ব্বে দেখ।

(৩) মাধ্যন্দিন সবনে মরুত্বতীয় শস্ত্রপাঠের পূর্ব্বে "উচ্চা তে জাতমন্ধসঃ" ইত্যাদি (সামবেদসংহিতা ২।২২-২৪) সামদ্বারা মাধ্যন্দিন পবমান স্তোত্র গীত হয়।

(৪) মাধ্যন্দিন সবনে মরুত্বতীয় শস্ত্র ও তৎপরে নিষ্কেবল্য শস্ত্র পঠিত হয়। নিষ্কেবল্য শস্ত্রে অনেকগুলি বৃহতী ছন্দের মন্ত্র আছে। তন্মধ্যে তিনটি মন্ত্র নিষ্কেবল্য শস্ত্র পাঠের পূর্ব্বে স্তোত্রস্বরূপে সামগায়ী উদ্গাতৃকর্তৃক গীত হয়; ঐ ঋকৃত্রয়ের নাম স্তোত্রিয়।

(৫) প্রাতঃসবনে আজ্যশস্ত্রের পূর্ব্বে বহিষ্পবমানস্তোত্র, মাধ্যন্দিন সবনে মরুত্বতীয় ছন্দের পূর্ব্বে মাধ্যন্দিন পবমানস্তোত্র ও তৃতীয় সবনে বৈশ্বদেব শস্ত্রের পূর্ব্বে আর্ভব পবমান স্তোত্র গীত হয়।

(৬) "তৎসবিতুর্ব্বণীমহে" ইত্যাদি অনুষ্টুভে বৈশ্বদেবশস্ত্রের সূক্তপাঠ আরম্ভ হয়।

(৭) তৃতীয় সবনে আগ্নিমারুত শস্ত্রের পূর্ব্বে "যজ্ঞা যজ্ঞা বো অগ্নয়ে" ইত্যাদি নামে যজ্ঞাযজ্ঞীয় স্তোত্র গীত হয়। (সামসংহিতা ২।৫৩-৫৪)

(৮) "বৈশ্বানরায় পৃথুপাজসে" ইত্যাদি বৈশ্বানরীয় সূক্ত অগ্নিমারুতশস্ত্রে পঠিত হয়।

প্রতিষ্ঠা হইতে মৃত্যুকে নিরাকৃত করিয়াছিলেন। তখন তিনি সকল পাপ হইতে ও সকল পাশ হইতে ও সকল স্থাণু (কাষ্ঠনির্ম্মিত অস্ত্র) হইতে মুক্ত হইয়া স্বস্তি দ্বারা মৃত্যু হইতে মুক্তি লাভ করিয়াছিলেন।

যে ইহা জানে, সেই হোতাও স্বস্তি দ্বারা পূর্ণায়ু হইয়া পূর্ণায়ু লাভের জন্য মুক্ত হন ও পূর্ণ আয়ু লাভ করেন।

চতুর্থ খণ্ড

মরুত্বতীয়শস্ত্র

মরুত্বতীয়শস্ত্রের অন্তর্গত প্রতিপৎ ও অনুচর, ইহাদের প্রত্যেকে তিনটি ঋক্। তৎপরে দুইটি প্রগাথ—ইন্দ্রনিহবপ্রগাথ ও ব্রহ্মণস্পতিপ্রগাথ। তৎসম্বন্ধে আখ্যায়িকা —"ইন্দ্রো বৈ · এবং বেদ"।

পুরাকালে ইন্দ্র বৃত্রকে বধ করিয়া, আমি উহাকে বধ করিতে পারি নাই, এই মনে করিয়া দূরদেশে চলিয়া গিয়াছিলেন ও পরে তাহা হইতে দূরতর দেশে গিয়াছিলেন। অনুষ্টুপ্ই সেই দূর হইতেও দূরতর দেশ এবং বাক্যই অনুষ্টুপ্। সেই ইন্দ্র বাক্যে প্রবেশ করিয়া শয়ন করিয়াছিলেন। ভূতসকল [বিভিন্ন দলে] বিভক্ত হইয়া ইন্দ্রকে অন্বেষণ করিয়াছিল। পিতৃগণ [যাগের] পূর্ব্বদিনে তাঁহাকে দেখিতে পাইয়াছিলেন ও দেবগণ পরদিনে দেখিতে পাইয়াছিলেন। সেই জন্য পূর্ব্বদিনে (অমাবাস্যায়) পিতৃগণের উদ্দেশে অনুষ্ঠান হয় ও পরদিনে (প্রতিপদে) দেবগণের যাগ হয়।

তখন সেই দেবগণ বলিলেন, আমরা [সোমের] অভিষব করিব, তাহা হইলেই ইন্দ্র অতি শীঘ্র আমাদের নিকট আসিবেন। তাহাই হউক, এই বলিয়া তাঁহারা অভিষব করিয়াছিলেন। তাঁহারা "আ ত্বা রথং যথোতয়ে" ইত্যাদি মন্ত্র দ্বারা১ ইন্দ্রকে ফিরাইয়াছিলেন। "ইদং বসো সুতমন্ধ" ইত্যাদি মন্ত্রের২ [অভিষবার্থক] "সুত" শব্দ দ্বারা ইন্দ্র তাঁহাদের নিকট আবির্ভূত হইয়াছিলেন। "ইন্দ্র নেদীয় এদিহি" ইত্যাদি মন্ত্র দ্বারা৩ ইন্দ্রকে [যাগভূমির] মধ্যে উপস্থিত করিয়াছিলেন।

---

(১) ৮।৫৭।১ এই মন্ত্রটি প্রতিপৎ ঋকৃত্রয়ের প্রথম।

(২) ৮।২।১ এই মন্ত্রটি অনুচর ঋকৃত্রয়ের প্রথম।

(৩) ৮।৫৩।৫-৬ এই মন্ত্রদ্বয় ইন্দ্রনিহবপ্রগাথ।

যে ইহা জানে, তাহাব যজ্ঞে ইন্দ্র আগমন কবেন, সে সেই যজ্ঞ দ্বাবা যাগ কবে ও ইন্দ্র-সমন্বিত যজ্ঞদ্বাবা সমৃদ্ধ হয।

পঞ্চম খণ্ড

মরুত্বতীয শস্ত্র—ইন্দ্রনিহবপ্রগাথ

ইন্দ্রনিহবপ্রগাথ সম্বন্ধে আখ্যাযিকা—“ইন্দ্রং বৈ· স্বাপিভিবিতি”।

ইন্দ্র বৃত্রকে বধ কবিলে সকল দেবতা, ইনি বৃত্রকে বধ কবিতে পাবেন নাই, মনে কবিযা ইন্দ্রকে ত্যাগ কবিযাছিলেন। কেবল সুষুপ্তিকালেও বর্ত্তমান মরুদ্গণ তাঁহাকে ত্যাগ কবেন নাই। প্রাণসকলই সুষুপ্তিকালে বর্ত্তমান মরুদ্গণেব স্বরূপ, প্রাণসকলই সেই ইন্দ্রকে তখন ত্যাগ কবে নাই। সেই জন্য “আস্বাপে স্বাপিভিঃ” এই চবণে স্বাপি-শব্দযুক্ত প্রগাথ মন্ত্র[১] অপবিত্যক্ত হইযা [মরুত্বতীয শস্ত্রে] পঠিত হয।

অপিচ [মরুত্বতীয শস্ত্রে] এই প্রগাথপাঠেব পব যদি ইন্দ্রসম্বন্ধী ছন্দেব পাঠ হয, তাহাও মরুত্বতীয [বলিযা গণ্য] হয, কেন না, “আস্বাপে স্বাপিভিঃ” এই চবণে স্বাপিশব্দযুক্ত প্রগাথমন্ত্র অপবিত্যক্ত হইযাই পঠিত হয।

ষষ্ঠ খণ্ড

মরুত্বতীয শস্ত্র—ব্রহ্মণস্পতিপ্রগাথ

ইন্দ্রনিহব-প্রগাথপাঠেব পব ব্রহ্মণস্পতিব বা বৃহস্পতিব উদ্দিষ্ট প্রগাথ মন্ত্রদ্বয পঠিত হয।[১] তৎসম্বন্ধে বিধান, যথা—“ব্রহ্মণস্পত্যং···জযতে”

(১) ৮।৫৩।৫ ইন্দ্রনিহব প্রগাথে ঐ চরণ আছে।

(১) প্রগাথমন্ত্রে দুইটি মাত্র ঋক্, কিন্তু তাহার মধ্যে কোন কোন চরণ একাধিক বার পাঠ করিয়া দুইটি ঋক্‌কে তিনটি মন্ত্রের মত করিয়া লওয়া হয়। যথা—ব্রহ্মণস্পতির উদ্দিষ্ট প্রগাথমন্ত্রে “প্র নূনং ব্রহ্মণস্পতিঃ” ইত্যাদি দুইটি ঋক্ আছে। প্রথম ঋকের প্রথম ও দ্বিতীয় চরণে আট আট অক্ষর, তৃতীয় চরণে বার অক্ষর, চতুর্থ চরণে আট অক্ষর। দ্বিতীয় ঋকের প্রথম চরণে বার অক্ষর, দ্বিতীয় চরণে আট, তৃতীয় চরণে বার ও চতুর্থে আট অক্ষর। প্রথম ঋকের চারি চরণ পাঠে সর্ব্বসমেত ছত্রিশ অক্ষর হয়। প্রথম ঋকের শেষ চরণ দুই বার ও দ্বিতীয় ঋকের প্রথম ও দ্বিতীয় চরণ একবার পাঠ করিলে ছত্রিশ অক্ষর সম্পাদিত

ব্রহ্মণস্পতির উদ্দিষ্ট প্রগাথ পাঠ করা যায়। দেবগণ বৃহস্পতিকে পুরোহিত পাইয়া স্বর্গলোক জয় করিয়াছিলেন এবং ইহলোকেও বিজয় লাভ করিয়াছিলেন। সেইরূপ এতদ্দ্বারা যজমানও বৃহস্পতিকে পুরোহিত পাইয়া স্বর্গলোক জয় করে ও ইহলোকেও বিজয় লাভ করে।

প্রগাথশংসনের পূর্ব্বে স্তোত্রপাঠ হয় না কেন, তৎসম্বন্ধে প্রশ্ন—"তৌ বৈ···ইতি"

[পূর্ব্বে] স্তোত্রপাঠ না হইলেও এই দুই প্রগাথ পুনঃ পুনঃ [চরণ] গ্রহণপূর্ব্বক পঠিত হয়।[২] এ বিষয়ে [ব্রহ্মবাদীরা] প্রশ্ন করেন, স্তোত্র পাঠ না হইলে কোন মন্ত্র পুনঃ পুনঃ [চরণ] গ্রহণপূর্ব্বক পাঠ করা কর্ত্তব্য নহে, তবে কেন স্তোত্রপাঠ না হইলেও প্রগাথ দুইটি পুনঃ পুনঃ [চরণ] গ্রহণপূর্ব্বক পাঠ করা হয়?

এই প্রশ্নের উত্তর দিবার পূর্ব্বে দ্বিতীয় প্রশ্ন—"পবমানোক্থম্···ভবতীতি"

এই যে মরুত্বতীয়, ইহাই [মাধ্যন্দিন-] পবমানসম্বন্ধী শস্ত্র, ঐ [মাধ্যন্দিন পবমান] স্তোত্রে ছয়টি গায়ত্রী দ্বারা স্তোত্র পাঠ হয়, পরে ছয়টি বৃহতী দ্বারা এবং তিনটি ত্রিষ্টুপ্ দ্বারা স্তোত্র পাঠ হয়। এইরূপে সেই মাধ্যন্দিন পবমান তিন-ছন্দোবিশিষ্ট ও পঞ্চদশ-স্তোমবিশিষ্ট হয়। এ বিষয়ে [ব্রহ্মবাদীরা] প্রশ্ন করেন, এই তিন-ছন্দোযুক্ত ও পঞ্চদশ-স্তোমবিশিষ্ট পবমানের অনুসরণ [হোতৃকর্ত্তৃক মরুত্বতীয় শস্ত্রপাঠে] কিরূপে সিদ্ধ হয়?[৩]

এই দ্বিতীয় প্রশ্নের উত্তর—"যে এব···অনুশস্তা ভবন্তি"

হয়। ইহাই দ্বিতীয় মন্ত্র বলিয়া গণ্য হইবে। তৎপরে দ্বিতীয় ঋকের দ্বিতীয় চরণ দুই বার ও তৃতীয় ও চতুর্থ চরণ একবার পাঠ করিলে আবার ছত্রিশ অক্ষরে তৃতীয় মন্ত্র হইবে। এইরূপে চরণের সহিত চরণ গাঁথিয়া দুইটি ঋক্‌কে তিন মন্ত্রের সমান করা যায় বলিয়া উহার নাম প্রগাথ।

(২) একই ঋকের কোন এক চরণ একাধিক বার পাঠ করিয়া তাহাকে দুইটি মন্ত্রে পরিণত করার নাম পুনঃ পুনঃ চরণ গ্রহণ। প্রগাথমন্ত্র পাঠে ঐরূপ বিহিত হইল।

(৩) মাধ্যন্দিন সবনে মাধ্যন্দিন পবমান স্তোত্র গানের পর মরুত্বতীয় শস্ত্রপাঠ বিহিত। স্তোত্রও যেরূপ, শস্ত্রও তদনুযায়ী হওয়া উচিত, এই বিধান আছে (পূর্ব্বে দেখ)। এ স্থলে সেই বিধানের সামঞ্জস্য কিরূপ হইবে, এ প্রশ্নের তাহাই তাৎপর্য্য। মাধ্যন্দিন পবমান স্তোত্রে "উচ্চা তে জাতম্" ইত্যাদি ছয়টি গায়ত্রী "পুনানঃ সোম" ইত্যাদি ছয়টি বৃহতী ও "প্র তু দ্রব" ইত্যাদি তিনটি ত্রিষ্টুপ্ উদ্গাতৃগণ কর্ত্তৃক গীত হয়।

[মরুত্বতীয় শস্ত্রের অন্তর্গত] প্রতি পদের উত্তর ভাগে যে দুইটি গায়ত্রী ও অনুচরের যে [তিনটি] গায়ত্রী আছে, সেই [পাঁচটি] গায়ত্রী দ্বারাই [পবমানস্তোত্রের ছয়টি] গায়ত্রীর অনুসরণ সিদ্ধ হয়, এবং ঐ শস্ত্রের অন্তর্গত প্রগাথদ্বয় দ্বারা [স্তোত্রের অন্তর্গত] বৃহতীর অনুসরণ সিদ্ধ হয়।

তৎপরে প্রথম প্রশ্নের উত্তর, যথা—"ত হ্ ··অন্বৈতি"

সামগ'যীরা ঐ সকল বৃহতী মধ্যে রৌরব নামক ও যৌধাজয়[৪] নামক সামদ্বয় দ্বারা পুনঃ পুনঃ [চরণ] গ্রহণ দ্বারা স্তব করেন, সেই জন্য পূর্ব্বে স্তোত্রগান না হইলেও ঐ দুই প্রগাথ পুনঃ পুনঃ [চরণ] গ্রহণ দ্বারা পঠিত হয়। তাহাতেই শস্ত্র দ্বারা স্তোত্রের অনুসরণ হয়।

তৎপরে দ্বিতীয় প্রশ্নোক্ত পবমানস্তোত্রের অন্তগত ত্রিষ্টুভ্‌গুলির অনুসরণ সম্বন্ধে উত্তর, যথা—"যে এব · ভবন্তি"

[মরুত্বতীয় শস্ত্রের অন্তর্গত সূক্তমধ্যে] যে দুইটি ত্রিষ্টুপ্‌ ধায্যা মন্ত্ররূপে ও[৫] যে ত্রিষ্টুপ্‌ নিবিদ্ধানরূপে[৬] পঠিত হয়, তদ্দ্বারা ঐ [পবমান স্তোত্রের] ত্রিষ্টুভ্‌ সকলের অনুসরণ সিদ্ধ হয়।

উহা জানার প্রশংসা—"এবমু···এবং বেদ"

এইরূপে যে ইহা জানে, তাহার ঐ মাধ্যন্দিন পবমান স্তোত্র ত্রিছন্দোবিশিষ্ট ও পঞ্চদশ-স্তোম-যুক্ত হইয়া [শস্ত্র কর্ত্তৃক] অনুসৃত হয়।

সপ্তম খণ্ড

মরুত্বতীয় শস্ত্র—ধায্যামন্ত্র

মরুত্বতীয় শস্ত্রের মধ্যে যে কয়েকটি মন্ত্র অন্য সূক্ত হইতে আনিয়া প্রক্ষেপ করিতে হয়, তাহার নাম ধায্যা। এই সকল মন্ত্রের প্রশংসা—"ধায্যা ··শংসতি"

ধায্যাসকল পাঠ করা হয়। প্রজাপতি যে যে লোক কামনা করিয়াছিলেন, ধায্যা[১] দ্বারা সেই সকল লোকই ধয়ন (পান)

---

(৪) সামসংহিতা ২।২৫-২৬।

(৫) কোন সূক্তের মধ্যে অন্য সূক্তস্থ ঋক্ প্রক্ষেপ করিলে ঐ প্রক্ষিপ্ত ঋক্‌কে ধায্যা বলে। সামিধেনী মন্ত্রের ধায্যা সম্বন্ধে পূর্ব্বে দেখ। ৮পৃষ্ঠ পাদটীকা।

(৬) যে সূক্তের মধ্যে নিবিদের স্থাপন হয়, তাহার নাম নিবিদ্ধান সূক্ত। পূর্ব্বে দেখ।

(১) মরুত্বতীয় শস্ত্রে দুইটি ধায্যা প্রক্ষিপ্ত হয়, যথা—"অগ্নির্নেতা ভগ ইব," "ত্বং সোম ক্রতুভিঃ"।

করিয়াছিলেন[২]। সেইরূপ এই যে সকল ধায্যা আছে, যে যজমান তাহা জানে, সে যে যে লোক কামনা করে, সেই সকল লোকই সে ধয়ন করে।

দেবগণ যেখানে যেখানে যজ্ঞের ছিদ্র জানিতে পারিয়াছিলেন, তাহা ধায্যা দ্বারা অপিধান (আচ্ছাদন) করিয়াছিলেন, ইহাই ধায্যার ধায্যাত্ব।[৩] এইরূপ যে ধায্যা আছে, যে তাহা জানে, তাহার যজ্ঞ অচ্ছিদ্র হইয়া সম্পাদিত হয়। এই যে ধায্যা, এতদ্দ্বারা আমরা যজ্ঞের [ছিদ্র] সীবন করিয়াছি, যেমন সূচীদ্বারা বস্ত্রের [ছিদ্র] সীবন করা যায়। এইরূপ যে ধায্যা আছে, যে তাহা জানে, তাহার যজ্ঞের ছিদ্র এতদ্দ্বারা সন্ধিত (অবরুদ্ধ) হয়।[৪]

এই যে ধায্যাসকল, ইহারা উপসৎসমূহেরই শস্ত্র (প্রশংসাপর)। "অগ্নির্নেতা"[৫] ইত্যাদি অগ্নিদৈবত ধায্যা প্রথম উপসদের শস্ত্র, "ত্বং সোম ক্রতুভিঃ"[৬] এই সোমদৈবত ধায্যা দ্বিতীয় উপসদের শস্ত্র, আর "পিবন্ত্যাপঃ"[৭] এই বিষ্ণুদৈবত ধায্যা তৃতীয় উপসদের শস্ত্র[৮]। যে ইহা জানে ও যে ইহা জানিয়া ধায্যা পাঠ করে, সে সোমযাগ করিয়া যে যে লোক জয় করা হয়, এক একটি উপসৎ দ্বারাও সেই সেই লোক জয় করে।

তৃতীয় ধায্যা সম্বন্ধে কেহ কেহ অন্য মন্ত্র বিধান করেন, তৎসম্বন্ধে বিচার, যথা— "তদ্ধ···শংসেৎ"।

এ বিষয়ে (তৃতীয় ধায্যা বিষয়ে) কেহ কেহ বলেন, "তান্ বো মহঃ"[৯] এই মন্ত্র পাঠ করিবে। ভরতেরা[১০] এই মন্ত্রই পাঠ করেন, ইহা আমরা ঠিক জানি, ইহাই তাঁহারা বলেন। কিন্তু এই মত আদরণীয় নহে। যদি এই মন্ত্র পাঠ করা যায়, তাহা হইলে পর্জ্জন্য বর্ষণনিবারণে সমর্থ

---

(২) ধয়তি পিবতি আভিঃ এই ব্যুৎপত্তি ক্রমে ধায্যা শব্দ নিষ্পন্ন হইল। (সায়ণ)

(৩) এ স্থলে দধাতি আভিঃ এই ব্যুৎপত্তি ক্রমে ধায্যা শব্দ নিষ্পন্ন হইল।

(৪) সন্দধাতি আভিঃ এই ব্যুৎপত্তি ক্রমে ধায্যা নিষ্পন্ন হইল।

(৫) ৩।২০।৪। (৬) ১।৯১।২। (৭) ১।৬৪।৬।

(৮) পূর্ব্বোক্ত উপসৎ তিনটির দেবতা যথাক্রমে অগ্নি, সোম ও বিষ্ণু ; এই হেতু এই ধায্যা তিনটিও সেই সেই উপসদেরই শস্ত্রস্বরূপ। পূর্ব্বে দেখ।

(৯) ২।৩৪।১১।

(১০) সায়ণ ভরত অর্থে ঋত্বিক্ করিয়াছেন। ভরং যজ্ঞং তন্বন্তীতি ভরতা ঋত্বিজঃ। কিন্তু ভরত অর্থে ভরতবংশীয় যজমানও বুঝাইতে পারে।

হইতে পারেন। সেই হেতু "পিবন্ত্যপঃ" এই [বৃষ্টির অনুকূল] মন্ত্রই [তৃতীয় ধায্যারূপে] পাঠ করিবে। কেন না, [এই মন্ত্রে][11] ["পিবন্তি"] এই পদ বৃষ্টিপ্রদ, "মরুতঃ" এই পদ মরুৎসম্বন্ধী, "অত্যং ন মিহে বিনয়ন্তি" এই চরণ [বিনয়ার্থক] বিনীতশব্দযুক্ত, আর বিনীতবাচক হইলেই বিক্রান্তবাচক হয় (অর্থাৎ বিনীত অর্থে বিক্রান্ত), আর যাহা বিক্রান্ত-বাচক, তাহা বিষ্ণুসম্বন্ধী[12]। আর "বাজিনঃ" এই পদে ইন্দ্রই বাজী (বাজযুক্ত অর্থাৎ অন্নযুক্ত)। এইরূপে এই মন্ত্রে চারিটি পদ [যথাক্রমে] বৃষ্টিপ্রদ, মরুৎসম্বন্ধী, বিষ্ণুসম্বন্ধী ও ইন্দ্রসম্বন্ধী।

এই সেই [তৃতীয় ধায্যা] মন্ত্র তৃতীয় সবনযোগ্য[13] হইয়াও মাধ্যন্দিন সবনে পঠিত হয়। সেই হেতু ভরতগণের পশু সায়ংকালে গোষ্ঠে থাকিলেও মধ্যদিনে (মধ্যাহ্নে) [উত্তাপ নিবারণার্থ] গোশালাতে আইসে। এই মন্ত্রের ছন্দ জগতী, পশুগণও জগতীর সম্বন্ধী, আর যজমানের আত্মা মধ্যদিনস্বরূপ, এতদ্দ্বারা যজমানে পশুর স্থাপনা হয়।

অষ্টম খণ্ড

মরুত্বতীয় শস্ত্র

তদনন্তর মরুত্বতীয় প্রগাথের বিধান—"মরুত্বতীয়ং...অবরুদ্ধ্যৈ"

মরুত্বতীয় প্রগাথ[1] পাঠ করিবে। পশুগণই মরুৎ ও পশুগণই প্রগাথ, এতদ্দ্বারা পশুগণের রক্ষা ঘটে।

তৎপরে নিবিদ্ধানীয় সূক্তের বিধান—"জনিষ্ঠা...জয়তি"

"জনিষ্ঠা উগ্রঃ সহসে তুরায়" ইত্যাদি[2] সূক্ত পাঠ করিবে। এই সূক্ত যজমানের জন্মবাচক, এতদ্দ্বারা যজমানকে যজ্ঞ হইতে দেব-যোনির

---

(১১) "পিবন্ত্যপো মরুতঃ সুদানবঃ" (১।৬৪।৬) ইত্যাদি মন্ত্রে পশ্চাদুক্ত পদগুলি আছে, এই জন্য ঐ মন্ত্র তৃতীয় ধায্যারূপে প্রযোজ্য।

এই মন্ত্রের দেবতা মরুদ্গণ, ছন্দ জগতী।

(১২) "ইদং বিষ্ণুর্বিচক্রমে" ইত্যাদি মন্ত্রবলে বিষ্ণুর সহিত বিক্রমণের সম্বন্ধ।

(১৩) তৃতীয় সবনের ছন্দ জগতী।

(১) "প্র ব ইন্দ্রায় বৃহতে" (৮।৭৮।৩) এই মন্ত্র মরুত্বতীয় প্রগাথ স্বরূপে মরুত্বতীয় শস্ত্রে পঠিত হয়।

(২) ১০।৭৩।১-১১।

(দেবস্থানের) উদ্দেশে উৎপাদন করা হয়। এতদ্দ্বারা যজমান [শত্রুকে] সংযুক্ত করিয়া ও বিযুক্ত করিয়া জয় লাভ করে, এই জন্য এই সূক্ত সম্পূর্ণ জয়ের হেতু হয়।

এই সূক্তের ঋষি গৌরিবীতি, শক্তির পুত্র গৌরিবীতি স্বর্গলোকের অতি নিকটে গিয়াছিলেন। তিনি এই সূক্ত দর্শন করেন ও তদ্দ্বারা স্বর্গলোক জয় করেন। সেইরূপ যজমানও এই সূক্তদ্বারা স্বর্গলোক জয় করে।

তৎপরে নিবিৎ সম্বন্ধে বিধান—"তস্যার্দ্ধাঃ···স্বর্গকামণ্য"

ঐ সূক্তের অর্দ্ধাংশ পাঠ করিয়া অর্দ্ধাংশ অবশিষ্ট থাকিতে তাহার মধ্যে নিবিদের স্থাপনা হয়।[৩]

এই যে নিবিৎ, ইহা স্বর্গলোকে আরোহণের উপায়। এই যে নিবিৎ, ইহা স্বর্গলোক আক্রমণে সোপানস্বরূপ। সেই জন্য যেন আক্রমণ করিতে করিতে (অর্থাৎ সোপানে উঠিবার পরিশ্রম হেতু শ্বাস ত্যাগ করিতে করিতে) ঐ নিবিৎ পাঠ করিবে। যে ব্যক্তি এই স্বর্গকামী যজমানের প্রিয়, সে এতদ্দ্বারা যজমানকে [আপনার বলিয়া] গ্রহণ করে।

অনন্তর যে হোতা অভিচারার্থ ইচ্ছা করিবেন যে, আমি ক্ষত্র দ্বারা বৈশ্যকে বধ করিব, তিনি নিবিদ্ দ্বারা সূক্তকে তিন ভাগ করিয়া (অর্থাৎ সূক্তের আদি মধ্য অন্ত তিন স্থলে নিবিদ্ বসাইয়া) পাঠ করিবেন। নিবিদ্ই ক্ষত্রিয় আর সূক্ত বৈশ্য। ইহাতে (এইরূপে সূক্তকে বিচ্ছিন্ন করাতে) ক্ষত্রিয় দ্বারাই বৈশ্যের হত্যা হয়। যিনি ইচ্ছা করিবেন যে, আমি বৈশ্যদ্বারা ক্ষত্রিয়কে বধ করিব, তিনি সূক্তদ্বারা নিবিদ্‌কে তিন ভাগ করিয়া পাঠ করিবেন। নিবিদ্ই ক্ষত্রিয় আর সূক্ত বৈশ্য। ইহাতে বৈশ্যদ্বারা ক্ষত্রিয়ের হত্যা হয়। আর যিনি ইচ্ছা করিবেন যে, আমি এই যজমানকে প্রজা হইতে উভয় দিকে (অর্থাৎ পিতৃপিতামহাদি হইতে ও পুত্রপৌত্রাদি হইতে) বিচ্ছিন্ন করিব, তাহা হইলে নিবিদের উভয় দিকেই (আদিতে ও অন্তে) আহাব পাঠ করিবেন। তাহাতে ইঁহাকে প্রজা হইতে উভয় দিকে বিচ্ছিন্ন করা হইবে।

---

(৩) ঐ সূক্তের অন্তর্গত এগারটি মন্ত্রের ছয়টি পাঠ করিয়া, পরে "ইন্দ্রো মরুত্বান্" ইত্যাদি নিবিৎ পাঠ করিবে। অবশিষ্ট মন্ত্র পাঁচটি পরে পাঠ্য।

অভিচারের জন্য এইরূপ [বিধান], কিন্তু স্বর্গকামীর পক্ষে অন্যরূপ (অর্থাৎ পূর্ব্বোক্তরূপ) [বিধান][৪]।

সূক্তের শেষ ঋকের প্রশংসা, যথা—"বয়ঃ সুপর্ণা…তদাহ"

"বয়ঃ সুপর্ণা উপসেদুরিন্দ্রম্ প্রিয়মেধা ঋষয়ো নাধমানাঃ"—মেধাবী ঋষিগণ সুপর্ণ পক্ষীর মত ইন্দ্রের নিকট যাচ্ঞার্থ উপস্থিত হইয়াছিলেন—এই অন্তিম ঋক্ দ্বারা[৫] [সূক্তপাঠ] সমাপ্ত করিবে। [ঐ মন্ত্রের তৃতীয় চরণে] "অপ ধ্বান্তমূর্ণুহি"—[হে ইন্দ্র], ধ্বান্ত (অন্ধকার) অপসারণ কর—এই মন্ত্রাংশপাঠকালে হোতা [আপনাকে] যে তমোদ্বারা আবৃত মনে করিবেন, তাহা মনে মনে ধ্যান করিবেন, তাহা হইলে সেই তমঃ তাঁহা হইতে লোপ পাইবে। "পূর্দ্ধি চক্ষুঃ"—চক্ষুর পূরণ কর—এই অংশ পাঠ করিয়া পুনঃ পুনঃ চক্ষু মার্জ্জনা করিবেন। যে ইহা জানে, সে জরা পর্য্যন্ত চক্ষুষ্মান্ হয়। [চতুর্থ চরণ] "মুমুগ্ধ্যস্মান্নিধয়েব বদ্ধান্"—নিধাদ্বারা (পাশ দ্বারা) বদ্ধ আমাদিগকে মোচন কর—এ স্থলে নিধা অর্থে পাশ, তদ্দ্বারা বদ্ধ আমাদিগকে পাশ হইতে মোচন কর, ইহাই এ স্থলে বলা হইল।

নবম খণ্ড

মরুত্বতীয় শস্ত্র

আখ্যায়িকা দ্বারা মরুত্বতীয় শস্ত্রান্তে পাঠ্য যাজ্যামন্ত্রের বিধান—"ইন্দ্রো বৈ… করোতি"।

পুরাকালে ইন্দ্র বৃত্রকে বধ করিতে ইচ্ছা করিয়া সকল দেবতাকে বলিয়াছিলেন, তোমরা আমার নিকট উপস্থিত থাক ও আমাকে অনুজ্ঞা কর। তাহাই করিব বলিয়া বৃত্রবধের ইচ্ছায় দেবতারা দৌড়িয়া আসিয়াছিলেন। সেই বৃত্র বুঝিতে পারিল, আমাকেই বধ করিতে ইচ্ছা করিয়া ইহারা দৌড়িতেছে, আচ্ছা, আমি ইহাদিগকে ভয় দেখাই; সেই বলিয়া বৃত্র তাঁহাদের অভিমুখে শ্বাস ত্যাগ করিয়াছিল। তাহার

---

(৪) স্বর্গকামীর পক্ষে সূক্তের মধ্যে নিবিদ্ধান বিধেয়। তাহা পূর্ব্বেই বলা হইয়াছে।

(৫) ১০।৭৩।১১।

শ্বাসে বিচলিত হইয়া সকল দেবতা দৌড়িয়া পলাইয়াছিলেন। তখন মরুতেবা ইন্দ্রকে পবিত্যাগ কবেন নাই; প্রত্যুত, হে ভগবন্, ইহাকে প্রহাব কব, বধ কব, বীবত্ব দেখাও, এইরূপ বাক্য বলিযা ইঁহাব নিকট উপস্থিত ছিলেন।

ঋষি এই ঘটনা দেখিযা "বৃত্রস্য ত্বা শ্বসথাদীষমানা বিশ্বে দেবা অজহুর্যে সখাযঃ। মরুদ্ভিবিন্দ্র সখ্যং তে অস্তু অথেমা বিশ্বাঃ পৃতনা জযাসি"—১ হে ইন্দ্র, তোমাব সখা বিশ্বদেবগণ বৃত্রেব শ্বাসে কম্পিত হইযা তোমাকে ত্যাগ কবিযাছেন, এখন মরুদ্গণেব সহিত তোমাব সখ্য হউক, তাহা হইলে [বৃত্রেব] এই সকল সেনা তুমি জয কবিতে পাবিবে—এই মন্ত্র তত্নুদ্দেশে বলিযাছিলেন।

ইন্দ্র বুঝিলেন, এই মরুতেবাই আমাব সচিব, ইহাবাই আমাব অপেক্ষা কবিযাছে, আচ্ছা, ইহাদিগকেই এই [মরুত্বতীয] শস্ত্রেব ভাগ দিব। এই বলিযা তাঁহাদিগকে এই শস্ত্রেব ভাগ দিযাছিলেন। সেই অবধি এই মরুতেবা ইহাতে [ভাগী] আছেন, তৎপূর্ব্বে [কেবল] নিষ্কেবল্য শস্ত্রে উভযেব (ইন্দ্রেব ও মরুদ্গণেব) স্থান ছিল। [সেই অবধি] [অধ্বর্য্যু] মরুত্বতীয [মরুদ্গণেব সম্বন্ধী] গ্রহ গ্রহণ কবেন, আব [হোতা] মরুত্বতীয প্রগাথ পাঠ কবেন, মরুত্বতীয সূক্ত পাঠ কবেন এবং মরুত্বতীয নিবিৎ স্থাপন্ কবেন। এই সকলই মরুদ্গণেব ভাগ।

মরুত্বতীয শস্ত্র পাঠেব পব মরুত্বতীয যাজ্যা পাঠ হয। তদ্দ্বাবা দেবতাগণকে আপনাব ভাগানুসাবেই প্রীত কবা হয। "যে ত্বাহিহত্যে মঘবন্নবর্দ্ধন্ যে শাম্ববে হবিবো যে গবিষ্টৌ। যে ত্বা নূনমনুমদন্তি বিপ্রাঃ পিবেন্দ্র সোমং সগণো মরুদ্ভিঃ"২—অহে মঘবা, অহি-হত্যায (বৃত্রহত্যায) যে মরুতেবা তোমাকে বর্দ্ধন কবিযাছিল, শম্বববধে যাহাবা তোমাকে বর্দ্ধন কবিযাছিল, অহে হবিবান্, [বল-কর্ত্তৃক অপহৃত] গাভীগণেব অন্বেষণে যাহাবা তোমাকে বর্দ্ধন কবিযাছিল, যে বিপ্রগণ (বিপ্ররূপী মরুদ্গণ) তোমাকে সর্ব্বদা [স্তবদ্বাবা] হর্ষিত কবে, তুমি সেই মরুদ্গণ সহিত সোম পান কব—এই যাজ্যা মন্ত্র দ্বাবা, যেখানে যেখানে ইন্দ্র এই মরুদ্গণেব

(১) ৮।৯৬।৭ ঐ মন্ত্রের ঋষি মারুত অথবা তিরশ্চীঃ।

(২) ৩।৪৭।৪ এই মন্ত্রটি মরুত্বতীয় শস্ত্রান্তে পাঠ্য যাজ্যা।

সহিত বিজয় লাভ করি ।ছিলেন ও যেখানে যেখানে বীর্য্য দেখাইয়াছিলেন, তাহা সম্যক্‌রূপে জানাইয়া ইন্দ্রের সহিত এই মরুদ্‌গণকে সোমপানভাগী করা হয় ।

দশম খণ্ড

নিষ্কেবল্য শস্ত্র

নিষ্কেবল্য-শস্ত্র বিষয়ে আখ্যায়িকা—"ইন্দ্রো বৈ…ঈক্ষতৈব"

পুরাকালে ইন্দ্র বৃত্রকে বধ করিয়া ও সকল বিষয়ে জয় লাভ করিয়া প্রজাপতিকে বলিয়াছিলেন, তুমি [এখন] যাহা আছ, আমিও তাহাই হইব, আমিও মহান্ হইব। সেই প্রজাপতি [তাঁহাকে] বলিলেন, তাহা হইলে "কোঽহম্"—আমি কে হইব ? ইন্দ্র বলিলেন, তুমি যাহা বলিলে, তাহাই হইবে। সেই অবধি প্রজাপতির নাম "ক" হইল।[১] প্রজাপতির নাম ক। এবং ইন্দ্র যে মহান্ হইয়াছিলেন, তাহাই মহেন্দ্রের মহেন্দ্রত্ব[২]।

তিনি মহান্ হইয়া দেবতাদিগকে বলিলেন, তোমরা আমার জন্য পূজার নির্দ্দেশ কর। যে বড় হয়, যে শ্রেষ্ঠতা লাভ করে, সে মহান্ হয়, সে এখনও ঐরূপ ইচ্ছা করে। দেবগণ তাঁহাকে বলিলেন, তোমার যাহা [নির্দ্দিষ্ট] হইবে, তাহা তুমি নিজেই বল। তিনি বলিলেন, ঐ মাহেন্দ্র গ্রহ, আর সবনমধ্যে মাধ্যন্দিন সবন, শস্ত্রমধ্যে নিষ্কেবল্য, ছন্দোমধ্যে ত্রিষ্টুপ্, সামের মধ্যে পৃষ্ঠ।[৩] তখন দেবগণ তাঁহার জন্য সেই সকলই উপহার নির্দ্দিষ্ট করিয়াছিলেন। যে ইহা জানে, তাহার জন্যও উপহার নির্দ্দিষ্ট হয়।

---

(১) প্রজাপতির নাম ক। পূর্ব্বে দেখ। শ্রুত্যন্তরে—ক ইদং কস্মা অদাদিত্যাহ প্রজাপতির্বৈ কঃ প্রজাপতয় এব তদ্দদাতি।

(২) ইন্দ্রের মহেন্দ্রত্বের কারণ শ্রুত্যন্তরে, যথা—"ইন্দ্রো বৃত্রমহন্ তং দেবা অব্রুবন্ মহান্ বা অয়মভূদ্ যো বৃত্রমবধীৎ ইতি তন্মহেন্দ্রস্য মহেন্দ্রত্বম্"।

(৩) মাধ্যন্দিন সবনে পবমান স্তোত্র গানের পর রথন্তরাদি যে চারিটি স্তোত্রগীত হয়, উহারাই পৃষ্ঠস্তোত্র।

সেই ইন্দ্রকে দেবগণ বলিলেন, তুমি সকলই [নিজের জন্য] বলিলে, আমাদেরও কিন্তু ইহাতে [ভাগ] হউক। তিনি বলিলেন, না, তোমাদের [ভাগ] কিরূপে থাকিবে? দেবগণ তাঁহাকে [আবার] বলিলেন, অহে মঘবা, আমাদেরও [ভাগ] হউক। তখন ইন্দ্র তাঁহাদের প্রতি দৃষ্টিক্ষেপ করিলেন।

একাদশ খণ্ড

নিষ্কেবল্য শস্ত্র

আখ্যায়িকাস্থে নিষ্কেবল্য শস্ত্রের যাজ্যাবিধান, যথা—"তে দেবা…অব্রাকুর্ব্বন্"

সেই দেবগণ বলিলেন, ঐ যে ইন্দ্রের প্রেয়সী বাবাতা[১] পত্নী, তাঁহার নাম প্রাসহা, তাঁহার নিকটেই আমাদের ইচ্ছা জানাই। তাহাই হউক, এই বলিয়া তাঁহারা তাঁহার নিকট ইচ্ছা জানাইলেন। তিনি ইহাদিগকে বলিলেন, [কল্য] প্রাতঃকালে তোমাদিগকে প্রত্যুত্তর দিব। কেন না, স্ত্রী পতির নিকট জানিতে ইচ্ছা করে এবং রাত্রিকালেই পতির নিকট জানিতে ইচ্ছা করে। দেবগণ [পরদিন] প্রাতঃকালে তাঁহার নিকট গিয়াছিলেন। তিনি প্রত্যুত্তরে এই মন্ত্র বলিলেন,—

"যদ্বাবান পুরুতমং পুরাষাড়া বৃত্রহেন্দ্রো নামান্যপ্রাঃ। অচেতি প্রাসহস্পতিস্তুবিষ্মান্ যদীমুশ্মসি কর্ত্তবে করত্তৎ"[২]—পুরাষাট্ (পুরাতন পুরুষমধ্যে সহিষ্ণু) বৃত্রঘাতী ইন্দ্র পুরুতম (প্রভূত) বস্তু পাইয়াছিলেন ও নামে [চারি দিক্] পূর্ণ করিয়াছিলেন; সেই প্রাসহস্পতি (প্রবলগণের পতি) ও তুবিষ্মান্ (বহু ধনবান্) ইন্দ্র দেবগণের অভীষ্ট জানিয়াছিলেন, আমরা যাহা করিতে চাহি, তাহা ইন্দ্র করিয়াছেন। এই মন্ত্রে ইন্দ্রই প্রাসহস্পতি ও তুবিষ্মান্, [শেষ চরণে] যাহা আমরা করিতে চাহি, তাহাই তিনি করিবেন, ইহাই বাবাতা দেবগণকে বলিয়াছিলেন।

সেই দেবগণ বলিলেন, আমাদের [হিতকারিণী] এই প্রাসহা এই শস্ত্রে কিছুই পান নাই, এখন ইহাতে ইঁহার [ভাগ] হউক। তাহাই

(১) রাজাদিগের তিন শ্রেণীর পত্নী থাকিত। উত্তমজাতীয়া পত্নীর নাম মহিষী, মধ্যমজাতীয়ার নাম বাবাতা, অধমজাতীয়ার নাম পরিবৃক্তি।

(২) ১০।৭৪।৬ এই মন্ত্রটি নিষ্কেবল্য শস্ত্রে ধায্যামন্ত্ররূপে প্রক্ষিপ্ত হইয়া থাকে।

হউক বলিয়া তাঁহারা এই [নিষ্কেবল্য] শস্ত্রে সেই বাবাতারও ভাগ বিধান করিয়াছিলেন। সেই জন্য "যদ্বাবান পুরুতমং পুরাষাট্" ইত্যাদি মন্ত্র এই শস্ত্রে পঠিত হয়।

এই যে প্রাসহা নামে ইন্দ্রের প্রেয়সী বাবাতা পত্নী, ইনিই সেনা,৩ এবং ক-নামক প্রজাপতি ইহার (ইন্দ্রপত্নীর) শ্বশুর।৪

যে [যুদ্ধার্থী] ব্যক্তি ইচ্ছা করে, আমার সেনা জয়লাভ করুক, সে ঐ সেনার অর্দ্ধভাগ অতিক্রম করিয়া [ভূমিতে] দাঁড়াইয়া একগাছি তৃণ উভয় দিকে (গোঁড়ায় ও আগায়) ছিঁড়িয়া অন্য (শত্রুপক্ষীয়) সেনার অভিমুখে "প্রাসহে কস্ত্বা পশ্যতি"—অয়ি প্রাসহে, [তোমার শ্বশুর] ক (প্রজাপতি) তোমাকে দেখিতেছেন—এই মন্ত্রে নিক্ষেপ করিবেন। পুত্রবধূ যেমন শ্বশুরকে লজ্জা করিয়া নিলীন (লুক্কায়িত) হয়, সেইরূপ যে স্থলে ইহা জানিয়া একগাছি তৃণকে উভয় দিকে ছিঁড়িয়া "প্রাসহে কস্ত্বা পশ্যতি" এই মন্ত্রে অন্য সেনার অভিমুখে নিক্ষেপ করা হয়, সে স্থলে সেই সেনাও ভঙ্গ দিয়া নিলীন হয়।

ইন্দ্র [তখন] সেই দেবগণকে বলিয়াছিলেন, তোমাদেরও এই শস্ত্রে ভাগ হউক। সেই দেবগণ বলিলেন, তেত্রিশ-অক্ষর-যুক্ত যে বিরাট্, তাহাই নিষ্কেবল্যের যাজ্যা৫ হউক।

দেবতা তেত্রিশ জন,—অষ্ট বসু, একাদশ রুদ্র, দ্বাদশ আদিত্য, প্রজাপতি ও বষট্কার। এতদ্দ্বারা দেবতাগণকে অক্ষরের ভাগী করা হয়। দেবতারা (তেত্রিশ জনে) এক একটি অক্ষর অনুসারে [সোম] পান করেন। দেবপাত্রদ্বারাই এতদ্দ্বারা দেবতাদের তৃপ্তি হয়।

হোতা যে যজমানের সম্বন্ধে ইচ্ছা করিবেন, এ ব্যক্তি আশ্রয়হীন হউক, তাহার পক্ষে বিরাট্ ছাড়িয়া গায়ত্রী বা ত্রিষ্টুপ্ বা অন্য ছন্দে যাজ্যামন্ত্র করিবেন ও [পরে] বষট্কার করিবেন। এতদ্দ্বারা তাহাকে

---

(৩) শাখান্তরে "ইন্দ্রাণী বৈ সেনায়া দেবতা"।

(৪) প্রজাপতি ইন্দ্রের জন্মদাতা, যথা শ্রুত্যন্তরে—"প্রজাপতিরিন্দ্রমসৃজতানুজাবরং দেবানাম্।"

(৫) "পিবা সোমমিন্দ্র" ইত্যাদি বিরাট্ ছন্দের মন্ত্র নিষ্কেবল্যশস্ত্রের যাজ্যা। নিম্নে দেখ।

আশ্রয়হীন করা হইবে। যাহার সম্বন্ধে ইচ্ছা করিবেন, এ ব্যক্তি আশ্রয়-যুক্ত হউক, তাহার পক্ষে "পিবা সোমমিন্দ্র মন্দতু ত্বা"[৬] ইত্যাদি বিরাট্ দ্বারা যাজ্যামন্ত্র করিবেন। এতদ্দ্বারা তাহাকে আশ্রয়যুক্ত করা হইবে।

দ্বাদশ খণ্ড

নিষ্কেবল্য শস্ত্র

নিষ্কেবল্য শস্ত্রের সহিত তৎপূর্ব্বে গীত সামের সম্বন্ধ বিচার—"ঋক্ চ···এবং বেদ"

অগ্রে ঋক্ ও সাম এতদুভয় [পৃথক্] ছিল। [সাম এই নামমধ্যে] "সা" এই নামে ঋক্ ছিল আর "অম" এই নামে সাম ছিল। সেই ঋক্ সামের নিকট গিয়া বলিল, আমরা প্রজোৎপত্তির জন্য মিথুন (সংযুক্ত) হইব। তাহাতে সাম বলিল, না, আমার মহিমা তোমার অপেক্ষা অধিক। তখন সেই ঋক্ দুইটি হইয়া [আবার] তাহাকে বলিল। তাহাদের নিকটও সেই সাম সম্মত হইল না। তখন সেই ঋক্ তিনটি হইয়া [আবার] তাহাকে বলিল। তখন সেই তিনটির সহিত সাম সংযুক্ত হইল। যেহেতু তিনটি ঋকের সহিত সাম সংযুক্ত হইয়াছিল, সেই হেতু তিনটি (তিন-ঋক্-যুক্ত) মন্ত্র দ্বারা [উদ্গাতারা] স্তব করেন,[১] তিনটি দ্বারা উদ্গাতার কার্য্য করেন, এবং একটি সাম তিনটি ঋকের সহিত তুল্য হয়। সেই জন্য এক পুরুষের বহু পত্নী হইয়া থাকে, কিন্তু এক স্ত্রীর বহু পতি এক সঙ্গে হয় না। যেহেতু সা এবং অম উভয়ে সংযুক্ত হইয়াছিল, তাহাতেই সাম হইয়াছিল। ইহাই সামের সামত্ব। যে ইহা জানে, সে "সামন্" (সর্ব্বত্র সমান বা সমদৃষ্টি) হয়। যে বড় হয়, যে শ্রেষ্ঠতা লাভ করে, সেই সামন্ হয়, নতুবা "অসামন্য" (অসমদৃষ্টি বা পক্ষপাতী) বলিয়া নিন্দিত হয়।

সেই [শস্ত্রের] পাঁচটি অঙ্গ ও [সামের] পাঁচটি অঙ্গ পৃথক্ ভাবে কল্পিত হয়, যথা [১] [শস্ত্রাঙ্গ] আহাব ও [সামাঙ্গ] হিঙ্কার ; [২] [সামাঙ্গ] প্রস্তাব ও [শস্ত্রাঙ্গ] প্রথম ঋক্, [৩] [সামাঙ্গ] উদ্গীথ

---

(৬) ৭।২২।১।

(১) এ স্থলে নিষ্কেবল্য শস্ত্রে গেয় রথন্তর সামের উল্লেখ হইতেছে। দুইটি ঋক্‌কে তিনটিতে পরিণত করিয়া এই সাম গঠিত হয়। (সামসংহিতা ২।৩০।৩১)

ও [শস্ত্রাঙ্গ] মধ্যম ঋক্, [৪] [সামাঙ্গ] প্রতিহার ও [শস্ত্রাঙ্গ] অন্তিম ঋক্, [৫] [সামাঙ্গ] নিধন ও [শস্ত্রাঙ্গ] বষট্‌কার।

এই [শস্ত্রাঙ্গ] পাঁচটি ও [সামাঙ্গ] পাঁচটি পৃথক্ পৃথক্ ভাবে যে কল্পিত হয়, সেই জন্য যজ্ঞকে পাঙ্‌ক্ত (পঞ্চসংখ্যান্বিত) বলে ও পশুগণকেও পাঙ্‌ক্ত (মস্তক ও চারি পা, এই পঞ্চাঙ্গযুক্ত) বলে।

যেহেতু এই [পাঁচ] শস্ত্র ও [পাঁচ] সাম একযোগে দাশিনী (দশাক্ষরযুক্ত) বিরাটের সমান হয়, সেই জন্য যজ্ঞকে দশিনী বিরাটে প্রতিষ্ঠিত বলা হয়।

[নিষ্কেবল্য শস্ত্রের আরম্ভে পাঠ্য] স্তোত্রিয় ঋক্ তিনটি আত্মার (আপনার) স্বরূপ, অনুরূপ নামক তৎপরবর্ত্তী ঋক্ তিনটি প্রজাস্বরূপ, [শস্ত্রে প্রক্ষিপ্ত] ধায্যামন্ত্র পত্নীস্বরূপ, প্রগাথ পশুস্বরূপ, আর সূক্ত গৃহস্বরূপ।

যে ইহা জানে, সে ইহলোকে ও পরলোকে প্রজা সহিত ও পশু সহিত গৃহমধ্যে বাস করে।

ত্রয়োদশ খণ্ড

নিষ্কেবল্য শস্ত্র

নিষ্কেবল্য শস্ত্রের বিভিন্ন ভাগের বিধান, যথা—"স্তোত্রিয় প্রতিষ্ঠা"।

স্তোত্রিয় [ঋক্‌ত্রয়] পাঠ করিবে।[১] স্তোত্রিয়ই আত্মা। মধ্যম (উচ্চও নহে, নীচও নহে, এইরূপ) স্বরে পাঠ করিবে, তদ্দ্বারা আত্মারই সংস্কার হয়।

---

(২) নিষ্কেবল্য শস্ত্রে আহাবান্তে তিনটি ঋকে যাজ্যা গঠিত হয়। যাজ্যান্তে বষট্‌কার হয়। ঋকৃত্রয়ের নাম স্তোত্রিয় তৃচ। শস্ত্রের এই পাঁচটি অঙ্গ। তদনুসারে শস্ত্র সহকারে গেয় সামেরও পাঁচটি অঙ্গ। প্রথমাঙ্গ হিঙ্কার অর্থাৎ 'হিম্' এই শব্দ উচ্চারণ। দ্বিতীয় অঙ্গ প্রস্তাব, এই অংশ প্রস্তোতা গান করেন। তৃতীয় অঙ্গ উদ্গীথ, উদ্গাতা গান করেন। চতুর্থ অঙ্গ প্রতিহার, ইহা প্রতিহর্ত্তা গান করেন। পঞ্চম অঙ্গ নিধন, ইহা তিন জনে মিলিয়া গান করেন।

(১) "অভিত্বা শূর নোনুমঃ" ইত্যাদি দুইটি মন্ত্র নিষ্কেবল্যের প্রগাথ। উহাকেই তিন ভাগ করিয়া তিনটি ঋকের স্বরূপ করা হয়। উহার নাম স্তোত্রিয়।

[পরে] অনুরূপ [তন্নামক তিনটি ঋক্] পাঠ করিবে।[২] প্রজাই (পুত্রই) [আত্মার] অনুরূপ। সেই অনুরূপ [ঋক্‌ত্রয়] উচ্চ স্বরে পাঠ করিবে, তাহাতে প্রজাকে আত্মা অপেক্ষাও উৎকৃষ্ট করা হয়।

তৎপরে ধায্যা পাঠ করিবে।[৩] ধায্যাই পত্নী। সেই ধায্যা নীচ স্বরে পাঠ করিবে। যে স্থলে ইহা জানিয়া নীচ স্বরে ধায্যা পাঠ করা হয়, সেই গৃহে পত্নী অপ্রতিবাদিনী (অনুকূলবাদিনী) হইয়া থাকে।

প্রগাথ পাঠ করিবে।[৪] উহা [অনুদাত্তাদি চতুর্ব্বিধ] স্বরযুক্ত বাক্যে পাঠ করিবে। পশুগণই স্বর, পশুগণই প্রগাথ, ইহাতে পশুগণের রক্ষা ঘটে।

"ইন্দ্রস্য নু বীর্য্যাণি প্রবোচম্" ইত্যাদি[৫] [নিবিদ্ধানীয] সূক্ত পাঠ করিবে। হিরণ্যস্তূপদৃষ্ট এই নিষ্কেবল্য সূক্ত ইন্দ্রের প্রিয়। এই সূক্ত দ্বারা অঙ্গিরার পুত্র হিরণ্যস্তূপ ইন্দ্রের প্রিয় ধামের নিকট গিয়াছিলেন ও পরম লোক জয় করিয়াছিলেন। যে ইহা জানে, সে ইন্দ্রের প্রিয় ধামের নিকট যায় ও পরম লোক জয় করে। গৃহই প্রতিষ্ঠাস্বরূপ, সূক্তও তাদৃশ। প্রতিষ্ঠিততম (সর্ব্বদোষবর্জ্জিত) স্বরে উহা পাঠ করিবে। সেই জন্য যদিও পশুগণকে দূরদেশেই পাওয়া যায়, তথাপি তাহাদিগকে গৃহে আনিতেই লোকে ইচ্ছা করে। কেন না, গৃহই পশুগণের প্রতিষ্ঠা (অবস্থানভূমি)।

---

(২) "অভিত্বা পূর্ব্ব পীতয় ইন্দ্রস্তোমেভিরায়বঃ" ইত্যাদি দুই মন্ত্রের (৮।৩।৭-৮) প্রগাথ স্তোত্রিয়ের পর পাঠ্য, উহাও স্তোত্রিয়ের অনুরূপ, কেন না, উভয়ই প্রগাথই "অভিত্বা" পদে আরব্ধ। এই জন্য উহাদের নাম অনুরূপ।

(৩) মঘাবান পুরুতমং পুরাষাট্ ১০।৭৪।৬ এই মন্ত্র নিষ্কেবল্যের ধায্যা। পূর্ব্বে দেখ।

(৪) "পিবা সুবস্ত রসিনঃ" ইত্যাদি প্রগাথ মন্ত্র।

(৫) নিষ্কেবল্য শস্ত্রে নিবিদ্ধানীয় সূক্ত প্রথম মণ্ডলের দ্বাত্রিংশত্তম সূক্ত। উহার মধ্যে ১৫টি ঋক্ আছে। ইহার ঋষি হিরণ্যস্তূপ আঙ্গিরস।

ত্রয়োদশ অধ্যায়

প্রথম খণ্ড

সোমাহরণ-আখ্যায়িকা

তৃতীয় সবন বিধানের পূর্ব্বে গায়ত্রী কর্ত্তৃক সোমাহরণ উপাখ্যান, যথা—"সোমো বৈ···আহরৎ"।

পুরাকালে রাজা সোম ঐ [স্বর্গ]লোকে ছিলেন। দেবগণ ও ঋষিগণ তাঁহার বিষয়ে চিন্তা করিলেন, এই রাজা সোম কিরূপে ওখান হইতে আসিবেন। তাঁহারা বলিলেন, অহে ছন্দসকল, তোমরা এই রাজা সোমকে আমাদের নিকট আহরণ কর। তাহাই করিব বলিয়া সেই ছন্দেরা সুপর্ণ (পক্ষী) হইয়া উপরে উত্থিত হইল। তাহারা যে সুপর্ণ হইয়া উপরে উঠিয়াছিল, সেই জন্য আখ্যানবিদেরা এই আখ্যানকে সৌপর্ণ আখ্যান বলিয়া থাকেন।

ছন্দেরা সেই রাজা সোমকে আনিবার জন্য চলিয়াছিল। সেকালে ছন্দেরা চারি চারি অক্ষরযুক্ত ছিল। [তন্মধ্যে] চতুরক্ষরা জগতী প্রথমে ঊর্দ্ধে উঠিলেন। তিনি উঠিয়া অর্দ্ধ পথ গিয়া শ্রান্ত হইলেন। তখন তিনি তিন অক্ষর পরিত্যাগ করিয়া একাক্ষরা হইয়া দীক্ষাকে ও তপস্যাকে আহরণ করিয়া পুনরায় নামিয়া আসিলেন। সেই হেতু, যাহার পশু আছে, সেই ব্যক্তিই দীক্ষা লাভ করিয়াছে ও তপস্যা লাভ করিয়াছে। কেন না, পশুগণ জগতী-সম্বন্ধী এবং জগতীই তাহাদিগকে আনিয়াছিলেন।[১]

অনন্তর ত্রিষ্টুপ্ উপরে উঠিলেন। তিনিও উঠিয়া অর্দ্ধ পথ গিয়া শ্রান্ত হইলেন। তখন তিনি এক অক্ষর পরিত্যাগ করিয়া ত্র্যক্ষরা হইয়া দক্ষিণা আহরণ করিয়া পুনরায় নীচে নামিলেন। ত্রিষ্টুভ্ দ্বারা দক্ষিণা আনীত হইয়াছিল, সেই জন্য [ঋত্বিকেরাও] মাধ্যন্দিন সবনে ত্রিষ্টুভের স্থানেই [যজমানদত্ত] দক্ষিণা আনয়ন করেন।

---

(১) শ্রুত্যন্তরে—সা পশুভিশ্চ দীক্ষয়া চ আগচ্ছৎ তস্মাৎ জগতী ছন্দসাং পশব্যতমা তস্মাদ্‌ভুতমা তস্মাৎ পশুমন্তং দীক্ষোপনমতি।

দ্বিতীয় খণ্ড

সোমাহরণ-আখ্যায়িকা

গায়ত্রীর উপাখ্যান—"তে দেবা…ইষুরভবৎ"

সেই দেবগণ গায়ত্রীকে বলিলেন, তুমি আমাদের নিকট ঐ সোমকে আনয়ন কর। গায়ত্রী বলিলেন, তাহাই করিব, তবে তোমরা আমাকে সকল স্বস্ত্যয়ন দ্বারা অনুমন্ত্রিত কর। [দেবগণ,] তাহাই হউক, ইহা বলিলে তিনি ঊর্দ্ধে উঠিলেন। দেবগণ তাঁহাকে "প্র" শব্দ ও "আ" শব্দ [এই দুই মন্ত্রে] সকল স্বস্ত্যয়ন দ্বারা অনুমন্ত্রণ করিলেন। এই যে "প্র" শব্দ ও "আ" শব্দ, ইহাই সকল স্বস্ত্যয়ন। সেই জন্য যে ব্যক্তি প্রিয় হয়, তাহাকে "প্র" এবং "আ" এই মন্ত্রে অনুমন্ত্রণ করিবে, তাহা হইলে সে স্বস্তিতেই গমন করিবে ও স্বস্তিতেই আগমন করিবে।

সেই গায়ত্রী উঠিয়া সোমরক্ষকগণকে ভয় দেখাইয়া পদদ্বয় দ্বারা ও মুখ দ্বারা রাজা সোমকে দৃঢ়ভাবে গ্রহণ করিলেন এবং অন্য দুই ছন্দ (জগতী ও ত্রিষ্টুপ্) যে কয়টি অক্ষর ত্যাগ করিয়া আসিয়াছিলেন, তাহাদিগকেও দৃঢ়ভাবে গ্রহণ করিলেন।

[তখন] কৃশানু নামক সোমরক্ষক[1] গায়ত্রীর পশ্চাৎ [বাণ] মোচন করিয়া তাঁহার বাম পদের নখ ছিঁড়িয়া দিলেন। সেই নখ শল্যক (শজারু) হইল। সেই জন্য সেই শল্যক নখের মত [তীক্ষ্ণরোমযুক্ত]। সেখানে যে মেদের স্রবণ হইয়াছিল, তাহাই [ছাগাদি যজ্ঞিয় পশুর] বশা হইল ও সেই জন্যই তাহা হব্যস্বরূপ হইল। [কৃশানুনিক্ষিপ্ত বাণের] যে অনীক[2] ছিল, তাহা নির্দংশী (দংশনাসমর্থ সর্প) হইল, তাহার বেগ হইতে স্বজ (দ্বিশিরা সর্প) হইল, [সেই বাণের] যে পত্র ছিল, তাহা মন্থাবল[3] হইল, যে স্নায়ু ছিল, তাহা গণ্ডূপদ[4] হইল, যে তেজন[5] ছিল, তাহা অন্ধ সর্প হইল। এইরূপে সেই [বাণ] সেই সেই [জন্তু] হইল।

---

(১) সোমরক্ষক গন্ধর্ব্বগণের মধ্যে কৃশানু সপ্তম (সায়ণ)।

(২) অনীক—বাণের লৌহনির্ম্মিত শল্যভাগ।

(৩) বৃক্ষশাখায় অধোমুখে লম্বনশীল জীববিশেষ।

(৪) সর্পাকৃতি জীববিশেষ (সায়ণ)। (৫) বাণের কাষ্ঠভাগ।

তৃতীয় খণ্ড

সবনোৎপত্তি

গায়ত্রীব উপাখ্যানে সবনোৎপত্তি, যথা—"সা যদ্‌···এবং বেদ"

সেই গাযত্রী দক্ষিণ পদ দ্বাবা [সোমেব] যতটুকু গ্রহণ কবিযাছিলেন, তাহাই প্রাতঃসবন হইল। গাযত্রী তাহাকে নিজেব আশ্রয কবিলেন। সেই জন্য প্রাতঃসবনকেই সকল সবনেব মধ্যে সমৃদ্ধতম মনে কবা হয়। যে ইহা জানে, সে [সবনেব] অগ্রস্থিত ও মুখ্য হইযা শ্রেষ্ঠতা লাভ কবে।

গাযত্রী বাম পদ দ্বাবা যতটুকু গ্রহণ কবিযাছিলেন, তাহাই মাধ্যন্দিন সবন হইল। তাহা [গাযত্রীব বাম পদ হইতে] স্খলিত হইযাছিল। স্খলিত হইযা তাহা পূর্ব্ববর্ত্তী [প্রাতঃসবনেব] অনুগমন কবিতে পাবে নাই। সেই দেবগণ বিচাবপূর্ব্বক সেই [মাধ্যন্দিন] সবনে ছন্দেব মধ্যে ত্রিষ্টুভ্‌কে ও দেবতাব মধ্যে ইন্দ্রকে স্থাপিত কবিযাছিলেন। তখন উহা পূর্ব্ববর্ত্তী সবনেব সহিত সমানবীর্য্য হইল। যে ইহা জানে, সে সমানবীর্য্য ও সমানজাতি ঐ উভয সবন দ্বাবা সমৃদ্ধ হয।

আব গাযত্রী মুখদ্বাবা যতটুকু গ্রহণ কবিযাছিলেন, তাহাই তৃতীয় সবন হইল। নীচে নামিবাব সময গাযত্রী তাহাব বস পান কবিযাছিলেন। এইরূপে পীতবস হইযা উহা পূর্ব্ববর্ত্তী সবনদ্বযেব অনুগমন কবিতে পারে নাই। তখন সেই দেবগণ বিচাবপূর্ব্বক পশুমধ্যে [তাহাব প্রতীকাবের উপায] দেখিতে পাইলেন। সেই হেতু এই যে ক্ষীব সেবন কবা হয ও আজ্যদ্বাবা ও পশুদ্বাবা[১] (পশুব হৃদযাদি অঙ্গদ্বাবা) হোম কবা হয, ইহাতেই সেই তৃতীয় সবন পূর্ব্ববর্ত্তী সবনদ্বযেব সমানবীর্য্য হইযা থাকে। যে ইহা জানে, স সমানবীর্য্য ও সমানজাতি সকল সবন দ্বাবাই সমৃদ্ধ হয।

---

(১) ক্ষীর এবং আজ্য, উভয়ই পশু হইতে উৎপন্ন হয়। তৃতীয় সবনে ঐ সকলের ও পশ্বঙ্গের ব্যবহার হওয়াতে তৃতীয় সবনের সোম গায়ত্রী কর্ত্তৃক পীতরস হইয়াও তেজোহীন হইতে পারিল না।

চতুর্থ খণ্ড

ছন্দোগণের অক্ষরলাভ

প্রথম খণ্ডে বলা হইয়াছে, সকল ছন্দেরই আগে চারি চারি অক্ষর ছিল, তন্মধ্যে ত্রিষ্টুপ্ একটি অক্ষর ও জগতী তিনটি অক্ষর সোম আনিতে গিয়া শ্রান্ত হইয়া হারাইয়া ফেলিয়াছিলেন। অথচ এখন দেখা যায়, গায়ত্রীর আট অক্ষর, ত্রিষ্টুভের এগার অক্ষর, জগতীর বার অক্ষর। এই বিরোধের পরিহারার্থ গায়ত্রীর উপাখ্যানের অবশিষ্ট ভাগ, যথা—"তে বৈ ··অভবৎ"

সেই অপর দুইটি ছন্দ (ত্রিষ্টুপ্ ও জগতী) গায়ত্রীর নিকট আসিয়া বলিলেন, তুমি [যে চারিটি অক্ষর সোমাহরণকালে] পাইয়াছ, তাহা আমাদের, সেই অক্ষর কয়টি আমাদের নিকট ফিরিয়া আসুক। গায়ত্রী বলিলেন, না, আমরা যে যাহা পাইয়াছি, তাহার তাহাই থাকুক। তখন তাঁহারা দেবগণের নিকট প্রশ্ন উপস্থিত করিলেন। সেই দেবগণও বলিলেন, তোমাদের যে যাহা পাইয়াছ, তাহার তাহাই থাকুক। সেই হেতু এ-কালেও কেহ কিছু পাইলে বলা হয়, যে যাহা পাইয়াছে, তাহা তাহার। তখন গায়ত্রীর আট অক্ষর, ত্রিষ্টুভের তিন অক্ষর ও জগতীর এক অক্ষর হইল।[১]

সেই অষ্টাক্ষরা গায়ত্রী প্রাতঃসবন নির্ব্বাহ করিয়াছিলেন। কিন্তু ত্র্যক্ষরা ত্রিষ্টুপ্ মাধ্যন্দিন সবন নির্ব্বাহ করিতে পারেন নাই। গায়ত্রী তাঁহাকে বলিলেন, আমি আসিতেছি, এখানে (মাধ্যন্দিন সবনে) আমারও স্থান হউক। ত্রিষ্টুপ্ বলিলেন, তাহাই হইবে, তবে তুমি সেই [তিন-অক্ষর-বিশিষ্ট] আমাকে [তোমার] আট অক্ষর দ্বারা যুক্ত কর। গায়ত্রী তাহাই হউক বলিয়া তাঁহাকে [আট অক্ষরে] যুক্ত করিলেন। তখন মাধ্যন্দিন সবনে মরুত্বতীয় শস্ত্রের যে দুই উত্তরবর্ত্তী প্রতিপৎ আর যে অনুচর আছে, তাহা গায়ত্রীকে দেওয়া হইল।[২] ত্রিষ্টুপ্ও একাদশাক্ষরা হইয়া মাধ্যন্দিন সবন নির্ব্বাহ করিলেন।

---

(১) গায়ত্রীর চারি অক্ষর আগেই ছিল, ত্রিষ্টুভের একটি ও জগতীর তিনটি কুড়াইয়া পাইয়া তাঁহার আট অক্ষর হইল।

(২) মরুত্বতীয় শস্ত্রের আরম্ভে "আ ত্বা রথং যথোতয়ে" ইত্যাদি তিনটি ঋক্ প্রতিপৎ, তন্মধ্যে উত্তরবর্ত্তী, অর্থাৎ প্রথমটির পরবর্ত্তী মন্ত্রদ্বয় গায়ত্রী ছন্দের। আর "ইদং বসো সুতমন্ধ" ইত্যাদি তিনটি ঋক্ মরুত্বতীয় শস্ত্রের অনুচর; ঐ তিনটির গায়ত্রী ছন্দ। এইরূপে

জগতী একাক্ষরা হইয়া তৃতীয় সবন নির্ব্বাহ করিতে পারিলেন না। গায়ত্রী তাঁহাকে বলিলেন, আমি আসিতেছি, ইহাতে (তৃতীয় সবনে) আমার স্থান হউক। জগতী বলিলেন, তাহাই হউক, তবে সেই [একাক্ষরবিশিষ্ট] আমাকে একাদশ অক্ষর দ্বারা যুক্ত কর। গায়ত্রী তাহাই হউক বলিয়া তাঁহাকে তদ্দ্বারা যুক্ত করিলেন। তৃতীয় সবনে বৈশ্বদেব শস্ত্রের যে দুই উত্তরবর্ত্তী প্রতিপৎ আর যে অনুচর আছে, তাহা গায়ত্রীকে দেওয়া হইল।[৩] জগতীও দ্বাদশাক্ষরা হইয়া তৃতীয় সবন নির্ব্বাহ করিলেন।

সেই অবধি গায়ত্রী অষ্টাক্ষরা, ত্রিষ্টুপ্ একাদশাক্ষরা ও জগতী দ্বাদশাক্ষরা হইয়াছেন। যে ইহা জানে, সে সমানবীর্য্য ও সমানজাতি সকল ছন্দ দ্বারা সমৃদ্ধ হয়।

গায়ত্রী যে এক হইয়া ত্রিবিধ হইয়াছিলেন, সেই জন্য বলা হয়, ইনি যে এক হইয়া ত্রিবিধ হইয়াছিলেন, যে এই কথা জানে, তাহাকে [ধনাদি] দান কর্ত্তব্য।

পঞ্চম খণ্ড

তৃতীয় সবন

তৃতীয় সবনে আদিত্যগ্রহের বিধান—"তে দেবা· সংস্থাপয়ানীতি'

সেই দেবগণ আদিত্যগণকে বলিয়াছিলেন, তোমাদের সহিত আমরা এই [তৃতীয়] সবন নির্ব্বাহ করিব। [তাঁহারা বলিলেন] তাহাই হউক। সেই হেতু আদিত্য গ্রহে তৃতীয় সবনের আরম্ভ হয় ও তাহাতে [সকল গ্রহের] পূর্ব্বে আদিত্য গ্রহ বিহিত হয়।

"আদিত্যাসো অদিতির্মাদয়ন্তাম্"[১]—আদিত্যগণ ও অদিতি [এই গ্রহে] হৃষ্ট হউন—এই মদ্-শব্দ-যুক্ত[২] রূপসমৃদ্ধ মন্ত্র [আদিত্যগ্রহের]

মাধ্যন্দিন সবনে মরুত্বতীয় শস্ত্রে গায়ত্রীর স্থান হইল। ত্রিষ্টুভ্ও গায়ত্রীর অনুগ্রহে একাদশাক্ষরা হইলেন। ১২ অধ্যায় ৪ খণ্ড দেখ।

(৩) বৈশ্বদেব শস্ত্রের প্রতিপৎ ও অনুচর সম্বন্ধে পরে দেখ।

(১) ৭।৫১।২।

(২) হর্ষার্থক মদ্ ধাতু হইতে প্রথম চরণের মাদয়ন্তাং পদ নিষ্পন্ন।

যাজ্যা হয়, কেন না, তৃতীয় সবনের রূপও হর্ষজনক। [আদিত্য গ্রহহোমে] অনুবষট্‌কার করিবে না বা গ্রহভক্ষণ করিবে না। কেন না, এই যে অনুবষট্‌কার, ইহা সমাপ্তিস্বরূপ ও [গ্রহ-] ভক্ষণও সমাপ্তি-স্বরূপ; আর আদিত্যগণ প্রাণস্বরূপ, ওরূপ করিলে প্রাণেরই হয় ত সমাপ্তি হইতে পারে।

পরে সাবিত্রগ্রহের ও বৈশ্বদেবশস্ত্রের প্রতিপদের বিধান, যথা—"ত আদিত্যাঃ… তৃতীয়সবনে চ"

সেই আদিত্যগণ সবিতাকে বলিয়াছিলেন, তোমার সহিত আমরা এই সবন নির্ব্বাহ করিব। [তিনি বলিলেন] তাহাই হউক, সেই হেতু বৈশ্বদেব শস্ত্রের প্রতিপদের দেবতা সবিতা[৩] ও তাহার পূর্ব্বেই সাবিত্র গ্রহ বিহিত। "দমূনা দেবঃ সবিতা বরেণ্যঃ"[৪] এই মদ-শব্দ-যুক্ত রূপসমৃদ্ধ মন্ত্রে সাবিত্র গ্রহের যাজ্যা হয়। কেন না, তৃতীয় সবনের রূপও হর্ষজনক। এখানেও অনুবষট্‌কার করিবে না ও [গ্রহ-] ভক্ষণ করিবে না। কেন না, এই যে অনুবষট্‌কার, ইহা সমাপ্তিস্বরূপ ও [গ্রহ-] ভক্ষণও সমাপ্তিস্বরূপ। আর সবিতা প্রাণস্বরূপ, ওরূপ করিলে হয় ত প্রাণেরই সমাপ্তি হইতে পারে।

এই যে সবিতা, ইনি প্রাতঃসবন ও তৃতীয় সবন, এই উভয় সবনকেই বিশেষরূপে [আহুতগ্রহদ্বারা] পান করেন। সেই জন্য [বৈশ্বদেব শস্ত্রে] সবিতার উদ্দিষ্ট নিবিদের যে পিবতি-শব্দ-যুক্ত পদ পূর্ব্বে থাকে, আর মদ্-শব্দ যুক্ত পদ পরে থাকে,[৫] তাহাতে প্রাতঃসবন ও তৃতীয় সবন, উভয়ত্র এই সবিতাকে ভাগ দেওয়া হয়।

---

(৩) "তৎ সবিতুর্ব্বরেণ্যং ভর্গো দেবস্য ধীমহি" ইত্যাদি সবিতৃদৈবত ঋক্ বৈশ্বদেবশস্ত্রের প্রতিপৎ। "দমূনা দেবঃ সবিতা" এই মন্ত্র সাবিত্রগ্রহের যাজ্যা। এই মন্ত্র দুইটি শাকল-সংহিতায় নাই।

(৪) এই মন্ত্রটি সাবিত্রগ্রহের যাজ্যা, ইহাও শাকল-সংহিতায় নাই। আশ্বলায়ন উহা দিয়াছেন, যথা—"দমূনা দেবঃ সবিতা বরেণ্যো দধদ্রত্নাদক্ষ পিতৃভ্য আয়ুনি। পিবাৎ সোমমমদন্নেনমিষ্টয়ঃ পরিজ্মাচিদ্ক্রমতে অস্য ধর্ম্মণি॥" (আশ্বঃ শ্রৌঃ সূঃ ৫।১৮।২)

উহার তৃতীয় চরণে হর্ষার্থক মদ-ধাতুনিষ্পন্ন "অমদন্" এই পদ আছে, এই হেতু উহা রূপসমৃদ্ধ।

(৫) "সবিতা দেবঃ সোমস্য পিবতু" এই পিবতি-শব্দ-যুক্ত মন্ত্র নিবিদের আদিতে থাকে, "সবিতা দেব ইহ শ্রবদিহ সোমস্য মৎ-সৎ" এই মদ্-শব্দ-যুক্ত মন্ত্র নিবিদের অন্তে থাকে।

তৎপরে বৈশ্বদেবশস্ত্রে বিহিত বায়ুদৈবত ঋকের ও দ্যাবাপৃথিবীদৈবত সূক্তের বিধান, যথা—"বহবঃ ··প্রতিষ্ঠাপয়তি"

বায়ুদৈবত ঋক্ প্রাতঃসবনে অনেকগুলি আর তৃতীয় সবনে একটি মাত্র পঠিত হয়।[৬] সেই জন্য পুরুষেরও [শরীরের] ঊর্দ্ধভাগে অবস্থিত প্রাণ অনেকগুলি আর অধোভাগে অবস্থিত প্রাণ [অল্প]।

দ্যাবাপৃথিবী-দৈবত সূক্ত[৭] পাঠ করা হয়। দ্যৌঃ এবং পৃথিবী, ইহারাই প্রতিষ্ঠা-(আশ্রয়)-স্বরূপ, ইনি (পৃথিবী) ইহকালে প্রতিষ্ঠা, উনি (দ্যৌঃ) পরকালে প্রতিষ্ঠা। সেই জন্য এই যে দ্যাবাপৃথিবী-দৈবত সূক্ত পঠিত হয়, এতদ্দ্বারা যজমানকে প্রতিষ্ঠিত করা হয়।

ষষ্ঠ খণ্ড

বৈশ্বদেবশস্ত্র—আর্ভবসূক্ত

ঋভুদৈবত (আর্ভব) সূক্তের বিধান—"আর্ভবং পিত্র ইতি"

ঋভুদৈবত সূক্ত পাঠ করা হয়।[১] ঋভুগণ[২] তপস্যা দ্বারা দেবগণ মধ্যে সোমপানে অধিকার অর্জন করিয়াছিলেন। দেবতারা প্রাতঃসবনে শস্ত্রে ঋভুদের জন্য অংশ কল্পনা করিয়াছিলেন। কিন্তু অগ্নি বসুদিগের সাহায্যে প্রাতঃসবন হইতে তাঁহাদিগকে নিরাকৃত করিয়াছিলেন। তখন মাধ্যন্দিন সবনে শস্ত্রে তাঁহাদের অংশ কল্পনা হইল। ইন্দ্র রুদ্রগণের সাহায্যে মাধ্যন্দিন সবন হইতে তাঁহাদিগকে নিরাকৃত করিলেন। তখন তৃতীয় সবনে শস্ত্রে তাঁহাদের অংশকল্পনা হইল। এখানে পান করিতে পাইবে না, এখানেও না, এই বলিয়া বিশ্বদেবগণ তাঁহাদিগকে [সেখান হইতেও] নিরাকৃত করিলেন। [তখন] প্রজাপতি সবিতাকে বলিলেন, এই ঋভুগণ তোমার অন্তেবাসী (শিষ্য), তুমি ইহাদের সহিত একত্র [সোম] পান কর। সেই সবিতা বলিলেন, তাহাই হইবে, তবে তুমিও তাহাদের

---

(৬) "একয়া চ দশভিশ্চ স্বভূতে" এই বায়ুদৈবত মন্ত্র বৈশ্বদেব শস্ত্রের অন্তর্গত।

(৭) প্রথম মণ্ডলের ১৫৯ সূক্ত এই শস্ত্রের নিবিদ্ধানীয় সূক্ত, উহার মধ্যে নিবিৎ বসাইতে হয়।

(১) প্রথম মণ্ডল ১১১ সূক্ত ঋভুদৈবত। উহা বৈশ্বদেব শস্ত্র মধ্যে পাঠ্য।

(২) ঋভু—দেবত্বপ্রাপ্ত মনুষ্যবিশেষ (সায়ণ)।

উভয় দিকে থাকিয়া পান কর। তখন প্রজাপতি তাঁহাদের উভয় দিকে থাকিয়া পান করিলেন।

[সেই জন্য] "সুরূপ কৃৎনুমূতয়ে"[৩] এবং "অযং বেনশ্চোদযৎ পৃশ্নিগর্ভাঃ"[৪] এই দুই মন্ত্র, যাহা কোন বিশেষ দেবতার উদ্দিষ্ট নহে, [অতএব] যাহার প্রজাপতিই দেবতা, যাজ্যাস্বরূপে আর্ভবসূক্তের উভয় দিকে পঠিত হয়।[৫] এতদ্দ্বারা প্রজাপতি ঋভুগণের উভয় দিকে থাকিয়াই [সোম] পান করেন। সেই জন্যই দেখা যায়, শ্রেষ্ঠী (বড লোক) যে ব্যক্তিকে ভাল বাসেন, তাহাকে অন্য লোকের নিকটেও আদৃত করান।[৬]

কিন্তু দেবগণ সেই ঋভুদের হইতে দূরে থাকিয়া মনুষ্যগণের জন্য তাহাদিগকে ঘৃণা করিতেন। সেই জন্য "যেভ্যো মাতা" এবং "এবা পিত্রে"[৭] এই দুই ধায্যা [ঋভুগণের ও বিশ্বদেবগণের উদ্দিষ্ট সূক্তের] মধ্যস্থলে স্থাপিত হয়।

সপ্তম খণ্ড

বৈশ্বদেব শস্ত্র

তৎপরে বৈশ্বদেব সূক্তপাঠ; তৎসম্বন্ধে বিচার, যথা—"বৈশ্বদেবং প্রীণাতি"

বৈশ্বদেব সূক্ত[১] পাঠ করা হয়। প্রজা যেরূপ, বৈশ্বদেব শস্ত্রও সেইরূপ, তন্মধ্যে জনসমূহ যেরূপ, সূক্তসকল সেইরূপ, অরণ্যসকল যেরূপ, ধায্যাসকল সেইরূপ। সেই ধায্যার উভয় দিকে পর্য্যাহাব[২] করা

(৩) ১।৪।১। (৪) ১০।১২৩।১।

(৫) এই ধায্যামন্ত্র যথাক্রমে আর্ভবসূক্তের পূর্ব্বে ও পরে পঠিত হয়।

(৬) প্রজাপতি ঋভুগণকে ভাল বাসিতেন, তিনি সবিতার নিকট তাহাদিগকে আদৃত করিয়াছিলেন।

(৭) "যেভ্যো মাতা মধুমৎ" (১০।৬৩।৩) এবং "এবা পিত্রে বিশ্বদেবায়" (৪।১০।৬) এই দুইটি মন্ত্র আর্ভবসূক্ত হইতে বৈশ্বদেব সূক্তকে পৃথক্ করিবার জন্য "অয়ং বেনশ্চোদয়ৎ পৃশ্নিগর্ভাঃ" এই মন্ত্রের পূর্ব্বে বসান হয়।

(১) প্রথম মণ্ডল ৮৯ সূক্ত। ইহার দেবতা বিশ্বদেবগণ।

(২) "শোংসাবোম্" এই মন্ত্র আহাব বা পর্য্যাহাব। ধায্যামন্ত্রেরও পূর্ব্বে ও পরে আহাব উচ্চারিত হয়। কোন দেশমধ্যে যেমন জনপদের পার্শ্বে অরণ্য থাকে ও অরণ্য-

হয়। সেই হেতু এ বিষয়ে বলা হইয়াছে যে, যাহা অরণ্য (জলহীন), তাহাও মৃগ ও পক্ষী দ্বারা আকীর্ণ হওয়ায় [প্রকৃত পক্ষে] অরণ্য (জীবহীন) নহে।

আবার পুরুষ যেরূপ, বৈশ্বদেব শস্ত্র সেইরূপ। পুরুষের মধ্যে অঙ্গসকল যেরূপ, [শস্ত্রমধ্যে] সূক্তসকল সেইরূপ। [অঙ্গমধ্যে] পর্ব্বসকল (অঙ্গসন্ধিসকল) যেরূপ, [সূক্তমধ্যে] ধায্যাসকলও সেইরূপ। সেই ধায্যার উভয় দিকে পর্য্যাহাবকার হয়। সেই হেতু পুরুষের পর্ব্বসকল শিথিল হইয়াও দৃঢ়ভাবে ধৃত থাকে। ধায্যাও [আহাবরূপী] ব্রহ্মকর্তৃক[৩] ধৃত থাকে।

এই যে ধায্যাসকল ও যাজ্যাসকল, ইহারাই যজ্ঞের মূল। সেই জন্য যদি [উপদিষ্ট মন্ত্র ব্যতীত] অন্য অন্য মন্ত্রকে ধায্যা ও যাজ্যা করা হয়, তাহা হইলে যজ্ঞকে উন্মূলিত করা হয়, সেই জন্য তাহা (ধায্যা ও যাজ্যা মন্ত্র) [প্রকৃতিযজ্ঞে ও বিকৃতিযজ্ঞে উভয়ত্র] একরূপই হইবে।

এই যে বৈশ্বদেব নামক শস্ত্র, তাহা পঞ্চজনের সম্বন্ধী। ইহা পঞ্চবিধ জনেরই উক্‌থ (তুষ্টিহেতু), দেবগণের, মনুষ্যগণের, গন্ধর্ব্ব ও অপ্সরোগণের, সর্পগণের এবং পিতৃগণের, এই পঞ্চবিধ জনেরই ইহা উক্‌থ। এই পঞ্চবিধ জনেই এই [শস্ত্রপাঠক] হোতাকে জানে। যে ইহা জানে, এই পঞ্চবিধ জনসমূহের তুষ্ট্যর্থ হোমকুশল ব্যক্তিরা তাহার নিকট আগমন করে।

যে বৈশ্বদেব শস্ত্র পাঠ করে, সেই হোতা সকল দেবতারই [প্রীতি উৎপাদক]। সেই জন্য শস্ত্রপাঠকালে হোতা সকল দিক্‌কেই ধ্যান করিবেন। এতদ্দ্বারা সকল দিকেই রসের স্থাপন করা হয়। কিন্তু যে দিকে তাঁহার শত্রু থাকে, সে দিকের ধ্যান করিবেন না, তাহা হইলে তাহার পশ্চাতে গিয়া তাহার বীর্য্য হরণ করা হইবে।

"অদিতির্দ্যৌরদিতিরন্তরিক্ষম্"[৪] এই অন্তিম ঋকে শস্ত্রপাঠ সমাপ্ত করিবে, কেন না, এই [ভূমিই] অদিতি, ইনিই দ্যৌঃ, ইনিই অন্তরিক্ষ।

মধ্যে জীবজন্তু থাকে, সেইরূপ বৈশ্বদেবশস্ত্রে সূক্তের পার্শ্বে ধায্যা ও ধায্যামধ্যে আহাব থাকে। বৈশ্বদেব শস্ত্রের সহিত জনপদের তুলনা হইল।

(৩) ব্রহ্ম বা আহাব ইতি শ্রুতিঃ (সায়ণ)।

(৪) ১।৮৯।১০।

"অদিতির্মাতা স পিতা স পুত্রঃ" এই [দ্বিতীয় চরণের] অর্থ এই যে, ইনিই মাতা, ইনিই পিতা, ইনিই পুত্র। "বিশ্বে দেবা অদিতিঃ পঞ্চজনাঃ" এই [তৃতীয় চরণের] অর্থ বিশ্বদেবগণ ইহাঁরই ও পঞ্চজনও ইহাঁতেই অবস্থিত। "অদিতির্জাতমদিতির্জনিত্বম্" এই [চতুর্থ চরণে] ইনিই ভূত ও ভবিষ্যৎ [প্রাণিসমূহ]।

[এই অন্তিম ঋক্ পাঠকালে] দুই বার৫ প্রতি চরণের পর বিরাম দিয়া পাঠ করিবে। পশুগণ চতুষ্পদ, ইহাতে পশুগণের রক্ষা ঘটে। একবার অর্দ্ধঋকের পর বিরাম দিয়া পাঠ করিবে। তাহাতে প্রতিষ্ঠা ঘটে, কেন না, মনুষ্য দ্বিপ্রতিষ্ঠ (দুই পায়ের উপর প্রতিষ্ঠিত)। আবার পশুরা চতুষ্পদ, এই হেতু এতদ্দ্বারা দ্বিপ্রতিষ্ঠ (দ্বিপদস্থিত) যজমানকে চতুষ্পদ পশুসমূহেই প্রতিষ্ঠিত করা হয়।

সর্ব্বদাই পঞ্চজনীয় ঋক্‌দ্বারা৬ সমাপ্ত করিবে। পাঠকালে ভূমি স্পর্শ করিয়া সমাপ্ত করিবে। তাহা হইলে যে ভূমিতে যজ্ঞের সম্ভাব হয়, তাহাতেই এই যজ্ঞকে যজ্ঞান্তে স্থাপিত করা হয়। "বিশ্বে দেবাঃ শৃণুতেমং হবং মে"৭ এই বিশ্বদেবগণের উদ্দিষ্ট মন্ত্রকে বৈশ্বদেব শস্ত্র পাঠের পর যাজ্যা করিবে। এতদ্দ্বারা দেবতাগণকে আপন ভাগ দ্বারাই প্রীত করা হয়।

অষ্টম খণ্ড

তৃতীয় সবন—ঘৃতযাগ ও সৌম্যযাগ

তৃতীয় সবনে সোমের উদ্দেশে চরুহোম ও তাহার পূর্ব্বে ও পরে অগ্নি ও বিষ্ণুর উদ্দেশে যথাক্রমে ঘৃতহোম হয়; তদ্বিষয়ে যাজ্যাদি বিধান, যথা—"আগ্নেয়ী · হবন্তি"

প্রথম ঘৃতহোমের যাজ্যামন্ত্র অগ্নিদৈবত, সোমের উদ্দিষ্ট [চরু হোমের] যাজ্যামন্ত্র সোমদৈবত, [তৎপরবর্ত্তী] ঘৃতহোমের যাজ্যামন্ত্র

(৫) অন্তিম ঋক্‌টি তিন বার পাঠ করিতে হয়। তন্মধ্যে প্রথম দুই বার প্রতি চরণের পর বিরাম ও তৃতীয় বার অর্দ্ধ ঋকের পর বিরাম বিহিত। মন্ত্রের চারিটি চরণ পৃথক্ করিয়া পাঠ করায় উহা চতুষ্পদ পশুর সহিত সম্পর্কিত হইল। তৃতীয় বারে দুই ভাগে পঠিত হওয়ায় উহা দ্বিপদ মনুষ্যের সহিত সম্পর্কযুক্ত হইল।

(৬) "বিশ্বে দেবা অদিতিঃ পঞ্চজনাঃ' এই চরণ থাকায় ঐ ঋকের নাম পঞ্চজনীয় ঋক্।

(৭) ৬।৫২।১৩ ইহা বৈশ্বদেব শস্ত্রের যাজ্যা

বিষ্ণুদৈবত।[১] "ত্বং সোম পিতৃভিঃ সংবিদান"[২] এই পিতৃশব্দযুক্ত মন্ত্রকে সোমের উদ্দিষ্ট যাগে যাজ্যা করিবে।

ঋত্বিকেরা যে সোমের অভিষব করেন, উহাতে সোমকে বধ করা হয়। এই যে সোমের উদ্দিষ্ট চরু, ইহাকে সেই [মৃত] সোমের অনুস্তরণী গাভী-স্বরূপ করা হয়। সেই অনুস্তরণী পিতৃগণের যোগ্য।[৩] এই হেতু পিতৃ-শব্দ-যুক্ত মন্ত্রকে সোমের উদ্দিষ্ট যাজ্যা করা হয়।

[ঋত্বিকেরা] সোমের যে অভিষব করেন, তাহাতে সোমকে বধ করা হয়। সেই জন্য ইহাকে [ঘৃত দ্বারা ও চরু দ্বারা] বর্দ্ধিত করা হয়। উপসৎসকলদ্বারা তাঁহাকে পুনরায় প্রীত করা হয়। এই যে অগ্নি, সোম ও বিষ্ণু দেবতা, ইঁহারাই উপসদের স্বরূপ।[৪]

হোতা সোমের উদ্দিষ্ট চরু [অধ্বর্য্যুর নিকট হইতে] গ্রহণ করিয়া ছন্দোগগণের (উদ্গাতৃগণের) [গ্রহণের] পূর্ব্বে [চরুমধ্যস্থ ঘৃতে আপনার দেহচ্ছায়া প্রতি] দৃষ্টি নিক্ষেপ করিবে। এ বিষয়ে কেহ কেহ [দৃষ্টিক্ষেপের পূর্ব্বেই] ছন্দোগগণকে চরু দান করেন। কিন্তু সেরূপ করিবে না। [হবিঃশেষ ভক্ষণকালে] বষট্‌কর্ত্তা (হোতা) সকলের প্রথমে সকল ভক্ষ্য ভক্ষণ করেন, এইরূপ বলা হয়। সেই হেতু সেইরূপে বষট্‌কর্ত্তাই পূর্ব্বে দৃষ্টিক্ষেপ করিবেন ও [পরে] ছন্দোগদিগকে [ভক্ষণার্থ] প্রদান করিবেন।

(১) "ঘৃতাহবনো ঘৃতপৃষ্ঠো অগ্নিঃ" এই মন্ত্র অগ্নির উদ্দিষ্ট ঘৃতহোমের যাজ্যা। "ত্বং সোম পিতৃভিঃ" এই মন্ত্র সোমের উদ্দিষ্ট চরুহোমের যাজ্যা, "উরু বিষ্ণো বিক্রমস্ব" এই মন্ত্র বিষ্ণুর উদ্দিষ্ট ঘৃতহোমের যাজ্যা। প্রথম ও তৃতীয় মন্ত্র আশ্বলায়ন দিয়াছেন। (৪।১৯)

(২) ৮।৪৮।১৩।

(৩) মৃত ব্যক্তিকে দহন করিবার সময় এক বৃদ্ধা গাভী হত্যা করিয়া উহার অবয়ব মৃতের অবয়বে রাখিয়া একত্র দহন করিতে হয়, এইরূপ বিধি আছে। মৃতের অনুমরণার্থ হিংসিত হয় বলিয়া ঐ গাভীর নাম অনুস্তরণী। উহা পিতৃলোকের যোগ্য। (সায়ন)

(৪) উপসৎ দেখ।

নবম খণ্ড

আগ্নিমারুত শস্ত্র—প্রজাপতির উপাখ্যান

আগ্নিমারুত শস্ত্রের উপক্রমে প্রজাপতির উপাখ্যান, যথা—"প্রজাপতির্বৈ দেবাঃ"

পুরাকালে প্রজাপতি আপন কন্যার উদ্দেশে ধ্যান করিয়াছিলেন। কেহ কেহ বলেন, তিনি (সেই কন্যা) দ্যৌঃ দেবতা কেহ বলেন, তিনি উষা। প্রজাপতি ঋশ্যরূপ ধরিয়া[১] রোহিতরূপিণী[২] সেই কন্যার সহিত সঙ্গত হইয়াছিলেন। দেবগণ তাঁহাকে দেখিয়া বলিলেন, প্রজাপতি, যাহা কেহ করে নাই, তাহা করিতেছেন।[৩] এই বলিয়া, যে তাঁহাকে আর্ত্তি (শাস্তি) দিতে পারিবে, এমন ব্যক্তির তাঁহারা অন্বেষণ করিতে লাগিলেন। কিন্তু আপনাদের মধ্যে তেমন ব্যক্তি কাহাকেও দেখিলেন না। তখন তাঁহাদের যে ঘোরতম (অত্যুগ্র) শরীর ছিল, তাহা তাঁহারা একত্র মিলিত করিলেন। সেই সকল শরীর মিলিত হইয়া এই দেবের উৎপত্তি হইল, তাঁহার নাম ভূতবান্। যে ব্যক্তি তাঁহার এই নাম জানে, সে ভূতি লাভ করে।

দেবগণ সেই ভূতবান্‌কে বলিলেন, এই প্রজাপতি, যাহা কেহ করে নাই, তাহা করিয়াছেন, ইহাঁকে [বাণ দ্বারা] বিদ্ধ কর। তিনি বলিলেন, তাহাই হউক, তবে আমি তোমাদের নিকট বর চাহিতেছি। [তাঁহারা বলিলেন] বর প্রার্থনা কর। তিনি পশুগণের আধিপত্য বর চাহিলেন। সেই হেতু তাঁহার নাম পশুমান্। যে তাঁহার এই নাম জানে, সে পশুযুক্ত হয়। তখন তিনি প্রজাপতিকে লক্ষ্য করিয়া [বাণ দ্বারা] তাঁহাকে বিদ্ধ করিলেন। বিদ্ধ হইয়া তিনি ঊর্দ্ধে উৎপতিত হইলেন। তাঁহাকে (আকাশস্থ মৃগরূপী প্রজাপতিকে) লোকে মৃগ[৪] বলিয়া থাকে। আর ঐ

(১) ঋশ্যো মৃগবিশেষঃ। তথাচাভিধানকার আহ গোকর্ণপৃষতৈণর্শ্য রোহিতাশ্চমরো মৃগা ইতি। (সায়ণ)

(২) মূলে আছে—"রোহিতং ভূতাম্"; সায়ণ অর্থ করিয়াছেন, ঋতুমতী। রোহিতং লোহিতং ভূতা প্রাপ্তা ঋতুমতী জাতেত্যর্থঃ।

(৩) অকৃতং বৈ অকর্ত্তব্যমেব নিষিদ্ধাচরণং করোতি। (সায়ণ)

(৪) রোহিণী ও আর্দ্রার মধ্যে অবস্থিত মৃগশীর্ষ নক্ষত্র। (সায়ণ)

যিনি [মৃগকে বিদ্ধ কবিযাছিলেন], তিনিই [আকাশে] ঐ মৃগব্যাধ৫. আব যিনি বোহিতরূপিণী,৬ তিনি [আকাশে] বোহিণী, আব যাহা ত্রিকাণ্ডযুক্ত৭ বাণ, তাহাও [আকাশে] ত্রিকাণ্ড বাণ হইযা আছে।

প্রজাপতিব [বোহিতরূপিণী দুহিতায] সিক্ত এই বেতঃ [স্রোতোরূপে] ধাবিত হইযাছিল। তাহা এক সবোবব হইল। সেই দেবগণ বলিলেন, প্রজাপতিব এই বেতঃ যেন দোষযুক্ত (অস্পৃশ্য) না হয। প্রজাপতিব এই বেতঃ "মা দুষং"—দোষযুক্ত না হয—এই যে তাঁহাবা বলিযাছিলেন, তাহাতেই সেই বেতঃ "মাদুষ" [নামে প্রসিদ্ধ] হইল। ইহাই মাদুষেব মাদুষত্ব। এই যে মানুষ, ইহাবই নাম মাদুষ। মানুষকেই এই পবোক্ষ (অপ্রচলিত) নামে ডাকা হয। দেবগণ পবোক্ষ নামই ভাল বাসেন।

দশম খণ্ড

আগ্নিমারুত শস্ত্র

প্রজাপতিব বেতঃ হইতে অন্যান্য বস্তুব উৎপত্তি, যথা—"তদগ্নিনা···পশবস্তে চ"

[দেবগণ প্রজাপতিব] সেই বেতঃ অগ্নি দ্বাবা বেষ্টিত কবিযাছিলেন, মরুতেবা তাহা কম্পিত কবিযাছিলেন, কিন্তু অগ্নি তাহা [দ্রবত্বহেতু] কঠিন কবিতে পাবেন নাই। পুনবায তাহা বৈশ্বানবনামক অগ্নি দ্বাবা বেষ্টিত কবা হইযাছিল। মরুতেবা তাহা কম্পিত কবিযাছিলেন। অগ্নি বৈশ্বানব তাহা কঠিন কবিযাছিলেন। সেই বেতোমধ্যে যে অংশ প্রথমে উদ্দীপ্ত হইযাছিল, তাহাই ঐ আদিত্য হইল। দ্বিতীয যে অংশ ছিল, তাহা ভৃগু হইল। বরুণ সেই ভৃগুকে গ্রহণ কবিলেন। সেই জন্য তিনি বারুণি ভৃগু। যে তৃতীয অংশ দীপ্তি পাইযাছিল, তাহা আদিত্যগণ হইল। অবশিষ্ট সমস্ত [দগ্ধ হইযা] অঙ্গাব হইযাছিল। তাহা হইতে অঙ্গিবোগণ হইলেন। পুনবায যে অংশ অশান্ত হইযা উঠিল, তাহা হইতে

(৫) লুব্ধক নক্ষত্র।

(৬) এ স্থলে সায়ণ অর্থ করিতেছেন—রোহিৎ রক্তবর্ণা মৃগী।

(৭) বাণের তিন ভাগ, অনীক শল্য, তেজন। মৃগশিরার নিকটে বাণাকৃতি তারাত্রয় বুঝাইতেছে।

বৃহস্পতি হইলেন। যে পরিক্ষাণ[1] থাকিল, তাহা হইতে কৃষ্ণবর্ণ পশুসকল হইল। যে লোহিত মৃত্তিকা থাকিল, তাহা হইতে রোহিত (রক্তবর্ণ) পশুগণ হইল। যে ভস্ম থাকিল, উহা পরুষ-শরীর হইয়া গৌর, গবয়, ঋশ্য, উষ্ট্র, গর্দ্দভ এবং এই যে সকল অরুণবর্ণ পশু, তাহাই হইয়া ছড়াইয়া পড়িল।

এই আখ্যায়িকান্তর আগ্নিমারুত শস্ত্রের প্রস্তাব, যথা—"তান্ বা এষঃ নমস্যতি"

সেই দেব (ভূতবান্) তাহাদিগকে (প্রজাপতি-রেতোজাত পশুগণকে) লক্ষ্য করিয়া বলিয়াছিলেন, এ সমস্তই আমার, এই [যজ্ঞ-]ভূমিতে স্থিত হীন দ্রব্য, সমস্তই আমার। তখন, এই যে রুদ্রদৈবত ঋক্ পঠিত হয়, এতদ্দ্বারা সেই ভূতবান্‌কে [সেই সকল বস্তুতে] নিঃস্পৃহ করা হইয়াছিল। "আ তে পিতর্মরুতাং সুম্নমেতু মা নঃ সূর্য্যস্য সংদৃশো যুযোথাঃ। ত্বং নো বীরো অর্বতি ক্ষমেথাঃ প্রজায়েমহি রুদ্রিয় প্রজাভিঃ"[2]—অহে মরুদ্গণের পিতা [রুদ্র], তোমার সুখ উৎপন্ন হউক, আমাদিগকে সূর্য্যের দৃষ্টি হইতে বিযুক্ত করিও না, অহে বীর, তুমি আমাদের [প্রজাদি] সম্পত্তিতে সহিষ্ণু হও, অহে রুদ্রিয়, আমরা যেন প্রজাদ্বারা প্রজাস্বরূপে উৎপন্ন হই—এই [আগ্নিমারুত শস্ত্রে পাঠ্য রুদ্রদৈবত] ঋক্ পাঠ করিবে। [তৃতীয় চরণে "ত্বং নঃ"—স্থলে] "অভি নঃ"[3] [এই পাঠান্তর] পাঠ করিবে না। তাহা হইলে ("অভি নঃ" এই পাঠ ব্যবহার না করিলে) সেই দেব (রুদ্র) প্রজাগণের অভিমুখে দৃষ্টিপ্রদ হন না।[4] [চতুর্থ চরণে

(১) পরিক্ষাণানি কৃষ্ণবর্ণানি কাষ্ঠানি। (সায়ণ) জলন্ত অঙ্গার নিবাইলে যে কৃষ্ণবর্ণ কয়লা অবশিষ্ট থাকে।

(২) ২।৩৩।১।

(৩) শাখান্তরে "ত্বং নো বীরঃ" স্থলে "অভি নো বীরঃ" এই পাঠ আছে। সেই পাঠ এ স্থলে নিষিদ্ধ হইল।

(৪) রুদ্র উগ্রস্বভাব দেবতা। তাঁহার নামগ্রহণও বিপজ্জনক। যে মন্ত্রে তাঁহার নাম আছে, সেখানে "রুদ্র" না বলিয়া "রুদ্রিয়" বলাই ভাল। "অভি নো বীরো অর্বতি ক্ষমেথাঃ" এ স্থলে "অভি" শব্দ উদ্দেশবাচী। ঐ চরণের অর্থ—আমাদের ছেলেপিলের উদ্দেশে সহিষ্ণু হও, তাহাদের পানে তাকাইও না। কি জানি, যদি "অভি" এই শব্দ উচ্চারণেই তাহাদের উদ্দেশে তাঁহার দৃষ্টি আকৃষ্ট হয়, এই আশঙ্কায় বলা হইল, "অভি" না বলিয়া "ত্বং" বলিবে। তাহা হইলে মন্ত্রের অর্থ বজায় থাকিবে, অথচ রুদ্রের দৃষ্টি আকৃষ্ট হইবে না।

"রুদ্রিয" স্থলে] "রুদ্র" [এই পাঠান্তর] বলিবে না, ঐ ["রুদ্র"] নাম পরিহার করাই উচিত। [বরং] ঐ ঋকের স্থলে "শং নঃ করতি"৫ এই অন্য মন্ত্র পাঠ করিবে। কেন না, উহাতে যে [মঙ্গলার্থক] "শং" শব্দে আরম্ভ হইয়াছে, তাহাতে সকলেরই শান্তি (মঙ্গল) ঘটে। [ঐ মন্ত্রের] "নৃভ্যো নারিভ্যো গবে" এই চরণের নৃ শব্দে পুরুষ, নারী শব্দে স্ত্রী বুঝায়, উহাদের সকলেরই [ঐ মন্ত্রে] শান্তি ঘটে।

ঐ ঋক্ রুদ্রের উদ্দিষ্ট হইলেও যখন উহাতে রুদ্রের নাম বিশেষভাবে কথিত হয় নাই, তখন উহা শান্তিজনক, তাহাতে হোতা পূর্ণায়ু হয় ও পূর্ণায়ু লাভ ঘটে। যে ইহা জানে, সে পূর্ণ আয়ু প্রাপ্ত হয়। সেই ঋকের ছন্দ গায়ত্রী। গায়ত্রীই ব্রহ্ম। ইহাতে ব্রহ্মদ্বারাই সে [রুদ্র] দেবতাকে প্রণাম করা হয়।

একাদশ খণ্ড

আগ্নিমারুত শস্ত্র

আগ্নিমারুত শস্ত্রের প্রথম ঋক—"বৈশ্বানরীয়েণ বিবক্তা"

বৈশ্বানর-দৈবত সূক্তে১ আগ্নিমারুত শস্ত্র আরম্ভ করা হয়। কেন না, বৈশ্বানরই সেই [প্রজাপতি কর্তৃক] সিক্ত রেতঃ কঠিন করিয়াছিলেন। সেই জন্য বৈশ্বানরীয় সূক্ত দ্বারা আগ্নিমারুত শস্ত্র আরম্ভ করিবে। [ঐ সূক্তের] প্রথম ঋক্ শ্বাস রুদ্ধ করিয়া পাঠ করিবে। যে [এইরূপে] আগ্নিমারুত শস্ত্র পাঠ করে, সে অগ্নিদিগকে ও অশান্ত অর্চিঃসমূহকে প্রসন্ন করিয়া চলে। সে প্রাণ (বায়ু) দ্বারা অগ্নিকে শান্ত রাখে। অধ্যয়নকালে যদি কোন অক্ষরচ্যুতির আশঙ্কা থাকে, তবে কোন সংশোধনকারীর [উপস্থিতি] ইচ্ছা করিবে, তাহা হইলে তাঁহাকেই সেতুস্বরূপ করিয়া [অপরাধ হইতে] উত্তীর্ণ হইতে পারিবে। সেই জন্য আগ্নিমারুত শস্ত্রপাঠে [প্রথমেই] সংশোধনক্ষম বক্তা স্থির করিবে, [প্রমাদের পর] সংশোধন করিবে না।

(৫) ১।৪৩।৬।

(১) "বৈশ্বানরায় পৃথু পাজসে" ইত্যাদি বৈশ্বানরীয় সূক্তে আগ্নিমারুতের আরম্ভ। তৃতীয় মণ্ডলের তৃতীয় সূক্ত বৈশ্বানরীয় সূক্ত।

তৎপরে মারুতসূক্তের বিধান—"মারুতং শংসতি"

মরুৎ-দৈবত সূক্ত[২] পাঠ করা হয়। মরুতেরাই সেই [প্রজাপতি কর্তৃক] সিক্ত রেতঃ কম্পিত করিয়া কঠিন করিয়াছিলেন। সেই জন্য মরুৎ-দৈবত সূক্ত পাঠ করা হয়।

তৎপরে প্রগাথদ্বয়ের বিধান—"যজ্ঞা যজ্ঞা এবং বেদ'

"যজ্ঞা যজ্ঞা বো অগ্নয়ে"[৩] এবং "দেবো বো দ্রবিণোদাঃ"[৪] এই দুই [যথাক্রমে] যোনি ও অনুরূপ [প্রগাথ দুইটি] শস্ত্রের মধ্যস্থলে পাঠ করিবে।[৫] এই যোনি ও অনুরূপ মন্ত্র শস্ত্রের মধ্যস্থলে পাঠ করা হয়, সেই হেতু [স্ত্রীলোকের] যোনিও [শরীরের] মধ্যস্থলে অবস্থিত। যেহেতু দুইটি সূক্ত (আগ্নিমারুত সূক্ত ও মারুত সূক্ত) পাঠের পর [এই যোনির] পাঠ হয়, সেই হেতু প্রতিষ্ঠাদ্বয়ের (শরীরের প্রতিষ্ঠাস্বরূপ পদদ্বয়ের) উপরেই জননেন্দ্রিয় স্থাপিত হয়। ইহাতে প্রজোৎপত্তি ঘটে। যে ইহা জানে, সে প্রজা ও পশু দ্বারা উৎপন্ন হয়।

দ্বাদশ খণ্ড

আগ্নিমারুত শস্ত্র

তৎপরে আগ্নিমারুত শস্ত্রের অন্তর্গত জাতবেদস্য সূক্তের ও আপোহিষ্ঠীয় ঋক্‌ত্রয়ের বিধান—"জাতবেদস্য অবসীযানিতি"

জাতবেদার উদ্দিষ্ট সূক্ত পাঠ করিবে।[১] প্রজাপতি প্রজাসকল সৃষ্টি করিয়াছিলেন। তাহারা সৃষ্ট হইয়া প্রজাপতিকে পশ্চাৎ করিয়া চলিয়া গিয়াছিল, আর ফিরে নাই। প্রজাপতি তাহাদিগকে অগ্নি দ্বারা বেষ্টন করিয়াছিলেন। তখন তাহারা অগ্নির নিকট ফিরিয়াছিল। সেই হেতু

(২) "প্রত্বক্ষসঃ প্রতবসঃ" ইত্যাদি সূক্ত। প্রথম মণ্ডল, ৮৭ সূক্ত।

(৩) ৬।৪৮।১-২। (৪) ৭।১৬।১১-১২।

(৫) ঐ দুইটি প্রগাথ। প্রত্যেক প্রগাথে দুইটি ঋক্ আছে, উহাকে তিনটি ঋকে পরিণত করিয়া উদ্গাতা গান করেন বলিয়া উহাকে স্তোত্রিয়ও বলা হয়। প্রথম স্তোত্রিয়টি আদিতে থাকায় উহার নাম "যোনি"। দ্বিতীয়টিও তদনুরূপ হওয়ায় উহার নাম "অনুরূপ"। শস্ত্রের আদিতে পাঠ না করিয়া পূর্ব্বোক্ত সূক্তদ্বয় পাঠান্তে শস্ত্র মধ্যে এই প্রগাথ পাঠের বিধি।

(১) "প্রতব্যসীং নব্যসীং" ইত্যাদি প্রথম মণ্ডলের ১৪৩ সূক্ত।

অদ্যাপি লোকে [শীতার্ত্ত হইলে] অগ্নির নিকট ফিরিয়া থাকে। প্রজাপতি বলিলেন, এই "জাত" (সৃষ্ট) প্রজাগণ অগ্নির সাহায্যে "বিত্ত" (লব্ধ) হইয়াছে। তিনি যে বলিয়াছেন, এই জাত প্রজাগণ [অগ্নির] সাহায্যে বিত্ত হইয়াছে, ইহাতেই ঐ সূক্ত "জাতবেদার" (অগ্নির) সম্বন্ধযুক্ত হইল, ইহাই জাতবেদার জাতবেদস্ত্ব। দীপ্যমান প্রজাগণ অগ্নি কর্ত্তৃক বেষ্টিত ও অবরুদ্ধ হইয়া শোক করিতে করিতে সেইখানেই অবস্থিত হইল। প্রজাপতি তাহাদিগকে জল দ্বারা অভিষিক্ত করিলেন। সেই জন্য জাতবেদার উদ্দিষ্ট সূক্তের পরে আপোহিষ্ঠীয়ং ঋকৃত্রয় পাঠ করা হয়। সেই জন্য শান্তিপ্রার্থী হোতা ঐ ঋক্‌ত্রয় পাঠ করিবেন। সেই প্রজাগণকে জল দ্বারা অভিষিক্ত করিয়া প্রজাপতি তাহাদিগকে আপনার বলিয়া মনে করিলেন। তৎপরে তিনি বুধ্ন্য অহি দ্বারা (তন্নামক দেবতা দ্বারা) পরোক্ষভাবে (গোপনে) সেই প্রজাসমূহে তেজ আধান করিয়াছিলেন। এই যে গার্হপত্য অগ্নি, ইনিই "অহির্বুধ্ন্যঃ"। এতদ্দারা গার্হপত্য অগ্নির সাহায্যেই সেই প্রজাগণে পরোক্ষভাবে তেজ আধান করা হইল। সেই জন্য বলা হইয়াছে যে, হোমরহিত ব্যক্তি অপেক্ষা হোমকারী ব্যক্তি অতিশয় শ্রেষ্ঠ।

ত্রয়োদশ খণ্ড

আগ্নিমারুত শস্ত্র

আগ্নিমারুত শস্ত্রের অন্তর্গত অন্যান্য মন্ত্রের বিধান—"দেবানাং পত্নীঃ শংস্তব্যাম্"

গৃহপতি অগ্নির পশ্চাৎ "দেবানাং পত্নীঃ" ইত্যাদি [ঋকৃদ্বয়] পাঠ করা হয়।[১] সেই জন্য পত্নী [যজ্ঞশালাতে] গার্হপত্য অগ্নির পশ্চাতে বসেন।[২]

(২) "আপো হি ষ্ঠা ময়োভুবস্থা ন উর্জ্জে দধাতন। মহেরণায় চক্ষসে।" ইত্যাদি ঋকৃত্রয়। ১০।৯।১-৩।

(৩) অহির্বুধ্ন্যঃ অগ্নিবিশেষের নাম। (সায়ণ) শস্ত্রান্তর্গত "উত নোঽহির্বুধ্ন্যঃ" (৬।৫০।১৪) এই মন্ত্র পাঠের প্রশংসার্থ এই আখ্যায়িকা।

(১) ৫।৪৬।৭-৮। পূর্ব্বোক্ত "উত নো অহির্বুধ্ন্যঃ" ইত্যাদি ঋক্‌ গৃহপতি অগ্নির উদ্দিষ্ট, ঐ ঋক্‌ পাঠের পর দেবপত্নীগণের উদ্দিষ্ট মন্ত্র পাঠ করিবে, ইহাই তাৎপর্য্য।

(২) যজ্ঞশালাতে গার্হপত্য অগ্নির নিকটে যজমানের পত্নীর আসন নির্দ্দিষ্ট থাকে।

এ বিষয়ে [ব্রহ্মবাদীরা] কেহ কেহ বলেন, [দেবপত্নীদের] পূর্ব্বে রাকার উদ্দিষ্ট ঋক্ পাঠ করিবে,[৩] [দেবগণের] ভগিনীর উদ্দেশেই সোমপানের প্রথমাংশ দিবে। কিন্তু এ মত আদরণীয় নহে। পূর্ব্বে দেবপত্নীগণের উদ্দিষ্ট ঋক্ পাঠ কর্ত্তব্য। এই যে গার্হপত্য অগ্নি, ইনিই পত্নীগণে রেতঃ আধান করেন। এতদ্দ্বারা গার্হপত্য অগ্নির সাহায্যেই পত্নীতে প্রত্যক্ষভাবে রেতঃ আধান করা হয়। তাহাতে প্রজোৎপত্তি ঘটে। যে ইহা জানে, সে প্রজাদ্বারা ও পশু দ্বারা উৎপন্ন হয়। আর সেই জন্যই সহোদরা ভগিনীকে পরোদরজাতা পত্নীর অনুজীবিনী হইয়া জীবিত থাকিতে হয়।[৪]

[তৎপরে] রাকার উদ্দিষ্ট ঋক্ পাঠ করিবে।[৫] পুরুষের শিশ্নের উপরে যে সেবনী (সেলাই চিহ্ন) আছে, রাকাই তাহা সীবন করিয়াছেন। যে ইহা জানে, তাহার পুরুষ পুত্র জন্মে। পাবীরবীর উদ্দিষ্ট ঋক্ পাঠ করিবে।[৬] বাগ্দেবী সরস্বতীই পাবীরবী, এতদ্দ্বারা বাগ্দেবতাতেই বাক্যের (মন্ত্রের) স্থাপনা হয়।

এ বিষয়ে কেহ কেহ প্রশ্ন করেন, আগে যমদৈবত ঋক্ পাঠ করিবে, না পিতৃদৈবত ঋক্ পাঠ করিবে? [উত্তর] পূর্ব্বে "ইমং যম প্রস্তরমা হি সীদ" এই যমদৈবত ঋক্ই পাঠ করিবে।[৭] রাজারই পূর্ব্বে পানে অধিকার[৮], সেই জন্য যমদৈবত ঋক্ই পূর্ব্বে পাঠ করিবে।

"মাতলী কব্যৈর্যমো অঙ্গিরোভিঃ"[৯]—কাব্যগণের এই ঋক্ পূর্ব্বোক্ত ঋকের পশ্চাৎ পাঠ করিবে। কাব্যগণ[১০] দেবগণের অপেক্ষা নিকৃষ্ট,

(৩) রাকা সম্পূর্ণচন্দ্রমণ্ডলযুক্তা পৌর্ণমাসী বা তদভিমানিনী দেবতা। ইনি দেবগণের ভগিনী।

(৪) দেবভগিনীকে প্রথমে সোম না দিয়া দেবপত্নীদিগকেই দেওয়া হইল। জনসমাজেও ভগিনীর অপেক্ষা পত্নীর আদর অধিক।

(৫) "রাকামহং সুহবাং" ইত্যাদি ঋক্দ্বয় ২।৩২।৪-৫।

(৬) ৬।৪৯।৭ পাবস্য শোধস্য হেতুত্বাৎ পাবীরবী বাগ্দেবী (সায়ণ)।

(৭) ১০।১৪।৪।

(৮) যমঃ পিতৄণাং রাজা ইতি শ্রুতিঃ—সায়ণ।

(৯) ১০।১৪।৩।

(১০) কাব্যা দেবানাং স্তোতারঃ কেচিদধমজাতিবিশেষাঃ—সায়ণ।

পিতৃগণের অপেক্ষা উৎকৃষ্ট, সেই জন্য [পূর্ব্বোক্ত যমদৈবত মন্ত্রের] পশ্চাৎ কাব্যগণের ঋক্ পাঠ করিবে।

"উদীরতামবর উৎ পরাসঃ উন্মধ্যমাঃ পিতরঃ সোম্যাসঃ"[১১]—নিকৃষ্ট, উৎকৃষ্ট, মধ্যম, ত্রিবিধ পিতৃগণই সোমযোগ্য, তাঁহারা উৎকর্ষ লাভ করুন—ইত্যাদি পিতৃদৈবত ঋক্‌ত্রয় পাঠ করিবে, ঐ [প্রথম] মন্ত্র পাঠে [পিতৃগণের মধ্যে] যাঁহারা অধম, যাঁহারা উত্তম ও যাঁহারা মধ্যম, তাঁহাদের কাহাকেও পরিত্যাগ না করিয়া প্রীত করা হয়।

"আহং পিতৄন্ সুবিদত্রাঁ অবিৎসি"[১২] এই দ্বিতীয় [পিতৃদৈবত] ঋক্ পাঠ করিবে। উহার "বর্হিষদো যে স্বধয়া সুতস্য" এই চরণে যে "বর্হিষদঃ" পদ আছে, তাহাতে, বর্হি (কুশ) পিতৃগণের প্রিয় ধাম, ইহাই বুঝাইতেছে। এতদ্দ্বারা তাঁহাদিগকে তাঁহাদের প্রিয় ধাম দ্বারাই সমৃদ্ধ করা হয়। যে ইহা জানে, সে প্রিয় ধাম দ্বারা সমৃদ্ধ হয়।

"ইদং পিতৃভ্যো নমো অস্ত্বদ্য"[১৩] এই নমস্কারযুক্ত ঋক্‌কে [ঐ তিনটি পিতৃদৈবত ঋকের] শেষে পাঠ করিবে। এই জন্য [শ্রাদ্ধাদির] অন্তেই পিতৃগণকে নমস্কার করা হয়।

এ বিষয়ে [ব্রহ্মবাদীরা] প্রশ্ন করেন, পিতৃদৈবত এই তিনটি ঋক্ [প্রতি মন্ত্রের পূর্ব্বে] আহাব করিয়া পাঠ করিবে, না, আহাব না করিয়া পাঠ করিবে? [উত্তর] [প্রতি মন্ত্রের পূর্ব্বে] আহাব করিয়াই পাঠ করিবে। কেন না, পিতৃযজ্ঞের অসমাপ্ত অংশ সমাপ্ত করা উচিত; যে হোতা [প্রতি মন্ত্রের পূর্ব্বে] আহাব করিয়া [পিতৃদৈবত ঋক্] পাঠ করেন, তিনি অসমাপ্ত পিতৃযজ্ঞকে সমাপ্ত করেন। সেই জন্য আহাব করিয়াই পাঠ করা উচিত।

চতুর্দ্দশ খণ্ড

আগ্নিমারুত শস্ত্র

তদনন্তর আগ্নিমারুতে অন্যান্য ঋকের বিধান, যথা—"স্বাদুষ্কিলায়ং...প্রতিষ্ঠাপয়তি"

"স্বাদুষ্কিলায়ং মধুমাঁ উতায়ম্"[১] ইত্যাদি মন্ত্র ইন্দ্রের; ঐ ইন্দ্রদৈবত অনুপানীয় মন্ত্র [চারিটি] পাঠ করা হয়। ইন্দ্র তৃতীয় সবনের পরে

(১১) ১০।১৫।১-৩। (১২) ১০।১৫।৩। (১৩) ১০।১৫।২।
(১) ৬।৪৭।১-৪।

এই মন্ত্র কয়টিব দ্বাবা [প্রশংসিত হইয়া] সোম পান কবিয়াছিলেন; ইহাই অনুপানীয় মন্ত্রগুলিব অনুপানীয়ত্ব। হোতা যখন এই সকল মন্ত্র পাঠ কবেন, তখন দেবতাগণ মত্ত (হৃষ্ট) হন; সেই জন্য এই মন্ত্র পাঠকালে [অধ্বর্য্যু] মদ্-শব্দ-যুক্ত মন্ত্রে প্রতিগব কবিবেন।[২]

"যয়োবোজসা স্কভিতা বজাংসি"[৩] এই বিষ্ণু-বরুণ-দৈবত ঋক্ পাঠ করা হয। বিষ্ণুই যজ্ঞেব বৈকল্য বক্ষা কবেন, আব বরুণ যজ্ঞেব সাকল্য রক্ষা কবেন, এতদ্দ্বাবা তদুভযেবই শান্তি ঘটে।

"বিষ্ণোর্নু কং বীর্য্যাণি প্রবোচম্"[৪] এই বিষ্ণুদৈবত ঋক্ পাঠ কবা হয়। যেমন সুমতি-সম্পাদিত কর্ম্ম [ফলপ্রদ], বিষ্ণুও যজ্ঞেব পক্ষে সেইরূপ; অপিচ [কৃষক] যেরূপ মন্দভাবে কর্ষিত ভূমিকে [পবে] উত্তমরূপে কর্ষিত কবে, এবং [অন্য লোকে] দুর্মতিকৃত কর্ম্মকে পবে সুমতিসম্পাদিত কর্ম্মে পবিণত কবিযা থাকে, সেইরূপ হোতা যখন ঐ মন্ত্র পাঠ কবেন, তখন [বিষ্ণু] যজ্ঞে অপকৃষ্টভাবে যে স্তব গীত হইযাছে, তাহাকে উৎকৃষ্ট স্তবে ও অপকৃষ্টভাবে যে শস্ত্র পঠিত হইযাছে, তাহাকে উৎকৃষ্ট শস্ত্রে পবিণত কবিযা থাকেন।

"তন্তুং তন্বন্ বজসো ভানুমন্বিহি"[৫]—অহে প্রজাপতি, তুমি তন্তু (পুত্রাদি সন্ততি) সন্তত (বিস্তাবিত) কবিযা জগতেব ভানুকে (জগৎপ্রকাশক সূর্য্যকে) অনুসবণ কব—এ স্থলে প্রজাই (পুত্রাদিই) তন্তু; এতদ্দ্বাবা যজমানেব প্রজাকেই সন্তত (বিস্তৃত) কবা হয। "জ্যোতিষ্মতঃ পথো রক্ষ ধিযা কৃতান্"—বুদ্ধিপূর্ব্বক সম্পাদিত জ্যোতির্ময [স্বর্গেব] পথ রক্ষা কব—এই [দ্বিতীয চবণে] দেবযানই জ্যোতিষ্মান্ পথ, এতদ্দ্বাবা যজমানেব উদ্দেশে সেই পথেবই বিস্তাব কবা হয়। "অনুল্বণং বয়ত জোগুবামপো মনুর্ভব জনযা দৈব্যং জনম্"—আমাদেব অনুষ্ঠানশীল পুত্রাদিব কর্ম্ম অনতিবেকে নির্ব্বাহ কব, দেবপূজক জনেব উৎপাদন কব

---

(২) এ স্থলে "মদামো দৈব" এই মন্ত্রে অধ্বর্য্যু হোতার আহাবের প্রত্যুত্তরে প্রতিগর করেন।

(৩) শাকলসংহিতায় নাই। আশ্বলায়ন উদ্ধৃত করিয়াছেন। (আশ্ব° শ্রৌ° সূ০, ৫।২০)

(৪) ১।১৫৪।১। (৫) ১০।৫৩।৬।

ও মনুস্বরূপ হও—এই [তৃতীয় ও চতুর্থ] চরণ পাঠে যজমানকে মনুর প্রজা দ্বারা (মনুষ্যরূপী সন্তান দ্বারা) সন্তত (বিস্তৃত) করা হয়। তাহাতে প্রজোৎপত্তি ঘটে। যে ইহা জানে, সে প্রজাদ্বারা ও পশুদ্বারা [সমৃদ্ধ হইয়া] উৎপন্ন হয়।

"এবা ন ইন্দ্রো মঘবা বিরপ্শি"[৬] এই অন্তিম ঋকে [আগ্নিমারুত শস্ত্র] সমাপ্ত করিবে। এই মন্ত্রে এই ভূমিই ইন্দ্র এবং মঘবা (ধনবান্) এবং বিরপ্শী (সর্ব্বদা উদ্যমশীল)। "করৎসত্যা চর্ষণীধৃদনর্বা"—এই [দ্বিতীয় চরণেও] এই ভূমিই চর্ষণীধৃৎ (মনুষ্যগণের পালক), অনর্বা (অশ্বরহিত) এবং সত্যস্বরূপ। "ত্বং রাজা জনুষাং ধেহ্যস্মে"—এই [তৃতীয় চরণেও] এই ভূমিই "জনুষাং রাজা" (জাত পদার্থের রাজা)। "অধি শ্রবো মাহিনং যজ্জরিত্রে"—এই [চতুর্থ চরণেও] এই ভূমিই "মাহিন" (মহত্ত্ব), "যজ্ঞশ্রব" (যজ্ঞস্বরূপ ও কীর্ত্তিস্বরূপ) এবং যজমানই "জরিতা" (স্তোতা)। এতদ্দ্বারা যজমানের জন্যই আশিষ প্রার্থনা হয়[৭]।

ভূমি স্পর্শ করিয়া এই মন্ত্রে [শস্ত্রপাঠ] সমাপ্ত করিবে। এতদ্দ্বারা যে ভূমিতে যজ্ঞের সম্ভাব হয়, সেখানেই এই যজ্ঞকে অবশেষে প্রতিষ্ঠিত করা হয়।

অনন্তর আগ্নিমারুত শস্ত্রের যাজ্যা বিধান, যথা—"অগ্নে মরুদ্ভিঃ···প্রীণয়তি"

"অগ্নে মরুদ্ভিঃ শুভয়দ্ভিঋর্কভিঃ"[৮] এই অগ্নি-মরুদ্-দৈবত মন্ত্রকে আগ্নিমারুত শস্ত্র পাঠের পর যাজ্যা করিবে। এতদ্দ্বারা দেবতাগণকে আপনারই ভাগ দ্বারা প্রীত করা হয়।

---

(৬) ৪।১৭।২০।

(৭) "মঘবা ধনবান্। বিরপ্শী সর্ব্বদা উদ্যুক্ত। চর্ষণীশব্দো মনুষ্যবাচী তান্ ধারয়তি পোষয়তি চর্ষণীধৃৎ ইন্দ্রঃ। অনর্ব্বা অশ্বং পরিত্যজ্য যাগভূমাবুপবিষ্টত্বাদশ্বরহিতঃ। জনুষাং রাজা জাতানাং রাজা। জরিত্রে স্তোত্রে যজমানায়। মাহিনং মহত্ত্বম্। শ্রবঃ কীর্ত্তিঃ।" এই যে ইন্দ্র, যিনি মঘবা ও সর্ব্বদা উদ্যমশীল ও যিনি মনুষ্যগণের পোষক, যিনি অশ্ব ছাড়িয়া যজ্ঞভূমিতে উপস্থিত হন, তিনি আমাদের কর্ম্ম সম্পাদন করুন; অহে ইন্দ্র, তুমি জাত পদার্থের রাজা হইয়া যজমানে কীর্ত্তি ও মহত্ত্ব অর্পণ কর। মন্ত্রটি ইন্দ্রের উদ্দিষ্ট। এই ঋকটি পাঠ করিয়া ভূমিস্পর্শ করিতে হয়। ভূমিই উক্ত ঋকের উদ্দিষ্ট দেবতা ইন্দ্রের স্বরূপ, সেই হেতু যে সকল বিশেষণ ইন্দ্রের, তাহা ভূমিপক্ষেও প্রযোজ্য।

(৮) ৫।৬০।৮।

চতুর্দ্দশ অধ্যায়

প্রথম খণ্ড

অগ্নিষ্টোম

অগ্নিষ্টোম সকল সোমযজ্ঞের প্রকৃতি; তৎসম্বন্ধে উপাখ্যান, যথা—"দেবা বৈ···অপিয়ন্তি"

পুবাকালে দেবগণ অসুবদিগকে জয কবিবাব জন্য তাহাদেব সহিত যুদ্ধের উপক্রম কবিয়াছিলেন, অগ্নি তাঁহাদেব অনুগমনে ইচ্ছা করেন নাই। দেবগণ তাঁহাকে বলিলেন, তুমি আইস, তুমিও আমাদেব মধ্যে একজন। তিনি বলিলেন, আমাব স্তব না কবিলে আমি তোমাদেব অনুগমন কবিব না, শীঘ্র আমাব স্তব কব। তাহাই হউক, এই বলিয়া দেবগণ উত্থিত হইযা তাঁহাব নিকটে গিযা তাঁহাব স্তব কবিলেন। অগ্নিও স্তবেব পব তাঁহাদেব অনুগমন কবিলেন।

সেই অগ্নি শ্রেণিত্রয়যুক্ত ও অনীকত্রয়যুক্ত হইযা বিজযেব জন্য অসুবগণেব নিকট যুদ্ধে উপস্থিত হইযাছিলেন। তিনি ছন্দোগণকেই[১] তিন শ্রেণিতে পবিণত কবিযাছিলেন বলিয়া শেণিত্রয়যুক্ত এবং সবনসমূহকে অনীকে[২] পবিণত কবিযাছিলেন বলিযা অনীকত্রয়যুক্ত হইয়াছিলেন। তখন তিনি অসুবদিগকে সম্পূর্ণরূপে পবাভূত কবিযাছিলেন। তখন হইতে দেবগণ জযী হইলেন ও অসুবেবা পবাভূত হইল। যে ইহা জানে, সে জযী হয ও তাহাব দ্বেষকাবী পাপী শত্রু পবাভূত হয।

এই যে অগ্নিষ্টোম, ইনিই সেই গাযত্রী। কেন না, গাযত্রীব চব্বিশ অক্ষব, আর অগ্নিষ্টোমেবও স্তোত্র ও শস্ত্র চব্বিশটি[৩]।

---

(১) সবনত্রয়ে ব্যবহৃত গায়ত্রী, ত্রিষ্টুপ্ ও জগতী, এই তিন ছন্দের এখানে উল্লেখ হইতেছে। অনীক=সেনাপতি। (সায়ণ)

(২) প্রাতঃসবন, মাধ্যন্দিন সবন ও তৃতীয় সবন, এই তিন সবন।

(৩) অগ্নিষ্টোমে স্তোত্রসংখ্যা বারটি, যথা—বহিষ্পবমান, মাধ্যন্দিন পবমান, আর্ভবপবমান—এই তিন পবমান স্তোত্র, চারিটি আজ্যস্তোত্র ও চারিটি পৃষ্ঠস্তোত্র ও একটি যজ্ঞাযজ্ঞীয় স্তোত্র। শস্ত্রসংখ্যাও বারটি, যথা—আজ্য, প্রউগ, নিষ্কেবল্য, মরুত্বতীয়, বৈশ্বদেব,

এ স্থলে [ব্রহ্মবাদীরা] বলিয়া থাকেন, অন্নময় [অগ্নিষ্টোম] সুষ্ঠুরূপে অনুষ্ঠিত হইলে [যজমানকে] সুধাতে (স্বর্গে) স্থাপন করেন ;—এই বাক্যের লক্ষ্য গায়ত্রী। কেন না, গায়ত্রী ক্ষমায় (পৃথিবীতে) ক্রীড়া করেন না, তিনি উর্দ্ধগামিনী হইয়া যজমানকে লইয়া স্বর্গে গমন করেন। অগ্নিষ্টোমও ঐ বাক্যের লক্ষ্য, কেন না, অগ্নিষ্টোমও পৃথিবীতে ক্রীড়া করেন না, তিনিও উর্দ্ধগামী হইয়া যজমানকে লইয়া স্বর্গে গমন করেন।

এই যে অগ্নিষ্টোম, তিনিই সংবৎসর। কেন না, সংবৎসরে অর্দ্ধ মাস চব্বিশটি, আর অগ্নিষ্টোমেও স্তোত্র ও শস্ত্র চব্বিশটি। স্রোতস্বতীসকল যেমন সমুদ্রে প্রবেশ করে, সেইরূপ সকল যজ্ঞক্রতুই[৪] অগ্নিষ্টোমে প্রবেশ করে।

দ্বিতীয় খণ্ড

অগ্নিষ্টোম

অগ্নিষ্টোমের পুনরায় প্রশংসা, যথা—"দীক্ষণীয়েষ্টিঃ...অপ্যেতি"

[অগ্নিষ্টোমের আরম্ভে] দীক্ষণীয়েষ্টি অনুষ্ঠিত হয়, তদনুসারী যে সকল ইষ্টি, তাহারা সকলেই অগ্নিষ্টোমে প্রবেশ করে।[১]

[দীক্ষণীয়েষ্টিতে] ইড়ার উপাহ্বান হয়[২], পাকযজ্ঞসকল[৩] ইড়াসদৃশ। যে সকল পাকযজ্ঞ ইড়ার অনুসারী, তাহারাও সকলে অগ্নিষ্টোমে প্রবেশ করে।

আগ্নি-মারুত, হোতৃপাঠ্য এই ছয়টি ও তদ্ব্যতীত হোত্রকপাঠ্য তদনুরূপ আর ছয়টি। সর্ব্বসাকল্যে স্তোত্র ও শস্ত্রের সংখ্যা চব্বিশ।

(৪) উক্থ্য, ষোড়শী, অতিরাত্র, অহীন সত্র প্রভৃতি সকল সোমযাগই অগ্নিষ্টোমের বিকৃতি।

(১) অগ্নিষ্টোমে অনুষ্ঠিত অন্যান্য ইষ্টিও দীক্ষণীয়েষ্টির বিকৃতি মাত্র।

(২) ইড়ার আহ্বান সম্বন্ধে পূর্ব্বে দেখ।

(৩) আশ্বলায়ন মতে হুত, প্রহুত ও আহুত, এই তিনটি পাকযজ্ঞ। অন্য সূত্রকারের মতে হুত, প্রহুত, আহুত, শূলগব, বলিহরণ, প্রত্যবরোহণ, অষ্টকাহোম, এই সাতটি পাকযজ্ঞ। মতান্তরে শ্রবণাকর্ম্ম, সর্পবলি, আশ্বযুজী, আগ্রয়ণ, প্রত্যবরোহণ, পিণ্ডপিতৃযজ্ঞ ও অষ্টকা, এই কয়টি পাকযজ্ঞ। পাকযজ্ঞে গৃহস্থ আপনার স্মার্ত্ত অগ্নিতে হোম করেন।

সায়ংকালে ও প্রাতঃকালে অগ্নিহোত্র হোম করা হয়; [দীক্ষিত ব্যক্তি] সায়ংকালে ও প্রাতঃকালে ব্রত প্রদান করেন[৪]। অগ্নিহোত্র হোম স্বাহা উচ্চারণ সহকারে হয়; ব্রত প্রদানও সেইরূপ স্বাহা উচ্চারণ সহ হইয়া থাকে। এই স্বাহাকারেরই অনুসরণ করিয়া অগ্নিহোত্রও অগ্নিষ্টোমে প্রবেশ করে[৫]।

[অগ্নিষ্টোমান্তর্গত] প্রায়ণীয় ইষ্টিতে পোনেরটি সামিধেনী মন্ত্র বিহিত; দর্শ ও পূর্ণমাসেও [সামিধেনী মন্ত্র] পোনেরটি। এই হেতু দর্শ-পূর্ণমাসও প্রায়ণীয়ের অনুসারী হওয়ায় অগ্নিষ্টোমেই প্রবেশ করে।

[অগ্নিষ্টোমে] রাজা সোমকে ক্রয় করা হয়। রাজা সোম ঔষধস্বরূপ; যাহার চিকিৎসা করা হয়, ওষধিদ্বারাই তাহার চিকিৎসা হয়। যে সকল ভেষজ (ঔষধ) এইরূপে ক্রীয়মাণ রাজা সোমের অনুযায়ী, তাহারাও সকলে অগ্নিষ্টোমে প্রবেশ করে।

[অগ্নিষ্টোমগত] আতিথ্য কর্ম্মে অগ্নির মন্থন হয়। চাতুর্মাস্যেও অগ্নির মন্থন হয়। আতিথ্যের অনুসারী হওয়ায় চাতুর্মাস্য সকলও অগ্নিষ্টোমে প্রবেশ করে।

প্রবর্গ্য যজ্ঞে দুগ্ধ দ্বারা [হোম] সম্পাদিত হয়। দাক্ষায়ণ যজ্ঞেও দুগ্ধ দ্বারা [হোম সম্পাদিত] হয়। প্রবর্গ্যের অনুযায়ী হওয়ায় দাক্ষায়ণ যজ্ঞ অগ্নিষ্টোমে প্রবেশ করে[৬]।

উপবসথ দিনে পশুকর্ম্ম বিহিত হয়[৭]। যে সকল পশুবন্ধ তাহার অনুসারী, তাহারাও অগ্নিষ্টোমে প্রবেশ করে।

---

(৪) অগ্নিহোত্র প্রত্যহ প্রাতে ও সন্ধ্যায় অনুষ্ঠেয় হোম। অগ্নিষ্টোমাদি যজ্ঞে দীক্ষিত যজমানের নিয়মপূর্ব্বক প্রাতে ও সন্ধ্যায় দুগ্ধ পানের নাম ব্রতপ্রদান (পূর্ব্বে দেখ)। অগ্নিষ্টোমে দীক্ষিতকে তিন দিন এই ব্রত প্রদান করিতে হয়। প্রাতে ও সন্ধ্যায় বৎস কর্ত্তৃক দুগ্ধপানের পর গাভী দোহন করিয়া সেই দুগ্ধ যজমান পান করেন।

(৫) অগ্নিহোত্র হোমের মন্ত্র "অগ্নির্জ্যোতির্জ্যোতিরগ্নিঃ স্বাহা", ব্রতদানের মন্ত্র যথা—"তে মঃ পান্তু তে নোঽবন্তু তেভ্যো নমস্তেভ্যঃ স্বাহা"। উভয়ত্র স্বাহাকার থাকায় অগ্নিহোত্রও অগ্নিষ্টোমের অনুগত।

(৬) দাক্ষায়ণ যজ্ঞ দর্শপূর্ণমাসের বিকৃতি। পুরোডাশ, দধি ও দুগ্ধ ইহার হব্য।

(৭) সোমাভিষবের পূর্ব্বদিন উপবসথ। পূর্ব্বে দেখ। সেই দিন অগ্নীষোমীয় পশুকর্ম্ম বিহিত।

ইড়াদধ নামক যজ্ঞক্রতু,—তাহাতে দধিদ্বারা [হোম] অনুষ্ঠিত হয় ; দধিঘর্ম্মেও দধি দ্বারা [হোম] অনুষ্ঠিত হয়। দধিঘর্ম্মের অনুসারী হওয়ায় ইড়াদধও অগ্নিষ্টোমে প্রবেশ করে[৮]।

তৃতীয় খণ্ড

অগ্নিষ্টোম

অগ্নিষ্টোমের পূর্ব্ববর্ত্তী যজ্ঞসমূহের অগ্নিষ্টোমপ্রবেশ দেখান হইল। এখন পরবর্ত্তী যজ্ঞসকলেরও অগ্নিষ্টোমের অন্তর্ব্বর্ত্তিতা প্রদর্শিত হইতেছে, যথা—"ইতি নু···এবং বেদ"

এ পর্য্যন্ত [অগ্নিষ্টোমের] পূর্ব্ববর্ত্তী [যজ্ঞবিষয়ক], অনন্তর [অগ্নিষ্টোমের] পরবর্ত্তী [যজ্ঞ বিষয়ে বলা হইবে]। উক্‌থ্যের[১] পোনেরটি স্তোত্র ও পোনেরটি শস্ত্র। অতএব উহা [শস্ত্র ও স্তোত্র একত্র যোগে ত্রিশটি হওয়ায়] মাসস্বরূপ, মাস হইতেই সংবৎসর সম্পাদিত হয় ; সংবৎসরই অগ্নি বৈশ্বানর এবং অগ্নিই অগ্নিষ্টোম। সংবৎসরের অনুসরণ করিয়া উক্‌থ্য অগ্নিষ্টোমে প্রবেশ করে। তৎপ্রবিষ্ট উক্‌থ্যের অনুসরণ করিয়া বাজপেয়ও উক্‌থ্যস্বরূপ হয় ও অগ্নিষ্টোমে প্রবেশ করে।

[অতিরাত্র যজ্ঞে] রাত্রির পর্য্যায় বারটি[২] ; তাহারা সকলেই পঞ্চদশ [স্তোমবিশিষ্ট] ; [তন্মধ্যে] দুই দুই [পর্য্যায়] একযোগে [স্তোমসংখ্যা] ত্রিশটি হয়। [অথবা] ষোড়শি-সাম[৩] একুশটি ; আর

---

(৮) ইড়াদধ যজ্ঞও দর্শপূর্ণমাসের বিকৃতি। দধিঘর্ম অগ্নিষ্টোমের অন্তর্গত। মাধ্যন্দিন সবনে মরুত্বতীয় শস্ত্র পাঠের পর দধি হইতে প্রস্তুত হব্য আহুতির পর ঋত্বিকেরা উহা ভক্ষণ করেন।

(১) উক্‌থ্য, ষোড়শী প্রভৃতি ক্রতু অগ্নিষ্টোমেরই বিকৃতি।

(২) অতিরাত্রযাগে সন্ধ্যার পর ষোড়শী গ্রহ হইতে হোমের পর ঋত্বিকেরা চমস হইতে সোম পান করেন। এই ক্রিয়া রাত্রিকালে দ্বাদশ বার অনুষ্ঠিত হয়। এক এক বার অনুষ্ঠানে এক এক পর্য্যায়।

(৩) ষোড়শস্তোত্রে ঋকগুলিকে একুশটি সামে পরিণত করিয়া উদ্গাতারা গান করেন।

সন্ধি (তন্নামক স্তোত্র) ত্রিবাবৃত্ত তিন (অর্থাৎ নযটি) ; এইরূপেও উহা [একুশ ও নয একযোগে] ত্রিশটি হয। এইরূপে অতিবাত্র মাসের স্বরূপ, কেন না, মাসে বাত্রি ত্রিশটি। মাস হইতে সংবৎসব সম্পাদিত হয। সংবৎসবই অগ্নি বৈশ্বানব, অগ্নিই অগ্নিষ্টোম। এইরূপে সংবৎসরেব অনুসবণ কবিযা অতিবাত্র অগ্নিষ্টোমে প্রবেশ কবে।

তৎপ্রবিষ্ট অতিবাত্রেব অনুসবণ কবিযা অপ্তোর্যাম অতিবাত্রস্বরূপ হয় এবং অগ্নিষ্টোমে প্রবেশ কবে।

এইরূপে যে সকল যজ্ঞক্রতু [অগ্নিষ্টোমেব] পূর্ব্ববর্ত্তী ও যাহাবা পববর্ত্তী, তাহাবা সকলেই অগ্নিষ্টোমে প্রবেশ কবে।

[উদ্গাতৃগণ কর্ত্তৃক] সম্যক্‌রূপে স্তুত হইযা অগ্নিষ্টোমেব স্তোত্রান্তর্গত মন্ত্রসংখ্যা এক শ নব্বইটি হয[৪]। তন্মধ্যে যে নব্বইটি, তাহাতে দশটি ত্রিবৃৎ (ত্রিবাবৃত্ত তিন অর্থাৎ নয মন্ত্রাত্মক) স্তোম হয। আব যে নব্বইটি, তাহাতেও দশটি ত্রিবৃৎ স্তোম হয। আব [অবশিষ্ট] যে দশটি, তাহাতে একটি স্তোত্রগত মন্ত্র অতিবিক্ত থাকে, [উহাকে ছাড়িলে অবশিষ্ট নয মন্ত্রে] একটি ত্রিবৃৎ অবশিষ্ট থাকে। ঐ ত্রিবৃৎ স্তোম একবিংশতিতম হইয়া [অন্যগুলিব] উপবে স্থাপিত হইযা [আদিত্যেব মত] প্রকাশ

---

(৪) মন্ত্রসংখ্যা, যথা—

প্রাতঃসবনে—	
বহিষ্পবমান স্তোত্রে	৯
চারিটি আজ্যস্তোত্রে	৪ × ১৫ = ৬০
মাধ্যন্দিন সবনে—	
মাধ্যন্দিন পবমান স্তোত্রে	১৫
চারিটি পৃষ্ঠস্তোত্রে	৪ × ১৭ = ৬৮
তৃতীয় সবনে—	
আর্ভবপবমান স্তোত্রে	১৭
যজ্ঞাযজ্ঞীয় স্তোত্রে	২১
একযোগে	১৯০

পায়।[৫] অথবা উহা স্তোমসকলের মধ্যে বিষুব-স্বরূপ ;[৬] কেন না, দশটি ত্রিবৃৎ উহার পূর্ব্ববর্ত্তী ও দশটি পরবর্ত্তী ; এবং এইটি মধ্যে থাকিয়া একবিংশতিতম হইয়া উভয় দিকেই [অন্য বিশটি স্তোমের] উপরে স্থাপিত হইয়া প্রকাশ পায়। আর যে স্তোত্রগত মন্ত্রটি অতিরিক্ত হইয়াছে, তাহা ঐ [একবিংশস্থানীয] স্তোমের উপর স্থাপিত হয় ; উহা যজমানস্বরূপ। অপিচ উহা দেবগণের ক্ষত্রস্বরূপ ও শত্রুদমন সৈন্যস্বরূপ।

যে ইহা জানে, সে দেবগণের ক্ষত্র ও শত্রুদমন সৈন্য লাভ করে ও তাহার সাযুজ্য, সারূপ্য ও সালোক্য লাভ করে।

চতুর্থ খণ্ড

অগ্নিষ্টোম

অগ্নিষ্টোম সম্বন্ধে আখ্যায়িকা, যথা—"দেবা বা· ·এবং বেদ"

দেবগণ পুরাকালে অসুরদিগের সহিত [যুদ্ধে] জয়লাভ করিয়া ঊর্দ্ধে গিয়া স্বর্গলোক পাইয়াছিলেন। [তন্মধ্যে] অগ্নি দ্যুলোক স্পর্শ করিয়া ঊর্দ্ধে উত্থিত হইয়াছিলেন। তিনি স্বর্গলোকের দ্বার আবৃত করিলেন। অগ্নিই স্বর্গলোকের অধিপতি। বসুগণ প্রথমে তাঁহার নিকট

---

(৫) উল্লিখিত ১৯০ = ১৮৯ + ১ = ৯ × ২১ + ১ = ১০ × ৯ + ১০ × ৯ + ১ × ৯ + ১ নয় মন্ত্রে একটি ত্রিবৃৎ স্তোম। একুশটি ত্রিবৃৎ স্তোম ও অতিরিক্ত একটি মন্ত্র একযোগে ১৯০। উক্ত ১৯০ মন্ত্রের ৯০টিতে দশটি ত্রিবৃৎ হয়। আর ৯০টিতে আর দশটি ত্রিবৃৎ। বাকি দশটি মন্ত্রে আর একটি ত্রিবৃৎ হইয়া একটি মন্ত্র অবশিষ্ট থাকে। এই শেষোক্ত একবিংশ ত্রিবৃৎ আদিত্যস্বরূপ ও অতিরিক্ত মন্ত্রটি যজমানস্বরূপ। "দ্বাদশ মাসাঃ পঞ্চর্ত্তবঃ ত্রয় ইমে লোকা অসাবাদিত্য একবিংশঃ" এই শ্রুত্যনুসারে আদিত্য একবিংশতি-সংখ্যাপূরক। এই হেতু একবিংশ ত্রিবৃৎও আদিত্যস্বরূপ। ঐ আদিত্যস্বরূপ ত্রিবৃৎকে বিষুস্বরূপও মনে করা যাইতে পারে।

(৬) গবাময়নের মধ্যগত অনুষ্ঠান (দ্র° ১৮শ অধ্যায়, ৪র্থ খণ্ড) একুশ দিনে সম্পাদিত হয়। উহার পূর্ব্বে দশ দিন, পরে দশ দিন, মধ্যে এক দিন ; ঐ মধ্যবর্ত্তী দিনকে বিষুব দিন বলে। এই মধ্যবর্ত্তী বিষুবদিনের সহিত একবিংশ ত্রিবৃৎ স্তোমের সাদৃশ্য।

আসিয়াছিলেন। তাঁহাবা ইহাঁকে বলিলেন, [তোমাকে] অতিক্রম করিয়া আমাদিগকে [স্বর্গে] যাইতে দাও, আমাদেব জন্য পথ কব। অগ্নি বলিলেন, স্তব না কবিলে আমি [দ্বাব] ছাডিব না , শীঘ্র আমাব স্তব কব। তাহাই কবিব, এই বলিযা তাঁহাবা অগ্নিকে ত্রিবৃৎ স্তোম দ্বাবা স্তব কবিযাছিলেন। স্তুত হইযা অগ্নি তাঁহাদিগকে [স্বর্গে] যাইতে দিযাছিলেন , তাঁহাবাও যথাস্থানে গমন কবিযাছিলেন।

[তাব পব] রুদ্রগণ অগ্নিব নিকট আসিলেন ও তাঁহাকে বলিলেন, [তোমাকে] অতিক্রম কবিযা আমাদিগকে স্বর্গে যাইতে দাও, আমাদিগেব জন্য পথ কব। তিনি বলিলেন, স্তব না কবিলে আমি [দ্বাব] ছাডিব না, শীঘ্র আমাব স্তব কব। তাহাই কবিব বলিযা তাঁহাবা অগ্নিকে পঞ্চদশ স্তোমদ্বাবা স্তব কবিলেন। স্তুত হইয়া অগ্নি তাঁহাদিগকে যাইতে দিলেন। তাঁহাবাও যথাস্থানে গমন কবিলেন।

[তখন] আদিত্যগণ অগ্নিব নিকট আসিলেন। তাঁহাবা ইহাঁকে বলিলেন, [তোমাকে] অতিক্রম কবিযা আমাদিগকে [স্বর্গে] যাইতে দাও, আমাদেব জন্য পথ কব। তিনি বলিলেন, স্তব না কবিলে আমি [দ্বাব] ছাডিব না, শীঘ্র আমাব স্তব কব। তাহাই কবিব বলিযা তাঁহাবা অগ্নিকে সপ্তদশ স্তোমদ্বাবা স্তব কবিযাছিলেন। স্তুত হইযা তিনি তাঁহাদিগকে যাইতে দিলেন। তাঁহাবাও যথাস্থানে গমন কবিলেন।

[তখন] বিশ্বদেবগণ অগ্নিব নিকট আসিলেন। তাঁহাবা ইহাকে বলিলেন, [তোমাকে] অতিক্রম কবিযা আমাদিগকে [স্বর্গে] যাইতে দাও, আমাদেব জন্য পথ কব। তিনি বলিলেন, স্তব না কবিলে আমি [দ্বাব] ছাডিব না, শীঘ্র আমাব স্তব কব। তাহাই কবিব বলিযা তাঁহাবা একবিংশ স্তোম দ্বাবা অগ্নিব স্তব কবিলেন। স্তুত হইযা অগ্নি তাঁহাদিগকে যাইতে দিলেন, তাঁহাবাও যথাস্থানে গমন কবিলেন।

[এইরূপে] দেবগণ এক একটি [ত্রিবৃৎ, পঞ্চদশ, সপ্তদশ, একবিংশ] স্তোম দ্বাবা অগ্নিব স্তব কবিয়াছিলেন এবং স্তুত হইয়া অগ্নি তাঁহাদিগকে যাইতে দিয়াছিলেন। তাঁহাবাও যথাস্থানে গমন কবিয়াছিলেন। এই হেতু যে ব্যক্তি যাগ কবে, সে এই সকল (ঐ চাবিটি) স্তোম দ্বারা অগ্নির স্তব করিয়া থাকে। যে ব্যক্তি অগ্নিষ্টোমকে ঐরূপ বলিয়া জানে, তাহাকে

[স্বর্গে] যাইতে দেওযা হয। যে ইহা জানে, তাহাকেও স্বর্গলোকের অভিমুখে যাইতে দেওযা হয।

পঞ্চম খণ্ড

অগ্নিষ্টোম

অগ্নিষ্টোম ও জ্যোতিষ্টোম, এই নামের ব্যুৎপত্তি, যথা—"স বা এষ···তেনেতি"

এই যে অগ্নিষ্টোম, ইনিই সেই অগ্নি। [দেবগণ স্তোম দ্বারা] তাঁহার স্তব করিযাছিলেন, সেই জন্য উহা অগ্নিস্তোম। সেই অগ্নিস্তোমকেই পরোক্ষ নামে অগ্নিষ্টোম বলিযা ডাকা হয, কেন না, দেবগণ পরোক্ষ নাম ভাল বাসেন।

দেবচতুষ্টয (বসুগণ, রুদ্রগণ, আদিত্যগণ ও বিশ্বদেবগণ) যে চারিটি স্তোম দ্বারা অগ্নির স্তব করিযাছিলেন, সেই হেতু উহা চতুস্তোম। সেই চতুস্তোমকে পরোক্ষ নামে চতুষ্টোম বলিযা ডাকা হয, কেন না, দেবগণ পরোক্ষ নাম ভাল বাসেন।

আবার অগ্নি ঊর্দ্ধে গিযা জ্যোতিঃস্বরূপ হইলে [দেবগণ] যে তাঁহার স্তব করিযাছিলেন, সেই জন্য উহা জ্যোতিস্তোম। সেই জ্যোতিস্তোমকে পরোক্ষ নামে জ্যোতিষ্টোম বলিযা ডাকা হয, কেন না, দেবগণ পরোক্ষ নাম ভাল বাসেন।

রথচক্র যেমন অনন্ত, সেইরূপ এই যে যজ্ঞক্রতু (অগ্নিষ্টোম)—ইহার আদি নাই ও অন্ত নাই, কেন না, এই যে অগ্নিষ্টোম, ইহার যেমন প্রাযণ (আদি), তেমনই উদযন (অন্ত)[১]।

অগ্নিষ্টোমকে লক্ষ্য করিযা এই যজ্ঞগাথাটি গীত হয,—"যদস্য পূর্ব্বমপরং তদস্য যদ্বস্যাপরং তদ্বস্য পূর্ব্বম্। অহেরিব সর্পণং শাকলস্য ন বিজানন্তি যতরৎ পরস্তাৎ"—যেমন ইহার আরম্ভ, তেমনি ইহার শেষ; আবার যেমন ইহার শেষ, তেমনই ইহার আরম্ভ। শাকল নামক সর্পের মত ইহার গতি, ইহার কোন্ কর্ম্ম পরবর্ত্তী, [কোন্ কর্ম্মই বা পূর্ব্ববর্ত্তী],

(১) রথচক্রের যেখানে আদি, সেইখানেই অন্ত; সেইরূপ প্রাযণীয় কর্ম্ম ও উদযনীয় কর্ম্ম একবিধ বলিয়া অগ্নিষ্টোমেরও আদি অন্ত সমান।

তাহা বুঝা যায় না।[২] [ঐ গাথার তাৎপর্য্য যে] অগ্নিষ্টোমের প্রায়ণ (আরম্ভ) যেমন, উদয়নও (শেষও) সেইরূপ।

এ বিষয়ে [ব্রহ্মবাদীরা] প্রশ্ন করেন, [প্রাতঃসবনের আদিতে প্রযোজ্য] ত্রিবৃৎ স্তোম যখন প্রায়ণ (আরম্ভ), আর [তৃতীয় সবনের অন্তে প্রযোজ্য] একবিংশ স্তোম যখন উদয়ন (শেষ), তখন উহারা (আদি ও অন্ত) কিরূপে সমান হইল? [উত্তর] যেটি একবিংশ স্তোম, তাহা ত্রিবৃতের মতই। [ত্রিবৃৎ ও একবিংশ উভয় স্তোমের অন্তর্গত] ঋক্‌ত্রয় ত্র্যৃচধর্ম্মযুক্ত, সেই জন্যই [উহারা সমান], এই উত্তর দিবে।[৩]

ষষ্ঠ খণ্ড

অগ্নিষ্টোম

অগ্নিষ্টোম সম্বন্ধে অন্যান্য কথা—"যো বা এষ · এবং বেদ"

ঐ যিনি (অর্থাৎ যে আদিত্য) তাপ দেন, তিনিই অগ্নিষ্টোম। ঐ [আদিত্য] দিনের সহিত বর্ত্তমান, অগ্নিষ্টোমও এক দিনেই সমাপ্ত হয়,[১] এই জন্য উহাও দিনের সহিত বর্ত্তমান।

যেমন প্রাতঃসবনে, তেমনই মাধ্যন্দিনে, তেমনই তৃতীয় সবনে কোনরূপ ত্বরা না করিয়া সবনকর্ম্ম অনুষ্ঠান করিবে। এইরূপ করিলেই যজমান অপমৃত্যুরহিত হয়। প্রথম দুই সবনে ত্বরা না করিয়া কর্ম্মের অনুষ্ঠান হইতে পারে; সেই নিমিত্ত পূর্ব্বদিগ্বর্ত্তী গ্রামসমূহ বহুজনপূর্ণ হইয়া থাকে। আর তৃতীয় সবনে [কালসংক্ষেপ হেতু] ত্বরা করিয়া কর্ম্মানুষ্ঠান হয়,

---

(২) "শাকলনামা অহিঃ সর্পবিশেষঃ। স চ সর্পণকালে মুখেন পুচ্ছস্য দংশনং কৃত্বা বলয়াকারো ভবতি তত্র কিং মুখং কিংবা পুচ্ছমিতি ন জ্ঞায়তে" (সায়ণ)। ঐ সর্পের যেমন কোথায় মুখ, কোথায় পুচ্ছ বুঝা যায় না, সেইরূপ প্রায়ণীয় ও উদয়নীয় কর্ম্ম একরূপ হওয়ায় অগ্নিষ্টোমেরও আদ্যন্ত পৃথক্ করিয়া বুঝা যায় না।

(৩) প্রাতঃসবনের আরম্ভে ত্রিবৃৎ স্তোমের আশ্রয় "উপাস্মৈ গায়তা নরঃ" ইত্যাদি সূক্ত ঋক্‌ত্রয় যুক্ত। (পূর্ব্বে দেখ) তৃতীয় সবনের শেষে একবিংশ স্তোমের আশ্রয় "যজ্ঞা যজ্ঞা বো অগ্নয়ে" এই সূক্তের দুই প্রগাথেও তিনটি করিয়া ঋক্ আছে। অতএব উভয় স্তোমই ত্র্যৃচধর্ম্মযুক্ত। তিনটি ঋক্ একযোগে ত্র্যৃচ হয়।

(১) অগ্নিষ্টোমের সবনত্রয় একদিনেই অনুষ্ঠিত হয়।

সেই নিমিত্ত পশ্চিমে দীর্ঘ অবণ্য হইযা থাকে। যজমানও ঐরূপ করিলে অপমৃত্যুযুক্ত হযেন। সেই নিমিত্ত যেমন প্রাতঃসবনে, তেমনই মাধ্যন্দিনে, তেমনই তৃতীয সবনে ত্বরা না করিযা কর্ম্ম অনুষ্ঠান করিবে। তাহা হইলে যজমান অপমৃত্যুরহিত হইবে।

সেই হোতা ঐ আদিত্যের অনুকরণ করিযা শস্ত্রদ্বারা পর্য্যাবর্ত্তন করিবেন। ঐ আদিত্য যখন প্রাতঃকালে উদিত হন, তখন মন্দ্র (অল্প) তাপ দেন সেই জন্য মন্দ্র (অনুচ্চ) স্বরে প্রাতঃসবনে শস্ত্র পাঠ করিবে। আদিত্য যখন উপরে উঠেন, তখন খরতর তাপ দেন, সেই জন্য মাধ্যন্দিনে উচ্চতর স্বরে শস্ত্র পাঠ করিবে। যখন আদিত্য আরও উপরে উঠেন, তখন খরতমভাবে তাপ দেন, সেই জন্য তৃতীয সবনে উচ্চতম স্বরে শস্ত্র পাঠ করিবে। বাক্য যদি হোতার বশ হয, তবে ঐরূপেই [উচ্চতম স্বরেই] শস্ত্র পাঠ করিবে। বাক্যই শস্ত্র। যাহাতে উত্তরোত্তর [উচ্চ] বাক্যদ্বারা [শস্ত্রপাঠ] সমাপ্তির জন্য উৎসাহ জন্মে, সেইরূপ বাক্যে [শস্ত্রপাঠ] আরম্ভ করিবে। তাহা হইলেই উহা সর্ব্বাপেক্ষা সুপঠিত হইবে।

এই যে [আদিত্য], ইনি কখনই অস্তমিত হন না, উদিতও হন না। তাঁহাকে যখন অস্তমিত মনে করা যায, তখন তিনি সেই দেশে দিবসের অন্ত (সমাপ্তি) করিযা, তৎপরে আপনাকে বিপর্য্যস্ত করেন, [অর্থাৎ] সেই পূর্ব্বদেশে রাত্রি করেন ও পরদেশে দিবস করেন। আবার যখন তাঁহাকে প্রাতঃকালে উদিত মনে করা যায, তখন তিনি রাত্রিরই সেখানে অন্ত (সমাপ্তি) করিযা, পরে আপনাকে বিপর্য্যস্ত করেন, (অর্থাৎ) পূর্ব্বদেশে দিবস করেন ও পরদেশে রাত্রি করেন।[২]

এই সেই আদিত্য কখনই অস্তমিত হন না। যে ইহা জানে, সেও কখন অস্তমিত হয না, পরন্ত তাঁহার (আদিত্যের) সাযুজ্য, সারূপ্য ও সালোক্য লাভ করে।

---

(২) সূর্য্য প্রকৃতপক্ষে অস্ত যান না। এক স্থানে রাত্রি হইলে অন্যত্র তখন দিন হয়, ইহাই তাৎপর্য্য। মূলে 'অবস্তাৎ' ও 'পরস্তাৎ' আছে ; সায়ণ অর্থ করিয়াছেন—অবস্তাৎ অতীতে দেশে রাত্রিমেব কুরুতে পরস্তাৎ আগামিনি দেশে অহঃ কুরুতে। ব্রাহ্মণমধ্যে এই বৈজ্ঞানিক তত্ত্ব বিশেষ আদরণীয়।

পঞ্চদশ অধ্যায়

প্রথম খণ্ড

ইষ্টিসমূহ

দেবগণ কর্তৃক যজ্ঞলাভ সম্বন্ধে আখ্যায়িকা, যথা—"যজ্ঞো বৈ…ছন্দোভিশ্চ"

একদা যজ্ঞ ভক্ষ্য অন্ন সমেত দেবগণের নিকট হইতে চলিয়া গিয়াছিলেন। দেবগণ বলিলেন, যজ্ঞ ভক্ষ্য অন্ন সমেত আমাদের নিকট হইতে চলিয়া গিয়াছেন, এই যজ্ঞের অনুসরণ করিয়া আমরা অন্নেরও অন্বেষণ করিব। তাঁহারা বলিলেন, কিরূপে অন্বেষণ করিব? ব্রাহ্মণদ্বারা ও ছন্দোদ্বারা [অন্বেষণ] করিব। এই বলিয়া তাঁহারা [যজমানরূপী] ব্রাহ্মণকে ছন্দোদ্বারা দীক্ষিত করিয়াছিলেন ও তাঁহার [দীক্ষণীয়েষ্টি] যজ্ঞকে সমাপ্তি পর্য্যন্ত বিস্তৃত করিয়াছিলেন, অপিচ [দেব-] পত্নীগণেরও সংযাজ করিয়াছিলেন। সেই হেতু এখনও দীক্ষণীয়া ইষ্টিতে যজ্ঞকে সমাপ্তি পর্য্যন্ত বিস্তৃত করা হয় ও [দেব-] পত্নীগণেরও সংযাজ করা হয়। [দেবগণকৃত] সেই কর্ম্মের অনুসরণ করিয়া [মনুষ্যেরাও] তদ্রূপ করিয়া থাকে।

তার পর তাঁহারা প্রায়ণীয় কর্ম্মের বিস্তার করিয়াছিলেন; প্রায়ণীয় কর্ম্ম দ্বারা তাঁহারা যজ্ঞকে অত্যন্ত নিকটে আনিয়া অনুষ্ঠান করিয়াছিলেন। তাঁহারা অত্যন্ত ত্বরা করিয়া কর্ম্মসকল সম্পাদন করিয়াছিলেন ও সেই প্রায়ণীয় কর্ম্মকে শংযু কর্ম্ম দ্বারা সমাপ্ত করিয়াছিলেন[১]। সেই হেতু অদ্যাপি প্রায়ণীয় শংযু কার্য্যেই সমাপ্ত করা হয়। [দেবগণকৃত] কর্ম্মের অনুসরণ করিয়া [মনুষ্যেরাও] তদ্রূপ করিয়া থাকে।

[তৎপরে] তাঁহারা আতিথ্য কর্ম্মের বিস্তার করিয়াছিলেন; আতিথ্য দ্বারা তাঁহারা যজ্ঞকে অত্যন্ত নিকটে আনিয়া তাহা অনুষ্ঠান করিয়াছিলেন। তাঁহারা অত্যন্ত ত্বরা করিয়া কর্ম্মসকল সম্পাদন করিয়াছিলেন ও ইড়াকর্ম্মে

---

(১) প্রায়ণীয়েষ্টিতে পত্নীসংযাজ পর্য্যন্ত না যাইয়া শংযুবাক অনুষ্ঠানেই উহা শেষ করা হয়। পূর্ব্বে ৫৫ পৃষ্ঠ দেখ।

[আতিথ্যকে] সমাপ্ত করিয়াছিলেন।[২] সেই হেতু অদ্যাপি আতিথ্য কর্ম্ম ইডা দ্বারা সমাপ্ত করা হয়। [দেবগণকৃত] কর্ম্মের অনুসরণ করিয়া [মনুষ্যেরাও] তদ্রূপ করিয়া থাকে।

[তৎপরে] তাঁহারা উপসৎ-সমূহের বিস্তার করিয়াছিলেন; উপসৎ-সকল দ্বারা সেই যজ্ঞকে অত্যন্ত নিকটে আনিয়া অনুষ্ঠান করিয়াছিলেন। তাঁহারা অত্যন্ত ত্বরা করিয়া কর্ম্মসকল সম্পাদন করিয়াছিলেন। তাঁহারা তিনটি সামিধেনী পাঠ করিয়া তিন দেবতার যাগ করিয়াছিলেন,[৩] সেই হেতু অদ্যাপি উপসৎসমূহে তিনটি সামিধেনী পাঠ করিয়া তিন দেবতার যাগ করা হয়। [দেবগণকৃত] কর্ম্মের অনুসরণ করিয়া [মনুষ্যেরাও] তদ্রূপ করিয়া থাকে।

[তৎপরে] তাঁহারা উপবসথ[৪] কর্ম্ম বিস্তার করিয়াছিলেন। উপবসথ্য দিনে তাঁহারা পশুকর্ম্ম পাইয়াছিলেন, তাহা পাইয়া তাঁহারা যজ্ঞকে সমাপ্তি পর্য্যন্ত বিস্তৃত করিয়াছিলেন, অপিচ [দেব-] পত্নীগণেরও সংযাজ করিয়াছিলেন। সেই হেতু অদ্যাপি উপবসথে যজ্ঞকে সমাপ্তি পর্য্যন্ত বিস্তৃত করা হয় ও [দেব-] পত্নীগণেরও সংযাজ করা হয়।

সেই হেতু ঐ পূর্ব্ববর্ত্তী কর্ম্মসকলে হোতা ক্রমশঃ নীচতর স্বরে অনুবচন পাঠ করিবেন।

এইরূপে উত্তরোত্তর সারবান্ কর্ম্মের অনুষ্ঠান দ্বারা দেবগণ সেই যজ্ঞকে পাইয়াছিলেন, সেই জন্য উপবসথে যত [উচ্চ স্বরে] ইচ্ছা করিবে, তেমনি [স্বরে] অনুবচন পাঠ করিবে। তাহা হইলে সেই সোমযাগ প্রাপ্ত হওয়া যায়।

সেই যজ্ঞকে পাইয়া দেবগণ বলিলেন, [অহে যজ্ঞ], তুমি আমাদের ভক্ষণীয় অন্নের জন্য অবস্থান কর। যজ্ঞ বলিলেন, না, কেন আমি তোমাদের জন্য অবস্থান করিব? এই বলিয়া যজ্ঞ দেবগণের প্রতি দৃষ্টিক্ষেপ করিলেন। দেবগণ তাঁহাকে বলিলেন, ব্রাহ্মণদ্বারা ও ছন্দোদ্বারা সংযুক্ত হইয়া তুমি ভক্ষণীয় অন্নের জন্য অবস্থিতি কর। [যজ্ঞ বলিলেন]

---

(২) আতিথ্য কর্ম্ম ইডান্ত হয়। ৫৫ পৃষ্ঠ দেখ।

(৩) উপসদের উদ্দিষ্ট দেবতাত্রয় অগ্নি, সোম ও বিষ্ণু; পূর্ব্বে ৭৩ পৃষ্ঠ দেখ।

(৪) উপবসথ দিবসে অনুষ্ঠিত অগ্নি ও সোমের উদ্দিষ্ট পশুকর্ম্ম।

তাহাই হইবে। সেই হেতু অদ্যাপি যজ্ঞ ব্রাহ্মণদ্বারা ও ছন্দোদ্বারা সংযুক্ত হইয়া দেবগণের নিকট হব্য বহন করিয়া থাকেন।

দ্বিতীয় খণ্ড

যজ্ঞে বর্জ্জনীয় ঋত্বিক্

যজ্ঞে বর্জ্জনীয় ঋত্বিকের উল্লেখ, যথা—"ত্রীণি হ বৈ…জপেদেবেতি"

যজ্ঞে ত্রিবিধ [দোষ] ঘটিতে পারে, যথা—জগ্ধ (ভক্ষিতাবশিষ্ট), গীর্ণ (উদরগত) ও বান্ত (উদরনির্গত)। [যজমান] হয় ত আমাকে কিছু [ধন] দিবে অথবা আমাকে [ঋত্বিক্‌পদে] বরণ করিবে, এইরূপে যে কামনা করে, তাহার দ্বারা ঋত্বিকের কর্ম্ম করাইলে যে [দোষ] ঘটে, তাহাই জগ্ধ। জগ্ধ (উচ্ছিষ্ট) দ্রব্যের মত তাহা যজ্ঞে নিকৃষ্ট [দোষ]; তাহা যজমানকে রক্ষা করিতে পারে না। এই [ব্রাহ্মণ] আমার ক্ষতি না করুক অথবা আমার যজ্ঞে বিঘ্ন না করুক, এইরূপ ভয় করিয়া কাহারও দ্বারা ঋত্বিকের কর্ম্ম করাইলে যে [দোষ] ঘটে, তাহাই গীর্ণ। গীর্ণ (উদরগত) দ্রব্যের মত উহা যজ্ঞে নিকৃষ্ট [দোষ], তাহা যজমানকে রক্ষা করিতে পারে না। [পাতিত্যহেতু] নিন্দিত লোক দ্বারা ঋত্বিকের কর্ম্ম করাইলে যে [দোষ] ঘটে, তাহাই বান্ত। মনুষ্যেরা যেমন বান্ত (উদ্গীর্ণ) দ্রব্যকে ঘৃণা করে, দেবগণ সেইরূপ সেই দোষকে ঘৃণা করেন। সেই জন্য বান্ত দ্রব্যের মত উহা নিকৃষ্ট [দোষ], উহা যজমানকে রক্ষা করিতে পারে না[১]। যজমান এই ত্রিবিধ ব্যক্তির [ঋত্বিক্‌কর্ম্মে] অপেক্ষা করিবে না।

যদি না বুঝিয়া এই তিনের মধ্যে এককেও [ঋত্বিক্‌পদে] নিযুক্ত করা যায়, তাহা হইলে বামদেবদৃষ্ট স্তোত্রে তাহার প্রায়শ্চিত্ত হয়[২]। এই

---

(১) তাৎপর্য্য এই যে, যে ব্যক্তি ধনলোভে আপনা হইতে ঋত্বিক্ হইতে চাহে, অথবা যে ব্যক্তিকে ঋত্বিকের কার্য্য না দিলে সে যজমানের অনিষ্ট করিবে, এই ভয় থাকে, অথবা যে ব্যক্তি পাতিত্যাদি দোষে সমাজে নিন্দিত, সেরূপ ব্রাহ্মণকে ঋত্বিক্ করিবে না।

(২) "কয়ানশ্চিত্র আভুবৎ" (৪।৩১।১-৩) ইত্যাদি তিনটি ঋক্ হইতে উৎপন্ন সাম প্রায়শ্চিত্তার্থ গীত হয়। ঐ মন্ত্রের ঋষি বামদেব (সামসংহিতা, ২।৩২-৩৪)।

বামদেবদৃষ্ট স্তোত্রই যজমানলোক (ভূলোক), অমৃতলোক ও স্বর্গলোকের স্বরূপ। সেই বামদেব্যং সামের [অন্তর্গত তৃতীয় মন্ত্রে] তিনটি অক্ষরের ন্যূনতা আছে। ঐ স্তোত্র আরম্ভ করিয়া আত্মবাচক "পুরুষ" এই শব্দটিকে তিন ভাগ করিয়া [ঐ মন্ত্রের তিন চরণের অন্তে] প্রক্ষেপ করিবে। [এইরূপে প্রায়শ্চিত্ত করিলে] সেই যজমান এই যজমানলোকে, এই অমৃতলোকে, এই স্বর্গলোকে, এই লোকসকলে আত্মাকে স্থাপিত করিতে পারে এবং সমস্ত দোষযুক্ত যজ্ঞকে অতিক্রম করে। [এমন কি] ঋত্বিকেরা যদি সমৃদ্ধ (সর্ব্বদোষরহিত) হয়েন, তাহা হইলেও [ঐ তিন অক্ষর স্তোত্রমধ্যে বসাইয়া] জপ করিবে, একপও বলা হয়।

তৃতীয় খণ্ড

দেবিকাহুতি

দেবিকানাম্নী স্ত্রীদেবীগণের উদ্দেশ্যে আহুতি বিধান, যথা—"ছন্দাংসি...... দেবিকানাম্"

ছন্দোগণ দেবগণের উদ্দেশে হব্য বহন করিয়া শ্রান্ত হইয়া যজ্ঞের পশ্চাদ্ভাগে অবস্থান করেন। অশ্ব অথবা অশ্বতর[১] যেমন [ভার] বহন করিয়া [শ্রান্ত হইয়া] অবস্থান করে, ইহাও সেইরূপ। মিত্র ও বরুণের উদ্দিষ্ট পশুপুরোডাশ দানের পর সেই ছন্দোগণের উদ্দেশে দেবিকা (তন্নামক) হব্যের আহুতি দিবে।[২]

ধাতাকে দ্বাদশ কপালে সংস্কৃত পুরোডাশ দিবে, যিনি ধাতা, তিনিই বষট্কার। অনুমতিতে চরু দিবে, যিনি অনুমতি, তিনিই গায়ত্রী। রাকাকে চরু দিবে, যিনি রাকা, তিনিই ত্রিষ্টুপ্। সিনীবালীকে চরু

(৩) বামদেব্যস্তোত্রে তিনটি অনুষ্টুপ্ ছন্দের ঋক্ আছে। কিন্তু "অভীষু ণঃ সখীনামবিতা জরিতৄণাং। শতং ভবাস্যূতিভিঃ।" এই তৃতীয় ঋকের প্রত্যেক চরণে আটটির পরিবর্ত্তে সাতটি অক্ষর থাকায় মোটের উপর উহাতে তিনটি অক্ষর কম হইল। ঐ সংখ্যাপূরণের জন্ত "পু—রু—ষ" এই তিন অক্ষর তিন চরণে প্রক্ষেপ করিয়া গান করা হয়। যথা—'অভীষু ণঃ সখীনাং পু, অবিতা জরিতৄণাং রু, শতং ভবাস্যূতিভিঃ ষঃ"।

(১) গর্দ্দভাশ্বসাঙ্কর্য্যেণ জাতঃ অশ্বতরঃ (সায়ণ)।

(২) সোমযাগের অবসানে অনুবন্ধ্য নামক পশুবন্ধ অনুষ্ঠান হয়। তৎকালে মিত্রাবরুণকে পুরোডাশ দেওয়া হয়।

দিবে ; যিনি সিনীবালী, তিনিই জগতী। কুহূকে চক্ষু দিবে ; যিনি কুহূ, তিনিই অনুষ্টুপ্।

এই যে গায়ত্রী, ত্রিষ্টুপ্, জগতী, অনুষ্টুপ্, ইঁহারাই সকল ছন্দের স্বরূপ। অন্য সকলে ইঁহাদের অনুবর্ত্তী। যজ্ঞে ইঁহাদেরই প্রচুর প্রয়োগ হয়। যে ইহা জানে, সে এই সকল ছন্দোদ্বারা যাগ করিলে তাহার সকল ছন্দোদ্বারাই যাগ করা হয়।[৩] [সোমযাগ] অন্নযুক্ত ও সুসম্পাদিত হইলে [যজমানকে] সুধাতে (অমৃতে) স্থাপিত করে, এই যে বলা হয়, ছন্দোগণই [সেই বাক্যের লক্ষ্য]। ছন্দেরাই যজমানকে সুধাতে স্থাপিত করে। যে ইহা জানে, সে ধ্যানের অতীত লোক জয় করে।

এ বিষয়ে কেহ কেহ বলেন, সকল [অনুমত্যাদি] স্ত্রী-দেবতাগণের পূর্ব্বেই [পুরুষ-দেবতা] ধাতাকে আজ্য দ্বারা যজন করিবে। তাহা হইলে এই [স্ত্রী-দেবতাগণকে] মিথুন (পুরুষযুক্ত) করা হইবে। এ বিষয়ে অন্যে আবার বলেন, যদি একই দিনে একই ঋক্‌মন্ত্রদ্বয় (যাজ্যা ও পুরোনুবাক্যা) দ্বারা [ধাতার ও পরবর্ত্তী দেবতাদিগের] যজন করা যায়, তাহা হইলে যজ্ঞে আলস্য করা হয়।[৪] [উক্ত প্রথম উক্তির সমর্থনে বলা হয়] যদিও এ স্থলে (সমাজে) [এক পুরুষের] বহু পত্নী থাকে, তথাপি সেই এক পতিই তাহাদের সকলকেই মিথুন (পুরুষযুক্ত) করিয়া থাকে ; এই জন্য স্ত্রী-দেবতার পূর্ব্বেই যে ধাতার যজন হয়, তাহাতে তাঁহাদের সকলকেই মিথুন করা হয়।

[অনুমত্যাদি] দেবিকাদিগের কথা এই পর্য্যন্ত।

চতুর্থ খণ্ড

দেবীগণের কথা

দেবিকাগণের হব্যবিধানানন্তর দেবীগণের উদ্দেশে হব্যপ্রদানের বিধান, যথা—"অথ দেবীনাং…আসুঃ"

---

(৩) পূর্ব্বে দেখ।

(৪) ধাতার উদ্দেশে অনুবাক্যা মন্ত্র—ধাতা দদাতু দাশুষে প্রাচীং জীবাতুমক্ষিতাম্। বয়ং দেবস্য ধীমহি সুমতিং বাজিনীবতঃ॥ (অথর্ব্বসং, ৭।১৭।২)

যাজ্যামন্ত্র—ধাতা প্রজানামুত্তরায় ঈশে ধাতেদং বিশ্বং ভুবনং জজান। ধাতা কৃষ্টিরনিমিষাভিচষ্টে ধাত্র ইদ্ধব্যং ঘৃতবজ্জুহোতা॥ (আশ্ব০ শ্রৌ০ সূ০, ৬।১৪।১৬)

অনন্তর দেবীগণের কথা। সূর্য্যের উদ্দেশে এক কপালে সংস্কৃত পুরোডাশ দিবে, যিনি সূর্য্য, তিনি ধাতা, তিনিই আবার বষট্‌কার। দ্যৌঃ দেবতাকে চরু দিবে; যিনি দ্যৌঃ, তিনি অনুমতি, তিনিই আবার গায়ত্রী। উষাকে চরু দিবে, যিনি উষা, তিনি রাকা, তিনিই আবার ত্রিষ্টুপ্। গো-দেবতাকে (গাভীকে) চরু দিবে, যিনি গো, তিনি সিনীবালী, তিনিই আবার জগতী। পৃথিবীকে চরু দিবে, যিনি পৃথিবী, তিনি কুহূ, তিনিই আবার অনুষ্টুপ্। এই গায়ত্রী, ত্রিষ্টুপ্, জগতী ও অনুষ্টুপ্, ইহারাই সকল ছন্দের স্বরূপ। অন্য ছন্দেরা ইহাঁদেরই অনুবর্ত্তী, কেন না, যজ্ঞে ইহাদেরই প্রচুর প্রয়োগ হয়। যে ইহা জানে, সে এই কয়েকটি ছন্দে যাগ করিলে তাহার সকল ছন্দেই যাগ করা হয়। [সোমযাগ] অনুযুক্ত ও সুসম্পাদিত হইলে [যজমানকে] সুধাতে স্থাপিত করে, এই যে বলা হয়, সেই বাক্যের লক্ষ্য ছন্দোগণ, ছন্দেরাই সেই যজমানকে সুধাতে স্থাপিত করে। যে ইহা জানে, সে ধ্যানের অতীত লোক জয় করে।

এ বিষয়ে কেহ কেহ বলেন, এই সকল দেবীর পূর্ব্বেই সূর্য্যকে আজ্য দ্বারা যজন করিবে। তাহাতে এই সকল দেবীকে মিথুন (পুরুষযুক্ত) করা হইবে। আবার অন্যে বলেন, একই দিনে একই মন্ত্রদ্বয় দ্বারা যদি যাগ করা যায়, তাহা হইলে যজ্ঞে আলস্য করা হয়। [ঐ প্রথমোক্তির সমর্থনে বক্তব্য] যদিও এ স্থলে (সমাজে) [এক পুরুষের] বহু পত্নী থাকে, তথাপি সেই [একমাত্র] পতিই তাহাদের সকলকে মিথুন (পুরুষযুক্ত) করে, সেই জন্য ইহাদের পূর্ব্বে যে সূর্য্যকে যজন করা হয়, তাহাতেই তাঁহাদের সকলকে মিথুন করা হয়।

এই যে দেবীসকল, তাঁহারাই ঐ [পূর্ব্বোক্ত] দেবিকাগণের স্বরূপ, এবং ঐ যে দেবিকাসকল, তাঁহারাও এই দেবীগণের স্বরূপ। সেই জন্য এই উভয় (দেবিকা ও দেবী) দেবতার [সাহায্যে] যে কামনা লাভ করা যায়, তাহা [উভয়ের মধ্যে] অন্যতরের [সাহায্যেই] লব্ধ হইয়া থাকে। [তবে] যে ব্যক্তি প্রজোৎপাদন কামনা করে, সে উভয়ের উদ্দেশেই হব্য দান করিবে। কিন্তু যে [ধনের] অন্বেষণ করে, তাহার পক্ষে সেরূপ করিবে না। যদি [ধনের] অন্বেষণকারীর পক্ষে উভয়ের

উদ্দেশে হব্য দেওয়া হয়, তাহা হইলে দেবগণ তাহার ধনে অসন্তুষ্ট হইতে পারেন ; কেন না, সেই ব্যক্তি কেবল আপনার স্বার্থই চিন্তা করিয়াছে।

গোপালের পুত্র শুচিবৃক্ষ (তন্নামক ঋত্বিক্) অভিপ্রতারীর পুত্র বৃদ্ধদ্যুম্নের (তন্নামক যজমানের) পক্ষে সেই উভয়ের (দেবীগণের ও দেবিকাগণের) উদ্দেশে যজ্ঞে হব্য দান করিযাছিলেন। তাঁহার পুত্র রথগৃৎসকে [জলে] অবগাহন করিতে দেখিযা শুচিবৃক্ষ বলিযাছিলেন, আমি এই রাজন্যের (ক্ষত্রিয়ের) পক্ষ হইযা এইরূপে দেবিকাগণ ও দেবীগণ উভযকে যজ্ঞে সম্যক্‌রূপে তৃপ্ত করিযাছিলাম, তজ্জন্যই [অদ্য] ইহার এই [পুত্র] রথগৃৎস এইরূপে অবগাহন করিতেছে। [তিনি তদ্ব্যতীত] আরও চৌষট্টি জন সর্ব্বদা-কবচধারী লোক দেখিযাছিলেন। তাহারাও সেই রাজন্যের পুত্র ও পৌত্র।

পঞ্চম খণ্ড

উক্‌থ্য ক্রতু

জ্যোতিষ্টোম যজ্ঞের সাতটি সংস্থা—অগ্নিষ্টোম, অত্যগ্নিষ্টোম, উক্‌থ্য, ষোড়শী, বাজপেয, অতিরাত্র, অপ্তোর্যাম। তন্মধ্যে অগ্নিষ্টোমে হোতার কর্ত্তব্য বর্ণিত ও ব্যাখ্যাত হইল। তৎপরে উক্‌থ্য, ষোড়শী ও অতিরাত্রের বিষযও বর্ণিত হইবে। এক্ষণে উক্‌থ্যের সম্বন্ধে বর্ণনা হইতেছে, যথা—"অগ্নিষ্টোমং বৈ...অশ্বেন"

দেবগণ অগ্নিষ্টোমের ও অসুরগণ উক্‌থসমূহের আশ্রয লইযাছিলেন। তাঁহারা [উভযে] সমানবীর্য্যই হইলেন। দেবগণ অসুরদিগকে হঠাইতে পারেন নাই। ঋষিদের মধ্যে ভরদ্বাজ তাঁহাদিগকে দেখিযা বলিলেন, এই অসুরগণ উক্‌থসমূহের আশ্রয করিযাছে, ইঁহাদের (দেবগণের) মধ্যে কেহই তাহাদিগকে দেখিতে পাইতেছে না। এই বলিযা তিনি "এহ্যূ ষু ব্রবাণি তেঽগ্ন ইত্থেতরা গিরঃ"—[১] অহে অগ্নি, তুমি আইস, তোমার শোভন কার্য্য আমি কহিব, তদ্ভিন্ন অন্য বাক্য এইরূপে [কহিব]—এই মন্ত্রে অগ্নিকে উচ্চে আহ্বান করিযাছিলেন। ঐ মন্ত্রে "ইতরা গিরঃ"— অন্য বাক্য—অসুরগণের বাক্য।

---

(১) ৬।১৬।১৬।

সেই অগ্নি তাঁহার সমীপে উপস্থিত হইয়া বলিলেন, এই বৃদ্ধ দীর্ঘ পলিত [ঋষি] আমাকে কি বলিতে চাহেন ?

ভরদ্বাজই কৃশ, দীর্ঘ ও পলিত ছিলেন। তিনি বলিলেন, এই অসুরেরা উক্‌থসমূহের আশ্রয় লইয়াছে, তাহাদিগকে তোমাদের কেহই দেখিতে পাইতেছ না। তখন অগ্নি অশ্ব হইয়া সেই অসুরদিগের অভিমুখে দৌড়িয়াছিলেন। অগ্নি যে অশ্ব হইয়া তাহাদের অভিমুখে দৌড়িয়াছিলেন, সেই হেতু ঐ [পূর্ব্বোক্ত] মন্ত্র সাকমশ্ব নামক সামে পরিণত হইল। ইহাই সাকমশ্বের সাকমশ্বত্ব।

সেই জন্য বলা হয়, সাকমশ্ব দ্বারা উক্‌থসকলের প্রণয়ন করিবে। যাহা সাকমশ্ব হইতে ভিন্ন নামে প্রণীত হয়, সেই সকল উক্‌থ যেন অপ্রণীতই থাকে।২

প্রমংহিষ্ঠীয় সাম দ্বারাও প্রণয়ন করিবে, ইহাও বলা হয়। কেন না, দেবগণ প্রমংহিষ্ঠীয় সাম দ্বারাও অসুরদিগকে উক্‌থসমূহ হইতে নিরাকৃত করিয়াছিলেন।৩

সেই জন্য বলা হয়, প্রমংহিষ্ঠীয় দ্বারা অথবা সাকমশ্ব দ্বারা [উক্‌থসমূহ] প্রণয়ন করিবে।

৬ষ্ঠ খণ্ড

উক্‌থ্য ক্রতু

উক্‌থ্য ক্রতু অগ্নিষ্টোমেরই বিকৃতি। অগ্নিষ্টোমের সকল অনুষ্ঠানই ইহাতে বিহিত। কয়েক স্থলে অল্প বিভেদ আছে মাত্র। অগ্নিষ্টোমে সবনত্রয়ে শস্ত্রসংখ্যা বারটি; উক্‌থ্যে সবনত্রয়ে শস্ত্রসংখ্যা পোনেরটি। এই যজ্ঞে অগ্নিষ্টোমে বিহিত শস্ত্রসমুদয় যথাবিধি পাঠ করিয়া তৃতীয় সবনে তিনটি অতিরিক্ত শস্ত্রের পাঠ করিতে

---

(২) "এহ্যূ ষু ব্রবাণি তে" ইত্যাদি ঋক্ হইতে উৎপন্ন সামের নাম সাকমশ্ব সাম। (সামসং, ২।৫৫)

'অয়ং অশ্বাকারো ভূত্বা তৈরসুরৈঃ সাকং যুদ্ধং কৃত্বা জিতবান্ তস্মাদস্য সাম্নঃ সাকমশ্বমিতি নাম সম্পন্নম্' (সায়ণ)।

(৩) "প্রমংহিষ্ঠায় গায়ত" (৮।১০৩।৮) ইত্যাদি মন্ত্র হইতে উৎপন্ন সামের নাম প্রমংহিষ্ঠীয় সাম। (সামসং, ২।২২৮।)

হয়। মৈত্রাবরুণ, ব্রাহ্মণাচ্ছংসী ও অচ্ছাবাক যথাক্রমে এই তিন শস্ত্র পাঠ করেন। উক্ত শস্ত্রত্রয়ে সূক্তবিধান, যথা—"তে বা অসুরা· ·য এবং বেদ"।

সেই অসুরেরা মৈত্রাবরুণের উক্‌থ (শস্ত্র) আশ্রয় করিয়াছিল। সেই ইন্দ্র [অন্য দেবগণকে] বলিলেন, [তোমাদের মধ্যে] কে আমার সহিত আসিয়া এই অসুরদিগকে এ স্থান হইতে নিরাকৃত করিবে? বরুণ বলিলেন, আমি করিব। সেই জন্য মৈত্রাবরুণ (তন্নামক ঋত্বিক্) ইন্দ্র-বরুণ-দৈবত সূক্ত তৃতীয় সবনে পাঠ করেন।[১] তদ্দ্বারা ইন্দ্র ও বরুণ অসুরদিগকে সেখান হইতে নিরাকৃত করিয়া থাকেন।

সেখান হইতে নিরাকৃত হইয়া অসুরেরা ব্রাহ্মণাচ্ছংসীর উক্‌থ আশ্রয় করিয়াছিল। সেই ইন্দ্র বলিলেন, কে আমার সহিত আসিয়া ইহাদিগকে এখান হইতে নিরাকৃত করিবে? বৃহস্পতি বলিলেন, আমি করিব। সেই জন্য ব্রাহ্মণাচ্ছংসী তৃতীয় সবনে ইন্দ্র-বৃহস্পতি-দৈবত সূক্ত পাঠ করেন।[২] তদ্দ্বারা ইন্দ্র ও বৃহস্পতি তাহাদিগকে সেখান হইতে নিরাকৃত করিয়া থাকেন।

সেখান হইতে নিরাকৃত হইয়া অসুরেরা অচ্ছাবাকের শস্ত্র আশ্রয় করিয়াছিল। সেই ইন্দ্র বলিলেন, কে আমার সহিত আসিয়া ইহাদিগকে এখান হইতে নিরাকৃত করিবে? বিষ্ণু বলিলেন, আমি করিব। সেই জন্য অচ্ছাবাক তৃতীয় সবনে ইন্দ্র-বিষ্ণু-দৈবত সূক্ত পাঠ করেন[৩]। তদ্দ্বারা ইন্দ্র ও বিষ্ণু তাহাদিগকে সেখান হইতে নিরাকৃত করিয়া থাকেন।

[এইরূপে উক্ত শস্ত্রত্রয়ে] ইন্দ্রের সহিত দ্বন্দ্ব (যুক্ত) হইয়া ঐ [বরুণ, বৃহস্পতি ও বিষ্ণু] দেবতারা প্রশংসিত হয়েন। দ্বন্দ্বই মিথুনস্বরূপ, সেই জন্য দ্বন্দ্ব হইতে মিথুন উৎপন্ন হয় ও [যজমানের] প্রজোৎপত্তি ঘটে। যে ইহা জানে, সে প্রজা দ্বারা ও পশু দ্বারা [বর্দ্ধিত হইয়া] উৎপন্ন হয়।

---

(১) "ইন্দ্রবরুণা যুবমধ্বরায়" ইত্যাদি সপ্তম মণ্ডলের ৮২ সূক্ত। দেবতা ইন্দ্র ও বরুণ।

(২) "উদপ্রুতো ন বয়ো রক্ষমাণাঃ" ইত্যাদি দশম মণ্ডলের ৬৮ সূক্ত এবং "অচ্ছা ম ইন্দ্রং মতয়ঃ" ইত্যাদি দশম মণ্ডলের ৪৩ সূক্ত। দেবতা যথাক্রমে বৃহস্পতি ও ইন্দ্র।

(৩) "সং বাং কর্ম্মণা সমিষা হিনোমি" ইত্যাদি ষষ্ঠ মণ্ডলের ৬৯ সূক্ত। দেবতা ইন্দ্র ও বিষ্ণু।

পোতার এবং নেষ্টার পক্ষে চারিটি ঋতুযাজ মন্ত্র ও ছয়টি [যাজ্যা] ঋক্ বিহিত।[৪] এইরূপে উহা দশসংখ্যাযুক্ত হইয়া বিরাটের স্বরূপ হয়। এতদ্দ্বারা যজ্ঞকে দশিনী (দশাক্ষরা) বিরাটেই প্রতিষ্ঠিত করা হয়।

---

(৪) পোতাকে (তন্নামক ঋত্বিক্‌কে) দ্বিতীয় ও অষ্টম ঋতুযাজ মন্ত্র ও নেষ্টাকে তৃতীয় ও নবম ঋতুযাজ মন্ত্র পাঠ করিতে হয় (১৫১ পৃষ্ঠ পাদটীকা দেখ)। তদ্ভিন্ন উক্থ্যক্রতুতে উক্ত শস্ত্রত্রয়ের প্রত্যেক শস্ত্রে তাঁহাদিগকে একটি করিয়া যাজ্যামন্ত্র পাঠ করিতে হয়। চারিটি ঋতুযাজ ও ছয়টি যাজ্যা একযোগে দশ হইল। বিরাটেরও অক্ষর-সংখ্যা দশ।

চতুর্থ পঞ্চিকা

ষোড়শ অধ্যায়

প্রথম খণ্ড

ষোড়শী ক্রতু

জ্যোতিষ্টোমভেদ উক্‌থ্য ক্রতুর বিষয় বলা হইল, এক্ষণে ষোড়শী ক্রতুর বিষয় বলা হইবে। তদ্বিষয়ে বিশেষ বিধি ষোড়শী শস্ত্রের পাঠ, যথা—"দেবা বৈ···· এবং বেদ"।

দেবগণ পুরাকালে প্রথম দিনে [সোমপ্রযোগ দ্বারা] ইন্দ্রের জন্য বজ্র প্রস্তুত করিয়াছিলেন, দ্বিতীয় দিনে সেই বজ্রকে অভিষিক্ত করিয়াছিলেন, তৃতীয় দিনে [ইন্দ্রকে] বজ্র প্রদান করিয়াছিলেন, চতুর্থ দিনে ইন্দ্র তাহা [শত্রু প্রতি] নিক্ষেপ করিয়াছিলেন। সেই জন্য চতুর্থ দিবসে ষোড়শী শস্ত্র পাঠ করা হয়।[১] এই যে ষোড়শী শস্ত্র, ইহা বজ্রস্বরূপ। চতুর্থ দিবসে যে ষোড়শীর পাঠ হয়, ইহাতে দ্বেষকারী শত্রুর প্রতি বজ্র নিক্ষেপ করা হয়। যে ব্যক্তি [এই যজমানের] হন্তব্য, ইহাতে তাহার হত্যা ঘটে। ষোড়শী বজ্রস্বরূপ, আর উক্‌থসকল পশুস্বরূপ, সেই জন্য উক্‌থসকলের উপরে স্থাপন করিয়া ষোড়শী পঠিত হয়।[২]

উক্‌থসকলের উপরে স্থাপন করিয়া ষোড়শী পাঠ করা হয়, তাহাতে বজ্রস্বরূপ ষোড়শী দ্বারা পশুগণকে নিযমিত করা হয়। সেই হেতু পশুগণও বজ্রস্বরূপ ষোড়শী দ্বারাই নিযমিত হইয়া মনুষ্যগণের নিকট উপস্থিত হয়। সেই হেতু অশ্ব মনুষ্য গরু বা হস্তী নিযমিত হইলে আপনা হইতে বাক্যদ্বারা আহ্বান মাত্রেই নিকটে আসিয়া উপস্থিত হয়। বজ্ররূপ ষোড়শী দেখিলেই তাহারা ষোড়শী দ্বারা নিযমিত হয়, কেন না, বাক্যই বজ্র ও বাক্যই ষোড়শী।

---

(১) "অসাবি সোম ইন্দ্র তে" (১।৮৪।১) ইত্যাদি মন্ত্র ষোড়শী শস্ত্রে পঠিত হয়। ষড়হদিনব্যাপী হইলে চতুর্থ দিবসে সোমপ্রয়োগে ষোড়শী শস্ত্র পঠিতব্য।

(২) উক্‌থ্যক্রতুতে অগ্নিষ্টোমবিহিত দ্বাদশ শস্ত্রের অতিরিক্ত তিনটি শস্ত্র তৃতীয় সবনে পঠিত হয় (পূর্ব্বে দেখ), ষোড়শীতে সেই তিনটির পরে ষোড়শী শস্ত্র পাঠ করা হয়।

এ বিষয়ে ব্রহ্মবাদীরা প্রশ্ন করেন, ষোড়শীর ষোড়শিত্ব কি ? [উত্তর] ইহা স্তোত্রসমূহের মধ্যে ষোড়শ, শস্ত্রসমূহের মধ্যে ষোড়শ, ষোল অক্ষরে (অনুষ্টুভের পূর্ব্বার্দ্ধে) ইহার আরম্ভ হয়, ষোল অক্ষরের (অনুষ্টুভের উত্তরার্দ্ধপাঠের) পর প্রণব উচ্চারিত হয়, ইহাতে ষোড়শপদযুক্ত নিবিৎ স্থাপিত হয়, ইহাই ষোড়শীর ষোড়শিত্ব।[৩] ষোড়শী অনুষ্টুপ্ ছন্দ প্রাপ্ত হইলেও উহাতে দুইটি অক্ষর অতিরিক্ত থাকে।[৪] বাগ্‌দেবতার দুইটি স্তন; সত্য ও অনৃত ঐ দুইটি স্তন। যে তাহা জানে, সত্য তাহাকে রক্ষা করে ও অনৃত তাহাকে হিংসা করে না।

দ্বিতীয় খণ্ড

ষোড়শী শস্ত্র

ষোড়শী শস্ত্রে বিহিত সাম, যথা—"গৌরিবীতং স্তবতে"

তেজস্কামী ও ব্রহ্মবর্চ্চসকামী [যজমান] গৌরিবীত মন্ত্রকে[১] ষোড়শী সাম করিবে। গৌরিবীত মন্ত্রই তেজ ও ব্রহ্মবর্চ্চস। যে ইহা জানিয়া গৌরিবীত মন্ত্রকে ষোড়শী সাম করে, সে তেজস্বী ও ব্রহ্মবর্চ্চসসম্পন্ন হয়।

---

(৩) অগ্নিষ্টোমে বারটি শস্ত্র, উক্‌থ্যে পোনেরটি, ষোড়শীতে আরও একটি শস্ত্র বিহিত, এইটি ষোড়শ শস্ত্র। এই যাগে ষোড়শ গ্রহ হইতে সোমাহুতি হয় এবং তৎকালে ঐ ষোড়শ শস্ত্র পঠিত ও ষোড়শ স্তোত্র গীত হয়। ষোলটি গ্রহ, ষোলটি স্তোত্র, ষোলটি শস্ত্র আছে বলিয়া উহার নাম ষোড়শী (ষোড়শযুক্ত) ক্রতু। ষোড়শ শস্ত্রের অন্তর্গত "কিং চাস্ত মদে জরিতঃ" ইত্যাদি নিবিদের ষোলটি পদ।

(৪) "অসাবি সোম ইন্দ্র তে" (১।৮৪।১-৬) ইত্যাদি ছয়টি অনুষ্টুপ্ ছন্দের মন্ত্র লইয়া ষোড়শী শস্ত্রের আরম্ভ। অনুষ্টুভের অক্ষরসংখ্যাও ষোলর দুই গুণ। কাজেই অনুষ্টুভের সহিত এই যাগের বিশেষ সম্বন্ধ। ষোড়শী শস্ত্রে বিহৃত ও অবিহৃত দুইরূপ পাঠ আছে। অবিহৃত পাঠে ঐ মন্ত্র। বিহৃত পাঠের মন্ত্র আশ্বলায়ন দিয়াছেন (৬।৩।১), তাহার প্রথম মন্ত্রের প্রথমার্দ্ধে ষোল অক্ষর, কিন্তু দ্বিতীয়ার্দ্ধে আঠার অক্ষর। যথা—"ইন্দ্র জুষস্ব প্রবহায়াহি শূর হরী ইহ। পিবা সুতস্য মতির্ন মধ্বশ্চকানশ্চারুর্মদায়॥" দ্বিতীয় চরণের অতিরিক্ত অক্ষরদ্বয় বাগ্‌দেবতার স্তনের সহিত উপমিত হইল।

(১) গৌরিবীত ঋষি-দৃষ্ট "অভি প্র গোপতিং গিরা" (৮।৬৯।৪) মন্ত্র হইতে উৎপন্ন সামের নাম গৌরিবীত সাম। ষোড়শী যাগে উহাই ষোড়শী স্তোত্রমধ্যে গীত হয়।

কেহ কেহ বলেন, নানদং মন্ত্রকেই ষোড়শী সাম করিবে। একদা ইন্দ্র বৃত্রের প্রতি বজ্র উদ্যত করিয়া প্রহার করিয়াছিলেন। আহত হইয়া বৃত্র উচ্চ নাদ (শব্দ) করিয়াছিল। সেই উচ্চ নাদ হইতে নানদ সাম হইয়াছিল। ইহাই নানদের নানদত্ব। এই যে নানদ সাম, ইহা শত্রুহীন ও শত্রুঘাতী। যে ইহা জানিয়া নানদকে ষোড়শী সাম করে, সে শত্রুহীন ও শত্রুঘাতী হয়।

যদি নানদকে সাম করা হয়, তাহা হইলে ষোড়শী শস্ত্র অবিহৃত ভাবে[৩] পাঠ করিবে ; কেন না, [উদ্গাতারাও] অবিহৃত করিয়াই ষোড়শী স্তোত্র [গান] করেন। আর যদি গৌরিবীতকে সাম করা হয়, তাহা হইলে ষোড়শী শস্ত্র বিহৃতভাবে পাঠ করিবে. কেন না, [উদ্গাতারাও] বিহৃত করিয়াই ঐ স্তোত্র [গান] করেন।

তৃতীয় খণ্ড

ষোড়শী শস্ত্র

সামগানকালে 'বিহৃতি'-সম্পাদন, যথা—"অথাতঃ……এবং বেদ"

অনন্তর ঐ [গৌরিবীত-সাম-গান-] কালে "আ ত্বা বহন্তু হরয়ঃ"[১] ইত্যাদি [তিনটি] গায়ত্রী ও "উপো ষু শৃণুহী গিরঃ"[২] ইত্যাদি [তিনটি] পঙ্‌ক্তি পরস্পর মিশাইবে।[৩] পুরুষ (মনুষ্য) গায়ত্রী-সম্বন্ধী ও পশুগণ

---

(২) "প্রত্যস্মৈ পিপীষতে" (সাম-সং, ২।৬।৩।২।১-৪) ইত্যাদি মন্ত্রে নানদ সাম উৎপন্ন।

(৩) যে সকল ঋক্ মন্ত্রে সাম উৎপন্ন হয়, তন্মধ্যে একের চরণ অন্যের চরণের সহিত যোগ করিয়া গান করিলে উহাকে বিহৃত করা হয়। ঐরূপ না করিলে অবিহৃত ভাবে গান হয়। নিম্নে পরখণ্ডে দেখ।

(১) ১।১৬।১-৩। (২) ১।৮২।১,৩,৪।

(৩) এক ছন্দের এক চরণের সহিত অন্য ছন্দের এক চরণ মিশাইয়া, অর্থাৎ একের পর অন্যকে বসাইয়া, গানের নাম বিহরণ বা বিহৃতি-সম্পাদন। গায়ত্রী ছন্দের তিন চরণ, পঙ্‌ক্তির পাঁচ চরণ। গায়ত্রীর প্রথম চরণের পর পঙ্‌ক্তির প্রথম চরণ, গায়ত্রীর দ্বিতীয়ের পর পঙ্‌ক্তির দ্বিতীয়, গায়ত্রীর তৃতীয়ের পর পঙ্‌ক্তির তৃতীয় ও তৎপরে পঙ্‌ক্তির অবশিষ্ট দুই চরণ বসাইয়া গান করিলে বিহৃতি সম্পাদন হয়। গৌরিবীত সাম গানকালে এইরূপে তিনটি গায়ত্রীর সহিত তিনটি পঙ্‌ক্তি যথাক্রমে মিশাইয়া গান করিতে হয়। নানদ সাম

পঙ্‌ক্তি-সম্বন্ধী। এতদ্দ্বারা পুরুষকে পশুগণের সহিত মিলিত করা হয় ও পশুগণে প্রতিষ্ঠিত করা হয়। আর যে গায়ত্রী ও পঙ্‌ক্তি, উহারা [একযোগে] দুইটি অনুষ্টুভের সমান।[৪] ঐরূপ করিলে যজমান বাক্যের, অনুষ্টুভের ও বজ্রের স্বরূপ হইতে বিযুক্ত হয় না।

"যদিন্দ্র পৃতনাজ্যে"[৫] ইত্যাদি [তিনটি] উষ্ণিক্ ও "অযং তে অস্তু হর্য্যতে"[৬] ইত্যাদি [তিনটি] বৃহতী মিশাইবে। পুরুষ উষ্ণিক্-সম্বন্ধী ও পশুগণ বৃহতী-সম্বন্ধী। এতদ্দ্বারা পুরুষকে পশুগণের সহিত মিলিত করা হয় ও পশুগণেই প্রতিষ্ঠিত করা হয়। ঐ যে উষ্ণিক্ ও বৃহতী, উহারা [একযোগে] দুইটি অনুষ্টুভের সমান।[৭] ঐরূপ করিলে যজমান বাক্যের, অনুষ্টুভের ও বজ্রের স্বরূপ হইতে বিযুক্ত হয় না।

"আ ধূর্ষ্বস্মৈ"[৮] ইত্যাদি দ্বিপদা ঋক্ ও "ব্রহ্মন্ বীর ব্রহ্মকৃতিং জুষাণঃ"[৯] এই ত্রিষ্টুভ্ মিশাইবে। পুরুষ দ্বিপাদ এবং বীর্য্যই ত্রিষ্টুপ্। এতদ্দ্বারা পুরুষকে বীর্য্যের সহিত মিলিত করা হয় ও বীর্য্যে প্রতিষ্ঠিত করা হয়। সেই জন্য সকল পশুর মধ্যে পুরুষই সর্ব্বাপেক্ষা বীর্য্যবান্ হইয়া বীর্য্যে প্রতিষ্ঠিত থাকে। ঐ যে বিংশতি-অক্ষরযুক্ত দ্বিপাদ মন্ত্র, এবং যে ত্রিষ্টুপ্, উহারা [একযোগে] দুইটি অনুষ্টুভের সমান[১০]। ঐরূপ করিলে যজমান বাক্যের, অনুষ্টুভের ও বজ্রের স্বরূপ হইতে বিযুক্ত হয় না।

গানকালে এইরূপে এক ছন্দের সহিত অন্য ছন্দের চরণ মিশান বিহিত নহে; উহা অবিকৃত রাখিয়াই গান করিতে হয়।

(৪) গায়ত্রীর তিন, পঙ্‌ক্তির পাঁচ ও অনুষ্টুভের চারি চরণ, অতএব গায়ত্রী পঙ্‌ক্তি মিশ্রিত হইয়া দুই অনুষ্টুভের সমান হয়।

(৫) ৮।১২।২৫-২৭।　　(৬) ৩।৪৪।১-৩।

(৭) উষ্ণিকের আটাইশ ও বৃহতীর ছত্রিশ অক্ষর একযোগে চৌষট্টি অক্ষর; অনুষ্টুভের চারি চরণে বত্রিশ।

(৮) ৭।৩৪।৪।　　(৯) ৭।২৯।২।

(১০) দ্বিপদার বিশ ও ত্রিষ্টুভের চুয়াল্লিশ একযোগে চৌষট্টি।

"এষ ব্রহ্মা" ইত্যাদি [তিনটি] দ্বিপদা[১১] ও "প্র তে মহে বিদথে শংসিষং হরী"[১২] ইত্যাদি [তিনটি] জগতী মিশাইবে। পুরুষ দ্বিপাদ ও পশুগণ জগতী-সম্বন্ধী। এতদ্দ্বারা পুরুষকে পশুগণের সহিত মিলিত করা হয় ও পশুগণেই প্রতিষ্ঠিত করা হয়। সেই জন্য পুরুষ পশুগণে প্রতিষ্ঠিত হইয়া [দুগ্ধাদি] ভক্ষণ করিতে পায় ও তাহাদিগকে বশে রাখিয়া থাকে। ঐ যে ষোড়শাক্ষরা দ্বিপদা এবং ঐ জগতী, উহারা [একযোগে] দুইটি অনুষ্টুভের সমান হয়।[১৩] ঐরূপ করিলে যজমান বাক্যের, অনুষ্টুভের ও বজ্রের স্বরূপ হইতে বিযুক্ত হয় না।

"ত্রিকদ্রুকেষু মহিষো যবাশিরম্" ইত্যাদি[১৪] [তিনটি] এবং "প্রোষ্বস্মৈ পুরোরথম্"[১৫] ইত্যাদি [তিনটি] অতিচ্ছন্দ মন্ত্র পাঠ করা হয়।[১৬] ছন্দোগণের যে রস (সারভাগ) অতিশয় ক্ষরিত হইয়াছিল, তাহা অতিচ্ছন্দ মন্ত্রগুলির অভিমুখে ক্ষরিত হইয়াছিল, ইহাই অতিচ্ছন্দোগণের অতিচ্ছন্দস্ত্ব। ঐ যে ষোড়শী শস্ত্র, উহা সকল ছন্দ হইতেই নির্ম্মিত, সেই জন্য অতিচ্ছন্দ মন্ত্র পাঠ করিলে যজমানকে সকল ছন্দ দ্বারাই নির্ম্মাণ করা হয়। যে উহা জানে, সে সকল ছন্দে নির্ম্মিত ষোড়শী শস্ত্র দ্বারা সমৃদ্ধ হয়।

---

(১১) শাকলসংহিতায় নাই। আশ্বলায়ন দিয়াছেন (৬।২।৬) যথা—"এষ ব্রহ্মা য ঋত্বিয়। ইন্দ্রো নাম শ্রুতোগৃণে॥ বিস্রুতয়ো যথাপথ। ইন্দ্র ত্বদ্যন্তি রাতয়ঃ॥ ত্বামিচ্ছ বসস্পতে। যন্তি গিরো ন সংযত॥"

(১২) ১০।৯৬।১-৩।

(১৩) দ্বিপদার ষোল ও জগতীর আটচল্লিশ একযোগে চৌষট্টি।

(১৪) ২।২২।১-৩। (১৫) ১০।১৩৩।১-৩।

(১৬) উক্ত মন্ত্রগুলির প্রত্যেকটিতে সাত চরণ বিদ্যমান। চরণসংখ্যাবাহুল্য হেতু উহাদের নাম অতিচ্ছন্দ মন্ত্র।

চতুর্থ খণ্ড

ষোড়শী শস্ত্র

ষোড়শী শস্ত্র সম্বন্ধে অন্যান্য ব্যবস্থা, যথা— "মহানাম্নীনাং এবং বেদ"

মহানাম্নী ঋকের উপসর্গগুলি [অতিচ্ছন্দ মন্ত্রে] যোগ করা হয়।[১] প্রথমা মহানাম্নী ঋক্ এই [ভূ-] লোক, দ্বিতীয়া মহানাম্নী অন্তরীক্ষলোক, তৃতীয়া মহানাম্নী ঐ [স্বর্গ]লোক। এই যে ষোড়শী, ইহা সকল লোক দ্বারা নির্ম্মিত। মহানাম্নী ঋকের উপসর্গগুলি [অতিচ্ছন্দে] যোগ করিলে উহাকে সকল লোক দ্বারাই নির্ম্মিত করা হয়। যে ইহা জানে, সে সর্ব্বলোক দ্বারা নির্ম্মিত ষোড়শী দ্বারা সমৃদ্ধ হয়।

উক্তরূপে উপসর্গযোগ দ্বারা অতিচ্ছন্দ মন্ত্রগুলিকে কৃত্রিম অনুষ্টুভে পরিণত করিয়া তাহা পাঠের পর কতিপয় অকৃত্রিম অনুষ্টুপ্ পাঠের বিধান, যথা—"প্র প্র···শংসতি"

"প্রপ্র বস্ত্রিষ্টুভমিষম্" ইত্যাদি,[২] "অর্চ্চত প্রার্চ্চত" ইত্যাদি[৩] এবং "যো ব্যতীঁরফাণয়ৎ" ইত্যাদি[৪] [তিন তিনটি] অকৃত্রিম অনুষ্টুপ্ পাঠ করা হয়। [মার্গানভিজ্ঞ পথিক] যেমন এখানে ওখানে অপথে বিচরণ করিয়া

---

(১) ঐতরেয় আরণ্যক মধ্যে চতুর্থ আরণ্যকে "বিদা মঘবন্ বিদা গাতুমনু শংসিষোদিশঃ" ইত্যাদি নয়টি ঋক্ উদ্ধৃত হইয়াছে, উহাদের নাম মহানাম্নী ঋক্। তন্মধ্যে দ্বিতীয় ঋকে "প্রচেতন" এবং "প্রচেতয়," তৃতীয় ঋকে "আয়াহি পিব মৎস্ব," ষষ্ঠ ঋকে "ক্রতুশ্ছন্দ ঋতং বৃহৎ," অষ্টম ঋকে "সুম্ন আধেহি নো বসো" এই পাঁচটি পদ আছে। এই পাঁচটির নাম উপসর্গ। (আশ্ব. শ্রৌ.° সূ.° ৬।২।৯) পাঁচটি উপসর্গে সমুদয়ে বত্রিশটি অক্ষর থাকায় উহা একটি অনুষ্টুভের তুল্য। অবিহৃত ষোড়শী শস্ত্রে অতিচ্ছন্দ মন্ত্র পাঠের পর এই উপসর্গ কয়টি একত্র করিয়া একটি অনুষ্টুপ্‌রূপে পাঠ করিতে হয়। বিহৃত ষোড়শীতে অতিচ্ছন্দ মন্ত্রগুলিতে উপসর্গগুলি যোগ করিয়া পাঠ করিতে হয়।

ছয়টি অতিচ্ছন্দ মন্ত্রের মধ্যে "ত্রিকদ্রুকেষু" ইত্যাদি প্রথম মন্ত্রে চৌষট্টী অক্ষর থাকায় উহা দুই অনুষ্টুভের তুল্য, উহাতে উপসর্গযোগের প্রয়োজন নাই। কিন্তু অবশিষ্ট পাঁচটি অতিচ্ছন্দ মন্ত্রে অক্ষরসংখ্যা অল্প; কাজেই উহার প্রত্যেকে এক এক উপসর্গ যোগ করিয়া অক্ষরসংখ্যা পূরণ করিয়া লইয়া পাঠ করা আবশ্যক। এইরূপে অন্য মন্ত্রে উপসৃষ্ট বা প্রক্ষিপ্ত হয় বলিয়া মহানাম্নীর অন্তর্গত উক্ত পদগুলির নাম উপসর্গ।

(২) ৮।৬৯।১-৩। (৩) ৮।৬৯।৮-১০। (৪) ৮।৬৯।১৩-১৫।

শেষে [প্রকৃত] পথ জানিতে পারে, [কৃত্রিম অনুষ্টুপ্ পাঠের পর] এই যে অকৃত্রিম অনুষ্টুপ্ পাঠ করা হয়, ইহাও সেইরূপ।

বিহৃত ও অবিহৃত উভয়বিধ শস্ত্র পাঠের ফল, যথা—"স যো...বেদ"

যে যজমান [আপনাকে] সম্পন্ন ও প্রাপ্তশ্রী বলিয়া মনে করে, সে [বিহৃতি-সম্পাদন দ্বারা] ছন্দোগণের ক্লেশ ঘটিয়া বিপৎ হইতে পারে, এই আশঙ্কায় অবিহৃত ষোড়শী শস্ত্র পাঠ করাইবে। আর যে [আপনার] অমঙ্গল নাশের ইচ্ছা করে, সে বিহৃত ষোড়শী পাঠ করাইবে, কেন না, ঐ ব্যক্তি অমঙ্গলের সহিত মিলিত রহিয়াছে; ঐরূপ করিলে উহাতে বিদ্যমান মালিন্য (অমঙ্গল) নাশ করা হইবে। যে ইহা জানে, সে অমঙ্গল নাশ করে।

শস্ত্র-সমাপ্তি মন্ত্র, যথা—"উদ্যৎ...গময়তি"

"উদ্যদ্ ব্রধ্নস্য বিষ্টপম্"[৫] এই অন্তিম ঋকে [ষোড়শী পাঠ] সমাপ্ত করিবে। স্বর্গলোকই ব্রধ্নের (আদিত্যের) বিষ্টপ (নিবাস), এতদ্দ্বারা যজমানকে স্বর্গলোক প্রাপ্ত করা হয়।

শস্ত্রপাঠান্তে যাজ্যাবিধান—"অপাঃ পূর্ব্বেষাং...এবং বেদ'

"অপাঃ পূর্ব্বেষাং হরিবঃ সুতানাম্"[৬] এই মন্ত্রকে [ষোড়শী শস্ত্রের] যাজ্যা করিবে। এই যে ষোড়শী, ইহা সকল সবন হইতে নির্ম্মিত, "অপাঃ পূর্ব্বেষাং হরিবঃ সুতানাম্"—অহে হরিবান্ (ইন্দ্র), তুমি পূর্ব্বে সুত সোম পান করিয়াছ—এই মন্ত্রকে যে যাজ্যা করা হয়, উহার তাৎপর্য্য যে, [পূর্ব্ববর্ত্তী] প্রাতঃসবনই [ইন্দ্রকর্ত্তৃক] পীত হইয়াছে। প্রাতঃসবন হইতেই ঐ ষোড়শীকে নির্ম্মাণ করা হয়। "অথো ইদং সবনং কেবলং তে"—অপিচ এই সবনও কেবল তোমারই—এই [দ্বিতীয় চরণে] মাধ্যন্দিনকেই কেবল [ইন্দ্রের] সবন বলা হইতেছে। এতদ্দ্বারা মাধ্যন্দিন সবন হইতেই ষোড়শীকে নির্ম্মাণ করা হয়। "মমদ্ধি সোমং মধুমন্তমিন্দ্র"—অহে ইন্দ্র, মধুর সোম পান করিয়া মত্ত হও—এই [তৃতীয় চরণে] তৃতীয় সবনই মদ্-শব্দযুক্ত[৭]। এতদ্দ্বারা তৃতীয় সবন হইতেই ষোড়শীকে নির্ম্মাণ করা হয়। "সত্রা বৃষঞ্জঠর আবৃষস্ব"—অহে বর্ষণসমর্থ [ইন্দ্র], সত্ররূপ উদরে [সোমরস] বর্ষণ কর—এই [চতুর্থ চরণ] বৃষণ্-পদযুক্ত।

(৫) ৮।৬৯।৭। (৬) ১০।৯৬।১৩।

(৭) তৃতীয় সবনের নিবিদে হর্ষবাচক মদ্ ধাতুবিশিষ্ট পদ আছে।

ষোড়শীর রূপও বৃষণ্-যুক্ত (বর্ষণহেতু বা তৃপ্তিহেতু) ; এবং এই যে ষোড়শী, উহা সকল সবন হইতেই নির্ম্মিত। "অপাঃ পূর্ব্বেষাং হবিবঃ সুতানাং" এই মন্ত্রকে যে যাজ্যা করা হয়, এতদ্দ্বারা সকল সবন হইতেই ষোড়শীকে নির্ম্মাণ করা হয়। যে ইহা জানে, সে সকল সবন হইতেই নির্ম্মিত ষোড়শী দ্বারা সমৃদ্ধ হয়।

[ঐ যাজ্যা মন্ত্রের] একাদশ-অক্ষরযুক্ত প্রত্যেক চরণে মহানাম্নী ঋকের [অন্তর্গত] পঞ্চাক্ষরযুক্ত উপসর্গ যোগ করিবে।৮ এই যে ষোড়শী, উহা সকল ছন্দ হইতে নির্ম্মিত। মহানাম্নী ঋকের [অন্তর্গত] পঞ্চাক্ষর উপসর্গকে যে যাজ্যা মন্ত্রের একাদশাক্ষরযুক্ত প্রত্যেক চরণে যোগ করা হয়, এতদ্দ্বারা ষোড়শীকে সকল ছন্দ হইতেই নির্ম্মিত করা হয়। যে ইহা জানে, সে সকল ছন্দ হইতেই নির্ম্মিত ষোড়শী দ্বারা সমৃদ্ধ হয়।

পঞ্চম খণ্ড

অতিরাত্র

ষোড়শী ক্রতুর বিবরণ সমাপ্ত হইল। অতঃপর অতিরাত্র, যথা—"অহরৈ··· অপিশর্ব্বরত্বম্"।

একদা দেবগণ দিবসকে আশ্রয় করিয়াছিলেন ও অসুরেরা রাত্রি আশ্রয় করিয়াছিল। তাঁহারা [উভয়ে] সমানবীর্য্য হইয়াছিলেন ও কেহ কাহাকেও পরাভূত করিতে পারেন নাই। ইন্দ্র বলিলেন, কে আমার সহিত [একযোগে] এই অসুরদিগকে এই রাত্রি হইতে অপসারিত করিবে ? কিন্তু তিনি দেবগণের মধ্যে কাহাকেও দেখিতে

(৮) উল্লিখিত নয়টি মহানাম্নী ঋকের সহিত আর নয়টি মন্ত্রের উক্ত আরণ্যকে উল্লেখ আছে। ফলপূরণার্থ উহার পাঠ আবশ্যক, এই জন্য উহাদের নাম পুরীষ মন্ত্র। ঐ নয়টি পুরীষ মন্ত্রের প্রথমটিতে "এবাহি এব," দ্বিতীয়টিতে "এবাহি ইন্দ্রম্," ষষ্ঠে "এবা হি শক্রঃ" এবং "বশী হি শক্রঃ" এই চারিটি পঞ্চাক্ষরযুক্ত অংশ আছে, উহাদিগকেই এস্থলে উপসর্গ বলা হইল। ষোড়শী শস্ত্রের যাজ্যামন্ত্রের প্রত্যেক চরণে একাদশ অক্ষর। প্রত্যেক চরণের আদিতে পঞ্চাক্ষর। উপসর্গ বসাইলে অক্ষরসংখ্যা ষোলটি হয়। চারি চরণের আদিতে চারিটি উপসর্গ যথাক্রমে বসাইলে যাজ্যামন্ত্রের অক্ষরসংখ্যা চৌষট্টি হয় ও যাজ্যা মন্ত্রটি দুইটি অনুষ্টুভের সমান হয়।

পাইলেন না। রাত্রিব অন্ধকাবকে তাঁহাবা মৃত্যুব মত ভয কবিয়াছিলেন। সেই নিমিত্ত এখনও লোকে বাত্রিকালে [গৃহ হইতে] কিঞ্চিৎ বাহিবে আসিয়াই ভয় পায ; [কেন না] বাত্রি অন্ধকাব এবং মৃত্যুবই মত।

কেবল ছন্দেবা ইন্দ্রেব অনুগমন কবিযাছিল। সেই জন্য ইন্দ্র এবং ছন্দোগণ [অতিবাত্র ক্রতুতে] বাত্রিব কর্ম্ম নির্ব্বাহ কবেন। [উহাতে] নিবিৎ বা পুবোরুক্ বা ধায্যা বা অন্য দেবতাব উদ্দিষ্ট শস্ত্র পঠিত হয না। কেবল ইন্দ্রই ছন্দোগণেব সহিত বাত্রিব কর্ম্ম নির্ব্বাহ কবেন। [বাত্রিতে অনুষ্ঠিত] পর্য্যাযসকল দ্বাবাই তাঁহাবা [যাগভূমি] পবিক্রমণ কবিয়া অসুবদিগকে নিবাকৃত কবিযাছিলেন। পর্য্যাযসমূহ দ্বাবা পর্য্যায (পবিক্রমণ) করিযা উহাদিগকে নিবাকৃত কবিযাছিলেন, উহাই পর্য্যায়সকলেব পর্য্যাযত্ব।[১] প্রথম পর্য্যায দ্বাবা পূর্ব্ববাত্র[২] হইতে, মধ্যম পর্য্যায দ্বাবা মধ্যবাত্র হইতে ও শেষ পর্য্যায দ্বাবা শেষবাত্র হইতে উহাদিগকে নিবাকৃত কবিযাছিলেন।

ছন্দেবা বলিযাছিল, [অহে ইন্দ্র] আমবাই শর্ব্ববী (বাত্রি) হইতে [অসুবদিগকে নিবাকৃত কবিবাব জন্য] তোমাব অনুগমন কবিয়াছি। এই জন্যই ঐ ছন্দগুলিকে অপিশর্ব্বব নাম দেওযা হইযাছে। ইন্দ্র বাত্রিব অন্ধকাবকে মৃত্যুব মত ভয কবিযাছিলেন. ঐ ছন্দেবাই তাঁহাকে সেই ভয হইতে উত্তীর্ণ কবিযাছিলেন। ইহাই অপিশর্ব্ববেব [তন্নামক ছন্দেব] অপিশর্ব্ববত্ব।

---

(১) অতিরাত্র যজ্ঞে রাত্রিকালে তিন পর্য্যায় অনুষ্ঠিত হয়। প্রত্যেক পর্য্যায়ে চারি বার সোমপূর্ণ চমস ঋত্বিক্‌গণকে ঘুরিয়া আসে। এক এক বার ঘুরিয়া আসিবার সময় এক এক শস্ত্র ও এক এক যাজ্যা পঠিত হয়। যাজ্যান্তে সোমাহুতি হয়। প্রথম পর্য্যায়ে প্রথমে হোতার, পরে মৈত্রাবরুণের, পরে ব্রাহ্মণাচ্ছংসীর ও তৎপরে অচ্ছাবাকের চমস ঘুরিয়া আসে। ঐরূপ আর দুইটি পর্য্যায় অনুষ্ঠিত হয়। চমস ঘুরিয়া আসে বা পরিক্রমণ করে বলিয়া উহার নাম পর্য্যায়।

(২) রাত্রিকে ত্রিশ দণ্ড ধরিয়া তিন ভাগ করিলে প্রত্যেক ভাগ দশদণ্ডব্যাপী হয়। তিন ভাগে তিন পর্য্যায় অনুষ্ঠিত হয়।

ষষ্ঠ খণ্ড

অতিরাত্র

অতিরাত্রে পর্য্যায়সমূহে শস্ত্রযাজ্যাদি বিধান, যথা—"পান্ত মা…অবরুদ্ধে"

"পান্ত মা বো অন্ধসঃ"[১] এই অন্ধঃ-শব্দযুক্ত অনুষ্টুভে রাত্রির শস্ত্র আরম্ভ করিবে। রাত্রি অনুষ্টুভের সম্বন্ধযুক্ত, সেই জন্য উহা রাত্রির স্বরূপ।[২]

অন্ধঃ-শব্দযুক্ত, [পানার্থক-] পীতশব্দযুক্ত, এবং [হর্ষার্থক-] মদ্‌শব্দযুক্ত [চারিটি] অভিরূপ ত্রিষ্টুপ্‌কে [প্রথম পর্য্যায়ের চারিটি চমসের] যাজ্যা করা হয়। কেন না, যাহা যজ্ঞে অভিরূপ, তাহাই সমৃদ্ধ।[৩]

যখন প্রথম পর্য্যায়ে স্তোত্রগান হয়, তখন [গেয় মন্ত্রের] প্রথম চরণ পুনরায় গৃহীত হয় (অর্থাৎ দুই বার উচ্চারিত হয়)।[৪] ঐরূপ করিলে অসুরদের যে অশ্ব ও গরু আছে, তাহা তাহাদের নিকট হইতে [কাড়িয়া] লওয়া হয়।

যখন মধ্যম পর্য্যায়ে স্তোত্রগান হয়, তখন মধ্যম পদ পুনরায় গৃহীত হয়। ঐরূপ করিলে অসুরদের যে শকট ও রথ আছে, তাহা তাহাদের নিকট হইতে [কাড়িয়া] লওয়া হয়।

যখন অন্তিম পর্য্যায়ে স্তোত্রগান হয়, তখন অন্তিম চরণ পুনরায় গৃহীত হয়। ঐরূপ করিলে অসুরদের শরীরে যে বস্ত্র, হিরণ্য ও মণি আছে, তাহা [কাড়িয়া] লওয়া হয়। যে ইহা জানে, সে শত্রুর ধন গ্রহণ করে ও শত্রুকে সকল লোক হইতে নিরাকৃত করে।

কেহ কেহ প্রশ্ন করেন, দিবসের কর্ম্ম পবমানযুক্ত, রাত্রির কর্ম্ম পবমানযুক্ত নহে, তবে কিরূপে [দিন ও রাত্রির কর্ম্ম] উভয়েই পবমানযুক্ত

---

(১) ৮।৯২।১, প্রথম পর্য্যায়ের হোতৃচমস-পরিক্রমণে যে শস্ত্র পঠিত হয়, এইটি তাহার প্রথম মন্ত্র।

(২) গায়ত্রী, ত্রিষ্টুপ্‌, জগতী ও অনুষ্টুপ্‌, এই চারিটি ছন্দের প্রথম তিনটি দিবসকৃত্য সবনত্রয়ে প্রযুক্ত হয়। অবশিষ্ট অনুষ্টুপ্‌ রাত্রিকালেই প্রযোজ্য।

(৩) চারিটি যাজ্যামন্ত্রের প্রত্যেকটিতেই উক্ত অর্থত্রয়বাচক শব্দ আছে।

(৪) স্তোত্রগানের মত শস্ত্রপাঠেও প্রথম চরণ দুই বার পঠিত হয়।

হয় এবং কিরূপেই বা তাহারা সমানভাগযুক্ত হয় ?[৫] [উত্তর] যেহেতু [অতিরাত্রে] "ইন্দ্রায় মদ্বনে সুতম্"[৬] "ইদং বসো সুতমন্ধঃ"[৭] এবং "ইদং হ্যন্বোজসা সুতম্"[৮] ইত্যাদি মন্ত্রে স্তোত্রগান হয় ও শস্ত্রপাঠ হয়, তাহাতেই রাত্রিকর্ম্ম পবমানযুক্ত হইয়া থাকে ; তাহাতেই [দিনকর্ম্ম ও রাত্রিকর্ম্ম] উভয়েই পবমানযুক্ত হয় ও সমানভাগবিশিষ্ট হইয়া থাকে।

[আবার] কেহ কেহ প্রশ্ন করেন, দিনে পোনেরটি স্তোত্র, কিন্তু রাত্রিতে পোনেরটি স্তোত্র নাই। তাহা হইলে উভয়ে কিরূপে পঞ্চদশ-স্তোত্রযুক্ত হয় ও সমানভাগবিশিষ্ট হয় ?[৯] [উত্তর] [অতিরাত্রে] বারটি স্তোত্র আছে, তাহাদের নাম অপিশর্ব্বর ,[১০] এতদ্ব্যতীত তিন দেবতার উদ্দিষ্ট রথন্তর নামক সন্ধিস্তোত্র দ্বারাও স্তব করা হয়[১১] , এইরূপে রাত্রি-কর্ম্মও পঞ্চদশ-স্তোত্রযুক্ত হয় , তদ্দ্বারা উভয়েই পঞ্চদশ-স্তোত্রযুক্ত হয় ও সমানভাগবিশিষ্ট হইয়া থাকে।

স্তোত্রসংখ্যা পরিমিত (সীমাবদ্ধ), কিন্তু তদনন্তর পঠিত শস্ত্রসংখ্যার কোন পরিমাণ নাই।[১২] যাহা অতীত, তাহা পরিমিত ; যাহা ভবিষ্যৎ, তাহা অপরিমিত লাভের আশা করে। স্তোত্র (অর্থাৎ তদন্তর্গত

---

(৫) দিবসে অনুষ্ঠেয় সোমযাগে সবনত্রয়ে বহিষ্পবমান, মাধ্যন্দিপবমান ও আর্ভবপবমান গীত হয়। রাত্রিতে অনুষ্ঠিত অতিরাত্র সোমযাগে পবমান স্তোত্রের ব্যবস্থা নাই, তবে কিরূপে রাত্রিতে পবমান না থাকিলেও পবমানের ফল পাওয়া যায়, এই প্রশ্ন।

(৬) ৮।৯২।১৯। (৭) ৮।২।১। (৮) ৩।৫১।১০।

(৯) অগ্নিষ্টোমে বার ও উক্থ্যে তদতিরিক্ত তিন, একযোগে দিনকর্ম্মে পোনের স্তোত্র।

(১০) প্রতি পর্য্যায়ে চারি বার সোমাহুতি, শস্ত্রপাঠ ও স্তোত্রগান হয়। অতএব তিন পর্য্যায়ে বারটি স্তোত্র।

(১১) রাত্রিশেষে সূর্য্যোদয়ের পূর্ব্বে সন্ধিস্তোত্র হয়। দিবারাত্রের সন্ধিস্থলে গীত হয় বলিয়া উহার নাম সন্ধিস্তোত্র। ঐ স্তোত্রে ছয়টি মন্ত্র (সামসংহিতা, ২।৯৯-১০৪)। ছুইটি অগ্নির, ছুইটি উষার ও ছুইটি অশ্বিদ্বয়ের উদ্দিষ্ট। রথন্তর সাম যে নিয়মে গীত হয়, এই পৃষ্ঠস্তোত্রও সেই নিয়মে গীত হইয়া থাকে।

(১২) স্তোত্রগত স্তোম কেবল চারি প্রকার,—ত্রিবৃৎ, পঞ্চদশ, সপ্তদশ ও একবিংশ। তদতিরিক্ত স্তোম নাই। কিন্তু স্তোত্রান্তে যে শস্ত্র পাঠ হয়. তাহাতে মন্ত্রসংখ্যার কোন সীমা নির্দ্দিষ্ট নাই। স্তোত্রে যত মন্ত্র, শস্ত্রে পঠিত মন্ত্র তাহা অপেক্ষা অধিক হইতে পারে।

মন্ত্রসংখ্যা) অতিক্রম করিয়া [বহুতর] মন্ত্র [হোতা শস্ত্রমধ্যে] পাঠ করেন। প্রজা এবং পশুও আপনাকে অতিক্রম করে।[১৩] সেই জন্য এই যে স্তোত্র অতিক্রম করিয়া শস্ত্র পঠিত হয়, এতদ্দ্বারা যাহা (প্রজা ও পশু) আপনাকে অতিক্রম করে, তাহা'ই লব্ধ হইয়া থাকে।

সপ্তদশ অধ্যায়

প্রথম খণ্ড

অতিরাত্র

অতিরাত্রে রাত্রিপর্য্যায়ের পর আশ্বিন শস্ত্র পঠিত হয়, তৎসম্বন্ধে আখ্যায়িকা ও বিধান—"প্রজাপতির্বৈ এবং বেদ"

একদা প্রজাপতি সাবিত্রী[১] সূর্য্যানাম্নী দুহিতাকে রাজা সোমের উদ্দেশে সম্প্রদানার্থ উদ্যত হইয়াছিলেন। দেবগণ তাঁহাকে পাইবার জন্য বর হইয়া আসিয়াছিলেন। প্রজাপতি এই [ঋক্-] সহস্রকে সেই কন্যার বহতু[২] করিয়াছিলেন। ঐ মন্ত্রসহস্রকে আশ্বিন শস্ত্র বলা হয়। যাহাতে ঋক্সংখ্যা সহস্রের ন্যূন, তাহা আশ্বিন শস্ত্র নহে। সেই হেতু সেই সহস্র মন্ত্র, অথবা তাহারও অধিক পাঠ করিবে।

ঘৃত ভক্ষণ করিয়া [আশ্বিন শস্ত্র] পাঠ করিবে। গাড়ী অথবা রথ [চাকাতে] তৈলাক্ত করিয়া যেমন চালান হয়, হোতাও সেইরূপ ঘৃতাক্ত হইয়া [শস্ত্রপাঠ] আরম্ভ করিবেন।

---

(১৩) অর্থাৎ একজনের বহু পুত্র ও বহু পশু থাকিতে পারে।

(১) সাবিত্রী সবিতার কন্যা। সবিতার কন্যা হইলেও প্রজাপতি স্নেহবশতঃ তাঁহাকে আপন দুহিতা মনে করিতেন (সায়ণ)।

(২) বহন শব্দে বিবাহ। বিবাহে মাঙ্গল্যার্থ বরের সম্মুখে যে হরিদ্রাগুড়াদি মঙ্গল-দ্রব্য স্থাপিত হয়, তাহার নাম বহতু।

উৎপতনোন্মুখ শকুনির (পক্ষীর) মত [অবস্থিত হইয়া] আহাব পাঠ কবিবে।[৩]

এই [আশ্বিন শস্ত্র] আমাব হউক, ইহা আমাব হউক, এই বলিয়া দেবগণ [পবস্পব বিবাদ কবিয়া] কেহই তাহা লাভ কবিতে পাবেন নাই। তখন তাহা পাইবাব জন্য সন্ধি কবিয়া দেবগণ বলিলেন, আমবা আজিধাবন কবিব,[৪] যে আমাদেব মধ্যে জয লাভ কবিবে, এই শস্ত্র তাহাবই হইবে। এই বলিযা তাঁহাবা গৃহপতি অগ্নি হইতে আদিত্য পর্য্যন্ত [ধাবনেব] সীমা স্থিব কবিলেন। সেই জন্য "অগ্নির্হোতা গৃহপতিঃ স বাজা" এই অগ্নিদৈবত মন্ত্র[৫] আশ্বিন শস্ত্রেব প্রতিপৎ (আবম্ভেব মন্ত্র) হইযা থাকে।

এ বিষযে কেহ কেহ বলেন, "অগ্নিং মন্যে পিতবমগ্নিমাপম্"[৬] এই মন্ত্রে আশ্বিন শস্ত্র আবম্ভ কবিবে। [তাহা হইলে] "দিবি শুক্রং যজতং সূর্য্যস্য" এই [চতুর্থ] চবণ পাঠেই প্রথম ঋক্ দ্বাবাই ধাবনেব সীমা পাওয়া যায।[৭] কিন্তু এই মত আদবণীয নহে। কেন না, সে স্থলে যদি কেহ আসিযা হোতাকে শাপ দেয, এই হোতা অগ্নিব নাম কবিয়া আবম্ভ কবিযাছে, ঐ ব্যক্তি অগ্নিকেই পাইবে (অগ্নিতে দগ্ধ হইবে), তাহা হইলে অবশ্য তাহাই ঘটে। সেই জন্য "অগ্নির্হোতা গৃহপতিঃ স বাজা" এই মন্ত্রেই আবম্ভ কবিবে। এই মন্ত্র গৃহপতি-শব্দযুক্ত ও প্রজননার্থক-শব্দযুক্ত[৮] ও শান্তিগুণ-সম্পন্ন। ইহাতে হোতা পূর্ণায়ু হয় এবং পূর্ণ আয়ু ঘটে। যে ইহা জানে, সে পূর্ণ আয়ু লাভ কবে।

---

(৩) "যথা পক্ষী পদ্ভ্যাং ভূমিং দৃঢ়মবষ্টভ্য উৎপতিষ্যন্ ঊর্দ্ধমুখোৎপতনং কর্ত্তুমিচ্ছন্ পক্ষ্যন্তরমভিলক্ষ্য ধ্বনিং করোতি, এবমসৌ হোতা তদাকারং ঘটনং কুর্ব্বন্ আহাবং পঠেৎ" (সায়ণ)। আশ্বিন শস্ত্রের পূর্ব্বে আহাবের সময় হোতা ঐরূপে উপবিষ্ট হইবেন।

(৪) পণ রাখিয়া দৌড়ানর নাম আজিধাবন।

(৫) গার্হপত্য অগ্নির নিকট হইতে আরম্ভ করিয়া আদিত্যের নিকট পর্য্যন্ত দৌড়ান হইবে, এই স্থির হইল। (৬।১৫।১৩।)

(৬) ১০।৭।৩।

(৭) ধাবনের শেষসীমা আদিত্য বা সূর্য্য। চতুর্থ চরণে সূর্য্যের নাম থাকায় ঐ প্রথম মন্ত্রেই আজিধাবন সমাপ্ত হইতে পারে। কেন না, ধাবনেরও শেষ সীমা সূর্য্য।

(৮) "বিশ্বা বেদ জনিমা জাতবেদাঃ" এই দ্বিতীয় চরণে জননার্থ জনিমা শব্দ আছে।

দ্বিতীয় খণ্ড

অতিরাত্র

আশ্বিন শস্ত্র সম্বন্ধে আখ্যায়িকার অবশিষ্ট ভাগ—"তাসাং বৈ…এবং বেদ"

আজিধাবনে প্রবৃত্ত হইলে সেই দেবতাদের মধ্যে অগ্নি অগ্রণী হইয়া প্রথমে চলিলেন। অশ্বিদ্বয় তাঁহার পশ্চাতে চলিয়া তাঁহাকে বলিলেন, তুমি সরিয়া যাও, আমরা এই শস্ত্র জয় করিয়া লইব। অগ্নি বলিলেন, তাহাই হইবে, তবে আমারও এই শস্ত্রে ভাগ রহুক। তাহাই হউক বলিয়া অশ্বিদ্বয় অগ্নিকেও ইহাতে ভাগ দিয়াছিলেন। এই জন্য আশ্বিন শস্ত্রে অগ্নির উদ্দিষ্ট কাণ্ড পঠিত হয়[১]।

অশ্বিদ্বয় উষার পশ্চাতে চলিয়া তাঁহাকে বলিলেন, তুমি সরিয়া যাও, আমরা এই শস্ত্র জয় করিয়া লইব। উষা বলিলেন, তাহাই হইবে, তবে আমারও ইহাতে ভাগ রহুক। তাহাই হউক বলিয়া অশ্বিদ্বয় উষাকেও ইহাতে ভাগ দিয়াছিলেন। সেই জন্য আশ্বিন শস্ত্রে উষার উদ্দিষ্ট কাণ্ড পঠিত হয়।

তাঁহারা ইন্দ্রের পশ্চাতে চলিয়া তাঁহাকে বলিলেন, অহে মঘবা, আমরা ইহা জয় করিয়া লইব। তুমি সরিয়া যাও, এ কথা ইন্দ্রকে বলিতে তাঁহারা সাহস করেন নাই। ইন্দ্র বলিলেন, তাহাই হইবে, তবে আমারও ইহাতে ভাগ রহুক। তাহাই হউক বলিয়া তাঁহারা ইন্দ্রকেও ইহাতে ভাগ দিলেন। সেই জন্য আশ্বিন শস্ত্রে ইন্দ্রের উদ্দিষ্ট কাণ্ড পঠিত হয়।

অতঃপর অশ্বিদ্বয় সেই আজিতে জয় লাভ করিলেন ও সেই শস্ত্রে ব্যাপ্ত হইলেন। যেহেতু অশ্বিদ্বয় ইহাতে জয় লাভ করিয়াছিলেন ও ইহাতে ব্যাপ্ত হইয়াছিলেন, সেই হেতু ইহাকে আশ্বিন শস্ত্র বলা হয়। যে ইহা জানে, সে যাহা যাহা কামনা করে, তাহাই প্রাপ্ত হয়।

এ বিষয়ে [ব্রহ্মবাদীরা] প্রশ্ন করেন, যখন অগ্নির উদ্দিষ্ট, উষার

---

(১) আশ্বিন শস্ত্রের অন্তর্গত বহু মন্ত্রের মধ্যে যেগুলি অগ্নির উদ্দিষ্ট, তাহাই আগ্নেয়-কাণ্ড। আশ্বিন শস্ত্র মুখ্যতঃ অশ্বিদ্বয়ের উদ্দিষ্ট হইলেও অন্য দেবতাদের উদ্দিষ্ট মন্ত্র কিরূপে স্থান পাইল, তাহাই দেখান হইতেছে।

উদ্দিষ্ট, ইন্দ্রের উদ্দিষ্ট মন্ত্রসকল পাঠ করা হয়, তখন ইহার নাম আশ্বিন কিরূপে হইল? [উত্তর] অশ্বিদ্বয়ই বস্তুতঃ ইহা জয় করিয়াছিলেন, অশ্বিদ্বয়ই ইহাতে ব্যাপ্ত হইয়াছিলেন, সেই হেতু ইহাকে আশ্বিন বলা হয়। যে ইহা জানে, সে যাহা যাহা কামনা করে, তাহাই প্রাপ্ত হয়।

তৃতীয় খণ্ড

অতিরাত্র—আশ্বিন শস্ত্র

আশ্বিন শস্ত্র সম্বন্ধে অন্যান্য কথা—"অশ্বতরী রথেন যজমানায় চ"

অগ্নি অশ্বতরীযুক্ত রথে আজিধাবন করিয়াছিলেন; সেই অশ্বতরীদিগকে বেগে চালনা করিতে গিয়া অগ্নি তাহাদের যোনিদেশ দগ্ধ করিয়া ফেলিয়া দিলেন, সেই জন্য অশ্বতরীরা সন্তানোৎপাদন করিতে পারে না।

উষা অরুণবর্ণ গোসকল দ্বারা আজিধাবন করিয়াছিলেন। সেই জন্য উষা আগত হইলে উষার রূপ অরুণপ্রভাযুক্ত হয়।

ইন্দ্র অশ্বযুক্ত রথে আজিধাবন করিয়াছিলেন। সেই রথে উচ্চ শব্দ হইয়াছিল। সেই জন্য ক্ষত্রিয়ের রূপও সেইরূপ, ইন্দ্রেরও সেইরূপ [শব্দ]।[১]

অশ্বিদ্বয় গর্দ্দভযুক্ত রথে চলিয়া জয় লাভ করিয়াছিলেন ও ব্যাপ্ত হইয়াছিলেন। অশ্বিদ্বয় জয় লাভ করিয়াছিলেন ও ব্যাপ্ত হইয়াছিলেন; সেই হেতু (আজিধাবনে অতি পরিশ্রম হেতু) গর্দ্দভ বেগহীন ও দুগ্ধহীন ও সকল বাহনের মধ্যে অল্পবেগ হইয়াছে। কিন্তু অশ্বিদ্বয় তাহার রেতোবীর্য্য হরণ করেন নাই, সেই জন্য সেই বাজী (গতিশীল) গর্দ্দভ দ্বিরেতোবিশিষ্ট (গর্দ্দভ ও অশ্বতর উভয়ের উৎপাদনে সমর্থ)।

এ বিষয়ে [ব্রহ্মবাদীরা] বলেন,—অগ্নির, উষার, অশ্বিদ্বয়ের উদ্দেশে যেমন [সাত ছন্দের মন্ত্র পাঠ] হয়, সেইরূপ সূর্য্যের উদ্দেশেও সাত ছন্দ পাঠ করিবে, কেন না, দেবলোক সাতটি; উহাতে সকল দেবলোকেই সমৃদ্ধিলাভ ঘটে। কিন্তু এই মত আদরণীয় নহে। তিনটি মাত্র [ছন্দ]

---

(১) ক্ষত্রিয়ের রথের আগে আগে ভৃত্যেরা শব্দ করিতে করিতে যায়। ইন্দ্রের সহিত অসুরদিগের যুদ্ধকালেও মহাশব্দ হইয়াছিল। (সায়ণ)।

পাঠ করিবে। কেন না, লোক তিনটি ও বিবিধ, এরূপ করিলে এই [তিন] লোকেরই জয় ঘটে।

এ বিষয়ে কেহ কেহ বলেন, "উদুত্যং জাতবেদসং" এই মন্ত্রে[২] সূর্য্যদৈবত কাণ্ড আরম্ভ করিবে। কিন্তু এই মত আদরণীয় নহে। [আজিধাবনে] লোকে শেষ সীমার নিকট পর্য্যন্ত গিয়াও স্খলিত হইতে পারে; উহাতেও সেইরূপ ঘটে। "সূর্য্যো নো দিবস্পাতু"[৩] এই মন্ত্রে সূর্য্যের উদ্দিষ্ট কাণ্ড আরম্ভ করিবে, [আজিধাবনে] চলিয়া শেষ সীমায় [নির্ব্বিঘ্নে] যেমন পৌঁছান যায়, ইহাতেও সেইরূপ হয়। [তৎপরে] "উদুত্যং জাতবেদসম্"[৪] ইত্যাদি দ্বিতীয় সূক্ত পাঠ করিবে। তৎপরে "চিত্রং দেবানামুদগাদনীকম্"[৫] এই ত্রিষ্টুপ্ ছন্দের সূক্তে ঐ আদিত্যকেই দেবগণের চিত্র (রূপ) বলা হইতেছে, এবং তিনিই উদিত হইতেছেন, অতএব [তৎপরে] এই সূক্ত পাঠ করিবে। [তৎপরে] "নমো মিত্রস্য বরুণস্য চক্ষসে"[৬] ইত্যাদি জগতী ছন্দের সূক্ত পাঠ করিবে, উহাতে আশীর্ব্বাচক যে পদ আছে, তদ্দ্বারা হোতা নিজের জন্য ও যজমানের জন্য আশিষ প্রার্থনা করেন।

চতুর্থ খণ্ড

অতিরাত্র—আশ্বিন শস্ত্র

তৎপরে আশ্বিন শস্ত্রের অন্তর্গত প্রগাথ-বিধান—"তদাহঃ···নাতিশংসতি"

এ বিষয়ে [ব্রহ্মবাদীরা] বলেন, [দেবতামধ্যে] সূর্য্যকে অতিক্রম করিয়া (ত্যাগ করিয়া) শস্ত্র পাঠ করিবে না, [ছন্দোমধ্যে] বৃহতীকে অতিক্রম করিয়া শস্ত্র পাঠ করিবে না, সূর্য্যকে অতিক্রম করিয়া শস্ত্র পাঠ করিলে ব্রহ্মবর্চ্চসের হানি হয় ও বৃহতীকে অতিক্রম করিয়া শস্ত্র পাঠ করিলে প্রাণের হানি হয়।

---

(২) ১।৫০।১।

(৩) দশম মণ্ডলের ১৫৮ সূক্ত পাঠ বিহিত। ঐ সূক্তের ঐটি প্রথম মন্ত্র। এই সূক্তের ছন্দ গায়ত্রী।

(৪) ১ মণ্ডল ৫ সূক্ত। এই সূক্তেরও ছন্দ গায়ত্রী। (৫) ১ মণ্ডল ১১৫ সূক্ত।

(৬) ১০ মণ্ডল ৩৭ সূক্ত।

"ইন্দ্র ক্রতুং ন আভর"[১]—হে ইন্দ্র, আমাদের ক্রতু আনয়ন কর—ইত্যাদি ইন্দ্রদৈবত প্রগাথ পাঠ করা হয়। [এই মন্ত্রের দ্বিতীয়ার্দ্ধ] "শিক্ষা ণো অস্মিন্ পুরুহূত যামনি জীবা জ্যোতিরশীমহি"—অহে পুরুহূত (ইন্দ্র), আমাদিগকে এই [অতিরাত্র] নিয়মে শিক্ষা দাও, যেন আমরা জীবিত থাকিয়া জ্যোতিঃ প্রাপ্ত হই—এ স্থলে জ্যোতিঃ শব্দে ঐ [সূর্য্য]; অতএব [এই মন্ত্র ইন্দ্রের উদ্দিষ্ট হইলেও] ইহাতে সূর্য্যকে অতিক্রম করা হইল না। যেহেতু উক্ত মন্ত্র প্রগাথরূপে পঠিত হইলে বৃহতীর তুল্য হয়, অতএব উহা পাঠে বৃহতীকেও অতিক্রম করা হয় না[২]।

[তৎপরে অন্য প্রগাথ] "অভি ত্বা শূর নোনুমঃ"[৩] ইত্যাদি রথন্তর সামের উৎপাদক মন্ত্র [প্রগাথরূপে] পাঠ করিবে। [অতিরাত্রে উদ্গাতারা] রথন্তর-সামসাধ্য সন্ধিস্তোত্রে আশ্বিন শস্ত্রের জন্য স্তব করেন। এই যে রথন্তরের উৎপাদক মন্ত্র পঠিত হয়, ইহাতে রথন্তরের সমান স্থান প্রাপ্তি ঘটে। [ঐ ঋকের তৃতীয় চরণে] "ঈশানমস্য জগতঃ স্বর্দৃশম্" এ স্থলে "স্বর্দৃশম্"[৪] পদে ঐ সূর্য্যকে বুঝাইতেছে, অতএব এই মন্ত্র পাঠে সূর্য্যকেও অতিক্রম করা হয় না। যেহেতু এই প্রগাথ বৃহতী-তুল্য হয়, অতএব ইহাতে বৃহতীরও অতিক্রম হয় না।

[তৎপরে] "বহবঃ সূরচক্ষসঃ" ইত্যাদি[৫] মিত্রাবরুণোদ্দিষ্ট প্রগাথ পাঠ করা হয়। দিনই মিত্রস্বরূপ ও রাত্রি বরুণস্বরূপ, যে অতিরাত্র অনুষ্ঠান করে, সে দিন ও রাত্রি উভয়ের উদ্দেশেই ক্রতু আরম্ভ করে। এই যে মিত্রাবরুণের উদ্দিষ্ট প্রগাথ পাঠ করা হয়, ইহাতে যজমানকে অহোরাত্রেই প্রতিষ্ঠিত করা হয়। [ঐ মন্ত্রে] "সূরচক্ষসে" এই পদ

---

(১) ৭।৩২।২৬।

(২) এই প্রগাথে দুইটি মন্ত্র আছে, দুইটিকে গাঁথিয়া তিনটি বৃহতীতে পরিণত করা হয়। প্রথম মন্ত্রটির চারি চরণে ছত্রিশ অক্ষর আছে, উহা স্বভাবতঃ বৃহতী। দ্বিতীয় ঋক্ বৃহতী নহে, কিন্তু উহার প্রথমার্দ্ধে ও দ্বিতীয়ার্দ্ধে বিশটি করিয়া অক্ষর আছে। প্রথম ঋকের শেষ চরণের আট অক্ষর দুই বার পাঠ করিলে ষোল অক্ষর হয়। এই ষোল অক্ষরের সহিত দ্বিতীয় ঋকের প্রথমার্দ্ধ যোগে ছত্রিশ ও দ্বিতীয়ার্দ্ধ যোগে ছত্রিশ, এইরূপে দুইটি বৃহতী গাঁথা হয়।

(৩) ৭।৩২।২২। (৪) স্বর্গলোকে দৃশ্যমানম্। (৫) ৭।৬৬।১০।

থাকায সূর্য্যকে অতিক্রম কবা হয না। এবং এই প্রগাথ বৃহতীতুল্য হওযায বৃহতীবও অতিক্রম হয না।

[তৎপবে] "মহী দ্যৌঃ পৃথিবী চ নঃ"[৬] এবং "তে হি দ্যাবাপৃথিবী বিশ্বশংভুব"[৭] এই দুই দ্যাবাপৃথিবীব উদ্দিষ্ট মন্ত্র পাঠ কবা হয। দ্যাবাপৃথিবী প্রতিষ্ঠাস্বরূপ; ইনি (পৃথিবী) ইহলোকে ও উনি (দ্যৌঃ) ঐ লোকে প্রতিষ্ঠা। এই যে দ্যাবাপৃথিবী-দৈবত মন্ত্রদ্বয পাঠ কবা হয, ইহাতে যজমানকে প্রতিষ্ঠাতেই (আশ্রযেই) প্রতিষ্ঠিত কবা হয। [দ্বিতীয ঋকে] "দেবো দেবী ধর্ম্মণা সূর্য্যঃ শুচিঃ" এই [সূর্য্য-শব্দযুক্ত] চবণ আছে, সেই জন্য সূর্য্যকে অতিক্রম কবা হইল না। আব [প্রথম ঋক্] গাযত্রী আব [দ্বিতীয ঋক্] জগতী[৮], তাহাবা উভযে দুইটি বৃহতীব সমান; অতএব বৃহতীবও অতিক্রম হইল না।

[তৎপবে] "বিশ্বস্য দেবী মৃচযস্য জন্মনো ন যা বোষাতি ন গ্রভৎ"—সকল গতিশীল প্রাণীব জন্মেব দেবী (স্বামিনী) যে [নিঋ´তি নাম্নী] দেবতা আছেন, তিনি আমাদেব উপব যেন বোষ না কবেন বা আমাদিগকে গ্রহণ না কবেন—এই দ্বিপাদযুক্ত ঋক্[৯] পাঠ কবা হয়। এই যে আশ্বিন শস্ত্র, ইহাকে চিতাকাষ্ঠযুক্ত স্থানেব (শ্মশানেব) মত [ভযজনক] বলা হয। হোতা যখনই [শস্ত্রপাঠ] সমাপ্ত কবিবেন, তখনই তাঁহাব অভিমুখে [বন্ধনার্থ] পাশ মোচন কবিব, এই উদ্দেশে পাশহস্তা নিঋ´তি তৎসমীপে উপস্থিত থাকেন। সেই জন্য (নিঋ´তিব পাশ হইতে ত্রাণার্থ) বৃহস্পতি "ন যা বোষাতি ন গ্রভৎ" তিনি যেন বোষ না কবেন, তিনি যেন গ্রহণ (বন্ধন) না কবেন—ঐ দ্বিপাদযুক্ত ঋক্ দেখিযাছিলেন। এইরূপে সেই মন্ত্র দ্বাবা বৃহস্পতি পাশহস্তা নিঋ´তিব অধোমুখে লম্বমান পাশ নিবাকৃত কবিযাছিলেন। হোতা এই যে দ্বিপাদ মন্ত্রটি পাঠ কবেন, এতদ্দ্বাবাও তিনি পাশহস্তা নিঋ´তিব অধোমুখে লম্বমান পাশ নিরাকৃত কবিয়া থাকেন। এইরূপে স্বস্তিতেই হোতা [পাশ হইতে] উন্মুক্ত হন

---

(৬) ১।২২।১৩।　　(৭) ১।১৬০।১।

(৮) গায়ত্রীর ২৪ ও জগতীর ৪৮ উভয়ে মিলিয়া ৭২ অক্ষর, বৃহতীর ৩৬ অক্ষর, অতএব গায়ত্রী ও জগতী একযোগে দুই বৃহতীর সমান।

(৯) এই ব্রাহ্মণোক্ত ঋক্ সংহিতামধ্যে নাই।

ও পূর্ণায়ু হইয়া পূর্ণায়ু লাভ করেন। যে ইহা জানে, সে পূর্ণ আয়ু লাভ করে। ঐ মন্ত্রের "মৃচয়ন্ত জন্মনঃ" এ স্থলে সূর্য্যই গমন করেন বলিয়া [গতিবাচক মৃচয শব্দের] লক্ষ্য, এই জন্য এই মন্ত্র পাঠে সূর্য্যকে অতিক্রম করা হয় না। আর এই মন্ত্রে দুই চরণ থাকায় ইহা পুরুষসদৃশ-ছন্দোযুক্ত[১০], এইরূপে উহা সকল ছন্দকেই ব্যাপ্ত করে, এই জন্য বৃহতীরও অতিক্রম হয় না।

পঞ্চম খণ্ড

অতিরাত্র—আশ্বিন শস্ত্র

আশ্বিন শস্ত্রের সমাপ্তি—"ব্রহ্মণস্পত্যা···ইত্যেতাভ্যাম্"

ব্রহ্মণস্পতি-দৈবত মন্ত্রে[১] আশ্বিন শস্ত্র সমাপ্ত করা হয়। বৃহস্পতিই ব্রহ্ম, এতদ্দ্বারা যজমানকে শস্ত্রান্তে ব্রহ্মেই প্রতিষ্ঠিত করা হয়। প্রজাকামী ও পশুকামী "এবা পিত্রে বিশ্বদেবায় বৃষ্ণে"[২] এই মন্ত্রে সমাপ্ত করিবে। কেন না, "বৃহস্পতে সুপ্রজা বীরবন্তঃ" এই [তৃতীয় চরণ] পাঠে প্রজাদ্বারা সুসন্তানযুক্ত ও বীরযুক্ত হইবে। [তদ্ব্যতীত চতুর্থ চরণ] "বয়ং স্যাম পতয়ো রযীণাম্" থাকাতে যে স্থলে ইহা জানিয়া ঐ মন্ত্রে সমাপ্ত করা হয়, সেখানে যজমান প্রজাবান্, পশুমান্, রযিমান্ (ধনবান্) ও বীরবান্ হইয়া থাকে। তেজস্কামী ও ব্রহ্মবর্চ্চসকামী—"বৃহস্পতে অতি যদর্য্যো অর্হাৎ"[৩] এই মন্ত্রে সমাপ্ত করিবে, তাহাতে অন্যকে অতিক্রম করিয়া ব্রহ্মবর্চ্চস লাভ করিবে। [ঐ মন্ত্রের দ্বিতীয় চরণে] যে "দ্যুমৎ" আছে, উহা পাঠে ব্রহ্মবর্চ্চসই "দ্যুমৎ" (দীপ্তিযুক্ত) হইয়া বিশেষরূপে প্রকাশ পায়, কেন না, ব্রহ্মবর্চ্চসই বিশেষরূপে প্রকাশ পাইয়া থাকে। [তৃতীয় চরণের] "যদ্দীদয়চ্ছবস ঋত প্রজাত" এ স্থলেও ব্রহ্মবর্চ্চসই "দীদযৎ" (দীপ্তিযুক্ত)। [চতুর্থ চরণের] "তদস্মাসু দ্রবিণং ধেহি চিত্রম্," এ স্থলেও ব্রহ্মবর্চ্চসকেই

(১০) কেন না, পুরুষেরও দুই চরণ।

(১) "বৃহস্পতে অতি যদর্য্যঃ" ইত্যাদি মন্ত্র।

(২) ৪।৫০।৬।

(৩) ২।২৩।১৫।

চিত্র (বিচিত্র) বলা হইল। যে স্থলে ইহা জানিয়া এই মন্ত্রে সমাপ্ত করা হয়, সে স্থলে যজমান ব্রহ্মবর্চ্চসযুক্ত ও ব্রহ্মযশোযুক্ত হইয়া থাকে। সেই জন্য ইহা জানিয়া ঐ মন্ত্রেই সমাপ্ত করিবে।

ঐ মন্ত্র ব্রহ্মণস্পতি-দৈবত, সেই জন্য উহাতে সূর্য্যকে অতিক্রম করা হয় না। আর যেহেতু ঐ [শস্ত্রসমাপ্তিতে পঠিত] ত্রিষ্টুপ্ তিন বার পাঠ করা হয়,[৪] তাহাতে উহা [বহু-অক্ষরযুক্ত হওয়ায়] সকল ছন্দকেই ব্যাপ্ত করে, কাজেই বৃহতীকেও অতিক্রম করা হয় না।

একটি গায়ত্রী মন্ত্রের[৫] ও একটি ত্রিষ্টুপ্ মন্ত্রের[৬] [যাজ্যা] দ্বারা বষট্কার করিবে, কেন না, গায়ত্রীই ব্রহ্ম আর ত্রিষ্টুপ্ বীর্য্য। এতদ্দ্বারা ব্রহ্মের (ব্রাহ্মণধর্ম্মের) সহিত বীর্য্যকে মিলিত করা হয়। যে স্থলে ইহা জানিয়া "অশ্বিনা বায়ুনা যুবং সুদক্ষ" এবং "উভা পিবতমশ্বিনা" এই ত্রিষ্টুপ্ দ্বারা ও গায়ত্রী দ্বারা বষট্কার হয়, সে স্থলে যজমান ব্রহ্মবর্চ্চসযুক্ত, ব্রহ্মযশোযুক্ত ও বীর্য্যবান্ হয়।

[অথবা] একটি গায়ত্রী ও একটি বিরাট্ মন্ত্রদ্বারা বষট্কার করিবে। কেন না, গায়ত্রীই ব্রহ্ম ও বিরাট্ অন্ন। এতদ্দ্বারা অন্নকে ব্রহ্মের সহিত মিলিত করা হয়। যে স্থলে ইহা জানিয়া গায়ত্রী দ্বারা ও বিরাট্ দ্বারা বষট্কার হয়, সে স্থলে যজমান ব্রহ্মবর্চ্চসযুক্ত ও ব্রহ্মযশোযুক্ত হয় ও ব্রাহ্মণের ভক্ষণযোগ্য অন্ন ভোজন করিতে পায়। সেই জন্য ইহা জানিয়া "প্র বামন্ধাংসি মদ্যান্যস্থুঃ"[৭] এই [বিরাট্] ও "উভা পিবতমশ্বিনা" [এই গায়ত্রী] এতদুভয় দ্বারা বষট্কার করিবে।

ষষ্ঠ খণ্ড

গবাময়ন সত্র—চতুর্বিংশাহ

জ্যোতিষ্টোমের চারিটি সংস্থা অগ্নিষ্টোম, উক্থ্য, ষোড়শী ও অতিরাত্রের বিষয় বিবৃত হইল। এখন সংবৎসরব্যাপী গবাময়ন সত্রের বিষয় বলা হইবে। সংবৎসরে

---

(৪) "ত্রিঃ প্রথমাং ত্রিরুত্তমাম্" এই বিধিমতে শস্ত্রসমাপ্তির মন্ত্র তিন বার পঠনীয়।

(৫) "উভা পিবতমশ্বিনা" এই গায়ত্রী (১৷৪৬৷১৫) আশ্বিন শস্ত্রের প্রথম যাজ্যা।

(৬) "অশ্বিনা বায়ুনা যুবম্" এই ত্রিষ্টুপ্ (৩৷৫৮৷৭) আশ্বিন শস্ত্রের দ্বিতীয় যাজ্যা যাজ্যামন্ত্রেই বষট্কার হয়।

(৭) ৭৷৬৮৷২।

৩৬০ দিন; প্রত্যেক দিনে উক্ত চারিটি সংস্থার মধ্যে কোন এক সংস্থানুযায়ী সোম-প্রয়োগ বিহিত হয়। সত্রের প্রথম দিনে অতিরাত্র বিহিত। পরদিনের নাম চতুর্বিংশ। সে দিন সোমপ্রয়োগে চতুর্বিংশ নামক স্তোম গীত হয়, সেই জন্য ঐ দিনের অনুষ্ঠানের নাম চতুর্বিংশ। পূর্ব্বদিনের বিহিত অতিরাত্র উপক্রমণিকামাত্র; চতুর্বিংশ লইয়াই সত্রের প্রকৃত আরম্ভ, এই জন্য এই অনুষ্ঠানের অপর নাম আরম্ভণীয়। তাণ্ড্যব্রাহ্মণমতে ইহার নাম প্রায়ণীয়।[১]

(১) বিষুব দিবস সংবৎসরকে দুই সমান ভাগে বিভক্ত করে, তৎপূর্ব্বে ১৮০ দিন ও তৎপরে ১৮০ দিন। পূর্ব্ববর্ত্তী ১৮০ দিনে যে প্রথানুসারে সোমপ্রয়োগ হয়, পরবর্ত্তী ১৮০ দিনে তাহার বিপরীতক্রমে সোমপ্রয়োগ বিহিত। অর্থাৎ সংবৎসরের শেষার্দ্ধ যেন প্রথমার্দ্ধের অনুরূপ দর্পণগত প্রতিবিম্বস্বরূপ। যথা:—

অনুষ্ঠান		দিনসংখ্যা
প্রথম দিনে বিহিত অতিরাত্র		১
দ্বিতীয় দিনে চতুর্বিংশ (আরম্ভণীয়)		১
তৎপরে পাঁচ মাস ব্যাপিয়া ২৫টি ষড়হ—প্রতি মাসে পাঁচ ষড়হ—৪টি অভিপ্লব ষড়হ ও ১টি পৃষ্ঠ্য ষড়হ, এইরূপে পাঁচ মাসে		১৫০
তৎপরে তিনটি অভিপ্লব ষড়হ ও একটি পৃষ্ঠ্য ষড়হ, একযোগে ৪ ষড়হ		২৪
তৎপরে অভিজিৎ		১
তৎপরে তিন দিন স্বরসাম		৩
তৎপরে মধ্যবর্ত্তী বিষুব দিবস (এই দিন ৩৬০ দিনের অন্তর্গত নহে)		—
পুনরায় তিন দিন স্বরসাম		৩
তৎপরে বিশ্বজিৎ (অভিজিতের অনুরূপ)		১
তৎপরে ১ পৃষ্ঠ্য ষড়হ ও ৩ অভিপ্লব ষড়হ, একযোগে ৪ ষড়হ		২৪
তৎপরে চারি মাস ব্যাপিয়া ২০ ষড়হ, প্রতি মাসে ১ পৃষ্ঠ্য ষড়হ ও চারি অভিপ্লব ষড়হ, এইরূপে চারি মাসে		১২০
তৎপরে ৩ অভিপ্লব ষড়হ	১৮	৩০
গোষ্টোম	১	
আয়ুষ্টোম	১	
দশরাত্র	১০	
তৎপরে মহাব্রত (চতুর্বিংশের অনুরূপ)		১
শেষ দিনে অতিরাত্র		১

উপর্য্যুপরি তিন দিনে সোমপ্রয়োগ বিহিত হইলে তাহার নাম ত্র্যহ; প্রথম দিনে জ্যোতিষ্টোম, দ্বিতীয় দিনে গোষ্টোম, তৃতীয় দিনে আয়ুষ্টোম। জ্যোতিঃ, গো, আয়ুঃ, গো, আয়ুঃ, জ্যোতিঃ, এই ক্রমে ছয় দিনে বিহিত সোমপ্রয়োগের নাম ষড়হ। যে ষড়হে পৃষ্ঠ্য

চতুর্ব্বিংশ সম্বন্ধে বিধান, যথা—"চতুর্ব্বিংশমেতৎ....এব স্যাৎ"

চতুর্ব্বিংশ দিবসে[২] আবম্ভণীযেব অনুষ্ঠান কবিবে। এতদ্দ্বাবা সংবৎসবেব (সংবৎসবব্যাপী গবাময়ন সত্রেব) আবম্ভ হয ও এতদ্দ্বাবা [উদ্গাতৃগীত] স্তোমসকলেব ও [হোতৃপঠিত] ছন্দসকলেবও আবম্ভ হয। এতদ্দ্বাবা [তত্তন্মন্ত্রোদ্দিষ্ট] দেবতাগণেব [হোমও] আবব্ধ হয। এই দিনে যাহাব আবম্ভ না হয, সে ছন্দও অনাবব্ধ থাকে ও সেই দেবতাও অনাবব্ধ থাকেন। ইহাই আবম্ভণীযেব আবম্ভণীযত্ব। [এই দিন] চতুর্ব্বিংশ স্তোম বিহিত হয, ইহাই চতুর্ব্বিংশেব চতুর্ব্বিংশত্ব। [সংবৎসব মধ্যে] অর্দ্ধ মাস চব্বিশটি ; এইরূপে অর্দ্ধ মাস ক্রমেই সংবৎসবেব আবম্ভ হয।

[এই দিন] উক্‌থ্য [তন্নামক জ্যোতিষ্টোম-সংস্থা বা ক্রতু] প্রযুক্ত হয, উক্‌থসকল পশুস্বরূপ ; এতদ্দ্বাবা পশুলাভ ঘটে। তাহাতে পোনেবটি স্তোত্র ও পোনেবটি শস্ত্র বিহিত, তাহা [একযোগে] এক-মাস-স্বরূপ, ইহাতে মাসক্রমেই সংবৎসব [সত্রেব] আবম্ভ হয। তাহাতে তিন শত ষাটি স্তোত্রিয ঋক্ আছে। সংবৎসবেব দিনও ততগুলি ; এতদ্দ্বাবা দিনক্রমেই সংবৎসব [সত্রেব] আবম্ভ হয।[৩]

স্তোত্র মাধ্যন্দিন সবনে গীত হয়, তাহার নাম পৃষ্ঠ্য ষড়হ, তদ্ভিন্ন ষড়হের নাম অভিপ্লব ষড়হ। চারিটি অভিপ্লব ও একটি পৃষ্ঠ্য ষড়হে সমুদয়ে ত্রিশ দিন অর্থাৎ এক মাস অতীত হয়। [অদিতীনাময়ন নামক সত্রে পৃষ্ঠ্য ষড়হ নাই, উহাতে প্রতি মাসে পাঁচটি অভিপ্লব ষড়হ বিহিত]

(২) অতিরাত্র দ্বারা গবাময়নসত্রের উপক্রম করিয়া তৎপরদিনে সত্রের আরম্ভ হয়। এই জন্য এই দিনের অনুষ্ঠানের নাম আরম্ভণীয়। উদ্গাতারা তিনটি ঋক্‌কে পুনঃ পুনঃ আবৃত্তি দ্বারা চব্বিশটি ঋকে পরিণত করিয়া তিন পর্য্যায়ে গান করেন। এইরূপে সম্পাদিত স্তোমের নাম চতুর্ব্বিংশ স্তোম। প্রথম পর্য্যায়ে প্রথম ঋক্ তিন বাব, দ্বিতীয় ঋক্ চারি বার ও তৃতীয় ঋক্ এক বার আবৃত্ত হয়। দ্বিতীয় পর্য্যায়ে প্রথম ঋক্ এক বার, দ্বিতীয়টি তিন বার ও তৃতীয়টি চারি বাব আবৃত্ত হয়। তৃতীয় পর্য্যায়ে প্রথমটি চারি বার, দ্বিতীয়টি এক বার, তৃতীয়টি তিন বার আবৃত্ত হয়। এইরূপে চব্বিশটি মন্ত্রে নিষ্পন্ন স্তোম এই দিন গীত হয় বলিয়া এই দিনের সোমপ্রয়োগেরও নাম চতুর্ব্বিংশ। আরম্ভণীয় ও চতুর্ব্বিংশ নামের হেতু ব্রাহ্মণে প্রদর্শিত হইতেছে।

(৩) চতুর্ব্বিংশশব্দে বিহিত আরম্ভণীয় যাগে উক্‌থ্য নামক জ্যোতিষ্টোমের প্রসংস্থা বিহিত। [মতান্তরে অগ্নিষ্টোম বিহিত, পরে দেখ]। উক্‌থ্য ক্রতুতে পোনেরটি শস্ত্র ও

কেহ কেহ বলেন, এই দিনে অগ্নিষ্টোম প্রযুক্ত হইবে। কেন না, অগ্নিষ্টোমই সংবৎসর, অগ্নিষ্টোম ভিন্ন অন্য [ক্রতু] এই দিনকে ধারণ করিতে পারে না এবং ইহাকে বিবিক্ত (সকল অনুষ্ঠান পৃথক্ ভাবে সম্পাদিত) করিতে পারে না। যদি অগ্নিষ্টোমেরই প্রযোগ করা যায়, [তদন্তর্গত] তিন পবমান স্তোত্র [প্রত্যেকে] আটচল্লিশ-[স্তোত্রিয়-ঋক্]-যুক্ত, আর [অবশিষ্ট] অন্য [নয়টি] স্তোত্র [প্রত্যেকে] চব্বিশ-[স্তোত্রিয়]-যুক্ত হওয়ায় উহারা [একযোগে] তিনশত-ষাটি-স্তোত্রিয়-যুক্ত হয়।[৪] সংবৎসরের দিনও ততগুলি। এতদ্দ্বারা দিনক্রমেই সংবৎসর [সত্রের] আরম্ভ ঘটে।

[উভয় বিকল্প মধ্যে] উক্‌থ্য যজ্ঞ পশু দ্বারা সমৃদ্ধ হয়, [তদনুসারী] সত্রও পশুদ্বারা সমৃদ্ধ হয়। [পরন্তু উক্‌থ্য ক্রতুতে] সকল স্তোত্রই চতুর্ব্বিংশ-স্তোমযুক্ত, অতএব [উক্‌থ্য ক্রতুর অনুষ্ঠান হইলে] এই দিন প্রত্যক্ষতঃ চতুর্ব্বিংশ হয়। সেই জন্য উক্‌থ্যই বিহিত হইবে।[৫]

সপ্তম খণ্ড

গবাময়ন

গবাময়নের অন্তর্গত পৃষ্ঠ্য ষডহে পৃষ্ঠস্তোত্র গীত হয়। পৃষ্ঠস্তোত্রে বিহিত বৃহদ্রথন্তর সামদ্বয়ের প্রশংসা, যথা—"বৃহদ্রথন্তরে...অনবদৃষ্টে ভবতঃ"

পোনের স্তোত্রের বিধান আছে। প্রত্যেক স্তোত্রে চব্বিশটি মন্ত্র থাকায় মোটের উপর ৩৬০টি মন্ত্র উক্‌থ্যক্রতুতে গীত হয়।

(৪) অগ্নিষ্টোমে বার শস্ত্র ও বার স্তোত্র। তন্মধ্যে পবমান স্তোত্র তিনটি—বহিষ্পবমান, মাধ্যন্দিন পবমান ও আর্ভব পবমান। অন্য স্তোত্র নয়টি। পবমান স্তোত্র তিনটির প্রত্যেক স্তোত্রে অষ্টাচত্বারিংশ স্তোম গীত হয়, অর্থাৎ তিনটি ঋক্ মন্ত্রকে পুনঃ পুনঃ আবৃত্তি দ্বারা প্রতি পর্য্যায়ে ষোল ও তিন পর্য্যায়ে আটচল্লিশ মন্ত্রে পরিণত করা হয়। এইরূপে তিন পবমান স্তোত্রে স্তোত্রিয় সংখ্যা ৩ × ৪৮ = ১৪৪। অবশিষ্ট নয়টি স্তোত্রের প্রত্যেক স্তোত্রিয় সংখ্যা ২৪, সাকল্যে ৯ × ২৪ = ২১৬, সমুদয়ে মন্ত্রসংখ্যা—১৪৪ + ২১৬ = ৩৬০।

(৫) উক্‌থ্য ক্রতুর অন্তর্গত পোনের স্তোত্রের প্রত্যেক স্তোত্রই চতুর্ব্বিংশ স্তোমযুক্ত, আর অগ্নিষ্টোমের নয়টি স্তোত্র চতুর্ব্বিংশস্তোমক, অন্য তিনটি (পবমান তিনটি) অষ্টাচত্বারিংশ-স্তোমক। অতএব চতুর্ব্বিংশাহে অগ্নিষ্টোম অপেক্ষা উক্‌থ্য প্রয়োগই যুক্ত হয়।

বৃহৎ ও রথন্তর[1] এই দুইটি সাম বিহিত হয়। এই যে বৃহৎ ও রথন্তর, ইহারা যজ্ঞের পারপ্রাপ্তির জন্য নৌকাস্বরূপ,[2] উহাদের দ্বারাই সংবৎসর সত্র উত্তীর্ণ হওয়া যায়।

এই বৃহৎ ও রথন্তর পাদস্বরূপ, এবং চতুর্বিংশ দিবস (অর্থাৎ তদ্দিনে সম্পাদ্য আরম্ভণীয় যজ্ঞ) মস্তকস্বরূপ। ইহাতে পাদদ্বয় দ্বারাই মস্তকের শ্রী সাধিত হয়।

এই বৃহৎ ও রথন্তর [পক্ষীর] পক্ষস্বরূপ ও এই [চতুর্বিংশ] দিবস মস্তকস্বরূপ। ইহাতে পক্ষদ্বয় দ্বারাই মস্তকের শ্রী সাধিত হয়।

সেই দুই সাম একেবারে পরিত্যাগ করিবে না। যদি কেহ সেই দুইটিকেই একেবারে পরিত্যাগ করে, তাহা হইলে যেমন বন্ধনছিন্ন নৌকা এ-তীর ও-তীর ভাসিয়া বেড়ায়, ইহাতেও সেইরূপ ঘটে। যে সত্রানুষ্ঠায়ীরা এই দুই সামকেই পরিত্যাগ করে, তাহারাও এ-তীর ও-তীর ভাসিয়া বেড়ায়।

তন্মধ্যে যদি রথন্তরকে পরিত্যাগ করা যায়, তাহা হইলে বৃহতের [গান] দ্বারাই দুইটি অপরিত্যক্ত থাকে, আর যদি বৃহৎকে পরিত্যাগ করা হয়, তাহা হইলে রথন্তরের [গান] দ্বারাই দুইটি অপরিত্যক্ত থাকে[3]। যাহা রথন্তর, তাহাই বৈরূপ, যাহা বৃহৎ, তাহাই বৈরাজ, যাহা রথন্তর, তাহাই শাক্বর, যাহা বৃহৎ, তাহাই রৈবত,[4] অতএব ঐ দুই সাম (রথন্তর ও বৃহৎ) পরিত্যাগ করিবে না।

---

(১) "ত্বামিদ্ধি হবামহে" (৬।৪৬।১) এই ঋক্ হইতে উৎপন্ন সামের নাম বৃহৎ। "অভি ত্বা শূর নোনুমঃ" (৭।৩২।২২) এই ঋক্ হইতে উৎপন্ন সামের নাম রথন্তর।

(২) যজ্ঞকে সমুদ্রের সহিত উপমিত করা হইল। যথা শ্রুত্যন্তরে—"সমুদ্রং বা এতে প্লবন্তে যে সংবৎসরমুপযন্তি"। সংবৎসরসত্র সমুদ্রস্বরূপ।

(৩) অর্থাৎ উভয়ের মধ্যে একের অনুষ্ঠানে উভয়ের ফল পাওয়া যায়।

(৪) পৃষ্ঠ্য ষড়হের ছয় দিনে পৃষ্ঠস্তোত্র গীত হয়। ছয় দিনের পৃষ্ঠস্তোত্রে—ছয়টি সাম যথাক্রমে রথন্তর, বৈরূপ, বৃহৎ, বৈরাজ, শাক্বর, রৈবত। "ত্বামিদ্ধি হবামহে" (৬।৪৬।১) ঋক্ হইতে রথন্তর, "যদ্দ্যাব ইন্দ্র তে শতম্" (৮।৭০।৫) হইতে বৈরূপ, "অভি ত্বা শূর নোনুমঃ" (৭।৩২।২২) হইতে বৃহৎ, "পিবা সোমমিন্দ্র মন্দতু ত্বা" (৭।২২।১) হইতে বৈরাজ, "প্রোম্বস্মৈ পুরোরথম্" (১০।১৩৩।১) হইতে শাক্বর, এবং "রেবতীর্নঃ সধমাদে" (১।৩০।১৩) হইতে রৈবত সাম উৎপন্ন। এই ছয়টির মধ্যে রথন্তরে বৈরূপের ও শাক্বরের

তৎপরে চতুর্ব্বিংশাহ অনুষ্ঠানের প্রশংসা, যথা—"যে বৈ···পারমস্তু তে"

যাহারা ইহা জানিয়া ঐ চতুর্ব্বিংশাহ অনুষ্ঠান করে, তাহারা দিনক্রমে, অর্দ্ধমাসক্রমে, মাসক্রমে সংবৎসরসত্র প্রাপ্ত হয় এবং স্তোমসকল ও ছন্দঃসকল প্রাপ্ত হয় এবং সকল দেবতাকে প্রাপ্ত হইয়া তপস্যা অনুষ্ঠানপূর্ব্বক সোমপীথভক্ষণ দ্বারা (সোমপান দ্বারা) সংবৎসর ব্যাপিয়া সোমের অভিষব করিতে সমর্থ হয়।

যাহারা [সংবৎসরসত্রের উত্তরপক্ষেও] এই [চতুর্ব্বিংশাহ] হইতে [আরম্ভ করিয়া পূর্ব্বপক্ষের ক্রমানুসারে] ঊর্দ্ধমুখে অনুষ্ঠান করে, তাহারা গুরু ভারই [আপনার উপর] স্থাপন করে; সেই গুরু ভার [ভারবাহককে] বিনাশ করে। পক্ষান্তরে যে [পূর্ব্বপক্ষে] ক্রমানুষ্ঠিত কর্ম্ম দ্বারা উঠিয়া সত্রকে পাইয়া, পরে (উত্তরপক্ষে) [বিপরীতক্রমে অনুষ্ঠিত কর্ম্মদ্বারা] নামিয়া আসে, সেই ব্যক্তি স্বস্তিতে সংবৎসরসত্রের পার লাভ করে।[৫]

অষ্টম খণ্ড

গবাময়ন

চতুর্ব্বিংশাহে পঠিত নিষ্কেবল্যশস্ত্রসম্বন্ধে বিশেষ বিধি—"যদ্বৈ চতুর্ব্বিংশং····· এবং বেদ"

ফলপ্রাপ্তি এবং বৃহতে বৈরাজের ও রৈবতের ফলপ্রাপ্তি ঘটিতে পারে। অতএব ঐ দুই প্রধান সাম অপরিত্যাজ্য। দুইটিকে যুগপৎ পরিত্যাগ করিবে না। দুয়ের মধ্যে একটিকে প্রয়োগ করিবে।

(৫) সংবৎসরসত্রের দুই পক্ষ,—বিষুবদ্দিনের পূর্ব্বে ছয় মাস পূর্ব্বপক্ষ, বিষুবদ্দিনের পরে ছয় মাস উত্তরপক্ষ। পূর্ব্বপক্ষের অনুষ্ঠানগুলি পর পর সমাধা করিয়া বিষুবদ্দিনে উঠিতে হয়; তৎপরে উত্তরপক্ষে বিপরীতক্রমে সেই সেই অনুষ্ঠান সমাধা করিয়া বিষুবদ্দিন হইতে ক্রমশঃ নামিতে হয়। যে ব্যক্তি উত্তরপক্ষেও পূর্ব্বপক্ষের ক্রম অনুসরণ করে, সে গুরুভারে পীড়িত ও বিনষ্ট হয়।

চতুর্ব্বিংশ দিবস যেরূপ, মহাব্রত দিবসও সেইরূপ।[১] এই চতুর্ব্বিংশে হোতা বৃহদ্দিব দ্বারা[২] যে রেতঃ সেক করেন, সেই রেতঃ মহাব্রতীয় দিবসে সংবৎসরমধ্যে সন্তান জন্মায়। সিক্ত রেতঃ সংবৎসরমধ্যেই সন্তানরূপে জন্মে। সেই জন্য বৃহদ্দিবদ্বারা নিষ্কেবল্য [উভয় দিবসে] সমান হয়।[৩] যে ইহা জানিয়া চতুর্ব্বিংশ অনুষ্ঠান করে, সে প্রথমার্দ্ধে [আরোহক্রমে] কর্ম্মানুষ্ঠানদ্বারা সত্রকে পাইয়া পরার্দ্ধেও [অবরোহক্রমে] সত্রকে পাইয়া থাকে। যে ইহা জানে, সে স্বস্তিতেই সংবৎসরের পার লাভ করে।

সংবৎসরের আদিতে ও অন্তে দুই অতিরাত্রের বিধান, যথা—"যো বৈ···এবং বেদ"

যে সংবৎসরের এ-পার এবং ও-পার জানে, সেই স্বস্তিতে সংবৎসরের পার গমন করে। প্রায়ণীয় (আরম্ভে অনুষ্ঠেয়) অতিরাত্র ইহার এ পার , উদয়নীয় (অন্তে অনুষ্ঠেয়) অতিরাত্র উহার ও পার। যে ইহা জানে, সে স্বস্তিতেই সংবৎসরের পার গমন করে। যে সংবৎসরের অবরোধন (প্রাপ্তির উপায) এবং উদ্রোধন (ত্যাগের উপায) জানে, সেও স্বস্তিতে সংবৎসরের পার গমন করে।[৪] প্রায়ণীয় অতিরাত্র ইহার অবরোধন ও উদয়নীয় অতিরাত্র ইহার উদ্রোধন। যে ইহা জানে, সে স্বস্তিতে সংবৎসরের পার গমন করে।

যে সংবৎসরের প্রাণ এবং উদান জানে, সেই স্বস্তিতে সংবৎসরের পার গমন করে। প্রায়ণীয় অতিরাত্র উহার প্রাণ ও উদয়নীয় অতিরাত্র উহার উদান। যে ইহা জানে, সে স্বস্তিতেই সংবৎসরের পার গমন করে।

---

(১) গবাময়নের পূর্ব্বপক্ষ ও উত্তরপক্ষ পরস্পর বিপরীত। সত্রের আদিতে ও অন্তে অতিরাত্র। আদ্য অতিরাত্রের পরদিন যেমন চতুর্ব্বিংশ, অন্ত্য অতিরাত্রের পূর্ব্বদিন সেইরূপ মহাব্রত।

(২) "তদিদাস ভুবনেষু জ্যেষ্ঠম্" ইত্যাদি সূক্তের (১০ মণ্ডল, ১২০ সূক্ত) নাম বৃহদ্দিব সূক্ত। উক্ত সূক্ত চতুর্ব্বিংশ ও মহাব্রত উভয় দিবসে নিষ্কেবল্যশস্ত্রমধ্যে পঠিত হয়।

(৩) মহাব্রত অনুষ্ঠান ঐতরেয় আরণ্যকে সবিস্তার বর্ণিত হইয়াছে। মহাব্রত অনুষ্ঠান চতুর্ব্বিংশ অনুষ্ঠানের সদৃশ নহে। সত্রমধ্যে উহাদের অবস্থান অনুরূপ, এই মাত্র। উভয়ত্র নিষ্কেবল্য শস্ত্র পঠিত হয় এবং বৃহদ্দিব সূক্ত ঐ শস্ত্রমধ্যে পাঠ করায় উভয় অনুষ্ঠানে কতকটা সাদৃশ্য আছে মাত্র।

(৪) প্রথম অতিরাত্রে সংবৎসরকে অবরুদ্ধ করা হয়, উহাকে আটকান যায় , দ্বিতীয় অতিরাত্র দ্বারা উহাকে ছাড়িয়া দেওয়া হয়।

অষ্টাদশ অধ্যায়

প্রথম খণ্ড

গবাময়ন—ত্র্যহ ও ষডহ

ত্র্যহ ও ষড়হের সম্বন্ধ, যথা—"জ্যোতির্গৌঃ·· যৎ পঞ্চমঃ"

জ্যোতিষ্টোম, গোষ্টোম এবং আয়ুষ্টোম, এই তিন দিবসেব অনুষ্ঠান কবা হয়। এই [ভূ-]লোক জ্যোতিঃ, অন্তবিক্ষ গো, এবং ঐ [স্বর্গ-] লোক আয়ুঃ।[১]

পরবর্ত্তী ত্র্যহও এইরূপ। [অতএব ষডহেব ক্রম] জ্যোতিঃ, গো, আয়ুঃ, এই তিন দিন ও গো, আয়ুঃ ও জ্যোতিঃ, এই তিন দিন।

এই [ভূ-]লোক জ্যোতিঃস্বরূপ, ঐ [স্বর্গ-]লোকও জ্যোতিঃস্বরূপ। এই দুই জ্যোতিঃ [ষডহেব] উভয় প্রান্তে থাকিয়া [পবস্পবকে] নিবীক্ষণ কবে।

সেই জন্য উভয় প্রান্তে জ্যোতিঃ দ্বাবা ষডহেব অনুষ্ঠান কবিবে। এই যে উভয় প্রান্তে স্থিত জ্যোতিঃ দ্বাবা ষডহেব অনুষ্ঠান হয়, ইহাতে এই [ভূ-]লোকে এবং ঐ [স্বর্গ-]লোকে, উভয় লোকেই প্রতিষ্ঠিত হইয়া অনুষ্ঠান কবা হয়।

এই যে অভিপ্লব ষডহ, তাহা [উভয়লোকমধ্যে] পবিবর্ত্তনকাবী (ঘূর্ণমান) দেবচক্রস্বরূপ। তাহাব দুই প্রান্তে যে দুইটি অগ্নিষ্টোম, তাহা নেমিস্বরূপ, আব মধ্যে যে চাবিটি উকৃথ্য, তাহা নাভিস্বরূপ। যে ইহা জানে, সে যেখানে ইচ্ছা কবে, সেইখানে পবিবর্ত্তমান [দেবচক্র] দ্বাবা গমন কবে এবং স্বস্তিতেই সংবৎসবেব পাব গমন কবে।

---

(১) তিন দিন সোমপ্রয়োগে ত্র্যহ হয়, দুই ত্র্যহ একযোগে ষড়হ হয়। ষড়হের প্রথম ও শেষ দিনে অগ্নিষ্টোম প্রযুক্ত হয় ও মধ্যের চারি দিনে উকৃথ্য প্রযুক্ত হয়। প্রথম ও শেষ দিনের প্রযুক্ত অগ্নিষ্টোমের নাম জ্যোতিষ্টোম। মধ্যস্থ চারিটি উকৃথ্যের মধ্যে দুই দিন গোষ্টোম ও দুই দিন আয়ুষ্টোম। যাহাতে আরম্ভ, তাহাতেই শেষ হওয়াতে ষড়হ চক্রের সদৃশ। পরে দেখ।

এই যে প্রথম ষড়হ, যে তাহা জানে, এই যে দ্বিতীয ষডহ, যে তাহা জানে, এই যে তৃতীয ষডহ, যে তাহা জানে, এই যে চতুর্থ ষড়হ, যে তাহা জানে, এই যে পঞ্চম ষড়হ, যে তাহা জানে, সেও স্বস্তিতে সংবৎসবেব পাব গমন কবে।[২]

দ্বিতীয় খণ্ড

ষডহ

ষড়হ-প্রশংসা, যথা—"প্রথমং ষড়হং· বোভাভ্যম্"

প্রথম ষডহ অনুষ্ঠিত হয। তাহাতে ছযটি দিন আছে, ঋতুও ছয়টি, এতদ্দ্বাবা ঋতুক্রমে সংবৎসব প্রাপ্ত হইযা, ঋতুক্রমে সংবৎসবে প্রতিষ্ঠিত হইযা অনুষ্ঠান কবা হয।

দ্বিতীয ষডহ অনুষ্ঠিত হয। তাহাতে [পূর্ব্বেব ষডহ সহিত] বাব দিন হয। মাস বাবটি, এতদ্দ্বাবা মাসক্রমে সংবৎসব পাওযা যায এবং মাসক্রমে সংবৎসবে প্রতিষ্ঠিত হইযা অনুষ্ঠান কবা হয়।

তৃতীয ষডহ অনুষ্ঠিত হয। তাহাতে আঠাব দিন হয, তাহা দুই ভাগ কবিলে নযটি ও আব নযটি হয। প্রাণ নযটি, এবং স্বর্গলোকও নযটি। এতদ্দ্বাবা প্রাণসকল ও স্বর্গলোকসকল পাওযা যায এবং প্রাণসকলে ও স্বর্গলোকসকলে প্রতিষ্ঠিত হইযা অনুষ্ঠান কবা হয।

চতুর্থ ষডহ অনুষ্ঠিত হয। তাহাতে চব্বিশ দিন হয। অর্দ্ধ মাস চব্বিশটি; এতদ্দ্বাবা অর্দ্ধমাসক্রমেই সংবৎসব পাওযা যায এবং অর্দ্ধমাস-ক্রমে সংবৎসবে প্রতিষ্ঠিত থাকিযা অনুষ্ঠান কবা হয।

পঞ্চম ষড়হ অনুষ্ঠিত হয। তাহাতে ত্রিশ দিন হয। বিবাটেব ত্রিশ অক্ষব; বিবাট্ ভক্ষ্য অন্ন। এতদ্দ্বাবা মাসে মাসে বিবাটেরই সম্পাদন দ্বাবা অনুষ্ঠান কবা হয।

---

(২) মাসের মধ্যে পাঁচটি ষড়হ অনুষ্ঠিত হয়; এই পাঁচটি ষড়হ পর পর প্রতি মাসে সত্রমধ্যে অনুষ্ঠান করা হয়।

ঐ দিন একবিংশ-স্থানীয় ও উভয় দিকে বিরাটের মধ্যে প্রতিষ্ঠিত। যেহেতু উহা উভয় দিকে বিরাটের মধ্যে প্রতিষ্ঠিত, সেই জন্য এই [একবিংশাহ অথবা তদনুরূপ আদিত্য] এই লোকসকলের মধ্যে বিচরণ করিয়াও ব্যথিত হয়েন না।

সেই আদিত্য স্বর্গলোক হইতে পড়িয়া যাইবেন, দেবগণ এই ভয় করিয়াছিলেন ও তিনটি অধোবর্ত্তী স্বর্গলোক দ্বারা তাঁহাকে [স্বস্থানে] ধরিয়া রাখিয়াছিলেন। [পূর্ব্ববর্ত্তী স্বরসাম দিবসত্রয়ে গীত] স্তোম তিনটি সেই তিন স্বর্গলোকের স্বরূপ। আবার সেই আদিত্য ঊর্দ্ধমুখে [স্বর্গলোক ছাড়িয়া] চলিয়া যাইবেন, দেবগণ এই ভয় করিয়াছিলেন। তখন তাঁহারা আর তিনটি ঊর্দ্ধস্থিত স্বর্গলোক দ্বারা তাঁহাকে [স্বস্থানে] ধরিয়া রাখিয়াছিলেন। [পরবর্ত্তী স্বরসামদিবসত্রয়ে গীত] স্তোম তিনটি এই তিন স্বর্গলোকের স্বরূপ। তাহা হইলে [বিষুবদিনের] পূর্ব্ববর্ত্তী তিন দিন সপ্তদশ-[স্তোম]-যুক্ত হয় ও পরবর্ত্তী তিন দিনও সপ্তদশ-[স্তোম]-যুক্ত হয়। তাহাদের মধ্যগত একবিংশাহ উভয় দিকে স্বরসামদিবস দ্বারা ধৃত থাকে। যেহেতু উনি (বিষুবস্থানীয় আদিত্য) উভয় দিকে স্বরসামদিবস দ্বারা ধৃত থাকেন, এই জন্য তিনি এই লোকসকলের অভ্যন্তরে বিচরণ করিয়াও ব্যথিত হয়েন না।

সেই আদিত্য স্বর্গলোক হইতে নিম্নে পতিত হইবেন, দেবগণ এই ভয় করিয়াছিলেন এবং তাঁহাকে অধোবর্ত্তী পরম স্বর্গলোক দ্বারা ধরিয়া রাখিয়াছিলেন। [ত্রয়স্ত্রিংশ] স্তোম পরম স্বর্গলোকস্বরূপ। আবার আদিত্য ঊর্দ্ধে উঠিয়া যাইবেন, দেবগণ এই ভয় করিয়াছিলেন এবং তাঁহাকে ঊর্দ্ধস্থিত পরম স্বর্গলোক দ্বারা ধরিয়া রাখিয়াছিলেন। [ত্রয়স্ত্রিংশ] স্তোমই পরমস্বর্গলোকস্বরূপ। এইরূপ হইলে [বিষুবাহের] পূর্ব্বে তিনটি সপ্তদশ-মন্ত্রাত্মক স্তোম ও পরে তিনটি সপ্তদশ-মন্ত্রাত্মক স্তোম থাকে। [এই ছয়টি সপ্তদশমন্ত্রনির্ম্মিত স্তোমের মধ্যে] দুই দুইটি একত্র

পরে দশ দিনের মধ্যে বিষুবাহ একবিংশস্থানীয়। আদিত্যও শ্রুতিমতে একবিংশস্থানীয়, যথা—"দ্বাদশ মাসাঃ পঞ্চর্ত্তবঃ ত্রয় ইমে লোকা অসাবাদিত্য একবিংশঃ" ইতি। অতএব আদিত্য ও বিষুব পরস্পর অনুরূপ। বিরাট্ ছন্দ দশাক্ষরা, এই হেতু বিষুবদিবস দুই দিকে দুই বিরাটের মধ্যে প্রতিষ্ঠিত।

করিয়া তিনটি চতুস্ত্রিংশ-মন্ত্রনির্ম্মিত স্তোম হয়। স্তোমসমূহের মধ্যে চতুস্ত্রিংশ স্তোমই উত্তম। এতদ্দ্বারা সেই স্তোমের উপর স্থাপিত হইয়া [বিষুবস্থানীয় আদিত্য] তাপ দেন, তদুপরি স্থাপিত হইয়াই তিনি তাপ দেন।

এই সেই আদিত্য এই ভূত ও ভবিষ্যৎ সকল [বস্তু] হইতে উৎকৃষ্ট এবং এই জগতে যাহা কিছু আছে, তাহা-সকলের অপেক্ষা দীপ্তিমান্ ও উৎকৃষ্ট। যে ইহা জানে, সে যাহা হইতে উৎকৃষ্ট হইয়া শোভা পাইতে চাহে, তাহা হইতে উৎকৃষ্ট হয়।

পঞ্চম খণ্ড

গবাময়ন

গবাময়ন সত্রের অন্যান্য বিধান—"স্বরসাম্নঃ দধাতি"।

স্বরসাম-নামক দিবসের অনুষ্ঠান করা হয়। [আদিত্যের অধঃস্থ ও ঊর্দ্ধস্থ] এই লোকসকলই স্বরসাম। স্বরসাম অনুষ্ঠান দ্বারা এই লোকসকলকেই প্রীত করা হয়, ইহাই স্বরসামসকলের স্বরসামত্ব[১]। এই যে স্বরসামের অনুষ্ঠান হয়, ইহাতে যজমানকে এই লোকসকলেই ভোগবান্ করা হয়।

দেবগণ এই সপ্তদশ-মন্ত্রনির্ম্মিত স্তোম (অথবা স্বরসাম দিবস) বিশীর্ণ হইয়া যাইবে, এই ভয় করিয়াছিলেন, কেন না, এই [ছয় দিনে গীত স্তোমগুলি] পরস্পর সমান এবং উহারা গোপনে রক্ষিত নহে। উহারা [অযত্নরক্ষিত হওয়ায়] যাহাতে বিশীর্ণ না হয়, সেই হেতু উহাদিগকে নিম্নে সকল স্তোম দ্বারা ও ঊর্দ্ধে সকল পৃষ্ঠস্তোত্র দ্বারা ঢাকিয়া রাখা হয়।[২] সর্ব্বস্তোমযুক্ত অভিজিৎ পূর্ব্বে থাকে, সর্ব্বপৃষ্ঠযুক্ত বিশ্বজিৎ

---

(১) এতেষামহ্নাং স্বরোপেতসামবৎ প্রীতিহেতুত্বাৎ স্বরসামেতি নাম সম্পন্নম্—স্বরযুক্ত সামের মত প্রীতিহেতু বলিয়া ঐ অনুষ্ঠানের নাম স্বরসাম (সায়ণ)।

(২) আদিত্য স্বস্থান হইতে ভ্রষ্ট হইয়া নীচে পড়িয়া যাইবেন অথবা উপরে উঠিয়া যাইবেন, এই ভয়ে দেবতারা আদিত্যের নীচে তিন স্বর্গ ও উপরে তিন সর্গ স্থাপিত করিয়া তাঁহাকে স্বস্থানে ধরিয়া রাখিয়াছিলেন। তদনুসারে বিষুবাখ্য অনুষ্ঠানকেও পূর্ব্বে তিন স্বরসাম ও পরে তিন স্বরসাম দ্বারা স্বস্থানে ধরিয়া রাখা হয়। পূর্ব্বখণ্ডে ইহা বলা হইয়াছে।

পরে থাকে। এইরূপে তাহারা সপ্তদশস্তোম-যুক্ত স্বরসামসমূহকে ধরিয়া রাখিবার জন্য ও ভ্রংশনিবারণের জন্য উভয় দিক্ হইতে ঢাকিয়া রাখে।

দেবগণ সেই আদিত্য স্বর্গলোক হইতে নিম্নে পড়িয়া যাইবেন, এই ভয় করিয়াছিলেন; এই জন্য তাঁহারা তাঁহাকে পাঁচটি রশ্মি (রজ্জু) দ্বারা বাঁধিয়া রাখিয়াছিলেন। [বিষুবদিনে বিহিত] দিবাকীর্ত্ত্য সাম (দিবাভাগে গেয় পাঁচটি সাম) সেই রশ্মিস্বরূপ। তন্মধ্যে মহাদিবাকীর্ত্ত্য সাম হইতে পৃষ্ঠস্তোত্র, বিকর্ণ হইতে ব্রহ্মসাম, ভাস হইতে অগ্নিষ্টোম সাম, আর বৃহৎ ও রথন্তর, এই দুইটি হইতে পবমানস্তোত্রদ্বয় নিষ্পন্ন করা হয়।৩ এইরূপে আদিত্যকে পাঁচটি রশ্মি দ্বারা বাঁধিলে তাঁহাকে ধরিয়া রাখা হয় ও তাঁহার পতনসম্ভাবনা থাকে না।

[বিষুবদিনে] আদিত্য উদিত হইলে প্রাতরনুবাক পাঠ করিবে। কেন না, এ দিনের সকল মন্ত্রই দিবাভাগে কীর্ত্তনীয়।৪

সবনীয় পশু স্থানে সূর্য্যের উদ্দিষ্ট বর্ণান্তরমিশ্রিত শ্বেত বর্ণের পশুর [বিষুবাহে] আলম্ভন করিতে হয়, অতএব তাদৃশ পশুরই আলম্ভন করিবে; কেন না, এ দিন সূর্য্যেরই উদ্দিষ্ট।

কিন্তু সেই স্বরসামগুলিকেও অরক্ষিত অবস্থায় রাখা উচিত নহে; তাহাদিগকেও দুই দিক্ হইতে ঠেকা দিয়া বা ঢাকা দিয়া রাখা আবশ্যক। এই জন্য পূর্ব্বে অভিজিৎ ও পরে বিশ্বজিৎ অনুষ্ঠান দ্বারা স্বরসামগুলিকে দৃঢ় রাখিতে হয়। অভিজিৎ দিনের অনুষ্ঠানে ত্রিবৃৎ, পঞ্চদশ, সপ্তদশ, একবিংশ, ত্রিনব, ত্রয়স্ত্রিংশ, এই সমুদয় স্তোমই গীত হয়। আর বিশ্বজিৎ দিনের অনুষ্ঠানে রথন্তর, বৃহৎ, বৈরূপ, বৈরাজ, শাক্বর, রৈবত, এই সমুদয় পৃষ্ঠস্তোত্র গীত হইয়া থাকে। সেই জন্য বলা হইল, এক দিকে স্তোম, অন্য দিকে পৃষ্ঠদ্বারা স্বরসামসমূহ রক্ষিত হয়।

(৩) "বিভ্রাড্ বৃহৎ পিবতু সোম্যং মধু" (১০।১৭০।১) এই ঋক্ হইতে মহাদিবাকীর্ত্ত্য সাম উৎপন্ন; উহাতে পৃষ্ঠস্তোত্র হইবে। "পৃক্ষস্য বৃষ্ণো অরুষস্য নূ সহঃ" (৬।৮।১) এই ঋক্ হইতে বিকর্ণ ও ভাস, এই দুই সাম উৎপন্ন। বিকর্ণ সাম ব্রাহ্মণাচ্ছংসীকে লক্ষ্য করিয়া গীত হয় বলিয়া উহার নাম ব্রহ্ম সাম। ভাসদ্বারা অগ্নিষ্টোমের সমাপ্তি হয় বলিয়া উহা অগ্নিষ্টোম সাম। বৃহৎ ও রথন্তরের উৎপত্তি পূর্ব্বে বলা হইয়াছে। মাধ্যন্দিন ও আর্ত্তব পবমানে উহা গেয়।

(৪) প্রকৃতিযজ্ঞে সোমযাগমাত্রেই প্রাতরনুবাক সূর্য্যোদয়ের পূর্ব্বে পাঠ্য। পূর্ব্বে দেখ। কিন্তু বিষুবাহে প্রাতরনুবাক বিশেষ বিধিদ্বারা দিবাভাগে কীর্ত্তনীয়।

একুশটি সামিধেনী মন্ত্র পাঠ করিবে ; কেন না, এই [বিষুব] দিন প্রত্যক্ষতঃ একবিংশ-স্থানীয়।[৫]

[নিষ্কেবল্য শস্ত্রপাঠের সময়] একান্নটি অথবা বায়ান্নটি মন্ত্র পাঠের পর মধ্যে নিবিৎ বসাইবে[৬]। তৎপরে ততগুলি মন্ত্র পাঠ করিবে। কেন না, পুরুষ শতায়ু, শতবীর্য্য, শতেন্দ্রিয়। এতদ্দ্বারা যজমানকে আয়ুতে, বীর্য্যে ও ইন্দ্রিয়ে স্থাপিত করা হয়।

---

(৫) প্রকৃতিযজ্ঞে পনেরটি সামিধেনী পাঠ বিহিত। বিষুবাহের একবিংশত্ব হেতু এদিন সেই পনেরটিতে ধায্যা মন্ত্র ছয়টি প্রক্ষেপ করিয়া সমুদয়ে একুশটি সামিধেনী পাঠ করিবে।

(৬) মন্ত্রসংখ্যা যথা—

স্তোত্রিয় ত্র্যচ	৩
অনুরূপ ত্র্যচ	৩
"যদ্বাবান" ইত্যাদি ধায্যা	১
বৃহৎ ও রথন্তর সামের যোনিদ্বয়	২
প্রগাথ হইতে উৎপন্ন মন্ত্র	৩
"নৃণামুগ্রানৃতমম্" ইত্যাদি মন্ত্র	৩
"যস্তিগ্মশৃঙ্গঃ" ইত্যাদি সূক্তের	১১
"অভিত্যম্" ইত্যাদি সূক্তের	১৫
একযোগে	৪১

এতন্মধ্যে প্রথম ঋকটি তিন বার পঠিতব্য, অতএব মন্ত্রসংখ্যা ৪৩। এই ৪৩ মন্ত্রের পর "ইন্দ্রস্য নু বীর্য্যাণি" ইত্যাদি সূক্তের পনেরটি ঋকের মধ্যে হয় ৮ কিংবা ৯ মন্ত্র পাঠ করিয়া নিবিৎ বসাইবে। ৮টি পাঠ করিলে মন্ত্রসংখ্যা ৫১ হয়, ৯টি পাঠ করিলে মন্ত্রসংখ্যা ৫২ হয়। তৎপরে নিবিৎ। এই নিবিৎ ইন্দ্রের উদ্দিষ্ট। তৎপরে অবশিষ্ট মন্ত্র পাঠ করিয়া শতসংখ্যা পূর্ণ হয়।

ষষ্ঠ খণ্ড

গবাময়ন

বিষুবাহে পঠিতব্য অন্যান্য মন্ত্র, যথা—"দূরোহণং…যজমানেভ্যশ্চ"

[স্বর্গে] আরোহণের জন্য দূরোহণ মন্ত্র পাঠ করা হয়[১]। স্বর্গলোকই দূরোহণ (দুষ্করারোহণ)। যে ইহা জানে, সে তদ্দ্বারা স্বর্গলোকই আরোহণ করে।

ইহা দূরোহণ কেন ? [উত্তর] ঐ যিনি (যে আদিত্য) তাপ দেন, তিনিই দূরোহ (অর্থাৎ তাঁহার স্থানে আরোহণ দুঃসাধ্য)। অথবা যদি কেহ সেইখানে যায়, সে দূরোহণ স্থানেই আরোহণ করে। সেই জন্য এই মন্ত্র পাঠ করা হয়।

হংসবতী ঋক্ (হংসশব্দযুক্ত মন্ত্র) পাঠ করা হয়[২]। "হংসঃ শুচিষৎ" এ স্থলে ঐ [আদিত্যই] হংস ও শুচিষৎ[৩]। "বসুরন্তরিক্ষসৎ" এ স্থলে তিনিই বসু ও অন্তরিক্ষসৎ।[৪] "হোতা বেদিষৎ" এ স্থলে তিনিই হোতা ও বেদিষৎ। "অতিথির্দুরোণসৎ" এ স্থলে তিনিই অতিথি ও দুরোণসৎ[৫]। "নৃষৎ" এ স্থলে তিনিই নৃষৎ[৬]। "বরসৎ" এ স্থলে তিনিই বরসৎ।[৭] কেন না, তিনি যেখানে থাকিয়া তাপ দেন, তাহাই সদ্ম-(গৃহ)-সকলের মধ্যে বর (শ্রেষ্ঠ)। "ঋতসৎ" এ স্থলে ইনিই সত্যসৎ।[৮] "ব্যোমসৎ" এ স্থলে

---

(১) বিষুবাহে হোতা আহাবান্তে দূরোহণ মন্ত্র পাঠ করেন। "হংসঃ শুচিষৎ" (৪।৪০।৫) এই মন্ত্র পঠিতব্য। ইহার পাঠের নিয়ম আশ্বলায়ন দিয়াছেন (আশ্ব. শ্রৌ. সূ. ৮।২)।

(২) উক্ত দূরোহণ মন্ত্রই হংসশব্দযুক্ত।

(৩) হন্তি সর্ব্বদা গচ্ছতীতি হংসঃ। শুচৌ শুদ্ধে দ্যুলোকে সীদতি তিষ্ঠতীতি শুচিষৎ (সায়ণ)।

(৪) বসতি সর্ব্বদেতি বসুঃ। অন্তরিক্ষে সীদতীতি অন্তরিক্ষসৎ (সায়ণ)।

(৫) ন বিদ্যতে তিথিবিশেষনিয়মো যাত্রার্থে যস্য সোঽয়মতিথিঃ। দুরোণেষু তত্তদগৃহেষু সীদতি যাচিতুং প্রচরতীতি দুরোণসৎ। (সায়ণ)।

(৬) নৃষু মনুষ্যেষু স্থিররূপেণ সীদতীতি নৃষৎ (সায়ণ)।

(৭) বরে শ্রেষ্ঠে মণ্ডলে সীদতীতি বরসৎ (সায়ণ)।

(৮) ঋতং সত্যবদনং বেদবাক্যং তত্র সীদতীতি ঋতসৎ।

তিনিই ব্যোমসৎ ; কেন না, ইনি যেখানে থাকিযা তাপ দেন, তাহাই সদ্মসমূহের মধ্যে ব্যোম (আবরণহীন আকাশ)। "অব্জা" এ স্থলে ইনিই অব্জ[৯] ; কেন না, ইনি প্রাতঃকালে অপ্ (জল)সমূহ হইতে উদিত হন ও সাযংকালে অপ্সমূহেই প্রবেশ করেন। "গোজা" এ স্থলে ইনিই গোজ[১০]। "ঋতজা" এ স্থলে ইনিই সত্যজাত। "অদ্রিজা" এ স্থলে ইনিই অদ্রিজাত। "ঋতম্" এ স্থলে ইনিই সত্য। ঐ আদিত্য এই সকলই। বেদমধ্যে এই মন্ত্র তাঁহার প্রত্যক্ষতম রূপ। সেই জন্য যে-কোন কর্ম্মে দূরোহণ পাঠ করিতে হয, সেখানে হংসবতী ঋক্ই পাঠ করিবে।

[পক্ষান্তরে] স্বর্গকামী তার্ক্ষ্য[১১] সূক্তে দূরোহণ মন্ত্র করিবে। গাযত্রী যখন সুপর্ণ হইযা সোম আহরণ করেন, তখন তার্ক্ষ্য (গরুড) অগ্রণী হইযা তাহাকে পথ দেখাইযাছিলেন। যেমন লোকে ক্ষেত্রজ্ঞ (মার্গাভিজ্ঞ) ব্যক্তিকে পথের অগ্রণী (পথপ্রদর্শক) করিযা থাকে, ইহাও (তার্ক্ষ্যসূক্ত-পাঠও) সেইরূপ। এই যিনি (যে বাযু) পবমান, তিনিই তার্ক্ষ্য। ইনিই স্বর্গলোকের অভিমুখে আরোহণ করান। [প্রথম ঋকে] "ত্যমূ ষু বাজিনং দেবজূতম্" এ স্থলে সেই তার্ক্ষ্যই বাজী (অন্নবান্) ও দেবজূত (দেবগণমধ্যে বেগশালী)। "সহাবানং তরুতারং রথানাম্" এ স্থলে তিনি সহাবান্ (পরাজযকারী) এবং তরুতার (উল্লঙ্ঘনকর্ত্তা), কেন না, ইনিই সদ্য এই লোকসকল লঙ্ঘনে সমর্থ। "অরিষ্টনেমিং পৃতনাজমাশুম্" এ স্থলে ইনিই অরিষ্টনেমি (অহিংসারক্ষক) ও পৃতনাজিৎ (শত্রুসেনার জযকারী) ও আশু (বেগবান্)। "স্বস্তযে" এই পদে স্বস্তির (মঙ্গলের) প্রার্থনা হয। "তার্ক্ষ্যমিহা হুবেম" এতদ্দ্বারা তার্ক্ষ্যকেই আহ্বান করা হয। [দ্বিতীয ঋকে] "ইন্দ্রস্যেব রাতিমাজো হুবানাঃ স্বস্তয়ে" এই অংশ পাঠেও স্বস্তির প্রার্থনা হয। "নাবমিবা রুহেম" এই অংশপাঠে এই দূরোহণ স্বর্গই সম্যক্রূপে আরোহণ করা হয়, এবং ইহাতে স্বর্গলোকেরই প্রাপ্তি, ভোগ ও সঙ্গতি ঘটে। "উর্ব্বী ন পৃথ্বী বহুলে গভীরে মা বামেতৌ মা পরেতৌ রিষাম" এই [উত্তরার্দ্ধ]

---

(৯) অদ্ভ্যো জাযতে ইতি অব্জা।

(১০) গোভ্যো জাযতে ইতি গোজা।

(১১) "ত্যমূষু বাজিনং দেবজূতম্" ইত্যাদি তার্ক্ষ্য সূক্ত। ১০ মণ্ডল, ১৭৮ সূক্ত।

পাঠ দ্বারা হোতা আসিবার সময় ও ফিরিয়া যাইবার সময় এই পৃথিবী-লোক ও দ্যুলোক উভয়কেই অনুমন্ত্রণ করেন। [তৃতীয় ঋকের পূর্ব্বার্দ্ধ] "সদ্যশ্চিদ্যঃ শবসা পঞ্চ কৃষ্টীঃ সূর্য্য ইব জ্যোতিষাপস্ততান" এতৎপাঠে সূর্য্যকে প্রত্যক্ষ করিয়া অভিবাদন করা হয়। [উত্তরার্দ্ধ] "সহস্রসাঃ শতসা অস্য রংহির্ন স্মা বরন্তে যুবতিং ন শর্য্যাম্" এই অংশ পাঠে নিজের জন্য ও যজমানগণের জন্য আশিষ প্রার্থনা হয়।

সপ্তম খণ্ড

গবাময়ন

দূরোহণ মন্ত্র সম্বন্ধে অন্যান্য কথা—"আহ্বয দূরোহণ...অবরুদ্ধ্যৈ"

[হোতা] আহাবের পর দূরোহণ ["ত্যমূষু বাজিনম্" এই সূক্ত] পাঠ করিবে। স্বর্গলোকই দূরোহণ এবং বাক্যই আহাব। বাক্যই আবার ব্রহ্ম। হোতা যখন আহাব পাঠ করেন, তখন ব্রহ্মস্বরূপ আহাবদ্বারা স্বর্গলোকে আরোহণ করেন। হোতাই আরোহক্রমে প্রথমে প্রতি চরণে অবসান দিয়া পাঠ করিবেন, তাহাতে এই [ভূ-]লোক-প্রাপ্তি হয়। অনন্তর [দ্বিতীয় বার পাঠে] অর্দ্ধ ঋকের পর অবসান দিয়া পাঠ করিবেন, তাহাতে অন্তরিক্ষ-প্রাপ্তি হয়। পরে [তৃতীয় বার পাঠের সময়] তিন চরণের পর অবসান দিয়া পাঠ করিবেন, ইহাতে ঐ [স্বর্গ-] লোক-প্রাপ্তি হয়। অনন্তর [চতুর্থ বার পাঠের সময়] বিনা অবসানে পাঠ করিবেন, তাহাতে ঐ যিনি (আদিত্য) তাপ দেন, তাঁহাতেই প্রতিষ্ঠা হয়।[১]

অবরোহক্রমেও ঐ মন্ত্র পাঠ করা হয়, যেমন [বৃক্ষারূঢ় ব্যক্তি] নামিবার সময় শাখা ধরিয়া নামে, সেইরূপ। প্রথমে তিন চরণের পর অবসান দিবে, তাহাতে ঐ [স্বর্গ]লোকে প্রতিষ্ঠা হইবে। অর্দ্ধ ঋকের পর অবসান দিলে অন্তরিক্ষে এবং প্রতি চরণে অবসান দিলে এই লোকে

(১) এই দূরোহণ মন্ত্র দুই প্রকারে পাঠ করিতে হয়, আরোহক্রমে অথবা অবরোহক্রমে। আরোহক্রমে প্রত্যেক মন্ত্র চারি বার পাঠ করিতে হয়। এ স্থলে আরোহক্রমে পাঠের নিয়ম বলা হইল।

প্রতিষ্ঠা হয়। এইরূপে যজমানেরাও স্বর্গলোক প্রাপ্ত হইয়া আবার এই লোকে [নামিয়া আসিয়া] প্রতিষ্ঠিত হয়।[২]

পক্ষান্তরে যাহারা একটিমাত্র লোক কামনা করে, অর্থাৎ স্বর্গ মাত্র কামনা করে, তাহারা [কেবল] আরোহক্রমেই পাঠ করিবে। তাহাতে স্বর্গলোকই জয় করিবে। কিন্তু তাহারা এই লোকে অধিক দিন বাস করিতে পাইবে না।

ত্রিষ্টুপ্ ছন্দের ও জগতী ছন্দের সূক্ত মিথুন (জোড়া) করিয়া পাঠ করিবে। পশুগণই মিথুন থাকে ও পশুগণই ছন্দঃস্বরূপ, ইহাতে পশুগণের রক্ষা ঘটে।

অষ্টম খণ্ড

গবাময়ন

বিষুবাহের প্রশংসা—"যথা বৈ পুরুষঃ য এবং বেদ"

পুরুষ (মনুষ্য) যেমন, বিষুবাহও তেমনই। পুরুষের [দেহের] যেমন দক্ষিণার্দ্ধ, বিষুবের সেইরূপ [যণ্মাসব্যাপী] পূর্ব্বার্দ্ধ, পুরুষের যেমন বামার্দ্ধ, বিষুবের তেমনই [যণ্মাসব্যাপী] উত্তরার্দ্ধ, এবং সেই জন্যই [বিষুবের পরবর্ত্তী ভাগের] নাম উত্তর। [দেহের] বাম ও দক্ষিণ ভাগের মধ্যে মস্তকের মত বিষুব অবস্থিত। পুরুষের দেহ (বাম ও দক্ষিণ) উভয়ার্দ্ধের সন্ধিযুক্ত, সেই জন্য মস্তকের মধ্যে সীবনরেখা (নরকপালের দুই পার্শ্বের অস্থির সংযোগচিহ্ন) দেখা যায়।

এ বিষয়ে [ব্রহ্মবাদীরা] বলেন, বিষুবদিনেই (বিষুব-সংক্রান্তির দিনেই) এই [বিষুবাহে অনুষ্ঠেয়] শস্ত্র পাঠ করিবে। উক্থসকলের মধ্যে ইহাই বিষুবস্বরূপ। এই শস্ত্রকেই বিষুব বলে। যজমানেরাও ইহাতে বিষুবান্ হয় ও শ্রেষ্ঠতা প্রাপ্ত হয়।

---

(২) অবরোহক্রমে পাঠের নিয়ম আরোহক্রমের বিপরীত। আরোহক্রমে পাঠের ফল ভূলোক হইতে ক্রমে স্বর্গে আরোহণ, অবরোহক্রমে পাঠের ফল স্বর্গ হইতে ভূমিতে অবরোহণ। যাহারা দুই ফল কামনা করে, তাহারা দুই প্রকারেই পাঠ করিবে।

কিন্তু এ মত আদরণীয় নহে। সংবৎসরসত্রেই এই শস্ত্র পাঠ করিবে।[১] তাহা করিলে সংবৎসর ব্যাপিয়া রেতোধারণ করিয়া অনুষ্ঠান করা হইবে। যে রেতঃ সংবৎসর অপেক্ষা অল্প কালে [সন্তানরূপে] জন্মায়, যাহা পঞ্চ মাস মাত্র বা ছয় মাস মাত্র [গর্ভে] থাকে, তাহা [গর্ভ-] স্রাব মাত্র। সেই রেতোদ্বারা [সন্তান-জন্মরূপ ফল] পাওয়া যায় না। পক্ষান্তরে যাহা দশ মাস থাকিয়া জন্মায়, যাহা সংবৎসর ধরিয়া থাকে, তাহাতেই ফল পাওয়া যায়, সেই জন্য সংবৎসর ব্যাপিয়াই ঐ [বিষুবাহে বিহিত] শস্ত্র পাঠ করিবে। সংবৎসরেই সেই অনুষ্ঠান হইয়া থাকে। এই যজমান সংবৎসর দ্বারাই পাপ নাশ করে এবং বিষুব দ্বারাও পাপ নাশ করে। [সংবৎসরের] অঙ্গস্বরূপ মাসসমূহ দ্বারা ও মস্তকস্বরূপ বিষুব দ্বারা পাপ নাশ করে। যে ইহা জানে, সে সংবৎসর দ্বারা পাপ নাশ করে।

মহাব্রত দিনে সবনীয় পশুর স্থানে বিশ্বকর্ম্মার উদ্দিষ্ট উভয় পার্শ্বে উভয় বর্ণযুক্ত বৃষভ আলম্ভনযোগ্য, অতএব [ঐ দিনে] উহারই আলম্ভন করিবে।

ইন্দ্র বৃত্রকে হত্যা করিয়া বিশ্বকর্ম্মা হইয়াছিলেন। প্রজাপতি প্রজা সৃষ্টি করিয়া বিশ্বকর্ম্মা হইয়াছিলেন। সেই বিশ্বকর্ম্মা সংবৎসরস্বরূপ। এতদ্দ্বারা সংবৎসরব্যাপী ইন্দ্র ও সংবৎসররূপী প্রজাপতি, এই [উভয়বিধ] বিশ্বকর্ম্মাকেই প্রাপ্ত হওয়া যায়। যে ইহা জানে, সে সত্রাবসানে সংবৎসর-রূপী ইন্দ্র ও সংবৎসররূপী প্রজাপতি, এই [উভয়] বিশ্বকর্ম্মাতেই প্রতিষ্ঠিত হয়।

---

১) বিষুবসংগতির দিনে না পড়িয়া সংবৎসর সত্রের দিনে।

ঊনবিংশ অধ্যায়

প্রথম খণ্ড

দ্বাদশাহ

গবাময়ন সত্র বর্ণিত হইল। এখন দ্বাদশদিনসাধ্য দ্বাদশাহ বর্ণিত হইবে, যথা—

"প্রজাপতিঃ···এবং বেদ"

প্রজাপতি ইচ্ছা করিয়াছিলেন, আমি বহু হইয়া জন্মিব। এই মনে করিয়া তিনি তপস্যা করিয়াছিলেন। তিনি তপস্যা করিয়া আপনারই অঙ্গমধ্যে ও প্রাণমধ্যে দ্বাদশাহকে[১] দেখিয়াছিলেন। আপনার অঙ্গ হইতে ও প্রাণ হইতে তিনি তাহাকে দ্বাদশরূপ করিয়া নির্ম্মাণ করিয়াছিলেন। এইরূপে দ্বাদশাহকে আহরণ করিয়া তদ্দ্বারা যজন করিয়াছিলেন। তখন তিনি প্রজাপতি হইলেন ও আপনি প্রজা দ্বারা ও পশুদ্বারা [বহু হইয়া] জন্মিলেন। যে ইহা জানে, সে আপনি প্রজা দ্বারা ও পশু দ্বারা বহু হইয়া জন্মে।

প্রজাপতি ইচ্ছা করিয়াছিলেন, আমি কিরূপে গায়ত্রী দ্বারা দ্বাদশাহকে সকল দিকে ব্যাপ্ত করিয়া সকল সমৃদ্ধি পাইব। এই মনে করিয়া তিনি গায়ত্রীর তেজ দ্বারা দ্বাদশাহের প্রথম ভাগ, ছন্দদ্বারা মধ্য ভাগ ও অক্ষর দ্বারা শেষ ভাগ ব্যাপ্ত করিয়াছিলেন, এবং এইরূপে গায়ত্রী দ্বারা দ্বাদশাহের সকল ভাগ ব্যাপ্ত করিয়া সকল সমৃদ্ধি পাইয়াছিলেন। যে ইহা জানে, সে সকল সমৃদ্ধি প্রাপ্ত হয়।

যে সেই পক্ষযুক্তা চক্ষুষ্মতী জ্যোতিষ্মতী দীপ্তিমতী গায়ত্রীকে জানে, পক্ষযুক্তা চক্ষুষ্মতী জ্যোতিষ্মতী দীপ্তিমতী গায়ত্রী দ্বারা সে স্বর্গলোক প্রাপ্ত

---

(১) দ্বাদশাহ দ্বিবিধ, ভরত দ্বাদশাহ ও ব্যূঢ় দ্বাদশাহ। ভরত দ্বাদশাহে প্রথম দিনে অতিরাত্র, দ্বিতীয় দিনে অগ্নিষ্টোম, পরে আট দিনে উক্থ্য, একাদশ দিনে অগ্নিষ্টোম ও দ্বাদশ দিনে অতিরাত্র বিহিত হয়। এই খণ্ডে সেই দ্বাদশাহ প্রশংসিত হইল। পরখণ্ডে ব্যূঢ় দ্বাদশাহ বর্ণিত হইবে। ইহাতে প্রথম দিন ও শেষ দিন অতিরাত্র। দশম দিন পরিত্যাগ করিয়া দ্বিতীয় হইতে একাদশ পর্য্যন্ত অবশিষ্ট নয় দিনে তিনটি ত্র্যহ অনুষ্ঠিত হয়। জ্যোতিষ্টোম, গোষ্টোম ও আয়ুষ্টোম লইয়া প্রত্যেক ত্র্যহ।

হয়। এই গায়ত্রীই পক্ষযুক্তা চক্ষুষ্মতী জ্যোতিষ্মতী ও দীপ্তিমতী। এই যে দ্বাদশাহ, ইহার [আদ্যন্তে] যে দুই অতিরাত্র বিহিত, তাহাই দুই পক্ষস্বরূপ; ইহার [দ্বিতীয় ও একাদশ দিবসে] যে দুই অগ্নিষ্টোম, তাহাই দুই চক্ষুঃস্বরূপ; ইহার মধ্যে (মধ্যবর্ত্তী আট দিনে) যে উক্থ্য বিহিত, তাহাই উহার আত্মা (শরীর)। যে ইহা জানে, সে পক্ষযুক্তা, চক্ষুষ্মতী, জ্যোতিষ্মতী, দীপ্তিমতী গায়ত্রীদ্বারা স্বর্গলোক প্রাপ্ত হয়।

দ্বিতীয় খণ্ড

দ্বাদশাহ

তৎপরে ব্যূঢ় দ্বাদশাহ বিধান—"ত্রয়শ্চ য এবং বেদ"

এই যে দ্বাদশাহ, ইহাতে [আদ্যন্তের] দুই অতিরাত্র ও দশমাহ পরিত্যাগ করিয়া তিনটি ত্র্যহ থাকে।

দ্বাদশ দিন দীক্ষিত হইতে হয়, তাহাতে যজ্ঞ [অনুষ্ঠানের] যোগ্য হয়। দ্বাদশ রাত্রি উপসৎ অনুষ্ঠান করা হয়, তদ্দ্বারা শরীর কম্পিত হয়।[১] দ্বাদশ দিন সোমের অভিষব হয়। যে ইহা জানে, সেই শরীর কম্পিত করিয়া শুদ্ধ ও পবিত্র হইয়া দেবতাগণকে পাইয়া থাকে।

এই যে দ্বাদশাহ, ইহা [এইরূপে] ছত্রিশ দিনাত্মক।[২] বৃহতীরও ছত্রিশ অক্ষর। এই যে দ্বাদশাহ, ইহা বৃহতীরই স্থান। দেবগণ বৃহতী দ্বারাই এই লোকসকল পাইয়াছিলেন। দশ অক্ষর দ্বারা তাঁহারা এই [ভূ]লোক, দশটি দ্বারা অন্তরিক্ষ, দশটি দ্বারা দ্যুলোক এবং চারিটি দ্বারা চারি দিক্ পাইয়াছিলেন এবং দুইটি দ্বারা এই লোকে প্রতিষ্ঠিত হইয়াছিলেন। যে ইহা জানে, সেও প্রতিষ্ঠিত হয়।

---

(১) প্রকৃতি যজ্ঞে তিন উপসৎ, পূর্ব্বে দেখ। এ স্থলে প্রত্যেক উপসদের চারি দিন আবৃত্তি দ্বারা বার দিন উপসদের বিধি হইল। উপসদে কেবল দুগ্ধ পান করিয়া থাকিতে হয়; তাহাতে শরীর কৃশ ও কম্পিত হয়। শরীরের কার্শ্যহেতু পাপক্ষয় ঘটে।

(২) বার দিন দীক্ষা, বার দিন উপসৎ ও বার দিন সোমাভিষব, একযোগে ৩৬ দিন হয়।

এ বিষয়ে [ব্রহ্মবাদীরা] বলেন, যখন অন্যান্য ছন্দ৩ [বৃহতীর অপেক্ষা] অধিক-অক্ষর-যুক্ত ও বৃহৎ, তখন এই ছন্দকে বৃহতী বলে কেন ? [উত্তর] এই ছন্দ দ্বারাই দেবগণ এই লোকসকল পাইয়াছিলেন ; তাঁহারা দশ অক্ষর দ্বারা এই [ভূ]লোক, দশটি দ্বারা অন্তরিক্ষ, দশটি দ্বারা দ্যুলোক, চারিটি দ্বারা চারি দিক্ পাইয়াছিলেন এবং দুইটি দ্বারা এই লোকে প্রতিষ্ঠিত হইয়াছিলেন, এই জন্যই এই ছন্দকে বৃহতী বলা হয়। যে ইহা জানে, সে যাহা যাহা কামনা করে, তাহাই প্রাপ্ত হয়।

তৃতীয় খণ্ড

দ্বাদশাহ

দ্বাদশাহে যজন-যাজনবিষয়ে অধিকারনির্দ্দেশ, যথা—"প্রজাপতিযজ্ঞো···য এবং বেদ"

এই যে দ্বাদশাহ, ইহা প্রজাপতির যজ্ঞ, প্রজাপতিই পুরাকালে [সকলের] অগ্রে এই দ্বাদশাহ দ্বারা যাগ করিয়াছিলেন। তিনি ঋতুগণকে ও মাসগণকে বলিয়াছিলেন, তোমরা [ঋত্বিক্] হইয়া দ্বাদশাহ দ্বারা আমার যাগ করাও। তাঁহারা প্রজাপতিকে দীক্ষিত করিয়া ও [দীক্ষান্তে যাগসমাপ্তি পর্য্যন্ত দেবযজনভূমি হইতে] উহার বাহিরে গমন নিষেধ করিয়া বলিয়াছিলেন, আমাদিগকে শীঘ্র দান কর, পরে তোমাকে যাজন করিব। তখন প্রজাপতি তাঁহাদিগকে অন্ন ও রস দিয়াছিলেন। সেই রস ঋতুসকলে ও মাসসকলে নিহিত হইয়াছিল। দান করিলে পর তাঁহারা প্রজাপতিকে যাজন করিলেন, কেন না, দানকারী পুরুষই যাজনযোগ্য। তাঁহারা [দানের] প্রতিগ্রহ করিয়া তাঁহাকে যাজন করিয়াছিলেন ; সেই জন্য প্রতিগ্রহকারী পুরুষকর্ত্তৃকই যাজন কর্ত্তব্য। যাহারা ইহা জানিয়া যজন করে ও যাজন করে, তাহারা উভয়েই সমৃদ্ধি লাভ করে।

ঐ সেই ঋতুগণ ও মাসগণ দ্বাদশাহে প্রতিগ্রহ করিয়া আপনাদিগকে [পাপভাবে] গুরু বলিয়া মনে করিলেন। তাঁহারা প্রজাপতিকে

---

(৩) পঙ্‌ক্তি, ত্রিষ্টুপ্ ও জগতীর অক্ষরসংখ্যা বৃহতীর অপেক্ষা অধিক।

বলিলেন, তুমি আমাদিগকে দ্বাদশাহ দ্বাবা যাগ কবাও। প্রজাপতি বলিলেন, তাহাই হইবে, তোমবা দীক্ষিত হও। তখন [তাঁহাদেব মধ্যে] পূর্ব্বপক্ষগণ (শুক্লপক্ষগণ) পূর্ব্বে দীক্ষিত হইলেন ও তাঁহাবা পাপ নাশ কবিলেন ; সেই জন্য তাঁহাবা যেন দিনেব মত [উজ্জ্বল] ; কেন না, যাহারা নষ্টপাপ, তাহাবাও দিনেব মত [উজ্জ্বল]। অন্য অপবপক্ষগণ (কৃষ্ণপক্ষগণ) পশ্চাৎ দীক্ষিত হইলেন ; তাঁহাবা সম্যক্‌ভাবে পাপনাশ কবিতে পাবেন নাই, সেই জন্য তাঁহাবা যেন অন্ধকাবেব মত ; কেন না, যাহাবা অনষ্টপাপ, তাহাবাও অন্ধকাবেব মত। এই জন্য যে ইহা জানে, সে দীক্ষমাণদেব পূর্ব্বে ও পূর্ব্বপক্ষে (শুক্লপক্ষে) দীক্ষিত হইতে চেষ্টা কবিবে। যে ইহা জানে, সে পাপ নাশ কবে।

এই সেই প্রজাপতিরূপী সংবৎসব ঋতুগণে ও মাসগণে প্রতিষ্ঠিত হইযাছিলেন, এবং এই সেই ঋতুগণ ও মাসগণ প্রজাপতিরূপী সংবৎসবে প্রতিষ্ঠিত হইযাছিলেন। এইরূপে তাঁহাবা পবস্পবে প্রতিষ্ঠিত হইযাছিলেন। যে যজমান এইরূপে দ্বাদশাহ দ্বাবা যজন কবে, সে ঋত্বিকেই প্রতিষ্ঠিত হয। সেই জন্য [ব্রহ্মবাদীবা] বলেন যে, দ্বাদশাহ দ্বাবা পাপী পুরুষেব যাজন কবিবে না, তাহাতে সেই পাপ আমাতে (যাজকে) প্রতিষ্ঠিত হইতে পাবে।

এই যে দ্বাদশাহ, ইহা জ্যেষ্ঠেব যজ্ঞ। যিনি এতদ্দ্বাবা [সকলেব] অগ্রে যাগ কবিযাছিলেন, তিনি দেবগণেব মধ্যে জ্যেষ্ঠ। এই যে দ্বাদশাহ, ইহা শ্রেষ্ঠেব যজ্ঞ, যিনি এতদ্দ্বাবা অগ্রে যাগ কবিযাছিলেন, তিনি দেবগণেব মধ্যে শ্রেষ্ঠ।

জ্যেষ্ঠ এবং শ্রেষ্ঠ এই যাগ কবিবে, তাহাতে বৎসব কল্যাণপ্রদ হইবে। দ্বাদশাহ দ্বাবা পাপী পুরুষেব যাজন কবিবে না ; তাহাতে যাজকেই পাপ প্রতিষ্ঠিত হইতে পাবে।

দেবগণ ইন্দ্রেব জ্যেষ্ঠত্ব ও শ্রেষ্ঠত্ব স্বীকাব কবেন নাই। ইন্দ্র বৃহস্পতিকে বলিলেন, তুমি আমাকে দ্বাদশাহ দ্বাবা যাজন কব। বৃহস্পতি তাঁহাকে যাজন কবিলেন। তখন দেবগণ তাঁহাব জ্যেষ্ঠত্ব ও শ্রেষ্ঠত্ব স্বীকাব কবিলেন। যে ইহা জানে, তাহাব স্বজনেবা (জ্ঞাতিবা) তাহার জ্যেষ্ঠত্ব ও শ্রেষ্ঠত্ব স্বীকাব কবে এবং সেই স্বজনেবা তাহার শ্রেষ্ঠতা মানিয়া থাকে।

[দ্বাদশাহের অন্তর্গত] প্রথম ত্র্যহ ঊর্দ্ধমুখ, মধ্যম ত্র্যহ তির্য্যঙ্মুখ ও অন্তিম ত্র্যহ অধোমুখ।[১] প্রথম ত্র্যহ যে ঊর্দ্ধমুখ, সেই জন্য অগ্নি ঊর্দ্ধমুখে দীপ্ত হয়েন, তাঁহার দিক্‌ও ঊর্দ্ধ। মধ্যম ত্র্যহ যে তির্য্যঙ্মুখ, সেই জন্য এই বায়ু তির্য্যঙ্মুখে প্রবাহিত হয়, অপ্‌সমূহও তির্য্যঙ্মুখে প্রবাহিত হয়, তাঁহার দিক্‌ও তির্য্যগ্‌গত। অন্তিম ত্র্যহ যে অধোমুখ, সেই জন্য ঐ [আদিত্য] অধোমুখে তাপ দেন, ঐ [পর্জ্জন্য] অধোমুখে বর্ষণ করেন, নক্ষত্রগণ অধোমুখ, ইঁহার দিক্‌ও অধোগত। এইরূপে লোকসকল সম্যক্ হয় ও এই ত্র্যহসকলও সম্যক্ হয়। যে ইহা জানে, এই লোকসকল সম্যক্ হইয়া তাহার শ্রী উৎপাদন করিয়া দীপ্তি পায়।

চতুর্থ খণ্ড

দ্বাদশাহ

দ্বাদশাহ সম্বন্ধে অন্যান্য কথা—"দীক্ষা বৈ···অন্তরিক্ষাদ্ভুমিঃ"

দীক্ষা দেবগণের নিকট হইতে চলিয়া গিয়াছিল। দেবগণ তাহাকে বসন্ত (চৈত্র ও বৈশাখ) দুই মাসের সহিত যুক্ত করিতে গিয়াছিলেন, কিন্তু তাহাকে বসন্ত দুই মাসের সহিত যুক্ত করিতে পারেন নাই। তৎপরে [ক্রমশঃ] গ্রীষ্ম দুই মাসের সহিত, বর্ষা দুই মাসের সহিত, শরৎ দুই মাসের সহিত, হেমন্ত দুই মাসের সহিত যুক্ত করিতে গিয়াছিলেন, কিন্তু হেমন্ত দুই মাসের সহিতও যুক্ত করিতে পারেন নাই। পরে তাহাকে শিশির দুই মাসের সহিত যুক্ত করিতে গিয়াছিলেন এবং তাহাকে শিশির দুই মাসের সহিত যুক্ত করিয়াছিলেন। যে ইহা জানে, সে যাহা পাইতে চাহে, তাহা পাইয়া থাকে; কিন্তু তাহার শত্রু তাহাকে পায় না।

---

(১) প্রথম ত্র্যহে প্রাতঃসবনে গায়ত্রী, মাধ্যন্দিনে ত্রিষ্টুপ্, তৃতীয় সবনে জগতী বিহিত। এইরূপে ছন্দের অপর সংখ্যা ক্রমশঃ বৃদ্ধি পাওয়াতে প্রথম ত্র্যহকে ঊর্দ্ধমুখ বলা হইল। দ্বিতীয় ত্র্যহে প্রাতঃসবনে জগতী, মাধ্যন্দিনে গায়ত্রী, তৃতীয়ে ত্রিষ্টুপ্, এ স্থলে অক্ষরসংখ্যার ক্রমোন্নতি বা ক্রমাবনতি নাই, এ জন্য ইহা তির্য্যঙ্মুখ। অন্তিম ত্র্যহে প্রাতঃসবনে ত্রিষ্টুপ্, মাধ্যন্দিনে জগতী, তৃতীয়ে গায়ত্রী হওয়ায় উহা অধোমুখ।

সেই জন্য যে ব্যক্তি [দ্বাদশাহ] সত্রে দীক্ষিত হইতে চাহিবে, তাহাকে শিশির মাসদ্বয় আগত হইলে দীক্ষিত করিবে; তাহাতে দীক্ষা আপনা হইতে আগত হইলে দীক্ষিত করা হয়। সে প্রত্যক্ষ দীক্ষা গ্রহণ করে। সেই জন্য এই শিশির মাসদ্বয় আগত হইলে যে সকল পশু গ্রাম্য ও যাহারা আরণ্য, তাহারা সকলেই [তৃণাভাবে] কৃশত্ব ও পরুষত্ব প্রাপ্ত হয়, এবং দীক্ষারই রূপ পাইয়া চরিয়া বেড়ায়।[1]

সে ব্যক্তি দীক্ষার পূর্ব্বে প্রজাপতির উদ্দিষ্ট পশুর আলম্ভন করিবে। তাহাতে সপ্তদশ সামিধেনী পাঠ করিবে। কেন না, প্রজাপতি সপ্তদশ [-অবয়বযুক্ত], ইহাতে প্রজাপতির প্রাপ্তি ঘটে।

তাহাতে (সেই পশুকর্ম্মে) জমদগ্নিদৃষ্ট আপ্রীমন্ত্র বিহিত হয়। এ বিষয়ে ব্রহ্মবাদীরা প্রশ্ন করেন, যখন অন্যান্য পশুকর্ম্মে [যজমানের গোত্রপ্রবর্ত্তক] ঋষি অনুসারে আপ্রীমন্ত্র বিহিত হয়,[2] তবে কেন এ স্থলে সকলের পক্ষেই জমদগ্নির উদ্দিষ্ট আপ্রী বিহিত হয়? [উত্তর] জমদগ্নির উদ্দিষ্ট মন্ত্রসকল সকল মন্ত্রের স্বরূপ ও সর্ব্বসমৃদ্ধিযুক্ত। এই [প্রজাপতির উদ্দিষ্ট] পশুও সকল পশুর স্বরূপ ও সর্ব্বসমৃদ্ধিযুক্ত, সেই জন্য এই যে জমদগ্নির উদ্দিষ্ট আপ্রী বিহিত হয়, ইহাতে সর্ব্বস্বরূপতা ও সর্ব্বসমৃদ্ধি ঘটে।

[উক্ত পশুকর্ম্মে] বায়ুর উদ্দিষ্ট পশুপুরোডাশ বিহিত। এ বিষয়ে প্রশ্ন হয় যে, যখন পশু অন্য দেবতার (অর্থাৎ প্রজাপতির) উদ্দিষ্ট, তখন [তদঙ্গ] পশুপুরোডাশ কেন বায়ুর উদ্দিষ্ট করা হয়? [উত্তর] প্রজাপতি যজ্ঞস্বরূপ, যজ্ঞের অসারতারূপ আলস্য পরিহারের জন্য [ঐরূপ করা হয়], এই উত্তর দিবে। বায়ুর উদ্দিষ্ট হইলেও উহা

---

(১) দীক্ষিত ব্যক্তিও উপবাসাদিতে কৃশ ও পরুষ হয়, সেই জন্য দীক্ষার রূপ কৃশ ও পরুষ।

(২) পশুকর্ম্মে যজমানের গোত্রানুসারে বিভিন্ন ঋষিদৃষ্ট আপ্রীসূক্ত ব্যবহৃত হয়; পূর্ব্বে দেখ। জমদগ্নির দৃষ্ট আপ্রীসূক্ত "সমিদ্ধো অদ্য মনুষো দুরোণে" ইত্যাদি ১০ মণ্ডলের ১১০ সূক্ত।

প্রজাপতি হইতে অপগত হয় না, কেন না, বায়ুই প্রজাপতি। এ বিষয়ে ঋষি বলিয়াছেন, পবমান (বায়ু) প্রজাপতিস্বরূপ।[৩]

দ্বাদশাহ যদি সত্ররূপে অনুষ্ঠিত হয়,[৪] তাহা হইলে [ঋত্বিকেরা] সকলেই অগ্নিসমূহ একত্র স্থাপন করিয়া দীক্ষিত হইবে, সকলেই অভিষব করিবে, বসন্তকালে উদবসান (সমাপ্তিকালীন ইষ্টিযাগ) করিবে।[৫] বসন্তই রস; এতদ্দ্বারা অন্নরূপ রসকে লক্ষ্য করিয়া [দ্বাদশাহের] উদবসান করা হয়।

পঞ্চম খণ্ড

দ্বাদশাহ

তৎপরে ব্যূঢ়দ্বাদশাহের ব্যূঢ়ত্ব সম্বন্ধে—"ছন্দাংসি বৈ ব্যূহতি"

ছন্দোগণ[১] পরস্পরের আশ্রয়স্থান পাইবার জন্য চিন্তা করিয়াছিলেন। গায়ত্রী ত্রিষ্টুভের ও জগতীর স্থান[২] চিন্তা করিয়াছিলেন। এইরূপে ত্রিষ্টুপ্ গায়ত্রীর ও জগতীর স্থান, জগতী ত্রিষ্টুভের ও গায়ত্রীর স্থান চিন্তা করিয়াছিলেন। তখন প্রজাপতিও এই ব্যূঢ়ছন্দ দ্বাদশাহকে দেখিলেন,[৩]

---

(৩) "ত্বষ্টারমগ্রজাং গোপাম্" ইত্যাদি ঋকের চতুর্থ চরণে পবমানকে প্রজাপতি বলা হইয়াছে।

(৪) দ্বাদশাহ যেমন ভরত ও ব্যূঢ়ভেদে দ্বিবিধ, তেমনই আবার অহীন ও সত্রভেদে দ্বিবিধ।

(৫) দ্বাদশাহে যাহারা যজমান, তাহারাই ঋত্বিক্ (পূর্ব্বের আখ্যায়িকা দেখ), ঋত্বিকেরা সকলেই যজমান স্বরূপে দীক্ষাগ্রহণ ও অন্য কার্য্য করেন।

(১) সবনত্রয়ে গায়ত্রী, ত্রিষ্টুপ্ ও জগতী, এই তিন ছন্দের বিধান, এই তিন ছন্দেরই কথা হইতেছে।

(২) নিজের স্থান প্রাতঃসবন ত্যাগ করিয়া অপর দুই ছন্দের স্থান অন্য দুই সবন পাইতে ইচ্ছা করিয়াছিলেন।

(৩) স্বস্বস্থানবিপরীতত্বেন উঢ়ানি স্থানান্তরে প্রক্ষিপ্তানি ছন্দাংসি যস্মিন্ দ্বাদশাহে সোঽহং ব্যূঢ়চ্ছন্দাঃ (সায়ণ)—যেখানে স্বস্থান ছাড়িয়া অন্যত্র ছন্দ প্রক্ষিপ্ত হয়—সেই দ্বাদশাহ ব্যূঢ়চ্ছন্দ।

তাহাকে আহরণ করিলেন এবং তদ্দ্বারা যাগ করিলেন। এইরূপে তিনি ছন্দোগণকে তাহাদের সকল কামনা পাওয়াইয়াছিলেন। যে ইহা জানে, সে সকল কামনা প্রাপ্ত হয়।

অসারতাপ্রযুক্ত আলস্য পরিহারের জন্য ছন্দসকল স্বস্থান হইতে অন্যত্র স্থাপিত করা হয়। ছন্দসকলকে অন্য স্থানে স্থাপিত করা হয়; সে এইরূপ—লোকে যেমন অশ্বদ্বারা অথবা বলীবর্দ্দ দ্বারা [গাড়ীতে চড়িয়া দূরদেশে যাইবার সময়] তাহাদিগকে পুনঃ পুনঃ মোচন করিয়া তদপেক্ষা অশ্রান্ত নূতন নূতন অশ্ব অথবা বলীবর্দ্দ দ্বারা চলে, সেইরূপ এই যে ছন্দ সকলের স্থান পরিবর্ত্তন করা হয়, এতদ্দ্বারা এক ছন্দকে মোচন করিয়া তদপেক্ষা অশ্রান্ত নূতন নূতন ছন্দ দ্বারা স্বর্গলোকে যাওয়া যায়।

বৃহৎ ও রথন্তর সামদ্বয়ের প্রশংসা ও তৎপ্রসঙ্গে অন্যান্য কথা—"ইমৌ বৈ···ভূমিঃ"

এই দুই লোক (ভূলোক ও দ্যুলোক) [পুরাকালে] একত্র (একসঙ্গে) ছিল। [একদা] তাহাদের বিরোধ ঘটিয়াছিল। তখন [দ্যুলোকস্থ পর্জ্জন্য] বর্ষণ করিতেন না ও [আদিত্য] তাপ দিতেন না। তাহাতে পঞ্চজনেরা[৪] একতাহীন হইল। দেবগণ তখন সেই লোকদ্বয়কে একত্র আনিলেন। তাঁহারা একত্র মিলিত হইয়া দেববিবাহে আবদ্ধ হইলেন। তদবধি ইনি (স্ত্রীরূপা ভূমি) উঁহাকে (পুরুষরূপী) স্বর্গকে রথন্তর সামদ্বারা প্রীত করেন ও উনি ইঁহাকে বৃহৎ সামদ্বারা প্রীত করেন। [অপিচ] নৌধস সামদ্বারা[৫] ইনি উঁহাকে প্রীত করেন, শ্যৈতসাম দ্বারা[৬] উনি ইঁহাকে প্রীত করেন; ধূমদ্বারা ইনি উঁহাকে ও বৃষ্টিদ্বারা উনি ইঁহাকে প্রীত করেন। দেবযজন[৭]স্থান ইনি উঁহাতে স্থাপিত করিয়াছিলেন, পশুগণকে উনি ইঁহাতে স্থাপিত করিয়াছিলেন। চন্দ্রমণ্ডলে কৃষ্ণবর্ণ যাহা আছে, তাহাই দেবযজনভূমি, তাহাই ইনি উঁহাতে স্থাপিত করিয়াছিলেন।

---

(৪) দেবমনুষ্যাদি পঞ্চবিধ প্রাণী (পূর্ব্বে দেখ)।

(৫) "ইমমিন্দ্র সুতং পিব" (১।৮৪।৪) এই ঋক্ হইতে উৎপন্ন সাম নৌধস।

(৬) "ত্বামিদাহ্যো নরঃ" (৮।৯৯।১) এই ঋক্ হইতে উৎপন্ন সাম শ্যৈত।

(৭) দেবযজনভূমি অর্থে যজ্ঞভূমি। স্বর্গের যজ্ঞভূমি চন্দ্রমণ্ডলে কলঙ্করূপে বর্ত্তমান।

সেই জন্য ক্রমশঃ পূর্ণতার উন্মুখ পক্ষে[৮] যাহারা যাগ করে, তাহারা চন্দ্রমণ্ডলই প্রাপ্ত হয়।[৯]

উনি ইহাতে "উষ"গণকে [স্থাপন করিয়াছিলেন], এরূপও বলা হয়[১০]। সেই যে কবষের পুত্র তুর বলিয়াছেন, অহে জনমেজয়, কোন্ উষ পোষ (পুষ্টিহেতু অর্থাৎ পশু) ? সেই হেতু এখনও লোকে গব্য সম্বন্ধে (গো-পশু হইতে উৎপন্ন ক্ষীরাদি সম্বন্ধে) বিচার উপস্থিত হইলে প্রশ্ন করে, সেখানে উষ আছে কি ? [অতএব] উষই পোষ (পশু)। ঐ [স্বর্গ]লোক এই [ভূ]লোকে পর্য্যাবর্ত্তন করিয়াছিল, সেই জন্য [ভূলোক ও দ্যুলোকের ঐরূপ মিলন হেতু] দ্যাবাপৃথিবী একত্র সমৃদ্ধ হইয়াছিলেন। অন্তরিক্ষ হইতে দ্যুলোক ভিন্ন নহে, ভূমিও অন্তরিক্ষ হইতে ভিন্ন নহে।[১১]

ষষ্ঠ খণ্ড

দ্বাদশাহ

দ্বাদশাহের অন্তর্গত পৃষ্ঠ্য ষড়হে পৃষ্ঠস্তোত্রের উপযুক্ত সামসমূহের বিধান, যথা—"বৃহচ্চ বৈ···দীক্ষতে"।

[সকল সামের] অগ্রে বৃহৎ এবং রথন্তর, ইঁহারা বর্ত্তমান ছিলেন। তাঁহারা বাক্‌স্বরূপ ও মনঃস্বরূপ ছিলেন। রথন্তরই বাক্ ও বৃহৎ মন।

(৮) অর্থাৎ শুক্লপক্ষে যখন চন্দ্রমণ্ডল ক্রমশঃ পূর্ণ হয় ও কৃষ্ণচিহ্ন দেখা যায়।

(৯) কর্ম্মীরা দক্ষিণমার্গে চন্দ্রমণ্ডলে গমন করেন, ইহা উপনিষদাদিতে প্রসিদ্ধ।

(১০) উপরে বলা হইয়াছে, ভূমি স্বর্গে দেবযজন স্থাপন করেন ও স্বর্গ ভূমিতে পশুগণকে স্থাপন করেন। এই পশুশব্দ স্থলে "উষ" শব্দও ব্যবহৃত হয়, "পশূন্ অসৌ অস্যাম্" ইহার পরিবর্ত্তে "উষান্ অসৌ অস্যাম্" এইরূপ বাক্যও দেখা যায়। এই অপ্রচলিত "উষ" শব্দও যে পশুবাচক, ইহাই এ স্থলে বুঝান হইতেছে। সায়ণ বলেন, কান্ত্যর্থক বশ ধাতু হইতে উষ শব্দ নিষ্পন্ন হইতে পারে। কান্তিযুক্ত বলিয়া পশুই উষ। পশূনাং চমরাদীনাং কমনীয়ত্বং প্রসিদ্ধম্। (সায়ণ)।

(১১) সায়ণ এইরূপ অর্থ করিয়াছেন। দ্যুলোক ও ভূলোক পরস্পর মিলিত হইয়াছিল। অন্তরিক্ষও তদুভয় হইতে অভিন্ন বলিয়া উহাদের অন্তর্গত ও উহাদের সহিত মিলিত।

সেই [পুরুষরূপী] বৃহৎ পূর্ব্বে সৃষ্টি করিতে ইচ্ছুক হইয়া [স্ত্রীস্বরূপ] রথন্তরকে ক্ষুদ্র মনে করিয়াছিলেন। তখন রথন্তর গর্ভ ধারণ করিলেন এবং বৈরূপ সামকে [পুত্ররূপে] সৃষ্টি করিলেন। তখন রথন্তর ও বৈরূপ, তাঁহারা দুই জন হইয়া বৃহৎকে ক্ষুদ্র [স্ত্রীস্বরূপ] মনে করিয়াছিলেন। তখন বৃহৎ গর্ভ ধারণ করিলেন ও বৈরাজকে সৃষ্টি করিলেন। বৃহৎ ও বৈরাজ, ইঁহারা দুই জন হইয়া রথন্তর ও বৈরূপকে ক্ষুদ্র মনে করিলেন; তখন রথন্তর গর্ভ ধারণ করিলেন ও শাক্করকে সৃষ্টি করিলেন। রথন্তর ও বৈরূপ ও শাক্কর, ইঁহারা তিন জন হইয়া বৃহৎকে ও বৈরাজকে ক্ষুদ্র মনে করিলেন। তখন বৃহৎ গর্ভ ধারণ করিলেন ও রৈবতকে সৃষ্টি করিলেন। এই তিন জন (রথন্তর, বৈরূপ, শাক্কর) এবং অন্য তিন জন (বৃহৎ, বৈরাজ, রৈবত), ইঁহারা ছয়টি পৃষ্ঠে পরিণত হইয়াছিলেন।[১]

সেই সময়ে তিনটিমাত্র ছন্দ (গায়ত্রী, ত্রিষ্টুপ্ ও জগতী) ঐ ছয়টি পৃষ্ঠস্তোত্র নিষ্পাদনে সমর্থ হয় নাই। সেই গায়ত্রী গর্ভ ধারণ করিলেন ও তিনি অনুষ্টুপ্‌কে সৃষ্টি করিলেন; ত্রিষ্টুপ্ গর্ভ ধারণ করিলেন, তিনি পংক্তিকে সৃষ্টি করিলেন, জগতী গর্ভ ধারণ করিলেন, তিনি অতিচ্ছন্দকে সৃষ্টি করিলেন। এইরূপে সেই তিন এবং এই অন্য তিন [একযোগে] ছয়টি ছন্দ হইলেন। তাঁহারা তখন ছয়টি পৃষ্ঠস্তোত্র নিষ্পাদনে সমর্থ হইলেন[২]; যজ্ঞও স্বপ্রয়োজনে সমর্থ হইল। যে স্থলে যজমান ছন্দসকলের ও পৃষ্ঠসকলের এইরূপ কল্পনাপ্রকার জানিয়া দীক্ষিত হয়, সেই জনসমূহ-মধ্যে সেই যজমান সমর্থ হয়।

---

(১) পৃষ্ঠ্য ষড়হের প্রথম, তৃতীয় ও পঞ্চম দিনে রথন্তর, বৈরূপ ও শাক্কর দ্বারা এবং দ্বিতীয়, চতুর্থ ও ষষ্ঠ দিনে বৃহৎ, বৈরাজ, রৈবত দ্বারা যথাক্রমে পৃষ্ঠস্তোত্র নিষ্পাদিত হয়।

(২) প্রথম, দ্বিতীয় ও তৃতীয় দিনে গায়ত্রী, ত্রিষ্টুপ্, জগতী হইতে পৃষ্ঠস্তোত্র নিষ্পাদিত হয়; চতুর্থ, পঞ্চম, ষষ্ঠ দিনে অনুষ্টুপ্, পংক্তি ও অতিচ্ছন্দ পৃষ্ঠনিষ্পাদক হয়।

বিংশ অধ্যায়

প্রথম খণ্ড

দ্বাদশাহ—নবরাত্র

দ্বাদশাহের প্রথম ও শেষ দিন অতিরাত্র অনুষ্ঠিত হয়। সেই দুই দিন ও দশম দিন ত্যাগ করিয়া অবশিষ্ট নয় দিনের নাম নবরাত্র। এই নবরাত্রের অনুষ্ঠান এক এক দিন ক্রমে ক্রমশঃ বর্ণিত হইতেছে। নবরাত্রের প্রথম দিনের অনুষ্ঠান, যথা—"অগ্নির্বৈ…য এবং বেদ"

অগ্নি দেবতা, ত্রিবৃৎ স্তোম, রথন্তর সাম, গায়ত্রী ছন্দ [নবরাত্রের] প্রথমাহ নির্ব্বাহ করে। যে ইহা জানে, সে এতদ্দ্বারা যথোচিত দেবতা, স্তোম, সাম ও ছন্দ বিধান করিয়া সমৃদ্ধ হয়।

প্রথম দিনের [মন্ত্রগুলির] লক্ষণ "আ" এবং "প্র"[১]; এতদ্ব্যতীত প্রথম দিনের অন্যান্য লক্ষণ—যে সকল মন্ত্র যোজনার্থক শব্দ-বিশিষ্ট, "রথ"-শব্দ-বিশিষ্ট, "আশু"-শব্দ-বিশিষ্ট, পানার্থক-শব্দবিশিষ্ট, যে মন্ত্রের প্রথম চরণেই দেবতার নির্দ্দেশ আছে, যাহাতে এই [ভূ]লোকের উল্লেখ আছে, যাহা রথন্তরসামসম্বন্ধী, যাহা গায়ত্রীচ্ছন্দ, যাহাতে ভবিষ্যৎ ক্রিয়ার প্রযোগ রহিয়াছে।

[উদাহরণ যথা] "উপ প্রযন্তো অধ্বরম্" ইত্যাদি সূক্ত প্রথমাহে আজ্যশস্ত্র হয়[২]। কেন না, [প্রথম চরণে] "প্র" শব্দ থাকায় প্রথম দিনে প্রথমাহ অনুষ্ঠানের ইহাই অনুকূল। "বায়বা যাহি দর্শত"[৩] এই সূক্তকে প্রউগ শস্ত্র করিবে। কেন না, উহার প্রথম চরণে "আ" শব্দ থাকায় প্রথমাহে প্রথমাহ অনুষ্ঠানে উহা অনুকূল। "আ ত্বা রথং যথোতয়ে"[৪] "ইদং বসো সুতমন্ধঃ"[৫] এই দুইটিকে মরুত্বতীয় শস্ত্রের প্রতিপৎ ও অনুচর

(১) অর্থাৎ প্রথম দিনে বিহিত মন্ত্রমধ্যে ঐ দুই শব্দ থাকা আবশ্যক, সেইরূপ পরবর্তী লক্ষণও থাকিবে।

(২) ১।৭৪।১। প্রকৃতিযজ্ঞের আজ্যশস্ত্র "প্র বো দেবায় অগ্নয়ে" ইত্যাদি (পূর্ব্বে দেখ)।

(৩) ১।২।১। (৪) ৮।৬৮।১।

(৫) ৮।২।১ ইহার দ্বিতীয় চরণে "পিবা সুপূর্ণম্" এই স্থলে পানার্থক শব্দ আছে।

করিবে; কেন না, "রথ"-শব্দযুক্ত ও পানার্থক-শব্দযুক্ত মন্ত্র থাকায়, উহা প্রথম দিনে প্রথমাহের অনুকূল। "ইন্দ্র নেদীয় এদিহি"[৬] ইত্যাদি মন্ত্রে ইন্দ্রনিহব প্রগাথ করিবে, কেন না, উহার প্রথম চরণেই দেবতার নির্দ্দেশ থাকায় উহা প্রথম দিনে প্রথমাহের অনুকূল। "প্রৈতু ব্রহ্মণস্পতিঃ"[৭] ইত্যাদি মন্ত্রে ব্রহ্মণস্পত্য প্রগাথ হইবে, কেন না, "প্র" শব্দ থাকায় উহা প্রথম দিনে প্রথমাহের অনুকূল। "অগ্নির্নেতা"[৮] এবং "ত্বং সোম ক্রতুভিঃ"[৯] এবং "পিন্বন্ত্যপঃ"[১০] এই [তিন মন্ত্র] ধায্যা হইবে, কেন না, প্রথম চরণেই দেবতার নির্দ্দেশ থাকায় উহারা প্রথম দিনে প্রথমাহের অনুকূল। "প্র ব ইন্দ্রায় বৃহতে"[১১] ইত্যাদি মন্ত্রে মরুত্বতীয় প্রগাথ হইবে, কেন না, "প্র"-শব্দ-যুক্ত মন্ত্র থাকায় উহা প্রথম দিনে প্রথমাহের অনুকূল। "আ যাহ্বিন্দ্রো বস উপ নঃ"[১২] ইত্যাদি সূক্ত "আ" শব্দ থাকায় উহা প্রথম দিনে প্রথমাহের অনুকূল। "অভি ত্বা শূর নোনুমঃ"[১৩] ও "অভি ত্বা পূর্ব্বপীতয়ে"[১৪] ইত্যাদি মন্ত্রে রথন্তর পৃষ্ঠ হইবে,[১৫] কেন না, রথন্তরসম্বন্ধী প্রথম দিনে উহা প্রথমাহের অনুকূল। "যদ্বাবান পুরুতমং পুরাষাট্"[১৬] ইহাই ধায্যা হইবে, ইহার "আবৃত্রহেন্দ্রো নামান্যপ্রাঃ" এই [দ্বিতীয় চরণে] "আ" শব্দ থাকায় উহা প্রথম দিনে প্রথমাহের অনুকূল। "পিবা সুতস্য রসিনঃ"[১৭] ইহা [কোন এক] সামের [আধারস্বরূপ] প্রগাথ হইবে, কেন না, পানার্থক শব্দযুক্ত হওয়ায় উহা প্রথম দিনে প্রথমাহের অনুকূল। "ত্যমূষু বাজিনং দেবজূতম্"[১৮] এই তার্ক্ষ্যসূক্ত [নিবিদ্ধান] সূক্তের পূর্ব্বে পাঠ করিবে; কেন না, তার্ক্ষ্যসূক্ত স্বস্তিহেতু, উহাতে স্বস্তিলাভ ঘটে। যে ইহা জানে, সে এতদ্দ্বারা স্বস্ত্যয়ন করে ও স্বস্তিতেই সংবৎসরের পারগামী হয়।

(৬) ৮।৫৩।৫। (৭) ১।৪০।৩। (৮) ৩।২০।৪। (৯) ১।৯১।২।

(১০) ১।৬৪।৬ "পিন্বন্ত্যপো মরুতঃ সুদানবঃ" এই প্রথম চরণে মরুৎ দেবতার নির্দ্দেশ আছে।

(১১) ৮।৮৯।৩। (১২) ৪।২১।১। (১৩) ৭।৩২।২২। (১৪) ৮।৩।৭।

(১৫) "অভি ত্বা শূর" ইত্যাদি প্রগাথ রথন্তরের যোনি ও "অভি ত্বা পূর্ব্ব" ইত্যাদি প্রগাথ তাহার অনুচর।

(১৬) ১০।৭৪।৬

(১৭) ৮।৩।১ (১৮) ১০।১৭৮।১।

দ্বাদশাহ—নবরাত্র

প্রথমাহের অনুষ্ঠানে প্রযুক্ত অন্যান্য মন্ত্র—'আ ন ইন্দ্রো...আগ্নিমারুতং ভবতি"

"আ ন ইন্দ্রো দূরাদা ন আসাৎ"[১] এই সূক্ত পাঠ করিবে, কেন না, "আ" শব্দ থাকায় উহা প্রথম দিনে প্রথমাহের অনুকূল। নিষ্কেবল্য ও মরুত্বতীয় শস্ত্রের নিবিদ্ধান সূক্তদ্বয়কে সম্পাত বলে।[২] পুরাকালে বামদেব এই লোকসকল দেখিয়াছিলেন ও সম্পাতদ্বারা তাহাতে সম্পতিত হইয়াছিলেন (তাহা পাইয়াছিলেন)। যেহেতু তিনি সম্পাতদ্বারা সম্পতিত হইয়াছিলেন, তাহাই সম্পাতের সম্পা[illegible] সেই হেতু প্রথমাহে যে সম্পাতসূক্ত পাঠ করা হয়, ইহাতে স্বর্গলোকের প্রাপ্তি, সম্পত্তি ও সঙ্গতি ঘটে।

"তৎসবিতুর্বৃণীমহে"[৩] এবং "অদ্যা নো দেব সবিতঃ"[৪] ইত্যাদি [ত্র্যৃচ-] দ্বয় বৈশ্বদেব শস্ত্রের প্রতিপৎ ও অনুচর হইবে, কেন না, রথন্তরসম্বন্ধী প্রথম দিনে উহারা প্রথমাহের অনুকূল। "যুঞ্জতে মন উত যুঞ্জতে ধিয়ঃ"[৫] ইত্যাদি সবিতৃদৈবত সূক্ত যোজনার্থকশব্দযুক্ত, এই জন্য উহা প্রথম দিনে প্রথমাহের অনুকূল। "প্র দ্যাবা যজ্ঞৈঃ পৃথিবী ঋতাবৃধা"[৬] ইত্যাদি দ্যাবাপৃথিবীদৈবত সূক্তে "প্র" শব্দ থাকায় উহা প্রথম দিনে প্রথমাহের অনুকূল। [বৈশ্বদেব শস্ত্রে] "ইহেহ বো মনসা বন্ধুতা নরঃ"[৭] ইত্যাদি ঋভুদৈবত সূক্ত পাঠ করিবে। যদিও "আ" শব্দ ও "প্র" শব্দ প্রথমাহের লক্ষণ, তথাপি সকল সূক্তই যদি "প্র"-শব্দ-বিশিষ্ট হয়, তাহা হইলে যজমানেরা এই লোক হইতে প্রেত হইতে পারে (মরিয়া যাইতে

(১) ৪।২০।১ এইটি উল্লিখিত তার্ক্ষ্যসূক্তের পরে পঠনীয় নিবিদ্ধানীয় সূক্ত।

(২) সম্পত্তিং প্রাপ্নুবন্তি আভ্যাং যজমানা ইতি সম্পাতৌ। মরুত্বতীয় শস্ত্রের নিবিদ্ধান সূক্ত "আ যাত্বিন্দ্রো বসঃ" ইত্যাদি সূক্ত; নিষ্কেবল্যের নিবিদ্ধান সূক্ত "আ ন ইন্দ্রঃ" ইত্যাদি সূক্ত। সম্পাত নাম সম্বন্ধে পরে দেখ, ৬ পঞ্চিকা, ২৯ অধ্যায়, ২য় খণ্ড।

(৩) ৫।৮২।১। (৪) ৫।৮২।৪। (৫) ৫।৮১।১। (৬) ১।১৫৯।১।

(৭) ৩।৬০।১ ইহাতে "প্র" শব্দ নাই। তাহাতে ক্ষতি নাই; কেন, তাহা প্রদর্শিত হইতেছে।

পাবে); এই ভযে "ইহেহ বো মনসা বন্ধুতা নবঃ" এই ঋভুদৈবত সূক্ত যে প্রথমাহে পঠিত হয়, উহাতে "ইহ ইহ" পদে এই লোককেই বুঝায়; অতএব এতদ্দ্বাবা যজমানদিগকে এই লোকেই [বর্ত্তমান বাখিযা] আনন্দ লাভ কবায।

"দেবান্ হুবে বৃহচ্ছ্রবসঃ স্বস্তযে"[৮] ইত্যাদি সূক্ত বৈশ্বদেবশস্ত্রে পঠিত হয। ইহাব প্রথম চবণে দেবতাব নির্দ্দেশ থাকায ইহা প্রথমাহেব অনুকূল। যাহাবা সংবৎসবসত্রেব বা দ্বাদশাহেব অনুষ্ঠান কবে, তাহাবা দীর্ঘ পথ যাইতে উদ্যোগ কবে, সেই জন্য "দেবান্ হুবে বৃহচ্ছ্রবসঃ স্বস্তযে" এই বৈশ্বদেবসূক্ত যে প্রথমাহে পঠিত হয, ইহাতে স্বস্তিলাভই ঘটে। যে ইহা জানে ও যাহাব পক্ষে হোতা ইহা জানিযা "দেবান্ হুবে বৃহচ্ছ্রবসঃ স্বস্তযে" এই সূক্ত বৈশ্বদেবশস্ত্রে প্রথমাহে পাঠ কবেন, সে এতদ্দ্বাবা স্বস্তিলাভ কবে ও স্বস্তিতেই সংবৎসবেব পাবগামী হয।

"বৈশ্বানবায পৃথু পাজসে বিপঃ"[৯] ইত্যাদি মন্ত্র আগ্নিমারুত শস্ত্রেব প্রতিপৎ হইবে। উহাব প্রথম চবণে দেবতাব নির্দ্দেশ থাকায উহা প্রথম দিনে প্রথমাহেব অনুকূল। "প্রত্বক্ষসঃ প্রতবসো বিবপ্শিনঃ"[১০] এই মরুদ্-দৈবত সূক্ত পাঠ কবা হয। উহাব প্রথম চবণে "প্র" শব্দ থাকায উহা প্রথম দিনে প্রথমাহেব অনুকূল। "জাতবেদসে সুনবাম সোমম্"[১১] এই জাতবেদাব উদ্দিষ্ট ঋক্ [জাতবেদস্য] সূক্তেব পূর্ব্বে পাঠ কবিবে। জাতবেদাব উদ্দিষ্ট মন্ত্রসকল স্বস্ত্যযনস্বরূপ, উহাতে স্বস্তিলাভ ঘটে। যে ইহা জানে, সে এতদ্দ্বাবা স্বস্তি লাভ কবে ও স্বস্তিতে সংবৎসবেব পাবগামী হয। "প্রতব্যসীং নব্যসীং ধীতিমগ্নযে"[১২] ইত্যাদি জাতবেদাব উদ্দিষ্ট [নিবিদ্ধান] সূক্ত পাঠ কবিবে। "প্র" শব্দ থাকায ইহা প্রথম দিনে প্রথমাহেব অনুকূল।

[প্রথমাহে বিহিত] আগ্নিমারুত শস্ত্র [প্রকৃতিযজ্ঞ] অগ্নিষ্টোমে বিহিত আগ্নিমারুতেব সমান (সমান মন্ত্রসংখ্যাবিশিষ্ট)। যজ্ঞে যে [অঙ্গ] সমান কবা হয, তাহাব অনুসবণে প্রজা (পুত্রাদি) সুখে জীবিত থাকে, সেই জন্য আগ্নিমারুত শস্ত্রকে [উভয় স্থলে] সমান কবা হয।

(৮) ১০।৬৩।১। (৯) ৩।৩।১। (১০) ১।৮৭।১। (১১) ১।৯৯।১। (১২) ১।১৪৩।১।

তৃতীয় খণ্ড

দ্বাদশাহ—নবরাত্র

প্রথমাহের অনুষ্ঠান বর্ণিত হইল। এখন দ্বিতীয়াহ বর্ণিত হইবে, যথা—"ইন্দ্রো বৈ ··অচ্যুতঃ"

ইন্দ্র দেবতা, পঞ্চদশ স্তোম, বৃহৎ সাম, ত্রিষ্টুপ্ ছন্দ, ইহারা দ্বিতীয়াহের নির্ব্বাহক। যে ইহা জানে, সে এতদ্দ্বারা যথোচিত দেবতা, স্তোম, সাম ও ছন্দ প্রয়োগ করিয়া সমৃদ্ধ হয়।

যাহাতে "আ" শব্দ ও "প্র" শব্দ নাই, যাহা স্থানার্থকশব্দযুক্ত এবং যে সকল মন্ত্র ঊর্দ্ধশব্দযুক্ত, প্রতি-শব্দ-যুক্ত, অন্তঃ-শব্দ-যুক্ত, বৃষণ্-শব্দ-যুক্ত, বৃধন্-শব্দ-যুক্ত এবং যাহাদের মধ্যম পদে দেবতা নির্দ্দিষ্ট আছে, যাহাতে অন্তরিক্ষের উল্লেখ আছে, যাহা বৃহৎ-সাম-সম্বন্ধী, যাহার ত্রিষ্টুপ্ ছন্দ, যাহাতে বর্ত্তমান ক্রিয়ার প্রয়োগ আছে, তাহাই দ্বিতীয়াহের লক্ষণ।

"অগ্নিং দূতং বৃণীমহে"[১] ইত্যাদি সূক্ত দ্বিতীয়াহের আজ্যশস্ত্র হইবে। কেন না, বর্ত্তমান ক্রিয়ার প্রয়োগ থাকায় উহা দ্বিতীয় দিনে দ্বিতীয়াহের অনুকূল।[২] "বায়ো যে তে সহস্রিণঃ"[৩] ইত্যাদি সূক্ত প্রউগ শস্ত্র হইবে। [এই সূক্তের চতুর্থ মন্ত্রের দ্বিতীয় চরণ] "সুতঃ সোম ঋতাবৃধা" বৃধন্-শব্দযুক্ত হওয়ায় উহা দ্বিতীয়াহের অনুকূল। "বিশ্বানরস্য বস্পতিম্" এবং "ইন্দ্র ইৎ সোমপা একঃ"[৪] ইত্যাদি [ঋচ-] দ্বয় মরুত্বতীয় শস্ত্রের প্রতিপৎ ও অনুচর। [প্রথমটির দ্বিতীয় ঋকের প্রথম চরণ] বৃধন্-শব্দ-যুক্ত ও [দ্বিতীয়ের প্রথম মন্ত্রের তৃতীয় চরণ] অন্তঃশব্দযুক্ত হওয়ায় উহারা দ্বিতীয় দিনে দ্বিতীয়াহের অনুকূল। "ইন্দ্র নেদীয় এদিহি"[৫] এই প্রগাথ প্রথম দ্বিতীয় উভয় দিনেই বিহিত। "উত্তিষ্ঠ ব্রহ্মণস্পতে"[৬] এই

(১) ১।১২।১।

(২) এই সূক্তের মূলে "কুর্ব্বৎ" শব্দ আছে, সায়ণ উহার অর্থ বর্ত্তমান কালের ক্রিয়ামাত্র করিয়াছেন। ধাতুমাত্রই ক্রিয়াবাচক এবং "বৃণীমহে" এটি বর্ত্তমান কালের ক্রিয়া, ইহাতেই "কুর্ব্বৎ" অর্থ প্রকাশ হইতেছে (সায়ণ)।

(৩) ২।৪১।১। (৪) ৮।৬৮।৪। এবং ৮।২।৪। (৫) ৮।৫৩।৫।

(৬) ১।৪০।১। ইহাতে "উত্তিষ্ঠ" এই শব্দ ঊর্দ্ধবাচক।

ব্রহ্মণস্পতি-দৈবত প্রগাথ ঊর্দ্ধ-বাচক-শব্দযুক্ত হওযায উহা দ্বিতীয় দিনে দ্বিতীয়াহের অনুকূল। "অগ্নির্নেতা"[৭] "ত্বং সোম ক্রতুভিঃ"[৮] "পিন্বন্ত্যপঃ"[৯] এই কয়টি ধায্যাও উভয় দিনে বিহিত। "বৃহদিন্দ্রায গাযতা"[১০] এই মরুত্বতীয প্রগাথ, ইহার [তৃতীয চরণ] "যেন জ্যোতিরজনযন্ন তাবৃধঃ" বৃধন্‌শব্দযুক্ত হওযায ইহা দ্বিতীয দিনে দ্বিতীযাহের অনুকূল। "ইন্দ্র সোম সোমপতে পিবেমম্" ইত্যাদি[১১] সূক্তে, [দ্বিতীয ঋকের চতুর্থ চরণ] "সজোষা রুদ্রৈস্তৃপদা বৃষস্ব" বৃষণ্-শব্দযুক্ত হওযায ইহা দ্বিতীয দিনে দ্বিতীযাহের অনুকূল। "ত্বামিদ্ধি হবামহে"[১২] এবং "ত্বং হ্যেহি চেররে"[১৩] এই দুইটিতে বৃহৎসামনিষ্পন্ন পৃষ্ঠস্তোত্র হয, বৃহৎসামসম্বন্ধী হওযায ইহারা দ্বিতীয দিনে দ্বিতীযাহের অনুকূল। "যদ্বাবান"[১৪] এই ধায্যাও উভয দিনে বিহিত। "উভযং শৃণবচ্চ নঃ"[১৫] এই প্রগাথটি [বৃহৎ] সামের সহিত প্রযোজ্য। এ স্থলে "উভয" অর্থে যাহা অদ্য কর্ত্তব্য এবং যাহা কল্য কর্ত্তব্য ছিল, [এতদুভয] বুঝাইতেছে। বৃহৎ-সাম সম্বন্ধী হওযায ইহা দ্বিতীয দিনে দ্বিতীযাহের অনুকূল। "ত্যমূষু বাজিনং দেবজূতম্" এই তার্ক্ষ্যসূক্ত উভয দিনেই বিহিত।

চতুর্থ খণ্ড

দ্বাদশাহ—নবরাত্র

দ্বিতীযাহের অন্যান্য মন্ত্র, যথা—"যা ত উতিঃ···অক্তো রূপম্"

"যা ত উতিররমা যা পরমা"[১] ইত্যাদি সূক্তে [তৃতীয ঋকের চতুর্থ চরণ] "জহি বৃষ্ণ্যানি কৃণুহী পরাচঃ" বৃষণ্‌শব্দযুক্ত হওযায ইহা দ্বিতয দিনে দ্বিতীযাহের অনুকূল।

(৭) ৩।২০।৪। (৮) ১।৯১।২। (৯) ১।৬৪।৬।

(১০) ৮।৮৯।১। (১১) ৩।৩২।১।

(১২) ৬।৪৬।১। এই প্রগাথ বৃহৎ সামের আধারভূত স্তোত্রিয়।

(১৩) ৮।৬১।৭। এই প্রগাথ বৃহৎ সামের অনুচর।

(১৪) ১০।৭৪।৬। (১৫) ৮।৬১।১।

(১) ৬।২৫।১।

"বিশ্বো দেবস্য নেতুঃ"[২] এবং "তৎ সবিতুর্বরেণ্যম্"[৩] এই [তৃচ] বৈশ্বদেব শস্ত্রের প্রতিপৎ এবং "আ বিশ্বদেবং সৎপতিম্"[৪] এই [তৃচ] উহার অনুচর। বৃহৎ-সামসম্বন্ধী হওয়ায় ইহারা দ্বিতীয় দিনে দ্বিতীয়াহের অনুকূল। "উদু ষ্য দেব সবিতা হিরণ্যয়া"[৫] এই সবিতৃদৈবত সূক্ত ঊর্দ্ধবাচক শব্দযুক্ত হওয়ায় ইহা দ্বিতীয় দিনে দ্বিতীয়াহের অনুকূল। "তে হি দ্যাবাপৃথিবী বিশ্বসংভূবো"[৬] এই দ্যাবাপৃথিবীদৈবত সূক্তে [প্রথম ঋকের তৃতীয় চরণ] "সুজন্মনী ধিষণে অন্তরীয়তে" অন্তঃশব্দযুক্ত হওয়ায় ইহা দ্বিতীয় দিনে দ্বিতীয়াহের অনুকূল। "তক্ষন্রথং সুবৃতং বিদ্মনাপসঃ"[৭] ইত্যাদি ঋভুদৈবত সূক্তে [প্রথম ঋকের দ্বিতীয় চরণ] "তক্ষনহরী ইন্দ্রবাহা বৃষণ্বসূ" বৃষণ্-শব্দযুক্ত হওয়ায় উহা দ্বিতীয়াহের অনুকূল। "যজ্ঞস্য বো রথ্যং বিশ্পতিং বিশাম্"[৮] ইত্যাদি বিশ্বদেবদৈবত সূক্তে [প্রথম ঋকের চতুর্থ চরণ] "বৃষকেতুর্যজতো দ্যামশায়ত" বৃষণ্-শব্দযুক্ত হওয়ায় ইহা দ্বিতীয় দিনে দ্বিতীয়াহের অনুকূল। এই সূক্ত শার্য্যাত (তন্নামক-ঋষিদৃষ্ট)। অঙ্গিরোগণ স্বর্গলোকের উদ্দেশে সত্রানুষ্ঠান করিয়াছিলেন। তাঁহারা [পৃষ্ঠ্য ষডহ অনুষ্ঠান করিতে গিয়া] যেখানে যেখানে দ্বিতীয়াহ অনুষ্ঠানে আসিয়াছিলেন, সেইখানে [শস্ত্রবাহুল্য দেখিয়া কোন্ শস্ত্র পাঠ করিতে হইবে স্থির না পাইয়া] মোহপ্রাপ্ত হইয়াছিলেন। শার্য্যাত নামক মানব (মনু-সন্তান) তাঁহাদিগকে দ্বিতীয়াহে ঐ ["যজ্ঞস্য বো রথ্যম্" ইত্যাদি] সূক্ত পাঠ করাইয়াছিলেন। তখন তাঁহারা যজ্ঞকে ও স্বর্গলোককে প্রকৃষ্ট ভাবে জানিতে পারিয়াছিলেন। সেই জন্য দ্বিতীয়াহে এই সূক্ত যে পাঠ করা হয়, ইহাতে যজ্ঞের প্রকৃষ্ট জ্ঞান ঘটে ও স্বর্গলোকের অবগতি ঘটে। "পৃক্ষস্য বৃষ্ণো অরুষস্য নূ সহঃ" ইত্যাদি [তৃচ] আগ্নিমারুত শস্ত্রের প্রতিপৎ[৯]। বৃষণ্-শব্দযুক্ত হওয়ায় উহা দ্বিতীয় দিনে দ্বিতীয়াহের অনুকূল। "বৃষ্ণে শর্দ্ধায় সুমখায় বেধসে"[১০] ইত্যাদি মরুদ্দৈবত সূক্ত বৃষণ্-শব্দযুক্ত হওয়ায় ইহা দ্বিতীয় দিনে দ্বিতীয়াহের অনুকূল। "জাতবেদসে সুনবাম সোমম্"[১১] এই জাতবেদার উদ্দিষ্ট ঋক্ উভয় দিনে বিহিত। "যজ্ঞেন বর্দ্ধত জাতবেদসম্"[১২] এই জাতবেদার উদ্দিষ্ট সূক্ত বৃধন্-শব্দযুক্ত হওয়ায় ইহা দ্বিতীয়াহের অনুকূল।

---

(২) ৫।৫০।১। (৩) ৩।৬২।১০। (৪) ৫।৮২।৭।
(৫) ৬।৭১।১। (৬) ১।১৬০।১। (৭) ১।১১১।১। (৮) ১০।৯২।১।
(৯) ৬।৮।১। (১০) ১।৬৪।১। (১১) ১।৯৯।১। (১২) ২।২।১।

পঞ্চম পঞ্চিকা

একবিংশ অধ্যায়

প্রথম খণ্ড

দ্বাদশাহ—নবরাত্র

নবরাত্রের অন্তর্গত তৃতীযাহের নিরূপণ, যথা—"বিশ্বে বৈ দেবা···অচ্যুতঃ"

বিশ্বদেব দেবতাগণ, সপ্তদশ স্তোম, বৈরূপ সাম ও জগতী ছন্দ তৃতীযাহ নির্ব্বাহ করেন। যে ইহা জানে, সে যথোচিত দেবতা, স্তোম, সাম ও ছন্দ দ্বারা সমৃদ্ধ হয।

যে মন্ত্রের সমাপ্তি সমান, তাহাই তৃতীযাহের লক্ষণ। আর যাহা অশ্বশব্দযুক্ত, অন্তশব্দযুক্ত, যাহা পুনর্ব্বার আবৃত্ত হয, যাহা [কোন অক্ষর বা চরণ] পুনঃ পুনঃ পঠিত হওযায নর্ত্তন-লক্ষণযুক্ত, যাহা রমণার্থক-শব্দযুক্ত, যাহা পর্য্যাস-শব্দযুক্ত, যাহা ত্রিশব্দযুক্ত, অন্তশব্দযুক্ত, যাহার শেষ চরণে দেবতার নাম আছে ও যাহাতে স্বর্গলোকের উল্লেখ আছে, যাহা বৈরূপ সামের ও জগতী ছন্দের সম্বন্ধযুক্ত, যাহাতে অতীত ক্রিযার প্রযোগ আছে, এই সকল মন্ত্রই তৃতীযাহের লক্ষণ।

"যুক্ষ্বা হি দেবহূত মাঁ অশ্বাঁ অগ্নে রথীরিব"[১] ইত্যাদি সূক্ত তৃতীযাহের আজ্যশস্ত্র হয। দেবগণ তৃতীযাহ দ্বারা স্বর্গলোকে গিযাছিলেন; অসুরগণ ও রাক্ষসগণ তাঁহাদের পশ্চাতে গিযা নিবারণ করিযাছিল। তোমরা বিরূপ (কদাকার) হও, তোমরা বিরূপ হও, এই বলিয়া দেবগণ নিজ রূপেই [স্বর্গে] গিযাছিলেন। তোমরা বিরূপ হও, তোমরা বিরূপ হও, দেবগণ [অসুরদিগকে] ইহাই বলিযা যে নিজ রূপে [স্বর্গে] গিযাছিলেন, তাহাতেই বৈরূপ সাম হইযাছিল। ইহাই বৈরূপের বৈরূপত্ব। যে ইহা জানে, সে পাপ দ্বারা বিরূপ হইলেও পাপকে বিনাশ করিতে পারে। অসুরেরা তখনও দেবগণের অনুগমন করিয়াছিল ও তাঁহাদের সঙ্গে চলিয়াছিল। দেবগণ অশ্ব হইযা তাহাদিগকে পদাঘাত করিয়াছিলেন।

---

(১) ৮।৭৫।১।

তাঁহারা অশ্ব হইয়া পদাঘাত করিয়াছিলেন, ইহাতেই অশ্বগণের অশ্বত্ব। যে ইহা জানে, সে যাহা যাহা কামনা করে, তাহাই প্রাপ্ত হয়। সেই জন্যই অশ্ব সকল পশুর অপেক্ষা বেগবান্ ও সেই জন্যই অশ্ব পশ্চাতে পায়ের দ্বারা লোককে তাড়না করে। যে ইহা জানে, সে পাপ বিনাশ করে। সেই হেতু ঐ অশ্বযুক্ত মন্ত্র তৃতীয়াহের লক্ষণ হওয়ায় তৃতীয়াহের আজ্যশস্ত্র হইয়া থাকে।

"বায়বায়াহি বীতয়ে"[২] এবং "বায়ো যাহি শিবা দিবঃ"[৩] [এই দুই মন্ত্রে উৎপন্ন ত্র্যৃচ], "ইন্দ্রশ্চ বায়বেষাম্ সুতানাম্"[৪] [ইত্যাদি দুই ঋকে উৎপন্ন ত্র্যৃচ], "আ মিত্রে বরুণে বয়ম্"[৫] "অশ্বিনাবেহ গচ্ছতম্"[৬] "আ যাহ্যদ্রিভিঃ সুতম্"[৭] "সজূর্বিশ্বেভির্দেবেভিঃ"[৮] "উত নঃ প্রিয়া প্রিয়াসু"[৯] [ইত্যাদি পাঁচটি ত্র্যৃচ], এই সকল উষ্ণিক্ ছন্দের মন্ত্র প্রউগ শস্ত্র হইবে। কেন না, ইহাদের সমাপ্তি সমান হওয়ায় ইহারা তৃতীয়াহের অনুকূল।[১০]

"তং তমিদ্রাধসে মহে"[১১] ইত্যাদি [ত্র্যৃচ] এবং "ত্রয় ইন্দ্রস্য সোমাঃ"[১২] ইত্যাদি [ত্র্যৃচ] [যথাক্রমে] মরুত্বতীয় শস্ত্রের প্রতিপৎ ও অনুচর ; নৃত্যবাচক শব্দ থাকায় ও ত্রি-শব্দ থাকায় ইহারা তৃতীয়াহের অনুকূল।

"ইন্দ্র নেদীয় এদিদিহি"[১৩] এই প্রগাথ সকল দিনে বিহিত। "প্র নূনং ব্রহ্মণস্পতিঃ"[১৪] ইহা ব্রহ্মণস্পত্য প্রগাথ হইবে। [পুনঃপঠন হেতু] নৃত্যলক্ষণযুক্ত হওয়াতে ইহারা তৃতীয়াহের অনুকূল।

"অগ্নির্নেতা," "ত্বং সোম ক্রতুভিঃ," "পিন্বন্ত্যপঃ," এই তিনটি ধায্যা সকল দিনেই বিহিত।

"নকিঃ সুদাসো রথং পর্য্যাস ন রীরমৎ"[১৫] ইহা তৃতীয়াহে মরুত্বতীয় প্রগাথ হইবে। পর্য্যাস শব্দ থাকায় ইহা তৃতীয়াহের অনুকূল। "ত্র্যর্য্যমা

(২) ৫।৫১।৫। (৩) ৮।২৬।২৩। (৪) ৫।৫১।৬। (৫) ৫।৭৫।৭।

(৬) ৫।৭৮।১। (৭) ৫।৪০।১। (৮) ১।৫১।৮। (৯) ৬।৬১।১০।

(১০) ঐ সকল মন্ত্রের অনেকের শেষ চরণে সমান, যথা—"আ মিত্রে বরুণে" ইত্যাদি সূক্তের তিন মন্ত্রের শেষ চরণ "নিবর্হিষি" ইত্যাদি।

(১১) ৮।৬৮।৭ ইহার শেষ চরণে "কৃষ্টীনাং নৃতুঃ" এই নৃত্যবাচক শব্দ আছে।

(১২) ৮।২।৭ ইহার আরম্ভে ত্রিশব্দ আছে।

(১৩) ৮।৫৩।৫। (১৪) ১।৪০।৫। (১৫) ৭।৩২।১০।

মনুষো দেবতাতা”[১৬] ইত্যাদি সূক্ত ত্রি-শব্দযুক্ত হওয়ায় তৃতীয় দিনে তৃতীয়াহের অনুকূল।

“যদ্ দ্যাব ইন্দ্র তে শতম্”[১৭] ও “যদিন্দ্র যাবতস্ত্বম্”[১৮] এই দুই [প্রগাথ] বৈরূপ পৃষ্ঠ হইবে, কেন না, উহারা রথন্তরসম্বন্ধী তৃতীয় দিনে তৃতীয়াহের অনুকূল।[১৯]

“যদ্দ্যাবান”[২০] এই ধায্যা সকল দিনেই প্রযোজ্য। “অভি ত্বা শূর নোনুমঃ”[২১] এই রথন্তর সামের যোনিকে উক্ত ধায্যামন্ত্রের পরে পাঠ করিবে, কেন না, এই তৃতীয়াহ রথন্তরেরই স্থান। “ইন্দ্র ত্রিধাতু শরণম্”[২২] এই [বৈরূপ] সামের প্রগাথটি ত্রি-শব্দ-যুক্ত হওয়ায় তৃতীয় দিনে তৃতীয়াহের অনুকূল। “তামূষু বাজিনম্ দেবজূতম্” এই তার্ক্ষ্যসূক্ত সকল দিনেই বিহিত।[২৩]

দ্বিতীয় খণ্ড

দ্বাদশাহ—নবরাত্র

তৃতীয়াহে বিহিত অন্যান্য মন্ত্র, যথা—“যো জাত এব ...যন্তি”।

“যো জাত এব প্রথমো মনস্বান্”[১] এই [নিবিদ্ধানীয়] সূক্তের মন্ত্রসকলের সমাপ্তি সমান হওয়ায় উহা তৃতীয় দিনে তৃতীয়াহের অনুকূল। এই সূক্ত [প্রতি মন্ত্রের শেষ চরণে] সজন-শব্দ-যুক্ত, উহা এই জন্য ইন্দ্রের ইন্দ্রিয়-স্বরূপ। ইহা পঠিত হইলে ইন্দ্র ইন্দ্রিয় লাভ করেন। ছন্দোগেরা (সামবেদীরা) এ বিষয়ে বলেন যে, [পৃষ্ঠ্য ষড়হের] তৃতীয়াহে বহ্বৃচগণ (ঋগ্বেদীরা) এই ইন্দ্রের ইন্দ্রিয় স্বরূপ [সজন-শব্দ-যুক্ত সূক্ত] পাঠ করিয়া থাকেন। এই সূক্তের ঋষি গৃৎসমদ, গৃৎসমদ এতদ্দ্বারা

---

(১৬) ৫।২৯।১। (১৭) ৮।৭০।৫। (১৮) ৭।৩২।১৮।

(১৯) ঐ দুই প্রগাথের মধ্যে প্রথমটি বৈরূপ সামের স্তোত্রিয় ও দ্বিতীয়টি তাহার অনুরূপ। এই বৈরূপ সামে তৃতীয়াহের নিষ্কেবল্য শস্ত্রের পৃষ্ঠস্তোত্র নিষ্পন্ন হয়।

(২০) ১০।৭৪।৬। (২১) ৭।৩২।২২। (২২) ৬।৪৬।৯। (২৩) ১০।১৭৮।১।

(১) ২।১২।১ এই সূক্তের প্রতি মন্ত্রের শেষে “নৃম্নস্ত মহ্না স জনাস ইন্দ্রঃ” এই চরণ আছে।

ইন্দ্রের প্রিয় ধামের সমীপে গিয়াছিলেন ও পরম লোক জয় করিয়াছিলেন। যে ইহা জানে, সে ইন্দ্রের প্রিয় ধামের নিকটে যায় ও পরম লোক জয় করে।

"তৎ সবিতুর্বৃণীমহে"[২] ও "অদ্যা নো দেব সবিতঃ"[৩] এই দুই [তৃচ] বৈশ্বদেব শস্ত্রের প্রতিপৎ ও অনুচর হয়, কেন না, উহারা রথন্তর-সম্বন্ধী তৃতীয় দিনে তৃতীয়াহের অনুকূল।

"তদ্দেবস্য সবিতুর্বার্য্যং মহৎ"[৪] ইত্যাদি [মহৎ-শব্দ-যুক্ত] সবিতৃদৈবত সূক্ত তৃতীয় দিনে তৃতীয়াহের অনুকূল, কেন না, যাহা মহৎ, তাহাই [সকলের] অন্ত এবং তৃতীয়াহও [প্রথম ত্র্যহের] অন্তে স্থিত।

"ঘৃতেন দ্যাবাপৃথিবী অভীবৃতে"[৫] এই দ্যাবাপৃথিবী-দৈবত মন্ত্রের [দ্বিতীয় চরণে] "ঘৃতশ্রিয়া ঘৃতপৃচা ঘৃতাবৃধা" এ স্থলে [ঘৃত শব্দ] পুনঃ পুনঃ আবৃত্ত হওয়ায় উহা নৃত্য-লক্ষণ-যুক্ত হওয়াতে উহা তৃতীয় দিনে তৃতীয়াহের অনুকূল।

"অনশ্বো জাতো অনভীশুরুক্থ্যঃ"[৬] ইত্যাদি ঋভুদৈবত সূক্তে [দ্বিতীয় মন্ত্রের শেষ চরণে] "রথস্ত্রিচক্রঃ" এই ত্রি-শব্দ-যুক্ত শব্দ থাকায় উহা তৃতীয় দিনে তৃতীয়াহের অনুকূল।

"পরাবতো যে দিধিষন্ত আপ্যম্"[৭] এই বিশ্বদেবদৈবত সূক্তের "পরাবত" (দূরদেশ) শব্দ অন্তবাচক, তৃতীয়াহও [প্রথম ত্র্যহের] অন্তে স্থিত, এই হেতু উহা তৃতীয় দিনে তৃতীয়াহের অনুকূল। এই সূক্তের ঋষি গয়, এতদ্দ্বারা প্লতের পুত্র গয় বিশ্বদেবগণের প্রিয় ধামের সমীপে গিয়াছিলেন ও পরম লোক জয় করিয়াছিলেন। যে ইহা জানে, সে বিশ্বদেবগণের প্রিয় ধামের সমীপে যায় ও পরম লোক জয় করে।

"বৈশ্বানরায় ধিষণামৃতাবৃধে"[৮] এই সূক্ত আগ্নিমারুত শস্ত্রের প্রতিপৎ, উহার "ধিষণা" (অন্তঃকরণ) শব্দ অন্তবাচী; তৃতীয়াহও অন্তে স্থিত; অতএব উহা তৃতীয় দিনে তৃতীয়াহের অনুকূল।

---

(২) ৫।৮২।১। (৩) ৫।৮২।৪। (৪) ৪।৫৩।১। (৫) ৬।৭০।৪।
(৬) ৪।৩৬।১। (৭) ১০।৬৩।১। (৮) ৩।২।১।

"ধারাবরা মরুতো ধৃষ্ণ্বোজসঃ"[৯] এই মরুৎ-দৈবত সূক্তের মন্ত্রসমূহ বহুশঃ পঠনীয়। যাহা বহু, তাহাই অন্ত; তৃতীয়াহও অন্তে স্থিত, অতএব উহা তৃতীয় দিনে তৃতীয়াহের অনুকূল।

"জাতবেদসে সুনবাম সোমম্"[১০] এই জাতবেদোদৈবত মন্ত্র সকল দিনে বিহিত। "ত্বমগ্নে প্রথমো অঙ্গিরা ঋষিঃ"[১১] এই জাতবেদোদৈবত সূক্ত [উহার সকল মন্ত্রের আরম্ভে "ত্বমগ্নে" পদ থাকায়] তৃতীয় দিনে তৃতীয়াহের অনুকূল। ইহাতে "ত্বং ত্বং" শব্দ [পরবর্ত্তী ত্র্যহকে সম্মুখে রাখিয়া বলায় প্রথম ত্র্যহের সহিত] পরবর্ত্তী ত্র্যহের অবিচ্ছেদ ঘটে। যাহারা ইহা জানিয়া যাগানুষ্ঠান করে, তাহারা পরস্পর অবিচ্ছিন্ন ও সম্বদ্ধ ত্র্যহ দ্বারাই যাগানুষ্ঠান করে।

তৃতীয় খণ্ড

দ্বাদশাহ—নবরাত্র

দ্বাদশাহের মধ্যবর্ত্তী নবরাত্রে তিনটি ত্র্যহ। তাহার প্রথম ত্র্যহের বিবরণ সমাপ্ত হইল। ঐ ত্র্যহ পৃষ্ঠ্য ষডহের পূর্ব্বভাগ। উহার উত্তর ভাগ নবরাত্রের মধ্যম ত্র্যহের বিষয় এখন বলা হইবে। এই মধ্যম ত্র্যহের প্রথম দিন নবরাত্রের চতুর্থ দিন। সেই দিনের অনুষ্ঠানাদি, যথা—"আপ্যন্তে বৈ· ···পরিগৃহীত্যৈ"

তৃতীয় দিনে স্তোমসকল[১] ও ছন্দসকল[২] সমাপ্ত হয়। তাহার পর যাহা কেবল অবশিষ্ট থাকে, তাহা বাক্। এই অক্ষর তিন-অক্ষর-যুক্ত। "বাক্" এই এক অক্ষর; সেই অক্ষর তিন-অক্ষর-বিশিষ্ট হইয়া উত্তর ত্র্যহের স্বরূপ হয়। [তন্মধ্যে] একটির স্বরূপ বাক্, একটির গৌঃ, একটির দ্যৌঃ।[৩] সেই জন্য বাক্ [দেবতাই] চতুর্থাহ নির্ব্বাহ করেন।

---

(৯) ২।৩৪।১। (১০) ১।৯৯।১। (১১) ১।৩১।১।

(১) প্রথম ত্র্যহের নির্ব্বাহক তিন স্তোম ;—ত্রিবৃৎ, পঞ্চদশ ও সপ্তদশ।

(২) প্রথম ত্র্যহের নির্ব্বাহক তিন ছন্দ ,—গায়ত্রী, ত্রিষ্টুপ্ ও জগতী।

(৩) প্রথম ত্র্যহের দেবতা যথাক্রমে অগ্নি, ইন্দ্র, বিশ্বদেবগণ। মধ্যম ত্র্যহের দেবতা বাক্, গৌঃ, দ্যৌঃ।

যদি চতুর্থাহে ন্যূঙ্খ করা হয়,[৪] তাহা হইলে তদ্দ্বারা ["বাক্"] এই অক্ষরকেই লক্ষ্য করিয়া উদ্যম করা হয়, ইহাকেই বর্দ্ধিত করা হয়। এতদ্দ্বারা চতুর্থাহের উৎকর্ষ ঘটে।

ন্যূঙ্খ অন্নস্বরূপ ; কেন না, কৃষকেরা যখন [মেঘের] সম্মুখে হর্ষে গান করিতে করিতে বিচরণ করে, তখনই ভক্ষ্য অন্ন উৎপন্ন হয়। সেই হেতু চতুর্থাহে যে ন্যূঙ্খ করা হয়, ইহাতে অন্নই উৎপাদিত হয়। ইহাতে ভক্ষ্য অন্নের উৎপত্তি ঘটে। সেই হেতু চতুর্থাহ উৎপাদনকারক।

কেহ কেহ বলেন, চারি অক্ষরের পর ন্যূঙ্খ করিবে, তাহাতে পশুগণের রক্ষা ঘটিবে। কেহ বলেন, তিন অক্ষরের পর ন্যূঙ্খ করিবে, কেন না, এই লোকসকল তিনটি, তাহাতে এই লোকসকলের জয় ঘটিবে। কেহ বলেন, এক অক্ষরের পর ন্যূঙ্খ করিবে। লাঙ্গলায়ন মৌদ্গল্য নামক ব্রহ্মা বলিয়াছেন,[৫] এই যে বাক্, ইনি একাক্ষরা, সেই জন্য যে একাক্ষরের পর ন্যূঙ্খ করে, সেই সম্যক্‌রূপে ন্যূঙ্খ উচ্চারণ করিয়া থাকে। [কিন্তু ঐরূপ না করিয়া] দুই অক্ষরের পরই ন্যূঙ্খ করিবে, তাহাতে প্রতিষ্ঠা ঘটিবে। কেন না, মনুষ্য দুই [পায়ে] প্রতিষ্ঠিত, আর পশুগণ চতুষ্পদ ; এতদ্দ্বারা দ্বিপ্রতিষ্ঠ যজমানকে চতুষ্পদ পশুতে প্রতিষ্ঠিত করা হয়। সেই জন্য দুই অক্ষরের পরই ন্যূঙ্খ বিধেয়।

---

(৪) চতুর্থাহে প্রাতরনুবাকের প্রথম ঋক্ পাঠের সময় প্রথম ও দ্বিতীয় চরণে ন্যূঙ্খ করা যায়। কোন স্বরবর্ণের বিশেষরূপ উচ্চারণের নাম ন্যূঙ্খ। যথা, প্রাতরনুবাকের প্রথম মন্ত্র "আপো রেবতীঃ ক্ষয়থ" ইত্যাদি। প্রথম চরণে "আপো" পদের শেষ ওকার উদাত্ত স্বরে তিনমাত্রাযুক্ত করিয়া তিন বার উচ্চারণ করিবে। প্রত্যেক বার উদাত্ত উচ্চারণের পর কয়েক বার অনুদাত্ত স্বরে অর্দ্ধমাত্রায় উচ্চারণ করিবে। প্রথম উদাত্তের পর পাঁচ অনুদাত্ত, দ্বিতীয় উদাত্তের পর পাঁচ অনুদাত্ত এবং তৃতীয় উদাত্তের পর তিন অনুদাত্ত উচ্চারণ বিহিত। ত্রিমাত্রাযুক্ত দীর্ঘ "ও̄" এবং অর্দ্ধমাত্রাযুক্ত হ্রস্ব "ও̆" চিহ্ন দ্বারা প্রকাশ করিলে প্রথম চরণে ন্যূঙ্খ উচ্চারণ এইরূপে হইবে :—

ও ও ও ও ও ও ও ও ও ও ও ও ও ও ও ও।

এইরূপ তৃতীয় চরণের "বায়ো" পদের ওকারেও ন্যূঙ্খ কর্ত্তব্য।

"নিতরাং অত্যন্তবিষমপ্রকারেণ ঊঙ্খনমুচ্চারণং ন্যূঙ্খঃ" (সায়ণ)।

(৫) লাঙ্গলায়ন লাঙ্গল ঋষির পৌত্র, মৌদ্গল্য মুদ্গল ঋষির পুত্র। (সায়ণ)

প্রাতরনুবাকে [প্রথম ও দ্বিতীয় চরণের] মুখে (আরম্ভে অর্থাৎ দ্বিতীয় অক্ষরে) ন্যূঙ্খ করিবে, কেন না, লোকে মুখেই অন্ন ভক্ষণ করে; যজমানকে এতদ্দ্বারা ভক্ষ্য অন্নের মুখে (সমীপে) স্থাপিত করা হয়। আজ্যশস্ত্রে মধ্যে (তৃতীয় চরণে) ন্যূঙ্খ করিবে। লোকে [শরীরের] মধ্যভাগে অন্ন ধারণ করে, এতদ্দ্বারা যজমানকে ভক্ষ্য অন্নের মধ্যে স্থাপিত করা হয়। মাধ্যন্দিন সবনে মুখে (আরম্ভে) ন্যূঙ্খ করা হয়। লোকে মুখেই অন্ন ভক্ষণ করে, এতদ্দ্বারা যজমানকে ভক্ষ্য অন্নের সমীপে স্থাপিত করা হয়। এইরূপে উভয় সবনেই (প্রাতঃসবনে ও মাধ্যন্দিনে) ন্যূঙ্খ করা হয়, ইহাতে উভয় সবন দ্বারা ভক্ষ্য অন্নের প্রাপ্তি ঘটে।

চতুর্থ খণ্ড

নবরাত্র—চতুর্থাহ

চতুর্থাহের বিধান, যথা—"বাগ্ বৈ ...অচ্যুতা"।

বাগ্‌দেবতা, একবিংশ স্তোম, বৈরাজ সাম, অনুষ্টুপ্ ছন্দ চতুর্থাহের নির্ব্বাহক। যে ইহা জানে, সে যথোচিত দেবতা, স্তোম, সাম ও ছন্দ দ্বারা সমৃদ্ধ হয়।

যাহা "আ"-শব্দ-যুক্ত এবং "প্র"-শব্দ-যুক্ত, তাহাই চতুর্থাহের লক্ষণ. কেন না, [প্রথম ত্র্যহপক্ষে] প্রথমাহ যেরূপ, [মধ্যম ত্র্যহপক্ষে] চতুর্থাহও সেইরূপ। যাহাতে উক্ত শব্দ, রথ শব্দ, 'আশু' শব্দ, পানার্থক শব্দ আছে, যাহার প্রথম চরণে দেবতার নাম আছে, যাহাতে এই ভূলোকের উল্লেখ আছে, যাহাতে জননার্থক শব্দ, আহ্বানার্থক শব্দ, 'শুক্র' শব্দ ও বাক্যপ্রতিপাদক শব্দ আছে, যাহা বিমদ ঋষির দৃষ্ট, যাহা বিশেষ ক্লেশে (ন্যূঙ্খ দ্বারা) উচ্চারিত, যাহার নানা ছন্দ, যাহাতে [অক্ষরসংখ্যা] কোথাও অধিক, কোথাও অল্প, যাহা বৈরাজ সামের ও অনুষ্টুপ্ ছন্দের সম্বন্ধযুক্ত, যাহাতে ভবিষ্যৎ ক্রিয়ার প্রয়োগ আছে, এইরূপে যে যে লক্ষণ প্রথমাহের অনুকূল, সে সকলই চতুর্থাহেরও অনুকূল।

"আহগ্নিং ন স্ববৃক্তিভিঃ"[১] ইত্যাদি সূক্তে চতুর্থাহের আজ্যশস্ত্র হইবে। এই সূক্ত বিমদ ঋষির দৃষ্ট, বিশেষ ক্লেশে (ন্যুঙ্খ দ্বারা) উচ্চারিত ও সবিশেষ ক্লিষ্ট [বিমদ] ঋষির সম্পর্কযুক্ত, অতএব ইহা চতুর্থ দিনে চতুর্থাহের অনুকূল। উহাতে আটটি ঋক্ আছে ও উহার ছন্দ পঙ্‌ক্তি, যজ্ঞও পঙ্‌ক্তিযুক্ত; পশুগণও পঙ্‌ক্তির সম্বন্ধযুক্ত, অতএব ইহাতে পশুগণের রক্ষা ঘটে।

ঐ ঋক্‌সমূহ দশটি জগতীর সমান[২]। এই [মধ্যম] ত্র্যহের প্রাতঃসবনের ছন্দ জগতী, এই জন্য উহা চতুর্থাহের অনুকূল। আবার উহারা পনেরটি অনুষ্টুভের সমান। এই চতুর্থাহের ছন্দ অনুষ্টুপ্, অতএব উহা চতুর্থাহের অনুকূল। আবার উহারা বিশটি গায়ত্রীর সমান; আর এই চতুর্থাহ [মধ্যম ত্র্যহের] প্রায়ণীয় (প্রথম দিন), [প্রায়ণীয় গায়ত্রীর সম্বন্ধযুক্ত হওয়ায়] ইহা চতুর্থাহের অনুকূল। ঐ সূক্ত [ইতঃপূর্ব্বে] [কোন উদ্গাতা কর্ত্তৃক] স্তোত্ররূপে গীত বা [কোন হোতা কর্ত্তৃক] শস্ত্ররূপে পঠিত না হওয়ায় উহার সারবত্তা লুপ্ত হয় নাই, উহা সাক্ষাৎ যজ্ঞস্বরূপ। সেই হেতু ঐ সূক্তে যে চতুর্থাহের আজ্যশস্ত্র নিষ্পন্ন হয়, তাহাতে যজ্ঞ দ্বারাই যজ্ঞকে বিস্তৃত করা হয় এবং বাগ্‌দেবতাকেই এতদ্দ্বারা পাওয়া যায়, যজ্ঞেরও অবিচ্ছেদ ঘটে। ইহা জানিয়া যাহারা [ঐ সূক্তে] যাগানুষ্ঠান করে, তাহারা পরস্পর অবিচ্ছিন্ন ও সম্বদ্ধ ত্র্যহদ্বারাই যাগানুষ্ঠান করিয়া থাকে।

"বায়ো শুক্রো অযামি তে"[৩] "বিহি হোত্রা অবীতা"[৪] "বায়ো শতং হরীণাম্"[৫] "ইন্দ্রশ্চ বায়বেষাং সোমানাম্"[৬] "আ চিকিতানসুক্রতূ"[৭] "আ নো বিশ্বাভিরূতিভিঃ"[৮] "ত্যমু বো অপ্রহণম্"[৯] "অপত্যং বৃজিনং রিপুম্"[১০] "অম্বিতমে নদীতমে"[১১] এই সকল অনুষ্টুপ্ প্রউগ শস্ত্র হইবে। কেন না,

---

(১) ১০।২১।১।

(২) ঐ সূক্তের আটটি ঋকের প্রথম ও শেষ ঋক্ তিন বার করিয়া পাঠে ঋকের সংখ্যা বারটি হয়। বারটি পঙ্‌ক্তির অক্ষরসংখ্যা দশটি জগতীর প্রায় সমান।

(৩) ৪।৪৭।১। (৪) ৪।৪৮।১। (৫) ৪।৪৮।৫। (৬) ৫।৫১।৬।

(৭) ৫।৬৬।১। (৮) ৭।২৪।৪। (৯) ৬।৪৪।৪। (১০) ৬।৫১।১৩।

(১১) ২।৪১।১৬।

"আ" শব্দ, "প্র" শব্দ ও "শুক্র" শব্দ থাকায় ইহারা চতুর্থ দিনে চতুর্থাহের অনুকূল।

"তং ত্বা যজ্ঞেভিরীমহে"[১২] ইহা মরুত্বতীয় শস্ত্রের প্রতিপৎ হইবে। ইহাতে [দীর্ঘকালে ফলপ্রদ যাজ্ঞার বাচক] "ঈমহে" পদ থাকায ও এই চতুর্থাহও দীর্ঘ যজ্ঞ হওযায উহা চতুর্থাহের অনুকূল। "ইদং বসো সুতমন্ধঃ"[১৩] "ইন্দ্র নেদীয এদিহি"[১৪] "প্রৈতু ব্রহ্মণস্পতিঃ"[১৫] "অগ্নির্নেতা"[১৬] "ত্বং সোম ক্রতুভিঃ"[১৭] "পিন্বন্ত্যপঃ"[১৮] "প্র ব ইন্দ্রায বৃহতে"[১৯] এই সকল মন্ত্রও প্রথমাহে শস্ত্ররূপে কল্পিত হওয়ায উহারা চতুর্থ দিনে চতুর্থাহেরও অনুকূল। "শ্রুধী হবমিন্দ্র মা রিষণ্যঃ"[২০] এই সূক্তে আহ্বানার্থক শব্দ থাকায উহা চতুর্থ দিনে চতুর্থাহের অনুকূল। "মরুত্বাঁ ইন্দ্র বৃষভো রণায"[২১] এই সূক্তের "উগ্রং সহোদামিহ তং হুবেম" এই [শেষ চরণে] আহ্বানার্থক পদ থাকায উহা চতুর্থ দিনে চতুর্থাহের অনুকূল। এই সূক্তের ত্রিষ্টুপ্ ছন্দ, ইহার প্রতি চরণ [অক্ষরসংখ্যায] সমান হওয়ায় ইহা [মাধ্যন্দিন] সবনকে ধারণ করে, ইহার প্রযোগে [যজমান] গৃহ হইতে ভ্রষ্ট হয না।

"ইমং নু মাযিনং হুবে"[২২] ইত্যাদি [ত্র্যৃচ উল্লিখিত মন্ত্রগুলির] পরে প্রযোজ্য ; আহ্বানার্থক শব্দ থাকায উহা চতুর্থ দিনে চতুর্থাহের অনুকূল। এই সূক্তের ঋক্‌সমূহের গাযত্রী ছন্দ ; গায়ত্রী মন্ত্রই এই [মধ্যম] ত্র্যহের মাধ্যন্দিন [সবন] নির্ব্বাহ করে। যাহার মধ্যে নিবিদের স্থাপনা হয়, সেই ছন্দের মন্ত্রই সবনের নির্ব্বাহক, সেই জন্য ঐ গাযত্রীসমূহের মধ্যে নিবিৎ স্থাপন করিবে।

"পিবা সোমমিন্দ্র মন্দতু ত্বা"[২৩] "শ্রুধী হবং বিপিপানস্যাদ্রেঃ"[২৪] এই দুই [ত্র্যৃচ] হইতে পৃষ্ঠস্তোত্রের বৈরাজ সাম হয। বৃহৎ সামের সম্বন্ধযুক্ত চতুর্থ দিনে উহা চতুর্থাহের অনুকূল।[২৫]

---

(১২) ৮।৬৮।১০। (১৩) ৮,২।১। (১৪) ৮।৫৩।৫।

(১৫) ১।৪০।৩। (১৬) ৩।২০।৪। (১৭) ১।৯১।২। (১৮) ১।৬৪।৬।

(১৯) ৮।৮৯।৩। (২০) ২।১১।১। (২১) ৩।৪৭।১। (২২) ৮।৭৬।১।

(২৩) ৭।২২।১। (২৪) ৭।২২।৪।

(২৫) বৈরাজ সাম বৃহৎ সামের পুত্র (পূর্ব্বে দেখ) ;

"যদ্বাবান"[২৬] এই ধায্যা মন্ত্র সকল দিনেই বিহিত। "ত্বামিদ্ধি হবামহে"[২৭] এই বৃহৎ সামের যোনিস্বরূপ [প্রগাথকে] ঐ ধায্যার পরে প্রয়োগ করিবে ; কেন না, এই চতুর্থাহ স্থানগুণে বৃহৎ সামের সম্বন্ধযুক্ত।

"ত্বমিন্দ্র প্রতূর্ত্তিষু"[২৯] এই মন্ত্র [বৈরাজ] সামের প্রগাথ হইবে। উহার "অশস্তিহা জনিতা" এই [তৃতীয় চরণে] জন্মার্থক পদ থাকায় উহা চতুর্থ দিনে চতুর্থাহের অনুকূল।

"ত্যমূ ষু বাজিনং দেবজূতম্"[৩০] এই তার্ক্ষ্যসূক্ত সকল দিনেই বিহিত।

পঞ্চম খণ্ড

নবরাত্র—চতুর্থাহ

চতুর্থাহের অন্যান্য মন্ত্রবিধান, যথা—"কুহ শ্রুতঃ······অহ্নো রূপম্"

"কুহ শ্রুত ইন্দ্রঃ কস্মিন্নদ্য"[১] এই বিমদঋষিদৃষ্ট বিশেষ ক্লেশে উচ্চারিত এবং বিশেষ ক্লেশপ্রাপ্ত [বিমদ] ঋষির সূক্ত চতুর্থ দিনে চতুর্থাহের অনুকূল। "যুধ্মস্য তে বৃষভস্য স্বরাজঃ"[২] এই সূক্তের "উরুং গভীরং জনুষাভ্যুগ্রম্" এই চরণে জননার্থক শব্দ থাকায় ইহা চতুর্থ দিনে চতুর্থাহের অনুকূল। ইহার ছন্দ ত্রিষ্টুপ্, ঐ ছন্দের সকল চরণে সমান অক্ষর হওয়ায় উহা সবনকে ধরিয়া রাখে, এতদ্দ্বারা যজমানও স্বগৃহ হইতে ভ্রষ্ট হয় না। "ত্যমু বঃ সত্রাসাহম্"[৩] ইহাই শেষে প্রয়োজ্য [ত্র্যচ], ইহার "বিশ্বাসু গীর্ষ্বায়তম্" এই চরণে দীর্ঘতাবাচক [আয়ত] শব্দ থাকায় ইহা দীর্ঘ (প্রয়োগবহুল) চতুর্থাহের যোগ্য। ইহার মন্ত্রগুলি গায়ত্রী। গায়ত্রী মন্ত্রই এই [মধ্যম] ত্র্যহের মাধ্যন্দিন সবন নির্ব্বাহ করে। আর যাহাতে নিবিৎ স্থাপিত হয়, সেই ছন্দই সবননির্ব্বাহক ; এই হেতু ঐ গায়ত্রী-মধ্যেই নিবিৎ স্থাপন করিবে।

(২৬) ১০।৭৪।৬। (২৭) ৬।৪৬।১।
(২৮) যুগ্ম ও অযুগ্মভেদে ভিন্ন ভিন্ন দিনে ভিন্ন ভিন্ন সামের ব্যবস্থা। (পূর্ব্বে দেখ)
(২৯) ৮।৯৯।৫। (৩০) ১০।১৭৮।১।
(১) ১০।২২।১। (২) ৩।৪৬।১। (৩) ৮।৯২।৭।

"বিশ্বো দেবস্য নেতুঃ"[৪] "তৎ সবিতুর্বরেণ্যম্"[৫] "আ বিশ্বদেবং সৎপতিম্"[৬] এই সকল মন্ত্র বৈশ্বদেব শস্ত্রের প্রতিপৎ ও অনুচর হইবে। বৃহৎ ছন্দের সম্বন্ধযুক্ত চতুর্থ দিনে ইহারা চতুর্থাহের অনুকূল। "আ দেবো যাতু সবিতা সুরত্নঃ"[৭] ইত্যাদি সবিতৃদৈবত সূক্ত "আ" শব্দ থাকায় চতুর্থ দিনে চতুর্থাহের অনুকূল। "প্র দ্যাবা যজ্ঞৈঃ পৃথিবী নমোভিঃ"[৮] ইত্যাদি দ্যাবাপৃথিবীদৈবত সূক্ত "প্র" শব্দ থাকায় চতুর্থ দিনে চতুর্থাহের অনুকূল। "প্র ঋভুভ্যো দূতমিব বাচমিষ্যে"[৯] ইত্যাদি ঋভুদৈবত সূক্তে "প্র" শব্দ ও "বাচমিষ্যে" (বাক্‌শব্দযুক্ত) থাকায় ইহা চতুর্থ দিনে চতুর্থাহের অনুকূল। "প্র শুক্রৈতু দেবী মনীষা"[১০] এই বৈশ্বদেব সূক্তে "প্র" শব্দ ও "শুক্র" শব্দ থাকায় ইহা চতুর্থ দিনে চতুর্থাহের অনুকূল। ঐ সূক্তের ঋক্‌সমূহ নানা ছন্দের, কাহারও দুই চরণ, অন্যের চারি চরণ, এই জন্য ইহারা চতুর্থাহের অনুকূল।

"বৈশ্বানরস্য সুমতৌ স্যাম"[১১] এই সূক্ত আগ্নিমারুত শস্ত্রের প্রতিপৎ হইবে। ইহার [তৃতীয় চরণে] "ইতো জাতঃ" এই জননার্থক শব্দ থাকায় ইহা চতুর্থ দিনে চতুর্থাহের অনুকূল। "ক ঈং ব্যক্তা নরঃ সনীড়া"[১২] এই মরুদ্দৈবত সূক্তের [প্রথম মন্ত্রের তৃতীয় চরণ] "নকিহ্যেষাং জনূংষি বেদ" এ স্থলে জননার্থক শব্দ থাকায় ইহা চতুর্থ দিনে চতুর্থাহের অনুকূল। ইহার মন্ত্রগুলি নানা ছন্দের, কাহারও দুই চরণ, কাহারও চারি চরণ, সেই জন্য ইহারা চতুর্থাহের অনুকূল।

"জাতবেদসে সুনবাম সোমম্" এই জাতবেদদৈবত মন্ত্র সকল দিনেই বিহিত। "অগ্নিং নরো দীধিতিভিররণ্যোঃ"[১৩] এই জাতবেদদৈবত সূক্তের [দ্বিতীয় চরণে] "হস্তচ্যুতি জনয়ন্ত" এ স্থলে জননার্থক শব্দ থাকায় ইহা চতুর্থ দিনে চতুর্থাহের অনুকূল। ইহার মন্ত্রগুলির নানা ছন্দ, কতকগুলি বিরাট্, অন্যে ত্রিষ্টুপ্। সেই জন্য ইহারা চতুর্থাহের অনুকূল।

---

(৪) ৫।৫০।১। (৫) ৩।৬২।১০। (৬) ৫।৮২।৭। (৭) ৭।৪৫।১।
(৮) ৭।৫৪।১। (৯) ৪।৩৩।১। (১০) ৭।৩৪।১। (১১) ১।৯৮।১।
(১২) ৭।৫৬।১। (১৩) ৭।১।১।

দ্বাবিংশ অধ্যায়

প্রথম খণ্ড

নবরাত্র—পঞ্চমাহ

অনন্তর নবরাত্রের অন্তর্গত পঞ্চমাহের বিধান—"গৌরৈ···দধাতি"

গো দেবতা, ত্রিণব স্তোম,[১] শাক্বর সাম, পঙ্‌ক্তি ছন্দ, ইহারা পঞ্চমাহের নির্ব্বাহক। যে ইহা জানে, সে যথোচিত দেবতা, স্তোম, সাম ও ছন্দদ্বারা সমৃদ্ধ হয়। যাহাতে "আ" নাই, "প্র" নাই, স্থানার্থক শব্দ আছে, তাহাই পঞ্চমাহের লক্ষণ। [প্রথম ত্র্যহে] দ্বিতীয়াহ যেরূপ, [মধ্যম ত্র্যহে] পঞ্চমাহও সেইরূপ। যাহাতে "ঊর্দ্ধ" শব্দ, "প্রতি" শব্দ, "অন্তঃ" শব্দ, "বৃষণ্" শব্দ, "বৃধন্" শব্দ আছে, যাহার মধ্যম চরণে দেবতার নাম আছে, যাহাতে অন্তরিক্ষের উল্লেখ আছে, যাহাতে "দুগ্ধ" "ঊধ" "ধেনু" "পৃশ্নি" "মৎ" এই সকল শব্দ আছে, যাহা পশুর মত অধিক চরণযুক্ত ও ছোট-বড়,—কেন না, পশুরাও কেহ ছোট, কেহ বড়,—যাহার জগতী ছন্দ—পশুরাও জগতীর সম্বন্ধযুক্ত,—যাহার বৃহতী ছন্দ—পশুরাও বৃহতীর সম্বন্ধযুক্ত,—যাহার পঙ্‌ক্তি ছন্দ—পশুরাও পঙ্‌ক্তির সম্বন্ধযুক্ত,—যাহা বাম—পশুরাও বাম অর্থাৎ সুন্দর—যাহা হবিঃ-শব্দযুক্ত—পশুরাও হবিঃস্বরূপ,—যাহা বপুঃশব্দযুক্ত—পশুদেরও বপু আছে,—যাহা শাক্বর সামের ও পঙ্‌ক্তিছন্দের সম্বন্ধযুক্ত, যাহাতে বর্ত্তমান ক্রিয়ার প্রয়োগ আছে এবং [তদ্ব্যতীত] যাহা দ্বিতীয়াহের লক্ষণযুক্ত, সে সকলই পঞ্চমাহের অনুকূল।

"ইমমূ ষু বো অতিথিমুষর্বুধম্"[২] ইত্যাদি [নয়টি মন্ত্র] পঞ্চমাহের আজ্যশস্ত্র হইবে। ইহাদের ছন্দ জগতী, ইহার [তৃতীয় মন্ত্রে চারিটির]

(১) ত্রিণব স্তোমের নিষ্পাদনবিধি, যথা—এক তৃচ তিন পর্য্যায়ে পাঠ করিবে। প্রথম পর্য্যায়ে প্রথম ঋক্ তিন বার, দ্বিতীয়টি পাঁচ বার, তৃতীয়টি এক বার পাঠ্য। দ্বিতীয় পর্য্যায়ে প্রথমটি এক বার, দ্বিতীয়টি তিন বার, তৃতীয়টি পাঁচ বার পাঠ্য। তৃতীয় পর্য্যায়ে প্রথমটি পাঁচ, দ্বিতীয়টি এক ও তৃতীয়টি তিন বার পাঠ্য। এইরূপে উৎপন্ন ২৭টি মন্ত্রে ত্রিণব স্তোম পঠিত হয়।

(২) ৬।১৫।১-৯।

অধিক চবণ থাকায ইহা পশুব লক্ষণযুক্ত; অতএব ইহারা পঞ্চম দিনে পঞ্চমাহেব অনুকূল।

"আ নো যজ্ঞং দিবিস্পৃশম্"[৩] "আ নো বাযো মহেতনে"[৪] "রথেন পৃথুপাজসা"[৫] "বহবঃ সূবচক্ষসঃ"[৬] "ইমা উ বাং দিবিষ্টযঃ"[৭] "পিবা সুতস্য রসিনো"[৮] "দেবং দেবং বো বসে দেবং দেবং"[৯] "বৃহদু গায়িষে বচঃ"[১০] এই বৃহতীচ্ছন্দের মন্ত্রগুলি প্রউগশস্ত্র হইবে। কেন না, ইহাবা পঞ্চম দিনে পঞ্চমাহেব অনুকূল।

"যৎ পাঞ্চজন্যযা বিশা"[১১] এই ত্র্যৃচ মরুত্বতীয শস্ত্রের প্রতিপৎ হইবে। "পাঞ্চজন্যযা" এই [পঙ্‌ক্তি বা পঞ্চশব্দযুক্ত] পদ থাকায উহা পঞ্চম দিনে পঞ্চমাহেব অনুকূল। "ইন্দ্র ইৎ সোমপা একঃ"[১২] "ইন্দ্র নেদীয এদিহি"[১৩] "উত্তিষ্ঠ ব্রহ্মণস্পতে"[১৪] "অগ্নির্নেতা"[১৫] "ত্বং সোম ক্রতুভিঃ"[১৬] "পিন্বন্ত্যপঃ"[১৭] "বৃহদিন্দ্রায গাযত"[১৮] এই মন্ত্রগুলি দ্বিতীযাহেব শস্ত্রে প্রযুক্ত হওযায উহাবা পঞ্চমাহেবও অনুকূল। "অবিতাসি সুন্বতো বৃক্তবর্হিষঃ"[১৯] এই সূক্ত [প্রথম মন্ত্রেব দ্বিতীয চবণে] মদ্-শব্দ-যুক্ত, উহাব ছন্দ পঙ্‌ক্তি ও চবণ পাঁচটি, অতএব ইহা পঞ্চম দিনে পঞ্চমাহেব অনুকূল। "ইত্থা হি সোম ইন্মদে"[২০] এই সূক্তও ঐরূপ মদ্-শব্দ-যুক্ত ও উহাব ছন্দ পঙ্‌ক্তি ও চবণ পাঁচটি; অতএব উহা পঞ্চম দিনে পঞ্চমাহেব অনুকূল। "ইন্দ্র পিব তুভ্যং সুতো মদায"[২১] এই সূক্তও মদ্-শব্দ-যুক্ত ও ত্রিষ্টুপ্‌ছন্দ; উহাব সকল চবণ সমান হওযায উহা সবনকে ধাবণ কবে; এতদ্দ্বাবা যজমান গৃহ হইতে ভ্রষ্ট হয না। "মরুত্বাঁ ইন্দ্র মীঢ়্বঃ"[২২] ইত্যাদি ত্র্যৃচে "আ" শব্দ ও "প্র" শব্দ না থাকায ইহা [মরুত্বতীয শস্ত্রেব] অন্তে প্রযোজ্য; কেন না, ইহাও পঞ্চম দিনে পঞ্চমাহেব অনুকূল।

---

(৩) ৮।১১।১। (৪) ৮।৪৬।২৫। (৫) ৪।৪৬।৫।
(৬) ৭।৬৬।১০। (৭) ৭।৭৪।১। (৮) ৮।৩।১। (৯) ৮।১২।১।
(১০) ৭।৯৬।১। (১১) ৮।৬৩।৭। (১২) ৮।২।৪। (১৩) ৮।৫৩।৫।
(১৪) ১।৪০।১। (১৫) ৩।২০।৪। (১৬) ১।৯১।২। (১৭) ১।৬৪।৬।
(১৮) ৮।৮৯।১। (১৯) ৮।৩৬।১। (২০) ১।৮০।১। (২১) ৬।৪০।১।
(২২) ৮।৭৬।৭।

ইহার মন্ত্রগুলি গায়ত্রী, গায়ত্রী মন্ত্রই এই ত্র্যহের মাধ্যন্দিন সবন নির্ব্বাহ করে; আর যাহাতে নিবিৎ স্থাপিত হয়, সেই ছন্দই সবনের নির্ব্বাহক; অতএব এই গায়ত্রীমধ্যেই নিবিৎ স্থাপন করিবে।

দ্বিতীয় খণ্ড

নবরাত্র—পঞ্চমাহ

পঞ্চমাহের অন্যান্য বিধান—"মহানাম্নীষু···অচ্যুতঃ"

মহানাম্নী মন্ত্র দ্বারা শাক্কর সামে স্তোত্র হইবে। পঞ্চম দিন রথান্তরের সম্বন্ধযুক্ত হওয়ায় উহা পঞ্চমাহের অনুকূল।[১] ইন্দ্র পুরাকালে মহান্ হইবার ইচ্ছায় এই ["বিদা মঘবন্" ইত্যাদি] মন্ত্রে আপনাকে নির্ম্মাণ করিয়াছিলেন, এই জন্য উহাদের নাম মহানাম্নী। আবার এই লোকসকলও মহানাম্নীস্বরূপ, এই লোকসকল মহান্, তজ্জন্য ঐ মন্ত্রগুলির নাম মহানাম্নী।

প্রজাপতি এই লোকসকল সৃষ্টি করিয়া তৎপরে আর যাহা কিছু আছে, সে সকল [সৃষ্টি করিতে] শক্ত হইয়াছিলেন। প্রজাপতি যে এই লোকসকল সৃষ্টি করিয়া, তৎপরে আর যাহা কিছু আছে, সে সকলের [সৃষ্টি করিতে] শক্ত হইয়াছিলেন, তাহাই শক্বরী হইয়াছিল, ইহাই শক্বরীসকলের শক্বরীত্ব।

প্রজাপতি এই [মহানাম্নী] ঋক্সমূহকে সীমার ঊর্দ্ধে রাখিয়া সৃষ্টি করিয়াছিলেন। সীমার ঊর্দ্ধে রাখিয়া সৃষ্টি করিয়াছিলেন, তাহাতেই উহারা "সিমা" হইয়াছিল। উহাই সিমাসকলের সিমাত্ব।[২]

"স্বাদোরিত্থা বিষূবতঃ"[৩] "উপ নো হরিভিঃ সুতম্"[৪] "ইন্দ্রং বিশ্বা অবীবৃধন্"[৫] ইহাই [পূর্ব্বোক্ত স্তোত্রিয় ত্র্যচের] অনুরূপ হইবে। বৃষণ্

---

(১) "বিদা মঘবন্" ইত্যাদি নয়টি মহানাম্নী ঋকের বিষয় পূর্ব্বে দেখ। শাক্কর সাম রথন্তর হইতে উৎপন্ন, ইহাও পূর্ব্বে আখ্যায়িকাদ্বয়ে বলা হইয়াছে।

(২) সীমার ঊর্দ্ধে অর্থাৎ ঋগ্বেদসংহিতার সীমা ছাড়াইয়া ব্রাহ্মণের আরণ্যকমধ্যে (সায়ণ)। মহানাম্নী ঋক্ নয়টির ঐতরেয় আরণ্যকে স্থান আছে। মহানাম্নী মন্ত্রের অপর নাম সিমা।

(৩) ১।৮৪।১০। (৪) ৮।৯৩।৩১। (৫) ১।১১।১।

শব্দ, পৃশ্নি শব্দ, মদ্ শব্দ, বৃধন্ শব্দ থাকায় উহারা পঞ্চম দিনে পঞ্চমাহের অনুকূল।

"যদ্বাবান"[৬] এই ধায্যা সকল দিনেই বিহিত।

"অভি ত্বা শূর নোনুমঃ"[৭] এই রথন্তরের যোনিমন্ত্রকে ধায্যার পরে পাঠ করিবে। কেন না, এই পঞ্চমাহ স্থানগুণে রথন্তরের সম্বন্ধযুক্ত।

"মো ষু ত্বা বাঘতশ্চন"[৮] ইত্যাদি মন্ত্রে [শাক্বর] সামের প্রগাথ হইবে। ইহার মধ্যে একটি [দ্বিপদ মন্ত্র] অধিক থাকায় ইহা পশুর লক্ষণযুক্ত ও পঞ্চম দিনে পঞ্চমাহের অনুকূল।

"ত্যম্ ষু বাজিনং দেবজূতম্"[৯] এই তার্ক্ষ্যসূক্ত সকল দিনেই বিহিত।

তৃতীয় খণ্ড

নবরাত্র—পঞ্চমাহ

অন্যান্য মন্ত্র, যথা—"প্রেদং ব্রহ্ম·· রূপম"

"প্রেদং ব্রহ্ম বৃত্রতূর্য্যেষ্বাবিথ"[১] এই সূক্তের মন্ত্রের পাঁচ চরণ ও পঙ্‌ক্তি ছন্দ, উহা পঞ্চম দিনে পঞ্চমাহের অনুকূল। "ইন্দ্রো মদায় বাবৃধে"[২] এই সূক্তও মদ্‌শব্দযুক্ত ও পঞ্চচরণ, উহার পংক্তিছন্দ, এই জন্য উহাও পঞ্চম দিনে পঞ্চমাহের অনুকূল।

"সত্রা মদাসস্তব বিশ্বজন্যাঃ"[৩] এই সূক্ত মদ্-শব্দ-যুক্ত ও ত্রিষ্টুপ্, উহার চরণগুলি সমান হওয়ায় উহা সবনকে ধারণ করিতে পারে, এতদ্দ্বারা যজমানও গৃহ হইতে ভ্রষ্ট হয় না। "তমিন্দ্রং বাজয়ামসি"[৪] এই ত্র্যৃচ শস্ত্রের পরে প্রযোজ্য। "স বৃষা বৃষভো ভুবৎ" এই [বৃষভশব্দযুক্ত] চরণ থাকায় ঐ মন্ত্র পশুর লক্ষণযুক্ত এবং পঞ্চম দিনে পঞ্চমাহের অনুকূল। ইহার মন্ত্রগুলি গায়ত্রী। গায়ত্রীমন্ত্র এই ত্র্যাহের মাধ্যন্দিন সবন নির্ব্বাহ করে। যাহাতে নিবিৎ স্থাপিত হয়, সেই ছন্দই সবনের নির্ব্বাহক। এই জন্য এই গায়ত্রীমধ্যে নিবিৎ স্থাপন করিবে।

(৬) ১০।৭৪।৬। (৭) ৭।৩৩।২২। (৮) ৭।৩২।১। (৯) ১০।১৭৮।১।
(১) ৮।৩৭।১। (২) ১।৮১।১। (৩) ৬।৩৬।১। (৪) ৮।৯৩।৭।

"তৎ সবিতুর্ব্বৃণীমহে"[৫] "অদ্যা নো দেব সবিতঃ"[৬] এই দুইটি বৈশ্বদেব শস্ত্রের প্রতিপৎ ও অনুচর। রথন্তরের সম্বন্ধযুক্ত পঞ্চম দিনে ইহারা পঞ্চমাহের অনুকূল। "উদুষ্য দেবঃ সবিতা দমূনা"[৭] এই সবিতৃদৈবত মন্ত্রে [চতুর্থ চরণ], "আ দাশুষে সুবতি ভূরি বামম্," এ স্থলে "বাম" শব্দ থাকায় উহা পশুলক্ষণযুক্ত; এই জন্য উহা পঞ্চম দিনে পঞ্চমাহের অনুকূল। "মহী দ্যাবাপৃথিবী ইহ জ্যেষ্ঠে"[৮] ইত্যাদি দ্যাবাপৃথিবীদৈবত মন্ত্রে [চতুর্থ চরণে], "রুবদ্ধোক্ষা" এই অংশ [উক্ষা অর্থাৎ বৃষ শব্দ থাকায়] পশুলক্ষণযুক্ত, এই জন্য উহা পঞ্চম দিনে পঞ্চমাহের অনুকূল। "ঋভুর্বিভ্বা বাজ ইন্দ্রো নো অচ্ছ"[৯] এই ঋভুদৈবত সূক্তে "বাজ" (অন্ন) শব্দ থাকায় উহা পশুলক্ষণযুক্ত, কেন না, পশুগণ বাজস্বরূপ (অন্নস্বরূপ), এই জন্য উহা পঞ্চম দিনে পঞ্চমাহের অনুকূল। "স্তুষে জনং সুব্রতং নব্যসীভিঃ"[১০] এই বৈশ্বদেব সূক্তে এক চরণ অধিক থাকায় উহা পশুলক্ষণযুক্ত, উহা পঞ্চম দিনে পঞ্চমাহের অনুকূল।

"হবিষ্পান্তমজরং স্বর্বিদি"[১১] এই সূক্ত আগ্নিমারুত শস্ত্রের প্রতিপৎ হইবে। হবিঃ শব্দ থাকায় উহা পঞ্চম দিনে পঞ্চমাহের অনুকূল। "বপুর্নু তচ্চিকিতুষে চিদস্তু"[১২] এই মরুদ্দৈবত সূক্তে "বপুঃ" শব্দ থাকায় উহা পঞ্চম দিনে পঞ্চমাহের অনুকূল। "জাতবেদসে সুনবাম সোমম্"[১৩] এই জাতবেদোদৈবত মন্ত্র সকল দিনেই বিহিত। "অগ্নির্হোতা গৃহপতিঃ স রাজা"[১৪] ইত্যাদি জাতবেদোদৈবত [তৃচ] মন্ত্রে অধিক চরণ থাকায় উহা পশুর লক্ষণযুক্ত, এই জন্য উহা পঞ্চম দিনে পঞ্চমাহের অনুকূল।

চতুর্থ খণ্ড

নবরাত্র—ষষ্ঠাহ

অনন্তর ষষ্ঠাহ—"দেবক্ষেত্রং বৈ· ষষ্ঠি"

এই যে ষষ্ঠাহ, ইহা দেবক্ষেত্র (দেবগণের বাসস্থান)। যাহারা ষষ্ঠাহের অনুষ্ঠান করে, তাহারা দেবক্ষেত্রেই আগমন করে। দেবগণ

(৫) ৫।৮২।১। (৬) ৫।৮২।৪। (৭) ৬।৭১।৪। (৮) ৪।৫৬।১। (৯) ৪।৩৪।১। (১০) ৬।৪৯।১। (১১) ১০।৮৮।১। (১২) ৬।৬৬।১। (১৩) ১।৯৯।১। (১৪) ৬।১৫।১৩।

একে অন্যের গৃহে বাস করেন না ; এক ঋতুও অন্য ঋতুর গৃহে বাস করে না, ইহাই [ব্রহ্মবাদীরা] বলেন। সেই জন্য [এই ষষ্ঠাহে] ঋত্বিকেরা অপরকে না দিয়া আপন আপন ঋতুযাজের যাজ্যা পাঠ করিবে। তাহা হইলে ঋতু সকলকে যথাযথ আপন প্রয়োজনে সমর্থ করা হইবে, জনসমূহও যথাযথ স্থানে থাকিতে পাইবে।[১]

এ বিষয়ে [ব্রহ্মবাদীরা] বলেন যে, ঋতুযাজের প্রৈষমন্ত্রে[২] প্রেষণ করিবে না, ঋতুপ্রৈষদ্বারা বষট্কারও করিবে না। কেন না, ঋতু-প্রৈষসকল বাক্স্বরূপ, ষষ্ঠাহে বাক্ সমাপ্ত হইয়া থাকে। যদি ঋতু-প্রৈষদ্বারা প্রেষণ করা যায়, এবং ঋতুপ্রৈষদ্বারা বষট্কার করা যায়, তাহা হইলে শ্রান্ত, যজ্ঞভারক্লান্ত, রোদনশীল বাক্কে সমাপ্ত করিয়া বিনষ্ট করা হইবে। [উত্তর] যদি ঐ [প্রৈষ] মন্ত্রে প্রেষণ করা না হয় এবং যদি ঐ মন্ত্রে বষট্কার করা না হয়, তাহা হইলে ঋত্বিকেরা অবিনষ্ট যজ্ঞ হইতে ভ্রষ্ট হইবেন এবং তাঁহাদিগকে যজ্ঞ হইতে, প্রাণ হইতে, প্রজাপতি হইতে ও পশুগণ হইতে বক্রভাবে যাইতে (ভ্রষ্ট হইতে) হইবে। [উভয় পক্ষে সিদ্ধান্ত] সেই জন্য [মৈত্রাবরুণ] ঋক্শিরস্ক প্রৈষমন্ত্র পাঠের পর [হোতাকে] প্রেষণ করিবেন ও [হোতা] বষট্কার করিবেন। তাহা করিলে শ্রান্ত, যজ্ঞভারক্লান্ত, রোদনশীল বাক্কে সমাপ্ত করিয়া নষ্ট করা হইবে না, অবিনষ্ট যজ্ঞ হইতে ভ্রষ্ট হইবে না, এবং কাহাকেও যজ্ঞ হইতে, প্রাণ হইতে, প্রজাপতি হইতে, পশুগণ হইতে বক্রভাবে চলিয়া যাইতে হইবে না।

(১) প্রকৃতিযজ্ঞে ঋতুযাজ প্রচারের সময় মৈত্রাবরুণ প্রৈষমন্ত্রে হোতাদিগকে আহ্বান করিলে তাঁহারা যাজ্যাদ্বারা বষট্কার করেন। অধ্বর্যু ও যজমান প্রেষিত হইয়া আপন আপন যাজ্যা হোতাকে দান করেন। এ স্থলে বিধি হইতেছে যে, হোতাকে না দিয়া আপন যাজ্যার আপনি পাঠ করিবে।

(২) মৈত্রাবরুণ পাঠ্য হোতৃপ্রভৃতির সম্বোধন "হোতা যক্ষদিন্দ্রম্" ইত্যাদি প্রৈষমন্ত্র। পূর্ব্বে দেখ।

পঞ্চম খণ্ড

নববাত্র—ষষ্ঠাহ

প্রথম ও দ্বিতীয সবনেব পক্ষে বিশেষ বিধি—"পারুচ্ছেপী: ••যন্তি"

প্রথম দুই সবনে প্রস্থিত যাজ্যাব পূর্ব্বে পরুচ্ছেপ-ঋষি-দৃষ্ট ঋক্ বসাইবে।[১] পরুচ্ছেপ-দৃষ্ট ঋকেব ছন্দেব নাম বোহিত। এতদ্দ্বাবা ইন্দ্র সপ্ত স্বর্গলোক আবোহণ কবিযাছিলেন। যে ইহা জানে, সে সপ্ত স্বর্গলোক আবোহণ কবে।

এ বিষযে [ব্রহ্মবাদীবা] প্রশ্ন কবেন, পাঁচ চরণেব ছন্দ পঞ্চমাহেব ও ছয চবণেব ছন্দ ষষ্ঠাহেব লক্ষণ হওযা উচিত, তবে কেন ষষ্ঠাহে সাত চবণেব ছন্দ [পারুচ্ছেপ মন্ত্র] পাঠ কবা হয? [উত্তব] [ঐ ছন্দেব প্রথম] ছয চবণ দ্বাবা ষষ্ঠাহ সমাপ্ত হয বটে, কিন্তু তাহাতে [পববর্ত্তী] যে সপ্তমাহ, তাহাকে [প্রথম ছয দিন] হইতে বিচ্ছিন্ন কবা হয। এই সপ্তম চবণ দ্বাবা সেই সপ্তমাহকে লক্ষ্য কবিযা অনুষ্ঠান কবিলে, বাক্য বিচ্ছিন্ন হইতে পায না ও [ষষ্ঠ ও সপ্তম দিনেব] অবিচ্ছেদ ঘটে। যাহাবা ইহা জানিযা ঐরূপ অনুষ্ঠান কবে, তাহাবা সকল ত্র্যহকে অবিচ্ছিন্ন বাখিযা যাগেব অনুষ্ঠান কবে।

ষষ্ঠ খণ্ড

নববাত্র—ষষ্ঠাহ

পারুচ্ছেপ মন্ত্র সম্বন্ধে আখ্যাযিকা, যথা—"দেবাসুবা ·এবং বেদ"

দেবগণ ও অসুবগণ এই লোকসকলে যুদ্ধ কবিযাছিলেন। সেই দেবগণ ষষ্ঠাহ দ্বাবা অসুবদিগকে এই লোকসকল হইতে অপসৃত কবিযাছিলেন। সেই অসুবগণেব হস্তেব অভ্যন্তবে [বক্ষিত] যে ধন ছিল, তাহা লইয়া তাহাবা সমুদ্রে নিক্ষেপ কবিযাছিল। দেবগণ এই

(১) "বৃষন্নিন্দ্র বৃষপাণাস ইন্দবঃ" ইত্যাদি ও "পিবা সোমমিন্দ্রসুবানমদ্রিভিঃ" ইত্যাদি মন্ত্র পরুচ্ছেপ ঋষির দৃষ্ট। এই মন্ত্র এক একটি পাঠ করিবার পর, এক এক প্রস্থিত যাজ্যা পড়িবে, ইহাই বিহিত হইল।

[পারুচ্ছেপ] ছন্দের অনুষ্ঠান দ্বারা তাহাদের অনুসরণ করিয়া সেই হস্তাভ্যন্তরে রক্ষিত ধন গ্রহণ করিয়াছিলেন। ঐ ছন্দের মধ্যে [ছয় চরণের পর] পুনরায় আর যে একটি [সপ্তম] চরণ আছে, তাহাই [সমুদ্র হইতে ধনের] আকর্ষণে অঙ্কুশস্বরূপ হইয়াছিল। যে ইহা জানে, সে শত্রুর ধন গ্রহণ করিতে পারে ও শত্রুকে সকল লোক হইতে নিঃসারিত করিতে পারে।

সপ্তম খণ্ড

নবরাত্র—ষষ্ঠাহ

ষষ্ঠাহের বিধান, যথা—"দ্যৌর্বৈ দেবতা···অচ্যুতঃ"

দ্যৌঃ দেবতা, ত্রয়স্ত্রিংশ স্তোম, রৈবত সাম, অতিচ্ছন্দ ছন্দ ষষ্ঠাহ নির্ব্বাহ করেন। যে ইহা জানে, সে এতদ্দ্বারা যথোচিত দেবতা, স্তোম, সাম ও ছন্দ দ্বারা সমৃদ্ধ হয়।

যে সকল মন্ত্রের সমাপ্তি সমান, তাহারা ষষ্ঠাহের অনুকূল। [প্রথম ত্র্যহে] যেমন তৃতীয়াহ, [মধ্যম ত্র্যহে] তেমনি ষষ্ঠাহ। যাহাতে অশ্ব শব্দ, অন্ত শব্দ আছে, যাহার পুনরায় আবৃত্তি হয়, যাহা নৃত্য-লক্ষণযুক্ত, যাহা রমণার্থক শব্দযুক্ত, যাহা পর্য্যাস-(অধিকচরণ)-যুক্ত, যাহা ত্রি-শব্দ-যুক্ত, যাহার শেষ চরণে দেবতার উল্লেখ আছে, যাহাতে ঐ [স্বর্গ]-লোকের উল্লেখ আছে, [তদ্ব্যতীত] যাহার ঋষি পরুচ্ছেপ, যাহার সাত চরণ, যাহা নরাশংস-মন্ত্রের সম্বন্ধযুক্ত, যাহার ঋষি নাভানেদিষ্ঠ, যাহা রৈবত সামের ও অতিচ্ছন্দ মন্ত্রের সম্বন্ধযুক্ত, যাহাতে অতীত ক্রিয়ার প্রয়োগ আছে, এবং যে যে লক্ষণ তৃতীয়াহেরও অনুকূল, সেই সমস্ত ষষ্ঠ দিনে ষষ্ঠাহেরও অনুকূল।

"অয়ং জায়ত মনুষো ধরীমণি"[১] ইত্যাদি মন্ত্রে ষষ্ঠাহের আজ্যশস্ত্র হইবে। ইহার ঋষি পরুচ্ছেপ, ছন্দ অতিচ্ছন্দ ও চরণ সাতটি, অতএব ইহা ষষ্ঠাহের অনুকূল।

---

(১) ১।১২৮।১।

"স্তীর্ণং বর্হিরুপ নো যাহি বীতয়ে"[২] "আ বাং রথো নিযুত্বান্ বক্ষদবসে"[৩] "সুষুমাযাতমদ্রিভিঃ"[৪] "যুবাং স্তোমেভির্দেবযন্তো অশ্বিনা"[৫] "অবর্মহ ইন্দ্র"[৬] "বৃষন্নিন্দ্র"[৭] "অস্তু শ্রৌষট্"[৮] "ওষূণো অগ্নে শৃণুহি ত্বমীড়িতঃ"[৯] "যে দেবাসো দিব্যেকাদশস্থ"[১০] "ইয়মদদাদ্রভসমৃণচ্যুতম্"[১১] এই মন্ত্রগুলি প্রউগশস্ত্র হইবে। ঋষি পরুচ্ছেপ, ছন্দ অতিচ্ছন্দ ও সাত চরণ হওয়ায় ইহারা ষষ্ঠ দিনে ষষ্ঠাহের অনুকূল।

"স পূর্ব্যো মহানাম্"[১২] এই ত্র্যৃচ মরুত্বতীয় শস্ত্রের প্রতিপৎ হইবে। ইহাতে মহৎ শব্দ [প্রথম] চরণের অন্তে আছে, ষষ্ঠাহও [মধ্যম ত্র্যহের] অন্তে অবস্থিত, অতএব উহা ষষ্ঠ দিনে ষষ্ঠাহের অনুকূল।

"ত্রয ইন্দ্রস্য সোমা"[১৩] "ইন্দ্র নেদীয় এদিহি"[১৪] "প্র নূনং ব্রহ্মণস্পতিঃ"[১৫] "অগ্নির্নেতা"[১৬] "ত্বং সোম ক্রতুভিঃ"[১৭] "পিন্বন্ত্যপঃ"[১৮] "নকিঃ সুদাসো রথম্"[১৯] ইহারা তৃতীয়াহের শস্ত্রমধ্যে পঠিত হয়, অতএব উহারাও ষষ্ঠ দিনে ষষ্ঠাহের অনুকূল। "যং ত্বং রথমিন্দ্রং মেধসাতয়ে"[২০] এই সূক্তের ঋষি পরুচ্ছেপ, ছন্দ অতিচ্ছন্দ, সাত চরণ, অতএব উহা ষষ্ঠ দিনে ষষ্ঠাহের অনুকূল। "স যো বৃষা বৃষ্ণ্যেভিঃ সমোকা"[২১] এই সূক্তের সমাপ্তি [মন্ত্রগুলির চতুর্থ চরণ] সমান হওয়ায় ইহা ষষ্ঠ দিনে ষষ্ঠাহের অনুকূল। "ইন্দ্র মরুত্ব ইহ পাহি সোমম্"[২২] এই সূক্তের [তৃতীয় মন্ত্রের তৃতীয় চরণ] "তেভিঃ সাকম্ পিবতু বৃত্রখাদঃ", এ স্থলে বৃত্রখাদ (বৃত্রকে ভক্ষণ, অতএব বৃত্রের প্রাণান্ত) এই অন্তবাচী 'খাদ' শব্দ আছে, ষষ্ঠাহও [ত্র্যহের] অন্তে স্থিত, অতএব উহা ষষ্ঠ দিনে ষষ্ঠাহের অনুকূল। এই সূক্তের ছন্দ ত্রিষ্টুপ্, উহার সকল চরণ সমান হওয়ায় উহা সবনকে ধরিয়া থাকে, যজমানও এতদ্দ্বারা গৃহ হইতে ভ্রষ্ট হয় না। "অয়ং হ যেন বা ইদম্"[২৩] এই মন্ত্র শস্ত্রের শেষে প্রযোজ্য। ইহার দ্বিতীয় চরণে "স্বর্মরুত্বতা জিতম্" এ স্থলে অন্তবাচক "জিত" (জয় বা যুদ্ধাবসান) শব্দ আছে,

(২) ১।১৩৫।১। (৩) ১।১৩৫।৪। (৪) ১।১৩৭।১।
(৫) ১।১৩৯।৩। (৬) ১।১৩৩।৬। (৭) ১।১৩৯।৬। (৮) ১।১৩৯।১।
(৯) ১।১৩৯।৭। (১০) ১।১৩৯।১১। (১১) ৬।৬১।১। (১২) ৮।৬৩।১।
(১৩) ৮।২।৭। (১৪) ৮।৫৩।৫। (১৫) ১।৪০।৫। (১৬) ৩।২০।৪।
(১৭) ১।৯১।২। (১৮) ১।৬৪।৬। (১৯) ৭।৩২।১। (২০) ১।১২৯।১।
(২১) ১।১০০।১। (২২) ৩।৫১।৭। (২৩) ৮।৭৬।৪।

অতএব উহা ষষ্ঠ দিনে ষষ্ঠাহের অনুকূল। এই মন্ত্রগুলি গায়ত্রী, গায়ত্রী মন্ত্রই এই ত্র্যহের মাধ্যন্দিন সবন নির্ব্বাহ করে। অতএব ঐ গায়ত্রীতেই নিবিৎ স্থাপন করিবে।

"রেবতীর্ন সধমাদে"[২৪] "রেবাঁ ইদ্রেবতঃ স্তোতা"[২৫] ইত্যাদি রৈবত-সামের পৃষ্ঠস্তোত্র হইবে। বৃহতীর সম্বন্ধযুক্ত ষষ্ঠ দিনে উহারা ষষ্ঠাহের অনুকূল। "যদ্বাবান"[২৬] এই ধায্যা সকল দিনেই বিহিত। "ত্বামিদ্ধি হবামহে"[২৭] এই বৃহৎ সামের যোনিরূপ প্রগাথকে ধায্যার পরে বসাইবে, কেন না, এই ষষ্ঠাহ স্থানগুণে বৃহৎ সামের সম্বন্ধযুক্ত। "ইন্দ্রমিদ্দেবতাতয়ে"[২৮] এই সামপ্রগাথ [সকল চরণে ইন্দ্র শব্দ থাকায়] নৃত্যানুকারী, অতএব উহা ষষ্ঠ দিনে ষষ্ঠাহের অনুকূল। "ত্যমূ ষু বাজিনং দেবজূতম্"[২৯] এই তার্ক্ষ্যসূক্ত সকল দিনেই বিহিত।

অষ্টম খণ্ড

নবরাত্র—ষষ্ঠাহ

অন্যান্য মন্ত্র—"ঐন্দ্র যাহ্যুপ...বৈশ্বদেবম্"

"ঐন্দ্র যাহ্যুপ নঃ পরাবতঃ"[১] এই সূক্তের ঋষি পরুচ্ছেপ, ছন্দ অতিচ্ছন্দ ও সাতটি চরণ থাকায় উহা ষষ্ঠ দিনে ষষ্ঠাহের অনুকূল। "প্র ঘা ন্বস্য মহতো মহানি"[২] এই সূক্তের [চতুর্থ চরণে] সমাপ্তি সমান হওয়ায় উহা ষষ্ঠ দিনে ষষ্ঠাহের অনুকূল। "অভূরেকো রয়িপতে রয়ীণাম্"[৩] এই সূক্তের [পঞ্চম মন্ত্রের দ্বিতীয় চরণ] "রথমাতিষ্ঠ তুবিনৃম্ণ ভীমম্" ইহাতে স্থিতিবাচক [তিষ্ঠ পদ] অন্তবাচক, এই ষষ্ঠাহও [মধ্যম ত্র্যহের] অন্তে স্থিত; অতএব উহা ষষ্ঠ দিনে ষষ্ঠাহের অনুকূল। ইহার ছন্দ ত্রিষ্টুপ্, সকল চরণ সমান হওয়ায় উহা সবনকে ধরিয়া থাকে; যজমানও এতদ্দ্বারা গৃহ হইতে ভ্রষ্ট হয় না।

(২৪) ১।৩০।১৩। (২৫) ৮।২।১৩। (২৬) ১০।৭৪।৬। (২৭) ৬।৪৬।১।
(২৮) ৮।৩।১। (২৯) ১০।১৭৮।১।
(১) ১।১৩০।১। (২) ২।১৫।১। (৩) ৬।৩১।১।

"উপ নো হবির্ভিঃ সুতম্"[৪] এই ত্র্যৃচ [নিষ্কেবল্য শস্ত্রের] শেষে বসিবে। ইহার [তিন মন্ত্রে] সমাপ্তি সমান হওয়ায় ইহা ষষ্ঠ দিনে ষষ্ঠাহের অনুকূল। ইহার মন্ত্রগুলি গায়ত্রী, গায়ত্রীমন্ত্রই এই ত্র্যাহের মাধ্যন্দিন সবন নির্ব্বাহ করে। যাহাতে নিবিৎ স্থাপিত হয়, সেই ছন্দই সবন নির্ব্বাহ করে। এই জন্য ঐ গায়ত্রীমধ্যেই নিবিৎ স্থাপন করিবে।

"অভি ত্যং দেবং সবিতারমোণ্যোঃ"[৫] এই মন্ত্র বৈশ্বদেব শস্ত্রের প্রতিপৎ হইবে। ইহার ছন্দ অতিচ্ছন্দ হওয়ায় ইহা ষষ্ঠ দিনে ষষ্ঠাহের অনুকূল। "তৎ সবিতুর্বরেণ্যম্"[৬] এই [দুইটি মন্ত্র প্রতিপদের শেষাংশ] এবং "দোষো আগাৎ" এই ত্র্যৃচ উহার অনুচর হইবে। কেন না, ইহাতে অন্তবাচক গমনার্থক পদ আছে। এই ষষ্ঠাহও [ত্র্যাহের] অন্তে স্থিত। এই জন্য উহা ষষ্ঠ দিনে ষষ্ঠাহের অনুকূল। "উদুষ্য দেব সবিতা সবায়"[৭] এই সবিতৃদৈবত সূক্তে "শশ্বত্তমং তদপা বহ্নিরস্থাৎ" এই [দ্বিতীয় চরণে] স্থিতিবাচক পদ অন্তবাচী, ষষ্ঠাহও ত্র্যাহের অন্তে স্থিত। এই জন্য উহা ষষ্ঠ দিনে ষষ্ঠাহের অনুকূল। "কতরা পূর্ব্বা কতরাহপরায়োঃ"[৮] এই দ্যাবাপৃথিবীদৈবত সূক্তের [মন্ত্রের বহু চরণ] সমান হওয়ায় উহা ষষ্ঠ দিনে ষষ্ঠাহের অনুকূল। "কিমু শ্রেষ্ঠঃ কিং যবিষ্ঠো ন আজগন্"[৯] এবং "উপ নো বাজা অধ্বরমৃভুক্ষা"[১০] এই দুই ঋভুদৈবত সূক্ত নরাশংস-লক্ষণযুক্ত ও ত্রিশব্দযুক্ত হওয়ায় ষষ্ঠ দিনে ষষ্ঠাহের অনুকূল। "ইদমিত্থা রৌদ্রং গূর্ত্তবচা" এবং "যে যজ্ঞেন দক্ষিণয়া সমক্তাঃ" এই দুই বিশ্বদৈবত-সূক্ত [পাঠ করিবে]।

নবম খণ্ড

নবরাত্র—ষষ্ঠাহ

উক্ত বিশ্বদেবদৈবত সূক্তদ্বয়ের ঋষি নাভানেদিষ্ঠ, তৎসম্বন্ধে আখ্যায়িকাদি—"নাভানেদিষ্ঠং··· এবং বেদ"

[উক্ত] নাভানেদিষ্ঠসূক্ত [দুইটি] পাঠ করিবে।

(৪) ৮।৯৩।৩১। (৫) বাজসনেয়-সংহিতা, ৪।৫। (৬) ৩।৬২।১০-১১। (৭) ২।৩৮।১। (৮) ১।১৮৫।১। (৯) ১।১৬১।১। (১০) ৪।৩৭।১।

মানব (মনুপুত্র) নাভানেদিষ্ঠ যখন ব্রহ্মচর্য্যে বাস করিতেছিলেন, তখন তাঁহার ভ্রাতারা তাঁহাকে [পিতৃধনের] ভাগ দেন নাই। তিনি আসিয়া বলিলেন, আমাকে তোমরা কি ভাগ দিয়াছ? তাঁহারা নিষ্ঠার (ধর্ম্মনির্ণয়সমর্থ) ও অবরদিতা (ভাগনির্ণযসমর্থ) সেই মনুকে [ভাগ-নির্দ্দেশের জন্য] দেখাইয়া দিলেন। সেই জন্য আজিও পুত্রেরা পিতাকেই নিষ্ঠার (ধর্ম্মনির্ণযসমর্থ) ও অবরদিতা (ভাগনির্ণযসমর্থ) বলিয়া থাকে।

তখন সেই নাভানেদিষ্ঠ পিতার নিকট আসিয়া বলিলেন, পিতা, তোমার নিকট আমার ভাগ রহিয়াছে। পিতা তাঁহাকে বলিলেন, পুত্র, উহাদের কথায় আদর করিও না[1], ঐ অঙ্গিরোগণ স্বর্গলোকের জন্য সত্রানুষ্ঠান করিয়াছেন, তাঁহারা ষষ্ঠাহে উপস্থিত হইয়া পুনঃ পুনঃ [মন্ত্রবাহুল্য হেতু] মুগ্ধ (সত্রসমাধানে অশক্ত) হইতেছেন, তুমি ষষ্ঠাহে তাঁহাদের নিকট ঐ দুই সূক্ত[2] পাঠ করাও। তাহা হইলে তাঁহাদের সত্রসমাধানের পর যে সহস্রসংখ্যক [ধন] থাকিবে, তাহা তাঁহারা স্বর্গে যাইবার সময় তোমাকে দিবেন।

তাহাই করিব, এই বলিয়া নাভানেদিষ্ঠ "প্রতিগৃভ্নীত মানবং সুমেধসঃ" —অহে শোভনমেধাযুক্ত [অঙ্গিরোগণ], মনুপুত্রকে আপনারা গ্রহণ করুন—এই বলিতে বলিতে অঙ্গিরোগণের সমীপস্থ হইয়াছিলেন। তাঁহারা বলিলেন, তুমি কি কামনা করিয়া এরূপ বলিতেছ? [নাভানেদিষ্ঠ বলিলেন] আমি আপনাদিগকে ষষ্ঠ দিনের অনুষ্ঠান বিশেষ করিয়া জানাইব; সত্রসমাধানের পর আপনাদের যে সহস্রসংখ্যক [ধন] থাকিবে, তাহা আপনারা স্বর্গে যাইবার সময় আমাকে দিবেন। [তাঁহারা বলিলেন] তাহাই হইবে। তখন নাভানেদিষ্ঠ তাঁহাদিগকে ঐ সূক্তদ্বয় পাঠ করাইলেন। তাঁহারা তখন যজ্ঞ এবং স্বর্গলোক প্রকৃষ্টভাবে জানিতে পারিলেন।

সেই হেতু ষষ্ঠ দিনে যে এই দুই সূক্ত পাঠ করা হয়, ইহাতে যজ্ঞকে প্রকৃষ্টরূপে জানা যায় ও স্বর্গলোক পাওয়া যায়।

(১) অর্থাৎ উহারা আমার নিকট তোমার ভাগ রাখে নাই।

(২) উল্লিখিত "ইদমিত্থা রৌদ্রং গূর্ত্তবচা" এবং "যে যজ্ঞেন দক্ষিণয়া সমক্তাঃ" ইত্যাদি দুই সূক্ত। উপরে দেখ।

অঙ্গিবোগণ স্বর্গে যাইবাব সময বলিলেন, অহে ব্রাহ্মণ, এই সহস্র [ধন][৩] তোমাব থাকিল। সেই ধন গ্রহণ কবিবাব সময একজন কৃষ্ণবস্ত্রপবিধাযী পুরুষ [যজ্ঞভূমিব][৪] উত্তব দিকে উত্থিত হইযা তাঁহাকে বলিলেন, বাস্তুতে (যজ্ঞভূমিতে) পবিত্যক্ত এই [ধন] আমাব। তিনি বলিলেন, অঙ্গিবোগণ ইহা আমাকে দিযাছেন। [সেই পুরুষ] তাঁহাকে বলিলেন, তবে আমাদেব [প্রাপ্য নির্ণযে] তোমাব পিতাকেই প্রশ্ন কবা যাউক। তখন তিনি পিতাব নিকট গেলেন। পিতা তাঁহাকে বলিলেন, অহে পুত্র, সেই অঙ্গিবোগণ তোমাকে কি দিলেন? তিনি বলিলেন, তাঁহাবা আমাকে ইহাই দিযাছেন, কিন্তু এক কৃষ্ণবস্ত্রপবিধাযী পুরুষ [যজ্ঞভূমিব] উত্তব হইতে উঠিযা আমাকে বলিল, ইহা আমাব, বাস্তুতে পবিত্যক্ত ধন আমাবই ইত্যাদি। তখন পিতা তাঁহাকে বলিলেন, পুত্র, উহা তাঁহাবই বটে, তবে তিনি সেই [ধন] তোমাকেই দিবেন। তখন তিনি আবাব সেই পুরুষেব নিকট গিযা তাঁহাকে বলিলেন, হে ভগবন্, ইহা তোমাবই বটে, আমাব পিতা ইহাই বলিলেন। তখন সেই পুরুষ বলিলেন, তুমি যখন সত্য বলিযাছ, তখন ঐ ধন আমি তোমাকে দিলাম।

সেই জন্য যে ইহা জানে, সে সত্য বলিবে।

এই যে নাভানেদিষ্ঠদৃষ্ট মন্ত্র, ইহাবা সহস্র ধনেব লাভজনক। যে ইহা জানে, সে সহস্র [ধন] প্রাপ্ত হয ও ষষ্ঠাহ দ্বাবা স্বর্গলোক প্রকৃষ্টভাবে জানিতে পাবে।

---

(৩) এখানে সহস্র ধন অর্থে সহস্র গাভী। যথা, স্থানান্তরে—"তে স্নুবর্গং লোকং যন্তো য এষাং পশব আসংস্তান্ অস্মা অদদুঃ।"

(৪) শ্রুত্যন্তরে এই কৃষ্ণবস্ত্র পুরুষ পশুপতি রুদ্র। "তং পশুভিশ্চরন্তং যজ্ঞবাস্তৌ রুদ্র আগচ্ছৎ।"

দশম খণ্ড

নববাত্র—ষষ্ঠাহ

অন্যান্য মন্ত্র, যথা—"তান্যেতানি ··যন্তি"

নাভানেদিষ্ঠ, বালখিল্য, বৃষাকপি, এবযামরুৎ, এই কযটি মন্ত্রজাতেব নাম সহচব মন্ত্র, এই মন্ত্রগুলি একসঙ্গে পাঠ কবিবে।[১] ইহাব মধ্যে একটিকে পবিত্যাগ কবিলে যজমানেব [মঙ্গল] পবিত্যাগ কবা হইবে। নাভানেদিষ্ঠ পবিত্যাগে যজমানেব বেতঃ পবিত্যক্ত হয, বালখিল্য পবিত্যাগে প্রাণ পবিত্যক্ত হয, বৃষাকপি পবিত্যাগে আত্মা পবিত্যক্ত হয এবং এবযামরুত সূক্ত পবিত্যাগে দৈব ও মানুষ প্রতিষ্ঠা হইতে ভ্রষ্ট কবা হয। নাভানেদিষ্ঠ দ্বাবা বেতঃসেক হয. বালখিল্য দ্বাবা ঐ বেতঃ বিকৃত (গর্ভাকাব) হয। কক্ষীবানেব পুত্র সুকীর্ত্তি কর্ত্তৃক দৃষ্ট সূক্তে[২] "উবৌ যথা ত শর্ম্মন্ মদেম" এই চবণ থাকায যোনিব বিবৃতি সম্পাদিত হয, সেই জন্য গর্ভ (ভ্রূণ) [আকাবে] বৃহৎ হইযাও ক্ষুদ্র যোনিকে ক্লেশ দেয না, কেন না, সেই যোনি ব্রহ্ম কর্ত্তৃক (সুকীর্ত্তি-দৃষ্ট মন্ত্র কর্ত্তৃক) নির্ম্মিত। আব এবযামরুত সূক্ত দ্বাবা [উহা] সর্ব্বত্র গমনক্ষম হয়। এই জগতে যাহা কিছু আছে, তাহা তদ্দ্বাবাই গমনক্ষম হইয়া চলিযা থাকে।

"অহশ্চ কৃষ্ণমহবর্জ্জুনঞ্চ"[৩] এই সূক্ত আগ্নিমারুত শস্ত্রেব প্রতিপৎ হইবে। ইহাতে "অহশ্চ অহশ্চ" পুনঃ পুনঃ আবৃত্ত হওযায ইহা নৃত্যলক্ষণযুক্ত এবং ষষ্ঠ দিনেব ষষ্ঠাহেব অনুকূল। "মধ্বো বো নাম মারুতং যজত্রাঃ"[৪] এই মরুদ্দৈবত সূক্তে [মরুদ্বিষয়ক] বহু কথা আছে; আব যাহা

(১) নাভানেদিষ্ঠ সূক্তদ্বয় উপরে উদ্ধৃত হইয়াছে। বালখিল্য মন্ত্র "অভি প্র বঃ সুরাধসম্" ইত্যাদি (৮।৪৯-৫৯)। বৃষাকপি সূক্ত "বি হি সোতারসৃক্ষত" ইত্যাদি (১০।৮৬)। এবয়ামরুৎ কর্ত্তৃক দৃষ্ট সূক্ত "প্র বো মহে মতয়ো যন্তু বিষ্ণবে" ইত্যাদি (৫।৮৭)।

(২) "অপ প্রাচ ইন্দ্র" ইত্যাদি (১০।১৩১।১) সুকীর্ত্তিদৃষ্ট সূক্ত বৃষাকপি সূক্তের পূর্ব্বে পঠনীয়।

(৩) ৬।৯।১। (৪) ৭।৫৭।১।

বন্ধ, তাহা অন্তবাচক ; ষষ্ঠাহও ত্র্যহের অন্তে অবস্থিত, অতএব উহা ষষ্ঠ দিনে ষষ্ঠাহের লক্ষণযুক্ত।

"জাতবেদসে সুনবাম সোমম্"[৫] এই জাতবেদোদৈবত মন্ত্র সকল দিনেই বিহিত। "স প্রত্নথা সহসা জায়মানঃ"[৬] এই জাতবেদোদৈবত সূক্তের সমাপ্তি (চতুর্থ চরণ) সকল মন্ত্রে সমান হওয়ায় ইহা ষষ্ঠ দিনে ষষ্ঠাহের অনুকূল। [রজ্জুরূপী] যজ্ঞের অন্তভাগ খুলিয়া যাইবে, এই ভয়ে ঐ সূক্তে [প্রতি মন্ত্রে চতুর্থ চরণে] "ধারয়ন্" "ধারয়ন্" এই পদ পুনঃ পুনঃ পাঠ করা হয় ; যেমন [রজ্জুকে] অন্তভাগে পুনঃ পুনঃ গ্রন্থি দিয়া বাঁধিয়া থাকে, অথবা [চর্ম্মকার চর্ম্মের সঙ্কোচ নিবারণার্থ] উহাকে আটকাইয়া রাখিবার জন্য দুই প্রান্তে ময়ূখ (শঙ্কু) প্রোথিত করে, উহাও সেইরূপ। এই যে "ধারয়ন্" "ধারয়ন্" পুনঃ পুনঃ পঠিত হয়, উহা [যজ্ঞকে] অবিচ্ছিন্ন রাখিবার নিমিত্ত। যাহারা ইহা জানিয়া যাগানুষ্ঠান করে, তাহারা অবিচ্ছিন্ন ত্র্যহ দ্বারাই যজ্ঞের অনুষ্ঠান করিয়া থাকে।

ত্রয়োবিংশ অধ্যায়

প্রথম খণ্ড

নবরাত্র—সপ্তমাহ

দ্বাদশাহের অন্তর্গত ও নবরাত্রের অন্তর্গত তিনটি ত্র্যহের প্রথম দুই ত্র্যহ সমাপ্ত হইল। এই দুই ত্র্যহে পৃষ্ঠ্য ষড়হ। তৃতীয় ত্র্যহের তিন দিনের নাম ছন্দোম। এখন সেই তৃতীয় ত্র্যহ বর্ণিত হইবে। তাহার প্রথম দিন অর্থাৎ নবরাত্রের সপ্তমাহ বর্ণিত হইতেছে, যথা—"যদ্বা এতি অচ্যুতঃ"

যাহাতে "আ" শব্দ ও "প্র" শব্দ আছে, তাহাই সপ্তমাহের লক্ষণ। [প্রথম ত্র্যহে] যেমন প্রথমাহ, [তৃতীয় ত্র্যহে] সপ্তমাহও সেইরূপ। যাহাতে "উক্ত" শব্দ, "রথ" শব্দ, "আশু" শব্দ এবং পানার্থক শব্দ আছে, যাহার প্রথম চরণে দেবতার উল্লেখ আছে, যাহাতে এই লোকের অভ্যুদয় আছে, যাহাতে জন্মার্থক শব্দ আছে, যাহাতে দেবতার উল্লেখ

(৫) ১।৯৯।১। (৬) ১।৯৬।১।

নাই, যাহাতে ভবিষ্যৎক্রিয়ার প্রয়োগ আছে এবং যাহা প্রথমাহের লক্ষণ, সে সকলই সপ্তমাহেরও লক্ষণ।

"সমুদ্রাদূর্ম্মির্মধুমাঁ উদারাৎ"[১] এই সূক্তে সপ্তমাহের আজ্যশস্ত্র হইবে। ইহাতে দেবতার উল্লেখ না থাকায় ইহা সপ্তম দিনে সপ্তমাহের অনুকূল। সমুদ্র বাক্যস্বরূপ, বাক্যের ক্ষয় নাই। সমুদ্রেরও ক্ষয় নাই। সেই জন্য এতদ্দ্বারা যে সপ্তমাহের আজ্যশস্ত্র নিষ্পন্ন হয়, তাহাতে যজ্ঞ দ্বারা যজ্ঞকে বিস্তৃত করা হয় ও তদ্দ্বারা বাক্যকেই পাওয়া যায় ও যজ্ঞের অবিচ্ছেদ ঘটে। যাহারা ইহা জানিয়া যাগানুষ্ঠান করে, তাহারা অবিচ্ছিন্ন ত্র্যহ দ্বারাই যাগানুষ্ঠান করে। ষষ্ঠাহেই স্তোমসকল সমাপ্ত হইয়াছে ও ছন্দসকল সমাপ্ত হইয়াছে। [দর্শপূর্ণমাস যজ্ঞে] যেমন [পুরোডাশ হব্যের] অবদানসকলের উপর [তাহাদের উষ্ণতাসাধনের জন্য] ঘৃতসেক করিলে উহাদের সামর্থ্য ফিরিয়া আসে, এ স্থলেও সেইরূপ ঐ সূক্তে আজ্যশস্ত্র করিলে [ষষ্ঠাহে সমাপ্ত] স্তোমসকল ও ছন্দসকলকে পুনর্ব্বার সমর্থ করা হয়।[২] ঐ সূক্তের ছন্দ ত্রিষ্টুপ্, এই ত্র্যহের প্রাতঃসবনের ছন্দও ত্রিষ্টুপ্।[৩]

"আ বাযো ভূষ শুচিপা উপ নঃ"[৪] "প্র যাভির্যাসি দাশ্বাংসমচ্ছ"[৫] "আ নো নিযুদ্ভিঃ শতিনীভিরধ্বরম্"[৬] "প্র সোতা জীরো অধ্বরেষ্বস্থাৎ"[৭] "যে বায়ব ইন্দ্রমাদনাসঃ"[৮] "যা বাং শতং নিযুতো যাঃ সহস্রম্"[৯] "প্র যদ্বাং মিত্রাবরুণা স্পূর্দ্ধন্"[১০] "আ গোমতা নাসত্যা রথেন"[১১] "আ নো দেব

(১) ৪।৫৮।১।

(২) আহুতির জন্য পুরোডাশাদি হব্যকে কতিপয় খণ্ডে বিভক্ত করিলে ঐ সকল খণ্ডকে অবদান বলে। অবদানের উপর ঘৃতক্ষেপ করিয়া উষ্ণতাসাধনের নাম প্রত্যভিঘার। ত্রিবৃৎ, পঞ্চদশ, সপ্তদশ, একবিংশ, ত্রিণব ও ত্রয়স্ত্রিংশ, এই কয়টি স্তোমের এবং গায়ত্রী, ত্রিষ্টুপ্, জগতী, অনুষ্টুপ্, পংক্তি ও অতিচ্ছন্দা, এই কয়টি ছন্দের যথাক্রমে প্রথম ছয় দিনে পৃষ্ঠ্য ষড়হেই প্রয়োগ হইয়াছে। তৃতীয় ত্র্যহে আর নূতন স্তোম বা নূতন ছন্দের ব্যবহার নাই। ঐ সকল স্তোমের ও ছন্দের কতিপয়কেই পুনরায় ব্যবহারযোগ্য করিয়া লওয়া হয় মাত্র, যেমন প্রত্যবঘার দ্বারা হব্যের অবদানকে পুনরায় হবনযোগ্য করা যায়, সেইরূপ।

(৩) প্রথম ত্র্যহের প্রাতঃসবনে গায়ত্রী, দ্বিতীয় ত্র্যহের প্রাতঃসবনে জগতী ও তৃতীয় ত্র্যহের প্রাতঃসবনে ত্রিষ্টুপ্ ছন্দ বিহিত। পূর্ব্বে দেখ।

(৪) ৭।৯২।১। (৫) ৭।৯২।৩। (৬) ১।১৩৫।৩। (৭) ৭।৯২।২।
(৮) ৭।৯২।৪। (৯) ৭।৯২।৬। (১০) ৬।৬৭।৯। (১১) ৭।৭২।১।

শবসা যাহি শুষ্মিন্”[১২] “প্র বো যজ্ঞেষু দেবয়ন্তো অর্চ্চন্”[১৩] “প্র ক্ষোদসা ধায়সা সস্র এষা”[১৪] এই মন্ত্রগুলিতে প্রউগশস্ত্র হইবে। “আ” শব্দ ও “প্র” শব্দ থাকায় উহারা সপ্তম দিনে সপ্তমাহের অনুকূল। উহাদের ছন্দও প্, এই [তৃতীয] ত্র্যহের প্রাতঃসবনের ছন্দও ত্রিষ্টুপ। “আ ত্বা রথং যথোতযে”[১৫] “ইদং বসো সুতমন্ধঃ”[১৬] “ইন্দ্র নেদীয এদিহি”[১৭] “প্রৈতু ব্রহ্মণস্পতিঃ”[১৮] “অগ্নির্নেতা”[১৯] “ত্বং সোম ক্রতুভিঃ”[২০] “পিন্বন্ত্যপঃ”[২১] “প্র ব ইন্দ্রায বৃহতে”[২২] এই সকল মন্ত্রে প্রথমাহের শস্ত্র কল্পিত হয বলিযা ইহারা সপ্তম দিনে সপ্তমাহেরও অনুকূল। “কযা শুভা সবযসঃ সনীডাঃ”[২৩] এই সূক্তে “ন জাযমানো ন শতেন জাত” এই [নবম ঋকের তৃতীয চরণে] জননার্থক শব্দ থাকায় উহা সপ্তম দিনে সপ্তমাহের অনুকূল। এই সূক্তের নাম কযাশুভীয,[২৪] এই কযাশুভীয সূক্ত একতাসাধক ও অবিচ্ছেদসম্পাদক, এতদ্দ্বারা ইন্দ্র, অগস্ত্য ও মরুদ্গণ পরস্পর একতা লাভ করিযাছিলেন। সেই জন্য একতাপ্রাপ্তির জন্য কযাশুভীয সূক্ত পাঠ করা হয। আবার এই সূক্ত আযুঃপ্রদ, সেই জন্য যে ব্যক্তি যজমানের প্রিয, তাহার আযুর্বৃদ্ধির জন্য এই সূক্ত প্রযোগ করিবে। আবার ইহার ছন্দ ত্রিষ্টুপ্, ত্রিষ্টুভের চরণগুলি সমান হওযায ইহা সবনকে ধরিযা রাখে। যজমানও এতদ্দ্বারা স্বগৃহ হইতে ভ্রষ্ট হয না। “ত্যং সু মেষং মহযা স্ববিদম্”[২৫] এই সূক্তে “অত্যং ন বাজং হবনস্যদং রথম্” এই [তৃতীয চরণে] রথ শব্দ থাকায উহা সপ্তম দিনে সপ্তমাহের অনুকূল। ইহার ছন্দ জগতী, জগতী ছন্দই এই ত্র্যহের মাধ্যন্দিন সবন নির্ব্বাহ করে। যাহাতে নিবিৎ স্থাপিত হয, সেই ছন্দই সবন নির্ব্বাহ করে, সেই জন্য ঐ জগতীর মধ্যে নিবিৎ স্থাপন করিবে। উক্ত ত্রিষ্টুপ্ ছন্দের ও জগতী

---

(১২) ৭।৩০।১। (১৩) ৭।৪৩।১। (১৪) ৭।৯৫।১। (১৫) ৮।৬৮।১।
(১৬) ৮।২।১। (১৭) ৮।৫৩।৫। (১৮) ১।৪২।৩। (১৯) ৩।২০।৪।
(২০) ১।৯১।২। (২১) ১।৬৪।৬। (২২) ৮।৮৯।৩। (২৩) ১।১৬৫।১।
(২৪) এই সূক্তে কয়াশুভ শব্দ থাকায় উহার নাম কয়াশুভীয়।
(২৫) ১।৫২।১।

ছন্দের সূক্তগুলি মিথুনরূপে পঠিত হয়। পশুগণ মিথুনস্বরূপ ; ছন্দোম-সকলও[২৬] [পশুলাভহেতু বলিয়া] পশুস্বরূপ। এতদ্দ্বারা পশুলাভ ঘটে।

"ত্বামিদ্ধি হবামহে"[২৭] ও "ত্বং হ্যেহি চেররঃ"[২৮] এই দুই [স্তোত্রিয় ও অনুরূপ প্রগাথ দ্বারা] সপ্তমাহে বৃহৎ-সামসাধ্য পৃষ্ঠস্তোত্র নিষ্পন্ন হয়। ষষ্ঠাহের যে পৃষ্ঠস্তোত্র, এই সপ্তমাহেরও তাহাই। কেন না, যাহা রথন্তর, তাহাই বৈরূপ, যাহা বৃহৎ, তাহাই বৈরাজ ; যাহা রথন্তর, তাহা শাক্বর ; যাহা বৃহৎ, তাহাই রৈবত। অতএব এই [সপ্তমাহে] যে বৃহৎ সামে পৃষ্ঠস্তোত্র নিষ্পন্ন হয়, ইহাতে [সপ্তমাহের] বৃহৎ দ্বারাই [ষষ্ঠাহের] বৃহৎকে (অর্থাৎ বৃহতের সহিত অভিন্ন রৈবতকে) তুলিয়া রক্ষা করা হয় ; ইহাতে স্তোমসকল পরস্পর হইতে ছিন্ন হয় না। [সপ্তমাহে] রথন্তরকে পৃষ্ঠস্তোত্র করিলে উহা [ষষ্ঠাহের অনুষ্ঠান হইতে] ছিন্ন হইয়া যায়। এই জন্য [সপ্তমাহে] বৃহৎ হইতেই পৃষ্ঠস্তোত্র নিষ্পন্ন করিবে।

"যদ্বাবান" এই ধায্যা সকল দিনেই বিহিত। "অভি ত্বা শূর নোনুমঃ" এই রথন্তরের যোনিমন্ত্রকে ঐ ধায্যার পরে প্রয়োগ করিবে ; কেন না, এই সপ্তমাহ স্থানগুণে রথন্তরের সম্বন্ধযুক্ত। "পিবা সুতস্য রসিনঃ" এই সামপ্রগাথে পানার্থক শব্দ থাকায় উহা সপ্তমাহের অনুকূল।

"ত্যমূ ষু বাজিনং দেবজূতম্" এই তার্ক্ষ্যসূক্ত সকল দিনেই বিহিত।

---

(২৬) চতুর্বিংশ, চতুশ্চত্বারিংশ ও অষ্টাচত্বারিংশ, এই তিন স্তোমের সাধারণ নাম ছন্দোম, ঐ তিন স্তোমের ব্যবহার হেতু তৃতীয় ত্র্যহের দিনত্রয়ের নামও ছন্দোম।

(২৭) ষষ্ঠাহে রৈবত হইতে ও সপ্তমাহে বৃহৎ হইতে পৃষ্ঠস্তোত্র নিষ্পন্ন হয়। রৈবতের সহিত বৃহতের অভিন্নতা হেতু উভয় দিনে সমতা ঘটিল। সপ্তমাহে রথন্তর অনুষ্ঠান করিলে সেই সমতা নষ্ট হয়।

(২৮) যুগ্ম ও অযুগ্ম দিনভেদে সামের বিভেদ হয়। অযুগ্ম দিনে রথন্তর প্রযোজ্য। সপ্তমাহ অযুগ্ম দিন হওয়ায় এ দিন রথন্তরেরই স্থান। তবে বিশেষ কারণে উহাতে বৃহৎ সামের প্রয়োগ এ স্থানে বিহিত হইয়াছে।

দ্বিতীয় খণ্ড

নবরাত্র—সপ্তমাহ

সপ্তমাহের অন্যান্য মন্ত্র—"ইন্দ্রস্য নু...ত্র্যহঃ"

"ইন্দ্রস্য নু বীর্য্যাণি প্রবোচম্"[১] এই সূক্তে প্র শব্দ থাকায় উহা সপ্তম দিনে সপ্তমাহের অনুকূল। ইহা ত্রিষ্টুপ্, ত্রিষ্টুভের চরণসকল সমান হওয়ায় উহা সবনকে ধরিয়া রাখে; এতদ্দ্বারা যজমান নিজ গৃহ হইতে ভ্রষ্ট হয় না। "অভি ত্যং মেষং পুরুহূতমৃগ্মিয়ম্"[২] এই সূক্তে যে "অভি" শব্দ আছে, উহা "প্র" শব্দের সমানার্থক; অতএব উহা সপ্তম দিনে সপ্তমাহের অনুকূল। উহার ছন্দ জগতী। জগতী ছন্দই এই ত্র্যহের মাধ্যন্দিন সবন নির্ব্বাহ করে। যাহাতে নিবিৎ স্থাপিত হয়, সেই ছন্দই সবনের নির্ব্বাহক। অতএব ঐ জগতীর মধ্যেই নিবিৎ স্থাপনা করিবে।

ত্রিষ্টুপ্ ও জগতী ছন্দের মন্ত্রসকল মিথুন হইয়া পঠিত হয়। পশুগণ মিথুন, আর ছন্দোম সকলও পশুস্বরূপ, এতদ্দ্বারা পশুলাভ ঘটে।

"তৎ সবিতুর্বৃণীমহে"[৩] ও "অদ্যা নো দেব সবিতঃ"[৪] এই দুইটি বৈশ্বদেব শস্ত্রের প্রতিপৎ ও অনুচর হইবে। সপ্তমাহ [স্থানগুণে] রথন্তরের সম্বন্ধযুক্ত হওয়ায় উহারা সপ্তম দিনে সপ্তমাহের অনুকূল। "অভি ত্বা দেব সবিতঃ"[৫] এই সবিতৃদৈবত সূক্তে যে "অভি" শব্দ আছে, উহা "প্র" শব্দের সমান, এই জন্য উহা সপ্তম দিনে সপ্তমাহের অনুকূল। "প্রেতাং যজ্ঞস্য শংভুবা"[৬] এই দ্যাবাপৃথিবীদৈবত মন্ত্রে "প্র" শব্দ থাকায় উহা সপ্তম দিনে সপ্তমাহের অনুকূল। "অয়ং দেবায় জন্মনে"[৭] এই ঋভুদৈবত সূক্তে জননার্থক শব্দ থাকায় উহা সপ্তম দিনে সপ্তমাহের অনুকূল। "আ যাহি বনসা সহ"[৮] ইত্যাদি দ্বিপদ ঋক্ পাঠ করিবে। পুরুষের দুই পদ, পশুগণ চতুষ্পদ, ছন্দোমসকল পশুলাভহেতু পশুস্বরূপ। এই হেতু এই যে দ্বিপদ মন্ত্র পাঠ করা হয়, তাহাতে দুই পদে প্রতিষ্ঠিত যজমানকে চতুষ্পদ পশুতে প্রতিষ্ঠিত করা হয়। "এভির্বগ্নে দুবো

---

(১) ১।৩২।১। (২) ১।৫১।১। (৩) ৫।৮২।১। (৪) ৫।৮২।৪।
(৫) ১।২৪।৩। (৬) ২।৪১।১৯। (৭) ১।২০।১। (৮) ১০।১৭২।১।

গিরঃ"[৯] ইত্যাদি বিশ্বদেবদৈবত মন্ত্র সপ্তম দিনে সপ্তমাহের অনুকূল। এই সকল সূক্তের গায়ত্রী ছন্দ, এই ত্র্যহের তৃতীয় সবনের ছন্দও গায়ত্রী।

"বৈশ্বানরো অজীজনৎ" ইহা আগ্নিমারুত শস্ত্রের প্রতিপৎ হইবে। জননার্থক শব্দ থাকায় উহা সপ্তম দিনে সপ্তমাহের অনুকূল। "প্র যদ্বস্ত্রিষ্টুভমিষম্"[১০] এই মরুদ্দৈবত সূক্তে "প্র" শব্দ থাকায় উহা সপ্তম দিনে সপ্তমাহের অনুকূল।

"জাতবেদসে সুনবাম সোমম্"[১১] এই জাতবেদোদৈবত সূক্ত সকল দিনে বিহিত। "দূতং বো বিশ্ববেদসম্"[১২] এই জাতবেদোদৈবত সূক্তে দেবতার উল্লেখ নাই, এই হেতু উহা সপ্তম দিনে সপ্তমাহের অনুকূল। ইহার ছন্দ গায়ত্রী; এই ত্র্যহের তৃতীয় সবনের ছন্দও গায়ত্রী।

তৃতীয় খণ্ড

নবরাত্র—অষ্টমাহ

অনন্তর অষ্টমাহ—"যবৈ নেতি···অচ্যুতঃ"

যাহাতে "আ" শব্দ ও "প্র" শব্দ নাই, যাহাতে স্থিত্যর্থক শব্দ আছে, তাহাই অষ্টমাহের লক্ষণ। [প্রথম ত্র্যহে] যেমন দ্বিতীয়াহ, [তৃতীয় ত্র্যহে] অষ্টমাহও সেইরূপ। যাহাতে "উর্দ্ধ" শব্দ, "প্রতি" শব্দ, "অন্তঃ" শব্দ, "বৃষণ্" শব্দ, "বৃধন্" শব্দ ও "মদ্" শব্দ আছে, যাহার মধ্যম চরণে দেবতার উল্লেখ আছে, যাহাতে অন্তরিক্ষের অভ্যুদয়, যাহাতে "অগ্নি" শব্দ দুই বার আছে, যাহাতে "মহৎ" শব্দ আছে, দুই দেবতার আহ্বান আছে, "পুনঃ" শব্দ আছে, যাহাতে বর্ত্তমান ক্রিয়ার প্রয়োগ আছে, এবং যাহা দ্বিতীয়াহের লক্ষণ, এ সকলই অষ্টমাহেরও লক্ষণ।

"অগ্নিং বো দেবমগ্নিভিঃ সজোষা"[১] ইত্যাদি মন্ত্র অষ্টমাহের আজ্যশস্ত্র হইবে। ইহার [প্রথম চরণে] অগ্নি শব্দ দুই বার থাকায় উহা অষ্টম দিনে অষ্টমাহের অনুকূল। ইহার ছন্দ ত্রিষ্টুপ্, এই ত্র্যহের প্রাতঃসবনের ছন্দও ত্রিষ্টুপ্। "কুবিদঙ্গ নমসা যে বৃধাসঃ"[২] "পীবো অন্নাঁ রয়িবৃধঃ

(৯) ১।১৪।১। (১০) ৮।৭।১। (১১) ১।৯৯।১। (১২) ৪।৮।১।
(১) ৭।৩।১। (২) ৭।৯১।১।

সুমেধাঃ"[৩] "উচ্ছন্নুষসঃ সুদিনা অরিপ্রা"[৪] "উশন্তা দূতা ন দভায় গোপাঃ"[৫] "যাবত্তরস্তন্বোহযাবদোজঃ"[৬] "প্রতি বাং সূর উদিতে সূক্তৈঃ"[৭] "ধেনুঃ প্রত্নস্য কাম্যং দুহানা"[৮] "ব্রহ্মা ণ ইন্দ্রোপ যাহি বিদ্বান্"[৯] "উর্দ্ধো অগ্নিঃ সুমতিং বস্বো অশ্রেৎ"[১০] "উত স্যা নঃ সরস্বতী জুষাণা"[১১] ইত্যাদি মন্ত্রে প্রউগ শস্ত্র হইবে। প্রতি শব্দ, অন্তঃ শব্দ ও উর্দ্ধ শব্দ থাকায় এবং দুই বার দেবতার আহ্বান থাকায় উহারা অষ্টম দিনে অষ্টমাহের অনুকূল। ইহাদের ছন্দ ত্রিষ্টুপ্, এই ত্র্যাহের প্রাতঃসবনের ছন্দও ত্রিষ্টুপ্।

"বিশ্বানরস্য বস্পতিম্"[১২] "ইন্দ্র ইৎ সোমপা একঃ"[১৩] "ইন্দ্র নেদীয় এদিহি"[১৪] "উত্তিষ্ঠ ব্রহ্মণস্পতে"[১৫] "অগ্নির্নেতা"[১৬] "ত্বং সোম ক্রতুভিঃ"[১৭] "পিন্বন্ত্যপঃ"[১৮] "বৃহদিন্দ্রায় গায়ত"[১৯] এই সকল মন্ত্রে দ্বিতীয়াহের শস্ত্র কল্পিত হয়, অতএব ইহারা অষ্টম দিনে অষ্টমাহের অনুকূল। "শংসা মহামিন্দ্রং যস্মিন্ বিশ্বা"[২০] এই সূক্তে "মহৎ" শব্দ থাকায় উহা অষ্টম দিনে অষ্টমাহের অনুকূল। "মহশ্চিত্বমিন্দ্র যত এতান্"[২১] এই সূক্তেও মহৎ শব্দ থাকায় উহা অষ্টম দিনে অষ্টমাহের অনুকূল। "পিবা সোম অভি যমুগ্র তর্দ"[২২] এই সূক্তে "উর্ব্বং গব্যং মহি গৃণান ইন্দ্র" এই [দ্বিতীয় চরণে] মহৎ শব্দ থাকায় উহাও অষ্টম দিনে অষ্টমাহের অনুকূল। "মহা ইন্দ্রো নৃবদা চর্ষণিপ্রা"[২৩] এই সূক্তেও মহৎ শব্দ থাকায় উহা অষ্টম দিনে অষ্টমাহের অনুকূল। এই সকল সূক্তের ছন্দ ত্রিষ্টুপ্। ত্রিষ্টুভের সকল চরণ সমান হওয়ায় উহা সবনকে ধরিয়া থাকে। যজমানও এতদ্দ্বারা গৃহ হইতে ভ্রষ্ট হয় না।

"তমস্য দ্যাবাপৃথিবী সচেতসা"[২৪] এই সূক্তে "যদৈৎ কৃণ্বানো মহিমানমিন্দ্রিয়ম্" এই [তৃতীয় চরণে] মহৎ শব্দ থাকায় উহা অষ্টম দিনে অষ্টমাহের অনুকূল। ইহার ছন্দ জগতী, জগতী ছন্দই এই ত্র্যাহের

---

(৩) ৭।৯১।৩।   (৪) ৭।৯০।৪।   (৫) ৭।৯১।২।
(৬) ৭।৯১।৪।   (৭) ৭।৬৫।১।   (৮) ৩।৫৮।১।
(৯) ৭।২৮।১।   (১০) ৭।৩৯।১।   (১১) ৭।৯৬।৪।   (১২) ৮।৬৮।৪।
(১৩) ৮।২।৪।   (১৪) ৮।৫৩।৫।   (১৫) ১।৪১।১।   (১৬) ৩।২০।৪।
(১৭) ১।৯১।২।   (১৮) ১।৬৪।৬।   (১৯) ৮।৮৯।১।   (২০) ৩।৪৯।১।
(২১) ১।১৬৯।১।   (২২) ৬।১৭।১।   (২৩) ৬।১৯।১।   (২৪) ১০।১১৩।১।

মাধ্যন্দিন সবন নির্ব্বাহ করে। যাহাতে নিবিৎ স্থাপিত হয়, সেই ছন্দই সবনের নির্ব্বাহক। এই জন্য ঐ জগতীর মধ্যেই নিবিৎ স্থাপন করিবে। ত্রিষ্টুপ্ ও জগতী ছন্দের সূক্তগুলি [একযোগে] মিথুন হইয়া পঠিত হয়। পশুগণ মিথুন ও ছন্দোসকল পশুগণের লাভহেতু বলিয়া পশুস্বরূপ। "মহৎ" শব্দযুক্ত সূক্তসকল পাঠ করিবে। অন্তরিক্ষই মহৎ, ইহাতে অন্তরিক্ষের প্রাপ্তি ঘটে। [মহৎ শব্দযুক্ত উল্লিখিত] পাঁচটি সূক্ত পাঠ করিবে। পঙ্‌ক্তি ছন্দের পাঁচ চরণ; যজ্ঞ পঙ্‌ক্তির সম্বন্ধযুক্ত, পশুগণও পঙ্‌ক্তির সম্বন্ধযুক্ত। ছন্দোমসকলও পশুলাভহেতু বলিয়া পশুস্বরূপ।

"অভি ত্বা শূর নোনুমঃ"[২৫] ও "অভি ত্বা পূর্ব্বপীতয়ে"[২৬] এই দুইটি [স্তোত্রিয় ও অনুরূপ] দ্বারা অষ্টমাহে রথন্তর সামের পৃষ্ঠস্তোত্র নিষ্পন্ন হয়।

"যদ্বাবান" এই ধায্যা সকল দিনেই বিহিত।

"ত্বামিদ্ধি হবামহে" এই বৃহৎ সামের যোনিমন্ত্রকে ধায্যার পরে পাঠ করিবে; কেন না, এই দিন স্থানগুণে বৃহৎ সামের সম্বন্ধযুক্ত।

"উভয়ং শৃণবচ্চনঃ"[২৭] ইত্যাদি মন্ত্র [বৃহৎ] সামের প্রগাথ হইবে। ইহার "উভয়" শব্দে যাহা অদ্যকার কার্য্য হইবে ও যাহা কল্যকার কার্য্য ছিল, সেই উভয়ই বুঝাইতেছে, এই হেতু বৃহৎ সামের সম্বন্ধযুক্ত অষ্টম দিনে উহা অষ্টমাহের অনুকূল। "ত্যমূ ষু বাজিনং দেবজূতম্" এই তার্ক্ষ্যসূক্ত সকল দিনেই বিহিত।

চতুর্থ খণ্ড

নবরাত্র—সপ্তমাহ

অন্যান্য মন্ত্র—"অপূর্ব্ব্যা পুরুতমানি…ত্র্যহঃ"

"অপূর্ব্যা পুরুতমান্যস্মা"[১] এই সূক্তের "মহে বীরায় তবসে তুরায়" এই [দ্বিতীয়] চরণ মহৎ-শব্দযুক্ত হওয়ায় ইহা অষ্টম দিনে অষ্টমাহের

(২৫) ৭।৩৩।২২। (২৬) ৮।৬১।১। (২৭) ১০।১৭৮।১।
(১) ৬।৩২।১।

অনুকূল। "তা: স্তে কীর্ত্তিং মঘবন্ মহিত্বা"[২] এই সূক্তও মহৎ-শব্দযুক্ত হওয়ায় অষ্টম দিনে অষ্টাহের অনুকূল। "ত্বং মহাঁ ইন্দ্র যো হ শুষ্মৈঃ"[৩] এই সূক্তও মহৎ-শব্দযুক্ত বলায় অষ্টম দিনে অষ্টমাহের অনুকূল। "ত্বং মহাঁ ইন্দ্র তুভ্যং হ ক্ষা"[৪] এই সূক্তও মহৎ-শব্দযুক্ত হওয়ায় অষ্টম দিনে অষ্টমাহের অনুকূল। এই সকলের ছন্দ ত্রিষ্টুপ্, ত্রিষ্টুভের সকল চরণ সমান হওয়ায় উহা সবনকে ধরিয়া রাখে; যজমানও এতদ্দ্বারা গৃহ হইতে ভ্রষ্ট হয় না।

"দিবশ্চিদস্য বরিমা বিপপ্রথে"[৫] এই সূক্তে "ইন্দ্রং ন মহ্না" এই [দ্বিতীয়] চরণ মহৎ-শব্দ-যুক্ত হওয়ায় উহা অষ্টম দিনে অষ্টমাহের অনুকূল। এই সূক্তের ছন্দ জগতী, জগতী এই ত্র্যাহের মাধ্যন্দিন সবন নির্ব্বাহ করে। যাহাতে নিবিৎ স্থাপিত হয়, সেই ছন্দই সবনের নির্ব্বাহক। এই জন্য ঐ জগতীমধ্যেই নিবিৎ বসাইবে।

ত্রিষ্টুপ্ ও জগতী ছন্দের সূক্তগুলি মিথুন করিয়া পাঠ করিবে। পশুগণ মিথুন, ছন্দোমসকলও পশুলাভহেতু বলিয়া পশুস্বরূপ। মহৎ-শব্দযুক্ত সূক্তসকল পাঠ করিবে; অন্তরিক্ষই মহৎ, এতদ্দ্বারা অন্তরিক্ষের প্রাপ্তি ঘটে। পাঁচ পাঁচ সূক্ত পাঠ করিবে। পঙ্ক্তির পাঁচ চরণ, যজ্ঞও পঙ্ক্তি ছন্দের সম্বন্ধযুক্ত, পশুগণও পঙ্ক্তির (পঞ্চ সংখ্যার) সম্বন্ধযুক্ত; ছন্দোমসকল পশুস্বরূপ। এতদ্দ্বারা পশুলাভ ঘটে।

ঐ সূক্তসকল দুই ভাগে বিভক্ত; [মরুত্বতীয় শস্ত্রে পঠিত] পাঁচটি ও [নিষ্কেবল্য শস্ত্রে পঠিত] আর পাঁচটি; ইহারা একযোগে দশটি হয়, উহারা দশসংখ্যাযুক্ত বিরাটের সমান। বিরাট্ অন্ন, পশুগণও অন্ন, ছন্দোমসকল পশুস্বরূপ। এতদ্দ্বারা পশুলাভ ঘটে।

"বিশ্বো দেবস্য নেতুঃ"[৬] "তৎ সবিতুর্বরেণ্যম্"[৭] "আ বিশ্বদেবং সৎপতিম্"[৮] এই সকল মন্ত্র বৈশ্বদেব শস্ত্রের প্রতিপৎ ও অনুচর। বৃহৎ-সামসম্বন্ধযুক্ত অষ্টম দিনে উহারা অষ্টমাহের অনুকূল। "হিরণ্য-পাণিমূতয়ে"[৯] এই সবিতৃদৈবত সূক্ত উর্দ্ধশব্দযুক্ত হওয়ায় উহা অষ্টম দিনে

(২) ১০।৫৪।১। (৩) ১।৬৩।১। (৪) ৪।১৭।১। (৫) ১।৫৫।১।
(৬) ৫।৫০।১। (৭) ৩।৬২।১০। (৮) ৫।৮২।৭। (৯) ১।২২।৫।

অষ্টমাহের অনুকূল। "যুবানা পিতরা পুনঃ"[১০] এই ঋভুদৈবত ত্র্যৃচ "পুনঃ" শব্দযুক্ত হওয়ায় অষ্টম দিনে অষ্টমাহের অনুকূল। "ইমা নু কং ভুবনা সীষধাম"[১১] এই দ্বিচরণমন্ত্র পাঠ করিবে। পুরুষের দুই পদ; পশুগণ চতুষ্পদ; ছন্দোমসকলও পশুস্বরূপ, ইহাতে পশুলাভ ঘটে। এই যে দ্বিপদ মন্ত্র পাঠ করা হয়, এতদ্দ্বারা দুই পদে প্রতিষ্ঠিত যজমানকে চতুষ্পদ পশুতে প্রতিষ্ঠিত করা হয়। "দেবানামিদবো মহৎ"[১২] এই বিশ্বদেব-দৈবত সূক্ত মহৎ-শব্দযুক্ত হওয়ায় অষ্টম দিনে অষ্টমাহের অনুকূল। ইহার ছন্দ গায়ত্রী; এই ত্র্যহের তৃতীয় সবনের ছন্দও গায়ত্রী। "ঋতাবানং বৈশ্বানরম্"[১৩] এই ত্র্যৃচ আগ্নিমারুত ছন্দের প্রতিপৎ। ইহার [দ্বিতীয় ঋকের দ্বিতীয় চরণ] "অগ্নির্বৈশ্বানরো মহান্" মহৎ-শব্দযুক্ত হওয়ায় উহা অষ্টম দিনে অষ্টমাহের অনুকূল। "ক্রীড়ং বঃ শর্ধো মারুতম্"[১৪] এই মরুদ্দৈবত সূক্তে "জম্ভে রসস্য বাবৃধে" [এই পঞ্চম মন্ত্র] বৃধন্-শব্দযুক্ত হওয়ায় উহা অষ্টম দিনে অষ্টমাহের অনুকূল। "জাতবেদসে সুনবাম সোমম্" এই জাতবেদোদৈবত মন্ত্র সকল দিনেই বিহিত। "অগ্নে মৃড মহাঁ অসি" এই জাতবেদোদৈবত সূক্ত মহৎশব্দযুক্ত হওয়ায় উহা অষ্টম দিনে অষ্টমাহের অনুকূল। ইহার ছন্দ গায়ত্রী; এই ত্র্যহের ছন্দও গায়ত্রী।

চতুর্ব্বিংশ অধ্যায়

প্রথম খণ্ড

নবমাহ

অনন্তর নবমাহ অনুষ্ঠান, যথা—"যদ্বৈ···অচ্যুতঃ"

যাহার সমাপ্তি সমান, তাহা নবমাহের অনুকূল। তৃতীয়াহের যে যে লক্ষণ, এই যে নবমাহ, ইহারও সেই সেই লক্ষণ। যাহা অশ্বশব্দযুক্ত, অন্তশব্দযুক্ত, যাহা পুনঃপঠিত হয়, যাহা নৃত্যলক্ষণযুক্ত, যাহাতে রমণার্থক

(১০) ১।২০।৪। (১১) ১০।১৫৭।১। (১২) ৮।৮৩।১। (১৩) ২।২৩।৯। (১৪) ১।৩৭।১।

শব্দ আছে, যাহাতে ত্রি শব্দ ও অন্তবাচক শব্দ আছে, যাহার শেষ চরণে দেবতার উল্লেখ আছে, যাহাতে স্বর্গলোকের অভ্যুদয় আছে, অপিচ যাহাতে শুচি শব্দ, সত্য শব্দ, ক্ষয়ার্থক শব্দ, গমনার্থক শব্দ এবং ওক শব্দ আছে, যাহাতে অতীত ক্রিয়ার প্রয়োগ আছে, এবং যাহা তৃতীয়াহের লক্ষণযুক্ত, সে সমস্তই নবমাহেরও লক্ষণ।

"অগন্ম মহা নমসা যবিষ্ঠম্"[১] এই সূক্তে নবমাহে আজ্যশস্ত্র হয়। গমনার্থক শব্দ থাকায় উহা নবম দিনে নবমাহের অনুকূল। উহা ত্রিষ্টুপ্, এই ত্র্যহের প্রাতঃসবনের ছন্দও ত্রিষ্টুপ্।

"প্র বীরয়া শুচয়ো দদ্রিরে তে"[২] "তে সত্যেন মনসা দীধ্যানাঃ"[৩] "দিবি ক্ষয়ন্তা রজসঃ পৃথিব্যাম্"[৪] "আ বিশ্ববারাশ্বিনা গতং নঃ"[৫] "অয়ং সোম ইন্দ্র তুভ্যং সুন্বে আ তু"[৬] "প্র ব্রহ্মাণো অঙ্গিরসো নক্ষন্ত"[৭] "সরস্বতীং দেবয়ন্তো হবন্তে"[৮] "আ নো দিবো বৃহতঃ পর্ব্বতাদা"[৯] "সরস্বত্যভি নো নেষি বস্যঃ"[১০] এই সকল মন্ত্রে প্রউগশস্ত্র হইবে। এই সকল মন্ত্রে শুচি শব্দ, সত্য শব্দ, ক্ষয়ার্থক শব্দ, গমনার্থক শব্দ, ওক শব্দ থাকায় উহারা নবম দিনে নবমাহের অনুকূল। উহাদের ছন্দ ত্রিষ্টুপ্, এই ত্র্যহে প্রাতঃসবনের ছন্দও ত্রিষ্টুপ্।

"তং তমিদ্রাধসে মহে," "ত্রয় ইন্দ্রস্য সোমা," "ইন্দ্র নেদীয় এদিহি," "প্র নূনং ব্রহ্মণস্পতিঃ," "অগ্নির্নেতা," "ত্বং সোম ক্রতুভিঃ," "পিন্বন্ত্যপঃ," "নকিঃ সুদাসো রথম্," এই সকল মন্ত্র তৃতীয়াহের সহিত শস্ত্রকল্পনা সমান হওয়ায়, নবম দিনে নবমাহের অনুকূল। "ইন্দ্রঃ স্বাহা পিবতু যস্য সোমঃ"[১১] এই সূক্তের স্বাহা শব্দ [হোমমন্ত্রের] অন্তে থাকে, নবমাহও [নবরাত্রের] অন্তে স্থিত, এই জন্য এই সূক্ত নবম দিনে নবমাহের অনুকূল। "গায়ৎসাম নভন্যং যথা বেঃ"[১২] এই সূক্তের "অর্চ্চাম তদ্বাবৃধানং স্বর্বৎ" এই চরণের "স্বঃ" (স্বর্গ) শব্দ [লোকত্রয়ের] অন্তে স্থিত, নবমাহও [নবরাত্রের] অন্তে স্থিত; এই হেতু এই সূক্ত নবম দিনে নবমাহের অনুকূল। "তিষ্ঠা হরী রথ আ যুজ্যমানা"[১৩] এই সূক্তে স্থিত্যর্থক শব্দ

(১) ৭।১২।১। (২) ৭।৯০।১। (৩) ৭।৯০।৫। (৪) ৭।৬৪।১।
(৫) ৭।৭০।১। (৬) ৭।২৯।১। (৭) ৭।৪২।১। (৮) ১০।১৭।৭।
(৯) ৫।৪৩।১১। (১০) ৬।৬১।১৪। (১১) ৩।৫০।১। (১২) ১।১৭৩।১।
(১৩) ৩।৩৫।১।

অন্তলক্ষণযুক্ত ;[১৪] নবমাহও [নবরাত্রের] অন্তে স্থিত ; এই হেতু এই সূক্ত নবম দিনে নবমাহের অনুকূল। "ইমা উ ত্বা পুরুতমস্য কারোঃ"[১৫] এই সূক্তের "ধিয়ো রথেষ্ঠাম্" এই চরণের স্থিত্যর্থক শব্দ অন্তলক্ষণযুক্ত ; নবমাহও অন্তে স্থিত, এই হেতু ইহা নবম দিনে নবমাহের অনুকূল। এই সকল সূক্তের ছন্দ ত্রিষ্টুপ্, উহা সকল চরণ সমান হওয়ায় সবনকে ধরিয়া রাখে, সবনও ইহা দ্বারা স্বস্থান হইতে ভ্রষ্ট হয় না।

"প্র মন্দিনে পিতুমদর্চ্চতা বচঃ"[১৬] এই সূক্তের সকল মন্ত্রের সমাপ্তি সমান হওয়ায় ইহা নবম দিনে নবমাহের অনুকূল। ইহার ছন্দ জগতী ; জগতীছন্দের মন্ত্রই এই ত্র্যহের মাধ্যন্দিন সবন নির্ব্বাহ করে ; যাহাতে নিবিদের স্থাপনা হয়, সেই ছন্দই সবনের নির্ব্বাহক ; এই হেতু জগতী মন্ত্রেই নিবিদ্ স্থাপন করিবে।

ত্রিষ্টুপ্ ও জগতী, এই মিথুন (উভয়) ছন্দই পাঠ করিবে ; পশুগণ মিথুন, পশুগণই ছন্দোম, ইহাতে পশুলাভ ঘটে।

পাঁচটি সূক্ত পাঠ করিবে ; পঙ্ক্তির পাঁচ চরণ, যজ্ঞ পঙ্ক্তির সম্বন্ধযুক্ত, পশুগণও পঞ্চসম্বন্ধযুক্ত ; পশুগণই ছন্দোম ; ইহাতে পশুলাভ ঘটে।

"ত্বামিদ্ধি হবামহে"[১৭] "ত্বং হ্যেহি চেররে"[১৮] এই দুই ত্র্যচ দ্বারা নবমাহে [নিষ্কেবল্য শস্ত্রের] বৃহৎ সামের পৃষ্ঠস্তোত্র নিষ্পন্ন হয়।

"যদ্বাবান"[১৯] এই ধায্যা সকল দিনেই বিহিত। "অভি ত্বা শূর নোনুমঃ"[২০] এই মন্ত্রকে রথন্তরের যোনির পরে বসাইবে ; এই নবমাহ স্থানগুণে রথন্তরের সম্বন্ধযুক্ত। "ইন্দ্র ত্রিধাতু শরণম্"[২১] এই মন্ত্রে সামপ্রগাথ হইবে ; ত্রি শব্দ থাকায় ইহা নবম দিনে নবমাহের অনুকূল। "ত্যমূ ষু বাজিনং দেবজূতম্"[২২] এই তার্ক্ষ্যসূক্ত সকল দিনেই বিহিত।

(১৪) কেন না, গতির অন্তে স্থিতি। (সায়ণ)
(১৫) ৬।২১।১। (১৬) ১।১০১।১। (১৭) ৬।৪৬।১। (১৮) ৮।৬১।৭।
(১৯) ১০।৭৪।৬। (২০) ৭।৩২।২২। (২১) ৬।৪৬।৯। (২২) ১০।১৭৮।১।

নবরাত্র—নবমাহ

নবমাহের অন্যান্য সূক্ত, যথা—"সং চ ত্বে…ত্র্যহঃ"

"সং চ ত্বে জগ্মুর্গিব ইন্দ্র পূর্ব্বীঃ"[১] এই সূক্তে গমনার্থক শব্দ থাকায় ইহা নবম দিনে নবমাহের অনুকূল। "কদা ভুবন্ রথ ক্ষয়াণি ব্রহ্ম"[২] এই সূক্তে ক্ষেতি-ধাতুনিষ্পন্ন শব্দ আছে; অপিচ [লোকে পথের] অন্তে যাইয়া বাস করে, এই হেতু [নিবাসার্থক] ক্ষেতি-ধাতু অন্তলক্ষণ-যুক্ত, এই হেতু এই সূক্ত নবম দিনে নবমাহের অনুকূল। "আ সত্যো যাতু মঘবাঁ ঋজীষী"[৩] এই সূক্তে সত্য শব্দ থাকায় উহা নবম দিনে নবমাহের অনুকূল। "তত্ত ইন্দ্রিয়ং পরমং পরাচৈঃ"[৪] এই সূক্তের পরম শব্দ অন্তবাচক, নবমাহও [নবরাত্রের] অন্তে স্থিত, এই হেতু উহা নবম দিনে নবমাহের অনুকূল। এই সকল সূক্তের ছন্দ ত্রিষ্টুপ্, সকল চরণ সমান হওয়ায় উহা সবনকে ধরিয়া রাখে, ইহা দ্বারা সবনও স্বস্থান হইতে ভ্রষ্ট হয় না।

"অহং ভুবং বসুনঃ পূর্ব্যস্পতিঃ"[৫] এই সূক্তে "অহং ধনানি সংজয়ামি শশ্বতঃ" এই চরণের জয়ার্থক শব্দ [যুদ্ধের] অন্ত বুঝায়, নবমাহও [নবরাত্রের] অন্তে স্থিত, এই হেতু উহা নবম দিনে নবমাহের অনুকূল। এই সূক্তের জগতী ছন্দই এই ত্র্যহের মাধ্যন্দিন সবন নির্ব্বাহ করে। যাহাতে নিবিদ্ স্থাপিত হয়, সেই ছন্দই সবনের নির্ব্বাহক; সেই জন্য জগতীতেই নিবিৎ স্থাপন করিবে।

ত্রিষ্টুপ্ ও জগতী, এই মিথুন (উভয়) ছন্দের সূক্তই পঠিত হয়। পশুগণ মিথুন, পশুগণ ছন্দোম, ইহাতে পশুগণের রক্ষা ঘটে।

পাঁচ পাঁচ সূক্ত পঠিত হয়। পঙ্ক্তির পাঁচ চরণ, যজ্ঞ পঙ্ক্তির সম্বন্ধযুক্ত, পশুগণ পঞ্চসম্বন্ধযুক্ত, পশুগণ ছন্দোম, ইহাতে পশুগণের রক্ষা ঘটে। এই সূক্তসকল [মরুত্বতীয় শস্ত্রে] পাঁচটি ও [নিষ্কেবল্য

(১) ৬।৩৪।১। (২) ৬।৩৫।১। (৩) ৪।১৬।১। (৪) ১।১০৩।১। (৫) ১০।৪৮।১।

শস্ত্রে] পাঁচটি, এইরূপে দশটি হয়। এইরূপে দশটি হইয়া উহা বিরাটের তুল্য হয়। বিরাট্ অন্নস্বরূপ, পশুগণ অন্নস্বরূপ, পশুগণ ছন্দোম; ইহাতে পশুগণের রক্ষা ঘটে।

"তৎ সবিতুর্বৃণীমহে"[৬] এবং "অদ্যা নো দেব সবিতঃ"[৭] এই দুইটি বৈশ্বদেব শস্ত্রের প্রতিপৎ ও অনুচর হইবে। রথন্তরসম্বন্ধযুক্ত নবম দিনে উহারা নবমাহের অনুকূল। "দোষো আগাৎ" এই সবিতৃদৈবত মন্ত্রে গমনার্থক শব্দ [স্থিতির] অন্ত বুঝায়। নবমাহও [নবরাত্রের] অন্তে স্থিত। এই হেতু উহা নবম দিনে নবমাহের অনুকূল। "প্র বাং মহি দ্যবী অভি"[৮] এই দ্যাবাপৃথিবীদৈবত মন্ত্রে "শুচী উপ প্রশস্তয়ে" এই চরণ শুচিশব্দযুক্ত হওয়ায় উহা নবম দিনে নবমাহের অনুকূল। "ইন্দ্র ইষে দদাতু নঃ"[৯] "তে নো রত্নানি ধত্তন"[১০] ইত্যাদি ঋভুদৈবত সূক্তে "ত্রিরা সাপ্তানি সুন্বতে" এই চরণে ত্রি শব্দ থাকায় উহা নবম দিনে নবমাহের অনুকূল। "বভ্রুরেকো বিষুণঃ সূনরো যুবা"[১১] এই দ্বিচরণযুক্ত মন্ত্র পঠিত হয়। পুরুষের দুই পদ, পশুগণ চতুষ্পদ, পশুগণ ছন্দোম; ইহাতে পশুগণের রক্ষা ঘটে। এই যে দ্বিচরণ মন্ত্র পঠিত হয়, ইহাতে দুই চরণে প্রতিষ্ঠিত যজমানকে চতুষ্পদ পশুতে প্রতিষ্ঠিত করা হয়।

"যে ত্রিংশতি ত্রয়স্পরঃ"[১২] এই বিশ্বদেবদৈবত সূক্ত ত্রিশব্দযুক্ত হওয়ায় ইহা নবম দিনে নবমাহের অনুকূল। ইহার মন্ত্রসকলের ছন্দ গায়ত্রী। এই ত্র্যহের তৃতীয় সবনের ছন্দও গায়ত্রী।

"বৈশ্বানরো ন উতয়ে"[১৩] এই মন্ত্র আগ্নিমারুত শস্ত্রের প্রতিপৎ। ইহার "আ প্রযাতু পরাবতঃ" এই চরণের [দূরদেশবাচক] পরাবত শব্দ অন্তবাচক, নবমাহও [নবরাত্রের] অন্তে স্থিত, এই হেতু ইহা নবম দিনে নবমাহের অনুকূল। "মরুতো যস্য হি ক্ষয়ে"[১৪] এই মরুদ্দৈবত সূক্তে ক্ষয় শব্দ অন্তলক্ষণযুক্ত; [লোকেও পথের] অন্তে গিয়া নিবাস করে; এই হেতু ইহা নবম দিনে নবমাহের অনুকূল।

(৬) ৫।৮২।১। (৭) ৫।৮২।৪। (৮) ৪।৫৭।৫।
(৯) ৮।৯৩।৩৪। (১০) ১।২০।৭। (১১) ৮।২৯।১। (১২) ৮।২৮।১।
(১৩) [আ: শ্রৌ. সূ. ৮।১১।] (১৪) ১।৮৬।১।

“জাতবেদসে সুনবাম সোমম্”[১৫] এই জাতবেদোদৈবত মন্ত্র সকল দিনে বিহিত। “প্রাগ্নয়ে বাচমীরয”[১৬] এই জাতবেদোদৈবত সূক্তের সকল মন্ত্রেরই সমাপ্তি সমান, এই হেতু ইহা নবম দিনে নবমাহের অনুকূল। উহার “স নঃ পর্ষদতি দ্বিষঃ” “স নঃ পর্ষদতি দ্বিষঃ” এইরূপে এই চরণ বহু বার পঠিত হয়।

এই নবরাত্র অনুষ্ঠানে [কর্ত্তব্যবাহুল্যহেতু] নানাবিধ নিষিদ্ধ কর্ম্ম বহু বার ঘটিয়া থাকে। এই জন্য [ঐ দোষের] শান্তির জন্যই “স নঃ পর্ষদতি দ্বিষঃ” “স নঃ পর্ষদতি দ্বিষঃ” এইরূপ [বহু বার] যে পাঠ হয়, তদ্দ্বারা ইহাদিগকে (যজমান ও ঋত্বিক্‌দিগকে) পাপ হইতে মুক্ত করা হয়।

এই সকল সূক্তের ছন্দ গায়ত্রী। এই ত্র্যহের তৃতীয় সবনের ছন্দও গায়ত্রী।

তৃতীয় খণ্ড

দশমাহ

দ্বাদশাহ যাগের প্রথম দিন প্রায়ণীয় ও শেষ দিন উদয়নীয়রূপে গণ্য হয়। মধ্যস্থ দশ দিনের তিন ভাগ। প্রথম ভাগে ছয় দিনে পৃষ্ঠ্য ষডহ; দ্বিতীয় ভাগে তিন দিনের অনুষ্ঠানের নাম ছন্দোম। প্রথম ও দ্বিতীয় ভাগের তিন ত্র্যহে সেই নয় দিনের অনুষ্ঠান বর্ণিত হইল। তৃতীয় ভাগে দশম দিনের অনুষ্ঠান এক্ষণে বর্ণিত হইবে। এই তৃতীয় ভাগের সহিত পূর্ব্ববর্ত্তী দুই ভাগের সম্বন্ধ নিরূপণ হইতেছে, যথা—“পৃষ্ঠ্যং ষডহং···শ্রেযসঃ”

পৃষ্ঠ্য ষডহ অনুষ্ঠিত হয়। [শরীরমধ্যে] যেমন মুখ, [দশরাত্র-মধ্যে] পৃষ্ঠ্য ষড়হ সেইরূপ; আর মুখের অভ্যন্তরে যেমন জিহ্বা, তালু ও দন্ত, [এ স্থলে তিনটি] ছন্দোম সেইরূপ; আর যে [ইন্দ্রিয়ের] দ্বারা বাক্য উচ্চারিত হয়, যদ্দ্বারা স্বাদু এবং অস্বাদু ভেদ জানা যায়, এই দশমাহ সেইরূপ।

নাসিকাদ্বয় যেরূপ, পৃষ্ঠ্য ষডহ সেইরূপ; আর নাসিকাদ্বয়ের মধ্যস্থল যেরূপ, ছন্দোমও সেইরূপ; আবার যদ্দ্বারা গন্ধসকল জানা যায়, দশমাহও সেইরূপ।

(১৫) ১।৯৯।১। (১৬) ১০।১৮৮।১।

অক্ষি যেরূপ, পৃষ্ঠ্য ষড়হ সেইরূপ, আর অক্ষিমধ্যে কৃষ্ণবর্ণ [তারা] যেরূপ, ছন্দোম সেইরূপ, আর যে কনীনিকা দ্বারা দেখিতে পাওয়া যায়, দশমাহ সেইরূপ।

কর্ণ যেরূপ, পৃষ্ঠ্য ষড়হ সেইরূপ; কর্ণের মধ্যস্থল যেরূপ, ছন্দোম সেইরূপ, আর যদ্দ্বারা শুনিতে পাওয়া যায়, দশমাহ সেইরূপ।

দশমাহ শ্রীস্বরূপ, যাহারা দশমাহ অনুষ্ঠান করে, তাহারা শ্রীলাভ করে। সেই জন্য দশমাহে [কোন নিষিদ্ধ অনুষ্ঠান করিলেও] তাহার প্রতিবাদ করিবে না। কেন না, শ্রীর প্রতিবাদ (নিন্দা) করা উচিত নহে, শ্রীমান্ লোকের আচরণও প্রতিবাদযোগ্য নহে।[১]

তৎপরে দশমাহের অনুষ্ঠান বর্ণিত হইতেছে, যথা—"তে ততঃ সর্পন্তি···জুহোতি"

তদনন্তর [পত্নীসংযাজ অনুষ্ঠানের পর] অনুষ্ঠানকর্ত্তারা [মানসগ্রহ অনুষ্ঠানের নিমিত্ত সদঃস্থান হইতে বাহির হইয়া] গমন করিবেন। [গমনান্তে তীর্থদেশ] মার্জ্জন করিবেন। [তৎপরে] পত্নীশালায়[২] উপস্থিত হইবেন। তাঁহাদের মধ্যে যিনি আহুতি দিবেন, তিনি অন্য সকলকে বলিবেন, তোমরা আমাকে স্পর্শ কর। তৎপরে তিনি এই মন্ত্রে আহুতি দিবেন—"ইহ রমেহ রমধ্বমিহ ধৃতিরিহ স্বধৃতিরগ্নেঽবাট্ স্বাহাঽবাট্[৩]।"

এই মন্ত্রের "ইহ রম" এই বাক্যের তাৎপর্য্য, যজমানেরা ইহলোকেই আনন্দ লাভ করুন; "ইহ রমধ্বম্" বাক্যের তাৎপর্য্য, তাঁহাদের পুত্রাদি তাঁহাদিগকে লইয়া আনন্দ লাভ করুক। "ধৃতিরিহ" এই বাক্যে অপত্যের ও "স্বধৃতিরির" এই বাক্যে বেদবাক্যের যজমানগণে স্থিতিকামনা

(১) অন্য দিনের কর্ম্মে ভ্রমপ্রমাদ ঘটিলে বা নিষিদ্ধ অনুষ্ঠান ঘটিলে তাহার সংশোধন ও প্রতিবাদের ব্যবস্থা আছে, দশমাহ শ্রীস্বরূপ হওয়ায় ঐ দিনের ভ্রমপ্রমাদের প্রতিবাদ আবশ্যক হয় না।

(২) গার্হপত্য অগ্নির নিকটে পত্নীশালা। সেইখানে গিয়া হোম করিতে হয়।

(৩) এই মন্ত্রের অর্থ—[হে যজমানগণ], তোমরা ইহলোকে রমণ কর; [তোমাদের পুত্রাদি] তোমাদিগকে লইয়া রমণ করুক; তোমাদের ধৃতি (অপত্যাদির স্থিরত্ব) হউক, তোমাদের স্বধৃতি (বেদবাক্যে স্থিরত্ব) হউক। অগ্নি (রথন্তররূপে) তোমাদের যজ্ঞ বহন করুন, স্বাহা (বৃহৎ সামরূপে) তোমাদের যজ্ঞ বহন করুন।

। “অগ্নেঽবাট্” এই বাক্যে বথন্তবেব এবং “স্বাহাঽবাট্” এই বাক্যে বৃহতেব স্থিতি কামনা হইতেছে।

এই যে বৃহৎ ও বথন্তব, ইহাবা দেবগণেব পক্ষে মিথুনস্বৰূপ। এই দেবগণেব মিথুনদ্বাবা [মনুষ্যেব] মিথুন পাওয়া যায় ; দেবগণেব মিথুনদ্বাবা [মনুষ্যেব] মিথুন উৎপন্ন হয। যে ইহা জানে, সে প্রজা ও পশুদ্বাবা বৰ্দ্ধিত হইয়া সমৃদ্ধ হয।

তৎপবে [পত্নীশালাব গার্হপত্যস্থান হইতে] তাঁহাবা বাহিবে আসিবেন, সেই স্থান মার্জ্জন কবিবেন ও আগ্নীধ্রীযে উপস্থিত হইবেন। তাঁহাদেব মধ্যে যিনি আহুতি দিবেন, তিনি আব সকলকে বলিবেন, তোমবা আমাকে স্পর্শ কব, ও তৎপবে এই মন্ত্রে আহুতি দিবেন ; “উপস্থজন্ ধরুণং মাতবং ধরুণো ধযন্। বাযস্পোষমিযমূর্জ্জমস্মাসু দীধবৎ স্বাহা।”[৪]

যেখানে ইহা জানিযা এই আহুতি দেওযা হয, সে স্থলে আপনাব জন্য ও যজমানদিগেব জন্য ধন, পুষ্টি, অন্ন ও বস বক্ষা কবা হয।

চতুর্থ খণ্ড

দশমাহ

পত্নীশালাব গার্হপত্যে ও তদনন্তব আগ্নীধ্রীযে হোমেব পব অন্যান্য কর্ত্তব্য, যথা—“তে ততঃ···বেদ”

তদনন্তব তাঁহাবা [আগ্নীধ্রীয হইতে] বাহিবে আসেন ও সদঃস্থানে উপস্থিত হন। [সদঃপ্রবেশকালে] উদ্গাতাবা একসঙ্গে যান, অন্য ঋত্বিকেবা আপন আপন নির্দ্দিষ্ট পথে যান। উদ্গাতাবা সর্পবাজ্ঞীব ঋক্‌সমূহ দ্বাবা স্তোত্র পাঠ কবেন।

এই যে [ভূমি], ইনিই সর্পবাজ্ঞী ; ইনিই সর্পণশীল (গতিশীল) সকল [জীবেব] বাজ্ঞী, ইনি অগ্রে (বৃক্ষোৎপত্তিব পূর্ব্বে) লোমহীনা

(৪) এই মন্ত্রের অর্থ, জগতের ধারণকর্ত্তা প্রজাপতি আমাদের ধারণকর্ত্তা পিতাকে ও মাতাকে আমাদের সহিত যুক্ত করিয়া আমাদের দত্ত হব্য পান করুন ও আমাদের ধন, পুষ্টি, অন্ন ও রস সম্পাদন করুন—স্বাহা।

ছিলেন; তিনিই "আহয়ং গৌঃ পৃশ্নিরক্রমীৎ" এই মন্ত্র[১] দেখিয়াছিলেন। তাহাতেই তিনি পৃশ্নিবর্ণ অর্থাৎ [নীলপীতাদি] নানা রূপ পাইয়াছিলেন। বনস্পতি ও ওষধি যাহা কিছু আছে, তন্মধ্যে তিনি যাহা যাহা কামনা করিয়াছিলেন, সে সকলই তিনি পাইয়াছিলেন। যে ইহা জানে, সে যাহা যাহা কামনা করে, সেই সমস্ত নানারূপ পৃশ্নিবর্ণ বস্তু পাইয়া থাকে।

এই [সর্পরাজ্ঞীর স্তোত্র গানে] প্রস্তোতা মনে মনে প্রস্তাবাংশ পাঠ করেন, উদ্গাতা মনে মনে উদ্গীথাংশ পাঠ করেন, প্রতিহর্ত্তা মনে মনে প্রতিহারাংশ পাঠ করেন, কেবল হোতা স্পষ্ট বাক্যে শস্ত্র পাঠ করেন। কেন না, বাক্য ও মন উভয়েই দেবগণের পক্ষে মিথুনস্বরূপ; দেবগণের সেই মিথুন দ্বারা [মনুষ্যের] মিথুন পাওয়া যায়, দেবগণের মিথুন দ্বারা [মনুষ্যের] মিথুন উৎপন্ন হয়। যে ইহা জানে, সে প্রজা ও পশুদ্বারা বর্দ্ধিত হইয়া সমৃদ্ধ হয়।

তদনন্তর হোতা চতুর্হোতৃমন্ত্র উচ্চে পাঠ করেন; উদ্গাতৃগণের [সর্পরাজ্ঞী] স্তোত্রপাঠের পর ইহা পঠিত হয়। এই যে চতুর্হোতৃ-মন্ত্রসমূহ, ইহা দেবগণের গুহ্য যজ্ঞিয় নাম। হোতা যে এই চতুর্হোতৃমন্ত্রের ব্যাখ্যা করেন, এতদ্দ্বারা দেবগণের গুহ্য যজ্ঞিয় নাম প্রকাশ করা হয়। ঐ নাম এইরূপে প্রকাশিত হইয়া হোতাকেও প্রকাশিত (খ্যাতিযুক্ত) করে। যে ইহা জানে, সেও প্রকাশ (খ্যাতি) লাভ করে।

এ বিষয়ে কেহ কেহ বলিয়া থাকেন, যদি কোন অনূচান (বেদজ্ঞ) ব্রাহ্মণ [বাগ্মিতার অভাবে] যশোলাভে বঞ্চিত হন, তিনি অরণ্যে প্রবেশ করিয়া কুশতৃণসমূহ উর্দ্ধমুখে গাঁথিয়া আপনার দক্ষিণ পার্শ্বে কোন [বেদজ্ঞ] ব্রাহ্মণকে বসাইয়া উচ্চস্বরে চতুর্হোতৃমন্ত্র পাঠ করিবেন।

এই যে চতুর্হোতৃমন্ত্র, ইহা দেবগণের গুহ্য ও যজ্ঞিয় নাম। যিনি চতুর্হোতৃমন্ত্রের উচ্চে পাঠ করেন, তিনি দেবগণের গুহ্য যজ্ঞিয় নাম প্রকাশ করেন। সেই নাম প্রকাশিত হইয়া তাঁহাকে প্রকাশিত করে। যে ইহা জানে, সেও প্রকাশ লাভ করে।

(১) ১০।১৯০।১ ঐ মন্ত্রগুলির নাম সর্পরাজ্ঞী মন্ত্র। ভূমিদেবী এই মন্ত্র দর্শনের পর নানা বর্ণের বৃক্ষ ও ওষধিসমূহ পাইয়া লোমযুক্ত হইয়াছিলেন।

পঞ্চম খণ্ড

দশমাহ

চতুর্হোতৃমন্ত্র পাঠের পূর্ব্ববর্ত্তী আনুষঙ্গিক অনুষ্ঠান উদুম্বরশাখাস্পর্শ, যথা—"অথৌদুম্বরীং···বিসৃজেরন্"

অনন্তর সকলে মিলিয়া "ইষমূর্জ্জমন্বারভে"—অন্নরূপ ও রসরূপ এই ঔদুম্বরী স্পর্শ করিতেছি—এই মন্ত্রে [সদঃস্থানে নিহিত] উদুম্বর-শাখা স্পর্শ করেন। এই উদুম্বরই [ঐ মন্ত্রোক্ত] অন্নস্বরূপ ও রসস্বরূপ। পুরাকালে দেবগণ আপনাদের মধ্যে অন্ন ও রস বিভাগ করিয়া লইয়াছিলেন, তৎকালে [ভূমিপতিত অন্নরসের অংশ হইতে] উদুম্বর উৎপন্ন হইয়াছিল। সেই জন্য সেই উদুম্বরবৃক্ষ সংবৎসরমধ্যে তিন বার ফলবান্ হয়। এই যে উদুম্বর স্পর্শ করা হয়, এতদ্দ্বারা ভক্ষণীয় অন্নকে ও রসকেই স্পর্শ করা হয়।

তৎপরে বাক্‌সংযম (মৌন ধারণ) করা হয়। যজ্ঞই বাক্‌স্বরূপ, এতদ্দ্বারা যজ্ঞকেই নিয়মিত করা হয়। দিবাভাগে বাক্-সংযম হয়। দিবাভাগ স্বর্গলোকস্বরূপ, এতদ্দ্বারা স্বর্গলোককেই নিয়মিত (অধীন) করা হয়।

দিবাভাগে বাগ্‌বিসর্গ করিবে না (কথা কহিবে না); দিবাভাগে বাগ্‌বিসর্গ করিলে দিনকে শত্রুর স্থানে দেওয়া হইবে। রাত্রিতেও বাগ্‌বিসর্গ করিবে না। রাত্রিতে বাগ্‌বিসর্গ করিলে রাত্রিকেও শত্রুর স্থানে দেওয়া হইবে।

[দিনে বা রাত্রিতে কথা না কহিয়া] যখন সূর্য্য অস্তগমন-কাল প্রাপ্ত হইবে, সেই সময়ে বাগ্‌বিসর্গ করিবে। তাহাতে কেবল সেই [অস্তগমন] কালটুকুই শত্রুর স্থানে দেওয়া হইবে।

অথবা সূর্য্য অস্তগত হইবা মাত্র বাগ্‌বিসর্গ করিবে; তদ্দ্বারা দ্বেষকারী শত্রুকে তমোমগ্ন করা হইবে।

[সদঃস্থান হইতে বাহিরে আসিয়া] আহবনীয়ে পরিভ্রমণ করিয়া বাগ্‌বিসর্গ করিবে। আহবনীয় যজ্ঞস্বরূপ; আহবনীয় স্বর্গলোকস্বরূপ, ইহাতে যজ্ঞদ্বারা ও স্বর্গলোক দ্বারা স্বর্গলোক পাওয়া যায়।

"যদিহোনমকর্ম্ম যদত্যবীবিচাম প্রজাপতিং তৎ পিতরমপ্যেতু"—এই যজ্ঞে যে কর্ম্ম উন (অসম্পূর্ণ) বা যাহা অকর্ম্ম (অননুষ্ঠিত) আছে এবং যাহা অতিবিক্ত হইযাছে, সেই সমস্ত [দোষজনক অনুষ্ঠান] পিতা প্রজাপতিকে প্রাপ্ত হউক—এই মন্ত্রে বাগ্‌বিসর্গ কবিবে। সকল প্রজা প্রজাপতিব পশ্চাৎ জন্মগ্রহণ কবিযাছে; উন বা অতিবিক্ত উভয় পদার্থেবই আশ্রযস্থান প্রজাপতি, সেই জন্য [এই মন্ত্র পাঠ কবিলে] উন বা অতিবিক্ত কোন দোষই অনুষ্ঠাতাব বিঘ্ন জন্মায না। যে ইহা জানিযা ঐ মন্ত্রে বাগ্‌বিসর্গ কবে, সে উন ও অতিবিক্ত উভয কর্ম্মকেই লক্ষ্য কবিযা প্রজাপতিকেই প্রাপ্ত হয। সেই জন্য এইরূপ জানিযা ঐ মন্ত্র দ্বাবাই বাগ্‌বিসর্গ কবিবে।

ষষ্ঠ খণ্ড

দশমাহ

অনন্তর চতুর্হোতৃমন্ত্রেব ব্যাখ্যান, যথা—"অধ্বর্য্যো···উপবক্তাসীৎ"

চতুর্হোতৃমন্ত্র বলিবাব পূর্ব্বে হোতা "অধ্বর্য্যো" বলিয়া আহ্বান কবিবেন; ইহাই এ স্থলে আহাব মন্ত্র হইবে।[১]

"ওঁ হোতস্তথা হোতঃ"—অহে হোতা, তাহাই হউক, অহে হোতা, তাহাই কব—এই মন্ত্রে অধ্বর্য্যু প্রতিগব কবিবেন। [হোতার পাঠ্য পববর্ত্তী] দশটি পদেব প্রত্যেক পদেব অবসানে প্রতিগব কবিবেন। [প্রথম পদ] "তেষাং চিত্তিঃ স্রুগাসীৎ"—[প্রজাপতি গৃহপতি ও দেবগণ যজমান হইয়া যে হোম কবিয়াছিলেন, তাহাতে] সেই দেবগণেব চিত্তি (বিষয়বোধশক্তি) স্রুক্-(জুহূ)-স্বরূপ হইযাছিল। [দ্বিতীয় পদ] "চিত্তমাজ্যমাসীৎ"—তাঁহাদেব চিত্ত (অন্তঃকবণ) আজ্য হইয়াছিল। [তৃতীয পদ] "বাগ্ বেদিবাসীৎ"—বাগিন্দ্রিয বেদি হইয়াছিল। [চতুর্থ পদ] "আধীতং বর্হিবাসীৎ"—ধ্যানলব্ধ যাবতীয় বস্তু বর্হি হইয়াছিল।

(১) শস্ত্রপাঠের পূর্ব্বে যেমন "শোংসাবোম্" ইত্যাদি মন্ত্র দ্বারা আহাব হয়, এ স্থলে সেইরূপ আহাবমন্ত্র "অধ্বর্য্যো"।

[পঞ্চম পদ] "কেতো অগ্নিবাসীৎ"—জ্ঞান অগ্নি হইয়াছিল। [ষষ্ঠ পদ] "বিজ্ঞাতমগ্নীদাসীৎ"—বিজ্ঞান আগ্নীধ্র নামক ঋত্বিক্ হইয়াছিল। [সপ্তম পদ] "প্রাণো হবিরাসীৎ"—প্রাণ হব্য হইয়াছিল। [অষ্টম পদ] "সামাধ্বর্য্যুরাসীৎ"—সাম অধ্বর্য্যু হইয়াছিল। [নবম পদ] "বাচস্পতির্হোতাসীৎ"—বৃহস্পতি হোতা হইয়াছিলেন। [দশম পদ] "মন উপবক্তা আসীৎ"—মন উপবক্তা (মৈত্রাবরুণ) হইয়াছিলেন।[২]

চতুর্হোতৃমন্ত্র পাঠের পর মানস গ্রহ গ্রহণের জন্য হোতার পাঠ্য অবগ্রহমন্ত্র, যথা—"তে বা এতং· ·রাৎস্যাম"

"তে বা এতং গ্রহমগৃহ্নত" তাঁহারা (প্রজাপতি সহিত দেবগণ) এই [মানস] গ্রহ গ্রহণ করিয়াছিলেন। [গ্রহণকালে বৃহস্পতিকে সম্বোধন করিয়া বলিয়াছিলেন] "বাচস্পতে বিধে নামন"—অহে বাচস্পতি, অহে বিধি, অহে নময়িতা, "বিধেম তে নাম"—তোমার নাম খ্যাত করিতেছি; "বিধেস্ত্বস্মাকং নাম্না দ্যাং গচ্ছ"—তুমি আমাদের কীর্ত্তি সম্পাদন কর ও কীর্ত্তিসহিত স্বর্গে যাও—"যাং দেবাঃ প্রজাপতিগৃহপতয়ঃ ঋদ্ধিমরাধ্নু বংস্তামৃদ্ধিং রাৎস্যামঃ"—প্রজাপতিকে গৃহপতিরূপে পাইয়া দেবগণ যে ঋদ্ধি (ঐশ্বর্য্য) লাভ করিয়াছিলেন, আমরা (যজমানেরা) যেন সেই ঋদ্ধি পাইতে পারি।

চতুর্হোতৃমন্ত্র ও গ্রহমন্ত্র পাঠের পর হোতা প্রজাপতিতনূ নামক মন্ত্র ও ব্রহ্মোদ্য নামক মন্ত্র পাঠ করিবেন, যথা—"অথ প্রজাপতেঃ···অরাৎস্ম"

অনন্তর প্রজাপতিতনূমন্ত্র ও ব্রহ্মোদ্য মন্ত্র যথাক্রমে পাঠ করিবে।

(২) চিত্তি প্রভৃতি শব্দের সায়ণ এইরূপ অর্থ দিয়াছেন,—

ইদং বস্তু ঈদৃশমেব ন তু অন্যথা ইতি যা সম্যগ্‌জ্ঞানরূপা মনোবৃত্তিঃ সা চিত্তিঃ। পূর্ব্বোক্তায়াঃ চিত্তিরূপায়াঃ বৃত্তেরাধারভূতং যদন্তঃকরণং তৎ চিত্তম্। বাগ্‌ বাগিন্দ্রিয়ম্। আ সমন্তাদ্ ধীতং মনসা ধ্যাতং যদ্বস্তু তদ্ আধীতম্। কেতুর্জ্ঞানমাত্রম্। মনসা বিশেষণ-নিশ্চিতং যদ্বস্তু তদ্ বিজ্ঞাতম্। প্রাণঃ প্রাণবায়ুঃ। সাম যদ্ গীয়মানম্। বাচস্পতির্বৃহস্পতিঃ। মনঃ অন্তঃকরণম্ যদপ্যেকমেবান্তঃকরণং চিত্তশব্দেন মনঃশব্দেন অভিধীয়তে তথাপি অবস্থাবিশেষো দ্রষ্টব্যঃ। চিত্তিকেত্বাদি বৃত্তিজনকত্বাকারেণ চিত্তম্। বৃত্তিরহিত-স্বরূপাব-স্থানাকারেণ মনঃ।

উক্ত দশটি পদের প্রত্যেক পদ পাঠের পর অধ্বর্য্যু প্রতিগর উচ্চারণ করেন। এই দশ পদ একত্র যোগে চতুর্হোতৃমন্ত্র।

[প্রজাপতিতনু মন্ত্র] "অন্নাদা চান্নপত্নী চ ভদ্রা চ কল্যাণী চ অনিলয়া চাপভয়া চ অনাপ্তা চানাপ্যা চ অনাধৃষ্যা চাপ্রতিধৃষ্যা চ অপূর্ব্বা চাভ্রাতৃব্যা চ"[৩] এ স্থলে অন্নাদা ও অন্নপত্নী [প্রজাপতির এই দুই মূর্ত্তিমধ্যে] অন্নাদা মূর্ত্তি অগ্নি এবং অন্নপত্নী মূর্ত্তি আদিত্য ; তদ্রূপ ভদ্রা মূর্ত্তি সোম ও কল্যাণী মূর্ত্তি পশুগণ ; অনিলযা মূর্ত্তি বাযু, কেন না, এই বাযু কখনও গতিহীন হন না, আব অপভযা মূর্ত্তি মৃত্যু, কেন না, আব সকলেই মৃত্যু হইতে ভয পায ; অপিচ অনাপ্তা (অপ্রাপ্তা) মূর্ত্তি পৃথিবী ও অনাপ্যা (অপ্রাপ্যা) মূর্ত্তি স্বর্গ : অনাধৃষ্যা মূর্ত্তি অগ্নি ও অপ্রতিধৃষ্যা মূর্ত্তি আদিত্য , অপূর্ব্বা (সকলেব অগ্রে স্থিত) মূর্ত্তি মন ও অভ্রাতৃব্যা (অপবাজেয) মূর্ত্তি সংবৎসব ।

এই দ্বাদশটিই প্রজাপতিব তনু (মূর্ত্তি) , এই দ্বাদশ তনুতে প্রজাপতি সম্পূর্ণ হন ; এই মন্ত্র পাঠে দশমাহ সম্পূর্ণতাপ্রাপ্ত প্রজাপতিকে লাভ কবে ।

অনন্তব ব্রহ্মোদ্য মন্ত্র বলিবে ।[৪] কেহ বলিবেন, "অগ্নির্গৃহপতিঃ"—অগ্নিই গৃহপতি ; অন্যে বলিবেন, "সোঽস্য লোকস্য গৃহপতিঃ"—না, অগ্নি কেবল এই ভূলোকেবই গৃহপতি , কেহ বলিবেন, "বাযুর্গৃহপতিঃ"—বাযুই গৃহপতি ; অন্যে বলিবেন, "সোঽন্তবিক্ষলোকস্য গৃহপতিঃ"—বাযু কেবল অন্তবিক্ষলোকেব গৃহপতি , তখন সকলে বলিবেন, "অসৌ বৈ গৃহপতির্যোঽসৌ তপতি"—ঐ যিনি তাপ দেন, সেই [আদিত্যই] গৃহপতি । ঋতুসকল গৃহস্বরূপ ও উনিই তাহাব পতি । যে দেব সেই ঋতুসকলেব পতি, তাঁহাকে গৃহপতি জানিযা যে গৃহপতি হয, সেই গৃহপতিই সমৃদ্ধি লাভ কবে ও সেই যজমানেবাও সমৃদ্ধি লাভ কবে । ঋতুসকলেব পতি ঐ দেবতাকে পাপহীন জানিযা যে গৃহপতি হয, সেই গৃহপতি স্বযং পাপহীন হয, সেই যজমানেবাও পাপহীন হয । [শেষে বলিবেন] "অধ্বর্যো অরাৎস্ম"—অহে অধ্বর্যু, আমবাও সমৃদ্ধ হইব, আমবাও সমৃদ্ধ হইব ।

(৩) অন্নাদা ও অন্নপত্নী প্রভৃতি প্রজাপতির দ্বাদশ মূর্ত্তির স্বরূপ কথিত হইতেছে ।

(৪) ব্রাহ্মণগণের কথাচ্ছলে যে মন্ত্র কথিত হয়, তাহা ব্রহ্মোদ্য মন্ত্র । ব্রাহ্মণানামুদ্যং সংবাদো ব্রহ্মোদ্যম্ ।

পঞ্চবিংশ অধ্যায়

প্রথম খণ্ড

অগ্নি‌হোত্র

দ্বাদশাহ যাগেব বিববণ সমাপ্ত হইল। এইবাব অগ্নিহোত্রেব বিববণ দেওয়া হইবে। অগ্নিহোত্র যাগে কেবল একজন ঋত্বিক্ আবশ্যক হয; তিনি অধ্বর্য্যু। তিনি যজমান কর্ত্তৃক প্রেষিত হইয়া গার্হপত্য অগ্নি হইতে জ্বলন্ত অগ্নি উদ্ধৃত কবিযা আহবনীয়ে স্থাপিত কবেন। সায়ংকালে ও প্রাতঃকালে এই অনুষ্ঠানে অগ্নিহোত্রেব আবম্ভ হয। যথা—

যজমান অপবাহ্নে [অধ্বর্য্যুকে] বলিবেন, [গার্হপত্য হইতে] আহবনীয অগ্নি উদ্ধৃত ককন। যজমান সমস্ত দিন যে সৎকর্ম্ম কবিযাছেন, এতদ্দ্বাবা তৎসমস্তই উদ্ধৃত কবিযা নির্ভয আহবনীয়ে স্থাপন কবা হয। যজমান প্রাতঃকালে [অধ্বর্য্যুকে] বলিবেন, আহবনীয অগ্নি উদ্ধৃত ককন। তিনি সমস্ত বাত্রিতে যে সৎকর্ম্ম কবিযাছেন, এতদ্দ্বাবা তৎসমস্তই উদ্ধৃত কবিযা নির্ভয আহবনীযে স্থাপন কবা হয। আহবনীয যজ্ঞস্বরূপ, আহবনীয স্বর্গস্বৰূপ; যে ইহা জানে, সে স্বর্গলোককে যজ্ঞস্বৰূপ স্বর্গলোকে স্থাপন কবে। যে যজমান অগ্নিহোত্রে ব্যবহার্য্য হোমদ্রব্যকে বিশ্বদেব-দৈবত, ষোডশকলান্বিত ও পশুগণে প্রতিষ্ঠিত বলিযা জানে, সে বিশ্বদেব-দৈবত, ষোডশকলান্বিত ও পশুগণে প্রতিষ্ঠিত অগ্নিহোত্র যজ্ঞদ্বাবা সমৃদ্ধ হয। ঐ হোমদ্রব্য (ক্ষীব) যত ক্ষণ গাভীব শবীবে থাকে, তখন উহাব দেবতা রুদ্র, যখন বৎসেব স্পর্শে আইসে, তখন উহাব দেবতা বসু; যখন উহা দোহন কবা যায, তখন দেবতা অশ্বিদ্বয; দোহনান্তে দেবতা সোম, অগ্নিতে পাকেব সময দেবতা বরুণ; পাত্রমধ্যে তাপে স্ফীত হইযা উঠিবাব সময দেবতা পুষা; পাত্র হইতে উথলিযা পডিবাব সময় দেবতা মরুদ্গণ; বুদ্বুদযুক্ত অবস্থায দেবতা বিশ্বদেবগণ; শব পডিলে দেবতা মিত্র; অগ্নি হইতে নামাইযা বাখিলে দেবতা দ্যাবাপৃথিবী; হোমেব জন্য গ্রহণেব উপক্রম কবিলে দেবতা সবিতা; গ্রহণ কবিয়া লইযা যাইবাব সময দেবতা বিষ্ণু, বেদিতে বাখিলে দেবতা বৃহস্পতি; প্রথম আহুতিকালে দেবতা অগ্নি, শেষাহুতিকালে দেবতা প্রজাপতি; আহুতির

পর দেবতা ইন্দ্র। এইরূপে অগ্নিহোত্রের হোমদ্রব্য বিশ্বদেবদৈবত, [উল্লিখিতরূপ] ষোড়শ-অবস্থাযুক্ত এবং পশুগণে প্রতিষ্ঠিত হয়। যে ইহা জানে, সে বিশ্বদেবদৈবত, ষোডশকলান্বিত ও পশুগণে প্রতিষ্ঠিত অগ্নিহোত্র যজ্ঞদ্বারা সমৃদ্ধ হয়।

দ্বিতীয় খণ্ড

অগ্নিহোত্র

অগ্নিহোত্র যজ্ঞে বৈকল্য ঘটিলে তাহার প্রায়শ্চিত্ত ব্যবস্থা. যথা—“যস্যাগ্নিহোত্রী… …জুহোতি”

যে যজমানের অগ্নিহোত্রী গাভী বৎসসংযোগের পর দোহনকালে বসিয়া পড়ে, সেখানে কি প্রায়শ্চিত্ত হইবে ?

সেই গাভীকে লক্ষ্য করিয়া এই মন্ত্র পাঠ করিবে—“যস্মাদ্ভীষা নিষীদসি ততো নো অভয়ং কৃধি। পশূন্নঃ সর্ব্বান্ গোপায় নমো রুদ্রায় মীঢুষে”—যাহার ভয়ে তুমি বসিয়াছ, তাহা হইতে আমাদের অভয় সম্পাদন কর, আমাদের সকল পশুকে রক্ষা কর; সেচনসমর্থ রুদ্রকে প্রণাম। তৎপরে এই মন্ত্রে গাভীকে উঠাইবে—“উদস্থাদ্ দেব্যদিতিরায়ুর্যজ্ঞপতাবধাৎ। ইন্দ্রায় কৃণ্বতী ভাগং মিত্রায় বরুণায় চ”—দেবী অদিতি উঠিয়াছেন, উঠিয়া যজ্ঞপতিতে (যজমানে) আয়ু স্থাপন করিয়াছেন, ইন্দ্রকে, মিত্রকে ও বরুণকে আপনার ভাগ দিয়াছেন। তৎপরে তাহার বাঁটে জল দিয়া ও মুখে জল দিয়া সেই গাভী ব্রাহ্মণকে দান করিবে। ইহাই এ স্থলে প্রায়শ্চিত্ত।

যাহার অগ্নিহোত্রী গাভী বৎসসংযোগের পর দোহনকালে হম্বারব করে, সে স্থলে কি প্রায়শ্চিত্ত? ঐ গাভী যজমানকে আপনার ক্ষুধা জানাইবার জন্যই ঐরূপ রব করে; অতএব [অমঙ্গলের] শান্তির জন্য তাহাকে এই মন্ত্রে অন্ন (তৃণাদি) খাওয়াইবে, কেন না, অন্নই শান্তিহেতু। [মন্ত্র] “সূযবসাদ্ভগবতী হি ভূয়াঃ”—ভগবতী, তুমি সুন্দরতৃণভোজিনী হও। এ স্থলে ইহাই প্রায়শ্চিত্ত।

যাহার অগ্নিহোত্রী গাভী বৎসসংযোগের পর দোহনকালে বিচলিত হয় [ও ক্ষীর ফেলিয়া দেয়], সে স্থলে কি প্রায়শ্চিত্ত? ভূমিতে যে

ক্ষীব ফেলিয়া দিবে, তাহা স্পর্শ কবিয়া এই মন্ত্র জপ কবিবে—"যদন্থ দুগ্ধং পৃথিবীমস্থপ্ত যদোষধীবত্যস্থপদ্ যদাপঃ। পযো গৃহেষু পযো অঘ্ন্যাযাং পযো বৎসেষু পযো অস্তু তন্ময়ী"—যে দুগ্ধ পৃথিবীতে পতিত হইয়াছে, যাহা ওষধিব উপব (ঘাসেব উপব) পড়িযাছে, যাহা জলে পড়িযাছে, সেই সমুদয দুগ্ধ আমাদেব গৃহে, আমাদেব গাভীতে, আমাদেব বৎসে ও আমাদেব শবীবে (উদবে) স্থান লাভ করুক। যে দুগ্ধ অবশিষ্ট থাকিবে, তাহা যদি হোমেব পক্ষে পর্য্যাপ্ত হয, তবে [প্রাযশ্চিত্তেব পব] তদ্দ্বাবাই হোম কবিবে। কিন্তু যদি সমস্ত দুগ্ধই ভূপতিত হয, তাহা হইলে অন্য গাভী আনিযা, তাহাকে দোহন কবিযা তদ্দ্বাবা হোম কবিবে। [যদি অন্য গাভী না পাওযা যায] তাহা হইলে অন্য দ্রব্যে, অন্ততঃ শ্রদ্ধা দ্বাবাও হোম কবিবে।[১] যে ইহা জানিযা অগ্নিহোত্র হোম কবে, তাহাব সকল দ্রব্যই যজ্ঞযোগ্য হইযাছে, সকল দ্রব্যই হোমার্থ গৃহীত হইযাছে।

তৃতীয় খণ্ড

অগ্নিহোত্র

শ্রদ্ধাহোমেব কথা বলা হইল। শ্রদ্ধাহোমে কোন পার্থিব দ্রব্য হব্যরূপে দেওযা হয না; ইহাব দক্ষিণাস্বরূপ গবাদি পশু বা অন্য ধন দিতে হয না। এই হেতু ইহাকে ভাবনাহোমও বলে। এই ভাবনাহোমেব সম্বন্ধে বলা হইতেছে, যথা—"অসৌ বা অস্য…অগ্নিহোত্রং জুহোতি"

[ভাবনা-হোম বিষযে] যজমানেব পক্ষে ঐ আদিত্য যূপস্বরূপ, পৃথিবী বেদিস্বরূপ, ওষধিসকল বর্হিঃস্বরূপ, বনস্পতি-সকল ইধ্মস্বরূপ, জল প্রোক্ষণীস্বরূপ ও দিক্‌সমূহ পবিধিস্বরূপ হইযা থাকে। যে ইহা জানিযা অগ্নিহোত্র হোম কবে, তাহাব সম্পর্কযুক্ত যাহা কিছু ইহলোকে নষ্ট হয, যে কেহ মবিযা যায, যাহা কিছু অপগত হয, সে সমস্তই যজ্ঞে

(১) দুগ্ধ না পাইলে দধি বা যবাগু প্রভৃতি হোমদ্রব্যে হোম করিবে। তাহাও না পাইলে "অহং শ্রদ্ধাং জুহোমি" এই সঙ্কল্প দ্বারা শ্রদ্ধাহোম কবিবে। অগ্নিহোত্র কিছুতেই পরিত্যাগ করিবে না।

প্রদত্ত বস্তুর ন্যায় ঐ স্বর্গলোকে তাহাব নিকট ফিবিয়া আসে। ঐ শ্রদ্ধাহোমকাবী কখনও দেবগণকে, কখনও মনুষ্যকে, এমন কি, জগতে যাহা কিছু আছে, তৎসমস্তই দক্ষিণাস্বরূপে কল্পনা কবেন। সায়ংকালে আহুতিব সময [ঋত্বিক্-রূপে কল্পিত] দেবগণেব হস্তে মনুষ্যগণকে ও এমন কি, জগতে যাহা কিছু আছে, তৎসমস্তই দক্ষিণাস্বরূপে অর্পণ কবা হয। দেবগণে দক্ষিণাস্বরূপে সমর্পিত হইলে মনুষ্যগণ [বাত্রিকালে] গৃহবুদ্ধিশূন্য হইযা শয্যায লীন হইযা পডে। প্রাতঃকালে আহুতিব সময [ঋত্বিক্-রূপে কল্পিত] মনুষ্যগণেব হস্তে দেবগণকে ও এমন কি, জগতে যাহা কিছু আছে, তৎসমস্তই দক্ষিণাস্বরূপে দেওযা হয। তখন (দিবাভাগে) দেবগণ [মনুষ্যেব অধীন হইযা] আমি [ঐ ব্যক্তিব] এই কার্য্য কবিব, আমি [ঐ ব্যক্তিব নিকট] ঐ স্থানে যাইব, এইরূপ বলিতে বলিতে [মনুষ্যেব] অভিপ্রায বুঝিযা কার্য্য কবিবাব চেষ্টা কবেন।[১] যে ইহা জানিযা অগ্নিহোত্র হোম কবে, সে সর্ব্বস্ব [দক্ষিণা-স্বরূপে] দান কবিলে যে যে লোক অর্জ্জন কবা যায, সেই সমস্ত লোকই অর্জ্জন কবিযা থাকে।

তৎপবে অগ্নিহোত্র-প্রশংসা, যথা—"অগ্নযে বা এষঃ·· অগ্নিহোত্রং জুহোতি"

সাযংকালে অগ্নিতে যে আহুতি দেওযা যায, তাহা [গবামযন যাগেব আবম্ভে প্রযুক্ত] আশ্বিন শস্ত্রেব তুল্য। এ স্থলে [অগ্ন্যুদ্ধবণ মন্ত্রেব অন্তর্গত] বাক্ শব্দই প্রতিগবেব কার্য্য কবে। যে ইহা জানিযা অগ্নিহোত্র হোম কবে, অগ্নিব সাহায্যে তাহাব [গবামযনেব আবম্ভে] বাত্রিতে বিহিত আশ্বিন শস্ত্র পাঠেব ফল হয।

প্রাতঃকালে আদিত্যকে যে আহুতি দেওযা যায, তাহা [গবামযনেব শেষ ভাগে প্রযুক্ত] মহাব্রতেব তুল্য হয। এ স্থলে [অগ্নিহোত্রভক্ষণ

(১) সায়ংহোমে দেবগণ ঋত্বিক্, মনুষ্য ও অন্য যাবতীয় জাগতিক পদার্থ দক্ষিণা। দক্ষিণারূপে দেবগণের হস্তে সমর্পিত হইলে মনুষ্য রাত্রিকালে ঘুমাইয়া পড়ে ও সম্পূর্ণভাবে দেবগণের অধীন হয়। প্রাতর্হোমে মনুষ্যগণই ঋত্বিক্, দেবগণ ও জাগতিক পদার্থ তাঁহাদের নিকট প্রদত্ত দক্ষিণা। দিনের বেলায় দেবতারা মনুষ্যের অধীন হইয়া তাঁহাদের হিতসাধনার্থ নিযুক্ত থাকেন।

মন্ত্রেব অন্তর্গত][২] অন্ন শব্দে [অন্নরূপ] প্রাণই প্রতিগবের কার্য্য কবে। যে ইহা জানিযা অগ্নিহোত্র হোম কবে, আদিত্যেব সাহায্যে তাহাব মহাব্রতদিবসেব [নিষ্কেবল্য] শস্ত্র পাঠেব ফল হয়।

এই অগ্নিহোত্রে সংবৎসবমধ্যে সাযংকালীন আহুতিসংখ্যা সাত শত বিশ; সংবৎসবমধ্যে প্রাতঃকালীন আহুতিসংখ্যাও সাত শত বিশ, এইরূপে আহুতিসংখ্যা [গবাময়ন যাগে] অগ্নিব যজুর্মন্ত্রপূত ইষ্টকসংখ্যাব সমান। যে ইহা জানিযা অগ্নিহোত্র হোম কবে, তাহাব সংবৎসবমধ্যে [গবামযন সত্রেব] চিত্য অগ্নিদ্বাবা যাগ কবাব ফল হয।[৩]

চতুর্থ খণ্ড

অগ্নিহোত্র

তৎপব অগ্নিহোত্রেব সময সম্বন্ধে কথা—"বৃষশুষ্মো হ···হোতব্যম্"

জাতূকর্ণ্য (জতূকর্ণেব পৌত্র) বাতাবত (বতাবতেব পুত্র) বৃষশুষ্ম[১] ঋষি [অগ্নিহোত্রীদিগকে সম্বোধন কবিযা] বলিযাছিলেন, পূর্ব্বে অগ্নিহোত্র দুই দিনে আহুত হইত, এখন কিন্তু এক দিনেই হইতেছে, ইহা দেবগণকে আমি বলিযা দিব।[২]

গন্ধর্ব্বকর্ত্তৃক গৃহীতা কুমাবী (কোন ঋষিকন্যা) এইরূপ বলিযাছিলেন, পূর্ব্বে অগ্নিহোত্র দুই দিনে আহুত হইত, এখন কিন্তু এক দিনেই হইতেছে, ইহা আমি পিতৃগণকে বলিযা দিব।

[সূর্য্য] অস্তগত হইলে সাযংহোম কবিলে ও অনুদিত থাকিতে প্রাতঃকালে হোম কবিলে এক দিনে অগ্নিহোত্রেব হোম হয; আব

(২) "অন্নং পয়ো রেতোঽস্মাসু" এই মন্ত্রে অগ্নিহোত্রের হব্য ভক্ষণ করিতে হয়।

(৩) গবাময়ন যাগারম্ভে অতিরাত্রে উত্তরবেদি নির্ম্মাণ করিতে হয়। উহাতে ১৪৪০খানি ইষ্টক আবশ্যক, প্রত্যেক ইষ্টকের স্থাপনায় পৃথক্ যজুর্মন্ত্র পঠিত হয়। এই বেদিতে স্থাপিত অগ্নির নাম—চিত্য অগ্নি।

(১) বৃষের ন্যায় বলশালী (সায়ণ)।

(২) প্রাচীন ঋষিরা দুই দিনে হোম করিতেন। আধুনিক ঋষিরা এক দিনে করিতেছেন। ইহা অনুচিত। (সায়ণ)

অস্তগমনেব পব সাযংকালে ও উদযেব পব প্রাতঃকালে হোম কবিলে দুই দিনে হোম হয।

এই জন্য উদযেব পবই হোম কর্ত্তব্য।

যে অনুদযে হোম কবে, সে চব্বিশ বৎসবে গাযত্রীলোক প্রাপ্ত হয ;* আব যে উদযে হোম কবে, সে বাব বৎসবে প্রাপ্ত হয। সে ব্যক্তি দুই বৎসব অনুদযে হোম কবিলে এক বৎসবে কৃত উদযে হোমেব ফল হয। যে ইহা জানিযা উদযে হোম কবে, সে সংবৎসবেই সংবৎসবেব ফল পায। এই জন্য উদযেব পবই হোম কর্ত্তব্য।

যে অস্তগমনেব পব সায়ংহোম কবে ও উদযেব পব প্রাতর্হোম কবে, সে দিন ও বাত্রি উভযেব তেজেই হোম কবিযা থাকে, কেন না, বাত্রি অগ্নিব তেজেই তেজস্বতী, আব দিন আদিত্যেব তেজেই তেজস্বী। যে ইহা জানিযা উদযেব পব হোম কবে, তাহাব দিন বাত্রি উভযেব তেজেই হোম কবা হয। সেই জন্য উদযেব পবই হোম কর্ত্তব্য।

পঞ্চম খণ্ড

অগ্নিহোত্র

অগ্নিহোত্র সম্বন্ধে আবও কথা—"এতে হ বৈ ··হোতব্যম্"

এই যে দিন ও বাত্রি, উহা [বথৰূপী] সংবৎসবের দুইখানি চাকা। এ দুযেব সাহায্যেই সংবৎসব পাওযা যায। এক চাকায চলিলে যেৰূপ হয, যে অনুদযে হোম কবে, সে যেন সেইৰূপ। আব দুই চাকায চলিলে যেমন দ্রুতবেগে পথ অতিক্রম কবা চলে, যে উদযেব পব হোম কবে, সে সেইৰূপ। এই বিষয লক্ষ্য কবিযা এই যজ্ঞগাথা[১] গীত হইযা থাকে :—

"যাহা ভূত ও যাহা ভবিষ্যৎ, সে সমস্তই বৃহৎ ও বথন্তব, এই [পৃষ্ঠস্তোত্রনিষ্পাদক] সামদ্বযে যুক্ত হইয়া চলিতেছে। ধীব ব্যক্তি অগ্নিব আধান কবিযা তদুভয় দ্বাবা যাগ কবিবেন ; দিবাভাগে একেব (সূর্য্যেব) হোম কবিবেন, বাত্রিতে অন্যেব (অগ্নিব) হোম করিবেন।"

(*) গায়ত্রীর অক্ষরসংখ্যা চব্বিশ।

(১) যজ্ঞগাথা যজ্ঞপ্রতিপাদিকা গাথা। সুভাষিতত্বেন সর্ব্বৈর্গীয়মানা গাথা। (সায়ণ)

রাত্রির সহিত রথন্তরের সম্বন্ধ ও দিনের সহিত বৃহতের সম্বন্ধ,[২] অগ্নিই রথন্তর ও আদিত্যই বৃহৎ। যে ইহা জানিয়া উদয়ের পর হোম করে, ঐ দুই দেবতা তাহাকে ব্রধ্নের (আদিত্যের) স্থান স্বর্গলোক প্রাপ্ত করান। সেই জন্য উদয়ের পরই হোম করিবে।

এই বিষয়ে [আর একটি] যজ্ঞগাথা গীত হইয়া থাকে :—

"দ্বিতীয় অশ্ব যোজনা না করিয়া যে ব্যক্তি একটি মাত্র অশ্ব দ্বারা [রথ চালাইয়া] যায়, যে সকল ব্যক্তি উদয়ের পূর্ব্বে হোম করে, তাহারাও সেইরূপ চলিয়া থাকে।"

এ জগতে যাহা কিছু আছে, তৎসমস্তই ঐ [আদিত্য] দেবতার পশ্চাৎ গমন করে,[৩] এই জন্য জগতে যাহা কিছু আছে, তৎসমস্তই এই দেবতার অনুচর, ঐ দেবতাও এইরূপে বহু-অনুচর-যুক্ত। যে ইহা জানে, সে অনুচর লাভ করে ও তাহার বহু অনুচর হয়।

ঐ আদিত্য একমাত্র অতিথির ন্যায় হোমকর্ত্তার গৃহে [উপস্থিত হইয়া] বাস করেন। এ বিষয়ে একটি গাথা আছে :—

"যে চোর হইয়া পদ্মের মূল অপহরণ করিয়াছে, সে নিষ্পাপ ব্যক্তির প্রতি পাপাপবাদের ফল ভোগ করুক, সে পাপীর পাপের ফল ভোগ করুক, সে সায়ংকালে সমাগত একমাত্র অতিথিকে [গৃহ হইতে] বাহির করার ফল ভোগ করুক"[৪]।

ঐ [গাথায় উক্ত] একমাত্র অতিথি ঐ আদিত্য। তিনিই হোমকারীর নিকটে আসিয়া বাস করেন। যে ব্যক্তি অগ্নিহোত্রে সমর্থ হইয়াও অগ্নিহোত্র হোম না করে, সে সেই [অতিথিরূপী] দেবতাকে বাহির করিয়া দেয়। যে অগ্নিহোত্রে সমর্থ হইয়াও অগ্নিহোত্র হোম না করে, ঐ দেবতা তাহাকে এই লোক ও ঐ [স্বর্গ] লোক, উভয় লোক

(২) সমস্ত জগৎই (ভূত ও ভবিষ্যৎ) বৃহৎ ও রথন্তরের যোগে চলিতেছে।

(৩) এই বিষয়ে এই মর্ম্মে শ্রুতি আছে। সূর্য্য সকলের প্রাণ গ্রহণ করিয়া অস্ত যান ও সকলের প্রাণ গ্রহণ করিয়া উদিত হন।

(৪) কোন ব্যক্তি, পদ্মের মূল (বিস) চুরি করিয়াছে, এই অপবাদগ্রস্ত হইয়া সপ্তর্ষিদের সম্মুখে আত্মদোষ ক্ষালনার্থ ঐ গাথাদ্বারা শপথ করিয়াছিল। সেই গাথা এ স্থলে উদ্ধৃত হইতেছে। (সায়ণ) এ স্থলে উহার যৌক্তিকতা পরে দেখান হইতেছে।

হইতেই বাহির করিয়া দেন। অতএব যে অগ্নিহোত্রে সমর্থ, সে যেন হোম করে। সেই জন্য লোকে বলে যে, সায়ংকালে সমাগত অতিথিকে বাহির করিয়া দিবে না।

এইরূপ শুনা যায় যে, জনশ্রুতের পুত্র নগরবাসী ঋষি এই তত্ত্ব জানিয়া উদয়ের পর হোমকারী মনুতন্তুর পৌত্র একাদশাক্ষের পুত্রকে লক্ষ্য করিয়া বলিয়াছিলেন, ইনি সেই তত্ত্ব জানিয়া হোম করেন, কি না জানিয়া হোম করেন, তাহা ইঁহার প্রজা (বংশবৃদ্ধি) দেখিয়া স্থির করিব। সেই একাদশাক্ষের পুত্রের [বহু-জনাকীর্ণ] রাষ্ট্রের মত বহু সন্তান হইয়াছিল। যে ঐ তত্ত্ব জানিয়া উদয়ের পর হোম করে, তাহার রাষ্ট্রের মতই বহু সন্তান জন্মে। এই হেতু উদয়ের পরই হোম করিবে।

ষষ্ঠ খণ্ড

অগ্নিহোত্র

অগ্নিহোত্র সম্বন্ধে অন্যান্য কথা—"উদ্যন্‌…এষামিতি"

আদিত্য উদয়ের পরই [হব্যার্থী হইয়া] আহবনীয়ে আপন রশ্মি যোজনা করেন। যে অনুদয়ে হোম করে, সে যেন [ভূমিষ্ঠ হইবার পূর্ব্বেই] অজাত বালককে বা বৎসকে স্তন দিয়া থাকে। যে উদয়ে হোম করে, সে যেন জাত বালককে বা বৎসকে স্তন দেয়। যে ব্যক্তি [উদিত] সূর্য্যকে হব্য দান করে, ভক্ষণীয় অন্ন উভয় লোকেই—ইহলোক ও স্বর্গলোক উভয় লোকেই তাহার নিকট উপস্থিত হয়।

যে ব্যক্তি অনুদয়ে হোম করে, সে যেন মনুষ্যকে বা হস্তীকে হস্ত প্রসারণের পূর্ব্বেই [খাদ্য] দান করিতে যায়। আর যে উদয়ে হোম করে, সে যেন মনুষ্যকে বা হস্তীকে হস্তপ্রসারণের পর [খাদ্য] দান করে। যে ইহা জানিয়া উদয়ের পর হোম করে, তাহাকে [আদিত্য] ঐ [হব্যগ্রহণার্থ প্রসারিত] হস্তদ্বারা ঊর্দ্ধে তুলিয়া স্বর্গলোকে স্থাপন করেন। এই হেতু উদয়ের পরই হোম করিবে।

আদিত্য উদয়ের পরই সকল ভূতকে প্রণয়ন করেন (সকলকে চেষ্টাযুক্ত করেন); এই জন্য ইঁহার নাম প্রাণ। যে ইহা জানিয়া উদয়ের

পর হোম করে, তাহার সমস্ত দ্রব্য প্রাণেই আহুত হয়। অতএব উদয়ের পরই হোম করিবে।

যে ব্যক্তি সূর্য্য অস্তগমন করিলে সায়ংহোম করে ও উদিত হইলে প্রাতর্হোম করে, সে সত্য মন্ত্র উচ্চারণ করিয়া সত্যেই হোম করে। "ভূর্ভুর্বঃ স্বরোম্ অগ্নির্জ্যোতির্জ্যোতিরগ্নিঃ" বলিয়া সায়ংকালে এবং "ভূর্ভুবঃ স্বরোম্ সূর্য্যো জ্যোতির্জ্যোতিঃ সূর্য্যঃ" এই বলিয়া প্রাতঃকালে হোম করা হয়। যে ইহা জানিয়া উদয়ের পর হোম করে, তাহার সত্যমন্ত্র উচ্চারণ হয় ও সত্যে হোম হয়। অতএব উদয়ের পরই হোম করিবে।

এই উপলক্ষ্যে এই যজ্ঞগাথা গীত হয়:—"যাহারা উদয়ের পূর্ব্বে অগ্নিহোত্র হোম করে, তাহারা দিবাভাগে কীর্ত্তনীয় [সূর্য্যের] রাত্রিতে কীর্ত্তন করিয়া প্রতি দিন প্রাতঃকালে অসত্য কহিয়া থাকে। কেন না, সূর্য্য জ্যোতিঃস্বরূপ, কিন্তু সে সময়ে (উদয়ের পূর্ব্বে) সূর্য্যের সেই জ্যোতি থাকে না।

সপ্তম খণ্ড

প্রায়শ্চিত্ত

ব্যাহৃতি দ্বারা প্রায়শ্চিত্ত সম্পাদন, যথা—"প্রজাপতিরকাময়ত　কর্ত্তব্যা"

প্রজাপতি কামনা করিলেন, আমি বহু হইয়া জন্মিব। তিনি তপস্যা করিলেন। তিনি তপস্যা করিয়া পৃথিবী, অন্তরিক্ষ ও দ্যুলোক, এই লোকসকল সৃষ্টি করিলেন, তৎপরে সেই লোকসকলের পর্য্যালোচনা করিলেন। তাঁহার পর্য্যালোচনায় সেই লোকসকল হইতে তিনটি জ্যোতি জন্মিল; পৃথিবী হইতে অগ্নি, অন্তরিক্ষ হইতে বায়ু ও দ্যুলোক হইতে আদিত্য জন্মিল। তখন তিনি সেই তিন জ্যোতির পর্য্যালোচনা করিলেন। তাঁহার পর্য্যালোচনায় তিন বেদ জন্মিল। অগ্নি হইতে ঋগ্বেদ, বায়ু হইতে যজুর্ব্বেদ ও আদিত্য হইতে সামবেদ জন্মিল। তখন তিনি সেই বেদের পর্য্যালোচনা করিলেন। তাঁহার পর্য্যালোচনায় সেই বেদ হইতে তিন শুক্র (জ্যোতিঃপদার্থ) জন্মিল; ঋগ্বেদ হইতে ভূঃ, যজুর্ব্বেদ হইতে ভুবঃ, সামবেদ হইতে স্বঃ জন্মিল। তখন তিনি সেই শুক্রের পর্য্যালোচনা করিলেন। তাঁহার পর্য্যালোচনায় তাহা হইতে

তিন বর্ণ জন্মিল,—অকার, উকার ও মকার। তিনি সেই তিন বর্ণকে একত্র যোগ করিলেন, তাহাতে তাহা ওঁ হইল। এই জন্য ওঁ বলিয়াই প্রণব করে, ঐ স্বর্গলোকও ওঁ-স্বরূপ, ঐ যে আদিত্য তাপ দেন, তিনিও ওঁ-স্বরূপ।

সেই প্রজাপতি যজ্ঞ বিস্তার করিলেন, যজ্ঞের আয়োজন করিলেন ও তদ্দ্বারা যাগ করিলেন। ঋক্‌দ্বারা হোতার কর্ম্ম করিলেন, যজুঃদ্বারা অধ্বর্য্যুর কর্ম্ম করিলেন, সামদ্বারা উদ্গীথ (উদ্গাতার কর্ম্ম) করিলেন; এবং ত্রয়ীবিদ্যার মধ্যে যাহা শুক্র (সারভূত), তদ্দ্বারা ব্রহ্মার কর্ম্ম করিলেন। সেই প্রজাপতি দেবগণকে যজ্ঞ দান করিলেন। দেবগণ যজ্ঞ বিস্তার করিলেন, যজ্ঞের আয়োজন করিলেন, তদ্দ্বারা যাগ করিলেন; তাঁহারা ঋক্‌দ্বারা হোতার কর্ম্ম, যজুঃদ্বারা অধ্বর্য্যুর কর্ম্ম, সামদ্বারা উদ্গীথ করিলেন, এবং ত্রয়ীবিদ্যার যাহা শুক্র, তদ্দ্বারা ব্রহ্মার কর্ম্ম করিলেন।

সেই দেবগণ প্রজাপতিকে বলিলেন, যদি আমাদের যজ্ঞে ঋক্ বা যজুঃ বা সাম মন্ত্র হইতে কোন আর্ত্তি (প্রমাদ) ঘটে, অথবা আমাদের অজ্ঞাত কোন মন্ত্র হইতে আর্ত্তি ঘটে, অথবা যদি সকলপ্রকার মন্ত্র হইতেই আর্ত্তি ঘটে, তাহা হইলে কি প্রায়শ্চিত্ত হইবে? সেই প্রজাপতি দেবগণকে বলিলেন, যদি তোমাদের যজ্ঞে ঋক্ হইতে আর্ত্তি ঘটে, তবে ভূঃ এই মন্ত্রে গার্হপত্যে হোম করিবে, যদি যজুঃ হইতে আর্ত্তি ঘটে, তবে আগ্নীধ্রীয়ে ভুবঃ মন্ত্রে হোম করিবে, অথবা হবির্যজ্ঞস্থলে [আগ্নীধ্রীয়ের অভাবে] দক্ষিণাগ্নিতে ভুবঃ মন্ত্রে হোম করিবে[১]; যদি সাম হইতে আর্ত্তি ঘটে, তবে আহবনীয়ে স্বঃ মন্ত্রে হোম করিবে। যদি [আর্ত্তির কারণ] অজ্ঞাত হয় বা সকল মন্ত্র হইতে আর্ত্তি ঘটে, তাহা হইলে ভূর্ভুবঃ স্বঃ মন্ত্র উচ্চারণ করিয়া আহবনীয়ে হোম করিবে।

এই যে [তিনটি] ব্যাহৃতি, ইহারাই বেদের আন্তরিক সংযোগসাধনের উপায়। যেমন এক দ্রব্য দ্বারা অন্য দ্রব্য সংযুক্ত করা যায়, যেমন [হস্তপদাদির] এক পর্ব্বদ্বারা অন্য পর্ব্ব যুক্ত থাকে, শ্লেষ্মাদ্বারা [দেহের অন্য ধাতু] যুক্ত হয়, চর্ম্মদ্বারা চর্ম্মজ দ্রব্য যুক্ত হয় অথবা ভগ্ন দ্রব্য যুক্ত

(১) হবির্যজ্ঞে আগ্নীধ্রীয় থাকে না। অগ্ন্যাধেয়, অগ্নিহোত্র, দর্শপূর্ণমাস, চাতুর্মাস্য, দাক্ষায়ণ, কৌণ্ডপায়িনাময়ন, সৌত্রামণী, এই কয়টি হবির্যজ্ঞ।

হয, সেইরূপ এই ব্যাহৃতিত্রয যজ্ঞের ভগ্ন অঙ্গ যুক্ত করিযা প্রাযশ্চিত্ত সাধন করে, অতএব ইহাকেই যজ্ঞে প্রাযশ্চিত্ত করিবে।

অষ্টম খণ্ড

ব্রহ্মার কর্ত্তব্য

মহাবদেরা (ব্রহ্মবাদীরা) প্রশ্ন করেন, ঋক্‌দ্বারা হোতার, যজুঃদ্বারা অধ্বর্য্যুর এবং সামদ্বারা উদ্গীথ কর্ম্ম নিষ্পন্ন হয; ত্রযীবিদ্যা ইহাতেই সমাপ্ত হইল, তবে কিসের দ্বারা ব্রহ্মার কর্ম্ম নিষ্পন্ন হইবে? [উত্তর] ত্রযীবিদ্যা দ্বারাই হইবে, এই উত্তর দিবে।

এই যিনি সঞ্চরিত হন, যজ্ঞ সেই বাযুস্বরূপ, বাক্য ও মন সেই যজ্ঞের সঞ্চরণ-পথ, কেন না, বাক্যদ্বারা ও মনদ্বারা লোকে যজ্ঞে প্রবৃত্ত হয। এই [ভূমি] বাক্যস্বরূপ, ঐ [স্বর্গ] মনঃস্বরূপ, এই হেতু বাক্যরূপ ত্রয়ীবিদ্যা দ্বারা যজ্ঞের এক পক্ষ (ভাগ) সংস্কৃত (সুসম্পাদিত) হয এবং ব্রহ্মা মনদ্বারা [অন্য পক্ষ] সংস্কৃত করেন।

কোন কোন ব্রহ্মা [অধ্বর্য্যুকর্ত্তৃক] প্রাতরনুবাক পাঠে অনুজ্ঞার পর স্তোমভাগ নামক মন্ত্র[১] জপ করিযা কথা কহিতে কহিতেই সেখানে উপস্থিত থাকেন। এক ব্রাহ্মণ প্রাতরনুবাক পাঠে অনুজ্ঞার পর ব্রহ্মাকে কথা কহিতে দেখিযা এ সম্বন্ধে বলিযাছিলেন, এই যজ্ঞের অর্দ্ধেক অন্তর্হিত হইয়াছে; মানুষে এক পাযে হাঁটিতে গেলে অথবা রথ এক চাকায চলিতে গেলে যেমন প্রমাদ লাভ করে, এই যজ্ঞও সেইরূপ প্রমাদ পাইতেছে; যজ্ঞের প্রমাদের সঙ্গে যজমানেরও প্রমাদ ঘটিতেছে। এই হেতু ব্রহ্মা প্রাতরনুবাক পাঠে অনুজ্ঞার পর বাক্যসংযম করিবেন। উপাংশু ও অন্তর্যাম গ্রহে হোমের সময হোমসমাপ্তি পর্য্যন্ত, পবমানস্তোত্র পাঠের অনুজ্ঞার পর শেষ ঋকের পাঠ পর্য্যন্ত, আর যে সকল [আজ্যাদি] স্তোত্র শস্ত্রসমন্বিত, তাহাদের বষট্‌কার পর্য্যন্ত বাক্য সংযম করিয়া থাকিবেন। তাহা হইলে মানুষে দুই পাযে হাঁটিলে বা রথ দুই চাকায চলিলে যেমন কোন রিষ্টি ঘটে না, সেইরূপ যজ্ঞের রিষ্টি (বিঘ্ন) হইবে না; যজ্ঞের রিষ্টি না হইলে যজমানেরও রিষ্টি হইবে না।

(১) "রশ্মিরসি ক্ষয়ায় ত্বা" ইত্যাদি মন্ত্র।

নবম খণ্ড

ব্রহ্মার কর্ত্তব্য

এ বিষয়ে প্রশ্ন আছে :—ইনি আমার হিতার্থ [ঐন্দ্রবায়বাদি] গ্রহ গ্রহণ করিয়াছেন, আমার জন্য গ্রহ প্রচার করিয়াছেন, আমার জন্য আহুতি দিয়াছেন, এই ভাবিয়া যজমান অধ্বর্য্যুকে দক্ষিণা দেন ; ইনি আমার জন্য উদ্গাতার কর্ম্ম করিয়াছেন, এই ভাবিয়া তিনি উদ্গাতাকে দক্ষিণা দেন ; ইনি আমার জন্য অনুবাক্যা পাঠ করিয়াছেন, আমার জন্য শস্ত্র পাঠ করিয়াছেন, আমার জন্য যাজ্যা পাঠ করিয়াছেন, এই ভাবিয়া তিনি হোতাকে দক্ষিণা দেন ; ব্রহ্মা তবে কোন্ কর্ম্ম করিয়া দক্ষিণা লয়েন ? অথবা বুঝি, কোন কর্ম্ম না করিয়াই দক্ষিণা লয়েন।

[উত্তর] যিনি ব্রহ্মা, তিনি যজ্ঞের ভিষক্ (চিকিৎসক) ; তিনি যজ্ঞের ভেষজ (বৈকল্যনাশ বা চিকিৎসা) করিয়া দক্ষিণা লন। আবার ব্রহ্মা ছন্দের (বেদের) সারভাগ বহুসংখ্যক ব্রহ্মদ্বারা (বেদমন্ত্রদ্বারা) ঋত্বিক্‌কর্ম্ম করিয়া থাকেন, এই জন্যই ইঁহার নাম ব্রহ্মা। ইনি অন্য ঋত্বিক্‌দের অগ্রেই অর্দ্ধ ভাগ পাইয়া থাকেন। [দক্ষিণাসম্বন্ধে] ব্রহ্মার ভাগ অর্দ্ধেক, অন্য ঋত্বিকের ভাগ অর্দ্ধেক। সেই জন্য যদি যজ্ঞে ঋক্ হইতে বা যজুঃ হইতে বা সাম হইতে অথবা কোন অজ্ঞাত মন্ত্র হইতে অথবা সকলপ্রকার মন্ত্র হইতে আর্ত্তি ঘটে, তবে [অন্যান্য ঋত্বিকেরা] ব্রহ্মাকেই তাহা জ্ঞাপন করেন ; এবং সেই ব্রহ্মা, যজ্ঞে ঋক্ হইতে আর্ত্তি ঘটিলে ভূঃ মন্ত্রদ্বারা গার্হপত্যে, যজুঃ হইতে ঘটিলে ভুবঃ মন্ত্রদ্বারা আগ্নীধ্রীয়ে অথবা হবির্যজ্ঞস্থলে দক্ষিণাগ্নিতে, সাম হইতে ঘটিলে স্বঃ মন্ত্রদ্বারা আহবনীয়ে, কোন অজ্ঞাত কারণে আর্ত্তি ঘটিলে বা সকলপ্রকার মন্ত্র হইতে আর্ত্তি ঘটিলে ভূর্ভুবঃ স্বঃ মন্ত্রদ্বারা আহবনীয়ে হোম করিবেন।

অধ্বর্য্যুকর্ত্তৃক স্তোত্রপাঠে অনুজ্ঞার পর প্রস্তোতা (তন্নামক উদ্গাতা) ব্রহ্মাকে বলিবেন, অহে ব্রহ্মা, অহে প্রশাস্তা, [তোমার অনুজ্ঞা পাইলে] আমরা স্তোত্র গান করিব। প্রাতঃসবনে ব্রহ্মা "ভূঃ" উচ্চারণান্তে বলিবেন, ইন্দ্রদৈবত স্তোত্র গান কর। মাধ্যন্দিন সবনে "ভুবঃ" উচ্চারণান্তে বলিবেন, ইন্দ্রদৈবত স্তোত্র গান কর। তৃতীয় সবনে "স্বঃ" উচ্চারণান্তে

বলিবেন, ইন্দ্রদৈবত স্তোত্র গান কর। উক্‌থ্যে বা অতিরাত্রে "ভূর্ভুবঃ স্বঃ" উচ্চারণ করিয়া বলিবেন, ইন্দ্রদৈবত স্তোত্র গান কর। ইন্দ্রদৈবত স্তোত্র গান কর, ব্রহ্মা এই অনুজ্ঞা দিলে তদ্দ্বারা সেই উদ্গীথকে (স্তোত্রকে) ইন্দ্রযুক্ত করা হয় এবং উহা ইন্দ্র হইতে অপগত হয় না, কেন না, ইন্দ্রই যজ্ঞ, ইন্দ্রই যজ্ঞের দেবতা। এই জন্যই তাঁহাদের প্রতি ব্রহ্মা বলিয়া থাকেন যে, ইন্দ্রদৈবত স্তোত্র গান কর।

ষষ্ঠ পঞ্চিকা

ষড়্‌বিংশ অধ্যায়

প্রথম খণ্ড

গ্রাবস্তুতের কর্ত্তব্য

অগ্নিষ্টোম যজ্ঞে ব্রহ্মার কর্ত্তব্য নির্দ্দিষ্ট হইল। অন্যান্য ঋত্বিকের কর্ত্তব্য, যথা—"দেবা হ বৈ ·····এবং বেদ"

দেবগণ পুরাকালে সর্ব্বচরুনামক দেশে সত্র অনুষ্ঠান করিয়াছিলেন; কিন্তু তাঁহারা পাপনাশ করিতে পারেন নাই। কদ্রুর পুত্র অর্ব্বুদ নামক মন্ত্রদ্রষ্টা সর্প-ঋষি তাঁহাদিগকে বলিয়াছিলেন, তোমরা হোতার কর্ত্তব্য একটি ক্রিয়া কর নাই, আমি তোমাদের জন্য ঐ ক্রিয়া করিব; তাহা হইলে তোমরা পাপ নাশ করিতে পারিবে। দেবগণ বলিলেন, তাহাই হউক। তখন সেই ঋষি প্রতি দিন মাধ্যন্দিন সময়ে তাঁহাদের নিকট আসিতেন ও [সোমের অভিষবার্থ রক্ষিত] গ্রাবখণ্ডের (পাষাণখণ্ডের) অভিষ্টব (স্তুতি পাঠ) করিতেন। সেই হেতু ঐ সর্পঋষির অনুকরণে ঋত্বিকেরাও প্রতি দিন মাধ্যন্দিনে গ্রাবখণ্ড সকলের অভিষ্টব করিয়া থাকেন। সেই সর্পঋষি যে পথে আসিতেন, সেই স্থানে এখনও অর্ব্বুদোদাসর্পণী নামক পথ রহিয়াছে।

[সর্পঋষির বিষে মাদকত্ব পাইয়া] রাজা সোম দেবগণের মত্ততা উৎপাদন করিয়াছিলেন। দেবগণ বলিলেন—হায়, এই আশীবিষ (সর্প) আমাদের রাজা সোমের প্রতি দৃষ্টি দিতেছে; উষ্ণীষ দ্বারা ইহার চোখ বাঁধিয়া দেওয়া যাক। তাহাই হউক বলিয়া তাঁহারা উষ্ণীষদ্বারা সেই ঋষির চোখ বাঁধিয়া দিয়াছিলেন। সেই জন্যই ঐ ঘটনার অনুকরণে ঋত্বিকেরা উষ্ণীষদ্বারা মুখ বেষ্টন করিয়া গ্রাবস্তুতি করিয়া থাকেন।

সেই রাজা সোম পুনরায় দেবগণের মত্ততা উৎপাদন করিয়াছিলেন। তখন দেবগণ বলিলেন—হায়, এই ঋষি স্বকীয় মন্ত্রদ্বারা গ্রাবস্তুতি

করিতেছেন, আমরা ঐ মন্ত্রকে অন্য ঋক্‌দ্বারা সম্পৃক্ত[১] করিব। তাহাই হউক বলিয়া তাঁহারা ঐ সর্পঋষির মন্ত্রকে অন্য মন্ত্রদ্বারা সম্পৃক্ত (যুক্ত) করিযাছিলেন। তাহাতে রাজা সোম দেবগণের মত্ততা উৎপাদন করিতে পারিলেন না। এই জন্য শান্তির উদ্দেশে ঐ সর্পঋষির মন্ত্রকে অন্য মন্ত্রদ্বারা সম্পৃক্ত করিবে।

এইরূপে দেবগণ পাপ নাশ করিযাছিলেন, তাঁহাদের পশ্চাৎ সর্পগণও পাপ নাশ করিয়াছিল। এই সর্পেরা আপনাদের পূর্ব্ববর্ত্তী জীর্ণ ত্বক্ পরিত্যাগ করিযা নূতন ত্বক্ ধারণ করিযা পাপহীন হইয়া বিচরণ করে। যে ইহা জানে, সেও পাপ নাশ করে।

দ্বিতীয় খণ্ড

গ্রাবস্তুতের কর্ত্তব্য

গ্রাবস্তুতিবিষযক মন্ত্রাদি, যথা—"তদাহুঃ···· ··প্রতিপদ্যতে"

এ সম্বন্ধে প্রশ্ন আছে:—কতগুলি মন্ত্র দ্বারা গ্রাবস্তুতি করিবে? [উত্তর] শত মন্ত্রদ্বারা, এই উত্তর দেওযা হয। কেন না, মনুষ্য শতাযু, শতবীর্য্য ও শতেন্দ্রিয; এতদ্দ্বারা যজমানকে আযুতে, বীর্য্যে ও ইন্দ্রিযে প্রতিষ্ঠিত করা হয।

কেহ কেহ বলেন, তেত্রিশ মন্ত্রদ্বারা স্তুতি করিবে। কেন না, দেবতা তেত্রিশ জন এবং সেই [অর্বুদ] ঋষি তেত্রিশ জন দেবতার পাপ নাশ করিযাছিলেন।[১]

কেহ বলেন, অপরিমিত (বহুসংখ্যক) মন্ত্রদ্বারা স্তুতি করিবে। কেন না, প্রজাপতি অপরিমিত (সর্ব্বশক্তিমান্); আর এই গ্রাবস্তুতি সম্বন্ধে হোতৃকর্ম্মও প্রজাপতির সম্বন্ধযুক্ত। অপরিমিত মন্ত্রদ্বারা স্তুতি করিলে এই ক্রিয়াতে সকল কামনা লাভ করা যায ও সকল কামনার

(১) সর্পঋষি অর্ব্বুদ "প্রৈতে বদন্তু প্র বয়ং বদাম" ইত্যাদি দশম মণ্ডলের ৯৪ সূক্তের দ্রষ্টা। গ্রাবস্তুতিতে ঐ সূক্ত প্রযুক্ত হয়। উহার শান্তির জন্য "আপ্যায়স্ব সমেতু তে" (১।৯১।১৬) মন্ত্র পঠিত হয়।

(১) অষ্ট বসু, একাদশ রুদ্র, দ্বাদশ আদিত্য, প্রজাপতি ও বষট্‌কার, এই তেত্রিশ জন। (সায়ণ)

প্রাপ্তি ঘটে। যে ইহা জানে, সে সকল কামনা লাভ কবে। সেই জন্য অপবিমিত মন্ত্রদ্বাবাই স্তুতি কবিবে।

এ বিষযে আবও প্রশ্ন আছে ঃ—কি রূপে স্তুতি পাঠ কবিবে? প্রতি অক্ষবেব পব বিবাম দিবে? না চাবি অক্ষব পবে? না প্রতি চবণ পবে? না অর্দ্ধঋক্ পবে? না প্রতি ঋকেব পবে? [উত্তব] প্রতি ঋকেব পব বিবাম সম্ভবপব হয না, প্রতি চবণেব পব বিবামও সম্ভবপব হয না; প্রতি অক্ষবেব পব বা চাবি অক্ষবেব পব বিবাম দিলে ছন্দোভঙ্গ হয ও বহু অক্ষব কমিযা যায, এই জন্য অর্দ্ধঋকেব পবই বিবাম দিবে। তাহাতে প্রতিষ্ঠা ঘটিবে। মনুষ্য দুই পদে প্রতিষ্ঠিত, পশুগণ চতুষ্পদ; এতদ্দ্বাবা দুই পদে প্রতিষ্ঠিত যজমানকে চতুষ্পদ পশুতে প্রতিষ্ঠিত কবা হয; এই জন্য অর্দ্ধঋক্ পবেই বিবাম দিযা স্তুতি পাঠ কবিবে।

এ বিষযে আবাব প্রশ্ন আছে ঃ—যদি প্রতি দিন কেবল মাধ্যন্দিন সবনেই গ্রাবস্তুতি হয, তাহা হইলে অন্য দুই সবনে অভিষ্টব কিরূপে সিদ্ধ হইবে? [উত্তব] প্রাতঃসবনে গাযত্রীব প্রযোগ আছে, সেই জন্য প্রাতঃসবনে গাযত্রীদ্বাবাই অভিষ্টব সিদ্ধ হয, তৃতীয সবনে জগতীব প্রযোগ আছে, সেই জন্য তৃতীয সবনে জগতীদ্বাবাই অভিষ্টব সিদ্ধ হয। যে ইহা জানে, সে প্রতি মাধ্যন্দিনে গ্রাবস্তুতি কবিলে সকল সবনেই তাহাব অভিষ্টব সিদ্ধ হয়।

এ বিষযে আবাব প্রশ্ন আছে ঃ—অধ্বর্য্যু অন্যান্য ঋত্বিক্‌কে প্রৈষমন্ত্রদ্বাবা [স্তুতিপাঠাদিতে] প্রেষণ (অনুজ্ঞা) কবেন, তবে এ স্থলে গ্রাবস্তুৎ কেন ঐরূপে [অধ্বর্য্যু কর্ত্তৃক] প্রেষিত না হইযাই পাঠ আবম্ভ কবিযা থাকেন? [উত্তব] গ্রাবস্তুতিসম্বন্ধীয ঋক্ মনঃস্বরূপ; মন কাহাবও প্রেষণাব অপেক্ষা বাখে না (স্বতঃপ্রবৃত্ত হইযাই কার্য্য কবে)। সেই জন্য গ্রাবস্তুৎ প্রেষিত না হইযাই স্তুতিপাঠ আবম্ভ কবেন।

তৃতীয় খণ্ড

সুব্রহ্মণ্যেব কর্ত্তব্য

গ্রাবস্তুতেব কর্ত্তব্য বিহিত হইল। এখন সুব্রহ্মণ্যোক্ত কর্ত্তব্য বিধান—"বাগ্‌ বৈ সুব্রহ্মণ্যা……প্রতিষ্ঠাপয়তি"

সুব্রহ্মণ্যা (তন্নামক নিগদ মন্ত্র)[১] বাক্যস্বরূপ; রাজা সোম [ধেনুরূপী] সুব্রহ্মণ্যার বৎসস্বরূপ, সেই জন্য যেমন বৎস (বাছুর) দেখাইয়া ধেনুকে [নিকটে] আহ্বান করা হয়, সেইরূপ রাজা সোমের ক্রয়ের পর সুব্রহ্মণ্যাকে আহ্বান করিবে (ঐ নিগদ পাঠ করিবে)। এতদ্দ্বারা যজমানের সকল কামনাকেই দোহন করা হইবে। যে ইহা জানে, সে যজমানের জন্য সকল কামনাই দোহন করিয়া থাকে।

এ বিষয়ে প্রশ্ন আছে,—সুব্রহ্মণ্যার সুব্রহ্মণ্যা নামের কারণ কি? [উত্তর] উহা বাক্‌স্বরূপ, এই উত্তর দিবে। বাক্যই ব্রহ্ম এবং সুব্রহ্ম (বেদবাক্যের সার)।

আরও প্রশ্ন আছে,—ঐ [নিগদ] পুংলিঙ্গ হইলেও উহার কেন স্ত্রীলিঙ্গবিশিষ্ট নাম দেওয়া হয়? [উত্তর] সুব্রহ্মণ্যাই বাক্ [তন্নাম্নী স্ত্রীদেবতা], এই জন্য ঐ নাম, এই উত্তর দিবে।

আবার প্রশ্ন হয়,—অন্যান্য ঋত্বিকে বেদির অভ্যন্তরে ঋত্বিক্‌কর্ম্ম করেন, কিন্তু [সুব্রহ্মণ্য কর্ত্তৃক] সুব্রহ্মণ্যার আহ্বান বেদির বাহিরে হয়; ইহাতে ইঁহারও ঋত্বিক্-কর্ম্ম বেদির অভ্যন্তরে কিরূপে সিদ্ধ হয়? [উত্তর] উৎকর (আবর্জ্জনা) বেদির নিকট হইতেই আনিয়া বাহিরে [উৎকরনামক স্থানে] ফেলা হয়, ইনি (সুব্রহ্মণ্য নামক ঋত্বিক্) উৎকরে দাঁড়াইয়াই সুব্রহ্মণ্যা আহ্বান করেন, সেই হেতু [বেদির অভ্যন্তরে থাকাই সিদ্ধ হয়], এই উত্তর দিবে।

এ বিষয়ে প্রশ্ন আছে,—[আহবনীয় ত্যাগ করিয়া] উৎকরে দাঁড়াইয়া কেন সুব্রহ্মণ্যার আহ্বান হয়? [উত্তর] ঋষিগণ পূর্ব্বে সত্র অনুষ্ঠান করিয়াছিলেন, তাঁহাদের মধ্যে যিনি সর্ব্বাপেক্ষা বৃদ্ধ ছিলেন, তাঁহাকে বলা হইল, তুমি সুব্রহ্মণ্যা আহ্বান কর, তুমি [বার্দ্ধক্যহেতু অন্যের তুলনায় দেবগণের] অতি নিকটে বর্ত্তমান, এই জন্য তুমিই দেবগণের আহ্বানে সমর্থ হইবে। এই জন্য সর্ব্বাপেক্ষা বৃদ্ধকেই সুব্রহ্মণ্যা আহ্বানে নিযুক্ত করা হয়, এতদ্দ্বারা সমস্ত বেদিকেও তুষ্ট করা হয়।

(১) "ইন্দ্র আগচ্ছ হরিব আগচ্ছ" ইত্যাদি নিগদের নাম সুব্রহ্মণ্যা। (তৈ° আর° ১।১২।৩-৪)

আবও প্রশ্ন আছে,—ইহাকে (সুব্রহ্মণ্যকে) [গাভী না দিয়া] বৃষভ দক্ষিণা দেওযা হয কেন ? [উত্তব] বৃষভ পুরুষ, আব সুব্রহ্মণ্যা স্ত্রী ; এইরূপ উহা মিথুন হয ও মিথুনদ্বাবা সন্তানোৎপত্তি ঘটে।

আগ্নীধ্র [-নামক] ঋত্বিক্ উপাংশু (মৃদু স্ববে মন্ত্রোচ্চাবণ কবিয়া) পাত্নীবতে (তন্নামক গ্রহে) যাগ কবেন। এই পাত্নীবত গ্রহ বেতঃস্বরূপ, বেতঃসেকও উপাংশু (নিঃশব্দে) ঘটিযা থাকে। [পাত্নীবত গ্রহযাগে] অনুবষট্কাব কবিবে না,[২] এই যে অনুবষট্কাব, ইহা [হোমেব] সমাপ্তিসূচক ; ঐরূপ কবিলে বেতঃসেকেবও সমাপ্তি ঘটিবাব আশঙ্কা ঘটে। বেতঃসেক অসমাপ্ত হইলেই যজমান সমৃদ্ধ (অপত্যোৎপাদনে সমর্থ) হয। সেই জন্য অনুবষট্কাব কবিবে না।

[আগ্নীধ্র নামক ঋত্বিক্] নেষ্টাব (তন্নামক ঋত্বিকেব) নিকটে বসিযা [হবিঃশেষ] ভক্ষণ কবেন। নেষ্টাব সহিত [যজমানেব] পত্নীব সম্বন্ধ আছে।[৩] এতদ্দ্বাবা অগ্নিস্বরূপ ঋত্বিক্ (অর্থাৎ আগ্নীধ্র) কর্ত্তৃক পত্নীতেই সন্তানোৎপত্তিব উদ্দেশে বেতঃসেকেব ফল হয। ইহাতে অগ্নিদ্বাবা বেতঃসেক ঘটে ও সন্তানোৎপাদন ঘটে। যে ইহা জানে, সে প্রজা ও পশুদ্বাবা সমৃদ্ধ হয।

দক্ষিণাব পব সুব্রহ্মণ্যা সমাপ্ত হয। সুব্রহ্মণ্যা বাক্য এবং দক্ষিণা অন্ন। এতদ্দ্বারা [যজ্ঞেব] সমাপ্তিকালে যজ্ঞকেও বাক্যে ও ভক্ষণীয় অন্নে প্রতিষ্ঠিত কবা হয।

সপ্তবিংশ অধ্যায়

প্রথম খণ্ড

হোত্রকগণেব কর্ম্ম

গ্রাবস্তুৎ ও সুব্রহ্মণ্যেব কর্ত্তব্য উক্ত হইল। এথন মৈত্রাবরুণ, ব্রাহ্মণাচ্ছংসী ও অচ্ছাবাক নামক হোত্রকগণেব পাঠ্য শস্ত্রনির্দ্দেশ, যথা—"দেবা বৈ······কুর্ব্বন্তি"

(২) বষট্কার হোমের পর "অগ্নে বীহি" মন্ত্রে অনুবষট্কার হোম হয় (পূর্ব্বে দেখ)।

(৩) নেষ্টা যজমানের পত্নীকে যজ্ঞস্থলে আনয়ন করেন।

দেবগণ যজ্ঞ বিস্তাব কবিযাছিলেন। যজ্ঞ বিস্তাবে নিযুক্ত দেবগণেব নিকট অসুবেবা, ইঁহাদেব যজ্ঞ নষ্ট কবিব, এই উদ্দেশে আসিযাছিল। [দেবযজনেব] দক্ষিণদেশকে দুর্ব্বল মনে কবিযা অসুবেবা সেইখানে দেবগণেব নিকট উপস্থিত হইযাছিল। দেবগণ তাহা বুঝিতে পাবিযা সেই দক্ষিণদেশে মিত্র ও বরুণকে স্থাপন কবিযাছিলেন। মিত্র ও বরুণ প্রাতঃসবনে দক্ষিণ দিক্ হইতে অসুবগণকে ও বাক্ষসগণকে অপসাবিত কবিযাছিলেন। সেই জন্য যজমানেবাও ঐরূপ কবিযা থাকেন, এবং মৈত্রাবরুণ প্রাতঃসবনে মিত্রাবরুণ-দৈবত শস্ত্র পাঠ কবেন, কেন না, দেবগণ মিত্র ও বরুণেব সাহায্যেই প্রাতঃসবনে দক্ষিণ দিক্ হইতে অসুবগণকে ও বাক্ষসগণকে অপসাবিত কবিযাছিলেন।

দক্ষিণ দিক্ হইতে অপসাবিত হইযা অসুবেবা [দেবযজন দেশেব] মধ্যদেশে গিযা যজ্ঞে প্রবেশ কবিতে উদ্যোগ কবিযাছিল। দেবগণ তাহা বুঝিতে পাবিযা ইন্দ্রকে মধ্য স্থলে স্থাপন কবিযাছিলেন। তাঁহাবা ইন্দ্রেব সাহায্যেই প্রাতঃসবনে মধ্যদেশ হইতে অসুবগণকে ও বাক্ষসগণকে অপসাবিত কবিযাছিলেন। সেই জন্য যজমানেবাও ইন্দ্রেব সাহায্যেই প্রাতঃসবনে মধ্য স্থল হইতে অসুবগণকে ও বাক্ষসগণকে অপসাবিত কবিযা থাকেন, এবং ব্রাহ্মণাচ্ছংসী প্রাতঃসবনে ইন্দ্রদৈবত শস্ত্র পাঠ কবেন, কেন না, ইন্দ্রেব সাহায্যেই দেবগণ প্রাতঃসবনে মধ্যদেশ হইতে অসুবগণকে ও বাক্ষসগণকে অপসাবিত কবিযাছিলেন।

মধ্যদেশ হইতে অপসাবিত হইযা অসুবেবা উত্তব দিক্ দিযা যজ্ঞে প্রবেশ কবিযাছিল। দেবগণ তাহা বুঝিতে পাবিযা ইন্দ্রকে ও অগ্নিকে উত্তব দিকে স্থাপন কবিযাছিলেন। তাঁহাবা ইন্দ্রেব ও অগ্নিব সাহায্যেই প্রাতঃসবনে উত্তব দিক্ হইতে অসুবগণকে ও বাক্ষসগণকে অপসাবিত কবিযাছিলেন। সেই জন্য যজমানেবাও ঐরূপ কবেন এবং অচ্ছাবাক প্রাতঃসবনে ইন্দ্রাগ্নি-দৈবত শস্ত্র পাঠ কবেন, কেন না, দেবগণ ইন্দ্রেব ও অগ্নিব সাহায্যেই প্রাতঃসবনে উত্তব দিক্ হইতে অসুবগণকে ও বাক্ষসগণকে অপসাবিত কবিযাছিলেন।

উত্তব দিক্ হইতে অপসাবিত হইয়া অসুবেবা সসৈন্যে পূর্ব্বদিক্ হইতে আক্রমণ কবিয়াছিল। দেবগণ তাহা বুঝিতে পাবিযা অগ্নিকে প্রাতঃসবনে পূর্ব্বদিকে স্থাপন কবিয়াছিলেন। তাঁহারা অগ্নিব সাহায্যেই প্রাতঃসবনে

পূর্ব্বদিক্ হইতে অসুরগণকে ও রাক্ষসগণকে অপসারিত করিয়াছিলেন। সেইরূপ যজমানেরাও অগ্নির সাহায্যেই প্রাতঃসবনে পূর্ব্বদিক্ হইতে অসুরগণকে ও রাক্ষসগণকে অপসারিত করিয়া থাকেন। সেই জন্য প্রাতঃসবনের দেবতা অগ্নি। যে ইহা জানে, সে পাপ নাশ করিতে সমর্থ হয়।

পূর্ব্বদিক্ হইতে অপসারিত হইয়া অসুরগণ পশ্চিম দিক্ দিয়া যজ্ঞ-প্রবেশের চেষ্টা করিয়াছিল। দেবগণ তাহা বুঝিতে পারিয়া তাঁহাদের আত্মস্বরূপ বিশ্বদেবগণকে তৃতীয় সবনে পশ্চিম দিকে স্থাপন করিয়াছিলেন। তাঁহারা আত্মস্বরূপ বিশ্বদেবগণের সাহায্যে তৃতীয় সবনে পশ্চিম দিক্ হইতে অসুরগণকে ও রাক্ষসগণকে অপসারিত করিয়াছিলেন। সেইরূপ যজমানেরাও আত্মস্বরূপ বিশ্বদেবগণের সাহায্যেই তৃতীয় সবনে পশ্চিম দিক্ হইতে অসুরগণকে ও রাক্ষসগণকে অপসারিত করেন। সেই জন্য তৃতীয় সবনে দেবতা বিশ্বদেবগণ। যে ইহা জানে, সে পাপনাশে সমর্থ হয়।

সেই দেবগণ এইরূপে অসুরগণকে সমস্ত যজ্ঞ হইতে অপসারিত করিয়াছিলেন, তখন দেবগণের জয় ও অসুরগণের পরাভব হইয়াছিল। যে ইহা জানে, সে নিজে জয় লাভ করে ও তাহার দ্বেষ্টা অনিষ্টকারী শত্রু পরাভূত হয়।

সেই দেবগণ এইরূপে রক্ষিত যজ্ঞদ্বারা পাপী অসুরগণকে অপসারিত করিয়া স্বর্গলোক জয় করিয়াছিলেন। যে ইহা জানে এবং যে ইহা জানিয়া সবনসকল কল্পনা করে, সে দ্বেষ্টা ও অনিষ্টকারী শত্রুকে অপসারিত করে ও স্বর্গলোক জয় করে।

দ্বিতীয় খণ্ড

হোত্রকগণের কর্ম্ম

পৃষ্ঠ্য ষড়হাদি যজ্ঞে বিশেষ বিধান, যথা—"স্তোত্রিয়ং···কুর্ব্বন্তি"

[পৃষ্ঠ্য ষডহের প্রাতঃসবনে হোত্রকগণের শস্ত্রপাঠকালে] [পরদিনের] স্তোত্রিয় ত্র্যচকে [পূর্ব্বদিনের] স্তোত্রিয় ত্র্যচের অনুরূপ করিবে।

ইহাতে পরদিনের অনুষ্ঠানকে পূর্ব্বদিনের অনুষ্ঠানের অনুরূপ করা হয় ও পূর্ব্বদিনকে অভিমুখ রাখিয়া পরদিনের অনুষ্ঠান আরম্ভ করা হয়।[১]

কিন্তু মাধ্যন্দিনে ঐরূপ করিবে না। মাধ্যন্দিনের পৃষ্ঠস্তোত্রসকল শ্রীস্বরূপ, অতএব [প্রাতঃসবনের] স্তোত্রের সদৃশ নহে, সেই জন্য [মাধ্যন্দিনে] [পরদিনের] স্তোত্রিয় [পূর্ব্বদিনের] স্তোত্রিয়ের অনুরূপ হয় না।

সেইরূপ তৃতীয় সবনেও [পরদিনের] স্তোত্রিয় [পূর্ব্বদিনের] স্তোত্রিয়ের অনুরূপ হয় না।

তৃতীয় খণ্ড

হোত্রকগণের কর্ম্ম

তৎপরে হোত্রকপাঠ্য শস্ত্রের মন্ত্র, যথা—"অথাতঃ অভিসন্তর্বান্ত"

তদনন্তর (স্তোত্রিয়ানুরূপের পর) শস্ত্রারম্ভের মন্ত্র পাঠ করিবে। মৈত্রাবরুণের শস্ত্রে "ঋজুনীতী নো বরুণঃ"[১] এই মন্ত্রে "মিত্রো নয়তু বিদ্বান্" এই চরণ আছে। এই যে মৈত্রাবরুণ, ইনি হোত্রকগণের প্রণেতা (প্রবর্ত্তক); সেই জন্য ঐ মন্ত্রে প্রণেতৃবাচক ["নয়তু"] পদ রহিয়াছে। ব্রাহ্মণাচ্ছংসীর শস্ত্রে "ইন্দ্রং বো বিশ্বতস্পরি"[২] এই মন্ত্রে "হবামহে জনেভ্য ইতীন্দ্রম্" এই চরণ থাকায় এতদ্দ্বারা প্রতি দিন ইন্দ্রকেই আহ্বান করা হয়। যে স্থলে ইহা জানিয়া ব্রাহ্মণাচ্ছংসী প্রতি দিন এই মন্ত্র পাঠ করেন, সেখানে যজমানগণের যজ্ঞে কেহ ইন্দ্রের আগমনে ব্যাঘাত দিতে পারে না।

অচ্ছাবাকের শস্ত্রে "যৎ সোম আ সুতে নরঃ"[৩] এই মন্ত্রে "ইন্দ্রাগ্নী অজোহবুঃ" এই চরণ থাকায় এই মন্ত্রদ্বারা প্রতি দিন ইন্দ্রের ও অগ্নিরই আহ্বান হয়। যে স্থলে ইহা জানিয়া অচ্ছাবাক প্রতি দিন এই মন্ত্র পাঠ

---

(১) যে ঋচে সামগায়ীরা স্তোত্র নিষ্পাদন করেন, তাহাই স্তোত্রিয় ঋচ। পূর্ব্বদিনে ঋচের যে ছন্দ ও যে দেবতা, পরদিনের ঋচেও সেই ছন্দ ও সেই দেবতা থাকিলে উহা অনুরূপ হইবে।

(১) ১।৯০।১।   (২) ১।৮।১০।   (৩) ৭।৯৪।১০।

করেন, সেখানে যজমানের যজ্ঞে ইন্দ্রাগ্নির আগমনে কেহ ব্যাঘাত দিতে পারে না।

ঐ মন্ত্রগুলি স্বর্গলোকে পার করিবার জন্য নৌকাস্বরূপ; এতদ্দ্বারা স্বর্গলোকের অভিমুখেই উত্তীর্ণ হওয়া যায়।

চতুর্থ খণ্ড

হোত্রকগণের কর্ম্ম

অনন্তর হোত্রকপাঠ্য শস্ত্রসমূহের সমাপনমন্ত্রনির্দ্দেশ, যথা—"অথাতঃ· ·এবং বেদ"

অনন্তর [শস্ত্র-] সমাপনের মন্ত্র বলা যাইতেছে। মৈত্রাবরুণের শস্ত্রের শেষ মন্ত্র "তে স্যাম দেব বরুণ"[১] মধ্যে যে "ইষং স্বশ্চ ধীমহি" চরণ আছে, উহার "ইষ" শব্দে এই ভূলোক ও "স্বঃ" শব্দে স্বর্গলোক বুঝাইতেছে, এতদ্দ্বারা এই দুই লোকই প্রাপ্ত হওয়া যায়। ব্রাহ্মণাচ্ছংসীর শস্ত্রে "ব্যন্তবিক্ষমতিবৎ"[২] ইত্যাদি মন্ত্রে যে তৃ্যচ নিষ্পন্ন হয়, উহাতে "বি" শব্দ থাকায় যজমানের উদ্দেশে স্বর্গলোককে বিবৃত করা হয় (খুলিয়া দেওয়া হয়)। ঐ ঋকে "মদে সোমস্য রোচনা" এবং "ইন্দ্রো যদভিনদ্বলম্" এই দুই চরণ আছে। যজমানেরা [যজ্ঞে] দীক্ষিত হইলে ফলকামী (জয়কামী) হইয়া থাকেন, সেই জন্য এই [ইন্দ্রকর্ত্তৃক পরাজিত] বলের (তন্নামক অসুরের) নামযুক্ত মন্ত্র প্রযুক্ত হয়। [ঐ তৃ্যচের অন্তর্গত দ্বিতীয় মন্ত্র] "উদ্‌গা আজদঙ্গিরোভ্যঃ আবিষ্কৃণ্বন্ গুহা সতীঃ। অর্ব্বাঞ্চং নুনুদে বলম্"[৩]—[বলের] গুহা আবিষ্কার করিয়া [ইন্দ্র] গাভীগণকে অঙ্গিরোগণের সমীপে প্রেরণ করিয়াছিলেন এবং অতি নীচ বলকে হত্যা করিয়াছিলেন[৪]—এই মন্ত্রদ্বারা যজমানদিগের ধন রক্ষা হয়। [ঐ তৃতীয় ঋকে] "ইন্দ্রেণ রোচনা দিবঃ"[৫] এই চরণোক্ত ইন্দ্রকর্ত্তৃক শোভমান

(১) ৭।৬৬।৯। (২) ৮।১৪।৭। (৩) ৮।১৪।৮।

(৪) বল নামক অসুর মহর্ষিগণের গাভী অপহরণ করিয়া গুহার মধ্যে লুকাইয়া রাখিয়াছিল। ইন্দ্র বলকে হত্যা করিয়া সেই গুহা হইতে গাভীর উদ্ধার করিয়া মহর্ষিদিগকে দিয়াছিলেন।

(৫) ৮।১৪।৯।

দ্যুলোকের অর্থ স্বর্গলোক। "দৃঢাণি দৃংহিতানি চ, স্থিরাণি ন পরাম্নুদঃ"—[ইন্দ্র] দৃঢ ও দৃঢীকৃত ও স্থির [নক্ষত্রগণকে] নষ্ট করেন নাই—এই দুই চরণ দ্বারা [যজমানকে] প্রতি দিন স্বর্গলোকেই প্রতিষ্ঠিত করা হয়।

অচ্ছাবাকের শস্ত্রে "আহংহং সরস্বতীবতোঃ ইন্দ্রাগ্নোবরো বৃণে"[৬] এই মন্ত্রে ইন্দ্র ও অগ্নিকেই বাগ্যুক্ত (সরস্বতীবান্) বলা হইতেছে, কেন না, সরস্বতীই বাক্, এবং বাক্যই ইন্দ্র ও অগ্নির প্রিয় ধাম। এতদ্দ্বারা ঐ দেবতাকে তাঁহাদের প্রিয়ধামদ্বারা সমৃদ্ধ করা হয়। যে ইহা জানে সে প্রিয় ধামদ্বারা সমৃদ্ধ হয়।

পঞ্চম খণ্ড

হোত্রকগণের কর্ম্ম

সমাপন-মন্ত্র সম্বন্ধে অন্যান্য কথা, যথা—"উভয্যঃ ভবন্তি"

হোত্রকগণের[১] শস্ত্র সমাপনের মন্ত্র প্রাতঃসবনে ও মাধ্যন্দিনসবনে দ্বিবিধ হইয়া থাকে, অহীন যজ্ঞে একরূপ আর ঐকাহিক যজ্ঞে অন্যরূপ।[২] তবে মৈত্রাবরুণ [উভয় সবনে] ঐকাহিকের মন্ত্র দ্বারাই [অহীনের শস্ত্রও] সমাপ্ত করেন, তাহাতে তিনি এই লোক হইতে ভ্রষ্ট হন না। কিন্তু অচ্ছাবাক অহীনের মন্ত্রদ্বারাই [অহীন শস্ত্র সমাপ্ত করিবেন], তাহাতে তাঁহার স্বর্গলোকপ্রাপ্তি ঘটিবে।[৩] ব্রাহ্মণাচ্ছংসী দ্বিবিধ নিয়মেই শস্ত্র সমাপ্ত করিবেন।[৪] তদ্দ্বারা তিনি এই লোক ও ঐ স্বর্গলোক উভয় লোকের সম্পর্ক রাখেন। আবার এতদ্দ্বারা তিনি মৈত্রাবরুণ ও অচ্ছাবাক

(৬) ৮।৩৯।১০।

(১) মৈত্রাবরুণ, ব্রাহ্মণাচ্ছংসী ও অচ্ছাবাক, এই তিন জন হোত্রক।

(২) প্রকৃতিযজ্ঞ একাহে সম্পন্ন হয় বলিয়া ঐকাহিক। একের অধিক দিনে সম্পন্ন যজ্ঞ অহর্গণ বা অহীন।

(৩) তাঁহার পক্ষে ঐকাহিকের মন্ত্র ও অহীনের মন্ত্র পৃথক্।

(৪) তাঁহার পক্ষে প্রাতঃসবনে অহীন ও ঐকাহিক যজ্ঞের মন্ত্র বিভিন্ন, কিন্তু মাধ্যন্দিনে উভয় যজ্ঞেই এক মন্ত্র।

এই উভয়ের সম্পর্ক রাখেন, অহীন ও একাহ উভয় যজ্ঞের সম্পর্ক রাখেন, সংবৎসরসত্রের এবং অগ্নিষ্টোম, এতদুভয়েরও সম্পর্ক রাখেন।

তৃতীয় সবনে ঐকাহিকের মন্ত্রে হোত্রকগণের দ্বিবিধ যজ্ঞের শস্ত্র সমাপন হয়। একাহযজ্ঞ প্রতিষ্ঠাস্বরূপ, এতদ্দ্বারা যজ্ঞকে সমাপ্তিকালে প্রতিষ্ঠাতেই স্থাপন করা হয়।

প্রাতঃসবনে যাজ্যাপাঠে মন্ত্রমধ্যে বিরাম দিবে না।

[প্রাতঃসবনে] ঋক্‌সংখ্যা স্তোমের তুলনায় বাড়াইতে হইলে, এক বা দুইয়ের অধিক বৃদ্ধি করিবে না। পিপাসিত অশ্ব যখন হ্রেষারব করে, তখন তাড়াতাড়ি কিছু [জল] দিতে হয়, সেইরূপ দেবগণকেও ভক্ষণীয় অন্ন ও পানীয় সোম শীঘ্র দিতে হইবে, এই মনে করিয়া মন্ত্রসংখ্যা আর অধিক বাড়াইবে না, ইহাতে শীঘ্রই ইহলোকে প্রতিষ্ঠা ঘটিবে।

অন্য দুই সবনে অপরিমিত (বহুসংখ্যক) মন্ত্রদ্বারা স্তোমবৃদ্ধি করিবে। কেন না, স্বর্গলোক অপরিমিত, ইহাতে স্বর্গলোকপ্রাপ্তি ঘটে।

[অহীনযজ্ঞে] হোত্রকগণ পূর্ব্বদিনে যে সূক্ত পাঠ করেন, পরদিনে হোতা [শস্ত্রপাঠকালে] যথেচ্ছ সেই সূক্ত পাঠ করিবেন। অথবা হোতা যাহা পাঠ করেন, হোত্রকেরাও [পরদিনে] তাহা পাঠ করিবেন। হোতা প্রাণস্বরূপ ও হোত্রকগণ অঙ্গস্বরূপ। এই প্রাণ সকল অঙ্গেই সমান ভাবে সঞ্চরণ করে, সেই জন্য হোত্রকগণ পূর্ব্বদিনে যে সূক্ত পাঠ করেন, হোতা [পরদিনে] তাহা যথেচ্ছ পাঠ করিবেন অথবা হোতা যাহা পাঠ করিবেন, হোত্রকেরাও তাহাই [পরদিনে] পাঠ করিবেন।

হোতা সূক্তের অন্তে স্থিত মন্ত্রদ্বারা শস্ত্র সমাপন করেন; তৃতীয় সবনে হোত্রকগণেরও সেই মন্ত্রে শস্ত্র সমাপন হয়। হোতা শরীর, হোত্রকগণ অঙ্গস্বরূপ। [হস্তপদাদি] অঙ্গসমূহের শেষ ভাগও [অঙ্গুলিসংখ্যায়] সমান। এই জন্য তৃতীয় সবনে হোত্রকগণের শস্ত্রসমাপনমন্ত্রও [হোতার মন্ত্রের] সমান হয়।

অষ্টাবিংশ অধ্যায়

প্রথম খণ্ড

চমসোন্নয়ন

সোমদ্বারা চমসপূরণের নাম উন্নয়ন। উন্নয়নের সময় যে সকল সূক্ত অনুবাক্যারূপে পঠিত হয়, তাহার নাম উন্নীয়মান সূক্ত। অধ্বর্য্যুপ্রেষিত মৈত্রাবরুণ উহা পাঠ করেন। তৎসম্বন্ধে বিধি, যথা—"আ ত্বা···অনুব্রূয়াৎ"

প্রাতঃসবনে [চমস] উন্নয়নের সময় [মৈত্রাবরুণ] "আ ত্বা বহন্তু হরয়ঃ"[১] ইত্যাদি সূক্ত পাঠ করিবেন। বৃষণ্ শব্দ, পীত শব্দ, সুত শব্দ ও মদ্ শব্দ থাকায় উহা এই কর্ম্মে অনুকূল। ইন্দ্র যজ্ঞস্বরূপ, এই জন্য ঐ ইন্দ্রদৈবত সূক্ত পাঠ করা হয়। প্রাতঃসবনের ছন্দ গায়ত্রী, এই জন্য ঐ গায়ত্রীছন্দের মন্ত্রই পাঠ করা হয়।

প্রাতঃসবনে নয়টি মন্ত্র পাঠ করা হয়[২], উহা [মাধ্যন্দিনের সূক্ত] অপেক্ষা অল্প[৩], ক্ষুদ্র স্থানেই (যোনিদেশে) রেতঃসেক হইয়া থাকে।

মাধ্যন্দিনে দশটি মন্ত্র পাঠ করিবে। কেন না, ক্ষুদ্র স্থানে রেতঃ সিক্ত হইয়া স্ত্রীলোকের [গর্ভের] মধ্যে আসিয়া স্থূল [ভ্রূণে] পরিণত হয়।

তৃতীয় সবনে আবার নয়টি মন্ত্র পাঠ করিবে, ঐ সূক্তও [মাধ্যন্দিনের] তুলনায় অল্প; সন্তানও ক্ষুদ্র স্থান (যোনিদেশ) হইতেই জন্ম লাভ করে।

ঐ সকল সূক্ত সম্পূর্ণ পাঠ করিবে। ভ্রূণত্বপ্রাপ্ত যজমানকে এতদ্দ্বারা দেবযোনিস্বরূপ যজ্ঞ হইতে [পূর্ণ দেবত্বে] জন্মদান হয়। কেহ কেহ বলেন, [সম্পূর্ণ সূক্ত না পড়িয়া প্রতি সূক্তে] সাতটি সাতটি মন্ত্র পাঠ করিবে, প্রাতঃসবনে সাতটি, মাধ্যন্দিনে সাতটি, তৃতীয় সবনে সাতটি। কেন না, যতগুলি মন্ত্র যাজ্যা হয়, পুরোনুবাক্যাও ততগুলি হওয়া উচিত, সাত জন ঋত্বিক্[৪] পূর্ব্বমুখ হইয়া [সাতটি] যাজ্যা পাঠ করেন, সাত জনেই

(১) ১।১৬।১।

(২) ঐ সূক্তে নয়টি ঋক্ আছে।

(৩) মাধ্যন্দিনে দশ মন্ত্রের সূক্ত পঠিত হয়।

(৪) হোতা, মৈত্রাবরুণ, ব্রাহ্মণাচ্ছংসী, নেষ্টা, পোতা, আগ্নীধ্র, অচ্ছাবাক, এই সাত জন।

বষট্‌কার উচ্চারণ করেন ; [চমসোন্নয়নে পঠিত] ঐ মন্ত্রগুলি ঐ [সাতটি] যাজ্যারই পুরোনুবাক্যা, ইঁহারা এইরূপ বলেন। কিন্তু এরূপ করিবে না। উহাতে যজমানের রেতঃ লুপ্ত হইবে ও [তাহার ফলে] যজমানকেও লুপ্ত করা হইবে, যজমানই সূক্তস্বরূপ। মৈত্রাবরুণ [প্রাতঃসবনে] নয়টি মন্ত্র দ্বারা যজমানকে এই লোক হইতে অন্তরিক্ষলোকের অভিমুখে প্রেরণ করেন, [মাধ্যন্দিনে] দশটি মন্ত্র দ্বারা অন্তরিক্ষলোক হইতে ঐ [নাকপৃষ্ঠনামক] লোকের অভিমুখে প্রেরণ করেন, ঐ লোক অন্তরিক্ষ-লোক হইতেও বৃহৎ, [তৃতীয় সবনে] নয়টি মন্ত্রদ্বারা সেই লোক হইতে স্বর্গলোকের অভিমুখে প্রেরণ করেন। যাঁহারা সাতটি সাতটি মন্ত্র পাঠ করিতে বলেন, তাঁহারা যজমানকে স্বর্গলোক অভিমুখে আরোহণে সমর্থ করেন না। সেই জন্য সম্পূর্ণ সূক্তগুলি পাঠ করিবে।

দ্বিতীয় খণ্ড

চমসোন্নয়ন

সবনত্রয়ে চমসাধ্বর্য্যুগণ কর্তৃক চমসোন্নয়নের পর সোমাহুতি দিবার সময় পূর্ব্বোক্ত সাত জন হোতা সাতটি প্রস্থিত যাজ্যা পাঠ করেন ; তৎসম্বন্ধে বিধান, যথা—"অথাহ উপাপ্নোতি"

এ বিষয়ে প্রশ্ন আছে :—ইন্দ্র যজ্ঞস্বরূপ, তবে কেন প্রাতঃসবনে প্রস্থিতযাজ্যাপাঠে[১] কেবল হোতা ও ব্রাহ্মণাচ্ছংসী এই দুই জন মাত্র প্রত্যক্ষভাবে ইন্দ্রদৈবত মন্ত্রে যাজ্যা পাঠ করেন? হোতা "ইদং তে সোম্যং মধু"[২] এই মন্ত্রে ও ব্রাহ্মণাচ্ছংসী "ইন্দ্র ত্বা বৃষভং বয়ম্"[৩] এই মন্ত্রে যাজ্যা পাঠ করেন, অন্য [পাঁচ] ঋত্বিক্ কিন্তু নানা দেবতার উদ্দিষ্ট মন্ত্রে যাজ্যা পাঠ করেন, তবে সেই মন্ত্র কিরূপে ইন্দ্র-দৈবতরূপে গণ্য হয়?

[উত্তর] "মিত্রং বয়ং হবামহে"[৪] এই মন্ত্র মৈত্রাবরুণের যাজ্যা, উহাতে "বরুণং সোমপীতয়ে," এই যে পীতশব্দযুক্ত [দ্বিতীয়] চরণ আছে, উহা ইন্দ্রের অনুকূল, এতদ্দ্বারা ইন্দ্রকে প্রীত করা হয়। "মরুতো যস্য হি

(১) উল্লিখিত সাত জন ঋত্বিকের পঠিত যাজ্যার নাম প্রস্থিত যাজ্যা।

(২) ৮।৬৬।৮। (৩) ৩।৪০।১। (৪) ১।২৩।৪।

ক্ষয়ে"[৫] এই মন্ত্র পোতার যাজ্যা। উহার "স সুগোপাতমো জনঃ" এই [তৃতীয় চরণে] ইন্দ্রকেই গোপা (রক্ষক) বলা হইয়াছে, এ জন্য ইহা ইন্দ্রের অনুকূল ; ইহাতে ইন্দ্রকে প্রীত করা হয়। "অগ্নে পত্নীবিহাবহ"[৬] এই মন্ত্র নেষ্টার যাজ্যা, উহার "ত্বষ্টারং সোমপীতয়ে" এই [তৃতীয় চরণে] ত্বষ্টা শব্দ ইন্দ্রকে বুঝায়, উহা ইন্দ্রের অনুকূল ; ইহাতে ইন্দ্রকেই প্রীত করা হয়। "উক্ষান্নায বশান্নায"[৭] এই মন্ত্র আগ্নীধ্রের যাজ্যা; উহার [দ্বিতীয় চরণে] "সোমপৃষ্ঠায বেধসে" এ স্থলে ইন্দ্রই বেধা (বিধাতা) ; এই মন্ত্র ইন্দ্রের অনুকূল, ইহাতে ইন্দ্রকে প্রীত করা হয়। "প্রাতর্যাবভি-রাগতং দেবেভির্জেন্যাবসূ। ইন্দ্রাগ্নী সোমপীতয়ে"[৮] অচ্ছাবাকের এই মন্ত্র [ইন্দ্র শব্দ থাকায] আপনিই [ইন্দ্রের] অনুকূল।

এইরূপে এই সকল মন্ত্রই ইন্দ্রের অনুকূল। আর ঐ সকল মন্ত্র নানা দেবতার উদ্দিষ্ট হওয়ায তাহাতে অন্য দেবতারাও প্রীত হন। উহাদের গায়ত্রী ছন্দ হওয়ায উহারা অগ্নির অনুকূলও বটে। এইরূপে ঐ সকল মন্ত্রদ্বারা ত্রিবিধ ফল (মন্ত্রোদ্দিষ্ট দেবতাগণের, ইন্দ্রের এবং অগ্নির প্রীতি) পাওয়া যায়।

তৃতীয় খণ্ড

চমসোন্নয়ন

মাধ্যন্দিন সবনে উন্নয়নকালের সূক্তবিধান, যথা—"অসাবি দেবং ·ভবন্তি"

মাধ্যন্দিন সবনে [চমসের] উন্নয়নকালে "অসাবি দেবং গোঋজীক-মন্ধঃ"[১] ইত্যাদি সূক্তে অনুবাক্যা হইবে। উহাতে বৃষণ্ শব্দ, পীত শব্দ, সুত শব্দ ও মদ্ শব্দ থাকায উহারা এই কর্ম্মে অনুকূল। ঐ ইন্দ্রদৈবত মন্ত্র পাঠ করিবে, কেন না, ইন্দ্র যজ্ঞস্বরূপ। ঐ ত্রিষ্টুপ্ ছন্দের মন্ত্র পাঠ করিবে, কেন না, মাধ্যন্দিন সবনের ছন্দ ত্রিষ্টুপ্। এ বিষয়ে প্রশ্ন হয়—মদ্‌শব্দযুক্ত মন্ত্র তৃতীয় সবনের অনুকূল, তবে কেন মাধ্যন্দিন সবনে ঐ মন্ত্রে অনুবাক্যা হয় এবং ঐরূপ মন্ত্রেই যাজ্যা হয় ? [উত্তর] দেবতারা

---

(৫) ১।১৮৬।১। (৬) ১।২২।৯। (৭) ৮।৪৩।১১। (৮) ৮।৩৮।৭।
(১) ৭।২১।১।

মাধ্যন্দিন সবনেই [সোমপানে] মত্ত হন; তৃতীয় সবনে তাঁহারা ভাল করিয়াই একসঙ্গে মত্ত হন। সেই জন্য মাধ্যন্দিনেও মদ্-শব্দ-যুক্ত মন্ত্রেই অনুবাক্যা হয় ও তাদৃশ মন্ত্রে যাজ্যাও হয়। ঋত্বিকেরা সকলেই মাধ্যন্দিনে প্রত্যক্ষভাবে ইন্দ্রদৈবত মন্ত্রে প্রস্থিত সোমের যাজ্যা পাঠ করেন।[২]

তবে [সাত জন ঋত্বিকের মধ্যে] কয়েক জনের মন্ত্রে অভিপূর্ব্বক তৃদ্‌ধাতুনিষ্পন্ন পদও আছে। যথা, "পিবা সোমমভি যমুগ্র তর্দ্দ"[৩] এই ["অভি" ও "তর্দ" শব্দযুক্ত] মন্ত্র হোতার যাজ্যা। "স ঈং পাহি য ঋজীষী তরুত্রঃ"[৪] এই মন্ত্র মৈত্রাবরুণের যাজ্যা। "এবা পাহি প্রত্নথা মন্দতু ত্বা"[৫] এই মন্ত্র ব্রাহ্মণাচ্ছংসীর যাজ্যা।

"অর্ব্বাঙেহি সোমকামং ত্বাহুঃ"[৬] এই মন্ত্র পোতার যাজ্যা। "তবায়ং সোমস্ত্বমেহ্যর্ব্বাঙ্" এই মন্ত্র[৭] নেষ্টার যাজ্যা। "ইন্দ্রায় সোমঃ প্রদিবো বিদানাঃ"[৮] এই মন্ত্র অচ্ছাবাকের যাজ্যা। "আপূর্ণো অস্য কলশঃ স্বাহা"[৯] এই মন্ত্র আগ্নীধ্রের যাজ্যা।

এই সকলের মধ্যে কেবল [তিনটি] মন্ত্র অভিপূর্ব্বক তৃদ্‌ধাতুনিষ্পন্ন পদযুক্ত।[১০] ইন্দ্র প্রাতঃসবনে বিজয় লাভ করেন নাই, তিনি ঐ [তিনটি] মন্ত্রদ্বারা মাধ্যন্দিন সবনকে অপর সবনদ্বয়ের অভিমুখে তর্দ্দিত (দৃঢ়বদ্ধ) করিয়াছিলেন, ঐরূপে তিনি যে অন্যের অভিমুখে তর্দ্দিত করিয়াছিলেন, এই জন্য ঐ মন্ত্র উক্ত লক্ষণযুক্ত হইয়া থাকে।

---

(২) প্রাতঃসবনে কেবল দুই জন ঋত্বিকের মন্ত্র প্রত্যক্ষভাবে ইন্দ্রদেবতার উদ্দিষ্ট, অন্য ঋত্বিকের মন্ত্র প্রত্যক্ষভাবে অন্য দেবতার উদ্দিষ্ট; কেবল গৌণভাবে ইন্দ্রের সম্পর্কযুক্ত। মাধ্যন্দিন সবনে সকল ঋত্বিকের মন্ত্রেরই দেবতা প্রত্যক্ষভাবে ইন্দ্র।

(৩) ৬।১৭।১।

(৪) ৬।১৭।২ ইহার চতুর্থ চরণে "অভিতৃন্ধি" পদ আছে।

(৫) ৬।১৭।৩ ইহার চতুর্থ চরণে "অভিতৃন্ধি" পদ আছে।

(৬) ১।১০৪।৯। (৭) ৩।৩৫।৬। (৮) ৩।৩৬।২। (৯) ৩।৩২।১৫।

(১০) উক্ত সাতটি মন্ত্রের মধ্যে হোতা, মৈত্রাবরুণ ও ব্রাহ্মণাচ্ছংসী এই তিন জনের (৩), (৪), (৫) চিহ্নিত মন্ত্রই উক্ত লক্ষণাবিশিষ্ট, অন্য মন্ত্র নহে।

চতুর্থ খণ্ড

চমসোন্নয়ন

অনন্তর তৃতীয় সবনে উন্নয়নকালীন সূক্তবিধান, যথা—"ইহোপ যাত⋯সমৃদ্ধ্যৈ"

তৃতীয় সবনে [চমসের] উন্নয়নকালে "ইহোপ যাত শবসো নপাতঃ"[১] ইত্যাদি সূক্ত অনুবাক্যা হইবে। বৃষণ্ শব্দ, পীত শব্দ, সুত শব্দ ও মদ্ শব্দ থাকায় ঐ সূক্তের মন্ত্রসকল এই কর্ম্মে অনুকূল, ঐ মন্ত্রসকল ইন্দ্রের ও ঋভুগণের উদ্দিষ্ট। এ বিষয়ে প্রশ্ন আছে,—[তৃতীয় সবনে পবমানস্তোত্রে সামগায়ীরা] ঋভুদৈবত মন্ত্রে স্তোত্র সম্পাদন করেন না, তবে কেন পবমানকে ঋভুদৈবত বলা হয়? [উত্তর] পুরাকালে পিতা প্রজাপতি মর্ত্ত্য (মানুষ-ধর্ম্মযুক্ত) ঋভুগণকে অমর্ত্ত্য (দেবধর্ম্মযুক্ত) করিয়া তৃতীয় সবনের ভাগী করিয়াছিলেন, সেই জন্য ঋভুদৈবত মন্ত্রে স্তোত্রসম্পাদন হয় না, অথচ [তৃতীয় সবনের সম্পর্কহেতু] পবমানকে ঋভুদৈবত বলা হয়। এ বিষয়ে কেহ কেহ প্রশ্ন করেন,—প্রাতঃসবনে গায়ত্রী ও মাধ্যন্দিনে ত্রিষ্টুপ্ ছন্দ পঠিত হওয়ায় ঐ পূর্ব্ববর্ত্তী সবনদ্বয়ে যথোচিত ছন্দেই অনুবাক্যা হইয়া থাকে, তবে তৃতীয় সবনের ছন্দ জগতী হইলেও উহাতে ত্রিষ্টুপ্ ছন্দে কেন অনুবাক্যা হয়? [উত্তর] তৃতীয় সবনের রস [গায়ত্রীকর্ত্তৃক] পীত হইয়াছিল[২], আর ত্রিষ্টুপ্‌ছন্দের রস পীত না হওয়ায় উহা শুক্রযুক্ত (সারযুক্ত), এই জন্য তদ্দ্বারা তৃতীয় সবনের রসতা সম্পাদন ঘটে, এই উত্তর দিবে। অতএব এতদ্দ্বারা এই সবনে ইন্দ্রের ভাগ সম্পাদিত হয়।

এ বিষয়ে আরও প্রশ্ন আছে:—তৃতীয় সবনের দেবতা ইন্দ্র ও ঋভুগণ, কিন্তু তৃতীয় সবনে প্রস্থিত সোমের যাজ্যাবিধানে কেবল হোতা "ইন্দ্র

---

(১) ৪।৩৫।১।

(২) সোমাহরণকালে গায়ত্রী দুই চরণদ্বারা প্রথম সবনদ্বয় ও মুখদ্বারা তৃতীয় সবন গ্রহণ করিয়া উহার রস পান করিয়াছিলেন। এ বিষয়ে শ্রুতি, যথা,—"পদ্ভ্যাং দ্বে সবনে সমগৃহ্লান্মুখেনৈকং যন্মুখেন সমগৃহ্লাৎ তদধয়ংস্তস্মাদ্ দ্বে সবনে শুক্রবতী প্রাতঃসবনং মাধ্যন্দিনঞ্চ তস্মাৎ তৃতীয়সবন ঋজীষমভিষুণ্বন্তি ধীতমিব হি মন্যন্তে"।

ঋভুভির্বাজবদ্ভিঃ সমুক্ষিতম্”[৩] এই প্রত্যক্ষভাবে ইন্দ্রদৈবত ও ঋভুদৈবত মন্ত্রে যাজ্যা করেন, অন্য ঋত্বিকেরা নানা দেবতার উদ্দিষ্ট মন্ত্রে যাজ্যা করিলেও কিরূপে উহা ইন্দ্র ও ঋভুগণের উদ্দিষ্ট বলিয়া গণ্য হয় ? [উত্তর] “ইন্দ্রাবরুণা সুতপাবিমং সুতম্”[৪] এই মন্ত্র মৈত্রাবরুণের যাজ্যা, উহার “যুবো রথো অধ্বরং দেববীতয়ঃ” এই চরণে [“দেববীতয়ঃ” এই] বহু-বচনান্ত পদ আছে, এই জন্য উহা [বহুসংখ্যক] ঋভুগণেরই অনুকূল। “ইন্দ্রশ্চ সোমং পিবতং বৃহস্পতে”[৫] এই মন্ত্র ব্রাহ্মণাচ্ছংসীর যাজ্যা। ইহার “আ বাং বিশন্ত্বিন্দবঃ স্বাভূবঃ” এই চরণেও বহুবচনান্ত পদ থাকায় উহাও ঋভুগণের অনুকূল।

“আ বো বহন্তু সপ্তয়ো রঘুষ্যদঃ”[৬] এই মন্ত্র পোতার যাজ্যা, ইহার “রঘুপত্বানঃ প্র জিগাত বাহুভিঃ” এই চরণে বহুবচনান্ত পদ থাকায় উহা ঋভুগণের অনুকূল। “অমেব নঃ সুহবা আ হি গন্তন”[৬] এই মন্ত্র নেষ্টার যাজ্যা, ইহার “গন্তন” (অর্থাৎ গচ্ছত) এই পদ বহুবচনান্ত হওয়ায় ইহাও ঋভুগণের অনুকূল। “ইন্দ্রাবিষ্ণূ পিবতং মধ্বো অস্য”[৭] এই মন্ত্র অচ্ছাবাকের যাজ্যা, ইহার “অন্ধাংসি মদিরাণ্যগ্মন্” এই চরণে বহুবচনান্ত পদ থাকায় ইহাও ঋভুগণের অনুকূল। “ইমং স্তোমমর্হতে জাতবেদসে”[৮] এই মন্ত্র আগ্নীধ্রের যাজ্যা; ইহার “রথমিব সং মহেমা মনীষয়া” এই পদে বহুবচনান্ত পদ থাকায় উহা ঋভুগণের অনুকূল। এইরূপে ঐ মন্ত্রসকল ইন্দ্র ও ঋভুগণ উভয়েরই সম্বন্ধযুক্ত হয়, আর উহারা নানা দেবতার উদ্দিষ্ট হওয়ায় অন্য দেবতাকেও প্রীত করে। এই সকল মন্ত্রে জগতীচ্ছন্দের বাহুল্য আছে, তৃতীয় সবনের ছন্দও জগতী, ইহাতে তৃতীয় সবনেরই সমৃদ্ধি ঘটে।

---

(৩) ৬।৬১।১০। (৪) ৪।৫০।১০। (৫) ১।৮৫।৬।
(৬) ২।৩৬।৩। (৭) ৬।৬৯।৭। (৮) ১।৯৪।১।

পঞ্চম খণ্ড

হোত্রক ও হোত্রাশংসী

হোত্রক ও হোত্রাশংসীর কর্ম্মের সাম্য ও বৈষম্য প্রদর্শন, যথা—"অথাহ··· তেনেতি"।

এ বিষয়ে প্রশ্ন আছে:—ইহাদের মধ্যে কাহারও কাহারও কর্ম্ম শস্ত্রবিশিষ্ট, কাহারও কর্ম্ম শস্ত্রবিশিষ্ট নহে১, তবে কিরূপে যজমানের পক্ষে সকল ঋত্বিকের কর্ম্মই শস্ত্রবিশিষ্ট কর্ম্মের মত সমানভাবে সমৃদ্ধি লাভ করে? [উত্তর] এই [উভয় শ্রেণীর] ঋত্বিকের কর্ম্মকেই একযোগে "হোত্র" বলা হয়, সেই জন্য সকলেই সমান।২ ইহাদের কাহারও শস্ত্র আছে, কাহারও শস্ত্র নাই, সেই জন্য উভয়ের বৈষম্যও আছে বটে। কিন্তু ঐ কারণে সকলেরই কর্ম্ম শস্ত্রবিশিষ্টরূপে গণ্য হইয়া সমানভাবে সমৃদ্ধি লাভ করে।

আরও প্রশ্ন আছে:—হোত্রকগণ প্রাতঃসবনে শস্ত্র পাঠ করেন, মাধ্যন্দিনে শস্ত্র পাঠ করেন, তাহাতে তৃতীয় সবনেও তাঁহাদের শস্ত্রপাঠ কিরূপে সিদ্ধ হয়? [উত্তর] মাধ্যন্দিনে হোত্রকেরা প্রত্যেকে দুই দুই সূক্ত পাঠ করেন, এই জন্য [সিদ্ধ হয়], এই উত্তর দিবে।৩

আরও প্রশ্ন আছে:—হোতারই [প্রত্যেক সবনে] দুইটি শস্ত্রপাঠের বিধান আছে, হোত্রকগণের [তাহা না থাকিলেও] কিরূপে দুই শস্ত্র-পাঠের ফললাভ হয়? [উত্তর] তাঁহারা [প্রস্থিত সোমযাগে] দুই

---

(১) মৈত্রাবরুণ, ব্রাহ্মণাচ্ছংসী ও অচ্ছাবাক, এই তিন হোত্রকের শস্ত্র আছে, নেষ্টা, পোতা ও আগ্নীধ্র, এই তিন হোত্রাশংসীর শস্ত্র নাই।

(২) হোত্রক ও হোত্রাশংসী উভয়বিধ ঋত্বিকের কর্ম্মের সাধারণ নাম হোত্র, এই জন্য হোত্রাশংসীর শস্ত্র না থাকিলেও তিনি হোত্রকের তুল্য হন।

(৩) তৃতীয় সবনে হোত্রকেরা শস্ত্র পাঠ করেন না। কিন্তু দ্বিতীয় সবনে মৈত্রাবরুণ, ব্রাহ্মণাচ্ছংসী ও অচ্ছাবাক, ইঁহারা প্রত্যেকে দুই দুই সূক্ত পাঠ করেন। উহার একটি সূক্ত মাধ্যন্দিনের উদ্দিষ্ট ও দ্বিতীয় সূক্ত পরবর্ত্তী তৃতীয় সবনের উদ্দিষ্ট মনে করিলে তদ্দ্বারাই তৃতীয় সবনের শস্ত্রপাঠে ফললাভ হইবে।

দুই দেবতার উদ্দিষ্ট যাজ্যা পাঠ করেন, এই জন্য [ঐ ফল লাভ হয়], এই উত্তর দিবে।৪

ষষ্ঠ খণ্ড

হোত্রক ও হোত্রাশংসী

হোত্রক সম্বন্ধে আরও বক্তব্য—"অথাহ...শংসতঃ"।

এ বিষয়ে আরও প্রশ্ন আছে,—তিন জন হোত্রকের হোত্র শস্ত্রবিশিষ্ট, তবে অপরের (হোত্রাশংসীদের) কর্ম্মও কিরূপে শস্ত্রবিশিষ্ট বলিয়া গণ্য হয়? [উত্তর] [হোতার পঠিত] আজ্যশস্ত্র আগ্নীধ্রের শস্ত্ররূপে, মরুত্বতীয় শস্ত্র পোতার শস্ত্ররূপে, বৈশ্বদেবশস্ত্র নেষ্টার শস্ত্ররূপে গণ্য হয়, এইরূপে তাঁহাদের কর্ম্মও শস্ত্রচিহ্নযুক্ত হইয়া থাকে।১

আরও প্রশ্ন আছে,—অন্য হোত্রকগণের প্রত্যেকের জন্য একটি মাত্র প্রৈষের বিধান আছে, তবে কেন পোতার জন্য দুইটি প্রৈষ আর নেষ্টার জন্য দুইটি প্রৈষ?২ [উত্তর] যে সময়ে ঐ গায়ত্রী সুপর্ণরূপ ধরিয়া সোম আহরণ করিয়াছিলেন, সেই সময়ে তিনি ঐ হোত্রকগণের শস্ত্র লোপ করিয়া হোতাকে [সেই শস্ত্র] দান করিয়াছিলেন, এবং [ঐ

---

(৪) হোতার শস্ত্র প্রাতঃসবনে আজ্য ও প্রউগ, মাধ্যন্দিনে মরুত্বতীয় ও নিষ্কেবল্য, তৃতীয়ে বৈশ্বদেব ও আগ্নিমারুত, হোত্রকগণের কাহারও দুই শস্ত্রের বিধান নাই। কিন্তু প্রস্থিত যাজ্যার মন্ত্রের দ্বিবিধ দেবতা, এক দেবতা প্রত্যক্ষভাবে মন্ত্রের উদ্দিষ্ট, অন্য দেবতা গৌণভাবে সম্বন্ধযুক্ত (পূর্ব্বে দেখ), এতদ্দ্বারা ঐ ফললাভ হয়।

(১) আগ্নীধ্রের যাজ্যা অগ্নির উদ্দিষ্ট, আজ্যশস্ত্রও অগ্নির উদ্দিষ্ট। পোতার যাজ্যা মরুদ্গণের উদ্দিষ্ট, মরুত্বতীয় শস্ত্রও মরুদ্গণের উদ্দিষ্ট। নেষ্টার যাজ্যামন্ত্রে দেবগণের উল্লেখ আছে, এই হেতু উহার সহিত বৈশ্বদেব শস্ত্রের সম্বন্ধস্থাপন চলিতে পারে। এইরূপে প্রত্যেকের জন্য হোতৃপঠিত শস্ত্রের সহিত হোত্রকপঠিত যাজ্যার সামান্য দেখান হইতেছে।

(২) প্রৈষমন্ত্র সাকল্যে বারটি এবং হোতা, পোতা, নেষ্টা, আগ্নীধ্র, ব্রাহ্মণাচ্ছংসী, মৈত্রাবরুণ, হোতা, পোতা, নেষ্টা, অচ্ছাবাক, অধ্বর্য্যু ও গৃহপতি, এই কয়েক জনের জন্য যথাক্রমে বিহিত। হোতার দুই প্রৈষ পূর্ব্বে বলা হইয়াছে। হোত্রকগণের মধ্যে কেবল পোতার ও নেষ্টার দুই দুই প্রৈষ; অন্যের এক এক। "হোতা যক্ষন্ মরুতঃ পোত্রাৎ" এবং "হোতা যক্ষদ্দেবং দ্রবিণোদাং পোত্রাদৃতুভিঃ" এই দুইটি পোতার প্রৈষ। "হোতা যক্ষদগ্নাবো নেষ্টা" এবং "হোতা যক্ষদ্দেবং দ্রবিণোদাং নেষ্ট্রাৎ" এই দুইটি নেষ্টার প্রৈষ।

হোত্রকগণকে বলিয়াছিলেন], তোমরা আহাবপর্য্যন্ত করিতে পাইবে না, যেহেতু তোমরা [আমার অবস্থা] জানিতে পার নাই। তখন দেবগণ বলিলেন, এই দুই জনকে (পোতা ও নেষ্টাকে) [প্রৈষমন্ত্ররূপ] বাক্যদ্বারা বর্দ্ধিত করিব, সেই জন্য তাঁহার দুই দুই প্রৈষ হইল। আর দেবগণ আগ্নীধ্রের ক্রিয়াকে ঋক্‌মন্ত্রদ্বারা বর্দ্ধিত করিয়াছিলেন, সেই জন্য আগ্নীধ্রের যাজ্যায় একটি ঋক্ অধিক আছে।[৩]

আরও প্রশ্ন আছে,—মৈত্রাবরুণ "হোতা যক্ষৎ," "হোতা যক্ষৎ" ইত্যাদি প্রৈষমন্ত্রে হোতাকে প্রেষণ করেন, [ইহা যুক্তিযুক্ত], কিন্তু যাঁহারা হোতা নহেন, হোত্রাশংসী মাত্র, তাঁহাদিগকেও কেন "হোতা যক্ষৎ" "হোতা যক্ষৎ" ইত্যাদি মন্ত্রে প্রেষণ করা হয়? [উত্তর] হোতা প্রাণস্বরূপ, সকল ঋত্বিক্‌ই প্রাণস্বরূপ, ঐরূপে [সকলকে] প্রেষণ করিলে "প্রাণো যক্ষৎ" "প্রাণো যক্ষৎ" ইহাই বলা হয়।[৪]

আরও প্রশ্ন আছে,—উদ্গাতৃগণের জন্য প্রৈষমন্ত্র আছে কি নাই? [উত্তর] আছে, এই উত্তর দিবে। প্রশাস্তা (মৈত্রাবরুণ) জপের পর "স্তুধ্বম্"—স্তোত্র আরম্ভ কর [উদ্গাতাদিগকে] যে এই কথা বলেন, উহাই তাঁহাদের পক্ষে প্রৈষমন্ত্র।

আরও প্রশ্ন আছে,—অচ্ছাবাকের প্রবর [প্রকৃষ্টভাবে বরণমন্ত্র] আছে, কি নাই? [উত্তর] আছে, এই উত্তর দিবে। অধ্বর্য্যু যে

---

(৩) আজ্য, মরুত্বতীয় ও বৈশ্বদেব, এই তিন শস্ত্র পূর্ব্বে হোতার পাঠ্য ছিল না, পোতা, নেষ্টা ও আগ্নীধ্রের অর্থাৎ তিন জন হোত্রাশংসীর পাঠ্য ছিল। গায়ত্রীকর্ত্তৃক সোমাহরণে ইন্দ্র শোকাভিভূত হইলে সকল ঋত্বিক্ ইন্দ্রের নিকট সান্ত্বনা দিবার জন্য আসিয়াছিলেন, কেবল ঐ তিন ঋত্বিক্ আসেন নাই। তাহাতে ইন্দ্র ক্রুদ্ধ হইয়া তাঁহাদের শস্ত্র হোতাকে দান করেন এবং তাঁহাদিগকে আহাবমন্ত্রপাঠের অধিকারে বঞ্চিত করেন। অন্য দেবতারা হোত্রাশংসীদের এই দুর্দ্দশায় ব্যথিত হইয়া নেতা ও পোষ্টাকে দুইটি করিয়া প্রৈষ দিলেন এবং আগ্নীধ্রের যাজ্যামন্ত্রে ঋক্‌সংখ্যা একটি বাড়াইয়া দিলেন। সাত জন ঋত্বিকেরই তিনটি করিয়া প্রস্থিত যাজ্যামন্ত্র ছিল, তদবধি আগ্নীধ্রের চারিটি মন্ত্র হইল। "এভিরগ্নে সরথম্" এই মন্ত্রটি আগ্নীধ্রের চতুর্থ মন্ত্র; পাত্নীবত গ্রহযাগে উহার প্রয়োগ হয়।

(৪) মৈত্রাবরুণই সকল ঋত্বিক্‌কে প্রৈষমন্ত্রদ্বারা প্রেরণ করেন। প্রৈষমন্ত্রমাত্রেরই আরম্ভে "হোতা যক্ষৎ" এই বাক্য আছে, উহা হোতার পক্ষে সঙ্গত ও যুক্তিযুক্ত; হোতা ব্যতীত অন্য ঋত্বিকের পক্ষে ঐরূপ বাক্য কিরূপে সঙ্গত হইবে, উক্ত প্রশ্নের এই তাৎপর্য্য।

[অচ্ছাবাককে] বলেন, "অচ্ছাবাক বদস্ব যত্তে বাদ্যম্"—অচ্ছাবাক, তোমার যাহা বক্তব্য, তাহা বল,—উহাই তাঁহার পক্ষে প্রবর বলিয়া গৃহীত হয়।[৫]

আরও প্রশ্ন আছে,—[অগ্নিষ্টোমের বিকৃতি উক্থ্য নামক ক্রতুতে] তৃতীয় সবনে মৈত্রাবরুণ ইন্দ্রের ও বরুণের উদ্দিষ্ট সূক্ত পাঠ করেন,[৬] তবে কেন অগ্নির উদ্দিষ্ট মন্ত্রে উহার স্তোত্রিয় ও অনুরূপ সম্পাদিত হয়?[৭] [উত্তর] দেবগণ অগ্নিকে মুখ (প্রধান) করিয়া তাঁহার সাহায্যে অসুরগণকে উক্থ হইতে অপসারিত করিয়াছিলেন, সেই জন্য এ স্থলে অগ্নিদৈবত মন্ত্রেই স্তোত্রিয় ও অনুরূপ সম্পাদিত হয়।

আরও প্রশ্ন আছে,—তৃতীয় সবনে ব্রাহ্মণাচ্ছংসী ইন্দ্রের ও বৃহস্পতির উদ্দিষ্ট মন্ত্র পাঠ করেন ও অচ্ছাবাক ইন্দ্রের ও বিষ্ণুর উদ্দিষ্ট মন্ত্র পাঠ করেন, তবে কেন কেবল ইন্দ্রের উদ্দিষ্ট মন্ত্রে উহার স্তোত্রিয় ও অনুরূপ সম্পাদিত হয়? [উত্তর] ইনিই অসুরগণকে উক্থসকলের নিকট হইতে জয় করিয়াছিলেন, তখন ইনি [দেবগণকে] বলিয়াছিলেন, [তোমাদের মধ্যে] কে [আমার সঙ্গে আসিবে]? তখন দেবতারা আমি [যাইব], আমি [যাইব], এই বলিয়া ইন্দ্রের পশ্চাতে গিয়াছিলেন। সেই ইন্দ্র সকলের পূর্ব্বে গিয়া [অসুরদিগকে] জয় করিয়াছিলেন, তজ্জন্য ইন্দ্রদৈবত মন্ত্রেই স্তোত্রিয় ও অনুরূপ সম্পাদিত হয়। অন্য দেবতারাও যে "আমি, আমি" বলিয়া ইন্দ্রের পশ্চাতে গিয়াছিলেন, তাহাতেই [ঐ দুই ঋত্বিক্ তৃতীয় সবনে অন্য দেবতার উদ্দিষ্ট মন্ত্র পাঠ করিয়া থাকেন]।

---

(৫) অন্য ঋত্বিকেরা বরণের পর বষট্কার উচ্চারণে হোম করেন। অচ্ছাবাকের পক্ষে সেরূপ বিধান নাই, এ স্থলে অধ্বর্য্যু-কথিত উক্ত বাক্যই অচ্ছাবাকের বরণমন্ত্র বলিয়া গ্রহণ করিতে হইবে।

(৬) "ইন্দ্রাবরুণা যুবম্" ইত্যাদি সূক্ত।

(৭) এই শস্ত্রে অগ্নির উদ্দিষ্ট মন্ত্রে স্তোত্রিয় ও অনুরূপ সম্পাদিত হইয়া থাকে।

সপ্তম খণ্ড

হোত্রককর্ম্ম

হোত্রক সম্বন্ধে অন্যান্য কথা—"অথাহ অভ্যস্তেৎ"।

আবও প্রশ্ন আছে, তৃতীয় সবনেব দেবতা বিশ্বদেবগণ, তবে কেন তৃতীয় সবনেব আবম্ভে ইন্দ্রেব উদ্দিষ্ট অথচ জগতী ছন্দেব সূক্ত পঠিত হয়?[১] [উত্তব] এরূপ কবিলে ইন্দ্রেব উদ্দেশেই যজ্ঞ আবম্ভ কবিয়া যজ্ঞানুষ্ঠান হয, এই উত্তব দিবে। আব তৃতীয় সবনেব ছন্দ জগতী, অতএব উহাতে জগতেবই কামনা হয। ইহাব [আবম্ভে পঠিত সূক্তেব] পব যে কিছু ছন্দ পঠিত হয, সে সমস্তও জগতীব সম্বন্ধযুক্ত হইযা পড়ে। এই জন্য তৃতীয় সবনেব আবম্ভে ইন্দ্রেব উদ্দিষ্ট জগতী ছন্দেব ঐ সকল সূক্ত পঠিত হয।

অচ্ছাবাক শস্ত্রেব অন্তে "সং বাং কর্ম্মণা"[২] এই ত্রিষ্টুপ্ সূক্ত পাঠ কবেন, এতদ্দ্বাবা যে কর্ম্ম (সোমপান) স্তুতিযোগ্য, তাহাকেই লক্ষ্য করা হয। ঐ মন্ত্রেব "সমিষা" এই পদে ইষ শব্দে অন্নকে বুঝায, এতদ্দ্বাবা ভক্ষণীয অন্নেব বক্ষা ঘটে। উহাব "অবিষ্টৈর্ন পথিভিঃ পাবয়ন্ত" এই [চতুর্থ চবণ] স্বস্তি লাভেব উদ্দেশে [পৃষ্ঠ্য ষডহে] প্রতি দিনই পাঠ কবা হয।

এ বিষযে প্রশ্ন আছে, তৃতীয় সবনেব ছন্দ জগতী, তবে কেন ত্রিষ্টুপ্ মন্ত্রে উহাব [শস্ত্রেব] সমাপনমন্ত্র সম্পাদিত হয? [উত্তব] ত্রিষ্টুপ্ বীর্য্যস্বরূপ, এতদ্দ্বাবা শস্ত্রশেষে বীর্য্যেই প্রতিষ্ঠিত হইযা অনুষ্ঠান কবা হয।

"ইযমিন্দ্রং বরুণমষ্টমে গীঃ"[৩] এই মন্ত্রে মৈত্রাবরুণেব, "বৃহস্পতির্নঃ পবিপাতু পশ্চাৎ"[৪] এই মন্ত্রে ব্রাহ্মণাচ্ছংসীব এবং "উভা জিগ্যথুঃ"[৫] এই মন্ত্রে অচ্ছাবাকেব শস্ত্র সমাপ্ত হয। [শেষ মন্ত্রটিব অর্থ] তাঁহাবা (ইন্দ্র

---

(১) এ স্থলে বিশ্বদেবদৈবত মন্ত্রই পঠিত হওয়া উচিত ; আবার ইন্দ্রদৈবত মন্ত্র পঠিত হইলেও উহার ছন্দ ত্রিষ্টুপ্ হওয়া উচিত।

(২) ৬।৬৯।১। (৩) ৭।৮৪।৫। (৪) ১০।৪২।১১। (৫) ৬।৬৯।৮।

ও বিষ্ণু) উভয়ে জয় লাভ করিয়াছিলেন। [ঐ ঋকের মধ্যে] "ন পরাজয়েথে"—এই বাক্যের অর্থ যে, তাঁহারা পরাজিত হন নাই, উভয়ের মধ্যে কেহই হন নাই। উহার [শেষার্দ্ধে] "ইন্দ্রশ্চ বিষ্ণো যদপস্পৃধেথাং ত্রেধা সহস্রং বি তদৈরয়েথাম্"—অহে বিষ্ণু, তুমি ও ইন্দ্র উভয়ে যখন [অসুরগণের সহিত যুদ্ধার্থ] স্পর্দ্ধা করিয়াছিলে, তখন তোমরা সহস্রকে তিন ভাগ করিয়া যথাস্থানে অর্পণ করিয়াছিলে—এই বাক্যের তাৎপর্য্য যে, ইন্দ্র এবং বিষ্ণু অসুরগণের সহিত যুদ্ধ করিয়াছিলেন, তাহাদিগকে জয় করিয়া তাহাদিগকে বলিয়াছিলেন, [আইস] আমরা বিভাগ করিয়া লইব। সেই অসুরগণ বলিয়াছিল, তাহাই হউক। তখন সেই ইন্দ্র বলিয়াছিলেন, এই বিষ্ণু যে সকল বস্তুর উদ্দেশে তিন বার বিক্রম করিবেন (পদক্ষেপ করিবেন), তাহা আমাদের, আর অন্য সমস্ত তোমাদের হউক। তখন বিষ্ণু [এক পাদে] এই লোকসকলকে, [দ্বিতীয় পাদে] বেদসমূহকে, [তৃতীয় পাদে] বাক্যকে আক্রমণ করিয়াছিলেন। উক্ত মন্ত্রের "সহস্র" শব্দের অর্থ কি, এই প্রশ্ন হইয়া থাকে। এই লোকসকল, এই বেদসমূহ এবং বাক্য ["সহস্র" শব্দের লক্ষ্য], এই উত্তর দিবে।

উক্‌থ্য ক্রতুতে অচ্ছাবাক [ঐ মন্ত্রের শেষ পদ] "ঐরয়েথাম্ ঐরয়েথাম্" এইরূপে দুই বার উচ্চারণ করেন, উহাই ঐ স্থলে শস্ত্র সমাপন করে। আর হোতা অগ্নিষ্টোমে এবং অতিরাত্রে [স্ব স্ব শস্ত্রের শেষ পদ] দুই বার উচ্চারণ করেন, উহাতেই তাঁহাদের শস্ত্র সমাপ্ত হয়।[৬]

ষোড়শী ক্রতুতে দুই বার উচ্চারণ করিবে, কি করিবে না? এই প্রশ্নের উত্তরে বলা হয়, করিবে। অন্য অনুষ্ঠানে যখন দুই বার উচ্চারণ হয়, তখন এখানে কেন ঐরূপ হইবে না, এই হেতুতেই [এখানেও] দুই বার উচ্চারণ করিবে।

---

(৬) অগ্নিষ্টোমে "যজ্ঞরিত্রে যজ্ঞরিত্রে" এবং অতিরাত্রে "ধেহি চিত্রং ধেহি চিত্রম্" এইরূপে একই পদ দুই বার উচ্চারিত হয়।

অষ্টম খণ্ড

হোত্রককর্ম্ম

অচ্ছাবাক সম্বন্ধে পুনঃ প্রশ্নোত্তর—"অথাহ…শংসতীতি"

এ বিষয়ে প্রশ্ন আছে,—তৃতীয় সবন নরাশংসের সম্বন্ধযুক্ত,[১] তবে কেন অচ্ছাবাক উহার শেষে শিল্পশস্ত্রমধ্যে নরাশংসের সম্বন্ধরহিত মন্ত্র পাঠ করেন? [উত্তর] নারাশংস বিকৃতিস্বরূপ, রেতঃ কিঞ্চিৎ কিঞ্চিৎ করিয়া ক্রমে বিকৃত হয়, এবং বিকৃত হইয়া [শেষে সন্তানরূপে] উৎপন্ন হয়, এও সেইরূপ।[২] আবার এই যে নারাশংস ছন্দ, উহা মৃদু ও শিথিল, আর এই যে অচ্ছাবাক, ইনি অন্তিম ঋত্বিক্; সেই জন্য [যজ্ঞের] দৃঢ়তার জন্য ও উহাকে দৃঢ় স্থানে প্রতিষ্ঠিত করির বলিয়া [অন্য ছন্দে শস্ত্র সমাপ্ত হয়]।[৩] এই জন্য অচ্ছাবাক [তৃতীয় সবনের অন্তে] শিল্পশস্ত্রের মধ্যে [যজ্ঞকে] দৃঢ় করিবার জন্য ও দৃঢ় স্থানে প্রতিষ্ঠা করির বলিয়া নরাশংসের সম্বন্ধরহিত মন্ত্র পাঠ করেন।

উনত্রিংশ অধ্যায়

প্রথম খণ্ড

হোত্রককর্ম্ম

অহীন ক্রতুতে হোত্রকগণের মাধ্যন্দিন সবনের শস্ত্রবিধান, যথা—"ব শ্বঃ… সেন্দ্রতায়ৈ"

[পৃষ্ঠ্য ষড়হের] প্রাতঃসবনে পরদিনে [উদ্গাতা যে ত্র্যচে] স্তোত্রিয় করেন, [পূর্ব্বদিনে হোতা] তাহাতেই [শস্ত্রের] অনুরূপ সম্পাদন

---

(১) নরা মনুষ্যা শুভবোহস্মিন্নাসো বা যত্র শস্যন্তে তৎ নারাশংসং তৎসম্বন্ধি তৃতীয়-সবনম্। (সায়ণ)

(২) নারাশংসই বিকৃত হইয়া সবনশেষে অন্য ছন্দে পরিণত হয়, এই তাৎপর্য্য।

(৩) তৃতীয় সবনে অচ্ছাবাকের পর আর কোন ঋত্বিক্ শস্ত্রপাঠ করেন না। কাজেই যজ্ঞের শৈথিল্য নিবারণের পরে কোন উপায় থাকে না, সেই নিমিত্ত সবনশেষে অশিথিল ছন্দ ব্যবহার করিতে হয়।

করিবেন, ইহাতে অহীন ক্রতুব অবিচ্ছেদ ঘটে। একাহ যেরূপ সোমাভিষব দ্বারা নিষ্পাদিত হয়, অহীনও সেইরূপ হইয়া থাকে। সোমাভিষবযুক্ত একাহেব সবনসকল যেমন পৃথক্‌ভাবে সমাপ্ত করিযা অনুষ্ঠিত হয়, সেইরূপ অহীনেব প্রাত্যহিক অনুষ্ঠানও পৃথক্‌ভাবে সমাপ্ত করিয়া অনুষ্ঠিত হয়। সেই জন্য প্রাতঃসবনে পবদিনেব স্তোত্রিয়দ্বাবা [পূর্ব্বদিনেব] অনুরূপ সম্পাদন কবিলে অহীন যজ্ঞেব অবিচ্ছেদ ঘটে, এতদ্দ্বাবা [এক দিনেব মন্ত্র অন্য দিনে লইযা যাওযায] অহীন যজ্ঞকে বিচ্ছেদহীন কবা হয়।

সেই দেবগণ ও ঋষিগণ এইরূপ স্থিব কবিযাছিলেন যে, [প্রতি দিন] সমান (একরূপ) অনুষ্ঠানদ্বাবা যজ্ঞকে বিচ্ছেদহীন কবিব, এই স্থিব কবিয়া তাঁহাবা ঐ যজ্ঞেব এই সকল অনুষ্ঠান সমান কবিযাছিলেন,—প্রগাথ সমান, প্রতিপৎ সমান ও সূক্ত সমান কবিযাছিলেন। ইন্দ্র ওকঃসাবী (এক স্থানেই সঞ্চবণ কবেন),[১] ইন্দ্র পূর্ব্বদিন যেখানে যান, পরদিনও সেইখানে যান, এইরূপে যজ্ঞও [প্রতি দিন] ইন্দ্রযুক্ত হয়। [এই জন্য প্রতি দিনেব অনুষ্ঠানে প্রগাথাদি সমান কবা উচিত]।

দ্বিতীয় খণ্ড

সম্পাতসূক্ত

সম্পাতসূক্তেব নির্ণয়, যথা—"তান্ বা এতান্····· সন্তন্বন্তি"

এই সম্পাতসূক্তগুলি প্রথমে বিশ্বামিত্র দেখিযাছিলেন, বিশ্বামিত্রদৃষ্ট ঐ সূক্ত বামদেব প্রচাবিত কবেন, "এবা ত্বামিন্দ্র বজ্রিন্নত্র"[১] "যন্ন ইন্দ্রো জুজুষে যচ্চ বষ্টি"[২] "কথা মহামবৃধৎ কস্য হোতুঃ"[৩] এই সূক্তগুলিকে

---

(১) সায়ণমতে "ওকঃসারী" অর্থে মার্জ্জার। মার্জ্জার এক স্থানে চিরকাল বাস করিতে ভাল বাসে; ইন্দ্র সেই মার্জ্জারস্বরূপ। "ওকাংসি স্থানানি গৃহাণি, তেষু সরতি সর্ব্বদা সঞ্চরতি ইতি ওকঃসারী মার্জ্জারঃ। যথা মার্জ্জারঃ পূর্ব্বস্মিন্ দিনে যেষু গৃহেষু সঞ্চরতি তেষ্বেব গৃহেষু পরেদ্যুরপি সঞ্চরতি, এবময়মিন্দ্রোঽপি অবগন্তব্যঃ।"

(১) ৪।১৯।১। (২) ৪।২২।১। (৩) ৪।২৩।১।

বামদেব শীঘ্র সম্পাতিত (প্রচারিত) করিয়াছিলেন।[৪] শীঘ্র সম্পাতিত করিয়াছিলেন বলিয়া উহাদের সম্পাতত্ব। তখন বিশ্বামিত্র স্থির করিলেন, আমি যে সম্পাতসূক্ত দেখিলাম, বামদেব তাহা প্রচার করিয়া ফেলিলেন,[৫] আমি আরও কতকগুলি তৎসদৃশ সূক্তকে সম্পাতরূপে প্রচার করিব। এই স্থির করিয়া তিনি "সদ্যো হ জাতো বৃষভঃ কনীনঃ"[৬] "ইন্দ্রঃ পূর্ভিদাতিরদ্দাসমর্কৈঃ"[৭] "ইমামূ ষু প্রভৃতিং সাতয়ে ধাঃ"[৮] "ইচ্ছন্তি ত্বা সোম্যাসঃ সখায়ঃ"[৯] "শাসদ্বহ্নির্দুহিতুর্নপ্ত্যঙ্গাৎ"[১০] "অভি তষ্টেব দীধয়া মনীষাম্"[১১] এই সূক্তগুলিকে তৎসদৃশ সম্পাতরূপে প্রচার করিয়াছিলেন।

"য এক ইদ্ধব্যশ্চর্ষণীনাম্"[১২] এই সূক্ত ভরদ্বাজের, "যস্তিগ্মশৃঙ্গো বৃষভো ন ভীমঃ"[১৩] এবং "উদু ব্রহ্মাণ্যৈরত শ্রবস্যা"[১৪] এই সূক্তদ্বয় বশিষ্ঠের, "অস্মা ইদু প্র তবসে তুরায়"[১৫] এই সূক্ত নোধার।

প্রাতঃসবনে ষড়হস্তোত্রিয় [তৃচসমূহের] পাঠের পর মাধ্যন্দিন সবনে সেই সেই [হোত্রকগণ] অহীনের সূক্তসকল পাঠ করিবেন। এইগুলি অহীন-সূক্ত :—"আ সত্যো যাতু মঘবাঁ ঋজীষী"[১৬] এই সত্যশব্দ-যুক্ত সূক্ত মৈত্রাবরুণের, "অস্মা ইদু প্র তবসে তুরায়"[১৭] এই সূক্ত ব্রাহ্মণাচ্ছংসীর, উহার "ইন্দ্রায় ব্রহ্মাণি রাততমা" এবং "ইন্দ্র ব্রহ্মাণি গোতমাসো অক্রন্" এই অংশদ্বয় ব্রহ্মন্-শব্দযুক্ত, "শাসদ্বহ্নির্জনযত্ত বহ্নিম্"[১৮] এই বহ্নিশব্দযুক্ত সূক্ত অচ্ছাবাকের।

এ বিষয়ে প্রশ্ন আছে,—[গবাময়নসত্রে] আবৃত্তিসহিত অনুষ্ঠানে ও আবৃত্তিরহিত অনুষ্ঠানে, উভয় স্থলেই অচ্ছাবাক কেন এই বহ্নি-শব্দ-যুক্ত

---

(৪) বিলম্ব করিলে বিশ্বামিত্র নিজনামে প্রচার করিবেন, এই আশঙ্কায় বামদেব স্বয়ং শিষ্য ও অধ্যেতাদের মধ্যে প্রচার করিয়াছিলেন। "কালবিলম্বে সতি বিশ্বামিত্র আগত্য স্বকীয়ত্বং প্রকটীকরিষ্যতি ইতি ভীত্যা স্বয়ং শীঘ্রমেব সমপতৎ সম্যগধ্যেতৄন শিষ্যান্ প্রাপ্তবান্ স্বকীয়ত্ব-প্রসিদ্ধ্যর্থং বহূন্ শিষ্যান্ সহসাধ্যাপয়ামাস।" (সায়ণ)

(৫) সায়ণ এ স্থলে বামদেবের বিশেষণ দিয়াছেন—"গুরুদ্রোহভীতিরহিতঃ"।

(৬) ৩।৪৮।১। (৭) ৩।৩৪।১। (৮) ৩।৩৬।১। (৯) ৩।৩০।১।

(১০) ৩।৩১।১। (১১) ৩।৩৮।১। (১২) ৬।২২।১।

(১৩) ৭।১৯।১। (১৪) ৭।২৩।১। (১৫) ১।৬১।১।

(১৬) ৪।১৬।১। (১৭) ১।৬১।১। (১৮) ৩।৩১।

সূক্ত পাঠ করেন?[১১] [উত্তর] ঐ [অচ্ছাবাকনামক] বহ্বৃচ (ঋগ্বেদানুষ্ঠায়ী) বীর্য্যবান্, (অতএব যজ্ঞভার বহনে সমর্থ), ঐ সূক্তও বহ্নি-শব্দ-বিশিষ্ট; বহ্নি (অর্থাৎ বহনসমর্থ অশ্বাদি পশু), যাহার (যে শকটাদির) ধুরায় যোজন করা যায়, তাহার বহনে সমর্থ, এই জন্য অচ্ছাবাক ঐ বহ্নি-শব্দ-বিশিষ্ট সূক্ত আবৃত্তিসহিত ও আবৃত্তিরহিত, উভয়বিধ অনুষ্ঠানেই পাঠ করেন।

ঐ সূক্তসকল [গবাময়ন সত্রে] চতুর্ব্বিংশ, অভিজিৎ, বিষুবৎ, বিশ্বজিৎ ও মহাব্রত, এই পাঁচ দিনের [আবৃত্তিরহিত] অনুষ্ঠানে প্রযুক্ত হয়। এই কয় দিনের অনুষ্ঠানই [অন্য অর্থে] অহীন, কেন না, উহা কোন কর্ম্মেই হীন হয় না। আবার ঐ সকল অনুষ্ঠানের আবৃত্তি না হওয়ায় উহারা আবৃত্তিরহিত। সেই জন্য এই কয় দিনের অনুষ্ঠানে ঐ সকল সূক্ত পাঠ করা হয়। অপিচ অহীন (ভোগ্যবস্তুপূর্ণ) সর্ব্বরূপ (বহুরূপযুক্ত) ও সর্ব্বসমৃদ্ধ (সর্ব্বফলপ্রদ) স্বর্গলোকসমূহ পাইব, এই অভিপ্রায়ে ঐ [অহীন] সূক্তসকল পাঠ করা হয়। বাশিতা (গর্ভগ্রহণকামিনী) ধেনুর জন্য যেমন বৃষকে আহ্বান করা হয়, ঐ সূক্ত পাঠ দ্বারা ইন্দ্রকেও সেইরূপ আহ্বান করা হয়। অহীন ক্রতুর অবিচ্ছেদসাধনের জন্য যে এই সূক্তসকল পাঠ করা হয়, ইহাতে অহীনকেই বিচ্ছেদহীন করা হয়।

তৃতীয় খণ্ড

সম্পাতসূক্ত

সম্পাতসূক্ত সম্বন্ধে অন্যান্য কথা—"ততো বা এতান্ লোকং জযতি'

মৈত্রাবরুণ [কেবল ষড়হ অনুষ্ঠানে] তিনটি সম্পাতসূক্তের এক এক সূক্ত এক এক দিন পাঠ করেন। প্রথম দিনে "এক ত্বামিন্দ্র

---

(১১) গবাময়ন সত্রের অভিপ্লবষড়হের ও পৃষ্ঠ্য ষড়হের অন্তর্গত অনুষ্ঠান দিনের পর দিন অনুষ্ঠিত হয়, এই জন্য উহা আবৃত্তিসহিত। আর চতুর্ব্বিংশাদি অনুষ্ঠান কেবল এক নির্দ্দিষ্ট দিনেই অনুষ্ঠিত হয় বলিয়া উহা আবৃত্তিরহিত। অচ্ছাবাককর্তৃক ঐ সূক্ত উভয়বিধ অনুষ্ঠানেই পঠিত কেন হয়, প্রশ্নের এই তাৎপর্য্য। উত্তরে বলা হইল, চতুর্ব্বিংশাদি অনুষ্ঠান ষড়হের মত অহীন বা একাধিক দিনে সাধ্য না হইলেও অন্য অর্থে অহীন অর্থাৎ হীনতাশূন্য। কাজেই উভয়বিধ অনুষ্ঠানেই একই সূক্তের ব্যবস্থা।

বজ্রিন্নত্র" এই সূক্ত, দ্বিতীয় দিনে "যন্ন ইন্দ্রো জুজুষে যচ্চ বষ্টি" এই সূক্ত, তৃতীয় দিনে "কথা মহামবৃধৎ কস্য হোতুঃ" এই সূক্ত পাঠ করেন। ব্রাহ্মণাচ্ছংসী তিন সম্পাতসূক্তের এক এক সূক্ত এক এক দিন পাঠ করেন, যথা,—প্রথম দিনে "ইন্দ্রঃ পূর্ভিদাতিরদ্দাসমর্কৈঃ" এই সূক্ত, দ্বিতীয় দিনে "য এক ইদ্ধব্যশ্চর্ষণীনাম্" এই সূক্ত, তৃতীয় দিনে "যস্তিগ্মশৃঙ্গো বৃষভো ন ভীমঃ" এই সূক্ত। অচ্ছাবাক তিনটি সম্পাতসূক্তের এক এক সূক্ত এক এক দিন যথাক্রমে পাঠ করেন, যথা—প্রথম দিনে "ইমামূ ষু প্রভৃতিং সাতয়ে ধাঃ" এই সূক্ত, দ্বিতীয় দিনে "ইচ্ছন্তি ত্বা সোম্যাসঃ সখায়ঃ" এই সূক্ত, তৃতীয় দিনে "শাসদ্বহ্নির্দুহিতুর্নপ্ত্যং গাৎ" এই সূক্ত। এইরূপে উহাতে নয়টি সূক্ত হয়।

এতদ্ব্যতীত আর তিনটি সূক্ত আছে, তাহার [এক একটি এক এক ঋত্বিক্] প্রতি দিনই (অর্থাৎ তিন দিনেই) পাঠ করিবেন।[১] এইরূপে সূক্তসংখ্যা দ্বাদশ হয়। দ্বাদশ মাসে সংবৎসর, সংবৎসরই প্রজাপতি, প্রজাপতিই যজ্ঞ। এতদ্দ্বারা সংবৎসরকে, প্রজাপতিকে ও যজ্ঞকে পাওয়া যায়। এবং সংবৎসরে, প্রজাপতিতে ও যজ্ঞে প্রতি দিন প্রতিষ্ঠিত হইয়া যজ্ঞানুষ্ঠান করা হয়।

[পৃষ্ঠ্য ষডহের চতুর্থ, পঞ্চম ও ষষ্ঠ দিনে] ঐ দ্বিবিধ সূক্তের মধ্যস্থলে আর কতিপয় সূক্ত আবপন করিবে (বসাইবে)।

চতুর্থ দিনে ন্যূঙ্খরহিত বিমদঋষিদৃষ্ট বিরাট্ ছন্দের [সাতটি] মন্ত্র, পঞ্চম দিনে পংক্তিছন্দের [সাতটি] মন্ত্র ও ষষ্ঠ দিনে পরুচ্ছেপদৃষ্ট [সাতটি] মন্ত্র আবপন করিবে।[২]

---

(১) মৈত্রাবরুণ প্রথম, দ্বিতীয়, তৃতীয় দিনে যথাক্রমে তিন সূক্ত পাঠ করেন, তদ্ভিন্ন আর একটি চতুর্থ সূক্ত আছে, উহা তিন দিনের প্রত্যেক দিনেই পাঠ করিতে হয়। এইরূপ ব্রাহ্মণাচ্ছংসী ও অচ্ছাবাকপক্ষেও ব্যবস্থা। এই চতুর্থ সূক্তত্রয় পরবর্ত্তী খণ্ডে ব্যাখ্যাত হইয়াছে (পরে দেখ)। এইরূপে সূক্তের সংখ্যা মোটের উপর বারটি।

(২) বিশেষ নিয়মে ওঁকার উচ্চারণের নাম ন্যূঙ্খ, উহার বিবরণ পূর্ব্বে দেওয়া হইয়াছে। প্রতি দিনে বিহিত সাতটি মন্ত্র সায়ণ দিয়াছেন। সাতটি মন্ত্রকে তিন তৃচে বিভাগ করিয়া এক এক তৃচ এক এক হোত্রক পাঠ করেন। এইরূপ প্রতি দিন।

যে সকল অনুষ্ঠান মহাস্তোমবিশিষ্ট,[৩] সে কয় দিন মৈত্রাবরুণ "কো অন্ব নর্যো দেবকামঃ" এই সূক্ত,[৪] ব্রাহ্মণাচ্ছংসী "বনে ন বা যো ন্যধায়ি চাকন্"[৫] এই সূক্ত, এবং অচ্ছাবাক "আ যাহ্বর্ব্বাঙ্ উপ বন্ধুবেষ্ঠাঃ"[৬] এই সূক্ত আবপন কবিবে।

এইগুলি আবপনসূক্ত, এই আবপনসূক্তদ্বাবা দেবগণ এবং ঋষিগণ স্বর্গলোক জয় কবিযাছিলেন, সেইরূপ যজমানেবাও এই আবপনসূক্তদ্বাবা স্বর্গলোক জয় কবেন।

চতুর্থ খণ্ড

সম্পাতসূক্ত

সম্পাতসূক্ত পাঠেব নিযম—"সদ্যো প্রতিতিষ্ঠন্তি"

"সদ্যো হ জাতো বৃষভঃ কনীনঃ"[১] এই সূক্ত মৈত্রাবকণ প্রতি দিন (প্রথম, দ্বিতীয ও তৃতীয দিনে) আপনাব সম্পাতসূক্তেব পূর্ব্বে পাঠ কবিবেন। এই সূক্ত স্বর্গসম্বন্ধযুক্ত, এই সূক্তদ্বাবা দেবগণ ও ঋষিগণ স্বর্গলোক জয কবিযাছিলেন, সেইরূপ যজমানেবাও এই সূক্তদ্বাবা স্বর্গলোক জয কবেন। এই সূক্তেব ঋষি বিশ্বামিত্র, বিশ্বেব মিত্র বলিযাই ইনি বিশ্বামিত্র। যে ইহা জানে, এবং মৈত্রাবকণ যাহাব পক্ষে ইহা জানিযা প্রতি দিন সম্পাতসূক্তেব পূর্ব্বে ঐ সূক্ত পাঠ কবেন, বিশ্ব তাঁহাব মিত্র হইযা থাকে। ঐ সূক্ত বৃষভশব্দযুক্ত, অতএব পশুলক্ষণযুক্ত হওযাতে উহাতে পশুবক্ষা ঘটে। উহাব মধ্যে পাঁচটি ঋক্ আছে; এজন্য উহা পঞ্চচবণযুক্ত পঙ্‌ক্তিব সদৃশ হয, অন্নও আবাব পঙ্‌ক্তিব স্বরূপ; এতদ্দ্বাবা অন্নেব প্রাপ্তি ঘটে।

"উদু ব্রহ্মাণ্যৈরত শ্রবস্য"[২] এই ব্রহ্ম-শব্দ-যুক্ত সূক্ত ব্রাহ্মণাচ্ছংসী প্রতি দিন [আপন সম্পাতসূক্তেব পবে] পাঠ কবেন। এই সূক্ত স্বর্গেব

(৩) সপ্তদশ একবিংশাদি স্তোম অপেক্ষাও বৃহৎ চতুর্ব্বিংশাদি স্তোমকে মহাস্তোম বলা হইতেছে।

(৪) ৪।২৫।১। (৫) ১০।২৯।১। (৬) ৩।৪৩।১।

(১) ৩।৪৮।১। (২) ৭।২৩।১।

সম্বন্ধযুক্ত ; এই সূক্তদ্বারা দেবগণ ও ঋষিগণ স্বর্গলোক জয় করিয়াছিলেন, তদ্রূপ যজমানেরাও এই সূক্তদ্বারা স্বর্গলোক জয় করিয়া থাকেন।

ঐ সূক্তের ঋষি বসিষ্ঠ, এতদ্দ্বারা বসিষ্ঠ ইন্দ্রের প্রিয় ধামের সমীপে গিয়াছিলেন ও তিনি পরম লোক জয় করিয়াছিলেন। যে ইহা জানে, সে ইন্দ্রের প্রিয় ধামের সমীপে যায় ও পরম লোক জয় করে। উহার মধ্যে ছয়টি ঋক্ আছে, ঋতু ছয়টি, এতদ্দ্বারা ঋতু-সকলের প্রাপ্তি ঘটে। এই সূক্ত সম্পাতসূক্ত-সমূহের পরে পাঠ করা হয়। এতদ্দ্বারা স্বর্গলোক লাভ করিয়া যজমানেরা এই লোকে প্রতিষ্ঠিত হন।

"অভিতষ্টেব দীধয়া মনীষাম্"[৩] এই সূক্ত অচ্ছাবাক [আপন সম্পাতের পর] প্রতি দিন পাঠ করেন, অভি-শব্দ-যুক্ত হওয়ায় উহা [যজ্ঞের] অবিচ্ছেদ-লক্ষণযুক্ত। ঐ মন্ত্রের "অভি প্রিয়াণি মর্মৃশৎ পরাণি" এই তৃতীয় চরণে পরবর্ত্তী দিনের অনুষ্ঠানকেই [প্রজাপতির] প্রিয় বলা হইতেছে, যাহারা উহা লক্ষ্য করিয়া আরম্ভ করে, তাহারা সেই অনুষ্ঠানসমূহকেই অভিমর্শন (স্পর্শ) করিয়া যজ্ঞের অনুষ্ঠান করে। আর স্বর্গলোকই এই লোক অপেক্ষা পর (শ্রেষ্ঠ), এতদ্দ্বারা সেই স্বর্গলোককেই লক্ষ্য করা হইতেছে। "কবীঁরিচ্ছামি সন্দৃশে সুমেধাঃ" এই [চতুর্থ] চরণে যে সকল ঋষি আমাদের পূর্ব্বে পরলোকে গিয়াছেন, কবি শব্দে তাঁহাদিগকেই লক্ষ্য করা হইতেছে। এই সূক্তের ঋষি বিশ্বামিত্র, এই বিশ্বামিত্র বিশ্বেরই মিত্র ছিলেন। যে ইহা জানে, বিশ্ব তাহার মিত্র হয়। এই সূক্তে কোন দেবতার নির্ব্বচন (উল্লেখ) না থাকায় উহা প্রজাপতির উদ্দিষ্ট, ঐ সূক্তই পাঠ করিবে। কেন না, প্রজাপতিই নির্ব্বচন-রহিত (অনির্ব্বাচ্য বা মূর্ত্তিহীন), এতদ্দ্বারা প্রজাপতিকেই পাওয়া যায়। উহার মধ্যে এক বার মাত্র ইন্দ্রের উল্লেখ থাকায় উহা ইন্দ্র-সম্বন্ধ হইতেও স্খলিত হয় নাই। উহাতে দশটি ঋক্ আছে, বিরাটের দশ অক্ষর, বিরাট্ অন্নস্বরূপ, এতদ্দ্বারা অন্নের রক্ষা ঘটে। এই সূক্তে দশটি ঋক্ ; প্রাণ দশটি ;[৪] এতদ্দ্বারা প্রাণসমূহকেই

(৩) ৩।৩৮।১।

(৪) প্রাণাপানাদয়ঃ পঞ্চ বায়বো নাগকূর্ম্মাদয়শ্চ পঞ্চ বায়বঃ ইতি দশ প্রাণাঃ।

পাওয়া যায় ও আত্মাতে প্রাণসমূহের স্থাপন হয়। এই সূক্ত সম্পাত-সূক্তসমূহের পরে পাঠ করিবে। তদ্দ্বারা যজমানেরা স্বর্গলোক লাভ করিয়া এই লোকে প্রতিষ্ঠিত হয়।

পঞ্চম খণ্ড

অহীন যজ্ঞ

অহীন যজ্ঞের অন্যান্য কর্ম—"কস্তমিন্দ্র সংতনন্তি"

"কস্তমিন্দ্র ত্বা বসুং"[1] "কন্নব্যো অতসীনাং"[2] "কদূ ন্বস্যাকৃতম্"[3] এই তিনটি কৎ-শব্দ-বিশিষ্ট প্রগাথ প্রতি দিন আরম্ভে পাঠ করিবে। [উহার প্রথম মন্ত্রে] ক শব্দের অর্থ প্রজাপতি, এতদ্দ্বারা প্রজাপতিকে পাওয়া যায়। আর ঐ সকল প্রগাথ যে কৎ-শব্দ-বিশিষ্ট, ঐ "কৎ" অথবা "ক" শব্দের অর্থ অন্ন, এতদ্দ্বারা ভক্ষ্য অন্নের রক্ষা ঘটে। উহারা কৎ-শব্দ-বিশিষ্ট, যজমানেরা প্রতি দিন শান্তির কারণ অহীন সূক্তের প্রযোগ করিয়া যজ্ঞানুষ্ঠান করেন, এই সূক্তসকল কৎ-শব্দ-বিশিষ্ট প্রগাথ দ্বারাই শান্তির হেতু হয়। এতদ্দ্বারা শান্তিজনক হইয়া উহারা "ক" (অর্থাৎ সুখহেতু) হইয়া থাকে। শান্তিজনক এই সূক্তসকল সেই যজমানদিগকে স্বর্গলোকের অভিমুখে লইয়া যায়।

[প্রগাথের পরে প্রতি দিন] ত্রিষ্টুপ্ ছন্দে সূক্তসকলের প্রতিপৎ সম্পাদন করিবে। কেহ কেহ ঐ ত্রিষ্টুপ্ মন্ত্রকে ধায্যারূপে নির্দ্দেশ করিয়া প্রগাথের পূর্ব্বে পাঠ করেন।[4] কিন্তু ঐরূপ করিবে না। হোতা ক্ষত্রিয়স্বরূপ, আর হোত্রকরূপে যাঁহারা (মৈত্রাবরুণাদি) শস্ত্র পাঠ করেন, তাঁহারা বৈশ্যস্বরূপ। ঐরূপ করিলে বৈশ্যগণকে ক্ষত্রিয়ের প্রতি (রাজার

(১) ৭।৩২।১৪-১৫। (২) ৮।৩।১৩-১৪। (৩) ৮।৬৬।৯-১০।

(৪) হোতা নিষ্কেবল্য শস্ত্রের প্রগাথের পূর্ব্বে ধায্যা পাঠ করেন। কেহ কেহ এ স্থলেও হোত্রকগণের পক্ষে সেইরূপ ব্যবস্থা করেন, অর্থাৎ ঐ ত্রিষ্টুপ্ মন্ত্রগুলিকে প্রগাথের পরে প্রতিপৎস্বরূপে না বসাইয়া প্রগাথের পূর্ব্বে ধায্যাস্বরূপে বসাইতে বলেন। এইরূপ ব্যবস্থা নিষেধ করা হইতেছে। বৈশ্য প্রজা ক্ষত্রিয় রাজার অনুসরণ করিতে গেলে রাজদ্রোহ ঘটে, সেইরূপ হোত্রকের পক্ষেও হোতার অনুকরণ অনুচিত।

প্রতি) বিদ্রোহোন্মুখ করা হয় ; উহা পাপকর্ম্ম। ঐ ত্রিষ্টুপ্ মন্ত্র আমার (অর্থাৎ হোত্রকের) পাঠ্য সূক্তসমূহের প্রতিপৎস্বরূপ, এইরূপ জানিবে। যাহারা সংবৎসরসত্রের বা দ্বাদশাহের অনুষ্ঠান করে, তাহারা সমুদ্র পার হইতে ইচ্ছুকের মত [দুস্তর কর্ম্মে] পার হইতে চাহে। [সমুদ্র] পারে যাইতে ইচ্ছুক লোকে যেমন সৈরাবতী (অন্নাদিবস্তুপূর্ণ) নৌকা আরোহণ করে, সেইরূপ ইহারাও (যাহারা সত্রের পারে যাইতে ইচ্ছুক, তাঁহারাও) ত্রিষ্টুপ্ মন্ত্র আরোহণ (আশ্রয়) করিবেন।[৫] এই ত্রিষ্টুপ্ ছন্দ অতিশয় বীর্য্যবান্, ইহা [যজমানকে] স্বর্গলোকে পৌঁছাইয়া দিতে অসমর্থ হয় না। সেই ত্রিষ্টুভের পূর্ব্বে আহাব উচ্চারণ করিবে না, কেন না, ইহাদের ছন্দ সূক্তের অন্তর্গত মন্ত্রের সমান। আর ইহাদিগকে ধায্যারূপেও ব্যবহার করিতে নাই।

যখন এই ত্রিষ্টুপ্ মন্ত্র পাঠ করা হয়, তখন বিশেষরূপে জ্ঞাত সূক্তের প্রতিপৎ দ্বারা সূক্তসকলেই আরোহণ করা হয়। যখন এই সকল মন্ত্র পাঠ করা হয়, তখন বাশিতা (সঙ্গমার্থিনী) ধেনুর জন্য বৃষের আহ্বানের মত ইন্দ্রকেই আহ্বান করা হয়। এই সকল মন্ত্র যে অহীন যজ্ঞের অবিচ্ছেদের জন্য পাঠ করা হয়, ইহাতে অহীন যজ্ঞের অবিচ্ছেদ ঘটে।

ষষ্ঠ খণ্ড

অহীন যজ্ঞ

অন্যান্য বিধি—"অপ প্রাচ ··অভিহ্বষতি"

মৈত্রাবরুণ প্রতি দিন আপন সূক্তের পূর্ব্বে "অপ প্রাচ ইন্দ্র বিশ্বা অমিত্রান্"[১] এই ত্রিষ্টুপ্ পাঠ করিবেন। [ঐ মন্ত্রের] "অপাপাচো অভিভূতে নুদস্ব, অপোদীচো অপ শূরাধরা চ উরৌ যথা তব শর্ম্মন্ মদেম,"

(৫) নৌকার বিশেষণ সৈরাবতী। ইরা অন্নং তৎসমূহ ঐরং তেন সহ বর্ত্ততে ইতি সৈরং নৌস্থং বস্তুজাতং তাদৃশং সৈরং যস্যাং নাব্যস্তি সেয়ং নৌঃ সৈরাবতী। সমুদ্রপারগমনস্য চিরকালসাধ্যত্বাৎ তাবতঃ কালস্য পর্য্যাপ্তেনান্নেন সহ সর্ব্বমপেক্ষিতং বস্তুজাতং তস্যাং নাবি সম্পাদ্য পশ্চান্নাবিকাস্তাং নাবমারোহেয়ুঃ। সর্ব্ববস্তুসমৃদ্ধা নৌরিব এতাস্ত্রিষ্টুভঃ পারং নেতুং সমর্থাঃ। (সায়ণ)

(১) ১০।১৩১।১।

এই অংশ অভয় বাক্যস্বরূপ, [মৈত্রাবরুণ ইহার পাঠে] অভয় পাইতেই ইচ্ছা করেন।

ব্রাহ্মণাচ্ছংসী প্রতি দিন "ব্রহ্মণা তে ব্রহ্মযুজা যুনজ্মি"[২] এই ত্রিষ্টুপ্ পাঠ করিবেন। উহার "যুনজ্মি" এই পদ যোগার্থক, অহীন যজ্ঞও যুক্ত (ভিন্ন ভিন্ন দিনের সম্বন্ধযুক্ত), এই হেতু ইহা অহীন যজ্ঞেরই অনুকূল।

অচ্ছাবাক প্রতি দিন "উরুং নো লোকমনু নেষি বিদ্বান্"[৩] এই ত্রিষ্টুপ্ পাঠ করিবেন। ইহাতে "অনু নেষি" এই পদ আছে, অহীন যজ্ঞই ঐরূপে চলিয়া থাকে, এই হেতু ইহা অহীনেরই অনুকূল। "নেষি"—পশ্চাতে লইয়া চল,—এই পদ সত্রের অয়নের (গতির) অনুকূল।

ঐ তিন ত্রিষ্টুপ্ মন্ত্র [হোত্রকেরা] প্রতি দিন [শস্ত্রারম্ভে] পাঠ করিবে।

সমান (একবিধ) মন্ত্রদ্বারা [শস্ত্রের] সমাপ্তি করিবে। [যাঁহারা ঐরূপ করেন], তাঁহাদের যজ্ঞে ইন্দ্র ওকঃসারীর (মার্জ্জারের) মত যাতায়াত করেন। বৃষ যেমন বাশিতা ধেনুর নিকট যায়, গাভী যেমন পরিচিত গোষ্ঠের দিকে যায়, ইন্দ্রও সেইরূপ তাঁহাদের যজ্ঞের নিকট যান। [তন্মধ্যে] অচ্ছাবাকের পক্ষে প্রতি দিন পাঠ্য সূক্তে "শুনং হুবেম" [এই বাক্যযুক্ত যে মন্ত্র আছে], ঐ "শুনং হুবেম" বাক্যযুক্ত মন্ত্রে অহীন যজ্ঞের শস্ত্র সমাপ্ত করিবে না। কেন না, এতদ্দ্বারা যে ব্যক্তি শত্রু, তাহাকেই আহ্বান করা হয় এবং তদ্দ্বারা ক্ষত্রিয় (রাজা) রাষ্ট্রচ্যুত হন।

সপ্তম খণ্ড

অহীন যজ্ঞ

অহীনের সমাপনমন্ত্র,—"অথাতো...তন্থতে"

অনন্তর অহীন ক্রতুর যোগ ও বিমুক্তি বর্ণিত হইতেছে। [প্রাতঃসবনে ব্রাহ্মণাচ্ছংসী] "ব্যন্তরিক্ষমতিরৎ"[১] ইত্যাদি [সমাপ্তিসাধক তৃচ দ্বারা]

(২) ৩।৩৫।৪। (৩) ৬।৪৭।৮।

(১) ৮।১৪।৭।

অহীনকে যুক্ত করিবেন এবং [মাধ্যন্দিনে] "এবেদিন্দ্রম"[২] এই মন্ত্রে বিমুক্ত করিবেন। [অচ্ছাবাক প্রাতঃসবনে] "আহহং সরস্বতীবতোঃ"[৩] এই মন্ত্রে অহীনকে যুক্ত ও [মাধ্যন্দিনে] "নূনং সা তে"[৪] এই মন্ত্রে বিমুক্ত করিবেন। [মৈত্রাবরুণ প্রাতঃসবনে] "তে স্যাম দেব বরুণ"[৫] এই মন্ত্রে যুক্ত ও [মাধ্যন্দিনে] "নূ ষ্টুতঃ"[৬] এই মন্ত্রে বিমুক্ত করিবেন। যে অহীন ক্রতুকে যুক্ত ও বিমুক্ত করিতে জানে, সে অহীন ক্রতুর বিস্তারে সমর্থ।

[গবাময়ন সত্রে] চতুর্ব্বিংশ দিনে [সমাপনমন্ত্রদ্বারা] যে যোগ করা যায়, তাহাই এই সত্রের যোগ এবং ঐ সত্রের অন্তিম অতিরাত্রের পূর্ব্ববর্ত্তী দিনে (অর্থাৎ মহাব্রতদিনে) যে বিমুক্তিসাধন করা যায়, তাহাই এই সত্রের বিমুক্তি।

যদি [হোত্রকেরা] চতুর্ব্বিংশ দিবসে একাহ যজ্ঞে বিহিত [সমাপন] মন্ত্রে শস্ত্র সমাপ্ত করেন, তাহা হইলে সেই দিনই যজ্ঞেরও সমাপ্তি হইয়া যাইবে, অহীন কর্ম্ম করা হইবে না. আবার যদি অহীন যজ্ঞে বিহিত সমাপনমন্ত্রে শস্ত্র সমাপ্ত করেন, তাহা হইলে [রথবাহী অশ্ব] শ্রান্ত হইলে তাহাকে খুলিয়া না দিলে সে যেমন বিনষ্ট হয়, যজমানও সেইরূপ বিনষ্ট হইবেন। অতএব [একাহে বিহিত ও অহীনে বিহিত] উভয়বিধ [সমাপন] মন্ত্রে [চতুর্ব্বিংশ দিবসে শস্ত্রপাঠ] সমাপ্ত করিবেন।[৭] দীর্ঘ পথ চলিতে হইলে [অশ্বকে] মাঝে মাঝে [বিশ্রামার্থ] খুলিয়া দিয়া যেমন চলিতে হয়, এও সেইরূপ। ইঁহাদের যজ্ঞও এতদ্দ্বারা বিচ্ছেদরহিত হয়, [যজমানও শ্রম হইতে] মুক্তি লাভ করেন। সবনদ্বয়ে [স্তোমবৃদ্ধির সময়ে] শস্ত্রে মন্ত্রসংখ্যা এক বা দুইয়ের অধিক বাড়াইবে না। শস্ত্রমধ্যে বহু মন্ত্র বাড়াইলে [উহা] দীর্ঘ (দুস্তর) অরণ্যের মত হইয়া পড়ে।

(২) ৭।২৩।৬।   (৩) ৮।৩৮।১০।

(৪) ২।২৫।১০।   (৫) ৭।৬৬।৯।   (৬) ৪।২৬।২১।

(৭) এ সম্বন্ধে বিধান এইরূপ। মৈত্রাবরুণ প্রাতঃসবনে ও মাধ্যন্দিনে উভয়ত্র ঐকাহিক মন্ত্রে সমাপন করেন, অচ্ছাবাক উভয়ত্র অহীনবিহিত মন্ত্রে সমাপন করেন; আর ব্রাহ্মণাচ্ছংসী প্রাতঃসবনে অহীনবিহিত মন্ত্রে আর মাধ্যন্দিনে ঐকাহিক মন্ত্রে সমাপন করেন। তৃতীয় সবনে কোন বিধান আবশ্যক হয় না; কেন না, অগ্নিষ্টোমের তৃতীয় সবনে হোত্রকগণের শস্ত্র নাই।

কিন্তু তৃতীয় সবনে অপরিমিত (বহুসংখ্যক) মন্ত্রদ্বারা শস্ত্র বাড়াইবে, স্বর্গলোক অপরিমিত। ইহাতে স্বর্গলোকের প্রাপ্তি ঘটে।

যে ইহা জানিয়া অহীন যজ্ঞের বিস্তার করে, তাহার যজ্ঞ আরম্ভের পর বিচ্ছেদরহিত ও স্খলনরহিত হইয়া থাকে।

অষ্টম খণ্ড

বালখিল্যসূক্ত

ষষ্ঠাহের অন্ত বিধান—"দেবা বৈ···শংসতি'

দেবগণ বলের (তন্নামক অসুরের) নিকট তাঁহাদের গাভীসকল আছে জানিতে পারিয়াছিলেন, যজ্ঞদ্বারা সেই গাভী পাইতে ইচ্ছা করিয়া তাঁহারা [পৃষ্ঠ্য ষড়হের] ষষ্ঠ দিনের অনুষ্ঠান দ্বারা তাহা পাইয়াছিলেন। তাঁহারা প্রাতঃসবনে নভাক-ঋষি-দৃষ্ট মন্ত্র দ্বারা বলকে দমন করিয়াছিলেন। যখন তাহাকে দমন করিয়াছিলেন, তখন তাহাকে [শক্তিক্ষয় দ্বারা] শিথিল (দুর্ব্বল) করিয়াছিলেন। পুনরায় তাঁহারা তৃতীয় সবনে বজ্রস্বরূপ বালখিল্য মন্ত্রের সাহায্যে বাক্যকূটস্বরূপ একপদা ঋক্‌দ্বারা বলকে ভগ্ন করিয়া গাভীসকল বাহির করিয়া আনিয়াছিলেন। সেইরূপ এই ষষ্ঠ দিনে যজমানেরাও নভাকদৃষ্ট মন্ত্রদ্বারা বলকে দমন করেন ও যখন তাহাকে দমন করেন, তখন তাহাকে শিথিলও করেন। সেই জন্য হোত্রকেরা প্রাতঃসবনে নভাকদৃষ্ট মন্ত্রে সম্পাদিত ত্র্যৃচ পাঠ করিবেন। [নভাকদৃষ্ট মন্ত্রমধ্যে] "যঃ ককুভো নিধারয়ঃ"[১] ইত্যাদি ত্র্যৃচ মৈত্রাবরুণের, "পূর্ব্বীষ্ট ইন্দ্রোপমাতয়ঃ"[২] ইত্যাদি ব্রাহ্মণাচ্ছংসীর ও "তা হি মধ্যং ভরাণাম্"[৩] অচ্ছাবাকের।

তাঁহারা তৃতীয় সবনে বজ্রস্বরূপ বালখিল্য মন্ত্রের সাহায্যে বাক্যকূট-স্বরূপ একপদা ঋক্‌দ্বারা বলকে বিনষ্ট করিয়া গাভীসকল লাভ করেন। ছয়টি বালখিল্যসূক্তে প্রথম বার প্রতি চরণের পর বিহৃতি সম্পাদন করিবে; দ্বিতীয় বার অর্দ্ধ ঋকের পর ও তৃতীয় বার প্রতি ঋকের পর

---

(১) ৮।৪১।৪। (২) ৮।৪০।৯। (৩) ৮।৪০।৩।

বিহৃতি সম্পাদন করিবে। প্রতি চরণে বিহৃতি সম্পাদনের সময় প্রত্যেক প্রগাথের পর একপদা ঋক্ বসাইবে। এইরূপে [প্রগাথের ও একপদার সমষ্টি] বাক্যকূটে পরিণত হয়।[৪]

একপদা ঋক্ পাঁচটি, তন্মধ্যে চারিটি দশম দিনের অনুষ্ঠান হইতে ও একটি মহাব্রত হইতে গ্রহণ করা হয়

অনন্তর মহানাম্নী ঋক্‌সকলের মধ্যে যে অষ্টাক্ষর পদসমূহ আছে, তাহার মধ্যে যতগুলি আবশ্যক হয়, ততগুলি পাঠ করিবে, অবশিষ্টগুলিকে কোনরূপ আদর করিবে না।

অনন্তর অর্দ্ধ ঋকের পর বিহৃতি সম্পাদনের সময়ও সেই সকল একপদা ঋক্ পাঠ করিবে ও মহানাম্নী ঋকের সেই অষ্টাক্ষর পদসকল পাঠ করিবে।

আর প্রতি ঋকের পর বিহৃতি সম্পাদনেও সেই সকল একপদা ঋক্ পাঠ করিবে ও মহানাম্নী ঋকের সেই অষ্টাক্ষর পদসকল পাঠ করিবে।

প্রথম বারে ছয়টি বালখিল্যসূক্তের যে বিহৃতি সম্পাদন হয়, তাহাতে প্রাণের সহিত বাক্যকে মিশ্রিত করা হয়। দ্বিতীয় বারে [বিহৃতি সম্পাদনে] চক্ষুর সহিত মনকে এবং তৃতীয় বারে শ্রোত্রের সহিত আত্মাকে মিশ্রিত করা হয়। এতদ্দ্বারা বিহৃতি সম্পাদনের ফল পাওয়া যায়, বজ্রস্বরূপ বালখিল্যের ফল পাওয়া যায়, বাক্যকূটস্বরূপ একপদার ফল পাওয়া যায়, প্রাণাদির মিশ্রণের ফলও পাওয়া যায়।

চতুর্থ বারে প্রগাথসমূহের বিহৃতি সম্পাদন না করিয়াই পাঠ করিবে। প্রগাথসকল পশুস্বরূপ, এতদ্দ্বারা পশুর রক্ষা ঘটে। এ স্থলে একপদা ঋক্‌ও [প্রগাথদ্বয়ের মধ্যে] ব্যবধান দিবে না (প্রক্ষেপ করিবে না)। যদি এ স্থলে একপদা ঋকের ব্যবধান দেওয়া যায়, তাহা হইলে বাক্যকূট-দ্বারা (তৎস্বরূপ বজ্রদ্বারা) যজমানের পশু বিনষ্ট করা হইবে। এরূপ ক্ষেত্রে যদি কেহ আসিয়া বলে, এই ব্যক্তি বাক্যকূট দ্বারা যজমানের পশু নষ্ট করিতেছে ও যজমানকে পশুহীন করিতেছে, তাহা হইলে অবশ্য তাহাই ঘটিবে। সেই জন্য এ স্থলে একপদা ঋকের ব্যবধান দিবে না।

(৪) ষোড়শী ক্রতুতে বিহৃতি সম্পাদন হয়, এখানেও বালখিল্য পাঠে বিহৃতির বিধান আছে। এক মন্ত্রের কিয়দংশের সহিত অন্য মন্ত্রের কিয়দংশ মিশাইয়া বিহৃতি সম্পাদন করিতে হয়। ইহার বিশেষ বিবরণ ত্রিশ অধ্যায়ের দ্বিতীয় খণ্ডে দেখ।

অন্তিম দুই সূক্ত (সপ্তম ও অষ্টম বালখিল্যসূক্ত) বিপরীত ক্রমে পাঠ করিবে, তাহাতেই উহাদের বিহৃতি সাধন হইবে।

বৎসের পুত্র সর্পিঃ (তন্নামক ঋত্বিক্) সৌবলের (তন্নামক যজমানের) উদ্দেশে এই [শিল্প] শস্ত্র পাঠ করিয়াছিলেন। তিনি বলিয়াছিলেন, আমি এই যজমানে বহু পশু সম্পাদন করিয়াছি, অতএব [দক্ষিণাস্বরূপে] আমার নিকটে শ্রেষ্ঠ পশু উপস্থিত হইবে। তদনন্তর সৌবল প্রধান ঋত্বিক্‌দিগকে [বহু পশু] দক্ষিণা দিয়াছিলেন। সেই জন্য এই পশু-প্রদায়ক ও স্বর্গসাধন [শিল্প] শস্ত্র পাঠ করা হয়।

নবম খণ্ড

দূরোহণ মন্ত্র

দূরোহণের বিধান, যথা—"দূরোহণ...সৌপর্ণে'

দূরোহণ মন্ত্র পাঠ করা হয়। তৎসম্বন্ধে ব্রাহ্মণ [পূর্ব্বে বিষুবাহ-প্রসঙ্গে] বলা হইয়াছে।[১] পশুকামী যজমানের জন্য ইন্দ্রদৈবত সূক্তে দূরোহণ করিবে, কেন না, পশুগণ ইন্দ্রের সম্বন্ধযুক্ত। উহার ছন্দ জগতী হইবে, কেন না, পশুগণ জগতীছন্দের সম্বন্ধযুক্ত। ঐ সূক্ত মহাসূক্ত হইবে,[২] তদ্দ্বারা যজমানকে বহুসংখ্যক পশুতে প্রতিষ্ঠিত করা হইবে। বরু-নামক ঋষিদৃষ্ট সূক্তে দূরোহণ করিবে। উহাও মহাসূক্ত এবং উহার ছন্দ জগতী।[৩] প্রতিষ্ঠাকামী যজমানের পক্ষে ইন্দ্রাবরুণ-দৈবত সূক্তে দূরোহণ করিবে। এই [মৈত্রাবরুণ নামক] হোত্রকের সম্পাদ্য ক্রিয়ার ঐ দেবতা, উহার সমাপ্তিকালের [যাজ্যামন্ত্রও] ইন্দ্র-বরুণ-দৈবত।[৪] এতদ্দ্বারা এই মন্ত্রকে শস্ত্রান্তে স্বকীয় সমাপ্তিতেই প্রতিষ্ঠিত করা হয়। ঐ যে ইন্দ্র-বরুণ-দৈবত মন্ত্রে দূরোহণ হয়, উহাই স্থলে নিবিৎস্বরূপ হয়।

(১) পূর্ব্বে ১৮ অধ্যায় ৬ খণ্ডে তার্ক্ষ্যসূক্ত দেখ।

(২) সূক্ত দ্বিবিধ, ক্ষুদ্রসূক্ত ও মহাসূক্ত। দশ ঋকের অধিক থাকিলে মহাসূক্ত হয়। "দশর্চতায়া অধিকং মহাসূক্তং বিদুর্বুধাঃ"।

(৩) "প্রতে মহে" ইত্যাদি সূক্ত (১০।৯৬)

(৪) "ইন্দ্রাবরুণা মধুমত্তমস্য" এই মন্ত্র (৬।৬৮।১১)।

নিবিৎ দ্বারা সকল কামনা পাওয়া যায়। যদি ইন্দ্র-বরুণ-দৈবত মন্ত্রে দূরোহণ করা হয় অথবা সৌপর্ণ সূক্তে৫ দূরোহণ করা হয়, তাহা হইলে ইন্দ্র-বরুণ-দৈবত সূক্তের বা সৌপর্ণ সূক্তের ফল পাওয়া যায়।

দশম খণ্ড

অন্যান্য মন্ত্র

ষষ্ঠাহের অন্যান্য মন্ত্র, যথা—"তদাহ ··অনন্তরিতঃ"

এ বিষয়ে প্রশ্ন আছে,—[দূরোহণ পাঠের পর] [একাহে বিহিত] সূক্তসকল ঐ সঙ্গে ষষ্ঠাহে পাঠ করিবে, কি পাঠ করিবে না? [উত্তর] —ঐ সঙ্গেই পাঠ করিবে। [প্রশ্ন] কেন? [উত্তর]—অন্য [পাঁচ] দিনে যখন একসঙ্গে পাঠ করা হয়, তবে এ দিনেও (ষষ্ঠ দিনেও) কেন পাঠ না করিবে?

কেহ কেহ বলেন, [দূরোহণের সহিত ঐকাহিক মন্ত্র] একসঙ্গে পাঠ করিবে না। কেন না, এই ষষ্ঠ দিন স্বর্গলোকস্বরূপ ও বহু লোকে একসঙ্গে স্বর্গলোকে যাইতে পারে না, কেহ কেহ (অর্থাৎ বিশেষ পুণ্যবান্) স্বর্গলোকে যাইতে পারে মাত্র। সেই (মৈত্রাবরুণ) যদি [দূরোহণের সহিত] অন্য সূক্ত পাঠ করেন, তাহা হইলে ষষ্ঠাহকে [অন্য দিনের] সমান করিয়া ফেলিবেন। আর যদি একসঙ্গে পাঠ না করেন, তাহা হইলে উহাকে স্বর্গলোকের অনুকূল করিবেন। সেই জন্য একসঙ্গে পাঠ না করাই উচিত।

[আবার বলা হয়,] [এই শিল্পশস্ত্রে] যে স্তোত্রিয় তৃচ আছে, উহা আত্মার স্বরূপ, আর বালখিল্যসূক্তসকল প্রাণস্বরূপ। যদি [দূরোহণের সহিত অন্য সূক্ত] একসঙ্গে পাঠ করা হয়, তাহা হইলে ঐ দুই দেবতার (ইন্দ্রের ও বরুণের) দ্বারা যজমানের প্রাণ বহির্গত করা হইবে। এ স্থলে যদি কেহ বলে, এই ব্যক্তি (মৈত্রাবরুণ) ঐ দুই দেবতার দ্বারা যজমানের

(৫) সৌপর্ণ সূক্ত—"ইমানি বাং ভাগধেয়ানি" ইত্যাদি সূক্ত (৮।৫৯)।

প্রাণ বহির্গত করিতেছে, প্রাণ ইহাকে পরিত্যাগ করিবে, তাহা হইলে অবশ্যই সেইরূপ ঘটিবে। অতএব একসঙ্গে পাঠ করিবে না।

মৈত্রাবরুণ এইরূপ মনে করিতে পারেন, আমি ত বালখিল্যসূক্ত পাঠ করিয়াছি, বেশ, এখন দূরোহণের পূর্ব্বে [ঐকাহিক সূক্ত] পাঠ করিব।—না, সে দিকেও যাইবে না।

আর সেই মৈত্রাবরুণের যদি দর্প উপস্থিত হয়, তাহা হইলে দূরোহণের পর বহু শত শস্ত্র পাঠ করিবে। তাহা হইলে যে ফলকামনায় এইরূপ করা যায়, সেই ফলই ইহাতে পাওয়া যাইবে।

বালখিল্যমন্ত্রসমূহ ইন্দ্রদৈবত, তাহাতে দ্বাদশাক্ষরযুক্ত চরণ আছে। ইন্দ্রদৈবত জগতীছন্দের মন্ত্রে যে ফল, উহাতেও সেই ফল পাওয়া যায়। অতএব ইন্দ্রাবরুণদৈবত সূক্ত পাঠ করিবে ও ইন্দ্রাবরুণদৈবত মন্ত্রে শস্ত্র সমাপ্ত করিবে। অন্য কোন মন্ত্র সেই সঙ্গে পাঠ করিবে না।

এ বিষয়ে প্রশ্ন আছে,—স্তোত্রও যেমন, শস্ত্রও সেইরূপ হইয়া থাকে, বালখিল্যমন্ত্রসকল বিহৃতি সম্পাদন করিয়া পাঠ করা হয়, তবে স্তোত্রসকলও কি বিহৃত হইবে, না অবিহৃত হইবে? [উত্তর] বিহৃত হইবে, এই উত্তর দিবে। [স্তোত্রগত ঋকের] [প্রথম চরণ] অষ্টাক্ষর, তদ্দ্বারাই দ্বাদশাক্ষর দ্বিতীয় চরণ বিহৃত হইবে।

আরও প্রশ্ন আছে,—শস্ত্র যেমন, যাজ্যাও সেইরূপ হইয়া থাকে, শস্ত্রে অগ্নি, ইন্দ্র ও বরুণ, এই তিন দেবতা উদ্দিষ্ট হইয়াছে, কিন্তু যাজ্যামন্ত্র কেবল ইন্দ্রের ও বরুণের উদ্দিষ্ট, এখানে অগ্নিকে কেন পরিত্যাগ করা হইল? [উত্তর]—যিনি অগ্নি, তিনিই বরুণ, "ত্বমগ্নে বরুণো জায়সে যৎ"—অহে অগ্নি, তুমিই বরুণ হইয়া জন্মিয়াছ—এই মন্ত্রে ঋষি সেই কথা বলিয়াছেন। এই হেতু ইন্দ্র ও বরুণের উদ্দিষ্ট মন্ত্রকে যাজ্যা করিলে অগ্নিকে পরিত্যাগ করা হয় না।

ত্রিংশ অধ্যায়

প্রথম খণ্ড

শিল্পশস্ত্র

ষষ্ঠাহের বিহিত শিল্পশস্ত্র, যথা—“শিল্পানি শংসয়েতি'

শিল্পশস্ত্রসমূহ পঠিত হয় এই সকল সূক্ত দেবশিল্প, এই [মনুষ্যলোকে] হস্তী, কাংস, বস্ত্র, হিরণ্য, অশ্বতরীযুক্ত রথ প্রভৃতি শিল্প দেবশিল্পের অনুকরণ মাত্র।[১] যে ইহা জানে, সে [বিবিধ] শিল্প দ্রব্য লাভ করে। এই যে শিল্পসমূহ, ইহারা আত্মার সংস্কারসাধন করে, যজমান এতদ্দ্বারা আত্মাকে ছন্দোময় (বেদময়) করিয়া সংস্কৃত করেন।

নাভানেদিষ্ঠ সূক্ত পাঠ করিবে। নাভানেদিষ্ঠ রেতঃস্বরূপ, এতদ্দ্বারা রেতঃসেক করা হয়। ঐ সূক্তের দেবতা অনিরুক্ত (অনির্দ্দিষ্ট), রেতঃ-পদার্থও অনিরুক্ত (অলক্ষিত) ভাবে গুপ্ত যোনিতে সিক্ত হইয়া থাকে। যজমান এইরূপে রেতোমিশ্রিত হইয়া থাকেন।

“ক্ষ্মযা রেতঃ সংজগ্মানো নিষিঞ্চৎ” - ক্ষ্মা (ভূমি) কর্তৃক সঙ্গত হইয়া [প্রজাপতি] রেতঃসেক করিয়াছিলেন—[উক্ত সূক্তের] এই অংশ রেতোবর্দ্ধন করিয়া থাকে।[২] ঐ সূক্ত নারাশংস সূক্তের সহিত পাঠ করিবে। প্রজাই নর, এবং বাক্যই শংস ;[৩] এতদ্দ্বারা প্রজাতেই বাক্যের স্থাপন হয়, এবং প্রজাগণ জন্মিয়া বাক্য কহিয়া থাকে। কেহ কেহ বলেন, বাক্যের স্থান [শরীরের] পুরোভাগে, এই হেতু [নাভানেদিষ্ঠের] পূর্ব্বে [নারাশংস] পাঠ করিবে। কেহ বা বলেন, বাক্যের স্থান উপরিভাগে, এই হেতু উহা পরে পাঠ করিবে। কেহ আবার বলেন,

---

(১) শিল্পম্ আশ্চর্য্যকরং কর্ম্ম। হস্তী শব্দে ধাতুনির্ম্মিত খেলানার হাতী, কাংস শব্দে কাংসময় বস্তু বুঝাইতেছে। নাভানেদিষ্ঠাদি সূক্তসকল দেবগণের নির্ম্মিত শিল্প, উহাদের নাম শিল্পসূক্ত।

(২) নরা অঙ্গিরসা মহর্ষয়ো মনুষ্যজাতাবুৎপন্নত্বাৎ তে শস্যন্তে যস্মিন্। (সায়ণ)

(৩) ঐ মন্ত্রে প্রজাপতির দুহিতৃসঙ্গমের উল্লেখ আছে। (সায়ণ)

বাক্যের স্থান মধ্যভাগে, এই হেতু উহা মধ্যস্থলে পাঠ করিবে।৪ [কিন্তু ঐরূপ না করিয়া] [নাভানেদিষ্ঠ সূক্তের] ঊর্দ্ধভাগের নিকটেই এই [নারাশংস] পাঠ করিবে, কেন না, বাক্যের স্থান [শরীরের] ঊর্দ্ধভাগের নিকটবর্ত্তী।৫ [ঐরূপে পাঠ করিয়া] হোতা সিক্ত—রেতঃস্বরূপ যজমানকে এই বলিয়া মৈত্রাবরুণের প্রতি অর্পণ করেন, [অহে মৈত্রাবরুণ], তুমি এই [রেতঃস্বরূপ যজমানের] প্রাণ সম্পাদন কর।

দ্বিতীয় খণ্ড

শিল্পশস্ত্র

হোতার শিল্পশস্ত্র বিবৃত হইল; তৎপরে মৈত্রাবরুণপাঠ্য শিল্পশস্ত্রের বিবরণ, যথা—"বালখিল্যাঃ প্রজনয়েতি"

বালখিল্যসূক্ত পাঠ করা হয়। বালখিল্য প্রাণস্বরূপ, এতদ্দ্বারা যজমানের প্রাণ সম্পাদিত হয়। বিহৃতি সম্পাদনপূর্ব্বক উহা পঠিত হয়, প্রাণসকলও পরস্পর বিহৃত (মিশ্রিত), প্রাণদ্বারা অপান, অপানদ্বারা ব্যান বিহৃত রহিয়াছে। সেই [মৈত্রাবরুণ] প্রথম দুই সূক্ত প্রতি চরণের পর, দ্বিতীয় সূক্তদ্বয় অর্দ্ধ ঋকের পর, এবং তৃতীয় সূক্তদ্বয় প্রতি ঋকের পর বিহৃত করেন। প্রথম সূক্তদ্বয়ের বিহৃতিকালে প্রাণের সহিত বাক্যকে, দ্বিতীয় সূক্তদ্বয়ের বিহৃতিকালে চক্ষুর সহিত মনকে ও তৃতীয় সূক্তদ্বয়ের বিহৃতিকালে শ্রোত্রের সহিত আত্মাকে তিনি মিশ্রিত করেন। কেহ কেহ দুইটি বৃহতী ও দুইটি সতোবৃহতী একসঙ্গে পাঠ করিয়া বিহৃতি সম্পাদন করেন; তাহাতে বিহৃতি সম্পাদনের ফল পাওয়া

(৪) বাগিন্দ্রিয় মস্তকের পুরোভাগে আছে, অথবা শরীরের উপরে মস্তকে আছে, অথবা ললাটের নিম্নে শরীরের মধ্যভাগে আছে, এই ত্রিবিধ কল্পনা হইতে পারে।

(৫) বাগিন্দ্রিয়ের স্থান প্রকৃতপক্ষে শরীরের ঊর্দ্ধ, মধ্য বা সম্মুখ, কোনখানেই নহে; ঊর্দ্ধের নিকটবর্ত্তী স্থানেই বাগিন্দ্রিয় অবস্থিত। এই হেতু নাভানেদিষ্ঠের আরম্ভে, শেষে বা মধ্যে কোথাও না পড়িয়া শেষভাগের নিকটে পাঠ করিবে। নাভানেদিষ্ঠ সূক্তে সাতাইশটি মন্ত্র আছে; উহার পঁচিশ মন্ত্রের পর দুই মন্ত্র অবশিষ্ট থাকিতে নারাশংস পাঠ করিতে হয়।

যায় বটে, কিন্তু প্রগাথ সম্পাদিত হয় না। [এই জন্য ঐরূপ না করিয়া] অতিমর্শ দ্বারাই বিহৃতি সম্পাদন করিবে, তাহাতে প্রগাথ সম্পাদিত হইবে।[১] বালখিল্য প্রগাথস্বরূপ, সেই জন্য অতিমর্শ দ্বারাই বিহৃতি সম্পাদন করিবে, কেন না, অতিমর্শই উচিত। বৃহতী আত্মা

(১) ষষ্ঠাহে শিল্পশস্ত্র পাঠের বিধি। নাভানেদিষ্ঠাদি চারিটি শস্ত্রের নাম শিল্পশস্ত্র, হোতা, মৈত্রাবরুণ, ব্রাহ্মণাচ্ছংসী ও অচ্ছাবাক, যথাক্রমে এই চারি শস্ত্র পাঠ করেন। এতদ্দ্বারা যজমানের নূতন শরীর নির্ম্মিত হয়। মৈত্রাবরুণের শিল্পশস্ত্র মধ্যে আটটি বালখিল্য-সূক্ত বিহিত হইয়াছে। অষ্টম মণ্ডলের ৪৯ হইতে ৫৯ পর্য্যন্ত এগারটি সূক্ত বালখিল্যসূক্ত, তন্মধ্যে প্রথম আটটি শিল্পশস্ত্রের অন্তর্গত। এই আট সূক্তের প্রথম ও দ্বিতীয়ে দশটি করিয়া মন্ত্র আছে, তৃতীয় ও চতুর্থে দশটি, পঞ্চম ও ষষ্ঠে আটটি এবং সপ্তম ও অষ্টমে পাঁচটি করিয়া মন্ত্র আছে। এইরূপে ঐ আট সূক্তে চারি জোড়া সূক্ত। প্রথম তিন জোড়া প্রগাথরূপে পঠিত হয়, এক ছন্দে অন্য ছন্দ যোগ করিলে প্রগাথ নিষ্পন্ন হয়। ঐ ছয় সূক্তে বৃহতী ও সতোবৃহতী, এই দ্বিবিধ ছন্দ আছে, বৃহতীতে সতোবৃহতীর যোগে প্রগাথ হয়। বৃহতীতে বৃহতী যোগ করিলে বা সতোবৃহতীতে সতোবৃহতী যোগ করিলে প্রগাথ হইতে পারে না, সেই জন্য ঐরূপ যোগ এ স্থলে নিষিদ্ধ হইল। তৎপরিবর্ত্তে অতিমর্শ নামক বিহৃতি সম্পাদন দ্বারা ঐ সূক্ত পাঠের বিধান হইল। এক মন্ত্রের কিয়দংশে অন্য মন্ত্রের কিয়দংশ যোগ করিয়া দুই মন্ত্র মিশাইলে বিহৃতি সম্পাদিত হয়। পূর্ব্বে ষোড়শী শস্ত্রে এই বিহৃতি সম্পাদনের বিধান হইয়াছে। এ স্থলে বালখিল্য পাঠেও বিহৃতি সম্পাদনের বিধান হইল। বিহৃতির আবার প্রকারভেদ আছে। কখনও বা এক সূক্তের মন্ত্রের এক চরণের পর অন্য সূক্তের মন্ত্রের এক চরণ, কখনও বা এক সূক্তের মন্ত্রের অর্দ্ধাংশের পর অন্য সূক্তের মন্ত্রের অর্দ্ধাংশ, কখনও এক সূক্তের এক ঋকের পর অন্য সূক্তের এক ঋক্ বসাইয়া বিহৃতি সম্পাদিত হয়। কখনও বা দুই সূক্ত যথাক্রমে না পড়িয়া বিপরীতক্রমে পড়িয়াও বিহৃতির সাধন চলিতে পারে। এ স্থলে বালখিল্য পাঠে ব্যবস্থা হইল যে, উক্ত আট সূক্তের প্রথম জোড়ায় চরণের পর চরণ, দ্বিতীয় জোড়ায় অর্দ্ধ ঋকের পর অর্দ্ধঋক্, তৃতীয় জোড়ায় ঋকের পর ঋক্ বসাইয়া বিহৃতি সম্পাদিত হইবে। এইরূপ বিহৃতির নাম অতিমর্শ। চতুর্থ জোড়ায় সপ্তম সূক্তের পর অষ্টম না পড়িয়া বিপরীতক্রমে অর্থাৎ অষ্টমের পর সপ্তম পড়িলেই বিহৃতি হইবে। প্রথম সূক্তদ্বয়ে চরণের পর চরণ, দ্বিতীয় সূক্তদ্বয়ে প্রতি অর্দ্ধঋকের পর অর্দ্ধঋক্ ও তৃতীয় সূক্তদ্বয়ে ঋকের পর ঋক্ বসাইলে যে বিহৃতি সাধিত হয় ও এ স্থলে যাহার বিধান হইল, এই অতিমর্শ বিহৃতির নাম হৌত্তিন বিহৃতি, হুত্তিনাখ্য ঋষির অনুমত বলিয়া ইহার নাম হৌত্তিন। তদ্ভিন্ন মহাবালভিৎ নামক ঋষির অনুমত অন্যরূপ অতিমর্শ বিহৃতি আছে। পূর্ব্ববর্ত্তী ঊনত্রিংশ অধ্যায়ের অষ্টম খণ্ডে বালখিল্যসূক্ত পাঠের ব্যবস্থায় সেই মহাবালভিৎ বিহৃতির বিধান হইয়াছে। উহাতে প্রথম তিন জোড়া বালখিল্যসূক্তের

এবং সতোবৃহতী প্রাণ; সেই [মৈত্রাবরুণ] বৃহতী পাঠ করেন, উহা আত্মা; তৎপরে সতোবৃহতী পাঠ করেন, উহা প্রাণ। আবার বৃহতী, আবার সতোবৃহতী পাঠ করেন, তাহাতে প্রাণদ্বারা আত্মাকে পরিবর্দ্ধন করিয়া কর্ম্মানুষ্ঠান হয়। এই জন্য অতিমর্শদ্বারাই বিহৃতি সম্পাদন করিবে।

চারি বার আবৃত্তি করিতে হয়। প্রথম বারে চরণের পর চরণ, দ্বিতীয় বারে অর্দ্ধ ঋকের পর অর্দ্ধ ঋক্, তৃতীয় বারে ঋকের পর ঋক্ বসাইয়া বিহৃতি হয়। ঐরূপে বিহৃতি সম্পাদন দ্বারা প্রগাথ নিষ্পন্ন করিয়া সেই প্রগাথের পর একপদা ঋক্ বা মহানাম্নী ঋকের অষ্টাক্ষর পদ বসাইতে হয়। প্রগাথের পর একপদা প্রক্ষেপ করিলে ঐ প্রগাথ বাক্যকূটে পরিণত হয়। বাক্যকূটে পরিণত হইলে বালখিল্যমন্ত্র বজ্রস্বরূপ শক্তিশালী হইয়া থাকে। চতুর্থ বার আবৃত্তিকালে বিহৃতি সম্পাদন আবশ্যক হয় না, অথবা তৎপরে একপদাও বসাইতে হয় না।

উদাহরণ দ্বারা এই বিহৃতি সম্পাদনের তাৎপর্য্য স্পষ্ট হইবে। প্রথম জোড়া অর্থাৎ প্রথম ও দ্বিতীয় বালখিল্যসূক্তের প্রত্যেকের প্রথম দুই মন্ত্র লওয়া যাউক :—

প্রথম সূক্ত

১ ২
প্রথম মন্ত্র— অভি প্র বঃ সুরাধসং, ইন্দ্রমর্চ যথা বিদে।
৩ ৪
যো জরিতৃভ্যো মঘবা পুরূবসুঃ, সহস্রেণেব শিক্ষতি॥

৫ ৬
দ্বিতীয় মন্ত্র—শতানীকেব প্র জিগাতি ধৃষ্ণুয়া, হন্তি বৃত্রাণি দাশুষে।
৭ ৮
গিরেরিব প্র রসা অস্য পিন্বিরে, দত্রাণি পুরুভোজসঃ॥

দ্বিতীয় সূক্ত

৯ ১০
প্রথম মন্ত্র—প্র সু শ্রুতং সুরাধসং, অর্চা শক্রমভিষ্টয়ে।
১১ ১২
যঃ সুন্বতে স্তুবতে কাম্যং বসু, সহস্রেণেব মংহতে॥

১৩ ১৪
দ্বিতীয় মন্ত্র—শতানীকা হেতয়ো অস্য দুষ্টরা, ইন্দ্রস্য সমিষো মহীঃ।
১৫ ১৬
গিরির্ন ভুজ্মা মঘবৎসু পিন্বতে যদীং সুতা অমংদিষুঃ॥

প্রতি চরণে বিহৃতি হইলে নিম্নোক্ত প্রগাথ উৎপন্ন হইবে :—

১ ১৪
অভি প্র বঃ সুরাধসং, ইন্দ্রস্য সমিষো মহীঃ।

ঐ অতিমর্শই উচিত। বৃহতী আত্মা ও সতোবৃহতী পশু; তিনি যে বৃহতী পাঠ কবেন, উহা আত্মা, এবং যে সতোবৃহতী পাঠ কবেন, উহা পশু। আবাব বৃহতী, আবাব সতোবৃহতী পাঠ কবেন, তাহাতে পশুদ্বাবা প্রাণকে পবিবর্দ্ধন কবিয়া কর্ম্মানুষ্ঠান হয়; সেই জন্য অতিমর্শ দ্বাবাই বিহৃতি সম্পাদন কবিবে।

১৩
শতানীকা হেতয়ো অস্য দুষ্টরা, ইন্দ্রমর্চ্চ যথাবিদোম্

১৬
যো জরিতৃভ্যো মঘবা পুরূবসুঃ, যদীং সুতা অমন্দিষুঃ।

১৫ ৪
গিরির্ন ভুজ্যা মঘবৎসু পিন্বতে, সহস্রেণেব শিক্ষতোম্॥

এই মন্ত্রদ্বয়াত্মক প্রগাথের পর "ইন্দ্রো বিশ্বস্য গোপতিঃ" এই একপদা ঋক্ বসাইলে উহা বাকাকুটে পরিণত হইবে।

মহাবালভিদ্ বিহারে এইরূপে প্রথম, দ্বিতীয় ও তৃতীয় সূক্তদ্বয়ের প্রত্যেক ঋকের প্রতি চরণের পর বিহৃতি হয় ও তৎপরে একপদার অথবা মহানাম্নীর অষ্টাক্ষর বসে। হৌত্রিন বিহারে কেবল প্রথম সূক্তদ্বয়ে এইরূপ বিহৃতি সম্পাদিত হয়।

অর্দ্ধ ঋকের পর বিহৃতি এইরূপ :—

১ ২
অভি প্র বঃ সুরাধসং, ইন্দ্রমর্চ্চ যথা বিদে।

১৫ ১৬
গিরির্ন ভুজ্যা মঘবৎসু পিন্বতে, যদীং সুতা অমংদিষোম্॥

মহাবালভিদ্ বিহারে দ্বিতীয় বার আবৃত্তির সময় প্রথম, দ্বিতীয় ও তৃতীয় সূক্তদ্বয়ে এইরূপ বিহৃতি হয়। হৌত্রিন বিহারে কেবল দ্বিতীয় সূক্তদ্বয়ে এইরূপ বিহার।

পাদ ঋকের পর বিহার এইরূপ :—

১ ২
অভি প্র বঃ সুরাধসং, ইন্দ্রমর্চ্চ যথা বিদে।

৩ ৪
যো জরিতৃভ্যো মঘবা পুরূবসুঃ, সহস্রেণেব শিক্ষতোম্॥

১৩ ১৪
শতানীকা হেতয়ো অস্য দুষ্টরা, ইন্দ্রস্য সমিষো মহীঃ।

১৫ ১৬
গিরির্ন ভুজ্যা মঘবৎসু পিন্বতে, যদীং সুতা অমংদিষোম্॥

মহাবালভিতে তৃতীয় বার আবৃত্তির সময় প্রথম, দ্বিতীয় ও তৃতীয় সূক্তদ্বয়ে এইরূপ বিহার, আর হৌত্রিন বিহারে কেবল তৃতীয় সূক্তদ্বয়ে এইরূপ বিহার।

অন্তিম (সপ্তম ও অষ্টম) সূক্ত বিপরীতক্রমে পাঠ করা হয় ; উহাতেই তাহাদের বিহৃতি সম্পাদিত হয়। মৈত্রাবরুণ এইরূপে সেই [রেতঃস্বরূপ] যজমানের প্রাণ সম্পাদন করিয়া, তুমি ইহার জন্ম প্রদান কর, এই বলিয়া যজমানকে ব্রাহ্মণাচ্ছংসীর প্রতি অর্পণ করেন।

তৃতীয় খণ্ড

শিল্পশস্ত্র

তৎপরে ব্রাহ্মণাচ্ছংসীর শিল্পশস্ত্র—"সুকীর্ত্তিং···কল্পয়েতি"

সুকীর্ত্তি সূক্ত পাঠ করা হয়।[১] সুকীর্ত্তি দেবযোনিস্বরূপ, এতদ্দ্বারা যজমানকে যজ্ঞস্বরূপ দেবযোনি হইতে জন্মদান করা হয়।

বৃষাকপিসূক্ত পাঠ করা হয়[২]। বৃষাকপি আত্মা, এতদ্দ্বারা যজমানের আত্মা সম্পাদিত হয়। এই সূক্তকে ন্যূঙ্খবিশিষ্ট করিবে। ন্যূঙ্খ অন্নস্বরূপ, [জননী] যেমন কুমারকে (শিশুকে) স্তন দেন, সেইরূপ এতদ্দ্বারা জন্মলাভের পর যজমানের ভক্ষণীয় অন্ন বিধান করা হয়। উহার ছন্দ পঙ্‌ক্তি, পুরুষ লোম, ত্বক্‌, মাংস, অস্থি ও মজ্জা, এই পাঁচ পদার্থে গঠিত বলিয়া পঙ্‌ক্তির লক্ষণযুক্ত, এতদ্দ্বারা পুরুষ যেরূপ, যজমানকেও তদ্রূপ সংস্কৃত করা হয়।

এইরূপে ব্রাহ্মণাচ্ছংসী যজমানের জন্মদান করিয়া, তুমি ইহার প্রতিষ্ঠা সম্পাদন কর, এই বলিয়া তাহাকে অচ্ছাবাকের প্রতি অর্পণ করেন।

পূর্ব্ববর্ত্তী অধ্যায়ে যে পাঁচটি একপদার উল্লেখ হইয়াছে, তাহারা যথাক্রমে এই :— (১) ইন্দ্রো বিশ্বস্য গোপতিঃ, (২) ইন্দ্রো বিশ্বস্য ভূপতিঃ, (৩) ইন্দ্রো বিশ্বস্য চেততি, (৪) ইন্দ্রো বিশ্বস্য রাজতি, (৫) ইন্দ্রো বিশ্বং বিরাজতি। প্রথম পাঁচ প্রগাথের পর এই পাঁচ একপদার আট অক্ষর বসান হয়। পরবর্ত্তী প্রগাথে মহানাম্নীর আট অক্ষর বসাইতে হয়। মহানাম্নী কাহাকে বলে, পূর্ব্বে বলা হইয়াছে।

(১) "অপ প্রাচ ইন্দ্র বিশ্বান্‌" ইত্যাদি সূক্ত। (১০।১৩১)।

(২) "বিহি সোতোরসৃক্ষত" ইত্যাদি সূক্ত। (১০।৮৬)।

চতুর্থ খণ্ড

শিল্পশস্ত্র

তৎপরে অচ্ছাবাকের শিল্পশস্ত্র—"এবয়ামরুতং ··শস্যতে"

এবয়ামরুৎ সূক্ত পাঠ করা হয়।[১] এবয়ামরুৎ প্রতিষ্ঠাস্বরূপ; এতদ্দ্বারা যজমানে প্রতিষ্ঠা সম্পাদিত হয়। উহা ন্যূঙ্খবিশিষ্ট করিবে। ন্যূঙ্খ অন্নস্বরূপ; তদ্দ্বারা যজমানে ভক্ষণীয় অন্নের স্থাপনা হয়। উহার ছন্দ জগতী, কিয়দংশে অতিজগতী[২], এই সমুদয় [জাগতিক দ্রব্য] জগতীর বা অতিজগতীর লক্ষণযুক্ত। উহার দেবতা মরুদ্গণ, মরুদ্গণ অপ্‌স্বরূপ, অপ্ অন্নস্বরূপ, এই ক্রম হেতু তদ্দ্বারা যজমানে অন্নের স্থাপনা হয়।

নাভানেদিষ্ঠ, বালখিল্য, বৃষাকপি, এবয়ামরুৎ, এই সূক্তগুলিকে সহচর সূক্ত বলে, উহা হয় [এক দিনেই] পাঠ করিবে, নয় একবারেই পাঠ করিবে না। যদি ইহাদিগকে [বিভক্ত করিয়া] নানাভাবে (ভিন্ন ভিন্ন দিনে) পাঠ করা যায়, তাহা হইলে পুরুষকে অথবা [তাহার জন্মহেতু] রেতঃপদার্থকে বিচ্ছিন্ন (খণ্ডিত) করিলে যাহা হয়, সেইরূপ হইবে। সেই জন্য ঐ [চারিটি] শস্ত্র হয় [এক দিনে] পাঠ করিবে, নয় [একেবারে] পাঠ করিবে না।

আশ্বি,[৩] আশ্বতর,[৪] বুলিল (তন্নামক ঋষি) বিশ্বজিৎ যাগে হোতা হইয়া বিবেচনা করিয়াছিলেন যে, সাংবৎসরিক সত্রের অন্তর্গত বিশ্বজিতে ঐ [চারিটি] শস্ত্রের মধ্যে দুইটিকে মাধ্যন্দিন সবনে আনিতে হইবে, আচ্ছা, আমি এখন এবয়ামরুৎ শস্ত্র পাঠ করাই। এই মনে করিয়া তিনি [অচ্ছাবাককে] এবয়ামরুৎ শস্ত্র পাঠ করাইয়াছিলেন।[৫] ঐ শস্ত্রপাঠের

(১) "প্র বো মহে মতয়ঃ" ইত্যাদি সূক্ত। (৫।৮৭)

(২) চরণে বার অক্ষর থাকায় জগতী; চতুর্থ চরণে ষোল অক্ষর থাকায় অতিজগতী।

(৩) অশ্ব নামক ঋষির পুত্র (সায়ণ)।

(৪) অশ্বতর নামক ঋষি হইতে উৎপন্ন (সায়ণ)।

(৫) শিল্পশস্ত্রচতুষ্টয় হোতা এবং মৈত্রাবরুণ, ব্রাহ্মণাচ্ছংসী ও অচ্ছাবাক, এই হোত্রকত্রয় কর্তৃক তৃতীয় সবনে পঠিত হয়। বিশ্বজিৎ যাগ কিন্তু অগ্নিষ্টোমের প্রকারভেদ;

সময় গৌশ্র ঋষি আসিয়াছিলেন ; তিনি বলিলেন, অহে হোতা, তোমার এই শস্ত্র চক্রহীন [রথের মত] নষ্ট হইবে। [বুলিল বলিলেন] কেন, কি দোষ হইল ? তখন গৌশ্র বলিলেন—উত্তর দিকে এই শস্ত্র পঠিত হয়,[৬] মাধ্যন্দিনের দেবতা ইন্দ্র ; মাধ্যন্দিন হইতে ইন্দ্রকে কেন অপসৃত করিতেছ ? তখন বুলিল বলিলেন,—না, আমি ইন্দ্রকে মাধ্যন্দিন হইতে অপসৃত করিতে চাহি না। [গৌশ্র বলিলেন]—এই শস্ত্রের ছন্দ জগতী, কিয়দংশ অতিজগতী, এই সমুদয় [জাগতিক পদার্থ] জগতীর ও অতিজগতীর লক্ষণযুক্ত, ইহা মাধ্যন্দিনের ছন্দ নহে ; অপিচ ইহার দেবতা ইন্দ্র, ইহা এখন পাঠ করা উচিত নহে।[৭] তখন বুলিল বলিলেন, অহে অচ্ছাবাক, তুমি [শস্ত্রপাঠে] ক্ষান্ত হও, আহা, এখন আমি গৌশ্রের অনুশাসন (উপদেশ) ইচ্ছা করিতেছি। গৌশ্র তখন বলিলেন, এই অচ্ছাবাক ইন্দ্রদৈবত বিষ্ণুচিহ্নিত সূক্ত পাঠ করুন, আর তুমি [তৃতীয় সবনে আগ্নিমারুত শস্ত্রে] রুদ্রদৈবত ধায্যার পরে মরুদ্দৈবত সূক্তের পূর্ব্বে এই এবয়ামরুৎ সূক্ত পাঠ করিও।[৮]

তখন বুলিল তদনুসারে শস্ত্রপাঠ করিযাছিলেন। সেই জন্য অদ্যাপি সেইরূপেই শস্ত্রপাঠ হইয়া থাকে।

উহার তৃতীয় সবনে হোত্রকগণের শস্ত্র নাই। এই জন্য ঐ ঋষি স্থির করিলেন, আমি বিশ্বজিতের মাধ্যন্দিনে অচ্ছাবাক কর্ত্তৃক এবয়ামরুৎ পাঠ করাইব, তাহা হইলে তৎপূর্ব্বপাঠ্য মৈত্রাবরুণ ও ব্রাহ্মণাচ্ছংসীর শস্ত্রদ্বয়কেও মাধ্যন্দিনে টানিয়া আনা হইবে।

(৬) হোতার ধিষ্ণ্যের উত্তরে অচ্ছাবাকের ধিষ্ণ্য ; সেইখানে থাকিয়া অচ্ছাবাক এবয়ামরুৎ পাঠ করেন।

(৭) জগতী ছন্দ ও মরুৎ দেবতা তৃতীয় সবনের, মাধ্যন্দিনে উহার প্রয়োগে মাধ্যন্দিনের দেবতা ইন্দ্রকে অপসৃত করা হইতেছে, এই দোষ।

(৮) "ত্বোর্মিয় ইন্দ্র" (৬।২০) ইত্যাদি সূক্ত অচ্ছাবাকের পক্ষে বিহিত হইল। উহার দ্বিতীয় মন্ত্রের চতুর্থ চরণে বিষ্ণুর উল্লেখ থাকায় উহা বিষ্ণুচিহ্নিত।

পঞ্চম খণ্ড

শিল্পশস্ত্র

বিশ্বজিৎ দ্বিবিধ; অগ্নিষ্টোমসংস্থ ও অতিরাত্রসংস্থ; অগ্নিষ্টোমসংস্থ বিশ্বজিতের তৃতীয় সবনে হোত্রকপাঠ্য শস্ত্রের প্রয়োগ নাই উহার বিষয় পূর্ব্বখণ্ডে বলা হইল। অতিরাত্রসংস্থ বিশ্বজিতে তৃতীয় সবনে হোত্রকগণের শস্ত্র আছে; পৃষ্ঠ্য ষড়হের তৃতীয় সবনেও যেরূপ শিল্পশস্ত্র বিহিত, অতিরাত্রসংস্থ বিশ্বজিতেও সেইরূপ। কিন্তু সংবৎসর-সত্রের অন্তর্গত বিশ্বজিৎ অগ্নিষ্টোমসংস্থ হওয়ায় উহার তৃতীয় সবনে হোত্রকের শস্ত্র নাই। হোতা তৃতীয় সবনে বৈশ্বদেব শস্ত্রমধ্যে নাভানেদিষ্ঠ স্থক্ত পাঠ করেন। মাধ্যন্দিনে মৈত্রাবরুণ বালখিল্য ও ব্রাহ্মণাচ্ছংসী বৃষাকপি পাঠ করেন। মাধ্যন্দিনে নাভানেদিষ্ঠ পঠিত হয় না। নাভানেদিষ্ঠ অসত্ত্বেও বালখিল্য বা বৃষাকপি পাঠের ঔচিত্য সম্বন্ধে প্রশ্ন ও তাহার উত্তর হইতেছে, যথা—"তদাহুঃ ··প্রতিষ্ঠাপয়তি"

এ বিষয়ে প্রশ্ন আছে,—ষষ্ঠাহে যেরূপ, সেইরূপ অতিরাত্ররূপ বিশ্বজিতেও [তৃতীয় সবনে শিল্পশস্ত্রপাঠদ্বারা] যজ্ঞ সম্পাদিত হয় ও যজমানের জন্মলাভ সম্পাদিত হয়। এই [সংবৎসরান্তর্গত] বিশ্বজিতে [মাধ্যন্দিনে] নাভানেদিষ্ঠ পঠিত হয় না,[১] অথচ মৈত্রাবরুণ বালখিল্য পাঠ করেন। ঐ বালখিল্য প্রাণস্বরূপ, কিন্তু অগ্রে রেতঃসেক, তৎপরে ত প্রাণের কল্পনা। আবার নাভানেদিষ্ঠ পঠিত হয় না, অথচ ব্রাহ্মণাচ্ছংসী বৃষাকপি পাঠ করেন, কিন্তু অগ্রে রেতঃসেক, তৎপরে ত আত্মার কল্পনা। এরূপ স্থলে কিরূপে যজমানের জন্মলাভ ঘটে ও প্রাণ স্থানরহিত হইয়াও কিরূপে অবস্থিত থাকে? [উত্তর] এই সমস্ত যজ্ঞক্রতু (যজ্ঞসাধন শিল্পশস্ত্র) দ্বারা যজমানকে সংস্কৃত করা হয়। গর্ভ (ভ্রূণ) যেমন যোনির অভ্যন্তরে ক্রমশঃ সম্ভূত (বর্দ্ধিত) হইয়া অবস্থান করে, যজমানও সেইরূপে রহেন। সেই গর্ভ অগ্রেই (রেতঃসেককালেই) একবারে সম্পূর্ণ হয় না, তাহার এক এক অঙ্গ ক্রমশঃ সম্ভূত হয়। ঐ সমুদয় শিল্পশস্ত্র এক দিনেই পাঠ করা হয়। ইহাতেই যজ্ঞ সম্পাদিত হয়

(১) নাভানেদিষ্ঠ পাঠে হোতা রেতঃসেক করেন; তৎপরে মৈত্রাবরুণ বালখিল্যদ্বারা তাহাতে প্রাণকল্পনা ও ব্রাহ্মণাচ্ছংসী বৃষাকপি দ্বারা তাহাতে আত্মার কল্পনা করেন। এ স্থলে রেতঃসেক অভাবেও কিরূপে প্রাণের বা আত্মার কল্পনা হইতেছে, এই প্রশ্ন।

ও যজমানেব জন্মলাভ সম্পাদিত হয়। হোতা তৃতীয সবনে এবয়ামরুৎ পাঠ কবেন ; ইহাতে (সকল শস্ত্রেব অনুষ্ঠানে) যে প্রতিষ্ঠা ঘটে, এতদ্দ্বারা শস্ত্রান্তে যজমানকে তাহাতেই প্রতিষ্ঠিত কবা হয়।

ষষ্ঠ খণ্ড

কুন্তাপমন্ত্র

ব্রাহ্মণাচ্ছংসী বৃষাকপি পাঠেব পব কুন্তাপ মন্ত্রসকল পাঠ কবেন ; তৎসম্বন্ধে বক্তব্য, যথা—"ছন্দসাং বৈ· ·প্রতিষ্ঠায়া এব"

ষষ্ঠাহে বিহিত ছন্দসকলেব বস স্বস্থান অতিক্রম কবিযা (উচ্ছলিত হইযা) আসিযাছিল। প্রজাপতি ভয কবিলেন, এই ছন্দসকলেব বস পবাবৃত্ত না হইযা লোকসকলকে অতিক্রম কবিবে (প্লাবিত কবিবে)। এই মনে কবিযা তিনি সেই বসকে পববর্ত্তী ছন্দদ্বাবা রুদ্ধ কবিলেন, নাবাশংসী ঋক্‌দ্বাবা গাযত্রীব, বৈভীদ্বাবা ত্রিষ্টুভেব, পাবিক্ষিতী দ্বাবা জগতীব, কাবব্যা দ্বাবা জগতীব বস রুদ্ধ কবিলেন। তখন সেই বস তত্তৎ-ছন্দে পুনবায় স্থাপিত হইল। যে ইহা জানে, তাহার ইষ্টিযাগ বসযুক্ত ছন্দে সম্পন্ন হয, তাহাব যজ্ঞ বসযুক্ত ছন্দে বিস্তৃত হয।[১]

নাবাশংসী ঋক্ পাঠ কবা হয।[২] প্রজা নব ও বাক্য শংস। এতদ্দ্বাবা প্রজাতে বাক্যেব স্থাপনা হয, সেই জন্য প্রজাসকল জন্মলাভের পর বাক্য কহিযা থাকে। যে ইহা জানে, তাহাব পক্ষে নাবাশংসীই উচিত। ইহা পাঠ কবিযাই দেবগণ ও ঋষিগণ স্বর্গলোক গমন কবিযাছিলেন ; সেইরূপ যজমানেবাও ইহা পাঠ কবিয়া স্বর্গলোক গমন কবেন। এই মন্ত্র বৃষাকপি পাঠের মত প্রতি চবণে বিবাম দিয়া পাঠ করিবে। ইহা

(১) এই কুন্তাপ সূক্তান্তর্গত ত্রিশটি মন্ত্র অথর্ব্ববেদসংহিতায় আছে ; অথর্ব্ববেদ ২০।১২৭-১৩৬। ব্রাহ্মণাচ্ছংসী বৃষাকপির পর কুন্তাপসূক্ত পাঠ করেন।

(২) কুন্তাপসূক্তের অন্তর্গত "ইদং জনা উপশ্রুত নারাশংস" ইত্যাদি তিন ঋক্। নরাশংস শব্দ থাকায় উহা নারাশংসী। অথর্ব্ববেদ, ২০।১২।

বৃষাকপির ন্যায় হওয়াতে বৃষাকপির সম্বন্ধযুক্ত। ইহাতে ন্যূঙ্খ করিবে না, কিন্তু বিশেষরূপে নিনর্দ্দ করিবে।[৩] ঐ নিনর্দ্দই উহার ন্যূঙ্খ।

রৈভী ঋক্ পাঠ করা হয়।[৪] দেবগণ ও ঋষিগণ রেভ (শব্দ) করিয়া স্বর্গলোক গিয়াছিলেন, সেই জন্য যজমানেরাও রেভ করিয়া স্বর্গলোক গমন করেন। উহাও প্রতি চরণে বিরাম দিয়া বৃষাকপির মত পাঠ করিবে। বৃষাকপির ন্যায় হওয়ায় উহা বৃষাকপির সম্বন্ধযুক্ত। ইহাতে ন্যূঙ্খ করিবে না, বিশেষভাবে নিনর্দ্দ করিবে, উহাই এ স্থলে ন্যূঙ্খ।

পারিক্ষিতী ঋক্ পাঠ করা হয়।[৫] অগ্নিই পরিক্ষিৎ. অগ্নিই এই প্রজাসকলের পরিপালন করিয়া বাস করেন, অগ্নির চারি দিকে এই প্রজাসকল বাস করে।[৬] যে ইহা জানে, সে অগ্নির সাযুজ্য, সরূপতা ও সলোকতা লাভ করে। এই জন্য পারিক্ষিতীই উচিত। পরিক্ষিৎ সংবৎসরস্বরূপ, সংবৎসর এই প্রজাগণকে পরিপালন করিয়া বাস করে, এই প্রজাগণ সংবৎসরের চারি দিকে বাস করে। যে ইহা জানে, সে সংবৎসরের সাযুজ্য, সরূপতা ও সলোকতা লাভ করে। উহা প্রতি চরণে বিরাম দিয়া বৃষাকপির মত পাঠ করিবে। বৃষাকপির ন্যায় হওয়ায় উহা বৃষাকপির সম্বন্ধযুক্ত। উহাতে ন্যূঙ্খ করিবে না, কিন্তু বিশেষভাবে নিনর্দ্দ করিবে। তাহাই এ স্থলে ন্যূঙ্খ হইবে।

কারব্যা ঋক্ পাঠ করা হয়।[৭] দেবগণ যে কিছু কল্যাণ কর্ম্ম করিয়াছিলেন, তাহা কারব্যদ্বারাই পাইয়াছিলেন, সেইরূপ এ স্থলে যজমানেরাও যে কিছু কল্যাণ কর্ম্ম করেন, তাহা কারব্যদ্বারাই প্রাপ্ত হন।

(৩) তৃতীয় চরণে দ্বিতীয় স্বরের পর তেরটি ওকার দ্বারা অবসান করিয়া তিনটি ত্রিমাত্র ওকারের উচ্চারণ ন্যূঙ্খ। বৃষাকপিতে উহা বিহিত, নারাশংসীতে কিন্তু নিষিদ্ধ। তৃতীয় চরণের প্রথমাক্ষর অনুদাত্ত স্বরে উচ্চারণ করিয়া দ্বিতীয়াক্ষরের উদাত্ত উচ্চারণের নাম নিনর্দ্দ। উহা বৃষাকপি পাঠে বিহিত, এ স্থলেও বিহিত।

(৪) "বচ্যস্ব রেভ বচ্যস্ব" ইত্যাদি রেভশব্দচিহ্নিত তিনটি ঋক্। অথর্ব্ববেদ, ২০।১২৭।

(৫) "রাজ্ঞো বিশ্বজনীনস্য" ইত্যাদি পরিক্ষিৎশব্দযুক্ত চারিটি ঋক্। অথর্ব্ববেদ, ২০।১২৭।

(৬) "পরি পরিপালয়ন্ ক্ষেতি নিবসতি" এই অর্থে পরীক্ষিৎ (সায়ণ)।

(৭) "ইন্দ্রঃ কারুমবুবুধৎ" ইত্যাদি কারুশব্দযুক্ত চারিটি ঋক্। অথর্ব্ববেদ, ২০।১২৭।

উহা প্রতি চবণে বিবাম দিযা বৃষাকপিব মত পাঠ করিবে। বৃষাকপির ন্যায় হওয়ায় উহা বৃষাকপিব সম্বন্ধযুক্ত। উহাতে ন্যৃঙ্খ করিবে না, কিন্তু বিশেষরূপে নিনর্দ্দ কবিবে। তাহাই এ স্থলে ন্যৃঙ্খ হইবে।

দিক্‌সমূহেব কল্পনাকাবক ঋক্ পাঠ কবা হয।[৮] তদ্দ্বাবা দিক্‌সকলেব কল্পনা হইবে। ঐ পাঁচ ঋক্ পাঠ কবিবে। দিক্ পাঁচটি; তির্য্যগ্‌গত চাবি দিক্, আব উর্দ্ধগত এক দিক্। উহাতে ন্যৃঙ্খ কবিবে না, নিনর্দ্দও কবিবে না, তাহাতে দিক্‌সমূহেব ন্যৃঙ্খ (চালনা) কবিবাব আশঙ্কা থাকে। প্রতিষ্ঠাব জন্য অর্দ্ধ ঋকে বিবাম দিযা উহা পাঠ কবিবে।

জনকল্পা ঋক্ পাঠ কবা হয[৯]। প্রজাসকলই জনকল্প, তদ্দ্বাবা দিক্‌সকলেব কল্পনা কবিযা তাহাতে প্রজা প্রতিষ্ঠিত কবা হয। তাহাতে ন্যৃঙ্খ কবিবে না, নিনর্দ্দও কবিবে না, উহাতে এই প্রজাসমূহেব ন্যৃঙ্খ কবিবাব আশঙ্কা থাকে। প্রতিষ্ঠাব জন্য অর্দ্ধ ঋকে বিবাম দিযা উহা পাঠ কবিবে।

ইন্দ্রগাথা পাঠ কবা হয।[১০] দেবগণ ইন্দ্রগাথাদ্বাবা অসুবগণেব সম্মুখে যাইযা তাহাদিগকে জয কবিযাছিলেন। সেইরূপ যজমানেবা ইন্দ্রগাথাদ্বাবা অপ্রিয় শত্রুব সম্মুখে যাইযা তাহাকে জয কবেন। প্রতিষ্ঠার জন্য অর্দ্ধ ঋকে বিবাম দিযা উহা পাঠ কবিবে।

সপ্তম খণ্ড

ঐতশপ্রলাপ

কুন্তাপসূক্তেব পব ব্রাহ্মণাচ্ছংসী ঐতশপ্রলাপ নামক সত্তবটি পদসমূহ পাঠ করেন, যথা—"ঐতশপ্রলাপং⋯যথা নিবিদঃ"

ঐতশপ্রলাপ পাঠ কবা হয। ঐতশ মুনি "অগ্নেবাযুঃ" নামক মন্ত্রকাণ্ড দেখিয়াছিলেন, কেহ কেহ ঐ মন্ত্রকাণ্ডেব "যজ্ঞেব আযাতয়াম" (যজ্ঞেব

(৮) "যঃ সভেয়ো বিদথ্য" ইত্যাদি পাঁচ ঋক্। অথর্ব্ববেদ, ২০।১২৮।

(৯) "যোহনাক্তাক্ষো অনভ্যক্তঃ" ইত্যাদি ছয় ঋক্। অথর্ব্ববেদ, ২০।১২৮।

(১০) "যদিন্দ্রাদো দাশরাজ্ঞে" ইত্যাদি পাঁচ ঋক্। অথর্ব্ববেদ, ২০।১২৮।

সাবোৎপাদক) এই নাম দিয়াছিলেন। সেই মুনি পুত্রগণকে বলিয়াছিলেন, "অবে পুত্রেবা, আমি 'অগ্নেবায়ুঃ' নামক মন্ত্রকাণ্ড দেখিয়াছি, তাহা আমি প্রলাপেব মত বলিব ; আমি যাহা কিছু বলিব, তোবা তাহাব নিন্দা কবিস না।" এই বলিযা তিনি আবম্ভ কবিলেন—"এতা অশ্বা আপ্লবন্তে," "প্রতীপং প্রাতিসত্বনম্" ইত্যাদি।[১]

ঐতশেব পুত্র অভ্যগ্নি, "আমাদেব পিতা কি দৃপ্ত (উন্মত্ত) হইলেন," এই মনে কবিযা অকালে (প্রলাপসমাপ্তিব পূর্ব্বে) তাঁহাব নিকটে আসিযা মুখ চাপিযা ধবিলেন। ঐতশ (ক্রুদ্ধ হইযা) তাহাকে বলিলেন, "তুই দূবে যা, তুই আমাব বাক্য নষ্ট কবিলি, উহা তোকে শুনিতে হইবে না, আমি গরুকে শতাযু কবিতে পাবি, মনুষ্যকে সহস্রাযু কবিতে পাবি ; তুই আমাব এরূপ অপমান কবিলি, তোব সন্তানকে আমি পাপিষ্ঠ (দবিদ্র) কবিব।" সেই জন্য কথিত আছে যে, "ঔর্ব্ববংশীয ঐতশপুত্র অভ্যগ্নিপ্রভৃতি পাপিষ্ঠ।"

কেহ কেহ এই ঐতশপ্রলাপ বহুসংখ্যক পাঠ কবেন। যজমান উহা নিষেধ কবিবেন না, ববং "যত ইচ্ছা পাঠ কব," ইহাই বলিবেন ; কেন না, ঐতশপ্রলাপ আযুঃস্বরূপ। যে ইহা জানে, সে যজমানেব আযু বর্দ্ধন কবে। এই ঐতশপ্রলাপই উচিত।

এই যে ঐতশপ্রলাপ, ইহা ছন্দেব (বেদেব) বসস্বরূপ। এতদ্দ্বাবা ছন্দে বসেব আধান হয। যে ইহা জানে, সে বসযুক্ত ছন্দ দ্বাবা ইষ্টিযাগ কবে, তাহাব যজ্ঞ বসযুক্ত ছন্দ দ্বাবা বিস্তৃত হয। এই ঐতশপ্রলাপই উচিত।

ঐতশপ্রলাপ সাবযুক্ত ও অক্ষযফলপ্রদ, আমাব যজ্ঞে উহা সাবযুক্ত হইবে, উহা অক্ষয ফলপ্রদ হইবে [এই উদ্দেশে উহা পাঠ কবিবে]।

যেমন নিবিৎ পাঠ কবে, ঐরূপ পদে পদে অবগ্রহ দিযা এই ঐতশপ্রলাপ পাঠ কবিবে, এবং নিবিদেব মত ইহাব শেষ পদে প্রণব বসাইবে।

(১) এই সত্তরটি পদ কুন্তাপসূক্তের পর অথর্ব্ববেদসংহিতায় আছে, (অথর্ব্ববেদ, ২০।১২৯) এই পদগুলি অসম্বদ্ধ প্রলাপবাক্যের ন্যায় প্রায় অর্থহীন। এই জন্য ইহাদের নাম ঐতশপ্রলাপ।

ঐতশপ্রলাপের পর অন্যান্য ঋক্ পাঠের বিধান, যথা—"প্রবহ্লিকা······ প্রতিষ্ঠায়া এব"

প্রবহ্লিকা ঋক্ পাঠ করা হয়।[২] প্রবহ্লিকাদ্বারা পুরাকালে দেবগণ অসুরদিগকে প্রবহ্লন করিয়া (প্রিয়বাক্যে বঞ্চিত করিয়া) পরাস্ত করিয়াছিলেন; সেইরূপ এ স্থলে যজমানেরাও প্রবহ্লিকাদ্বারা অপ্রিয় শত্রুকে প্রবহ্লন করিয়া পরাস্ত করেন। প্রতিষ্ঠার জন্য অর্দ্ধ ঋকে বিরাম দিয়া উহা পাঠ করিবে।

আজিজ্ঞাসেন্যা ঋক্ পাঠ করা হয়।[৩] দেবগণ আজিজ্ঞাসেন্যা দ্বারা অসুরদিগকে আজ্ঞা (অবজ্ঞা) করিয়া, পরে তাহাদিগকে অতিক্রম করিয়াছিলেন, সেইরূপ এ স্থলেও যজমানেরা আজিজ্ঞাসেন্যা দ্বারা অপ্রিয় শত্রুকে আজ্ঞা (অবজ্ঞা) করিয়া, পরে তাহাকে অতিক্রম করেন। প্রতিষ্ঠার জন্য অর্দ্ধ ঋকে বিরাম দিয়া উহা পাঠ করিবে।

প্রতিরাধ মন্ত্র পাঠ করা হয়[৪]। প্রতিরাধ দ্বারা দেবগণ অসুরদিগকে প্রতিরাধ (সমৃদ্ধি নাশ) করিয়া, পরে তাহাদিগকে অতিক্রম করিয়াছিলেন; সেইরূপ যজমানেরাও এ স্থলে প্রতিরাধদ্বারা অপ্রিয় শত্রুকে প্রতিরাধ করিয়া, পরে তাহাকে অতিক্রম করেন।

অতিবাদ মন্ত্র পাঠ করা হয়[৫]। অতিবাদদ্বারা দেবগণ অসুরদিগকে অতিবাদ করিয়া, পরে তাহাদিগকে অতিক্রম করিয়াছিলেন, সেইরূপ এ স্থলে যজমানেরাও অতিবাদ দ্বারা অপ্রিয় শত্রুকে অতিবাদ করিয়া, পরে তাহাকে অতিক্রম করেন। প্রতিষ্ঠার নিমিত্ত অর্দ্ধ ঋকে বিরাম দিয়া উহা পাঠ করিবে।

---

(২) "বিততৌ কিরণৌ দ্বৌ" ইত্যাদি ছয়টি অনুষ্টুপ্ প্রবহ্লিকা। (অথর্ব্ব, ২০।১৩৩)

(৩) "ইহেৎথ প্রাগপাগুদক্" ইত্যাদি চারিটি ঋক্। (অথর্ব্ব, ২০।১৩৪)

(৪) "ভুগিত্যভিগতঃ" ইত্যাদি তিন মন্ত্র। (অথর্ব্ব, ২০।১৩৫)

(৫) "বীমে দেবা অক্রংসত" ইত্যাদি অনুষ্টুপ্। (অথর্ব্ব, ২০।১৩৬)

অষ্টম খণ্ড

দেবনীথ

তৎপবে দেবনীথ নামক পদ পাঠ, যথা—"দেবনীথং ·তস্মাৎ"

দেবনীথ পাঠ কবা হয়।[১]

আদিত্যগণ ও অঙ্গিবোগণ স্বর্গলোকে "আমবা পূর্ব্বে [স্বর্গ] যাইব, আমবা যাইব" বলিযা পবস্পব স্পর্দ্ধা কবিযাছিলেন। স্বর্গলোকপ্রাপ্তিব হেতু সুত্যা (সোমাভিযব) কল্য সম্পাদন কবিব, অঙ্গিবোগণ এইরূপ প্রথমে স্থিব কবিযাছিলেন। অগ্নি অঙ্গিবোগণেব মধ্যে একজন. অঙ্গিবোগণ সেই অগ্নিকে [আদিত্যদেব নিকট] পাঠাইলেন ও [বলিলেন], তুমি আদিত্যগণেব নিকট যাইযা বল, আমবা কল্য স্বর্গলোকেব নিমিত্ত সুত্যাব অনুষ্ঠান কবিব। সেই আদিত্যগণ কিন্তু অগ্নিকে দেখিযা স্বর্গলোকপ্রাপ্তিহেতু সুত্যাব অনুষ্ঠান সেই দিনই কবিযা ফেলিলেন। অগ্নি তাঁহাদেব নিকট আসিযা বলিলেন, কল্য [আমাদেব] স্বর্গলোকপ্রাপ্তিহেতু সুত্যা হইবে, তোমাদিগকে বলিতেছি। তাঁহাবা বলিলেন, [আমাদেব] স্বর্গলোকপ্রাপ্তিহেতু সুত্যা অদ্যই হইবে, তোমাকে বলিতেছি; তোমাকেই হোতা কবিযা আমবা স্বর্গলোকে যাইব। অগ্নি, তাহাই হউক বলিযা তাঁহাদেব সেই উত্তব লইযা ফিবিযা আসিলেন। অঙ্গিবোগণ বলিলেন, [আমাদেব কথা] বলিযাছ কি? তিনি বলিলেন,—হাঁ, বলিয়াছি, কিন্তু তাঁহাবা প্রত্যুত্তবে আমাকে এই কথা বলিলেন। অঙ্গিবোগণ বলিলেন, তুমি তাহা (হোতৃকর্ম্ম) অঙ্গীকাব কবিযাছ কি? অগ্নি বলিলেন,—হাঁ, তাহা অঙ্গীকাব কবিযাছি। যে ঋত্বিকেব কর্ম্ম গ্রহণ কবে, সে যশস্বী হইযা থাকে, যে তাহা প্রতিবোধ কবে, সে যশেব প্রতিবোধ কবে; সেই জন্য আমি উহা প্রতিবোধ কবি নাই। কেন না, যদি ঐ ঋত্বিক্‌কর্ম্ম অস্বীকাব কবিতে হয, তাহা হইলে নিজে যজ্ঞ কবিব বলিযাই

(১) "আদিত্যা হ জরিতরঙ্গিরোভ্যো দক্ষিণামনয়ন্" ইত্যাদি সতেরটি পদ আশ্বলায়ন দিয়াছেন। (অথর্ব্ব, ২০।১৩৫) ঐ পদসমূহের নাম দেবনীথ। উহা দেবলোকনয়নহেতু। পরখণ্ডে ব্যাখ্যা দেখ।

তাহার অস্বীকার চলিতে পারে, যজমান অযাজ্য হইলে অবশ্য ঋত্বিক্‌কর্ম্ম সকল সময়েই প্রত্যাখ্যান করা চলে।

নবম খণ্ড

দেবনীথ

দেবনীথ সম্বন্ধে আরও বক্তব্য—"তে হ···নিবিদঃ"

তখন সেই অঙ্গিরোগণ [অগ্নির অঙ্গীকারমতে] আদিত্যগণের যাজকতা করিয়াছিলেন। সেই যাজকদিগকে দক্ষিণার সময় আদিত্যেরা পূর্ণা পৃথিবী দান করিলেন। পৃথিবী [দক্ষিণারূপে] গৃহীত হইয়া অঙ্গিরোগণকে তাপিত করিয়াছিল। তাঁহারা তখন পৃথিবীকে বর্জন করিলেন। পৃথিবী তখন সিংহীর আকার ধরিয়া জৃম্ভণ করিতে করিতে জনসমূহকে ভক্ষণ করিতে লাগিল। পৃথিবী তখন [ক্ষুধায়] শোকার্ত্ত হইয়া স্থানে স্থানে বিদীর্ণ হইল। এখন যে সকল স্থান বিদীর্ণ আছে, ইহার পূর্ব্বে তাহা সমতল ছিল। এই জন্য বলা হয় যে, দক্ষিণা কোন কারণে পরিত্যক্ত হইলেও তাহা ফিরিয়া লইবে না। কেন না, [গ্রহণ করিলে] উহা শোকবিদ্ধ হইয়া [গৃহীতাকে] শোকবিদ্ধ করিতে পারে। যদি বা তাহাকে ফিরিয়া লওয়া হয়, তবে উহা অপ্রিয় শত্রুকে দান করিবে, তাহা হইলে তাহার পরাভব হইবে।

অনন্তর ঐ যে [আদিত্য] তাপ দেন, তিনি শ্বেত অশ্বরূপ ধারণ করিয়া অশ্ববন্ধনরজ্জুতে আপনাকে আচ্ছাদিত করিয়া উপস্থিত হইলেন ও [বলিলেন], [অহে অঙ্গিরোগণ,] তোমাদের [দক্ষিণার জন্য] এই অশ্ব আনিলাম।

এই বৃত্তান্তকে দেবনীথ নাম দেওয়া হয়। যথা :—[প্রথম পদ] "আদিত্যা হ জরিতরঙ্গিরোভ্যো দক্ষিণামনয়ন্"—আদিত্যগণ জরিতা (স্তোতা) অঙ্গিরোগণের জন্য [পৃথিবীরূপ] দক্ষিণা আনিয়াছিলেন। [দ্বিতীয় পদ] "তাং হ জরিতর্ন প্রত্যায়ন্"—সেই জরিতা অঙ্গিরোগণ ইহা গ্রহণ করেন নাই। [তৃতীয় পদ] "তামু হ জরিতঃ প্রত্যায়ন্"—সেই [আদিত্যরূপ] দক্ষিণাকে তাঁহারা গ্রহণ করিয়াছিলেন। [চতুর্থ

পদ] "তাং হ জরিতঃ ন প্রত্যগৃভ্ণন্"—সেই [পৃথিবীরূপ] দক্ষিণা তাঁহারা প্রতিগ্রহ করেন নাই। [পঞ্চম পদ] "তামু হ জরিতঃ প্রত্যগৃভ্ণন্"—কিন্তু সেই [আদিত্যরূপ] দক্ষিণাকে তাঁহারা প্রতিগ্রহ করিয়াছিলেন। [ষষ্ঠ পদ] "অহা নেত সন্নবিচেতনানি"—[আদিত্য] এখানে আসিয়াছেন, তজ্জন্য দিনসমূহ অপ্রকাশ হইয়াছে, তোমরা চলিতে পারিবে না, কেন না, আদিত্যই দিনসমূহের প্রকাশকর্ত্তা। [সপ্তম পদ] "জজ্ঞা নেত সন্নপুরোগবাসঃ"—হে জ্ঞানী [অঙ্গিরোগণ], পুরোগামী (পথপ্রদর্শক) [আদিত্য] এখানে আসিয়াছেন, তাঁহার অভাবে তোমরা চলিতে পারিবে না—এ স্থলে দক্ষিণাই যজ্ঞের পুরোগরা (পুরোগামী), অপুরোগব (পুরোগামী বলীবর্দ্দহীন) শকট যেমন বিনষ্ট হয়, দক্ষিণাহীন যজ্ঞও সেইরূপ বিনষ্ট হইয়া থাকে ; সেই জন্য বলা হয় যে, যজ্ঞে দক্ষিণা অতি অল্প হইলেও দান করিবে। [অষ্টম পদ] "উত শ্বেত আশুপত্বা"—এই শ্বেত [অশ্ব] আশুগামী। [নবম পদ] "উতো পদ্যাভির্জবিষ্ঠঃ"—অপিচ পাদবিক্ষেপে উহা অতিশয় বেগবান্। [দশম পদ] "উতেমাশু মানং পিপর্তি"—অপিচ ইনি (এই আদিত্য) শীঘ্র মান পূর্ণ করেন। [একাদশ পদ] "আদিত্যা রুদ্রা বসবস্তেডতে"—আদিত্যগণ, রুদ্রগণ, বসুগণ তোমার পূজা করেন। [দ্বাদশ পদ] "ইদং রাধঃ প্রতিগৃভ্ণীহ্যঙ্গিরঃ"—অহে অঙ্গিরা, এই [আদিত্যরূপ] ধন প্রতিগ্রহণ কর—এই বাক্য সেই [আদিত্যরূপ] ধনের প্রতিগ্রহের ইচ্ছা বুঝাইতেছে। [ত্রয়োদশ পদ] "ইদং রাধো বৃহৎপৃথু"—এই ধন বৃহৎগুণে বিস্তৃত। [চতুর্দ্দশ পদ] "দেবা দদত্বাবরম্"—দেবগণ [আদিত্যকে] বরস্বরূপে দান করুন। [পঞ্চদশ পদ] "তদ্বো অস্তু সুচেতনম্"—ঐ [আদিত্য] তোমাদের চেতনকর্ত্তা হউন। [ষোড়শ পদ] "যুষ্মে অস্তু দিবে দিবে"—তিনি প্রতি দিন তোমাদের নিকট থাকুন। [সপ্তদশ পদ] "প্রত্যের গৃভায়ত"—এই [আদিত্যরূপ] দক্ষিণা প্রতিগ্রহণ কর। এতদ্দ্বারা অঙ্গিরোগণ উহাকেই প্রতিগ্রহণ করিয়াছিলেন, ইহাই বুঝাইতেছে।

এই সেই দেবনীথ মন্ত্র নিবিদের মত প্রতি পদে অবগ্রহ দিয়া পাঠ করিবে ও উহার শেষ পদেও নিবিদের মত প্রণব বসাইবে।

অন্য মন্ত্র

তৎপরে বিহিত অন্যান্য মন্ত্র, যথা—"ভূতেচ্ছদঃ···সংশংসেৎ"

ভূতেচ্ছদ্ মন্ত্র পাঠ কবা হয়।[১] ভূতেচ্ছদ্ দ্বাবা দেবগণ যুদ্ধ ও মাযাব অবলম্বনে অসুবদিগকে বিনাশার্থ আসিযাছিলেন, দেবগণ ভূতেচ্ছদ্ দ্বাবা সেই অসুবদিগেব ভূতি (ঐশ্বর্য্য) আচ্ছাদন কবিযা, পবে তাহাদিগকে অতিক্রম কবিযাছিলেন। সেইরূপ এ স্থলেও যজমানেবা ভূতেচ্ছদ্ দ্বাবা অপ্রিয শত্রুব ভূতি আচ্ছাদন কবিযা, পবে তাহাকে অতিক্রম কবেন। প্রতিষ্ঠাব নিমিত্ত অর্দ্ধ ঋকে বিবাম দিযা ঐ মন্ত্র পাঠ কবিবে।

আহনস্য মন্ত্র পাঠ কবা হয।[২] আহনস্য (মৈথুন) হইতে বেতঃসেক হয; বেতঃ হইতে প্রজা জন্মে; এতদ্দ্বাবা জন্মেব স্থাপনা হয। ঐ মন্ত্র দশটি পাঠ কবিবে। বিবাটেব দশ অক্ষব; বিবাট্ অন্নস্বরূপ; বিবাট্‌রূপ অন্ন হইতে বেতঃসেক হয, বেতঃ হইতে প্রজা জন্মে; এতদ্দ্বাবা জন্মেব স্থাপনা হয। ঐ মন্ত্র ন্যূঙ্খবিশিষ্ট কবিবে; ন্যূঙ্খ অন্নস্বরূপ; অন্ন হইতে বেতঃসেক হয; বেতঃ হইতে প্রজা জন্মে, তদ্দ্বাবা প্রজাব স্থাপন হয।

"দধিক্রাব্ণো অকাবিষম্"[৩] ইত্যাদি দাধিক্রী ঋক্ পাঠ কবা হয। দধিক্রা শব্দ দেবগণকে পবিত্র কবে। ঐ ঐ যে ব্যাহনস্য (মৈথুনার্থক) [অপবিত্র] বাক্য বলা হইযাছে, তাহাকে দেবগণেব পবিত্রতাসাধক এই বাক্যদ্বাবা পবিত্র কবা হয। উহা অনুষ্টুপ্; অনুষ্টুপ্ বাক্যস্বরূপ, উহা নিজ ছন্দদ্বাবা বাক্যকে পবিত্র কবে।

"সুতাসো মধুমত্তমাঃ"[৪] এই পাবমানী ঋক্ পাঠ কবা হয। পাবমানী ঋক্ দেবগণকে পবিত্র কবে; ঐ ঐ যে ব্যাহনস্য বাক্য বলা হইয়াছে,

(১) ভূতং ভূতিং বৈরিণামৈশ্বর্য্যং ছাদয়ন্তি তিরস্কুর্বন্তি ইত্যুদাহৃতা অনুষ্টুভো ভূতেচ্ছদঃ (সায়ণ)। "ত্বমিন্দ্র শর্দ্ধঋণ" ইত্যাদি তিন অনুষ্টুপ্। (অথর্ব্ব, ২০।১৩৫)

(২) "যদস্যা অংহু" ইত্যাদি দশটি ঋক্। (অথর্ব্ব, ২০।১৩৬) আহনস্যা আহননং স্ত্রীপুরুষয়োঃ সংযোগঃ তদ্বৎ প্রজোৎপত্তিহেতুত্বাৎ ঋচোঽপি আহনস্যাঃ। (সায়ণ)

(৩) অথর্ব্ব, ২০।১৩৭।৩।

(৪) ৯।১০১।৪।

দেবগণের পবিত্রতাসাধক এই বাক্য দ্বারা তাহাকে পবিত্র করা হয়। উহা অনুষ্টুপ্; অনুষ্টুপ্ বাক্যস্বরূপ; উহা নিজ ছন্দ দ্বারা বাক্যকে পবিত্র করে।

"অব দ্রপ্সো অংশুমতীমতিষ্ঠৎ"[৫] এই ইন্দ্র-বৃহস্পতিদৈবত তৃচ পাঠ করা হয়। উহার মধ্যে "বিশো অদেবীরভ্যাচরন্তীর্বৃহস্পতিনা যুজেন্দ্রঃ সসাহে"—দেববিরুদ্ধ কর্ম্মের আচরণকারী প্রজাগণকে (অসুরগণকে) বৃহস্পতির সহিত যুক্ত হইয়া ইন্দ্র তিরস্কার করিয়াছিলেন—এই অংশের তাৎপর্য্য যে, অসুরপ্রজা দেবগণের প্রতি অত্যাচার করিয়া অবস্থিত ছিল, ইন্দ্র বৃহস্পতির সহিত যুক্ত হইয়া দেবক্ষয়কারী অসুরদিগের বর্ণ (বিচিত্র পতাকা) বিনষ্ট করিয়াছিলেন। সেইরূপ এ স্থলে যজমানেরাও ইন্দ্র ও বৃহস্পতির সহিত যুক্ত হইয়া দেবক্ষয়কর অসুরদিগের বর্ণ বিনষ্ট করিয়া থাকেন।[৬]

এ বিষয়ে প্রশ্ন আছে,—ষষ্ঠাহে যে সকল ঐকাহিক মন্ত্র বিহিত আছে, তাহার সহিত একত্র ইহা পাঠ করিবে, কি একত্র পাঠ করিবে না? [উত্তর] একত্র পাঠ করিবে, এই উত্তর দেওয়া হয়। অন্যান্য দিনে একত্র পাঠ করা হয়, আর এ দিন কেন পাঠ না করিবে? কেহ কেহ বলেন, একত্র পাঠ করিবে না। বহু লোকে একসঙ্গে স্বর্গলোক যাইতে পারে না, কেহ কেহ যাইতে পারে। কাজেই একসঙ্গে পাঠ করিলে এই ষষ্ঠাহকে অন্য দিনের সমান করা হইবে। সেই জন্য এই যে একসঙ্গে পাঠ করা হয় না, ইহা স্বর্গলোকেরই লক্ষণ, সেই জন্য একসঙ্গে পাঠ করিবে না। একসঙ্গে পাঠ না করাই উচিত।

এই যে নাভানেদিষ্ঠ, বালখিল্য, বৃষাকপি ও এবযামরুৎ, এই কয়টিই এই ষষ্ঠাহের প্রধান শস্ত্র, ইহাদের সহিত অন্য মন্ত্র একসঙ্গে পাঠ করিলে ইহাদের যে ফল, তাহা বিনষ্ট করা হইবে। বৃষাকপি ইন্দ্রের উদ্দিষ্ট;

---

(৫) ৮।৯৬।১৩।

(৬) মূলে আছে, "অসুর্য্যং বর্ণং অভিদাসন্তমপাহন্"। সায়ণ অর্থ করিয়াছেন, "অসুর্য্যং অসুরসৈন্যং বর্ণং বিচিত্রপতাকাদিযুক্তং অভিদাসন্তং দেবোপক্ষয়হেতুম্ অপাহন্ বিনাশিতবান্। অসুর্য্য বর্ণ অর্থে অসুরসম্বন্ধী বর্ণ অর্থাৎ অসুরোপাসক জাতি (পারসীক জাতি) বুঝাইতেও পারে।

ঐতশপ্রলাপ সকল ছন্দের স্বরূপ; ইন্দ্রদৈবত ঐ জগতীছন্দের মন্ত্রের যে ফল, তাহা ইহাতেই পাওয়া যায়। আবার এই সূক্ত[১] ইন্দ্র-বৃহস্পতি-দৈবত। উহার অন্তিম মন্ত্রও ইন্দ্র-বৃহস্পতি-দৈবত, সেই জন্য উহা একসঙ্গে পাঠ করিবে না।

(১) "অবদ্রপ্সঃ অংশুমতীম্" ইত্যাদি সূক্ত।

সপ্তম পঞ্চিকা

একত্রিংশ অধ্যায়

প্রথম খণ্ড

পশুবিভাগ

হোতৃগণ ও হোত্রকগণেব শস্ত্রসমূহ বর্ণিত হইল। সত্রে নিযুক্ত ব্যক্তিগণের প্রাণধাবণেব জন্য হবিঃশেষ ভক্ষণ কবিতে হয। এতদর্থে অন্যান্য দ্রব্য ভিন্ন সবনীয় পশুব মাংসভোজনেব বিধান আছে। কোন্ ব্যক্তি পশুব কোন্ অংশ পাইবেন, তাহাব ব্যবস্থা হইতেছে, যথা—"অথাতঃ…অধীযতে"

অনন্তব পশু-বিভাগ, পশুব বিভাগেব বিষয বলিব।

জিহ্বাসহিত হনুদ্বয প্রস্তোতাব ভাগ, শ্যেনাকৃতি বক্ষ উদ্গাতাব, কণ্ঠ ও কাকুদ্র[১] প্রতিহর্ত্তাব, দক্ষিণ শ্রোণি হোতাব, বাম শ্রোণি ব্রহ্মাব, দক্ষিণ সক্‌থি[২] মৈত্রাবরুণেব, বাম সক্‌থি ব্রাহ্মণাচ্ছংসীব, অংসসহিত দক্ষিণপার্শ্ব অধ্বর্য্যুব, বামপার্শ্ব উপগাতাদিগেব[৩], বাম অংস প্রতিপ্রস্থাতাব, দক্ষিণ দোঃ[৪] নেষ্টাব, বাম দোঃ পোতাব, দক্ষিণ উরু অচ্ছাবাকেব, বাম উরু আগ্নীধ্রেব, দক্ষিণ বাহু আত্রেযেব[৫], বাম বাহু সদস্যেব, সদ[৬] ও অনূক[৭] গৃহপতিব; দক্ষিণ পদদ্বয গৃহপতিব ব্রতদাতাব[৮], বামপদদ্বয গৃহপতিব ভার্য্যাব ব্রতদাতাব[৯]। ওষ্ঠ উভয ব্রতদাতাব

---

(১) তালু।　　(২) সক্‌থি—উরুর অধোভাগ।

(৩) উপগাতৃগণ সামগায়ী উদ্গাতাদের সহকারী; তাঁহাদের গীত অংশের নাম উপগান।

(৪) দোঃ—বাহুর ঊর্দ্ধভাগ।　　(৫) আত্রেয় দক্ষিণার ভাগ পাইতেন।

(৬) সদ = পৃষ্ঠবংশ।　　(৭) অনূক = মূত্রবস্তি।

(৮) যাগকালে বিধিপূর্ব্বক ভোজনের নাম ব্রত; যিনি যজমানের ব্রতের আয়োজন করেন, তাঁহার ঐ ভাগ।

(৯) সম্মুখের পদকে পূর্ব্বে বাহু বলা হইয়াছে, তাহা হইলে পদদ্বয়ের সার্থকতা কি, এই প্রশ্ন হইতে পারে। সায়ণ বলিতেছেন, প্রত্যেক পদের দুইটি করিয়া অবয়ব থাকায় পদশব্দ দ্বিবচনান্ত হইয়াছে।

সাধাবণ ভাগ; গৃহপতি উহা [দুই জনকে] বিভাগ কবিয়া দিবেন। জাঘনী[১০] পত্নীদিগকে দেওযা হয; পত্নীবা তাহা কোন ব্রাহ্মণকে দান করিবেন। স্কন্ধস্থিত মণিকা[১১] ও তিনখানি কীকস[১২] গ্রাবস্তুতেব; [অন্য পার্শ্বেব] আব তিনখানি কীকস ও বৈকর্ত্তেব[১৩] অর্দ্ধেক উন্নেতাব; বৈকর্ত্তেব অপবার্দ্ধ ও ক্লোম শমিতাব[১৪]; শমিতা অব্রাহ্মণ হইলে ঐ ভাগ কোন ব্রাহ্মণকে দান কবিবে। মস্তক সুব্রহ্মণ্যাকে দিবে। "শ্বঃ সুত্যাং" এই নিগদ যিনি পাঠ কবেন, সেই আগ্নীধ্রেব ভাগ অজিন[১৫]। আব সবনীয পশুব যে ইডাভাগ হইবে, তাহা সর্ব্বসাধাবণেব অথবা একাকী হোতাব।

এক এক পদে অভিহিত ঐ অবযবগুলি এইরূপে ছত্রিশটি ভাগে পবিণত হইযা যজ্ঞ নির্ব্বাহ কবে। বৃহতীব ছত্রিশ অক্ষব, স্বর্গলোক বৃহতীব সম্বন্ধযুক্ত, এতদ্দাবা প্রাণ ও স্বর্গলোক লাভ কবা যায এবং এতদ্দাবা প্রাণে ও স্বর্গলোকে প্রতিষ্ঠিত হইযা যজ্ঞানুষ্ঠান হয। যাঁহাবা পশুকে এইরূপে বিভাগ কবেন, তাঁহাদেব পক্ষে সেই পশু স্বর্গেব অনুকূল হয়। যাহাবা অন্য কোনরূপে পশুবিভাগ কবে, তাহাবা অন্নকামুক (উদবপবাযণ) পাপকাবীব মত কেবল পশুহত্যা কবে মাত্র।

পশুবিভাগেব এই বিধি শ্রুতেব পুত্র দেবভাগ নামক ঋষি জানিতেন, তিনি কাহাবও নিকট ইহা প্রকাশ না কবিযাই ইহলোক হইতে চলিযা গিয়াছিলেন। কোন অমনুষ্য[১৬] উহা বভ্রুব পুত্র গিবিজকে বলিযাছিলেন, তাঁহাব পববর্ত্তী মনুষ্যেবা তদবধি ইহা জানিয়া আসিতেছে।

---

(১০) জাঘনী = পুচ্ছ।

(১১) মণিকাঃ = মণিসদৃশমাংসখণ্ডাঃ। (সায়ণ)

(১২) কীকস = মাংসখণ্ড।

(১৩) বৈকর্ত্তঃ = প্রৌঢ়ো মাংসখণ্ডঃ। (সায়ণ)

(১৪) ক্লোমা = হৃদয়পার্শ্ববর্ত্তী মাংসখণ্ডঃ। (সায়ণ) শমিতা = পশুঘাতক।

(১৫) অজিন = চর্ম্ম।

(১৬) গন্ধর্ব্বাদি। (সায়ণ)

দ্বাত্রিংশ অধ্যায়

প্রথম খণ্ড

প্রায়শ্চিত্তবিধি

অনন্তর প্রশ্নোত্তর প্রণালীতে অগ্নিহোত্রীর বিবিধ দোষের প্রায়শ্চিত্ত বিহিত হইতেছে, যথা—"তদাহুঃ...প্রায়শ্চিত্তিঃ"

এ বিষয়ে প্রশ্ন আছে,—যদি যজমান আহিতাগ্নি হইয়া উপবসথের দিনে (সোমাভিষবের পূর্ব্বদিন) মরিয়া যান, তাহা হইলে তাঁহার যজ্ঞ কিরূপ হইবে? [উত্তর] তাঁহার যাগ করিবে না, এই উত্তর হইবে। কেন না, [মৃত্যুর পূর্ব্বে] যজ্ঞের প্রাপ্তি ঘটে না।

আবার প্রশ্ন,—অগ্নিহোত্রের ক্ষীর বা সান্নায্য[1] অথবা [পুরোডাশাদি] অন্য কোন হোমদ্রব্য অগ্নিতে পাকের পর আহিতাগ্নি যজমানের মৃত্যু হইলে কি প্রায়শ্চিত্ত হইবে? [উত্তর] যজমানের [মৃতদেহের] পার্শ্বে ঐ সকল দ্রব্য এরূপে রাখিবে, যাহাতে সকলই একসঙ্গে দগ্ধ হয়, এ স্থলে ইহাই প্রায়শ্চিত্ত।

আবার প্রশ্ন,—হোমদ্রব্য বেদিতে স্থাপিত হইলে যদি আহিতাগ্নির মৃত্যু হয়, সেখানে কি প্রায়শ্চিত্ত? [উত্তর] যে যে দেবতার উদ্দেশে ঐ হোমদ্রব্য গৃহীত হইয়াছে, "তাভ্যঃ স্বাহা" এই মন্ত্রে সেই সেই দ্রব্যদ্বারা আহবনীয়ে নিঃশেষে হোম করিবে, ইহাই এ স্থলে প্রায়শ্চিত্ত।

আবার প্রশ্ন,—আহিতাগ্নি [ভার্য্যার নিকট অগ্নিহোত্র রাখিয়া] যদি প্রবাসে মরেন, তাঁহার অগ্নিহোত্র কিরূপ হইবে? [উত্তর] গাভীর নিকটে অন্য একটি বৎস আনিয়া সেই গাভীর দুগ্ধে হোম করিবে। প্রেত (মৃত) যজমানের পক্ষে অগ্নিহোত্র যেমন ভিন্নরূপ, সেইরূপ অন্য বৎসের সাহায্যে প্রাপ্ত দুগ্ধও অগ্নিহোত্রী গাভীর দুগ্ধ হইতে ভিন্নরূপ। অথবা যে-কোন গাভীর দুগ্ধে হোম করিবে। পক্ষান্তরে কেহ কেহ বলেন যে, মৃত ব্যক্তির শরীর (অস্থ্যাদি অবয়ব) আহরণ করিয়া আনয়ন পর্য্যন্ত [আহবনীয়াদি] সকল অগ্নিই বিনা হোমে অজস্র (অবিরাম) জ্বালিয়া

(১) দর্শপূর্ণমাসে সান্নায্য নামক ক্ষীরহোম হয়।

রাখিবে।· যদি তাহার শরীর না পাওয়া যায়, তাহা হইলে তিন শত ষাটি সংখ্যক পর্ণশর (পলাশবৃক্ষের ছিন্ন বৃন্ত) আহরণ করিয়া উহাতে পুরুষ-মূর্ত্তি গঠন করিয়া দাহাদি ক্রিয়া করিবে এবং ঐরূপে গঠিত শরীরে অগ্নিত্রয় স্পর্শ করিয়া অগ্নি নিবাইয়া দিবে। উহার মধ্যে দেড় শত বৃন্তে কায়, দুই পঞ্চাশ ও দুই বিশে সক্থিদ্বয় এবং দুই পঁচিশে উরুদ্বয় গঠন করিয়া অবশিষ্ট বিশখানি মস্তকের উপরে স্থাপন করিবে। ইহাই এ স্থলে প্রায়শ্চিত্ত।

দ্বিতীয় খণ্ড

প্রায়শ্চিত্তবিধি

আবার প্রশ্ন,—যাহার অগ্নিহোত্রী গাভী বৎসসংযোগের পর দোহনকালে বসিয়া পড়ে, সেখানে কি প্রায়শ্চিত্ত? উত্তর,—সেখানে গাভীকে লক্ষ্য করিয়া এই মন্ত্র পাঠ করিবে,—"যাহার ভয়ে তুমি বসিয়াছ, তাহা হইতে আমাদের অভয় প্রদান কর, আমাদের সকল পশুকে রক্ষা কর, সেচনসমর্থ রুদ্রকে প্রণাম।" তৎপরে এই মন্ত্রে গাভীকে উঠাইবে—"দেবী অদিতি উঠিয়াছেন, উঠিয়া যজ্ঞপতিতে আয়ু স্থাপন করিয়াছেন, ইন্দ্রকে, মিত্রকে ও বরুণকে আপনার ভাগ দিয়াছেন।" তৎপরে তাহার বাঁটে জল দিয়া ও মুখে জল দিয়া, সেই গাভী ব্রাহ্মণকে দান করিবে। ইহাই এ স্থলে প্রায়শ্চিত্ত।

যাহার অগ্নিহোত্রী গাভী বৎসসংযোগের পর দোহনকালে হম্বারব করে, সে স্থলে কি প্রায়শ্চিত্ত? উত্তর—ঐ গাভী যজমানকে আপনার ক্ষুধা জানাইবার জন্যই ঐরূপ রব করে, অতএব [অমঙ্গলের] শান্তির জন্য তাহাকে "ভগবতি, তুমি সুন্দর তৃণভোজিনী হও" এই মন্ত্রে খাদ্য দিবে। খাদ্যই শান্তিহেতু। এ স্থলে ইহাই প্রায়শ্চিত্ত।

যাহার অগ্নিহোত্রী গাভী বৎসসংযোগের পর বিচলিত হয় ও [ক্ষীর ফেলিয়া দেয়], সে স্থলে কি প্রায়শ্চিত্ত? ভূমিতে যে ক্ষীর ফেলিয়া দিবে, তাহা স্পর্শ করিয়া এই মন্ত্র জপ করিবে:—"যে দুগ্ধ পৃথিবীতে পতিত হইয়াছে, যাহা ওষধির উপর পড়িয়াছে, যাহা জলে পড়িয়াছে, সেই সমুদয় দুগ্ধ আমাদের গৃহে, আমাদের গাভীতে, আমাদের বৎসে ও আমাদের

শরীবে স্থানলাভ করুক।" যে দুগ্ধ অবশিষ্ট থাকিবে, তাহা যদি হোমের পক্ষে পর্য্যাপ্ত হয়, তবে তদ্দ্বাবাই হোম কবিবে। যদি সমস্ত দুগ্ধই ভূপতিত হয়, তাহা হইলে অন্য গাভী আনিয়া তাহাকে দোহন করিয়া তদ্দ্বাবা হোম করিবে। [অন্য গাভী না পাইলে] অন্য দ্রব্যে, অন্ততঃ শ্রদ্ধাদ্বাবাও হোম কবিবে। ইহাই এ স্থলে প্রায়শ্চিত্ত।[১]

তৃতীয় খণ্ড

প্রায়শ্চিত্তবিধি

প্রশ্ন,—[দর্শপূর্ণমাস ইষ্টিতে] যাহাব সায়ংকালে দুগ্ধসান্নাযা কোনরূপে দোষযুক্ত হয বা অপহৃত হয, সে স্থলে কি প্রায়শ্চিত্ত ? উত্তব —প্রাতঃকালেব দুগ্ধকে দুই ভাগ কবিযা, তাহাব এক ভাগকে সংস্কৃত কবিযা তদ্দ্বাবা যাগ কবিবে। ইহাই এ স্থলে প্রায়শ্চিত্ত।

প্রশ্ন,—যাহাব প্রাতঃকালে দুগ্ধসান্নাযা দোষযুক্ত বা অপহৃত হয, সেখানে কি প্রায়শ্চিত্ত ? উত্তব,—ইন্দ্রেব উদ্দিষ্ট বা মহেন্দ্রের উদ্দিষ্ট পুবোডাশ তাহাব স্থানে নির্ব্বপণ কবিযা যাগ কবিবে। ইহাই এ স্থলে প্রায়শ্চিত্ত।

প্রশ্ন,—যাহাব সকল (প্রাতঃকালীন ও সাযংকালীন) সান্নায্যই দোষযুক্ত হয বা অপহৃত হয, সেখানে কি প্রায়শ্চিত্ত ? উত্তব,—ইন্দ্রের বা মহেন্দ্রেব উদ্দেশে পূর্ব্বেব মত [পুবোডাশ] হইবে—ইহাই এ স্থলে প্রায়শ্চিত্ত।

প্রশ্ন,—যাহাব সমুদয হোমদ্রব্য[১] দোষযুক্ত হয বা অপহৃত হয, সেখানে কি প্রায়শ্চিত্ত ? আজ্যদ্বাবা হবিঃ প্রস্তুত করিযা দেবতানুসারে আজ্যহবি দ্বাবা ইষ্টিযাগ কবিবে, তৎপবে আব একটি ইষ্টি যথাবিধি বিস্তাব কবিবে। কেন না, যজ্ঞই যজ্ঞেব প্রায়শ্চিত্ত।

(১) এই প্রায়শ্চিত্তবিধি পঞ্চবিংশ অধ্যায়ের দ্বিতীয় খণ্ডে এক বার বর্ণিত হইয়াছে। এখানে ইহা পুনরুক্ত হইল মাত্র। সংস্কৃত মন্ত্রগুলি পূর্ব্বে দেওয়া গিয়াছে, এ স্থলে কেবল অনুবাদ দেওয়া হইল। পূর্ব্বে দেখ।

(১) পুরোডাশ, দধি ও দুগ্ধ।

চতুর্থ খণ্ড

প্রায়শ্চিত্তবিধি

প্রশ্ন,—যাহার অগ্নিহোত্রের দুগ্ধ পাকের সময় অশুদ্ধ হয়,[১] সেখানে কি প্রায়শ্চিত্ত?

উত্তর,—ঐ সমুদয় দুগ্ধ স্রুকে[২] সেচন করিয়া পূর্ব্বমুখে উত্থিত হইয়া আহবনীয়ে সমিধ স্থাপন করিবে, পরে আহবনীয়ের উত্তর ভাগ হইতে উষ্ণ ভস্ম বাহির করিয়া [অগ্নিহোত্রের মন্ত্রদ্বারা] মনে মনে, অথবা প্রাজাপত্য মন্ত্র [স্পষ্ট] উচ্চারণ দ্বারা ঐ ভস্মে হোম করিবে। এরূপ করিলে ঐ দ্রব্যে হোম হয়, আবার হোম হয়ও না।[৩] [অগ্নিহোত্রহবণীতে] এক বার কিংবা দুই বার উন্নয়নের পর অশুদ্ধ হইলেও ঐরূপ বিধি। সেই অশুদ্ধ দ্রব্য যদি অপনয়ন করিতে পারা যায়, তাহা হইলে উহা নিঃসারিত করিয়া স্থালীতে অবশিষ্ট শুদ্ধ দ্রব্য স্রুকে গ্রহণ করিয়া উন্নয়নান্তে হোম করিবে। এখানে ইহাই প্রায়শ্চিত্ত।

প্রশ্ন,—যদি অগ্নিহোত্রের দুগ্ধ পাকের সময় [স্থালীর] বাহিরে পড়িয়া যায় অথবা উছলিয়া উঠে, সেখানে কি প্রায়শ্চিত্ত? উত্তর,—শান্তির জন্য উহাতে জলের ছিটা দিবে; কেন না, জল শান্তিস্বরূপ, অনন্তর দক্ষিণ হস্তদ্বারা উহা স্পর্শ করিয়া এই মন্ত্র জপ করিবে :—

"ইহার এক-তৃতীয় অংশ দ্যুলোকে যাক, যজ্ঞ দেবগণকে প্রাপ্ত হউক, তদনন্তর ধন আমাকে প্রাপ্ত হউক; অন্য তৃতীয়াংশ অন্তরিক্ষে যাক, যজ্ঞ পিতৃগণকে প্রাপ্ত হউক, ধন আমাকে প্রাপ্ত হউক, আর এক তৃতীয়াংশ পৃথিবীতে যাক; যজ্ঞ মনুষ্যগণকে প্রাপ্ত হউক, ধন আমাকে প্রাপ্ত হউক।" এই মন্ত্র জপের পর—"যয়োরোজসা স্কভিতা রজাংসি"[৪] এই বিষ্ণুবরুণদৈবত

(১) কেশকীটাদি পতনে অশুদ্ধ হইতে পারে।

(২) এখানে স্রুক্ শব্দে অগ্নিহোত্রহবণী নামক হাতা বুঝাইতেছে।

(৩) ভস্ম থাকে, বলিয়া হোম হয়, আবার ভস্মে অগ্নি থাকে না, বলিয়া হোম হয় না।

(৪) অথর্ব্ববেদসংহিতা, ৭।২৫।১।

ঋক্ জপ কবিবে। যজ্ঞেব যে অনুষ্ঠান বিধিসঙ্গত হয নাই, বিষ্ণু তাহা পালন কবেন, আব যাহা বিধিসঙ্গত হইযাছে, বরুণ তাহা পালন কবেন। সেই জন্য এতদ্দ্বাবা সেই উভয ভাগেব শান্তি ঘটে। ইহাই এ স্থলে প্রাযশ্চিত্ত।

প্রশ্ন,—অগ্নিহোত্রদ্রব্য পাকেব পব পূর্ব্বমুখে [আহবনীযে] লইযা যাইবাব সময যদি উহা স্খলিত বা ভ্রষ্ট হয,[৫] সেখানে কি প্রাযশ্চিত্ত? উত্তব,—সেই [অধ্বর্য্যু] যদি [পশ্চিমমুখে] ফিবিযা আসেন, তাহা হইলে যজমানকেও স্বর্গলোক হইতে ফিবিতে হইবে, অতএব তিনি সেইখানেই বসিযা থাকিবেন ও অন্যে অগ্নিহোত্রেব অবশিষ্ট অংশ আনিযা দিলে তিনি তাহা স্রুকে উন্নযনপূর্ব্বক হোম কবিবেন। ইহাই এ স্থলে প্রাযশ্চিত্ত[৬]।

প্রশ্ন,—স্রুক্ যদি ভাঙিযা যায, তাহা হইলে কি প্রাযশ্চিত্ত? উত্তব— অন্য স্রুক্ আনিযা হোম কবিবে এবং সেই ভাঙা স্রুকেব দণ্ডভাগ পূর্ব্বে বাখিযা ও উহাব পুষ্কবভাগ[৭] পশ্চিমে বাখিযা স্রুক্‌টিকে আহবনীযে নিক্ষেপ কবিবে।

প্রশ্ন,—যাহাব আহবনীযেব অগ্নি বর্ত্তমান থাকে, আব গার্হপত্যেব অগ্নি নিবিযা যায, সে স্থলে কি প্রাযশ্চিত্ত[৮]? উত্তব,—আহবনীযেব পূর্ব্বভাগেব অগ্নি গ্রহণ কবিলে যজমানকে স্বস্থানচ্যুত হইতে হইবে, পশ্চিম ভাগেব অগ্নি গ্রহণ কবিলে অসুবদিগেব মত যজ্ঞ বিস্তাব হইবে[৯], [নূতন] অগ্নি মন্থন কবিলে যজমানেব শত্রুব উৎপাদন হইবে, [পুনবায অগ্ন্যাধান উদ্দেশে] আহবনীয নিবাইযা দিলে প্রাণ যজমানকে পবিত্যাগ

(৫) বিন্দু পতনের নাম স্খলন, সমুদয় দ্রব্যের ভূপতনের নাম ভ্রংশ।

(৬) হোমদ্রব্য চারি বার স্থালী হইতে অগ্নিহোত্রহবণীতে গ্রহণ করিয়া হোম করিতে হয়। হোমার্থ স্থালী হইতে স্রুকে গ্রহণের নাম উন্নয়ন। অধ্বর্য্যু উহা গ্রহণ করিয়া পূর্ব্বমুখে যাইয়া আহবনীয়ে হোম করেন। পশ্চিমে প্রত্যাবর্ত্তন নিষিদ্ধ।

(৭) স্রুকের অর্থাৎ হাতার মাথায় যেখানে হোমদ্রব্য রাখিতে হয়, সেই স্থান।

(৮) গার্হপত্যের অগ্নি সর্ব্বদা প্রজ্বলিত থাকে। আহবনীয়ের অগ্নি প্রত্যহ হোমের পর নিবাইয়া দেওয়া হয়। পরদিন আবার গার্হপত্য হইতে অগ্নি লইয়া আহবনীয় জ্বালান হয়। আহবনীয় বর্ত্তমানে গার্হপত্য নিবাইলে প্রায়শ্চিত্ত কি হইবে, এই প্রশ্ন।

(৯) অসুরদিগের অগ্নিস্থাপনের ক্রম দেবগণের বিপরীত।

করিবে। অতএব [ঐরূপ না করিয়া] আহবনীয়ের সমুদয় অগ্নি ভস্ম সমেত তুলিয়া লইয়া গার্হপত্য স্থানে রাখিয়া সেখান হইতে পূর্ব্বমুখে আহবনীয়ে অগ্নি আনয়ন করিবে। ইহাই এ স্থলে প্রায়শ্চিত্ত।

পঞ্চম খণ্ড

প্রায়শ্চিত্তবিধি

প্রশ্ন,—[আহবনীয়ে] অগ্নি থাকিতে থাকিতেই যদি [গার্হপত্যের] অগ্নি [আহবনীয়ের জন্য] আহরণ করা হয়, তাহা হইলে কি প্রায়শ্চিত্ত? উত্তর,—[আহবনীয়ে] অগ্নি দেখিতে পাইলে সেই পূর্ব্ববর্ত্তী অগ্নিকে বাহির করিয়া দিয়া [গার্হপত্য হইতে উদ্ধৃত] অপর অগ্নি স্থাপন করিবে, আর দেখিতে না পাইলে অগ্নিবান্ অগ্নিদেবতার উদ্দেশে অষ্টাকপাল পুরোডাশ নির্ব্বপণ করিবে। এই কর্ম্মে "অগ্নিনাগ্নিঃ সমিধ্যতে" এই মন্ত্র[১] অনুবাক্যা ও "ত্বং হ্যগ্নে অগ্নিনা"[২] এই মন্ত্র যাজ্যা হইবে। অথবা [পুরোডাশ নির্ব্বপণের পরিবর্ত্তে] "অগ্নয়ে অগ্নিবতে স্বাহা" বলিয়া আহবনীয়ে [কেবল আজ্যের] আহুতি দিবে। ইহাই এ স্থলে প্রায়শ্চিত্ত।

প্রশ্ন,—যদি গার্হপত্য ও আহবনীয়, উভয় অগ্নির পরস্পর সংসর্গ (যোগ) ঘটে,[৩] সেখানে কি প্রায়শ্চিত্ত? উত্তর,—অগ্নিবীতির উদ্দেশে অষ্টাকপাল পুরোডাশ নির্ব্বপণ করিবে, ঐ কর্ম্মে অনুবাক্যা "অগ্ন আয়াহি বীতয়ে"[৪] ও যাজ্যা "যো অগ্নিং দেববীতয়ে"[৫], অথবা "অগ্নয়ে বীতয়ে স্বাহা" বলিয়া আহবনীয়ে আহুতি দিবে। ইহাই এ স্থলে প্রায়শ্চিত্ত।

প্রশ্ন,—যদি সকল (ত্রিবিধ) অগ্নিরই পরস্পর সংসর্গ ঘটে, তাহা হইলে কি প্রায়শ্চিত্ত? উত্তর,—অগ্নি বিবিচির উদ্দেশে অষ্টাকপাল পুরোডাশ নির্ব্বপণ করিবে, ঐ কর্ম্মে অনুবাক্যা "স্বর্ণবস্তোরুষসামরোচি"[৬]

(১) ১।১২।৬। (২) ৮।৪৩।১৪।

(৩) একের অগ্নির দৈবক্রমে অন্যে পতিত হইলে দোষ ঘটে।

(৪) ৬।১৬।১০। (৫) ১।১২।১০। (৬) ৭।১০।২।

ও যাজ্যা "ত্বামগ্নে মানুষীরীডতে বিশঃ"[৭], অথবা "অগ্নয়ে বিবিচয়ে স্বাহা" বলিয়া আহবনীয়ে আহুতি দিবে। ইহাই এ স্থলে প্রায়শ্চিত্ত।

প্রশ্ন,—যাহার অগ্নিসমূহ অন্য অগ্নির সহিত সংসৃষ্ট হয়, তাহার কি প্রায়শ্চিত্ত? উত্তর,—অগ্নি ক্ষামবানের উদ্দেশে অষ্টাকপাল পুরোডাশ নির্ব্বপণ করিবে, ঐ কর্ম্মে অনুবাক্যা "অক্রন্দদগ্নিস্তনয়ন্নিব দ্যৌঃ"[৮] ও যাজ্যা "অধা যথা নঃ পিতরঃ পরাসঃ"[৯], অথবা "অগ্নয়ে ক্ষামবতে স্বাহা" বলিয়া আহবনীয়ে আহুতি দিবে। ইহাই এ স্থলে প্রায়শ্চিত্ত।

প্রায়শ্চিত্তবিধি

প্রশ্ন,—যাহার অগ্নিসমূহ গ্রাম্য অগ্নিদ্বারা দগ্ধ হয়,[১] সে স্থলে কি প্রায়শ্চিত্ত? উত্তর,—অগ্নিসংবর্গের উদ্দেশে অষ্টাকপাল পুরোডাশ নির্ব্বপণ করিবে, ঐ কর্ম্মে অনুবাক্যা "কুবিৎসু নো গবিষ্টয়ে,"[২] যাজ্যা "মা নো অস্মিন্ মহাধনে"[৩]; অথবা "অগ্নয়ে সংবর্গায় স্বাহা" বলিয়া আহবনীয়ে আহুতি দিবে। ইহাই এ স্থলে প্রায়শ্চিত্ত।

প্রশ্ন,—যাহার অগ্নিসমূহ দিব্য অগ্নিদ্বারা সংসৃষ্ট হয়,[৪] সেখানে কি প্রায়শ্চিত্ত? উত্তর,—অগ্নি অপ্সুমানের উদ্দেশে অষ্টাকপাল পুরোডাশ নির্ব্বপণ করিবে, ঐ কর্ম্মে অনুবাক্যা "অপ্স্বগ্নে সধিষ্টব"[৫] ও যাজ্যা "ময়ো দধে মেধিরঃ পূতদক্ষঃ"[৬] অথবা "অগ্নয়ে অপ্সুমতে স্বাহা" বলিয়া আহবনীয়ে আহুতি দিবে। ইহাই এ স্থলে প্রায়শ্চিত্ত।

প্রশ্ন,—যাহার অগ্নিসমূহ শবাগ্নি[৭] দ্বারা সংসৃষ্ট হয়, সে স্থলে কি প্রায়শ্চিত্ত? উত্তর,—অগ্নি শুচির উদ্দেশে অষ্টাকপাল পুরোডাশ নির্ব্বপণ

(৭) ৫।৮।৩।　(৮) ১০।৪৫।৪।　(৯) ৪।২।১৬।

(১) রন্ধনশালা প্রভৃতির লৌকিক অগ্নি। গ্রাম্য অগ্নিতে অগ্নিহোত্রশালা দগ্ধ হইলে এই দোষ।

(২) ৮।৭৫।১১।　(৩) ৮।৭৫।১২।　(৪) বজ্রপাতাদিজাত অগ্নি।

(৫) ৮।৪৩।৯।　(৬) ৩।১।৩।　(৭) শবদহনের অগ্নি।

করিবে, এই কর্ম্মে অনুবাক্যা "অগ্নি শুচিব্রততমঃ"[৮] ও যাজ্যা "উদগ্নে শুচয়স্তব"[৯] অথবা "অগ্নয়ে শুচয়ে স্বাহা" এই বলিয়া আহবনীয়ে আহুতি দিবে। ইহাই এ স্থলে প্রায়শ্চিত্ত।

প্রশ্ন,—যাহার অগ্নিসমূহ আরণ্য অগ্নিতে দগ্ধ হয়, সে স্থলে কি প্রায়শ্চিত্ত? উত্তর,—তাহা হইলে [অগ্নিদাহের পূর্ব্বেই] অরণিদ্বয়ের সহিত অগ্নিসমারোপণ করিবে, অথবা আহবনীয় কিংবা গার্হপত্য হইতে উল্মুক (অগ্নিখণ্ড) বাহির করিয়া লইবে, তাহাতে অশক্ত হইলে অগ্নি সংবর্গের উদ্দেশে অষ্টাকপাল পুরোডাশ নির্ব্বপণ করিবে। ঐ কর্ম্মে অনুবাক্যা ও যাজ্যা পূর্ব্বেই উক্ত হইয়াছে। অথবা "অগ্নয়ে সংবর্গায় স্বাহা" বলিয়া আহবনীয়ে আহুতি দিবে। ইহাই এ স্থলে প্রায়শ্চিত্ত।

সপ্তম খণ্ড

প্রায়শ্চিত্তবিধি

প্রশ্ন,—যদি আহিতাগ্নি যজমান উপবসথদিনে অশ্রুপাত করেন, তাহা হইলে কি প্রায়শ্চিত্ত? উত্তর,—অগ্নি ব্রতভৃতের উদ্দেশে অষ্টাকপাল পুরোডাশ নির্ব্বপণ করিবে, ঐ কর্ম্মে অনুবাক্যা "ত্বমগ্নে ব্রতভৃৎ শুচিঃ"[১] ও যাজ্যা "ব্রতানি বিভ্রদ্ ব্রতপা অদব্ধ"[২] অথবা "অগ্নয়ে ব্রতভৃতে স্বাহা" বলিয়া আহবনীয়ে আহুতি দিবে। ইহাই এ স্থলে প্রায়শ্চিত্ত।

প্রশ্ন,—যদি আহিতাগ্নি উপবসথদিনে ব্রতবিরুদ্ধ[৩] আচরণ করেন, সে স্থলে কি প্রায়শ্চিত্ত? উত্তর,—অগ্নি ব্রতপতির উদ্দেশে অষ্টাকপাল পুরোডাশ নির্ব্বপণ করিবে, ঐ কর্ম্মে অনুবাক্যা "ত্বমগ্নে ব্রতপা অসি"[৪] ও যাজ্যা "যদ্বো বয়ং প্রমিনাম ব্রতানি"[৫] অথবা "অগ্নয়ে ব্রতপতয়ে স্বাহা" বলিয়া আহবনীয়ে আহুতি দিবে। ইহাই এ স্থলে প্রায়শ্চিত্ত।

(৮) ৮।৬৪।২১। (৯) ৮।৪৪।১৭।

(১) আশ্ব° শ্রৌ° সূত্র, ৩।১১। (২) আশ্ব° শ্রৌ° সূত্র, ৩।১১।

(৩) দিবানিদ্রাদি আচরণ। (৪) ৮।১১।১।

(৫) ১০।২।৪।

প্রশ্ন,—যদি আহিতাগ্নি কখনও অমাবস্যায় বা পূর্ণিমায় ইষ্টিযাগ না করিতে পারেন, সে স্থলে কি প্রায়শ্চিত্ত? উত্তর,—অগ্নি পথিকৃতের উদ্দেশে অষ্টাকপাল পুরোডাশ নির্ব্বপণ করিবে, ঐ কর্ম্মে অনুবাক্যা "বেত্থা হি বেধো অধ্বনঃ"[৬] ও যাজ্যা "আ দেবানামপি পন্থামগন্ম"[৭], অথবা "অগ্নয়ে পথিকৃতে স্বাহা" বলিয়া আহবনীয়ে আহুতি দিবে। ইহাই এ স্থলে প্রায়শ্চিত্ত।

প্রশ্ন,—যদি সকল অগ্নিই নিবিয়া যায়, সে স্থলে কি প্রায়শ্চিত্ত? উত্তর,—অগ্নি তপস্বান্, অগ্নি জনদ্বান্ ও অগ্নি পাবকবানের উদ্দেশে অষ্টাকপাল পুরোডাশ নির্ব্বপণ করিবে; ঐ কর্ম্মে অনুবাক্যা "আযাহি তপসা জনেষু"[৮] এবং যাজ্যা "আ নো যাহি তপসা জনেষু"[৯] অথবা "অগ্নয়ে তপস্বতে জনদ্বতে পাবকবতে স্বাহা" বলিয়া আহবনীয়ে আহুতি দিবে। ইহাই এ স্থলে প্রায়শ্চিত্ত।

অষ্টম খণ্ড

প্রায়শ্চিত্তবিধি

প্রশ্ন,—যে আহিতাগ্নি আগ্রয়ণেষ্টি যাগ না করিয়াই নবান্নভোজন করে, সে স্থলে কি প্রায়শ্চিত্ত? উত্তর,—অগ্নি বৈশ্বানরের উদ্দেশে দ্বাদশকপাল পুরোডাশ নির্ব্বপণ করিবে; ঐ কর্ম্মে অনুবাক্যা "বৈশ্বানরো অজীজনৎ" ও যাজ্যা "পৃষ্টো দিবি পৃষ্টো অগ্নিঃ পৃথিব্যাম্"[১], অথবা "অগ্নয়ে বৈশ্বানরায় স্বাহা" বলিয়া আহবনীয়ে আহুতি দিবে। ইহাই এ স্থলে প্রায়শ্চিত্ত।

প্রশ্ন,—আহিতাগ্নি যদি কপাল ভাঙিয়া ফেলেন, সেখানে কি প্রায়শ্চিত্ত? উত্তর,—অশ্বিদ্বয়ের উদ্দেশে দ্বিকপাল পুরোডাশ নির্ব্বপণ করিবে। ঐ কর্ম্মে অনুবাক্যা "অশ্বিনা বর্ত্তিরস্মৎ"[২] ও যাজ্যা "আ গোমতা নাসত্যা রথেন"[৩]; অথবা "অশ্বিভ্যাং স্বাহা" বলিয়া আহবনীয়ে আহুতি দিবে। ইহাই এ স্থলে প্রায়শ্চিত্ত।

(৬) ৬।১৬।৩।　(৭) ১০।২।৩।
(৮) আশ্ব° শ্রৌ° সূত্র, ৩।১১।　(৯) আশ্ব° শ্রৌ° সূত্র, ৩।১১।
(১) ১।৯৮।২।　(২) ১।৯২।১৬।　(৩) ৭।৭২।১।

প্রশ্ন,—আহিতাগ্নি যদি পবিত্র[৪] নষ্ট করেন, সেখানে কি প্রায়শ্চিত্ত? উত্তর,—অগ্নি পবিত্রবানের উদ্দেশে অষ্টাকপাল পুরোডাশ নির্ব্বপণ করিবে, ঐ কর্ম্মে অনুবাক্যা "পবিত্রং তে বিততং ব্রহ্মণস্পতে"[৫] ও যাজ্যা "তপোষ্পবিত্রং বিততং দিবস্পদে"[৬], অথবা "অগ্নয়ে পবিত্রবতে স্বাহা" বলিয়া আহবনীয়ে আহুতি দিবে। ইহাই এ স্থলে প্রায়শ্চিত্ত।

প্রশ্ন,—আহিতাগ্নি যদি হিরণ্য নাশ করেন, তাহা হইলে কি প্রায়শ্চিত্ত? উত্তর,—অগ্নি হিরণ্যবানের উদ্দেশে অষ্টাকপাল পুরোডাশ নির্ব্বপণ করিবে। ঐ কর্ম্মে অনুবাক্যা "হিরণ্যকেশো রজসো বিসারে"[৭] ও যাজ্যা "আ তে সুপর্ণা অমিনন্ত এবৈঃ"[৮], অথবা "অগ্নয়ে হিরণ্যবতে স্বাহা" এই বলিয়া আহবনীয়ে আহুতি দিবে। ইহাই এ স্থলে প্রায়শ্চিত্ত।

প্রশ্ন,—আহিতাগ্নি যদি প্রাতঃস্নান না করিয়া অগ্নিহোত্র করেন, সেখানে কি প্রায়শ্চিত্ত? উত্তর,—অগ্নি বরুণের উদ্দেশে অষ্টাকপাল পুরোডাশ নির্ব্বপণ করিবে। ঐ কর্ম্মে অনুবাক্যা "ত্বং নো অগ্নে বরুণস্য বিদ্বান্"[৯] ও যাজ্যা "স ত্বং নো অগ্নে অবমো ভবোতী"[১০], অথবা "অগ্নয়ে বরুণায় স্বাহা" বলিয়া আহবনীয়ে আহুতি দিবে। ইহাই এ স্থলে প্রায়শ্চিত্ত।

প্রশ্ন,—আহিতাগ্নি যদি সূতকান্ন[১১] ভক্ষণ করেন, সে স্থলে কি প্রায়শ্চিত্ত? উত্তর,—অগ্নি তন্তুমানের উদ্দেশে অষ্টাকপাল পুরোডাশ নির্ব্বপণ করিবে, ঐ কর্ম্মে অনুবাক্যা "তন্তুং তন্বন্ রজসো ভানুমন্ বিহি"[১২] ও যাজ্যা "অক্ষানহো নহ্যতনোত সোম্যাঃ"[১৩]; অথবা "অগ্নয়ে তন্তুমতে স্বাহা" বলিয়া আহবনীয়ে আহুতি দিবে। ইহাই এ স্থলে প্রায়শ্চিত্ত।

প্রশ্ন,—যদি আহিতাগ্নি জীবন থাকিতে আপনার মরণসংবাদ শুনেন, সে স্থলে কি প্রায়শ্চিত্ত? উত্তর,—অগ্নি সুরভিমানের উদ্দেশে অষ্টাকপাল পুরোডাশ নির্ব্বপণ করিবে, ঐ কর্ম্মে অনুবাক্যা "অগ্নির্হোতা ন্যসীদদ্ যজীয়ান্"[১৪] ও যাজ্যা "সাধ্বীমকর্দেববীতিং নো অদ্য"[১৫], অথবা "অগ্নয়ে

(৪) কুশনির্ম্মিত পবিত্র। (৫) ৯।৮৩।১।
(৬) ৯।৮৩।২। (৭) ১।৭৯।১। (৮) ১।৭৯।২।
(৯) ৪।১।৪। (১০) ৪।১।৫।
(১১) সূতিকাগৃহস্থিত স্ত্রীকর্ত্তৃক পক্ব অন্ন। (১২) ১০।৫৩।৬
(১৩) ১০।৫৩।৭। (১৪) ৪।১।৬। (১৫) ১০।৫৩।৩

স্থবভিমতে স্বাহা” বলিযা আহবনীযে আহুতি দিবে। ইহাই এ স্থলে প্রাযশ্চিত্ত।

প্রশ্ন,—যদি আহিতাগ্নিব ভার্য্যা কিংবা গাভী যমজ অপত্য প্রসব কবে, সে স্থলে কি প্রাযশ্চিত্ত? উত্তব,—অগ্নি মরুত্বানেব উদ্দেশে ত্রযোদশকপাল পুবোডাশ নির্ব্বপণ কবিবে। ঐ কর্ম্মে অনুবাক্যা “মরুতো যস্য হি ক্ষযে”[১৬] ও যাজ্যা “অবা ইবেদচবমা অহেব”[১৭], অথবা “অগ্নয়ে মরুত্বতে স্বাহা” বলিযা আহবনীযে আহুতি দিবে। ইহাই এ স্থলে প্রাযশ্চিত্ত।

প্রশ্ন,—অপত্নীক ব্যক্তি অগ্নিহোত্র আহবণ কবিবে, না কবিবে না? উত্তব,—আহবণ কবিবে, এই উত্তব দিবে। না কবিলে পুরুষ অনদ্ধা (অসত্যনামা) হইবে। অনদ্ধা পুরুষ কাহাকে বলে? যে ব্যক্তি দেবগণ, পিতৃগণ বা মনুষ্যগণেব পূজা কবে না, সেই ব্যক্তি। সেই জন্য অপত্নীক হইলেও অগ্নিহোত্র আহবণ কবিবে। এ বিষযে লক্ষ্য কবিযা এই যজ্ঞগাথা গীত হয়:—“অপত্নীক ব্যক্তি সোমপানে অধিকাবী না হওযায মাতাপিতাব [শুশ্রূষাব ন্যায] সৌত্রামণি যাগ কবিতে পাবে। কেন না, ঋণ পবিহাবনিমিত্ত যাগ কবিবে, এই শ্রুতিবচন বহিযাছে।”[১৮] সেই জন্য সৌম্যকে যাগ কবাইবে।

নবম খণ্ড[১]

প্রাযশ্চিত্তবিধি

প্রশ্ন,—অপত্নীক ব্যক্তি কিরূপে বাচিক অগ্নিহোত্র হোম কবিবে? [বিবাহেব পব অগ্নিহোত্র] অনুষ্ঠান আবম্ভ হইলে যদি পত্নীব মৃত্যু হয়,

(১৬) ১।৮৬।১।　　　　(১৭) ৫।৫৮।৫।

(১৮) “জায়মানো বৈ ব্রাহ্মণস্ত্রিভি: ঋণবান্ জায়তে, ব্রহ্মচর্য্যেণ ঋষিভ্যো যজ্ঞেন দেবেভ্যো প্রজয়া পিতৃভ্য এষ বা অনৃণো যঃ পুত্রী যজ্বা ব্রহ্মচারী।” তথাচ “যজ দেবান্ অধীষ বেদান্ প্রজামুৎপাদয়।” ইতি শ্রুতি:। যাহার সৌত্রামণিতে অধিকার আছে, তাহার অগ্নিহোত্রে অধিকার ত আছেই, ইহা বলা বাহুল্য, যজ্ঞগাথা উদাহরণের এই তাৎপর্য্য।

(১) নবম খণ্ড ও দশম খণ্ড কোন কোন প্রদেশের ঐতরেয়ব্রাহ্মণে পাওয়া যায় না, বলিয়া সায়ণ উল্লেখ করিয়াছেন। সায়ণ দশম খণ্ডের ব্যাখ্যা পূর্ব্বে দিয়া, পরে নবম খণ্ডের ব্যাখ্যা দিয়াছেন।

তাহা হইলে সেই অগ্নিহোত্র নষ্ট হয়; সে স্থলে [অপত্নীক] কিরূপে অগ্নিহোত্র হোম করিবে ?

উত্তর,—পুত্র, পৌত্র ও নপ্তাদিগকে এই কথা বলিবে যে, ইহলোকে ও ঐ [পর] লোকে [শ্রেয়ঃ আবশ্যক], ইহলোকে যে স্বর্গ [শুনা যায়], অস্বর্গ অনুষ্ঠান (কাম্য কর্ম্ম) দ্বারা সেই স্বর্গলোকে আরোহণ করিবে। এইরূপে সেই [অপত্নীক] ব্যক্তি ঐ [স্বর্গ] লোকের অবিচ্ছেদ সম্পাদন করেন। যে ব্যক্তি [পুনরায় বিবাহ দ্বারা] পত্নী ইচ্ছা করেন না, তাঁহার উক্ত বাক্যে প্রেরিত [পুত্রাদি] অগ্নিহোত্র আধান করেন। [ইহাই অপত্নীকের পক্ষে বাচিক অগ্নিহোত্র]।

অপত্নীক [মানসিক] অগ্নিহোত্র অনুষ্ঠানে কিরূপে অগ্নিহোত্র হোম করিবে ? [উত্তর] শ্রদ্ধাই [যজমানের] পত্নী ও সত্যই যজমান, শ্রদ্ধা ও সত্য [একযোগে] উত্তম মিথুনস্বরূপ, শ্রদ্ধা ও সত্য, এই মিথুনের সাহায্যে [মানস অগ্নিহোত্র দ্বারা] স্বর্গলোক জয় করা হয়।

দশম খণ্ড

প্রায়শ্চিত্তবিধি

এ বিষয়ে [ব্রহ্মবাদীরা] বলেন, দর্শপূর্ণমাসে উপবাস করিবে[১]। দেবগণ ব্রতহীন ব্যক্তির দত্ত হব্য ভোজন করেন না, আমার হব্য দেবগণ ভোজন করিবেন, এই উদ্দেশেই উপবাস করা হয়। পূর্ব্বদিন পূর্ণিমায় উপবাস করিবে, ইহা পৈঙ্গির মত, পরদিন পূর্ণিমায় উপবাস করিবে, ইহা কৌষীতকির মত। পূর্ব্বদিনের পূর্ণিমার নাম অনুমতি, পরদিনের পূর্ণিমার নাম রাকা। ঐরূপ পূর্ব্বদিনের অমাবস্যার নাম সিনীবালী, পরদিনের অমাবস্যার নাম কুহূ।[২] যাহাকে প্রাপ্ত হইয়া সূর্য্য অস্ত যান

---

(১) উপবাস শব্দের তিনরূপ অর্থ হইতে পারে। ১। উপবাস = সমীপে বাস অর্থাৎ যাগের পূর্ব্বে গার্হপত্যাদির সমীপে বাস। ২। দেবগণ যজ্ঞের সমীপে বাস করিবেন, এই সম্বন্ধ। ৩। ব্রতগ্রহণার্থ গ্রাম্য ভোজন ত্যাগ করিয়া আরণ্য ভোজনের নিয়ম।

(২) দর্শপূর্ণমাস যাগের পূর্ব্বদিনে উপবাস; তিথি দুই দিন পাইলে কোন্ দিন যাগ করিবে ? সামবেদী পৈঙ্গির মতে চতুর্দ্দশীযুক্ত তিথির দিনে উপবাস, পরদিনে যাগ; ঋগ্বেদী কৌষীতকির মতে প্রতিপদ্‌যুক্ত তিথির দিনে উপবাস ও তৎপরদিনে যাগ।

এবং যাহা অভিমুখে রাখিয়া সূর্য্য উদিত হন, সেই [দুই দিনই কর্ম্মানুষ্ঠান-যোগ্য] তিথি, এ স্থলে পূর্ব্বদিন পূর্ণিমায় উপবাস করিবে, [ইহাই পৈঙ্গির মত]।

চন্দ্রমা পূর্ব্ব দিকে উঠিবে না, ইহা জানিয়া [প্রতিপদ্‌যুক্ত] অমাবস্যায় যে উপবাস করা হয় ও [তৎপরদিনে] যাগ করা হয়, সেই নিয়ম অনুসারেই পর পর [পূর্ণিমায় ও অমাবস্যায়] উপবাস করিবে ও তৎপরদিন যাগ করিবে। সেই যাগ সোমযাগসদৃশ হইয়া থাকে। সোমের যাগে সকল দেবতার যাগ হয়। এই যে চন্দ্রমা, ইনি দেবগণের সোম, সেই জন্য পরদিনেই উপবাস করিবে। [ইহা কৌষীতকির মত]।

একাদশ খণ্ড

প্রায়শ্চিত্তবিধি

প্রশ্ন,—[গার্হপত্য হইতে আহবনীয়ে] অগ্নি উদ্ধারের পূর্ব্বেই যদি সূর্য্য উদিত হন বা অস্তমিত হন, অথবা [যথাকালে আহবনীয়ে] স্থাপিত হইয়াও অগ্নি যদি হোমের পূর্ব্বে নিবিয়া যায়, সে স্থলে কি প্রায়শ্চিত্ত হইবে? উত্তর,—সায়ংকালে [অস্তগমনের পর অগ্নি উদ্ধার করিতে হইলে] হিরণ্য সম্মুখে রাখিয়া অগ্নি উদ্ধার করিবে। হিরণ্য শুক্র (দীপ্তিযুক্ত) ও জ্যোতিঃস্বরূপ, ঐ [আদিত্যও] তদ্রূপ। ঐরূপ করিলে জ্যোতিঃ ও শুক্র সম্মুখে রাখিয়াই অগ্নির উদ্ধার হয়। প্রাতঃকালে [উদয়ের পর অগ্নির উদ্ধার হইলে] রজত উপরে রাখিয়া অগ্নি উদ্ধার করিবে; ঐ রজত রাত্রিস্বরূপ। [সাধ্যপক্ষে] ছায়া মিশাইয়া যাইবার পূর্ব্বে (অর্থাৎ সূর্য্য থাকিতেই) আহবনীয় অগ্নির [গার্হপত্য হইতে] উদ্ধার করা উচিত। অন্ধকার ও ছায়া মৃত্যুস্বরূপ, এই হেতু জ্যোতিঃ-স্বরূপ [সেই আদিত্য] দ্বারা অন্ধকার ছায়ারূপ মৃত্যু হইতে উত্তীর্ণ হওয়া যায়। ইহাই এ স্থলে প্রায়শ্চিত্ত।

প্রশ্ন,—যাহার গার্হপত্য ও আহবনীয়ের মধ্যে শকট বা রথ বা কুকুর উপস্থিত হয়, সেখানে কি প্রায়শ্চিত্ত? উত্তর,—উহা মনে করিবে না, এই উত্তর দেওয়া হয়। কেন না, ঐ সকল দ্রব্য আত্মার মধ্যেই

রহিয়াছে।[১] আর যদি মনে করিতেই হয়, তবে "তন্তুং তন্বন্ রজসো ভানুমন্ বিহি" এই মন্ত্রে গার্হপত্য হইতে আহবনীয় পর্য্যন্ত অবিচ্ছিন্ন জলধারা দিবে। ইহাই এ স্থলে প্রায়শ্চিত্ত।

প্রশ্ন,—[ইষ্টির আরম্ভে] অগ্নির অন্বাধানকালে অন্বাহার্য্যপচন (দক্ষিণাগ্নি)[২] জ্বালিবে, কি জ্বালিবে না? জ্বালিবে, এই উত্তর দেওয়া হয়। যে অগ্নির আধান করে, সে আত্মায় প্রাণের স্থাপনা করে। এই যে অন্বাহার্য্যপচন, উহা তাহাদের অন্নভক্ষণবিষয়ে প্রশস্ত হয়। "অগ্নয়ে অন্নাদায় অন্নপতয়ে স্বাহা" বলিয়া উহাতে আহুতি দেওয়া হয়। যে ইহা জানে, সে অন্নাদ (অন্নভক্ষণসমর্থ) ও অন্নপতি হয় ও প্রজার সহিত অন্ন ভোজন করে।

হোম করিতে গিয়া গার্হপত্য ও আহবনীয়ের মধ্যদেশে সঞ্চরণ করিবে। ঐরূপ সঞ্চরণকারীর সম্বন্ধে অগ্নিরা মনে ভাবেন, এই ব্যক্তি আমাদিগের হোম করিবে। এরূপ করিলে গার্হপত্য ও আহবনীয় অগ্নিদ্বয় ঐ সঞ্চরণকারীর পাপ নাশ করেন। সে ব্যক্তি গতপাপ হইয়া ঊর্দ্ধমুখে স্বর্গলোকে গমন করে। এইরূপ ব্রাহ্মণের অনেক উদাহরণ আছে।[৩]

প্রশ্ন,—অগ্নিহোত্রী প্রবাসকালে অথবা প্রবাস হইতে ফিরিয়া অথবা [স্বগৃহে] প্রতি দিন কিরূপে অগ্নির উপস্থান করিবে? তূষ্ণীম্ভাবে করিবে, এই উত্তর দেওয়া হয়। কেন না, তূষ্ণীম্ভাবে গুরুজনের নিকট প্রার্থনা করিতে হয়। কেহ বলেন, অগ্নি প্রতি দিন ভয় করেন, এই ব্যক্তি অশ্রদ্ধা করিয়া আমাকে উদ্বাসন করিবে বা অন্য কর্ম্মে নিযুক্ত করিবে। সেই জন্য "অভয়ং বো অভয়ং মেঽস্তু"—তোমার অভয় হউক, আমার অভয় হউক,—এই মন্ত্রে উপস্থান করিবে। ইহাতে ঐ ব্যক্তির অভয় জন্মে।

---

(১) মনুষ্যের আত্মার মধ্যেই শকটাদি দ্রব্য আছে; শকটকে শকট মনে না করিয়া আত্মা মনে করিবে। (সায়ণ)

(২) অন্বাহার্য্য নামক অন্ন দক্ষিণাগ্নিতে পাক করা যায় বলিয়া উহার ঐ নাম।

(৩) অন্যান্য শাখার ব্রাহ্মণে উদাহরণ আছে।

ত্রয়স্ত্রিংশ অধ্যায়

প্রথম খণ্ড

শুনঃশেপের উপাখ্যান

ইক্ষ্বাকুবংশীয় বেধার পুত্র[১] রাজা হরিশ্চন্দ্রের পুত্র হয় নাই। তাঁহার শত জায়া ছিল, কোন জায়াতে তিনি পুত্রলাভ করেন নাই। পর্ব্বত ও নারদ তাঁহার গৃহে বাস করিয়াছিলেন। তিনি নারদকে প্রশ্ন করিলেন—"যাহাদের জ্ঞান আছে (অর্থাৎ মনুষ্যাদি) ও যাহাদের জ্ঞান নাই (অর্থাৎ পশ্বাদি), তাহারা সকলেই যে পুত্রের ইচ্ছা করে, সেই পুত্রে কি লাভ, অহে নারদ, আমাকে তাহা বলুন।" এই এক গাথায় জিজ্ঞাসিত[২] হইয়া নারদ দশ গাথায় তাহার উত্তর দিলেন ঃ—

"পিতা যদি উৎপন্ন ও জীবিত পুত্রের মুখ দেখেন, তাহা হইলে সেই পুত্রে আপনার ঋণ সমর্পণ করিয়া অমৃতত্ব লাভ করেন[৩]।" "প্রাণিগণের পৃথিবীতে যে সকল ভোগ আছে,[৪] অগ্নিতে যাহা আছে ও জলে যাহা আছে, পিতার পক্ষে তদপেক্ষা অধিক ভোগ পুত্রে রহিয়াছে।" "পিতা সর্ব্বদা পুত্রের সাহায্যে বহু দুঃখ অতিক্রম করেন, আত্মাই আত্মা হইতে [পুত্ররূপে] উৎপন্ন, সেই পুত্র [ভবসমুদ্রে] পার করিবার পক্ষে অন্নপূর্ণ উৎকৃষ্ট তরণীস্বরূপ।" "মল, অজিন, শ্মশ্রু ও তপস্যা,[৫] এ সকলে

---

(১) মূলে আছে—বৈধসঃ ঐক্ষ্বাকঃ।

(২) হরিশ্চন্দ্রের প্রশ্ন একটি গাথার উত্তরে নারদ দশটি গাথায় তাহার উত্তর দিতেছেন। গাথা সর্ব্বৈর্গাতুং যোগ্যা গীতিঃ। (সায়ণ) এই আখ্যায়িকার মধ্যে আরও অনেকগুলি গাথা আছে, সমুদয় গাথার সংখ্যা ৩১।

(৩) পিতা পুত্রের উপর আপনার ঋণ স্থাপন করেন; তজ্জন্য বিশেষ অনুষ্ঠান আছে। পিতা বলেন—"ত্বং ব্রহ্ম ত্বং যজ্ঞঃ ত্বং লোকঃ," পুত্র বলেন—"অহং ব্রহ্মা অহং যজ্ঞোঽহং লোকঃ।"

(৪) ভোগ=সুখহেতু ভোগ্য বিষয়, পৃথিবীতে ভোগ শস্যাদি, অগ্নিতে ভোগ অন্নপাকাদি, জলে ভোগ স্নানপানাদি। (সায়ণ)

(৫) মল, অজিন, শ্মশ্রু ও তপস্যা, এই চারিটি শব্দে আশ্রমচতুষ্টয় বুঝাইতেছে। মলরূপ শুক্রশোণিত সংযোগহেতু মল শব্দে গার্হস্থ্য, কৃষ্ণাজিন সংযোগহেতু অজিন শব্দে

কি হইবে? হে ব্রহ্মগণ (বিপ্রগণ), তোমরা পুত্র ইচ্ছা কর; পুত্রই অনিন্দনীয়[৬] লোকস্বরূপ।" "অন্ন প্রাণ দেয়, বস্ত্র শরণ (শীত হইতে আশ্রয়) দেয়, হিরণ্য রূপ দেয়, বিবাহ করিয়া পশু পাওয়া যায়, জায়া (পত্নী) সখিস্বরূপ, দুহিতা দৈন্যহেতু[৭], কিন্তু পুত্র পরম ব্যোমে জ্যোতিঃস্বরূপ।"[৮] "পতি জায়াতে প্রবেশ করেন, গর্ভ (ভ্রূণ) স্বরূপে তিনি [সেই ভ্রূণের] মাতাতে প্রবেশ করেন, সেইখানে পুনরায় নূতন হইয়া দশম মাসে উৎপন্ন হন।" "[পিতা] ইঁহাতে পুনরায় জাত হন (জন্ম লাভ করেন), এই কারণে জায়ার (পত্নীর) নাম জায়া, ইনিই ভূতি ও ইনিই আভূতি, ইঁহাতে বীজ স্থাপিত হয়।"[৯] "দেবগণ ও ঋষিগণ ইঁহাতে মহাতেজ প্রদান করিয়াছিলেন, দেবগণ মনুষ্যগণকে বলিয়াছিলেন, ইনিই পুনরায় তোমাদের জননী হইবেন।" "অপুত্রকের কোন লোক নাই,[১০] ইহা সকল পশুতেও জানে, সেই জন্যই [পশুমধ্যে] পুত্র, মাতা ও স্বসার সহিত সংসর্গ করে।" "পুত্রবান্ ব্যক্তি শোকরহিত হইয়া যে পথ প্রাপ্ত হন, সেই পথ সুখসেব্য ও মহৎ জনের প্রশংসিত। পশুগণ ও পক্ষিগণও সেই পথ জানে, সেই জন্য তাহারা মাতার সহিতও মিথুন হয়।"

নারদ হরিশ্চন্দ্রকে ইহাই বলিয়াছিলেন।

ব্রহ্মচর্য্য, ক্ষৌরকর্ম্ম নিষেধহেতু শ্মশ্রু শব্দে বানপ্রস্থ ও ইন্দ্রিয়সংযমহেতু তপঃ শব্দে পারিব্রাজ্য বুঝাইতেছে। (সায়ণ)

(৬) মূলে "অবদাবদ" শব্দ আছে, 'বদিতুমযোগ্যানি নিন্দ-বাক্যানি অবদাঃ তৈর্বাক্যৈর্নোচ্যতে ন কথ্যতে ইতি অবদাবদো লোকঃ দোষরাহিত্যান্নিন্দানর্হ ইত্যর্থঃ'। (সায়ণ)

(৭) মূলে আছে "কৃপণং হ দুহিতা"। "দুহিতা হ পুত্রীতি কৃপণং কেবল-দুঃখকারিত্বাদ্দৈন্যহেতুঃ।" (সায়ণ)

(৮) "জ্যোতির্হ পুত্রঃ পরমে ব্যোমন্"—সায়ণ অর্থ করেন, পুত্র জ্যোতিঃস্বরূপ হইয়া পিতাকে পরম ব্যোমে (পরব্রহ্মে) স্থাপন করেন।

(৯) ভবতি অস্যাং পুত্ররূপেণ পতিরিত্যেষা ভূতিঃ। রেতোরূপেণ আগত্য অস্যাং পুত্ররূপেণ ভবতি ইতি আভূতিঃ। (সায়ণ)

(১০) লোকঃ লোকজন্যং সুখম্। (সায়ণ)

দ্বিতীয় খণ্ড

শুনঃশেপেব উপাখ্যান

অনন্তর নাবদ হবিশ্চন্দ্রকে বলিলেন, তুমি বাজা বরুণকে প্রার্থনা কব যে, আমাব পুত্র হউক, তদ্দ্বাবা তোমাব যাগ কবিব। তাহাই কবিব বলিযা, হবিশ্চন্দ্র বরুণ বাজাকে প্রার্থনা কবিলেন, আমাব পুত্র হউক, তদ্দ্বাবা তোমাব যাগ কবিব। [বরুণ বলিলেন] তাহাই হউক। তখন উহাব বোহিত নামে পুত্র জন্মিল। তখন বরুণ হবিশ্চন্দ্রকে বলিলেন, তোমাব পুত্র জন্মিযাছে, এতদ্দ্বাবা আমাব যাগ কব। তিনি তখন বলিলেন, [জন্মেব পব অশৌচকালে] দশ দিন গত না হইলে পশু মেধ্য (যাগযোগ্য) হয না, ইহাব দশ দিন উত্তীর্ণ হউক, তখন তোমাব যাগ কবিব। বরুণ বলিলেন, তাহাই হউক।

পবে দশ দিন উত্তীর্ণ হইলে বরুণ বলিলেন, দশ দিন উত্তীর্ণ হইযাছে, এখন এতদ্দ্বাবা আমাব যাগ কব। তিনি বলিলেন, যখন পশুব দাঁত উঠে, তখন সে মেধ্য হয, ইহাব দাঁত বাহিব হউক, তখন তোমাব যাগ কবিব। বরুণ বলিলেন, তাহাই হউক।

পবে তাহাব দাঁত উঠিলে বরুণ বলিলেন, ইহাব দাঁত উঠিয়াছে, এখন এতদ্দ্বাবা আমাব যাগ কব। তিনি বলিলেন, পশুব দাঁত যখন পড়িয়া যায, তখন সে মেধ্য হয, ইহাব দাঁত পড়ুক, তখন তোমাব যাগ করিব। বরুণ বলিলেন, তাহাই হউক।

পবে তাহাব দাত পড়িলে বরুণ বলিলেন, ইহাব দাঁত পডিযাছে, এখন এতদ্দ্বাবা আমাব যাগ কব। তিনি বলিলেন, পশুব দাঁত যখন আবাব জন্মে, তখন সে মেধ্য হয, ইহাব দাঁত আবাব উঠুক, তখন তোমাব যাগ কবিব। বরুণ বলিলেন, তাহাই হউক।

পবে তাহাব দাঁত আবাব উঠিলে বরুণ বলিলেন, ইহাব দাঁত আবাব উঠিয়াছে, এখন এতদ্দ্বাবা আমাব যাগ কব। তিনি বলিলেন, ক্ষত্রিয় যখন সন্নাহ (ধনুর্ব্বাণ কবচাদি) ধাবণে সমর্থ হয, তখন সে মেধ্য হয। এ সন্নাহ প্রাপ্ত হইলে তোমাব যাগ কবিব। বরুণ কহিলেন, তাহাই হউক।

পরে সেই (বালক) সন্নাহ প্রাপ্ত হইলে বরুণ বলিলেন, এ সন্নাহ প্রাপ্ত হইয়াছে, এখন এতদ্দ্বারা আমার যাগ কর। তাহাই হউক বলিয়া হরিশ্চন্দ্র পুত্রকে ডাকিয়া বলিলেন,—পুত্র, এই বরুণ তোমাকে আমায় দান করিয়াছিলেন ; হায়, তোমাদ্বারা আমাকে ইহার যাগ করিতে হইবে। তাহা হইবে না, এই বলিয়া সেই রোহিত ধনু গ্রহণ করিয়া অরণ্যে প্রস্থান করিলেন ও সংবৎসর ধরিয়া অরণ্যে বিচরণ করিলেন।

তৃতীয় খণ্ড

শুনঃশেপের উপাখ্যান

তখন বরুণ ইক্ষ্বাকুবংশধরকে চাপিয়া ধরিলেন, তাঁহার উদরী রোগ উৎপন্ন হইল।[১] রোহিত তাহা শুনিতে পাইলেন ও অরণ্য হইতে গ্রামে আসিলেন, ইন্দ্র পুরুষরূপ ধরিয়া তাঁহার নিকট আসিয়া [গাথায়] বলিলেন,—"অহে রোহিত, যে ব্যক্তি [পর্য্যটনদ্বারা] শ্রান্ত হয়, তাহার নানা সম্পদ্ ঘটে, আর শ্রেষ্ঠ ব্যক্তিও মনুষ্যসমাজে বসিয়া থাকিলে ক্লেশ পায়, যে চলিয়া বেড়ায়, ইন্দ্র তাহার সখা, অতএব তুমি বিচরণ কর।"

ব্রাহ্মণ[২] আমাকে বিচরণ করিতে বলিয়াছেন, এই ভাবিয়া তিনি দ্বিতীয় সংবৎসর অরণ্যে বিচরণ করিলেন ; পরে অরণ্য হইতে গ্রামে আসিবার সময় পুরুষরূপী ইন্দ্র আবার তাঁহার নিকট আসিয়া বলিলেন,—"যে ব্যক্তি বিচরণ করে, তাহার জঙ্ঘাদ্বয় পুষ্পিত [বৃক্ষের ন্যায় শোভাযুক্ত] হয়, তাহার শরীর বর্দ্ধমান হইয়া ফলবান্ [বৃক্ষের ন্যায়] হয়, উৎকৃষ্ট পথে [বিচরণপ্রযুক্ত] শ্রমদ্বারা তাহার সমুদয় পাপ বিনষ্ট হইয়া শয়ান থাকে (হতবীর্য্য হয়) ; অতএব তুমি বিচরণ কর।"

ব্রাহ্মণ আমাকে বিচরণ করিতে বলিলেন, এই ভাবিয়া তিনি তৃতীয় সংবৎসর অরণ্যে বিচরণ করিলেন, পরে অরণ্য হইতে গ্রামে আসিবার সময় পুরুষরূপী ইন্দ্র তাঁহার নিকট আসিয়া বলিলেন, "যে ব্যক্তি বসিয়া থাকে, তাহার ভাগ্যও বসিয়া থাকে ; যে দাঁড়ায়, তাহার ভাগ্যও উঠিয়া

---

(১) "উদরং জগ্রাহ" জলেন পূরিতমুচ্ছূনং মহোদরনামকং রোগস্বরূপমুৎপন্নম্।

(২) ব্রাহ্মণবেশী ইন্দ্র।

দাঁডায় ; যে নীচে পডিযা থাকে, তাহাব ভাগ্যও শুইযা পডে , আর যে চবিযা বেড়ায, তাহাব ভাগ্যও [সর্ব্বত্র] বিচবণ কবে , অতএব তুমি বিচবণ কব ।”

ব্রাহ্মণ আমাকে বিচবণ কবিতে বলিলেন, এই ভাবিযা তিনি চতুর্থ সংবৎসব অবণ্যে বিচবণ কবিলেন , তিনি অবণ্য হইতে গ্রামে আসিবাব সময পুরুষরূপী ইন্দ্র তাঁহাব নিকট আসিযা বলিলেন, “কলি শযান থাকে, দ্বাপব [শযন] ত্যাগ কবিযা বসে, ত্রেতা উঠিযা দাঁডায, আব কৃত বিচবণ কবিযা সম্পন্ন হয ; অতএব তুমি বিচবণ কব ।”৩

ব্রাহ্মণ আমাকে বিচবণ কবিতে বলিলেন, এই ভাবিযা তিনি পঞ্চম সংবৎসব অবণ্যে বিচবণ কবিলেন । পবে অবণ্য হইতে গ্রামে আসিবাব সময পুরুষরূপী ইন্দ্র তাঁহাব নিকট আসিযা বলিলেন,—“যে ব্যক্তি বিচবণ কবে, সে মধু লাভ কবে, স্বাদু উডুম্বরফল লাভ কবে , যে সর্ব্বদা বিচবণ কবিযাও তন্দ্রা [আলস্য] লাভ কবে না, সেই সূর্য্যেব মাহাত্ম্য দেখিতে পাইতেছ , অতএব তুমি বিচবণ কব ।”

ব্রাহ্মণ আমাকে বিচবণ কবিতে বলিলেন, এই ভাবিযা তিনি ষষ্ঠ সংবৎসব অবণ্যে বিচবণ কবিলেন , এবং [বিচবণকালে] সূযবসেব পুত্র ক্ষুধাপীডিত অজীগর্ত্তকে দেখিতে পাইলেন। সেই অজীগর্ত্তেব শুনঃপুচ্ছ, শুনঃশেপ ও শুনো লাঙ্গূল নামে তিন পুত্র ছিল। তিনি সেই অজীগর্ত্তকে বলিলেন, অহে ঋষি, তোমাকে এক শত [গাভী] দিতেছি, আমি ইহাদেব (তোমাব পুত্রদেব) মধ্যে একজনকে নিষ্ক্রযরূপে দিযা আপনাকে মুক্ত কবিব। তখন অজীগর্ত্ত জ্যেষ্ঠ পুত্রকে টানিযা লইযা বলিলেন, আমি ইহাকে কিছুতেই দিব না। মাতা (অজীগর্ত্তেব পত্নী) কনিষ্ঠকে [টানিযা লইযা] বলিলেন, আমি ইহাকে দিব না। তাঁহাবা উভযে মধ্যম শুনঃশেপকে দান কবিলেন। তখন অজীগর্ত্তকে এক শত [গাভী] দিযা তিনি সেই শুনঃশেপকে লইযা অবণ্য হইতে গ্রামে আসিলেন। [তদনন্তর]

(৩) সায়ণ—কলি, দ্বাপর, ত্রেতা ও কৃত, এই চারিটিকে চারি যুগের বাচক ধরিয়াছেন ও তাহাদের উত্তরোত্তর শ্রেষ্ঠতা দেখাইয়া ভ্রমণকারী পুরুষের শ্রেষ্ঠতা প্রতিপন্ন করিয়াছেন। “চতস্রঃ পুরুষস্যাবস্থাঃ। নিদ্রা তৎপরিত্যাগ উত্থানং সংরক্ষণং চ। তাশ্চ উত্তরোত্তরশ্রেষ্ঠত্বাৎ কলিদ্বাপরত্রেতাকৃতযুগৈঃ সমানাঃ। ততশ্চরণস্য সর্ব্বোত্তমত্বাচ্চরৈবেতি।

তিনি পিতাব নিকট গিযা বলিলেন, অহো, আমি এই ব্যক্তিকে নিষ্ক্রয (মূল্য) স্বরূপে দিযা আপনাকে মুক্ত কবিতে চাহি। তখন হবিশ্চন্দ্র বাজা বরুণকে বলিলেন, আমি এই ব্যক্তিদ্বাবা তোমাব যাগ কবিব। বরুণ বলিলেন, তাহাই হউক,—ব্রাহ্মণ ক্ষত্রিয অপেক্ষা অধিক আদবণীয়। এই বলিযা তাঁহাকে বাজসূয নামক যজ্ঞক্রতু অনুষ্ঠান কবিতে বলিলেন। হবিশ্চন্দ্রও বাজসূযেব অভিষেক অনুষ্ঠানেব দিনে সেই শুনঃশেপকে পুরুষ (মনুষ্য) পশুরূপে নির্দ্দেশ করিলেন।

চতুর্থ খণ্ড

শুনঃশেপেব উপাখ্যান

সেই হবিশ্চন্দ্রেব [বাজসূয যাগে] বিশ্বামিত্র হোতা, জমদগ্নি অধ্বর্য্যু, বশিষ্ঠ ব্রহ্মা ও অযাস্য উদ্গাতা হইযাছিলেন, পশুব উপাকবণেব পব[১] নিযোক্তা (যূপে বন্ধনকর্ত্তা) পাওযা গেল না। সেই সূযবসেব পুত্র অজীগর্ত্ত বলিলেন, আমাকে আব এক শত [গাভী] দাও, আমি ইহাকে নিয়োজন (যূপে বন্ধন) কবিব। তখন হবিশ্চন্দ্র তাঁহাকে আব এক শত [গাভী] দিলেন; তিনিও নিযোজন কবিলেন।

উপাকরণ ও নিয়োজনেব পব আপ্রীমন্ত্র পঠিত ও পর্য্যগ্নিকবণ অনুষ্ঠান সমাপ্ত হইলে বিশসন (বধ) কর্ম্মেব জন্য কাহাকেও পাওযা গেল না। তখন অজীগর্ত্ত বলিলেন, আমাকে আব এক শত [গাভী] দাও, আমি ইহাব বিশসন (বধ) কবিব। তখন হবিশ্চন্দ্র তাঁহাকে আব এক শত [গাভী] দিলেন। তখন তিনি অসি (খড্গ) শানাইয়া (তীক্ষ্ণ কবিয়া) উপস্থিত হইলেন।

---

(১) বর্হিযুক্ত প্লক্ষশাখাদ্বারা পশুকে সমন্ত্রক স্পর্শের নাম উপাকরণ। অধ্বর্য্যু পশুকে উপাকরণ করেন। তৎপরে নিয়োক্তা তাহাকে যূপে বন্ধন করেন। এ স্থলে উপাকরণের পর শুনঃশেপকে যূপে বন্ধন করিতে কেহ সম্মত হইল না। কণ্ঠ, মস্তক ও দুই পা রজ্জুতে বাঁধিয়া ঐ রজ্জুর অগ্রভাগ যূপে বন্ধনের নাম নিয়োজন।

তখন শুনঃশেপ ভাবিলেন, ইহারা আমাকে অমানুষের (মনুষ্যেতর পশুর) মত বধ করিবে, দেখিতেছি, আচ্ছা, আমি দেবতার আশ্রয় লই।[২] এই ভাবিয়া তিনি দেবতাগণের প্রথম প্রজাপতিকে "কস্য নূনং কতমস্যা-মৃতানাম্"[৩] এই ঋকে উপাসনা করিলেন।[৪] প্রজাপতি তাঁহাকে বলিলেন, অগ্নিই দেবগণের অত্যন্ত সমীপবর্ত্তী থাকেন, তাঁহার আশ্রয় লও। তিনি তখন "অগ্নের্বয়ং প্রথমস্যামৃতানাম্"[৫] এই ঋকে অগ্নির উপাসনা করিলেন। অগ্নি তাঁহাকে বলিলেন, সবিতাই প্রসব কর্ম্মে (কার্য্যে প্রেরণায়) সমর্থ, তাঁহারই আশ্রয় লও। তিনি তখন "অভি ত্বা দেব সবিতঃ"[৬] ইত্যাদি তিনটি ঋকে সবিতার উপাসনা করিলেন। সবিতা তাঁহাকে বলিলেন, তুমি রাজা বরুণের উদ্দেশে নিযুক্ত (যূপে বদ্ধ) হইয়াছ, তাঁহারই আশ্রয় লও। তখন তিনি [উক্ত তিন ঋকের] পরবর্ত্তী একত্রিশটি ঋকে বরুণের উপাসনা করিলেন।[৭] তখন বরুণ তাঁহাকে বলিলেন, অগ্নিই দেবগণের মুখস্বরূপ ও প্রধান সুহৃৎ, তাঁহারই স্তুতি কর, তখন তোমাকে ত্যাগ করিব। তখন তিনি পরবর্ত্তী বাইশটি ঋকে অগ্নির স্তব করিলেন[৮]। তখন অগ্নি তাঁহাকে বলিলেন, তুমি বিশ্বদেবগণের স্তব কর, তবে তোমাকে ছাড়িয়া দিব। তিনি তখন "নমো মহদ্ভ্যো নমো অর্ভকেভ্যঃ"[৯] ইত্যাদি এক ঋকে বিশ্বদেবগণের স্তব করিলেন। তখন বিশ্বদেবগণ তাঁহাকে

---

(১) নিয়োজনের পর একাদশটি প্রযাজযাজ্যা মন্ত্রে আপ্রীসূক্ত পাঠ হয়। পরে তিন বার অগ্নির উল্মুক প্রদক্ষিণ করান হয়, উহা পর্য্যগ্নিকরণ। পূর্ব্বে দেখ। মনুষ্যপশুকে পর্য্যগ্নিকরণের পর ছাড়িয়া দেওয়ার বিধি সত্বেও এখানে বধের উদ্যোগ দেখিয়া শুনঃশেপ এই কথা বলিলেন।

(২) মূলে আছে উপধাবামি—সমীপে ধাবন করি। সায়ণ অর্থ করেন—ভজামি।

(৩) ১।২৪।১।

(৪) মূলে আছে উপসসার=উপাসিতবান্ সেবিতবান্ (সায়ণ)।

(৫) ১।২৪।২।

(৬) ১।২৪।৩-৫।

(৭) "ন হিতে ক্ষত্রম্" (১।২৪।৬) হইতে ঐ সূক্তের অবশিষ্ট দশটি মন্ত্র ও (১।২৫) সূক্তের "যচ্চিদ্ধি তে বিশঃ" ইত্যাদি একুশ মন্ত্র ; সাকল্যে একত্রিশ মন্ত্র।

(৮) "বসিষ্বাহি" ইত্যাদি ১।২৬ সূক্তের দশ মন্ত্র ও "অশ্বং ন ত্বা" ইত্যাদি ১।২৭ সূক্তের তের ঋকের মধ্যে শেষ ঋক্ বর্জ্জন করিয়া অন্ত বারটি ; সাকল্যে বাইশটি মন্ত্র।

(৯) ১।২৭।১৩।

বলিলেন, ইন্দ্রই দেবগণের মধ্যে সর্ব্বাপেক্ষা ওজিষ্ঠ, বলিষ্ঠ, সহিষ্ঠ, সত্তম ও পারয়িষ্ণুতম[১০]; তাঁহারই স্তব কর, তবে তোমাকে ছাড়িয়া দিব। তখন তিনি "যচ্চিদ্ধি সত্য সোমপাঃ" ইত্যাদি সূক্ত দ্বারা[১১] ও পরবর্ত্তী পোনেরটি ঋক্‌দ্বারা[১২] ইন্দ্রের স্তব করিলেন। সেই স্তবের পর ইন্দ্র প্রীত হইয়া মনে মনে তাঁহাকে হিরণ্ময় রথ দান করিলেন; তিনিও "শশ্বদিন্দ্রঃ" এই ঋক্ দ্বারা[১৩] মনে মনেই ইন্দ্রকে প্রতিগমন করিলেন। তখন ইন্দ্র তাঁহাকে বলিলেন, অশ্বিদ্বয়ের স্তব কর, তবে তোমাকে ছাড়িয়া দিব। তখন তিনি [ঐ মন্ত্রের] পরবর্ত্তী তিনটি ঋক্ দ্বারা[১৪] অশ্বিদ্বয়ের স্তব করিলেন। অশ্বিদ্বয় তাঁহাকে বলিলেন, উষার স্তব কর, তবে তোমাকে ছাড়িব। তখন তিনি পরবর্ত্তী আর তিনটি ঋকে উষার স্তব করিলেন।[১৫] এই তিন ঋকের এক এক ঋক্ উচ্চারণ করিতে শুনঃশেপের পাশ খুলিয়া গেল; ইক্ষ্বাকুবংশধরের উদরও ছোট হইল। শেষ ঋক্ উচ্চারণে পাশ সমস্ত খুলিয়া গেল, ইক্ষ্বাকুবংশধরও রোগশূন্য হইলেন।

পঞ্চম খণ্ড

শুনঃশেপের উপাখ্যান

তখন [বিশ্বামিত্র প্রভৃতি] ঋত্বিকেরা শুনঃশেপকে বলিলেন, আমাদের এই [অভিষেচনীয়] অনুষ্ঠানের তুমিই সমাপ্তি বিধান কর। তখন শুনঃশেপ সরল উপায়ে সোমাভিষবের ব্যবস্থা স্থির করিলেন, "যচ্চিদ্ধি ত্বং গৃহে গৃহে"[১] ইত্যাদি চারিটি ঋকে সোমের অভিষব করিলেন; [পরবর্ত্তী] "উচ্ছিষ্টং চম্বোর্ভর" এই ঋকে[২] সেই সোমকে দ্রোণকলশে নিক্ষেপ

---

(১০) এই কয়টি বিশেষণের অর্থবিষয়ে সায়ণ পূর্ব্বাচার্য্যদের মত উদ্ধৃত করিয়াছেন, "ওজো দীপ্তির্বলং দাক্ষ্যং প্রসহ্যকরণং সহঃ। সুজনঃ সন্ পারয়িষ্ণুরুপক্রান্তসমাপ্তিকৃৎ।"

(১১) ১।২৯ সূক্তের মন্ত্রসংখ্যা ৭।

(১২) ১।৩০ সূক্তের অন্তর্গত ২২ মন্ত্রের মধ্যে প্রথম পোনেরটি।

(১৩) ঐ পোনের মন্ত্রের পরবর্ত্তী মন্ত্র "শশ্বদিন্দ্রঃ পোপ্রুথদ্ভির্জিগায়" (১।৩০।১৬)।

(১৪) "অশ্বিনাবশ্বাবত্যা" ইত্যাদি তিন ঋক্ ১।৩০।১৭-১৯।

(১৫) "কস্ত উষঃ" ইত্যাদি তিনটি ১।৩০।২০-২২।

(১) ১।২৮।৫-৮। (২) ১।২৮।৯।

করিলেন ; তৎপরে অম্বারম্ভের পর (যজমান হরিশ্চন্দ্রকর্ত্তৃক শুনঃশেপের দেহস্পর্শের পর) স্বাহাকারসমেত পূর্ব্ববর্ত্তী চারিটি ঋক্‌দ্বারা হোম করিলেন[৩] ; তদনন্তর "ত্বং নো অগ্নে বরুণস্য বিদ্বান্" ইত্যাদি দুই ঋকে[৪] অবভৃথযাগ সম্পাদন করিলেন ও সর্ব্বশেষে "শুনশ্চিচ্ছেপং নিদিতং সহস্রাৎ"[৫] এই ঋকে হরিশ্চন্দ্র দ্বারা আহবনীয় অগ্নির উপস্থান করাইলেন।

অনন্তর শুনঃশেপ বিশ্বামিত্রের অঙ্কে বসিলেন। তখন সূযবসের পুত্র অজীগর্ত্ত বলিলেন, অহে ঋষি, তুমি আমার পুত্র ফিরাইয়া দাও। বিশ্বামিত্র বলিলেন,—না, দেবগণ ইঁহাকে আমায় অর্পণ করিয়াছেন।

তদবধি শুনঃশেপ বিশ্বামিত্রের পুত্র দেবরাত (দেবদত্ত) নামে প্রথিত হইলেন ; কপিলগোত্রে ও বভ্রুগোত্রে উৎপন্ন ব্যক্তিগণ এইরূপে তাঁহার [বন্ধু] হইলেন।

সূযবসের পুত্র অজীগর্ত্ত শুনঃশেপকে বলিলেন, তুমি [আমাদের নিকট] আইস, আমরা উভয়ে (আমি ও আমার পত্নী) তোমাকে আহ্বান করিতেছি। সূযবসের পুত্র অজীগর্ত্ত আবার বলিলেন, "তুমি জন্মহেতু আঙ্গিরস অজীগর্ত্তের পুত্র ও কবি (বিদ্বান্) বলিয়া প্রসিদ্ধ, অহে ঋষি, তুমি পৈতামহ বংশপরম্পরা ত্যাগ করিয়া যাইও না,—পুনরায় আমার নিকট আইস।" শুনঃশেপ বলিলেন—"লোকে তোমাকে শাস (অসি) হস্তে [পুত্রবধে উদ্যত] দেখিয়াছে, শূদ্রগণেও এমন কর্ম্ম করে না। অহে আঙ্গিরস, তুমি আমার পরিবর্ত্তে তিন শত গাভী চাহিয়া পাইয়াছ।" সূযবসের পুত্র অজীগর্ত্ত বলিলেন, "বাবা, আমি যে পাপকর্ম্ম করিয়াছি, তাহা আমাকে তাপ দিতেছে, আমি এখন সেই কর্ম্মের পরিহার করিতেছি, সেই [তিন] শত গাভী এখন তুমি গ্রহণ কর।" শুনঃশেপ বলিলেন, "যে এক বার পাপ করে, সে সেই পাপ আবার করিতে পারে, তুমি যে শূদ্রোচিত কর্ম্ম করিয়াছ, তাহা হইতে মুক্ত হইতে পারিবে না, ঐ কর্ম্মের পর আর সন্ধি হইতে পারে না।"

বিশ্বামিত্রও বলিলেন,—না, উহার পর সন্ধি হইতে পারে না। বিশ্বামিত্র আবার বলিলেন—"শাস হস্তে বধোদ্যত সূযবসের পুত্রকে কি ভয়ানক

(৩) "যত্র গ্রাবা" ইত্যাদি ২৮ সূক্তের প্রথম চারিটি ঋক্, ১।২৮।১-৪।

(৪) ৪।১।৪-৫।　　(৫) ৫।২।৭।

দেখাইতেছিল ; তুমি ইহার পুত্র হইও না ; আমার পুত্রত্বই লাভ কর।” শুনঃশেপ [বিশ্বামিত্রকে] বলিলেন, “অহে রাজপুত্র, আপনি [জন্মে ক্ষত্রিয় হইয়াও ব্রাহ্মণরূপে] যেরূপে পরিচিত, আমিও সেইরূপ আঙ্গিরস হইয়াও কিরূপে আপনার পুত্রত্ব লাভ করিব, তাহা আমাকে বলুন।”৬ সেই শুনঃশেপ তখন বলিলেন, [“আপনার পুত্রগণ] একমত হইয়া স্বীকার করুন যে, আমি আপনার পুত্রতা লাভ করিয়াছি , অহে ভরতর্ষভ, তাহা হইলে [তাঁহাদের সহিত] আমার সৌহার্দ্দ ও শ্রীলাভ ঘটিবে।” বিশ্বামিত্র তখন পুত্রগণকে ডাকিয়া বলিলেন, “অহে মধুচ্ছন্দা, ঋষভ, রেণু এবং অষ্টক, তোমরা শ্রবণ কর, তোমরা যে কয় ভাই আছ, তোমরা আপনাকে শুনঃশেপের জ্যেষ্ঠ ভাবিও না।”

ষষ্ঠ খণ্ড

শুনঃশেপের উপাখ্যান

সেই বিশ্বামিত্রের এক শত পুত্র ছিল , তন্মধ্যে পঞ্চাশ জন মধুচ্ছন্দার বড, পঞ্চাশ জন ছোট। যাহারা বড, তাহারা [বিশ্বামিত্রের] আদেশ সমীচীন বলিয়া মানিল না। বিশ্বামিত্র তাহাদিগকে শাপ দিলেন, তোদের প্রজা (পুত্রাদি) অন্ত্যজাতিভাক্ হউক। তাহারাই অন্ধ্র, পুণ্ড্র, শবর, পুলিন্দ ও মূতিব, এই অতিশয় অন্ত্য (নীচ) জন হইল , বিশ্বামিত্রের বংশে উৎপন্ন ইহারা দস্যুগণমধ্যে প্রধান।

মধুচ্ছন্দা আর পঞ্চাশ জনের সহিত [শুনঃশেপকে] বলিলেন— “আমাদের পিতা যে আজ্ঞা দিতেছেন, আমরা তাহা পালন করিব , আমরা তোমাকে অগ্রে [জ্যেষ্ঠরূপে] রাখিব ও তোমার অনুগমন করিব।” বিশ্বামিত্র তাহাদের উপর প্রত্যয় করিয়া তাহাদিগকে এইরূপে তুষ্ট করিলেন,—“যাহারা আমার মত অঙ্গীকার করিয়া আমাকে বীরপুত্রবিশিষ্ট

(৬) “জন্মে ক্ষত্রিয় হইয়াও ব্রাহ্মণরূপে” এই অংশটুকু মূলে নাই। সায়ণ এই অর্থ টানিয়া আনিয়াছেন ও আত্মমত সমর্থনার্থ পূর্ব্বাচার্য্যদের মত উদ্ধৃত করিয়াছেন, যথা— “এতদ্বাক্যাভিপ্রায়ঃ পূর্ব্বৈঃ সংক্ষিপ্য দর্শিতঃ—‘পুরাত্মানং নৃপং বিপ্রং তপসা কৃতবানসি। এবমাঙ্গিরসং মা ত্বং বৈশ্বামিত্রমৃষে কুরু’ ॥”

কবিল, আমাব সেই পুত্রগণ পশু লাভ কবিবে ও বীব পুত্র লাভ কবিবে" ; "অহে গাথিবংশধবগণ,[১] তোমাদেব পুবোগামী দেববাতেব সহিত তোমবা বীবপুত্রবিশিষ্ট হইযা সকলেব আবাধনাযোগ্য হইবে, অহে পুত্রগণ, এই দেববাত তোমাদিগকে সৎ উপদেশ দিবেন", "অহে কুশিকগণ,[২] এই বীব দেববাত, তোমবা ইঁহাব অনুগমন কবিও, আমাব যে ধন আছে এবং আমি যে কিছু বিদ্যা জানি, তাহা তোমবা [সকলে] পাইবে", "অহে বিশ্বামিত্রপুত্রগণ, তোমবা সমীচীন কর্ম্ম কবিযাছ, অহে গাথিবংশীয়গণ, তোমবা দেববাতেব সহিত ধনসম্পত্তিভাগী হইবে ; তোমবা তাঁহাব শ্রেষ্ঠত্ব অঙ্গীকাব কবিযাছ", "ঋষি দেববাত, ইনি জহ্নুবংশেব আধিপত্য ও গাথিবংশেব দৈব কর্ম্মে ও বেদে অধিকাবী হইযা উভযেব ধনে ধনী বলিয়া খ্যাত হইবেন।"

এক শত ঋক্ ও [কতিপয] গাথা লইযা এই শুনঃশেপেব উপাখ্যান,[৩] [বাজসূযের অভিষেচনীয কর্ম্মে] অভিষেকেব পব বাজাকে এই উপাখ্যান হোতা শুনাইযা থাকেন। হোতা হিবণ্যকশিপুতে আসীন হইযা [এই উপাখ্যান] কহিযা থাকেন[৪], অধ্বর্য্যুও হিবণ্যকশিপুতে বসিযা প্রতিগব কবেন। হিবণ্য যশঃস্বরূপ, এতদ্দাবা বাজাকে যশেব দ্বাবা সমৃদ্ধ কবা হয। [প্রত্যেক] ঋকেব পব পব "ওঁ" এবং [প্রত্যেক] গাথাব পব "তথা" ইহাই [এ স্থলে অধ্বর্য্যুব উচ্চাবিত] প্রতিগব। "ওঁ" এই শব্দ দৈব, "তথা" শব্দ মানুষ ; দৈব ও মানুষ এই প্রতিগব দ্বাবা বাজাকে [ঐহিক ও পাবত্রিক] পাপ হইতে মুক্ত কবা হয। যে বাজা বিজযলাভ কবিযাছেন, তিনি যজমান না হইলেও (বাজসূয যাগ না কবিলেও) যদি এই শুনঃশেপেব আখ্যান কহাইযা লন, তাঁহাতে তাহা হইলে পাপশেষ মাত্রও থাকে না। যিনি এই উপাখ্যান কহেন, তাঁহাকে (অর্থাৎ

(১) মূলে আছে "গাথিনাঃ" = গাথিপৌত্রাঃ (সায়ণ)।

(২) কুশিকাঃ কুশিকনাম্নো মৎপিতামহস্য সম্বন্ধিনঃ (সায়ণ)।

(৩) এক শত ঋকের মধ্যে ৯৭টি শুনঃশেপের দৃষ্ট, তিনটি অন্যের দৃষ্ট। উপাখ্যান-মধ্যে সাকল্যে একত্রিশটি গাথা আছে, গাথাগুলির অনুবাদ " " চিহ্নমধ্যে দেওয়া হইয়াছে।

(৪) হিরণ্যকশিপৌ সুবর্ণনির্ম্মিতসূত্রৈঃ নিষ্পাদিতে কশিপৌ (সায়ণ)। কশিপু অর্থে কার্পাসপূর্ণ আসন।

হোতাকে) [যাগেব নির্দ্দিষ্ট দক্ষিণা ব্যতীত] সহস্র [গাভী] দান করিবে ; আব যিনি প্রতিগব কবেন, তাঁহাকে (অর্থাৎ অধ্বর্য্যুকে) শত (গাভী) দান কবিবে, আব সেই হিরণ্যকশিপু দুইখানিও দিবে। অপিচ অশ্বতবীবাহিত শ্বেতবর্ণেব বথ হোতাকে দিবে। পুত্রকামীবাও এই আখ্যান কহাইবেন ; তাহাতে তাঁহাদেব পুত্রলাভ হইবে।

চতুস্ত্রিংশ অধ্যায়

প্রথম খণ্ড

ক্ষত্রিযেব যজ্ঞলাভ

শুনঃশেপেব উপাখ্যানেব পব ক্ষত্রিযগণেব বিহিত ক্রিযাব বিষয বলা হইতেছে। পববর্ত্তী অধ্যাযগুলিব এই বিষয়।

প্রজাপতি যজ্ঞেব সৃষ্টি কবিযাছিলেন ; যজ্ঞসৃষ্টিব পব ব্রহ্ম ও ক্ষত্রেব সৃষ্টি কবিলেন ও ব্রহ্মক্ষত্রেব পব এই দ্বিবিধ প্রজাব সৃষ্টি কবিলেন। ব্রহ্মেব অনুরূপ হুতাদ ও ক্ষত্রেব অনুরূপ অহুতাদ সৃষ্টি কবিলেন। এই যে ব্রাহ্মণগণ, ইঁহাবাই হুতাদ (হুতশেষভোজী) প্রজা ; আব বাজন্য, বৈশ্য ও শূদ্র, ইঁহাবাই অহুতাদ। যজ্ঞ তাঁহাদেব নিকট হইতে চলিযা গিয়াছিল ; ব্রহ্ম ও ক্ষত্র যজ্ঞেব অনুগমন কবিয়াছিলেন। ব্রহ্মেব যে সকল আযুধ, তাহাব সহিত ব্রহ্ম ও ক্ষত্রেব যে সকল আযুধ, তাহাব সহিত ক্ষত্র, তাহাব অনুগমন কবিযাছিলেন। যজ্ঞেব যে সকল আযুধ, তাহাই ব্রহ্মেব আযুধ ;[১] আব অশ্বযুক্ত বথ, কবচ ও বাণযুক্ত ধনু, ইহাই ক্ষত্রেব আযুধ। ক্ষত্রেব আযুধে ভয় পাইয়া যজ্ঞ না ফিবিযা পলাইতে লাগিল ; ক্ষত্র তাহাকে ধবিতে না পাইয়া ফিবিয়া আসিলেন। ব্রহ্ম তাহাব অনুসবণ কবিয়া তাহাকে ধবিযা ফেলিলেন ও তৎপবে তাহাব সম্মুখে

(৫) মূলে আছে “শ্বেতাশ্বতরী রথঃ”, সায়ণ বলেন, রজতালঙ্কৃত বলিয়া শ্বেত রথ। শ্বেতাশ্বতরীবাহিত রথ নয় কি ?

(১) স্ফ্য, কপাল, অগ্নিহোত্রহবণী, শূর্প, কৃষ্ণাজিন, শম্যা, উলূখল, মুষল, দৃষদ্, উপল, এই দশটি যজ্ঞের আয়ুধ।

দাঁড়াইয়া তাহার গতি (পথ) রোধ করিলেন। এইরূপে [পথ] রুদ্ধ হইলে যজ্ঞ দাঁড়াইল ও ব্রহ্মের নিকট আপনারই আয়ুধসকল দেখিয়া তাঁহার নিকট উপস্থিত হইল। সেই হেতু অদ্যাপি যজ্ঞ ব্রহ্মস্বরূপ ব্রাহ্মণেই প্রতিষ্ঠিত রহিয়াছে।

তখন ক্ষত্র সেই ব্রহ্মের অনুগমন করিয়া তাহাকে বলিলেন, আমাকে এই যজ্ঞে আহ্বান কর। ব্রহ্ম বলিলেন,—আচ্ছা, তাহাই হইবে ; কিন্তু তুমি আপনার আয়ুধসকল ফেলিয়া দিয়া ব্রহ্মের আয়ুধ লইয়া ব্রহ্মের রূপ ধরিয়া ব্রহ্মসদৃশ হইয়া যজ্ঞের নিকটে উপস্থিত হও। "তাহাই হউক" বলিয়া ক্ষত্র আপন আয়ুধ ফেলিয়া ব্রহ্মের আয়ুধ গ্রহণ করিয়া ব্রহ্মের রূপ ধরিয়া ব্রহ্মসদৃশ হইয়া যজ্ঞের নিকট উপস্থিত হইলেন। সেই হেতু অদ্যাপি ক্ষত্রিয় যজমান আপন আয়ুধ ফেলিয়া ব্রহ্মের আয়ুধ গ্রহণ করিয়া ব্রহ্মের রূপ ধরিয়া ব্রহ্মসদৃশ হইয়া যজ্ঞের নিকট উপস্থিত হন।

দ্বিতীয় খণ্ড

দেবযজন লাভ

অনন্তর ঐ কারণে [ক্ষত্রিয়কর্তৃক] দেবযজনপ্রার্থনা।[১] এ বিষয়ে প্রশ্ন হয় যে, ব্রাহ্মণ, রাজন্য ও বৈশ্য [যজ্ঞে] দীক্ষিত হইবার সময় ক্ষত্রিয় [রাজার] নিকট দেবযজনস্থান চাহিয়া লন, ক্ষত্রিয় [রাজা] কাহার নিকট চাহিয়া লইবেন ? [উত্তর] দৈব ক্ষত্রের নিকট যাচ্ঞা করিবেন, এই উত্তর দেওয়া হয়। আদিত্যই দৈব ক্ষত্র, আদিত্য এই ভূতসকলের অধিপতি। সেই ক্ষত্রিয় [রাজা] যে দিন দীক্ষিত হইবেন, সেই দিন পূর্ব্বাহ্নে "ইদং শ্রেষ্ঠং জ্যোতিষাং জ্যোতিরুত্তমম্" এই [ঋক্] মন্ত্রে[২] ও "দেব সবিতর্দেবযজনং মে দেহি দেবযজ্যায়ৈ"—অহে দেব সবিতা, দেবযাগের জন্য আমাকে দেবযজনস্থান দান কর—এই [যজুঃ] মন্ত্রে উদয়কালীন আদিত্যের উপস্থান করিয়া তাঁহার নিকট [দেবযজনস্থান] যাচ্ঞা করিবেন। আদিত্য এইরূপে প্রার্থিত হইয়া যে উত্তরোত্তর [আকাশ-

(১) দীক্ষার পূর্ব্বে দেবযজন যাচ্ঞা করিয়া লওয়া আবশ্যক।
(২) ১০।১৭০।৩।

পথে] সরিয়া যান, তাহাতেই তাঁহার বলা হয়—"হাঁ, আমি দান কবিতেছি।"[৩] যিনি ক্ষত্রিয় (বাজা) হইয়া এইরূপে আদিত্যের উপস্থানানন্তর যাচ্ঞা কবিযা দেবযজন লাভেব পর দীক্ষিত হন, দেব-সবিতাব অনুজ্ঞালাভ হেতু তাঁহাব কোন রিষ্টি (অনিষ্ট) ঘটে না, এবং তিনি উত্তবোত্তব শ্রীলাভ কবেন ও প্রজাগণেব আধিপত্য ও ঈশ্বরত্ব লাভ করেন।

তৃতীয় খণ্ড

ক্ষত্রিয়েব অনুষ্ঠান

অনন্তব এই কাবণে ক্ষত্রিয় যজমানেব পক্ষে ইষ্টাপূর্ত্তেব অপবিজ্যানি হোমেব বিষয বলা হইতেছে।[১] সেই যজমান ইষ্টাপূর্ত্তেব অপবিজ্যানি (অবিনাশ) উদ্দেশে দীক্ষাব পূর্ব্বেই চাবি বাবে আজ্য গ্রহণ কবিযা আহবনীয়ে হোম কবিবেন। "পুনর্ন ইন্দ্রো মঘবা দদাতু" এই [ঋক্], এবং "ব্রহ্ম পুনবিষ্টং পূর্ত্তং দাৎ স্বাহা"—ব্রহ্ম আমাকে পুনঃ পুনঃ ইষ্ট ও পূর্ত্ত দান করুন, স্বাহা—এই [যজুঃ] ঐ হোমেব মন্ত্র।

অনন্তব অনূবন্ধ্যা পশুযাগেব সমিষ্টযজুর্মন্ত্র পাঠেব পব "পুনর্নো অগ্নির্জাতবেদা দদাতু" এই [ঋক্] এবং "ক্ষত্রং পুনবিষ্টং পূর্ত্তং দাৎ স্বাহা" এই [যজুঃ] মন্ত্রে হোম কবিবে। এই যে দুই আহুতি, এতদ্দ্বাবা ক্ষত্রিয যজমানেব ইষ্টাপূর্ত্তেব অবিনাশ ঘটে, অতএব এই দুই আহুতি দিবে।

---

(৩) মনুষ্যে যেমন ঘাড় নাড়িয়া সম্মতি জ্ঞাপন করে, সেইরূপ আদিত্য ঐরূপে ইঙ্গিত দ্বারাই যাচ্ঞার উত্তর দেন।

(১) স্মার্ত্ত কর্ম্মের নাম পূর্ত্ত, আর শ্রৌত কর্ম্মের নাম ইষ্ট। প্রপাতড়াগাদির প্রতিষ্ঠা পূর্ত্ত কর্ম্মের উদাহরণ। দীক্ষণীয়েষ্টির পূর্ব্বে এই হোম কর্ত্তব্য, ইহার ফলে রাজার ইষ্টাপূর্ত্ত কর্ম্মের রক্ষা ঘটে।

চতুর্থ খণ্ড

ক্ষত্রিয়ের অনুষ্ঠান

এ বিষয়ে আবাঢের পুত্র সৌজাত বলিয়াছেন, এই যে দুই আহুতির বিষয় বলিতেছি, ইহা অজীতপুনর্বণ্য, অর্থাৎ নষ্ট বস্তুর প্রাপ্তিহেতু।[১] যে যজমান সেই [সৌজাতের কথিত] অনুশাসন পালন করিতে চাহেন, তিনি যাহা কামনা করেন, তদুদ্দেশে ঐরূপ করিবেন। তিনি [পূর্ব্বখণ্ডে উক্ত অপবিজ্যানি হোমের পরিবর্ত্তে] এই দুই আহুতি দিবেন:— [দীক্ষণীয়েষ্টির পূর্ব্বে আহুতি] "ব্রহ্ম প্রপদ্যে ব্রহ্ম মা ক্ষত্রাদ গোপায়তু ব্রহ্মণে স্বাহা"—এই হোমমন্ত্রের তাৎপর্য্য যে, যে যজমান যজ্ঞ আরম্ভ করে, সে ব্রহ্মেরই শরণ লয়, কেন না, যজ্ঞ ব্রহ্মস্বরূপ, যে দীক্ষিত হয়, সে যজ্ঞ হইতেই পুনর্জন্ম গ্রহণ করে, ব্রহ্মের শরণাপন্ন সেই যজমানকে ক্ষত্র হিংসা করিতে পারে না। আর "ব্রহ্ম মা ক্ষত্রাদ্ গোপায়তু" এই মন্ত্রাংশ বলিলে ব্রহ্ম সেই যজমানকে ক্ষত্র হইতে রক্ষা করেন। আর "ব্রহ্মণে স্বাহা" বলিলে ব্রহ্মকে প্রীত করা হয়; ব্রহ্ম প্রীত হইয়া তাহাকে ক্ষত্র হইতে রক্ষা করেন।

অপিচ অনুবন্ধ্যা পশুর সমিষ্টযজুর্মন্ত্রপাঠের পর "ক্ষত্রং প্রপদ্যে ক্ষত্রং মা ব্রহ্মণো গোপায়তু ক্ষত্রায় স্বাহা" এই মন্ত্রে আহুতি দিবে। ইহার তাৎপর্য্য এই যে, যে ব্যক্তি রাষ্ট্র লাভ করে, সে ক্ষত্রের শরণ লয়, রাষ্ট্রই ক্ষত্রস্বরূপ, ক্ষত্রের শরণাপন্ন সেই যজমানকে ব্রহ্ম হিংসা করিতে পারেন না। আর ক্ষত্র তাহাকে ব্রহ্ম হইতে রক্ষা করিবে, এই উদ্দেশে "ক্ষত্রং মা ব্রহ্মণো গোপায়তু" বলা হয়; আর "ক্ষত্রায় স্বাহা" বলিলে ক্ষত্রকে প্রীত করা হয়, ক্ষত্র প্রীত হইয়া তাহাকে ব্রহ্ম হইতে রক্ষা করেন।

এই যে আহুতিদ্বয়, ইহাই ক্ষত্রিয় যজমানের পক্ষে ইষ্টাপূর্ত্তের অবিনাশহেতু, অতএব এই দুই আহুতিই হোম করিবে।

---

(১) নষ্টমপ্রাপ্তং বা যদ্বস্তু তদেতৎ অজীতং, তস্য পুনরপি বশসাধনং প্রাপ্তিকারণম্ অজীতপুনর্ব্বণ্যম্।

পঞ্চম খণ্ড

আহবনীয়োপস্থান

ঐ ক্ষত্রিয় (রাজা) দেবতাবিষয়ে ইন্দ্রের, ছন্দে ত্রিষ্টুভের, স্তোমে পঞ্চদশ স্তোমের, রাজত্বে সোমের সম্বন্ধযুক্ত এবং বন্ধু-সম্পর্কে তিনি রাজন্য। দীক্ষিত হইযাই তিনি ব্রাহ্মণত্ব লাভ করেন; কেন না, ইনি [তৎকালে] কৃষ্ণাজিন পরিধান করেন, দীক্ষিতের ব্রত আচরণ করেন ও ব্রাহ্মণকর্তৃক সঙ্গত হন। দীক্ষিত হইলে পর ইন্দ্র তাঁহার ইন্দ্রিয় হরণ করেন; ঐরূপে ত্রিষ্টুপ্ বীর্য্য, পঞ্চদশ স্তোম আয়ু, সোম রাজ্য, পিতৃগণ যশ ও কীর্ত্তি হরণ করেন। তাঁহারা তখন বলেন, এই ক্ষত্রিয় এখন আমাদের হইতে স্বতন্ত্র হইযাছে, এ এখন ব্রহ্ম হইযাছে, এ এখন ব্রহ্মের নিকটে উপস্থিত আছে।

দীক্ষার পূর্ব্বে [পূর্ব্বোক্ত] আহুতি দেওযার পর তিনি এই মন্ত্রে আহবনীয়ের উপস্থান করিবেন, যথা—"ইন্দ্র দেবতা হইতে, ত্রিষ্টুপ্ ছন্দ হইতে, পঞ্চদশ স্তোম হইতে, রাজা সোম হইতে, পিতৃসম্পর্কীয় বন্ধু হইতে আমি যেন স্বতন্ত্র না হই, ইন্দ্র যেন আমার ইন্দ্রিয় হরণ না করেন, ত্রিষ্টুপ্ বীর্য্য, পঞ্চদশ স্তোম আয়ু, সোম রাজ্য, পিতৃগণ যশ ও কীর্ত্তি হরণ না করেন, আমি ইন্দ্রিয়, বীর্য্য, আয়ু, রাজ্য, যশ ও বন্ধুর সহিত অগ্নিদেবতার সমীপে উপস্থিত হইতেছি; গাযত্রী ছন্দের, ত্রিবৃৎ স্তোমের, রাজা সোমের ও ব্রহ্মের শরণ লইয়া আমি ব্রাহ্মণ হইতেছি।" যে ব্যক্তি ক্ষত্রিয় হইয়াও এই আহুতি দ্বারা আহবনীযের উপস্থান করেন, ইন্দ্র তাঁহার ইন্দ্রিয় হরণ করেন না, ত্রিষ্টুপ্ বীর্য্য, পঞ্চদশ স্তোম আয়ু, সোম রাজ্য এবং পিতৃগণ যশ ও কীর্ত্তি হরণ করেন না।

ষষ্ঠ খণ্ড

আহবনীয় উপস্থান

ঐ দীক্ষিত ক্ষত্রিয় এইরূপে দেবতাবিষয়ে অগ্নির, ছন্দে গায়ত্রীর, স্তোমে ত্রিবৃতের সম্বন্ধযুক্ত ও বন্ধুসম্পর্কে ব্রাহ্মণ হইয়া উদবসানীয় ইষ্টিদ্বারা

সোমযাগ সমাপ্তির সময় পুনরায় ক্ষত্রিয়তা প্রাপ্ত হন। উদবসানকালে অগ্নি তাঁহার তেজ হরণ করেন, গায়ত্রী বীর্য্য, ত্রিবৃৎ স্তোম আয়ু, ব্রাহ্মণগণ ব্রহ্ম, যশ ও কীর্ত্তি হরণ করেন। তাঁহারা তখন বলেন, এই ব্যক্তি আমাদের হইতে　　　হইয়া
সমীপে উপস্থিত হইয়াছে। যজমান এখন অনুবন্ধ্য পশুর সমিষ্টযজুর্মন্ত্র-পাঠের পর এই মন্ত্রে আহুতি দিয়া আহবনীয়ের উপস্থান করিবেন, যথা—"আমি যেন অগ্নিদেবতা হইতে, গায়ত্রী ছন্দ হইতে, ত্রিবৃৎ স্তোম হইতে, ব্রহ্ম বন্ধু হইতে স্বতন্ত্র না হই ; অগ্নি যেন আমার তেজ হরণ না করেন, গায়ত্রী বীর্য্য, ত্রিবৃৎ স্তোম আয়ু ও ব্রাহ্মণগণ ব্রহ্ম, যশ ও কীর্ত্তি হরণ না করেন ; আমি যেন তেজ, বীর্য্য, আয়ু, ব্রহ্ম, যশ, কীর্ত্তি সহিত ইন্দ্রদেবতার নিকট উপস্থিত হইতে পারি ; ত্রিষ্টুপ্ ছন্দের, পঞ্চদশ স্তোমের, রাজা সোমের ও ক্ষত্রের শরণাপন্ন হইয়া আমি [পুনরায়] ক্ষত্রিয় হইতেছি। অহে দেব পিতৃগণ, অহে পিতা দেবগণ, আমি যাহা (যে ব্রাহ্মণ) হইয়াছি, তাহাই থাকিয়া যেন যাগ করিতে পাই, আমার এই ইষ্ট, আমার এই পূর্ত্ত, আমার এই শ্রম, আমার এই হোম, [সমস্তই] স্বকীয় (স্বাধীন) হউক, অগ্নি সমীপস্থ হইয়া আমার এই কর্ম্মের দ্রষ্টা হউন, বায়ু সমীপস্থ হইয়া শ্রোতা হউন, ঐ আদিত্য পরে ইহা খ্যাপন করুন ; এই আমি যাহা (যে ক্ষত্রিয়) হইয়াছি, তাহাই যেন থাকিতে পাই।"

যে যজমান ক্ষত্রিয় হইয়া এই আহুতিদ্বয়ে আহবনীয়ের উপস্থান করিয়া উদবসান করেন, অগ্নি তাঁহার তেজ হরণ করেন না, গায়ত্রী বীর্য্য, ত্রিবৃৎ স্তোম আয়ু, ব্রাহ্মণগণ ব্রহ্ম, যশ ও কীর্ত্তি হরণ করেন না।

সপ্তম

দীক্ষাবেদন

দীক্ষিত যজমানের দীক্ষার বিষয় সর্ব্বলোককে—দেবগণকে ও মনুষ্যগণকে জানাইতে হয় ; ব্রাহ্মণ যজমান সে স্থলে স্বীয় প্রবর নির্দ্দেশ করিয়া আত্মপরিচয় দেন ; ক্ষত্রিয় কিরূপে পরিচয় দিবেন, তদ্বিষয়ে মীমাংসা, যথা—"অথাতো···প্রবৃণীরন্"

অনন্তর এই কারণে দীক্ষার সম্বন্ধে আবেদন (বিজ্ঞাপন) বিষয়ে প্রশ্ন হয়,—ব্রাহ্মণ দীক্ষিত হইলে "এই ব্রাহ্মণের দীক্ষা হইল" এই বলিয়া

দীক্ষাব বিজ্ঞাপন হয় ; ক্ষত্রিয় যজমানেব পক্ষে কিরূপে দীক্ষার বিজ্ঞাপন হইবে ? [উত্তব] দীক্ষিত ব্রাহ্মণেব পক্ষে যেমন "এই ব্রাহ্মণেব দীক্ষা হইল" এই বলিযা দীক্ষাব বিজ্ঞাপন হয, সেইরূপ পুবোহিতেব আর্ষেয় (প্রবব) নির্দ্দেশ দ্বাবা ক্ষত্রিযেব দীক্ষাব বিজ্ঞাপন কবিবে। এ বিষয়ে ইহাই উচিত। কেন না, এই ক্ষত্রিয আপনাব আযুধসকল ফেলিয়া দিযা ব্রহ্মেব আযুধ গ্রহণ কবিয়া ব্রহ্মরূপে ব্রহ্ম হইয়া যজ্ঞে উপস্থিত হন, সেই জন্য [ব্রাহ্মণ] পুবোহিতেব আর্ষেয দ্বাবাই উহাব দীক্ষাব বিজ্ঞাপন কবিবে, পুবোহিতেব আর্ষেয দ্বাবাই প্রবব উল্লেখ কবিবে।

অষ্টম খণ্ড

হুতশেষ ভোজন

দীক্ষণীযাদি ইষ্টিতে ক্ষত্রিয যজমানেব পক্ষে যজমানভাগ ভক্ষণের কিরূপ ব্যবস্থা হইবে, তাহাব মীমাংসা, যথা—"অথাতো···নেষাৎ"

অনন্তব এই কাবণে যজমানভাগ সম্বন্ধে প্রশ্ন হয যে, ক্ষত্রিয যজমান [ব্রাহ্মণ যজমানেব মত] যজমানভাগ ভক্ষণ কবিবেন, কি ভক্ষণ কবিবেন না ? যদি ভক্ষণ কবেন, তাহা হইলে অহুতাদেব হুত-ভোজনে পাপ জন্মিবে, আব যদি ভক্ষণ না কবেন, তাহা হইলে আত্মাকে (আপনাকে) যজ্ঞ হইতে বিচ্ছিন্ন কবা হইবে, কেন না, যজমানভাগ যজ্ঞস্বরূপ।[১]

[কেহ ইহাব উত্তবে বলেন] সেই যজমানভাগ কোন ব্রাহ্মণে সমর্পণ কবিবে। কেন না, এই যে ব্রহ্ম (ব্রাহ্মণত্ব), ইহা ক্ষত্রিয়েব পুবোহিতেব স্থান ; এই যে পুবোহিত, তিনি ক্ষত্রিযেব অর্দ্ধাত্মা (অর্দ্ধশবীব) স্বরূপ ; [ঐরূপ কবিলে] ক্ষত্রিয কর্ত্তৃক প্রত্যক্ষভাবে [হুতশেষ] ভক্ষণ কবা হইবে না, অথচ পবোক্ষভাবে [অন্য দ্বাবা] ভক্ষণে ভক্ষণেব ফল লাভ হইবে। এই যে ব্রহ্মা (ব্রাহ্মণ), ইনি প্রত্যক্ষ যজ্ঞস্বরূপ, সমস্ত যজ্ঞ ব্রহ্মেতেই প্রতিষ্ঠিত, যজমান যজ্ঞে প্রতিষ্ঠিত, এই হেতু ঐরূপ কবিলে,

(১) যজ্ঞের হবিঃশেষ যজমানকে ভক্ষণ করিতে হয়, নতুবা যজ্ঞের ফলপ্রাপ্তি ঘটে না, যজ্ঞ হইতে আত্মাকে বিচ্ছিন্ন করা হয়। কিন্তু ক্ষত্রিয় ও বৈশ্যের পক্ষে হুতভোজন নিষিদ্ধ, তাহা পূর্ব্বে এই অধ্যায়ের প্রথম খণ্ডেই বলা হইয়াছে ; পূর্ব্বে দেখ।

জলে জল ও অগ্নিতে অগ্নি সমর্পণের ন্যায় যজ্ঞেই যজ্ঞ সমর্পণ করা হয়; [ব্রাহ্মণভক্ষিত হোমদ্রব্য] ব্রাহ্মণেই মিশিয়া যায়, উহা আর ক্ষত্রিয়কে হিংসা করিতে পারে না; এই জন্য ঐ যজমানভাগ ব্রাহ্মণেই সমর্পণ করিবে।

অন্যের মতে, ঐ যজমানভাগ "প্রজাপতেরবিভান্নাম লোকস্তস্মিংস্ত্বা দধামি সহ যজমানেন স্বাহা"—প্রজাপতির বিভান্ নামে যে লোক আছে, সেই স্থানে যজমানের সহিত তোমাকে (অর্থাৎ হোমদ্রব্যকে) স্থাপন করিতেছি, স্বাহা—এই মন্ত্রে অগ্নিতে আহুতি দেওয়া উচিত। কিন্তু ঐরূপ করিবে না। যজমানভাগ (হোমশেষ) যজমানস্বরূপ; ঐরূপ করিলে যজমানকেই অগ্নিতে অর্পণ করা হইবে। যদি কেহ আসিয়া সেই হোমকর্ত্তাকে বলে, তুমি যজমানকে অগ্নিতে অর্পণ করিয়াছ, অগ্নি ইহার প্রাণ সম্যক্‌রূপে দগ্ধ করিবে ও যজমানের মৃত্যু ঘটিবে, তাহা হইলে অবশ্য সেইরূপই ঘটিবে। অতএব সে ইচ্ছাও করিবে না।

পঞ্চত্রিংশ অধ্যায়

প্রথম খণ্ড

বিশ্বন্তরের উপাখ্যান

ক্ষত্রিয়ের সোমভক্ষণ নিষিদ্ধ; তৎসম্বন্ধে উপাখ্যান এই অধ্যায়ের বিষয়।

সুষদ্মার পুত্র বিশ্বন্তর শ্যাপর্ণদিগকে (তন্নামক ব্রাহ্মণদিগকে) নিরাকৃত করিবার জন্য শ্যাপর্ণদিগকে বর্জ্জন করিয়া যজ্ঞের আহরণ করিয়াছিলেন। শ্যাপর্ণেরা তাহা জানিতে পারিয়া সেই যজ্ঞে আগমন করিলেন ও যজ্ঞের বেদিমধ্যে আসীন হইলেন। তাঁহাদিগকে দেখিতে পাইয়া বিশ্বন্তর বলিলেন, এই শ্যাপর্ণেরা পাপকর্ম্মকারী, ইহারা বেদিতে বসিয়া অপবিত্র বাক্য বলিতেছে, ইহাদিগকে উঠাইয়া দাও; আমার বেদির মধ্যে যেন ইহারা বসিতে না পায়। [বিশ্বন্তরের নিযুক্ত পুরুষেরা] তাহাই হউক, বলিয়া তাঁহাদিগকে উঠাইয়া দিল।

উঠিবার সময় শ্যাপর্ণেরা কলরব করিয়া বলিতে লাগিলেন, পরিক্ষিতের পুত্র জনমেজয় [ভূতবীরনামক ঋত্বিক্‌দিগের সাহায্যে] যে কশ্যপ-বর্জ্জিত

যজ্ঞ করিয়াছিলেন, তাহাতে কশ্যপগণেব মধ্যে অসিতমৃগেরা সেই ভূতবীব-দিগেব নিকট হইতে সোমযাগকে [বলপূর্ব্বক] কাড়িযা লইয়াছিলেন ; অসিতমৃগদিগের এই কর্ম্মদ্বাবা কশ্যপেবা বীবত্ব-খ্যাতি লাভ কবিয়াছিলেন , আমাদেব মধ্যে এমন বীব কে আছে, যে এই [বিশ্বন্তবেব] সোমযাগ কাড়িযা লইতে পাবে ?

মৃগবুব পুত্র বাম[১] বলিযা উঠিলেন, তোমাদেব মধ্যে এই আমি সেই বীব আছি।

এই মৃগবুপুত্র বাম শ্যাপর্ণগণেব মধ্যে অনূচান (বেদজ্ঞ) ছিলেন , শ্যাপর্ণদিগেব সহিত বেদিতে দাঁডাইযা তিনি বলিলেন, "অহে বাজা, আমাব মত বিদ্বান্‌কে ইহাবা বেদি হইতে উঠাইতেছে।" [বিশ্বন্তব বলিলেন,] "অবে ব্রাহ্মণাধম, তুই যেরূপ ব্যক্তি, তুই কিরূপে এমন বিদ্বান্ হইলি।"

দ্বিতীয় খণ্ড

বিশ্বন্তবেব উপাখ্যান

[বাম বিশ্বন্তবকে বলিলেন,] "ইন্দ্র ত্বষ্টাব পুত্র বিশ্বরূপকে হত্যা কবিযাছিলেন, বৃত্রকে হত্যা কবিযাছিলেন, যতিদিগকে সালাবৃকেব মুখে অর্পণ কবিযাছিলেন, অকর্মঘদিগকে বধ কবিযাছিলেন, বৃহস্পতিকে প্রতিহত কবিযাছিলেন ; এই সকল কাবণে যখন দেবতাবা ইন্দ্রকে বর্জ্জন কবেন, ইন্দ্র তখন [দেবগণ কর্ত্তৃক] সোমপানে নিবাবিত হইযাছিলেন।[১] ইন্দ্রেব সোমপান নিবাবিত হইলে ক্ষত্রিযেব সোমপান নিবাবিত হইযাছিল।

(১) মূলে আছে—"রামো মার্গবেয়ঃ" , সায়ণ অর্থ করেন, মৃগবুর্নাম কাচিৎ যোষিৎ, তস্যাঃ পুত্রো রামনামা কশ্চিদ্ ব্রাহ্মণঃ।"

(১) ইন্দ্রের ঐ পাঁচ অপবাধে তাঁহার সোমপান নিষিদ্ধ হয়। ঐ অপরাধের উপাখ্যান শাখান্তরে বর্ণিত হইয়াছে। ত্বষ্টার পুত্র বিশ্বরূপকে ইন্দ্র হত্যা করিয়া ব্রহ্মহত্যায় লিপ্ত হন। ত্বষ্টা বৃত্র নামে ব্রাহ্মণের সৃষ্টি করেন, ইন্দ্র সেই বৃত্রকেও হত্যা করেন। ইন্দ্র যতিবেশধারী অসুরদিগকে ছেদন করিয়া সালাবৃক দ্বারা খাওয়াইয়াছিলেন (সালাবৃক= আরণ্য কুকুর)। ইন্দ্র অরুর্মঘ নামক ব্রাহ্মণবেশধারী অসুরদিগকে হত্যা করেন। তৈত্তিরীয় ব্রাহ্মণ ও কৌষীতকি-ব্রাহ্মণোপনিষৎ মধ্যে এই সকল উপাখ্যান আছে। পরে ইন্দ্র ত্বষ্টার সোম বলপূর্ব্বক পান করিয়াছিলেন।

পরে ইন্দ্র ত্বষ্টার সোম বলপূর্ব্বক পান করিয়া সোমপানে পুনরায় অধিকারী হইয়াছিলেন, কিন্তু ক্ষত্রিয়েরা অদ্যাপি সোমপানে অধিকারী হইয়া আছে। সোমপানে অনধিকারী ক্ষত্রিয়ের ভক্ষণীয় কি, যাহা ভক্ষণ করিলে ক্ষত্রিয়ের সমৃদ্ধি ঘটিবে, ইহা যে ব্যক্তি জানে, সেই বিদ্বান্‌কে ইহারা বেদি হইতে কিরূপে উঠাইতে চাহে।"

[বিশ্বন্তর বলিলেন,] "অহে ব্রাহ্মণ, ক্ষত্রিয়ের কি ভক্ষ্য, তাহা তুমি জান কি ?" [রাম বলিলেন,] "জানি বৈ কি"। [বিশ্বন্তর বলিলেন,] "তবে ব্রাহ্মণ, আমাকে তাহা বল"। [রাম বলিলেন,] "আচ্ছা, রাজা, তোমাকে তাহা বলিতেছি।"

তৃতীয় খণ্ড

ক্ষত্রিয়ের ভক্ষ্যনির্দ্দেশ

পরবর্ত্তী কতিপয় খণ্ডে ক্ষত্রিয়ের পক্ষে কোন্ ভক্ষ্য নিষিদ্ধ ও কি বিহিত, মার্গবেয় রাম তাহা বিশ্বন্তরকে বুঝাইতেছেন, যথা :—

"[তোমার নিযুক্ত অনভিজ্ঞ ঋত্বিকেরা] সোম, দধি ও জল, এই তিন ভক্ষ্যমধ্যে কোন একটা হয় ত [তোমার অর্থাৎ ক্ষত্রিয় যজমানের জন্য] আহরণ করিবেন। যদি সোম আনা হয়, উহা ত ব্রাহ্মণের ভক্ষ্য, উহাতে ব্রাহ্মণের প্রীতি জন্মিতে পারে, কিন্তু উহা ভক্ষণ করিলে তোমার বংশে যে সন্তান জন্মিবে, সে ব্রাহ্মণের তুল্য হইয়া [পরের দান] গ্রহণ করিবে, সকলের নিকট [যজ্ঞের সোম] পান করিবে, [পরের নিকট] অন্ন যাচ্ঞা করিবে, অপরে ইচ্ছামত তাহাকে [ঘর হইতে] তাড়াইয়া দিবে। ফলতঃ ক্ষত্রিয় যখন পাপ (নিষিদ্ধ আচরণ) করে, তখন তাহার বংশে ব্রাহ্মণকল্প সন্তান জন্মে ; উহার দ্বিতীয় পুরুষ বা তৃতীয় পুরুষ ব্রাহ্মণতা প্রাপ্ত হইয়া ব্রাহ্মণোচিত বৃত্তিতে কষ্টে জীবিকা নির্ব্বাহে বাধ্য হইবে।

"আর যদি দধি আনা হয়, উহা বৈশ্যগণের ভক্ষ্য ; উহাতে বৈশ্যের প্রীতি জন্মিতে পারে। উহার ভক্ষণে তোমার বংশে যে সন্তান জন্মিবে, সে বৈশ্যতুল্য হইয়া অপরকে শুল্ক দান করিবে, অপরের অধীন হইবে, অপরের ইচ্ছাক্রমে তিরস্কার্য্য হইবে। ফলে ক্ষত্রিয় যখন পাপ করে,

তখন তাহার বংশে বৈশ্যকল্প সন্তান জন্মিতে পারে; তাহার দ্বিতীয় বা তৃতীয় পুরুষ বৈশ্যত্ব লাভ কবিযা বৈশ্যবৃত্তিতে জীবিকা নির্ব্বাহ কবিবে।

"আব যদি জল আনা হয়, এই জল ত শূদ্রেব ভক্ষ্য; উহাতে শূদ্রের প্রীতি জন্মিতে পাবে; উহাব ভক্ষণে তোমাব বংশে যে সন্তান জন্মিবে, সে শূদ্রতুল্য হইযা অপবেব অনুজ্ঞায বাধ্য হইবে, অপবেব ইচ্ছায় উঠিবে বসিবে, অপবেব ইচ্ছামত বধ্য[১] হইবে। ক্ষত্রিয যখন পাপ কবেন, তখন তাঁহাব বংশে শূদ্রকল্প সন্তান জন্মিতে পাবে, উহাব দ্বিতীয বা তৃতীয পুরুষ শূদ্রত্ব লাভ কবিযা শূদ্রবৃত্তিতে জীবিকা নির্ব্বাহ কবিবে।"

চতুর্থ খণ্ড

ভক্ষ্যনিরূপণ

"অহে বাজা, এই যে তিনটি ভক্ষ্যেব কথা বলা হইল, ক্ষত্রিয যজমান, ইহাব ইচ্ছা কবিবেন না। তবে তাঁহাব নিজেব ভক্ষ্য কি? ন্যগ্রোধ (বট) বৃক্ষেব অববোধ[১] (শাখালম্বী মূল) এবং উডুম্বব, অশ্বত্থ ও প্লক্ষবৃক্ষেব ফল. এই সকলেব অভিষব কবিবে ও ইহাই ভক্ষণ কবিবে; ক্ষত্রিযেব পক্ষে ইহাই নিজ ভক্ষ্য।

"দেবগণ যে ভূমিব উপবে যজ্ঞ কবিযা স্বর্গলোকে গিযাছিলেন, সেই ভূমিতে তাঁহাবা চমসসকল ন্যুব্জ (অধোমুখ) কবিয়া বাখিয়াছিলেন; সেই ন্যুব্জ চমসসকলই ন্যগ্রোধে পবিণত হইযাছিল। এখনও সেই স্থানে ন্যগ্রোধকে ন্যুব্জ বলিযা থাকে। সেই কুরুক্ষেত্রেই ন্যগ্রোধ প্রথমে উৎপন্ন হইয়াছিল, অন্য দেশে ন্যগ্রোধসকল তাহা হইতেই জন্মিযাছে। সেই চমসসকল ন্যক্ অর্থাৎ নিম্নমুখে [অব-]বোহণ কবিয়াছিল, এই জন্য ন্যগ্রোহও নিম্নমুখে বোহণ কবে ও উহাব নামও ন্যগ্রোহ। ন্যগ্রোহ হওযাতেই উহাদিগকে পবোক্ষভাবে "ন্যগ্রোধ" নাম দেওয়া হয়; দেবগণ এইরূপ পবোক্ষ নামই ভালবাসেন।"

(১) সায়ণ "বধ্য" শব্দের অর্থ করিয়াছেন, "কুপিতেন স্বামিনা তাড্যঃ"।

(১) অবরোধাঃ শাখাভ্যোঽর্বাঙ্‌মুখত্বেন প্ররোহন্তো মূলবিশেষাঃ।

পঞ্চম খণ্ড

ক্ষত্রিয়ের ভক্ষানির্দ্দেশ

"সেই চমসমধ্যে যে রস ছিল, তাহা অবাঙ্মুখ (অধোমুখ) হইয়া অবরোধে পরিণত হইয়াছিল, আর যাহা উর্দ্ধমুখে গিয়াছিল, তাহা ফলে পরিণত হইয়াছিল। যে ক্ষত্রিয় ন্যগ্রোধের অবরোধ ও ফল ভক্ষণ করেন, তিনিই স্বকীয় ভক্ষা হইতে বঞ্চিত হন না, এবং পরোক্ষে তাঁহার সোমপানই করা হয়, প্রত্যক্ষভাবে তাঁহার সোমপান হয় না। এই যে ন্যগ্রোধ, ইহা পরোক্ষভাবে রাজা সোমের স্বরূপ, এবং এই যে ক্ষত্রিয়, ইনিও পুরোহিতের দ্বারা ও দীক্ষাদ্বারা ও [পুরোহিত-সম্পর্কযুক্ত] প্রবর দ্বারা পরোক্ষভাবেই ব্রহ্মের (অর্থাৎ ব্রাহ্মণত্বের) রূপের সমীপবর্ত্তী হন। এই যে ন্যগ্রোধ, ইনি বনস্পতিগণের মধ্যে ক্ষত্রস্বরূপ, রাজন্যও ক্ষত্রস্বরূপ, তিনি রাষ্ট্রে থাকিয়া [রাজ্যে] প্রতিষ্ঠিত হইয়াও [রাজ্যের অন্যত্র] বিস্তীর্ণ থাকেন, আর ন্যগ্রোধও ভূমিতে প্রতিষ্ঠিত থাকিয়া অবরোহ (অধোলম্বী মূল) দ্বারা [বহু দূরে] বিস্তীর্ণ থাকে। সেই জন্য ক্ষত্রিয় যজমান যে ন্যগ্রোধের অবরোধ ও ফল ভক্ষণ করেন, এতদ্দ্বারা তিনি বনস্পতিসকলের ক্ষত্রকে আত্মার মধ্যে প্রতিষ্ঠিত করেন ও আত্মাকেও ক্ষত্রমধ্যে প্রতিষ্ঠিত করেন। যে ক্ষত্রিয় যজমান এইরূপে এই ভক্ষা ভক্ষণ করেন, তিনি বনস্পতিসকলের ক্ষত্রকে আপনার ক্ষত্রে প্রতিষ্ঠিত করেন এবং ন্যগ্রোধ যেমন অবরোধদ্বারা ভূমিতে প্রতিষ্ঠিত হয়, তিনিও সেইরূপ রাষ্ট্রে প্রতিষ্ঠিত হন, তাঁহার রাষ্ট্রও উগ্র (তেজস্বী) থাকিয়া অন্যের নিকট ব্যথা পায় না।"

ষষ্ঠ খণ্ড

ক্ষত্রিয়ের ভক্ষ্যনিরূপণ

"তদনন্তর উডুম্বরের বিষয়। এই যে উডুম্বর, ইহা রস হইতে ও অন্ন হইতে বনস্পতিরূপে জন্মিয়াছিল। ইহা বনস্পতিগণের মধ্যে ভোজনযোগ্য। ইহার ভক্ষণে এই ক্ষত্রমধ্যে রসের, অন্নের এবং বনস্পতিগণের ভোজনযোগ্য দ্রব্যের স্থাপনা হয়।

"তদনন্তর অশ্বত্থের বিষয়। এই যে অশ্বত্থ, ইহা তেজ হইতে বনস্পতিরূপে জন্মিয়াছিল। ইহা বনস্পতিগণের মধ্যে সাম্রাজ্যস্বরূপ। ইহার ভক্ষণে এই ক্ষত্রে তেজের ও বনস্পতিগণের সাম্রাজ্যের স্থাপনা হয়।

"অনন্তর প্লক্ষের বিষয়। এই যে প্লক্ষ, ইহা যশ হইতে বনস্পতিরূপে জন্মিয়াছিল। ইহা বনস্পতিগণের স্বারাজ্যস্বরূপ ও বৈরাজ্যস্বরূপ[১]। ইহার ভক্ষণে এই ক্ষত্রে যশের এবং বনস্পতিগণের স্বারাজ্যের ও বৈরাজ্যের স্থাপনা হয়।

"এই [যজমান] ক্ষত্রিয়ের জন্য এই সকল ভক্ষ্য পূর্ব্বেই সংগ্রহ করিতে হয়; তাহার পর সোম রাজার ক্রয় হয়। ঋত্বিকেরা রাজা সোমের দ্বারাই উপবসথদিন অবধি সমুদয় অনুষ্ঠান সম্পাদন করেন। উপবসথদিনে অধ্বর্য্যু পূর্ব্ব হইতেই এই দ্রব্যগুলি আহরণ করিবেন, যথা— অধিষবণের জন্য চর্ম্ম, অধিষবণের জন্য দুইখানি ফলক, দ্রোণকলশ, দশাপবিত্র, (অভিষবার্থ) অদ্রিখণ্ড, পূতভৃৎ ও আধবনীয় পাত্র, স্থালী, উদঞ্চন (উন্নয়নপাত্র) এবং চমস। যখন প্রাতঃকালে রাজা সোমের অভিষব হয়, তখন ঐ [ন্যগ্রোধাদি] দুই ভাগে গ্রহণ করিবে; তাহার মধ্যে এক ভাগের [ঐ প্রাতঃকালেই] অভিষব করিবে, অবশিষ্ট অন্য ভাগ মাধ্যন্দিনসবনের জন্য রাখিয়া দিবে।"[২]

(১) স্বাতন্ত্র্যেণ রাজত্বং স্বারাজ্যং বিশেষেণ রাজত্বং বৈরাজ্যম্। (সায়ণ)

(২) এইখানে সোমযাগে ব্যবহৃত দ্রব্যের একটি তালিকা দেওয়া হইয়াছে। সোমলতা হইতে প্রস্তরের আঘাতে রস বাহির করার নাম অভিষব। যে চর্ম্মের উপর সোমলতা রাখিয়া রস নিষ্কাশিত হয়, তাহার নাম অধিষবণ চর্ম্ম, যে কাষ্ঠফলকদ্বয়ের মাঝে সোম রাখিয়া প্রস্তরের আঘাত করা যায়, তাহাই অধিষবণ ফলক। যে প্রস্তর দ্বারা আঘাত করা হয়, তাহাই অদ্রি বা গ্রাব। নিষ্কাশিত সোমরস যে পাত্রে রাখা যায়, তাহা আধবনীয়; উহা হইতে রস ছাঁকিয়া অন্য পাত্রে রাখা হয়, এই পাত্র পূতভৃৎ। যে কম্বলে ছাঁকা হয়, তাহা দশাপবিত্র। স্থালী নামক ছোট পাত্রে আজ্যাদিও রক্ষিত হয়। দ্রোণকলশ নামক বৃহৎ পাত্রও হব্যরক্ষণার্থ ব্যবহৃত হয়। গ্রহ ও চমস হইতে সোমরস আহুতির জন্য ঢালা হয়। উদঞ্চন নামক পাত্রে সোমধারা আহুতির জন্য গৃহীত হয়।

সপ্তম খণ্ড

ক্ষত্রিয়েব ভক্ষা

"যখন অন্য ঋত্বিকেবা আপনাদেব ত্রৈত চমস উন্নযন কবেন, সেই সমযে এই [ক্ষত্রিয] যজমানেব চমসেবও উন্নযন কবিবে।[১] উহাতে দুইগাছি তরুণ (ছোট) দর্ভ (কুশ) বাখিবে। তাহাব একগাছি [আহুতিকালে] বষট্‌কাব উচ্চাবণেব পব স্বাহাকাবসহিত "দধিক্রাব্‌ণো অকাবিষম্"[২] এই ঋকে পবিধিব ভিতব নিক্ষেপ কবিবে, অন্যগাছি অনুবষট্‌কাবেব পব "আ দধিক্রাঃ শবসা পঞ্চ কৃষ্টীঃ"[৩] এই ঋকে নিক্ষেপ কবিবে।

"হোমের পব যখন ঋত্বিকেবা আপন চমস আহবণ কবিবেন, তখন যজমানেব চমসও আহবণ কবিতে হইবে। [চমস ভক্ষণেব জন্য] যখন আপন চমস ঊর্দ্ধে তুলিবেন, তখন যজমানেব চমসও ঊর্দ্ধে তুলিতে হইবে। হোতা যখন ইডাব আহ্বান কবিযা আপন চমস ভক্ষণ কবিবেন, তখন এই মন্ত্রে যজমানও তাঁহাব চমস ভক্ষণ কবিবেন; যথা—"যদত্র শিষ্টং বসিনঃ সুতস্য যদিন্দ্রো অপিবচ্ছচীভিঃ। ইদং তদস্য মনসা শিবেন সোমং বাজানমিহ ভক্ষযামি"[৪]—ইন্দ্র শচীগণদ্বাবা সংস্কৃত অভিযুত ও বসযুক্ত যে হোমদ্রব্যেব অবশেষ পান কবিযাছিলেন, সেই দ্রব্যেব এই অবশেষকে বাজা সোমেব স্বরূপ ভাবিযা[৫] মঙ্গলপূর্ণ মনে এ স্থলে ভক্ষণ কবিতেছি। যে ক্ষত্রিয যজমান এই ভক্ষ্যকে এইরূপে ভক্ষণ কবেন,

(১) প্রাতঃসবনে ও মাধ্যন্দিনে ঋত্বিক্‌দের পক্ষে দুই বার করিয়া এবং তৃতীয় সবনে এক বার মাত্র চমসভক্ষণ অর্থাৎ চমস হইতে সোমপান বিধেয়। যেখানে দুই বার ভক্ষণের বিধি, সেখানে প্রথম বারে ত্রৈতচমস ও দ্বিতীয় বারে নরাশংসচমস নাম দেওয়া হয়। ঋত্বিকেরা আপনাদের দশ চমস উন্নয়ন করিয়া সোমপূর্ণ করেন, আহুতির পর হুতশেষ ভক্ষণ করেন। ক্ষত্রিয় যজমানের চমস ন্যগ্রোধের অবরোধাদির রস দ্বারা পূর্ণ করিয়া উন্নয়ন করিতে হয়।

(২) ৪।৩৯।৬। (৩) ৪।৩৮।১০।

(৪) শচী = কর্ম্মবিশেষ (সায়ণ)।

(৫) এ স্থলে চমসস্থিত ন্যগ্রোধের অবরোধ বা ন্যগ্রোধ ফলের রসকেই সোমস্বরূপ কল্পনা করা হইতেছে।

এই বনস্পতিজাত ভক্ষ্য তাঁহার মঙ্গলপ্রদ হয়, মঙ্গলপূর্ণ মনে উহা ভক্ষিত হয়, তাঁহার রাষ্ট্র উগ্র (তেজস্বী) থাকিয়া অন্যের নিকট ব্যথা পায় না। তৎপরে "শং ন এধি হৃদে পীতঃ প্র ণ আয়ুর্জীবসে সোম তারীঃ"—হে সোম (সোমস্থানীয় ভক্ষ্য), তুমি পীত হইয়া আমাদের হৃদয়ে সুখ দান কর এবং জীবনার্থ অয়ুঃ প্রদান কর—এই মন্ত্র পাঠ করিয়া [হস্তদ্বারা] আপনার [হৃদয] স্পর্শ করিবে।

"[এইরূপে মন্ত্রপূর্ব্বক] স্পর্শ না করিলে ঐ ভক্ষ্য, এই ব্যক্তি ভক্ষণে অযোগ্য হইয়াও আমাকে ভক্ষণ করিতেছে, এই মনে করিয়া [ভক্ষণকারী] মনুষ্যের আয়ু বিনাশে সমর্থ হয়। সেই জন্য [ভক্ষণের পর] ঐ মন্ত্রদ্বারা যে হৃদয স্পর্শ করা হয়, ইহাতে আয়ুর বর্দ্ধন সাধিত হয়।

"আপ্যায়স্ব সমেতু তে"[৬] এবং "সং তে পয়াংসি সমু যন্তু বাজাঃ"[৭] এই দুই অনুকূল মন্ত্রে চমসের আপ্যায়ন (পূরণ) করা হয; যাহা যজ্ঞে অনুকূল, তাহাই সমৃদ্ধ।"

অষ্টম খণ্ড

ক্ষত্রিয়ের ভক্ষ্য

"তদনন্তর (আপ্যায়নের পর) ঋত্বিক্‌দিগের চমস রাখিবার সময় যজমানের চমসও রাখিতে হইবে. ঋত্বিক্‌দের চমস প্রকম্পনের সময় যজমানের চমসেরও প্রকম্পন করিবে। অনন্তর ভক্ষণার্থ আহরণ করিয়া এই মন্ত্রে ভক্ষণ করিবে,—"নরাশংসপীতস্য দেব সোম তে মতিবিদ উমৈঃ পিতৃভির্ভক্ষিতস্য ভক্ষযামি"—হে সোম দেব, নরাশংসযজ্ঞে পীত, উমনামক পিতৃগণকর্ত্তৃক ভক্ষিত এবং আমাদের অভিপ্রায়জ্ঞ তোমাকে ভক্ষণ করিতেছি—এই মন্ত্রে প্রাতঃসবনে ভক্ষণ করিবে। মাধ্যন্দিনে [ঐ মন্ত্রের "উমৈঃ" পদ স্থলে] "ঊর্ব্বৈঃ" এবং তৃতীয় সবনে "কাব্যৈঃ" বসাইবে। উমনামক পিতৃগণ প্রাতঃসবনের, ঊর্ব্বনামক পিতৃগণ মাধ্যন্দিনের এবং কাব্যনামক পিতৃগণ তৃতীয় সবনের; এতদ্দ্বারা অমৃত

(৬) ১।৯১।১৬। (৭) ১।৯১।১৮।

পিতৃগণকে সেই সেই সবনেব ভাগী কবা হয়।[১] সোমপায়ী প্রিয়ব্রত বলিয়া গিয়াছেন, যে-কোন পিতা সবনে ভাগ পান, তিনিই "অমৃত" শব্দের লক্ষ্য হইয়া থাকেন। যে ক্ষত্রিয় যজমান এইরূপে ঐ ভক্ষ্য ভক্ষণ করেন, তাঁহাব পিতৃগণ অমৃত হইয়া সবনেব ভাগী হইয়া থাকেন, তাঁহাব বাষ্ট্রও উগ্র (তেজস্বী) থাকিয়া অন্যেব নিকট ব্যথা পায় না।

"[প্রাতঃসবনেব ন্যায অন্য দুই সবনেও] সমান মন্ত্রে শবীব স্পর্শ ও সমান মন্ত্রে চমসেব আপ্যাযন কবিতে হয।

"[সোমপ্রযোগ বিষযে] প্রাতঃসবনে যে বিধি, [ফলচমস বিষযেও] প্রাতঃসবনে সেইরূপ অনুষ্ঠান কবিবে, মাধ্যন্দিনেব বিধি অনুসারে মাধ্যন্দিনে ও তৃতীয সবনেব বিধি অনুসাবে তৃতীয সবনে অনুষ্ঠান কবিবে।"

সুষদ্মার পুত্র বিশ্বন্তবকে মৃগবুব পুত্র বাম এইরূপে সেই [ক্ষত্রিয যজমানেব] ভক্ষ্যেব কথা বলিযাছিলেন।

তিনি এই কথা বলিলে বিশ্বন্তব তাঁহাকে বলিলেন, অহে ব্রাহ্মণ, তোমাকে আমি সহস্র [গাভী] দিতেছি, আমাব যজ্ঞে শ্যাপর্ণেরা উপস্থিত থাকুন।

ঐরূপ ভক্ষ্যেব কথা পূর্ব্বে তুব কাবষেয জনমেজয পাবিক্ষিতকে বলিয়াছিলেন। পর্ব্বত ও নাবদ সোমকসাহদেব্যকে, সোমক সহদেব-সাঞ্জয়কে, সহদেব বভ্রুদৈবাবৃধকে, বভ্রু ভীম-বৈদর্ভকে, ভীম নগ্নজিৎ-গান্ধাবকে বলিয়াছিলেন। অপিচ ইহা অগ্নি সনশ্রুতকে বলিযাছিলেন, সনশ্রুত অবিন্দমকে, অবিন্দম ক্রতুবিৎকে, ক্রতুবিৎ জানকিকে বলিয়াছিলেন। পুনশ্চ, ইহা বসিষ্ঠ সুদাস্ পৈজবনকে বলিয়াছিলেন। তাঁহাবা সকলেই এই ভক্ষ্য ভক্ষণ কবিযা মহত্ত্ব লাভ কবিয়াছিলেন, সকলেই মহাবাজ হইযাছিলেন এবং সকল দিক্ হইতে বলি (বাজকব) আদায কবিযা তাঁহাবা শ্রীযুক্ত হইযা আদিত্যেব ন্যায [শত্রুগণকে] তাপ দিয়াছিলেন। যে ক্ষত্রিয যজমান এইরূপে এই ভক্ষ্য ভক্ষণ কবেন, তিনি শ্রীযুক্ত হইয়া সকল দিক্ হইতে বলি আদায় কবিয়া আদিত্যের মত তাপ দিতে সমর্থ হন; তাঁহাব বাষ্ট্র উগ্র থাকিযা কাহাবও নিকট ব্যথা পায় না।

---

(১) পিতৃগণ দ্বিবিধ; যাঁহারা মনুষ্যলোক হইতে মৃত্যুর পর পিতৃলোকে গিয়াছেন, তাঁহারা "মৃত," আর যাঁহারা সৃষ্টিকাল হইতে পিতৃলোকে আছেন, তাঁহারা "অমৃত"। (সায়ণ)

অষ্টম পঞ্চিকা

ষট্‌ত্রিংশ অধ্যায়

প্রথম খণ্ড

ক্ষত্রিয়ের শস্ত্র

সোমযাগে ক্ষত্রিয় যজমানের ভক্ষ্য নিরূপিত হইল। এখন স্তোত্র ও শস্ত্র সম্বন্ধে ক্ষত্রিয়ের পক্ষে বিশেষ বিধি এই অধ্যায়ে বর্ণিত হইবে।

অনন্তর স্তোত্র ও শস্ত্রসম্বন্ধে বলা হইবে। [ক্ষত্রিয়পক্ষে] প্রাতঃসবন ঐকাহিক যজ্ঞের সমান ও তৃতীয় সবনও ঐকাহিক যজ্ঞের সমান[১], এই দুই ঐকাহিক সবন শান্তিকর, সুকল্পিত ও সুপ্রতিষ্ঠিত, এতদ্দ্বারা শান্তি, প্রতিষ্ঠা ও [যজ্ঞের] সুসম্পাদন ঘটে; যজ্ঞও ইহাতে ভ্রষ্ট হয় না। যাহাতে [বৃহৎ ও রথন্তর] উভয় সামের প্রয়োগ আছে এবং যাহাতে বৃহৎ সাম হইতে পৃষ্ঠস্তোত্র নিষ্পন্ন হয়, তাহাতে যেমন মাধ্যন্দিন পবমানের বিষয় বলা হইয়াছে, [ক্ষত্রিয়পক্ষে মাধ্যন্দিন সবনেও] সেইরূপ উভয় সামের প্রয়োগ হইবে।[২] "আ ত্বা রথং যথোতয়ে"[৩] এই ত্র্যচে নিষ্পন্ন প্রতিপৎ রথন্তরের সম্বন্ধযুক্ত এবং "ইদং বসো সুতমন্ধঃ"[৪] এই ত্র্যচে নিষ্পন্ন অনুচরও রথন্তরের সম্বন্ধযুক্ত। এই যে মরুত্বতীয় শস্ত্র, ইহাই পবমান স্তোত্রের উক্‌থ, পবমানস্তোত্রে রথন্তরের প্রয়োগ হয় ও বৃহৎ হইতে পৃষ্ঠস্তোত্র নিষ্পন্ন হয়। এতদুভয় দ্বারা মাধ্যন্দিন সবনকে বীর্যযুক্ত করা

(১) এই দুই সবনে ক্ষত্রিয় যজমানের পক্ষে কোন বিশেষ বিধি নাই। প্রকৃতিযজ্ঞে সাধারণ যে বিধি, ক্ষত্রিয়ের পক্ষেও সেই বিধি। মাধ্যন্দিন সবনে ক্ষত্রিয়ের পক্ষে বিশেষ বিধি আছে।

(২) বৃহৎ ও রথন্তর, এই উভয় সামের এক দিনে প্রয়োগ সাধারণতঃ নিষিদ্ধ। তবে অভিজিদাদি ঐকাহিক যাগে ঐরূপ প্রয়োগ আছে। ক্ষত্রিয়ের মাধ্যন্দিন সবনে উভয় সাম প্রয়োগের ব্যবস্থা হইতেছে। মাধ্যন্দিন পবমানস্তোত্রে রথন্তর প্রযুক্ত হইবে এবং বৃহৎসামে মাধ্যন্দিন পৃষ্ঠস্তোত্র নিষ্পন্ন হইবে। ইহাই বিশেষ বিধি।

(৩) ৮।৬৮।১। (৪) ৮।২।১।

হয়। এই যে রথন্তরযুক্ত স্তোত্র, ইহার পর প্রতিপৎ ও অনুচরের অনুশংসন হয়।[৫]

রথন্তর ব্রহ্মস্বরূপ ও বৃহৎ ক্ষত্রস্বরূপ, ব্রহ্ম ক্ষত্রের পূর্ব্ববর্ত্তী, ব্রহ্ম পূর্ব্ববর্ত্তী থাকিলে ক্ষত্রিয় যজমানের রাষ্ট্রও উগ্র হইয়া অন্যের নিকট ব্যথা পায় না। রথন্তর অন্নস্বরূপ, এই জন্য ঐ [ক্ষত্রিয়] যজমানের জন্য অন্নকেই পূর্ব্ববর্ত্তী করা হয়। অথবা এই পৃথিবী রথস্বরূপ ও পৃথিবী প্রতিষ্ঠাস্বরূপ; এতদ্দ্বারাও ঐ যজমানের জন্য প্রতিষ্ঠাকেই পূর্ব্ববর্ত্তী করা হয়।

ইন্দ্রনিহব প্রগাথ [এ স্থলেও প্রকৃতিযজ্ঞের সহিত] সমান হইবে ও অবিকৃত হইবে। সেই প্রগাথ অনুষ্ঠানের অনুকূল। "উৎ"-শব্দ-বিশিষ্ট ["উত্তিষ্ঠ ব্রহ্মণস্পতে" ইত্যাদি] ব্রাহ্মণস্পত্য প্রগাথও থাকিবে। উহা [বৃহৎ ও রথন্তর] উভয় সামের অনুকূল, [ঐ প্রগাথে] উভয় সামেরই প্রয়োগ হয়।

ধায্যাসমূহও [প্রকৃতিযজ্ঞের] সমান ও অবিকৃত হইবে, উহারাও অনুষ্ঠানের অনুকূল।

["প্র ব ইন্দ্রায় বৃহতে" ইত্যাদি] মরুত্বতীয় প্রগাথও ঐকাহিক [প্রকৃতিযজ্ঞের] সমান হইবে।

(৫) মাধ্যন্দিন সবনে মরুত্বতীয় ও নিষ্কেবল্য, এই দুই শস্ত্রের প্রয়োগ আছে। রাজসূয় যজ্ঞে এই দুই শস্ত্রের নাম যথাক্রমে পবমান উক্থ এবং গ্রহ-উক্থ। মরুত্বতীয় শস্ত্রের পূর্ব্বে পবমানস্তোত্র গীত হয়। "আ ত্বা রথং" ইত্যাদি তৃ্যচ মরুত্বতীয়ের প্রতিপৎ; পবমানস্তোত্রেও উদ্গাতৃগণ ঐ তৃ্যচে রথন্তর সাম করিয়া থাকেন। "ইদং বসো সুতমন্ধঃ" এই তৃ্যচ মরুত্বতীয় শস্ত্রে প্রতিপদের অনুচর; এই জন্য উহাও রথন্তরের সম্বন্ধযুক্ত হইল। পবমানস্তোত্রের পর যে পৃষ্ঠস্তোত্র গীত হয়, তাহাতে বৃহৎ সামের প্রয়োগ। জলকুম্ভ বহনের জন্য যে কাষ্ঠদণ্ড কাঁধের উপর থাকে, যাহার দুই প্রান্তে কুম্ভদ্বয় ঝুলে, তাহার নাম বীবধ (বাঁইক)। রথন্তর ও বৃহৎ, উভয় সামের প্রয়োগ হেতু মাধ্যন্দিন সবনের সহিত উহার সাদৃশ্য।

দ্বিতীয় খণ্ড

শস্ত্র-নিরূপণ

মাধ্যন্দিনের শস্ত্র সম্বন্ধে অন্যান্য কথা—"জনিষ্ঠা উগ্রঃ…ক্রিয়েতে"

"জনিষ্ঠা উগ্রঃ সহসে তুবায"[১] ইত্যাদি [মরুত্বতীয শস্ত্রেব নিবিদ্ধানীয়] সূক্ত উগ্রশব্দযুক্ত ও সহঃ-শব্দযুক্ত হওয়ায় ক্ষত্রের লক্ষণযুক্ত ; উহাব "মন্দ্র ওজিষ্ঠঃ" এই অংশ ওজঃশব্দযুক্ত হওয়ায উহাও ক্ষত্রের লক্ষণযুক্ত , "বহুলাভিমানঃ" এই অংশ "অভি" শব্দযুক্ত হওয়ায [শত্রুগণের] অভিভবে অনুকূল। ঐ সূক্তে এগারটি ঋক্ আছে। ত্রিষ্টুভের এগার অক্ষর ; রাজন্য ত্রিষ্টুভের সম্বন্ধযুক্ত। ত্রিষ্টুপ্ ওজঃ, ইন্দ্রিয ও বীর্য্যের স্বরূপ , রাজন্যও ওজঃ, পুত্র ও বীর্য্যেব স্বরূপ ; এতদ্দ্বারা যজমানকে ওজঃ, পুত্র ও বীর্য্যদ্বারা সমৃদ্ধ করা হয। ঐ সূক্ত গৌরিবীত ঋষিদৃষ্ট ; গৌরিবীতদৃষ্ট সূক্ত সম্পর্কে এই মরুত্বতীয় শস্ত্রও সমৃদ্ধ হয , ইহার ব্রাহ্মণ পূর্ব্বে উক্ত হইয়াছে।[২]

"ত্বামিদ্ধি হবামহে"[৩] ইত্যাদি [নিষ্কেবল্য শস্ত্রেব প্রতিপৎ] তৃচ হইতে বৃহৎ-সামসাধ্য পৃষ্ঠস্তোত্র নিষ্পন্ন হয। বৃহৎ ক্ষত্রস্বরূপ, ইহাতে ক্ষত্রদ্বারা ক্ষত্রের সমৃদ্ধি ঘটে। বৃহৎ ক্ষত্রস্বরূপ আর নিষ্কেবল্য শস্ত্র যজমানের আত্মা (শরীর), এই জন্য ঐ যে বৃহৎ সামদ্বারা পৃষ্ঠস্তোত্র নিষ্পন্ন হয, বৃহৎ ক্ষত্রস্বরূপ হওয়ায় ক্ষত্রদ্বারাই ঐ যজমানকে সমৃদ্ধ করা হয়। আবার বৃহৎ জ্যেষ্ঠতা (বয়োবৃদ্ধি) স্বরূপ , ইহাতে যজমানকে জ্যেষ্ঠতাদ্বারা সমৃদ্ধ করা হয। বৃহৎ শ্রেষ্ঠতাস্বরূপ ; ইহাতে যজমানকে শ্রেষ্ঠতাদ্বারা সমৃদ্ধ করা হয়।

"অভি ত্বা শূর নোনুমঃ"[৪] এই রথন্তরের আধার তৃচকে[৫] [নিষ্কেবল্য শস্ত্রেব] অনুচর করা হয়।

(১) ১০।৭৩।১।

(২) "তদ্বা ইদং যজমান জনয়দ্" ইত্যাদি ব্রাহ্মণ , পূর্ব্বে দেখ।

(৩) ৬।৪৬।১। (৪) ৭।৩২।২২।

(৫) "ত্বামিদ্ধি" ইত্যাদি এবং "অভি ত্বা শূর" ইত্যাদি এই দুই প্রগাথে দুইটি করিয়া ঋক্ আছে, কিন্তু প্রয়োগের সময় দুই ঋক্‌কে তিন ঋকে পরিণত করিয়া উহাদিগকে শস্ত্রের প্রতিপৎ ও অনুচরে পরিণত করা হয়।

এই [ভূ]লোক রথন্তর এবং ঐ [স্বর্গ]লোক বৃহৎ। ঐ লোক এই লোকের অনুরূপ এবং এই লোক ঐ লোকের অনুরূপ। এই হেতু এই যে রথন্তরের আধার মন্ত্রে অনুরূপ করা হয়, ইহাতে যজমানকে উভয় লোকেই সম্যক্‌রূপে ভোগসমর্থ করা হয়। আবার রথন্তর ব্রহ্ম এবং বৃহৎ ক্ষত্র; ক্ষত্র নিশ্চিতই ব্রহ্মে প্রতিষ্ঠিত এবং ব্রহ্মও ক্ষত্রে প্রতিষ্ঠিত। ইহাতেও ঐ [নিষ্কেবল্য] শস্ত্রের ঐ সামের সহিত সযোনিত্ব (সমানস্থানত্ব) সম্পাদন করা হয়।

"যদ্বাবান"[৬] ইত্যাদি ধায্যা, তাহার সম্বন্ধে ব্রাহ্মণ পূর্ব্বে উক্ত হইয়াছে।[৭]

"উভয়ং শৃণবচ্চ নঃ"[৮] ইত্যাদি সামপ্রগাথ [বৃহৎ ও রথন্তর] উভয় সামের অনুকূল, উভয় প্রগাথে উভয় সামেরই প্রয়োগ করিবে।

তৃতীয় খণ্ড

শস্ত্র নিরূপণ

"তমু ষ্টুহি যো অভিভূত্যোজাঃ"[১] [নিষ্কেবল্য শস্ত্রের এই নিবিদ্ধানীয়] সূক্তে "অভি" শব্দ থাকায় উহা [শত্রুর] অভিভব পক্ষে অনুকূল। [ঐ ঋকের] "অষাঢ়মুগ্রং সহমানমাভিঃ" এই [তৃতীয় চরণে] উগ্র শব্দ ও সহমান শব্দ থাকায় উহা ক্ষত্রের পক্ষে অনুকূল। ঐ সূক্তের ঋক্ পোনেরটি; পঞ্চদশ স্তোম ওজঃস্বরূপ, ইন্দ্রিয়স্বরূপ ও বীর্য্যস্বরূপ। রাজন্যও ওজঃস্বরূপ, ক্ষত্রস্বরূপ ও বীর্য্যস্বরূপ। এতদ্দ্বারা যজমানকে ওজঃ, ক্ষত্র ও বীর্য্য দ্বারা সমৃদ্ধ করা হয়। উহার ঋষি ভরদ্বাজ; বৃহৎ সামও ভরদ্বাজের সম্বন্ধযুক্ত; ঐ ঋষির সম্বন্ধ থাকায় এই ক্রতুও সম্পূর্ণ হয়।

---

(৬) ১০।৭৪।৬।

(৭) "তে দেবা অব্রুবন্ সর্বং বো অবোচথা" ইত্যাদি ব্রাহ্মণ পূর্ব্বে দেখ।

(৮) ৮।৬১।১।

(১) ৬।১৮।১।

এই ক্ষত্রিয়ের যজ্ঞে পৃষ্ঠস্তোত্র [কেবল] বৃহৎ-সামসাধ্য হইলেও উহা সমৃদ্ধ,[২] সেই জন্য যেখানে ক্ষত্রিয় যজমান যাগ করেন, সেখানে বৃহৎকেই পৃষ্ঠ করিবে ও তাহাতেই যজ্ঞ সমৃদ্ধ হইবে।

চতুর্থ খণ্ড

শস্ত্র নিরূপণ

[মাধ্যন্দিন সবনে] হোত্রকগণের শস্ত্র ঐকাহিক [প্রকৃতি] যজ্ঞের সমান, ঐকাহিক যজ্ঞে বিহিত হোত্রকগণের শস্ত্র শান্তি প্রতিষ্ঠা ও সমৃদ্ধির হেতু। শান্তি প্রতিষ্ঠা ও সমৃদ্ধি ঘটাইয়া উহা সকল বিষয়ে অনুকূল হয় ও সর্ব্বপ্রকারে সমৃদ্ধ হয়, যজ্ঞের ভ্রংশ ঘটায় না। সকল বিষয়ে অনুকূল ও সর্ব্বপ্রকারে সমৃদ্ধ হওয়ায় এই সর্ব্বানুকূল ও সর্ব্বসমৃদ্ধ হোত্রকশস্ত্রে সকল কামনা পাওয়া যাইতে পারে। সেই জন্য যেখানে একাহযজ্ঞে সকল স্তোম ও সকল পৃষ্ঠ বিহিত হয় না, সেখানে হোত্রকের শস্ত্রও ঐকাহিকের সমান করিলে যজ্ঞ সমৃদ্ধ হইয়া থাকে।

কেহ কেহ বলেন, এই [ক্ষত্রিয় যজ্ঞ] উক্‌থ্যসংস্থ, ইহার [সকল স্তোত্রেই] পঞ্চদশ স্তোমের প্রয়োগ করিবে। কেন না, পঞ্চদশ স্তোম ওজঃস্বরূপ, ইন্দ্রিয়স্বরূপ ও বীর্য্যস্বরূপ, রাজন্যও ওজঃস্বরূপ, ক্ষত্রস্বরূপ, বীর্য্যস্বরূপ, এরূপ করিলে যজমানকে ওজঃ, ক্ষত্র ও বীর্য্য দ্বারা সমৃদ্ধ করা হইবে। ইহার স্তোত্রের ও শস্ত্রের সংখ্যা [সমুদয়ে] ত্রিশটি হইবে, কেন না, বিরাটের ত্রিশ অক্ষর। বিরাট্ অন্নস্বরূপ, এরূপ করিলে যজমানকে অন্নস্বরূপ বিরাটেই প্রতিষ্ঠিত করা হইবে। অতএব এই ক্ষত্রিয়যজ্ঞ উক্‌থ্যসংস্থ হইয়া পঞ্চদশ-স্তোম-বিশিষ্ট হইবে। ইহাই তাঁহারা বলেন।

[উত্তর];—[ক্ষত্রিয়ের] জ্যোতিষ্টোম [উক্‌থ্যসংস্থ না হইয়া] অগ্নিষ্টোমসংস্থই হইবে। স্তোমসকলের মধ্যে ত্রিবৃৎ ক্ষত্রস্বরূপ ও পঞ্চদশ ব্রহ্মস্বরূপ; ব্রহ্ম ক্ষত্রের পূর্ব্ববর্ত্তী; ব্রহ্ম পূর্ব্বে থাকিলে যজমানের রাষ্ট্র

(২) প্রকৃতিযজ্ঞে বৃহৎ ও রথন্তর দুই সামের বিধান আছে, ক্ষত্রিয় পক্ষে কেবল বৃহতের বিধান।

উগ্র হইবে ও অন্যের নিকট ব্যথা পাইবে না। সপ্তদশ স্তোম বৈশ্যস্বরূপ ও একবিংশ স্তোম শূদ্রবর্ণের অনুরূপ। এতদ্দ্বারা বৈশ্যকে ও শূদ্রবর্ণকে ক্ষত্রিয়ের বর্ত্মানুগামী করা হয়। আবার স্তোমসকলের মধ্যে ত্রিবৃৎ তেজঃস্বরূপ, পঞ্চদশ বীর্য্যস্বরূপ, সপ্তদশ জন্মলাভস্বরূপ, একবিংশ প্রতিষ্ঠাস্বরূপ। এতদ্দ্বারা যজমানকে যজ্ঞশেষে তেজ, বীর্য্য, জন্ম ও প্রতিষ্ঠাদ্বারা সমৃদ্ধ করা হয়। অতএব ক্ষত্রিয়ের জ্যোতিষ্টোম [ঐ চারিটি স্তোমে যুক্ত] অগ্নিষ্টোমই হইবে। ঐ অগ্নিষ্টোমে স্তোত্র ও শস্ত্রের সংখ্যা সমুদয়ে চব্বিশ, চব্বিশটি অর্দ্ধ মাস একযোগে সংবৎসর হয়; সংবৎসরে অন্ন সম্পূর্ণ হয়। ইহাতে যজমানকে সম্পূর্ণ অন্নে প্রতিষ্ঠিত করা হয়। সেই জন্য [ক্ষত্রিয়ের] জ্যোতিষ্টোম অগ্নিষ্টোমই হইবে, অগ্নিষ্টোমই হইবে।

সপ্তত্রিংশ অধ্যায়

প্রথম খণ্ড

পুনরভিষেক

রাজসূয়ে ক্রতুসমাপ্তির পর ক্ষত্রিয় যজমানের অভিষেক হয়। এই অভিষেকের নাম পুনরভিষেক। উহাই সপ্তত্রিংশ অধ্যায়ের বর্ণনীয়।

অনন্তর ক্ষত্রিয়ের পুনরভিষেকের বিধান। যে ব্যক্তি ক্ষত্রিয় হইয়া দীক্ষিত হন, তাঁহার ক্ষত্র প্রসূত হয় (স্বকর্ত্তব্য সাধনে প্রবৃত্ত হয়)। তিনি অবভৃথ অনুষ্ঠানের পর অনূবন্ধ্যা [-নামক পশুযাগ] সম্পাদন করিয়া উদবসান ইষ্টিদ্বারা কর্ম্ম-সমাপনে প্রবৃত্ত হন। সেই উদবসান ইষ্টি সমাপ্তির পর পুনরায় তাঁহার অভিষেক হয়। এই সকল দ্রব্যসম্ভার ঐ কর্ম্মের পূর্ব্বেই সংগ্রহ করিতে হয়, যথা :—উড়ুম্বরনির্ম্মিত আসন্দী—উহার প্রাদেশপ্রমাণ [চারিটি] পদ থাকিবে, তাহার মাথার ও পার্শ্বের কাষ্ঠগুলি অরত্নি-(প্রাদেশদ্বয়)-প্রমাণ হইবে। মুঞ্জ তৃণদ্বারা তাহার বয়ন (ছাউনি) হইবে। ব্যাঘ্রচর্ম্ম আস্তরণ হইবে। তদ্ভিন্ন উড়ুম্বরের চমস ও একটি উড়ুম্বরশাখা আবশ্যক। ঐ চমসে এই আটটি দ্রব্য

রাখিতে হইবে ; দধি, মধু, সর্পি, আতপযুক্ত বৃষ্টির জল, বাষ্প, তোক্ম (অঙ্কুর), সুরা ও দূর্ব্বা। [দেবযজনদেশে বেদির উত্তর পশ্চিম ও দক্ষিণে যে তিনটি রেখা স্ফ্যদ্বারা অঙ্কিত করা হয়, তন্মধ্যে] বেদির দক্ষিণ দিকের স্ফ্য-অঙ্কিত রেখায় পূর্ব্বমুখ করিয়া ঐ আসন্দী স্থাপন করিবে। ঐ আসন্দীর দুই পা বেদির ভিতরে ও দুই পা বেদির বাহিরে থাকিবে। ঐ ভূমি শ্রীস্বরূপ। বেদির ভিতরে যে ভূমি আছে, উহা পরিমিত (অল্প); বেদির বাহিরে যে ভূমি থাকে, তাহা অপরিমিত ও বিস্তীর্ণ। সেই জন্য বেদির ভিতরে দুই পা ও বেদির বাহিরে দুই পা রাখিলে বেদির ভিতরে ও বেদির বাহিরে যে যে কামনা সিদ্ধ হয়, সেই উভয় কামনাই লাভ করা যায়।

দ্বিতীয় খণ্ড

পুনরভিষেক

লোমের দিক্ উপরে রাখিয়া ও গ্রীবাভাগ পূর্ব্বমুখে করিয়া ব্যাঘ্রচর্ম্মের আস্তরণ ঐ আসন্দীর উপর পাতিতে হইবে। ঐ যে ব্যাঘ্র, উহা আরণ্য পশুগণের মধ্যে ক্ষত্রস্বরূপ, রাজন্যও ক্ষত্রস্বরূপ। ইহাতে ক্ষত্রদ্বারা ক্ষত্রকে সমৃদ্ধ করা হয়। যজমান ঐ আসন্দীর পশ্চাতে পূর্ব্বমুখে বসিয়া দক্ষিণ জানু ভূমিস্পৃষ্ট করিয়া উভয় হস্তে আসন্দী স্পর্শ করিয়া এই মন্ত্র পড়িবেন :—"গায়ত্রীছন্দের সহিত যুক্ত হইয়া অগ্নি, তথা উষ্ণিকের সহিত সবিতা, অনুষ্টুভের সহিত সোম, বৃহতীর সহিত বৃহস্পতি, পঙ্‌ক্তির সহিত মিত্রাবরুণ, ত্রিষ্টুভের সহিত ইন্দ্র, জগতীর সহিত বিশ্বদেবগণ তোমাতে আরোহণ করুন। তাঁহার অনুবর্ত্তী হইয়া রাজ্য, সাম্রাজ্য, ভৌজ্য, স্বারাজ্য, বৈরাজ্য, পারমেষ্ঠ্য রাজ্য, মাহারাজ্য, আধিপত্য, স্ববশতা ও চিরস্থায়ী প্রতিষ্ঠালাভের জন্য আমিও তোমাতে আরোহণ করিব।"[১] এই বলিয়া আগে দক্ষিণ জানু ও পরে বাম জানু দ্বারা ঐ আসন্দীতে আরোহণ

(১) রাজ্যং দেশাধিপত্যম্। সাম্রাজ্যং ধর্ম্মেণ পালনম্। ভৌজ্যং ভোগসমৃদ্ধিঃ। স্বারাজ্যং অপরাধীনত্বম্। বৈরাজ্যমিতরেভ্যো ভূপতিভ্যো বৈশিষ্ট্যম্। পারমেষ্ঠ্যং প্রজাপতিলোকপ্রাপ্তিঃ। মাহারাজ্যং তত্রত্যেভ্য ইতরেভ্য আধিক্যম্। আধিপত্যং তাদিতরান্ প্রতি স্বামিত্বম্। স্বাবশ্যমপারতন্ত্র্যম্। (সায়ণ)

করিবেন। এইরূপ অনুষ্ঠানই বিধেয়। সে সকল ছন্দে উত্তরোত্তর চারিটি অক্ষর বাড়িয়া গিয়াছে, সেই সেই ছন্দের সহিত যুক্ত হইয়া দেবগণ এই শ্রীস্বরূপ আসন্দীতে আরোহণ করিয়াছেন ও উহাতেই তাঁহারা প্রতিষ্ঠিত রহিয়াছেন, যথা,—অগ্নি গায়ত্রীর সহিত, সবিতা উষ্ণিকের সহিত, সোম অনুষ্টুভের সহিত, বৃহস্পতি বৃহতীর সহিত, মিত্রাবরুণ পঙ্‌ক্তির সহিত, ইন্দ্র ত্রিষ্টুভের সহিত ও বিশ্বদেবগণ জগতীর সহিত আরোহণ করিয়াছেন। "অগ্নের্গায়ত্র্যভবৎ সযুগ্‌বা"—গায়ত্রী অগ্নির সহিত যুক্ত হইয়াছিলেন—ইত্যাদি ঋকে এই সকল দেবতা ও ছন্দের [যোগের বিষয়] বলা হইয়াছে। যে যজমান ক্ষত্রিয় হইয়া এই সকল দেবতার অনুবর্ত্তী হইয়া এই আসন্দীতে আরোহণ করেন, তাঁহার যোগ (অপ্রাপ্ত বস্তুর লাভ) ও ক্ষেম (প্রাপ্ত বস্তুর রক্ষা) সম্পাদিত হয়, তিনি উত্তরোত্তর শ্রীলাভ করেন ও প্রজাগণের ঈশ্বরত্ব ও আধিপত্য লাভ করেন।

অনন্তর (আসন্দীতে আরোহণের পর) তাঁহার অভিষেক করিবার জন্য জলের শান্তিমন্ত্র বলাইবেন,—"অহে অপ্‌সমূহ, শিব (মঙ্গলময়) চক্ষুদ্বারা আমার দিকে চাহিয়া দেখ, শিব তনুদ্বারা আমার ত্বক্ স্পর্শ কর; অপ্সুষদ—জলে অধিষ্ঠিত[১]—দেবগণকে আমি আহ্বান করিতেছি; তোমরা আমাতে বর্চ্চঃ (কান্তি), বল ও ওজঃ আধান কর।" [এই মন্ত্র পাঠ করিলে] অশান্ত অপ্‌সমূহ অভিষেকান্তে যজমানের বীর্য্য হরণ করিতে পারে না।

তৃতীয় খণ্ড

পুনরভিষেক

তৎপরে উডুম্বর-শাখা তাঁহার [মস্তকের] উপরে ব্যবধান রাখিয়া পরবর্ত্তী মন্ত্রদ্বারা অভিষেক করিবে। [প্রথম মন্ত্র] "এই জল শিবতম (অত্যন্ত মঙ্গলপ্রদ), ইহা সকল [রোগের] ভেষজস্বরূপ, ইহা অমৃত-স্বরূপ।" [দ্বিতীয় মন্ত্র] "প্রজাপতি যে জলদ্বারা ইন্দ্রকে, রাজা সোমকে,

(১) অপ্সু জলেষু সীদন্তীতি অপ্সুষদঃ ঔর্ব্বাদয়ঃ অগ্নয়ঃ। (সায়ণ)

বরুণকে, যমকে ও মনুকে অভিষিক্ত করিয়াছিলেন, সেই জলদ্বারা তোমাকে অভিষিক্ত করিতেছি; তুমি ইহলোকে রাজার মধ্যে অধিরাজ হও।" [তৃতীয় মন্ত্র] "তোমার জনয়িত্রী দেবী তোমাকে মহতের মধ্যে মহান্ ও চর্ষণীগণের (মনুষ্যগণের) মধ্যে সম্রাট্‌রূপে জন্ম দিয়াছেন, সেই ভদ্রা জননীই তোমার জন্ম দিয়াছেন।" [চতুর্থ মন্ত্র] "বল, শ্রী, যশ ও অন্ন লাভের উদ্দেশে সবিতা দেবের প্রেরণাক্রমে অশ্বিদ্বয়ের বাহু, পূষার হস্ত, অগ্নির তেজ, সূর্য্যের কান্তি ও ইন্দ্রের ইন্দ্রিয়দ্বারা তোমাকে আমি অভিষিক্ত করিতেছি।"

এই যজমান অন্ন ভক্ষণ করিবেন, এই ইচ্ছা করিলে "ভূঃ" এই [ব্যাহৃতি], ইঁহারা দুই পুরুষে [অন্ন ভক্ষণ করিবেন] এই ইচ্ছা করিলে "ভূর্ভুবঃ" এই [ব্যাহৃতিদ্বয়], ইঁহারা তিন পুরুষে [অন্ন ভক্ষণ করিবেন] অথবা ইনি অপ্রতিম (অতুলনীয়) হইবেন, এই ইচ্ছা করিলে "ভূর্ভুবঃ স্বঃ" এই [ব্যাহৃতিত্রয়] উচ্চারণ করিয়া অভিষেক করিবেন। এ বিষয়ে কেহ কেহ বলেন, এই যে ব্যাহৃতিসকল, ইহা সর্ব্বফলপ্রাপ্তিহেতু, এতদ্দ্বারা যজমান অন্য ক্ষত্রিয়কে অতিক্রম করিয়া সকল মন্ত্রেই অভিষিক্ত হন, অতএব [ব্যাহৃতি প্রয়োগ না করিয়া কেবল] "দেবস্য ত্বা সবিতুঃ প্রসবেঽশ্বিনোর্বাহুভ্যাং পূষ্ণো হস্তাভ্যাম্ অগ্নেস্তেজসা সূর্য্যস্য বর্চসেন্দ্রস্যেন্দ্রিয়েণাভিষিঞ্চামি বলায় শ্রিয়ৈ যশসেঽন্নাদ্যায়" এই [যজুঃ] মন্ত্রেই অভিষেক করা উচিত।

কিন্তু এই মতের নিরাকরণ হইয়া থাকে। যদি এই যজমানকে অসম্পূর্ণ (ব্যাহৃতিহীন) বাক্যদ্বারা অভিষিক্ত করা হয়, তাহা হইলে আয়ু পূর্ণ হইবার পূর্ব্বে তাঁহার [ইহলোক হইতে] প্রয়াণের (মৃত্যুর) আশঙ্কা থাকে। ঐ ব্যাহৃতি দ্বারা যাহার অভিষেক না হয়, তাহার সম্বন্ধে সত্যকাম জাবাল ইহাই বলিয়াছিলেন। উদ্দালক আরুণি বলিয়াছেন যে, যাঁহাকে ঐ ব্যাহৃতিত্রয় দ্বারা অভিষিক্ত করা হয়, তিনি পূর্ণ আয়ু পাইতে সমর্থ হন ও [শত্রুর] বিজয় দ্বারা তিনি সকল [ভোগ] পাইয়া থাকেন। এই জন্য "দেবস্য ত্বা সবিতুঃ প্রসবেঽশ্বিনোর্বাহুভ্যাং পূষ্ণো হস্তাভ্যামগ্নেস্তেজসা সূর্য্যস্য বর্চ্চসা ইন্দ্রস্যেন্দ্রিয়েণাভিষিঞ্চামি বলায় শ্রিয়ৈ যশসেঽন্নাদ্যায় ভূর্ভুবঃ স্বঃ" এই মন্ত্রে তাঁহার অভিষেক করিবে।

যাগকারী ক্ষত্রিয় হইতে এই সকল অপগত হইয়া থাকে। ব্রহ্ম ও ক্ষত্র; জলের রস, ওষধিসমূহের বিকার অন্ন; ব্রহ্মবর্চস, অন্নপুষ্টি ও পুত্রোৎপত্তি। এই সমস্ত ক্ষত্রের অনুকূল। আর অন্নের ও ওষধির রস ক্ষত্রের প্রতিষ্ঠাস্বরূপ। সেই জন্য অভিষিক্ত ক্ষত্রিয়ের সম্মুখে এই যে দুই আহুতি দেওয়া হয়,[১] তাহাতে এই যজমানে ব্রহ্ম ও ক্ষত্র উভয়ই স্থাপিত হয়।

চতুর্থ খণ্ড

পুনরভিষেক

উদুম্বরের আসন্দী, উদুম্বরের চমস ও উদুম্বরের শাখা, এই সকলের ব্যবহার হয়। উদুম্বর অন্ন ও রসস্বরূপ, এতদ্দ্বারা যজমানে অন্নের ও রসের স্থাপনা হয়। আর যে দধি, মধু ও ঘৃতের ব্যবহার হয়, উহা জলের ও ওষধির রসস্বরূপ; এতদ্দ্বারা যজমানে জলের ও ওষধির রস স্থাপন করা হয়। আর যে আতপযুক্ত বৃষ্টির জল, ঐ জল তেজঃস্বরূপ ও ব্রহ্মবর্চ্চসস্বরূপ, এতদ্দ্বারা যজমানে তেজ ও ব্রহ্মবর্চ্চস স্থাপিত হয়। আর যে শষ্প ও তোক্ম (অঙ্কুর), উহা অন্নস্বরূপ, উহা পুষ্টি ও সন্তানোৎপাদনের অনুকূল; এতদ্দ্বারা যজমানে অন্ন, পুষ্টি ও পুত্রোৎপাদন শক্তির স্থাপনা হয়। আর ঐ যে সুরা, উহা ক্ষত্রস্বরূপ ও উহা অন্নের রস, এতদ্দ্বারা যজমানে ক্ষত্রের স্বরূপ অন্নের রস স্থাপিত হয়। আর যে দূর্ব্বা, ঐ দূর্ব্বা ওষধিমধ্যে ক্ষত্রস্বরূপ, রাজন্যও ক্ষত্রস্বরূপ; ক্ষত্রিয় রাষ্ট্রে বর্ত্তমান থাকিয়াও সর্ব্বত্র বিস্তৃত ও প্রতিষ্ঠিত থাকেন; দূর্ব্বাও আপন মূলদ্বারা বিস্তৃত হইয়া ভূমিতে প্রতিষ্ঠিত থাকে। এই জন্য এই যে দূর্ব্বার ব্যবহার হয়, এতদ্দ্বারা যজমানে ওষধিগণের, ক্ষত্রের ও প্রতিষ্ঠার স্থাপনা হয়। যাগকারী এই ক্ষত্রিয় হইতে এই যে সকল দ্রব্য উৎক্রান্ত হয়, সেই সকলই এই যজমানে স্থাপিত হয় ও এতদ্দ্বারা তিনি সমৃদ্ধ হন।

অনন্তর (অভিষেকের পর) ঐ ক্ষত্রিয়ের হস্তে সুরাপূর্ণ কাংস্যপাত্র স্থাপন করিবে। "স্বাদিষ্ঠয়া মদিষ্ঠয়া পবস্ব সোম ধারয়া, ইন্দ্রায় পাতবে

(১) ব্রহ্ম প্রপদ্যে স্বাহা, ক্ষত্রং প্রপদ্যে স্বাহা, এই দুই মন্ত্রে আহুতি দিতে হয়।

সুতঃ"[১]—অহে সোম (সুরাদ্রব্য), অতিশয় স্বাদু ও মাদক তোমার ধারাদ্বারা [এই যজমানকে] পূত কর; তুমি ইন্দ্রের পানের জন্য অভিষুত হইয়াছ—এই মন্ত্রে [ঐ কাংস্যপাত্র] হস্তে দিয়া পরবর্ত্তী মন্ত্রে শান্তি বাচন করিবে; যথা—"অহে সুরা ও সোম, তোমাদের জন্য দেবগণ পৃথক্‌-রূপে স্থান কল্পনা করিয়াছেন, পরম ব্যোমে[২] তোমরা পরস্পর সংসর্গ করিও না। তুমি তেজস্বিনী সুরা, আর ইনি রাজা সোম, তোমরা আপন আপন স্থানে প্রবেশ কর ও ইঁহার (এই ক্ষত্রিয়ের) হিংসা করিও না।" এই মন্ত্রে সোমপান ও সুরাপান উভয়কে পৃথক্ করা হইতেছে। ঐ সুরাপানের পর যে ব্যক্তিকে আপনার রাতি (ধনদাতা মিত্র) বলিয়া মনে করিবে, তাহাকেই [পানের পর] অবশিষ্ট সুরা দান করিবে। ইহাই (এইরূপে উভয়ে মিলিয়া এক পাত্রে সুরাপান) মিত্রত্বের অনুকূল; এতদ্দ্বারা ঐ সুরাকে পানান্তে মিত্রেই প্রতিষ্ঠিত করা হয় ও পানকারীও মিত্রে প্রতিষ্ঠিত হন। যে ইহা জানে, সেও প্রতিষ্ঠিত হয়।

পঞ্চম খণ্ড

পুনরভিষেক

অনন্তর (সুরাপানের পর) [ভূমিস্থিত] উদুম্বরশাখার অভিমুখে [আসন্দী হইতে] অবরোহণ করিবে। উদুম্বর অন্ন ও রসস্বরূপ; এতদ্দ্বারা অন্ন ও রসের অভিমুখে অবরোহণ করা হয়। [আসন্দীর] উপরে উপবিষ্ট থাকিয়াই ভূমিতে উভয় পদ স্থাপন করিয়া এই অবরোহণকালীন মন্ত্র বলিবে—"আমি দ্যাবাপৃথিবীতে প্রতিষ্ঠিত হইতেছি, প্রাণ ও অপানে প্রতিষ্ঠিত হইতেছি, অহোরাত্রে প্রতিষ্ঠিত হইতেছি, অন্নপানে প্রতিষ্ঠিত হইতেছি, ব্রহ্মে, ক্ষত্রে ও এই লোকত্রয়ে প্রতিষ্ঠিত হইতেছি।" যে ক্ষত্রিয় পুনরভিষেকে অভিষিক্ত হইয়া এই মন্ত্রে

(১) ১।১।১।

(২) পরমে ব্যোমনি উৎকৃষ্টে উদন্তাকাশে। (সায়ণ) ক্ষত্রিয় যজমানের উদরে সুরা ও সোমের জন্য পৃথক্ স্থান নির্দিষ্ট আছে; উভয়ে পৃথক্ ভাবে স্বকীয় নির্দিষ্ট স্থানে থাকিবে, একত্র মিলিত হইবে না, ইহাই তাৎপর্য্য।

প্রত্যবরোহণ করেন, তিনি [অভিষেকের] অন্তে সমস্ত আত্মাদ্বারা প্রতিষ্ঠিত হন, এই সমুদয়ে প্রতিষ্ঠিত হন, উত্তরোত্তর শ্রীলাভ করেন ও প্রজাগণের ঈশ্বরত্ব ও আধিপত্য লাভ করেন।

ঐ প্রত্যবরোহণ মন্ত্রে প্রত্যবরোহণের পর [ভূমিতে] উপস্থ আসনে[১] পূর্ব্বমুখে বসিয়া "নমো ব্রহ্মণে নমো ব্রহ্মণে নমো ব্রহ্মণে" এইরূপে তিন বার ব্রহ্মকে প্রণাম করিয়া "বরং দদামি জিত্যা অভিজিত্যৈ বিজিত্যৈ সংজিত্যৈ"[২] জয়, অতিজয়, বিজয় ও সংজয়ের জন্য [ব্রাহ্মণকে] বর (গাভী) দান করিতেছি—এই মন্ত্রে বাক্য ত্যাগ করিবে। "নমো ব্রহ্মণে নমো ব্রহ্মণে নমো ব্রহ্মণে" বলিয়া তিন বার যে ব্রহ্মকে প্রণাম করা হয়, এতদ্দ্বারা ক্ষত্রকে (ক্ষত্রিয়ত্বকে) ব্রহ্মের (ব্রাহ্মণত্বের) বশীভূত করা হয়। যেখানে ক্ষত্র ব্রহ্মের বশীভূত থাকে, সেখানে রাষ্ট্র সমৃদ্ধ ও বীর-পুরুষযুক্ত হয়, সেই ক্ষত্রিয়ের বীর [পুত্র] জন্মে। আর যে "বরং দদামি জিত্যা অভিজিত্যৈ বিজিত্যৈ সংজিত্যৈ" এই মন্ত্রে বাগ্‌বিসর্গ করা হয়, উহার মধ্যে যে "দদামি"—দিতেছি—এই পদ আছে, উহাতেই বাক্যের জয় ঘটে। এই যে বাক্যের জয়, ইহাতেই যজমানের এই কর্ম্ম সমাপ্তি লাভ করে।

বাক্য বিসর্জ্জনের পর [আসন হইতে] উঠিয়া এই মন্ত্রে আহবনীয়ে সমিৎ প্রক্ষেপ করিবে, যথা—"সমিদসি সম্বেঙ্‌ক্ষ্ব ইন্দ্রিয়েণ বীর্য্যেণ স্বাহা"—তুমি সমিৎ, তুমি ইন্দ্রিয় ও বীর্য্য দ্বারা [আমাকে] সংযুক্ত কর, স্বাহা—এতদ্দ্বারা ইন্দ্রিয় ও বীর্য্যদ্বারা আপনাকে কর্ম্মান্তে সমৃদ্ধ করা হয়।

সমিৎ আধানের পর পূর্ব্বোত্তর মুখে (ঈশানকোণের মুখে) এই মন্ত্রে তিন পদ পরিক্রমণ করিবে—"তুমি দিক্‌সমূহের কল্পনা করিতেছ, দেবগণের অভিমুখে আমাকে কল্পনা কর, আমার যোগক্ষেমের কল্পনা কর, আমার অভয় হউক।" এইরূপে ক্ষত্রিয় পরাজয়রহিত দিকে উপস্থিত হন; ঐ দিক্ পূর্ব্বে জিত হইয়াছিল, এখন ইহা পরাজয়রহিত হয়। অতএব এই কর্ম্মই বিধেয়।

(১) উপস্থমাসন-বিশেষম্।

(২) জিতিঃ জয়মাত্রম্। অতিয়ুঃ সর্ব্বেষু দেবেষু জিতিঃ অভিজিতিঃ। প্রবলদুর্ব্বল-শত্রূণাং তারতম্যেন বিবিধো জয়ো বিজিতিঃ। পুনঃ শত্রুরাহিত্যায় সম্যগ্‌জয়ঃ সংজিতিঃ"।

ষষ্ঠ খণ্ড

পুনরভিষেক

দেবগণ ও অসুরগণ এই লোকসমূহে যুদ্ধ করিয়াছিলেন। তাঁহাদের পূর্ব্বদিকে যুদ্ধ হইয়াছিল; সেখানে অসুরেরা জয় লাভ করিয়াছিল; পরে দক্ষিণ দিকে যুদ্ধ হইয়াছিল, সেখানেও অসুরেরা জয় লাভ করিয়াছিল; পরে পশ্চিম দিকে যুদ্ধ হইয়াছিল, সেখানেও অসুরেরা জয় লাভ করিয়াছিল; পরে উত্তর দিকে যুদ্ধ হইয়াছিল, সেখানেও অসুরেরা জয় লাভ করিয়াছিল। পরে যখন পূর্ব্ব ও উত্তর এই উভয়ের অবান্তর (মধ্যবর্ত্তী) দেশে (অর্থাৎ ঈশানকোণে) যুদ্ধ হইয়াছিল, তখন দেবগণ জয় লাভ করিয়াছিলেন।

দুই সেনা [যুদ্ধার্থ] পরস্পর সম্মুখীন হইলে যদি [জয়ার্থী] ক্ষত্রিয় সেই অভিষিক্ত ক্ষত্রিয়ের নিকট উপস্থিত হইয়া বলেন, "যাহাতে আমি এই [শত্রুপক্ষের] সেনা জয় করিতে পারি, সেইরূপ আমাকে [সাহায্য] করুন," তাহাতে যদি তিনি "তাহাই করিব" বলিয়া সম্মত হন, তাহা হইলে তিনি (অর্থাৎ সেই সাহায্যকারী অভিষিক্ত ক্ষত্রিয়) "বনস্পতে বীড্বঙ্গো হি ভূয়াঃ"[১] এই মন্ত্রে তাঁহার রথের উর্দ্ধভাগ স্পর্শ করিয়া পরে সেই [সাহায্যপ্রার্থী] ক্ষত্রিয়কে লক্ষ্য করিয়া এই মন্ত্র বলিবেন; যথা—"তুমি এই [পূর্ব্বোত্তর বা ঈশান] দিকে উপস্থিত হও, তোমার রথ [অস্ত্রাদিতে] সজ্জিত হইয়া [প্রথমে] ঐ দিকের অভিমুখে (ঈশান মুখে) চলুক, পরে রথ [ক্রমান্বয়ে] উত্তরমুখে, পশ্চিমমুখে, দক্ষিণমুখে ও পূর্ব্বমুখে চলিয়া শত্রুর সম্মুখে উপস্থিত হউক।" তৎপরে "অভীবর্ত্তেন হবিষা"[২] এই সূক্তে [জয়ার্থী] ব্যক্তিকে ঐ সকল দিকে যাইতে বলিবেন, এবং তিনি যখন যাইতে পারিবেন, তখন অপ্রতিরথসূক্ত[৩] শাসসূক্ত[৪] ও

---

(১) ৬।৪৭।২৬। (২) ১০।১৭৪।১।

(৩) "আশুঃ শিশানঃ" ইত্যাদি ১০ মণ্ডলের ১০৩ সূক্ত।

(৪) "শাস ইত্থা" ইত্যাদি ১০ মণ্ডলের ১৫২ সূক্ত।

সৌপর্ণসূক্ত[৫] পাঠ কবিয়া তাঁহাব প্রতি চাহিয়া থাকিবেন। এরূপ কবিলে সেই ব্যক্তি [শত্রুব] সেনা জয় করিতে পাবিবেন।

আর যদি কোন ব্যক্তি সংগ্রামে (দ্বন্দ্বযুদ্ধে) প্রবৃত্ত হইয়া সেই [অভিষিক্ত] ক্ষত্রিযেব নিকট উপস্থিত হইয়া বলেন, "যাহাতে আমি এই সংগ্রামে জয লাভ কবি, সেইরূপ আমাকে [সাহায্য] করুন," তাহা হইলেও তিনি সেই ব্যক্তিকে ঐ [ঈশান] দিকেই যুদ্ধ কবিতে বলিবেন, তাহাতেই তিনি সংগ্রামে জয লাভ কবিবেন।

যদি কোন ব্যক্তি বাষ্ট্র হইতে ভ্রষ্ট হইযা এই [অভিষিক্ত] ক্ষত্রিযেব নিকট উপস্থিত হইযা বলেন, "যাহাতে আমি এই বাষ্ট্র ফিবিযা পাই, সেইরূপ আমাকে [সাহায্য] করুন," তাহা হইলেও তিনি সেই ব্যক্তিকে সেই দিকে প্রস্থান কবিতে বলিবেন; তাহাতেই সে ব্যক্তি বাষ্ট্র ফিবিযা পাইবেন।

সেই [অভিষিক্ত] ক্ষত্রিয [তিন পদ পবিক্রমণ ও ঈশান মুখে উপস্থানেব পব] "অপ প্রাচ ইন্দ্র বিশ্বাঁ অমিত্রান্"[৬] এই শত্রুনাশক ঋক্ উচ্চাবণ কবিযা গৃহে যাইবেন। এইরূপ কবিলে সকল স্থানেই তাঁহাব শত্রুনাশ ও অভয ঘটে। যিনি এইরূপে ঐ শত্রুনাশক মন্ত্র বলিযা গৃহে প্রতিগমন কবেন, তিনি উত্তবোত্তব শ্রীলাভ কবেন, এবং প্রজাগণেব ঈশ্ববত্ব ও আধিপত্য লাভ কবেন।

গৃহে প্রতিগমনেব পব অন্য কর্ম্মেব শেষে গৃহ্য (স্মার্ত্ত) অগ্নিব পশ্চাতে উপবিষ্ট এবং অন্বাবব্ধ সেই ক্ষত্রিযেব অনার্ত্তি (পীড়াহানি), অবিষ্টি (শত্রুহানি), অজ্যানি (দ্রব্যপ্রাপ্তি) ও অভয কামনায ঋত্বিক্ (অধ্বর্য্যু) কাংস্যপাত্রে চাবি বাব আজ্য গ্রহণ কবিযা যথাবিধি [নিম্নোক্ত প্রপদ মন্ত্র উচ্চাবণপূর্ব্বক][৭] ইন্দ্রেব উদ্দেশে তিন বাব আহুতি দিবেন।

---

(৫) "প্রধারয়ন্ত মধুনঃ" ইত্যাদি সূক্ত।

(৬) ১০।১৩১।

(৭) এই প্রপদ মন্ত্রত্রয় পর খণ্ডে বলা হইবে। এক মন্ত্রের ভিতরে অন্য পদ প্রক্ষিপ্ত করিয়া প্রপদমন্ত্র গঠিত হয়। প্রক্ষিপ্তং পদজাতং যস্মিন্নুচ্চারণে তদুচ্চারণং প্রপদম্।

সপ্তম খণ্ড

পুনবভিষেক

[১] "পর্য্যূ ষু প্রধন্ব বাজসাতযে, পবি বৃত্রা-[ভূর্ব্রহ্ম প্রাণমমৃতং প্রপদ্যতেঽযমসৌ শর্ম্মবর্ম্মাভযং স্বস্তযে সহ প্রজয়া সহ পশুভিঃ]-ণি সক্ষণিঃ, দ্বিষস্তবধ্যা ঋণযা ন ঈযসে স্বাহা"[১]—হে ইন্দ্র, আমাদেব চাবি দিকে অন্নদানেব নিমিত্ত প্রস্তুত হও, বৃত্রসমূহেব (শত্রুগণেব) সক্ষণি (বিনাশকর্ত্তা) হও, আমাদেব দ্বেষকাবী শত্রুব বধেব জন্য চেষ্টা কব—[এই সেই ক্ষত্রিয ভূর্লোক ব্রহ্ম প্রাণ ও অমৃত প্রাপ্ত হইযাছেন, ইহাঁব স্বস্তিব জন্য প্রজা ও পশুব সহিত শর্ম্ম (সুখ) বর্ম্ম (কবচ) ও অভয দান কব]—স্বাহা।

[২] "অনু হি ত্বা সুতং সোম মদামসি, মহে সম-[ভুবো ব্রহ্ম প্রাণমমৃতং প্রপদ্যতেঽযমসৌ শর্ম্মবর্ম্মাভযং স্বস্তযে সহ প্রজযা সহ পশুভিঃ]-র্য বাজ্যে, বাজাঁ অভি পবমান প্রগাহসে স্বাহা"[২]—হে সোম, অভিষবেব পব তোমাকে পাইযা আমবা মত্ত হইযাছি; অহে সমবপটু [ইন্দ্র], মহৎ বাজ্যে ইহাকে স্থাপন কব, হে পবমান, চাবি দিকে অন্ন সম্পাদন কব,—[এই সেই ক্ষত্রিয় ভুবর্লোক ব্রহ্ম প্রাণ ও অমৃত প্রাপ্ত হইযাছেন, ইহাব স্বস্তিব জন্য প্রজা ও পশুব সহিত শর্ম্ম বর্ম্ম ও অভয দান কব]—স্বাহা।

[৩] "অজীজনো হি পবমান সূর্য্যং, বিধাবে শ-[স্বর্ব্রহ্ম প্রাণমমৃতং প্রপদ্যতেঽয়মসৌ শর্ম্ম বর্ম্মাভযং স্বস্তযে সহ প্রজযা সহ পশুভিঃ]-ক্মনা পযঃ, গোজীবযা বংহমাণঃ পুবং ধ্যা স্বাহা"[৩]—হে পবমান [ইন্দ্র], তুমি

(১) ৯ মণ্ডলের ১১০ সূক্তের প্রথম ঋক্। তাহার দ্বিতীয় চরণ "পরি বৃত্রাণি সক্ষণিঃ" এই চরণের মধ্যে "ভূর্ব্রহ্ম…পশুভিঃ" এই পদগুলি প্রক্ষেপ করিয়া প্রথম প্রপদমন্ত্র গঠিত হইল।

(২) ৯ মণ্ডল ১১০ সূক্তের দ্বিতীয় ঋক্; ইহার দ্বিতীয় চরণ "মহে সমর্য্য রাজ্যে"; তাহার মধ্যে "ভুবো ব্রহ্ম…পশুভিঃ" এই পদগুলি প্রক্ষিপ্ত হইয়াছে।

(৩) ৯ মণ্ডল ১১০ সূক্তের তৃতীয় ঋক্; ইহার দ্বিতীয় চরণ "বিধারে শক্মনা পয়ঃ," ইহার মধ্যে "স্বর্ব্রহ্ম…পশুভিঃ" এই পদগুলি প্রক্ষিপ্ত হইয়াছে।

সূর্য্যের জন্ম দিয়াছ, শক্তিদ্বারা তুমি [মেঘমধ্যে] জল ধারণ করিতেছ, গাভীগণের জীবনার্থ যত্নপর হইয়া পূর্ণ ফলদানবিষয়ে চিন্তা কর ;—[এই সেই ক্ষত্রিয় স্বর্লোকে ব্রহ্ম প্রাণ ও অমৃত প্রাপ্ত হইয়াছেন ; ইঁহার স্বস্তির জন্য প্রজা ও পশুর সহিত শর্ম্ম বর্ম্ম ও অভয় দান কর]—স্বাহা।

[অভিষেক ক্রিয়ার অন্তে] ঋত্বিক্ (অধ্বর্য্যু) যাঁহার জন্য কাংস্য পাত্রে চারি বার আজ্য গ্রহণ করিয়া প্রপদ উচ্চারণপূর্ব্বক ইন্দ্রের উদ্দেশে এই তিন আহুতি দেন, তিনি আর্ত্তিহীন, বিষ্টিহীন ও অপরাজিত থাকিয়া এবং ত্রয়ীবিদ্যাদ্বারা রক্ষিত হইয়া[৪] সকল দিক্ অনুসরণ করিয়া সঞ্চরণ করেন ও ইন্দ্রের লোকে প্রতিষ্ঠিত হন।

অনন্তর (হোমের পর) সর্ব্বকর্ম্মশেষে এই মন্ত্রে গাভী, অশ্ব ও পুরুষের উৎপত্তি প্রার্থনা করিবে, যথা—"ইহ গাবঃ প্রজায়ধ্বমিহাশ্বা ইহ পুরুষাঃ, ইহো সহস্রদক্ষিণো বীরস্ত্রাতা নিষীদতু"—গাভীগণ, অশ্বগণ, পুরুষগণ, এই রাজ্যে তোমরা উৎপন্ন হও, এই রাজ্যেই বীর (পুরুষ) সহস্র [গাভী] দক্ষিণাদানে সমর্থ হইয়া [প্রজার] ত্রাণকর্ত্তারূপে অবস্থান করুন। যিনি কর্ম্মান্তে এইরূপে গাভী, অশ্ব ও পুরুষের প্রার্থনা করেন, তিনি বহু প্রজা ও পশু লাভে বর্দ্ধিত হন। ইহা জানিয়া [ঋত্বিকেরা] যে ক্ষত্রিয়ের যাগ করেন, সেই ক্ষত্রিয় কাহারও নিকট অপকর্ষ প্রাপ্ত হন না। আর ইহা না জানিয়া ঋত্বিকেরা যাঁহার যাগ করেন, তিনিই অপকর্ষ প্রাপ্ত হন। নিষাদ অথবা চোর অথবা পাপকারীরা যেমন বিত্তবান্ (ধনী) পুরুষকে অরণ্যে লইয়া গিয়া তাহাকে গর্ত্তে নিক্ষেপ করিয়া তাহার বিত্ত অপহরণপূর্ব্বক পলাইয়া যায়, সেইরূপ সেই [অনভিজ্ঞ] ঋত্বিকেরাও যজমানকে [নরকরূপ] গর্ত্তে নিক্ষেপ করিয়া তাহার বিত্ত (তদ্দত্ত দক্ষিণাদি) লইয়া পলায়ন করে।

পরিক্ষিতের পুত্র জনমেজয় ইহা জানিয়া এই কথা বলিয়াছিলেন যে, আমি ইহা জানি, আর যাঁহারা ইহা জানেন, সেই ঋত্বিকেরা আমার যাগ করেন, অতএব আমি জয় লাভ করিব, আমার প্রতিকূলবর্ত্তী সেনাকে আমি তাহার প্রতিকূল সেনাদ্বারা জয় করিব, দেবপ্রেরিত বা মনুষ্য-প্রেরিত বাণ আমাকে স্পর্শ করিবে না, আমি পূর্ণ আয়ু প্রাপ্ত হইব ও

(৪) "ত্রয্যৈ বিদ্যায়ৈ রূপেণ গুপ্তঃ বেদত্রয়োক্তমন্ত্রেণ রক্ষিতঃ" (সায়ণ)।

সার্ব্বভৌম (অধিপতি) হইব। ইহা জানিয়া ঋত্বিকেরা যাঁহার জন্য যাগ করেন, তাঁহাকে দেবপ্রেরিত বা মনুষ্যপ্রেরিত বাণ স্পর্শ করিতে পারে না, তিনি পূর্ণ আয়ু প্রাপ্ত হন ও সার্ব্বভৌম (অধিপতি) হইয়া থাকেন।

অষ্টাত্রিংশ অধ্যায়

প্রথম খণ্ড

ঐন্দ্র মহাভিষেক

ক্ষত্রিয় রাজার অভিষেক বর্ণিত হইল। দেবগণ ইন্দ্রকে যে অনুষ্ঠান দ্বারা দেবরাজ্যে অভিষিক্ত করিয়াছিলেন, সেই ঐন্দ্র মহাভিষেক অনুষ্ঠান এই অধ্যায়ে বর্ণনীয়। ইহাতে আরোহণ, উৎক্রোশন, অভিমন্ত্রণ প্রভৃতি কয়েকটি অতিরিক্ত অনুষ্ঠান আছে; সেইগুলি বিশেষতঃ বর্ণিত হইতেছে।

তদনন্তর ইন্দ্রের মহাভিষেক। প্রজাপতির সহিত দেবগণ বলিয়াছিলেন, ইনিই (ইন্দ্রই) দেবগণের মধ্যে সর্ব্বাপেক্ষা তেজস্বী, বলিষ্ঠ, সহিষ্ণু, সাধুশীল ও [কার্য্য সম্পাদনে] পারক, ইহাকেই আমরা অভিষিক্ত করিব। তাহাই হউক বলিয়া তাঁহারা ইন্দ্রকেই তখন অভিষিক্ত করিলেন। তাঁহার জন্য দেবগণ ঋক্-নামক আসন্দী সংগ্রহ করিলেন, বৃহৎ ও রথন্তরকে ঐ আসন্দীর সম্মুখের পা করিলেন, বৈরূপ ও বৈরাজকে পশ্চাতের পা করিলেন, শাক্বর ও রৈবতকে শীর্ষস্থ ফলক করিলেন, নৌধস ও কালেয়কে পার্শ্বস্থ ফলক করিলেন, ঋক্সমূহকে পূর্ব্বমুখে বিস্তার করিয়া ও সামসমূহকে তির্য্যক্ ভাবে বয়ন করিয়া [ছাউনি] প্রস্তুত করিলেন, যজুঃসকল [ঐ ছাউনির অন্তর্গত] ছিদ্র হইল, যশ আস্তরণ হইল, শ্রী উপবর্হণ (উপাধান) হইল। সবিতা ও বৃহস্পতি ঐ আসন্দীর সম্মুখের দুই পা ধরিলেন, বায়ু ও পূষা পশ্চাতের দুই পা ধরিলেন, মিত্র ও বরুণ শীর্ষফলকদ্বয় ধরিলেন ও অশ্বিদ্বয় পার্শ্বের ফলকদ্বয় ধরিলেন। ইন্দ্র সেই আসন্দীতে এই মন্ত্রে আরোহণ করিলেন, যথা—"[হে আসন্দি] গায়ত্রী ছন্দ, ত্রিবৃৎ স্তোম ও রথন্তর সামের সহিত বসুগণ তোমাতে আরোহণ করুন, আমি সাম্রাজ্যের জন্য তাঁহাদের পশ্চাৎ আরোহণ করি;

ত্রিষ্টুপ্ ছন্দ, পঞ্চদশ স্তোম ও বৃহৎ সামের সহিত রুদ্রগণ তোমাতে আরোহণ করুন, আমি ভৌজ্যের জন্য তাঁহাদের পশ্চাৎ আরোহণ করি ; জগতী ছন্দ, সপ্তদশ স্তোম ও বৈরূপ সামের সহিত আদিত্যগণ তোমাতে আরোহণ করুন, আমি স্বারাজ্যেব জন্য তাঁহাদের পশ্চাৎ আরোহণ কবি , অনুষ্টুপ্ ছন্দ, একবিংশ স্তোম ও বৈরাজ সামের সহিত বিশ্বদেবগণ তোমাতে আবোহণ করুন, আমি বৈরাজ্যেব জন্য তাঁহাদেব পশ্চাৎ আরোহণ করি , পঙ্ক্তি ছন্দ, ত্রিণব স্তোম ও শাক্বব সামেব সহিত সাধ্যগণ ও আপ্ত্যদেবগণ তোমাতে আবোহণ করুন, আমি বাজ্যেব জন্য তাঁহাদেব পশ্চাৎ আরোহণ কবি ; অতিচ্ছন্দ ছন্দ, ত্রযস্ত্রিংশ স্তোম ও বৈবত সামেব সহিত মরুদ্গণ ও অঙ্গিরোদেবগণ তোমাতে আবোহণ করুন, আমি পাবমেষ্ঠ্য মাহাবাজ্য আধিপত্য স্ববশতা ও চিবপ্রতিষ্ঠাব জন্য তাঁহাদেব পশ্চাৎ আবোহণ কবি।” এই বলিযা তিনি সেই আসন্দীতে আবোহণ কবিলেন।

তিনি সেই আসন্দীতে আসীন হইলে বিশ্বদেবগণ বলিলেন, ইঁহার উৎক্রোশন[১] (গুণকীর্ত্তন) না কবিলে এই ইন্দ্র বীর্য্য দেখাইতে পারিবেন না, অতএব ইঁহাব উদ্দেশে আমবা উৎক্রোশন কবিব। তাহাই হউক বলিয়া বিশ্বদেবগণ তাঁহার উদ্দেশে উৎক্রোশন কবিতে লাগিলেন ও দেবগণও উৎক্রোশন কবিতে লাগিলেন। যথা—“ইনি সম্রাট্—সাম্রাজ্যেব যোগ্য , ইনি ভোজ, অতএব ভোজপিতা (ভোজগণেব) পালক ; ইনি স্ববাট্—স্বাবাজ্যেব যোগ্য ; ইনি বিবাট্—বৈরাজ্যেব যোগ্য ; ইনি বাজা—অতএব বাজপিতা ; ইনি পবমেষ্ঠী—পাবমেষ্ঠ্যেব যোগ্য ; ইঁহাতে ক্ষত্র জন্মিয়াছেন, ক্ষত্রিয জন্মিয়াছেন, বিশ্বভূতেব অধিপতি জন্মিয়াছেন, বৈশ্যগণের ভোক্তা জন্মিয়াছেন, [শক্রব] পুবেব (নগবের) ভেদকর্ত্তা জন্মিয়াছেন, অসুবগণেব হন্তা জন্মিযাছেন, ব্রহ্মেব (বেদেব) বক্ষাকর্ত্তা জন্মিয়াছেন, ধর্ম্মের বক্ষাকর্ত্তা জন্মিয়াছেন।”

এইরূপ উৎক্রোশনেব পব প্রজাপতি এই [পববর্ত্তী] ঋক্‌দ্বারা তাঁহাব অভিমন্ত্রণ করিলেন।

---

(১) উৎক্রোশন গুণকীর্ত্তন। বন্দীরা রাজার যেরূপ কীর্ত্তি পাঠ করে, সেইরূপ কীর্ত্তি পাঠ।

দ্বিতীয় খণ্ড

মহাভিষেক

"ব্রতধারী বরুণ গৃহে আসিয়া সাম্রাজ্য, ভৌজ্য, স্বারাজ্য, বৈরাজ্য, পারমেষ্ঠ্য রাজ্য, মাহারাজ্য, আধিপত্য, স্ববশতা ও চিরপ্রতিষ্ঠার জন্য সুসংকল্প করিয়া [আসন্দীতে] আসীন হইয়াছেন।"

সেই আসন্দীতে আসীন হইলে পর প্রজাপতি সেই আসন্দীর পূর্ব্বে পশ্চিমমুখে দাঁড়াইয়া উডুম্বরের আর্দ্র সপত্র শাখার ও সুবর্ণময় পবিত্রের ব্যবধান দিয়া "ইমা আপঃ শিবতমাঃ" ইত্যাদি ঋচ, "দেবস্য ত্বা" ইত্যাদি যজুঃ এবং "ভূর্ভুবঃ স্বঃ" এই ব্যাহৃতি দ্বারা তাঁহার অভিষেক করিয়াছিলেন।

তৃতীয় খণ্ড

মহাভিষেক

[প্রজাপতি কর্ত্তৃক অভিষেকের পরে] বসুদেবগণ ছয় দিন ও পঁচিশ দিন ব্যাপিয়া ঐ ঋচ, ঐ যজুঃ এবং ঐ ব্যাহৃতি দ্বারা সাম্রাজ্যের জন্য পূর্ব্ব দিকে ইন্দ্রের অভিষেক করিয়াছিলেন। সেই জন্য পূর্ব্ব দিকে প্রাচ্যগণের যে সকল রাজা আছেন, তাঁহারা দেবগণের ঐ বিধান অনুসারে সাম্রাজ্যের জন্য অভিষিক্ত হন; অভিষেকের পর তাঁহারা "সম্রাট্" নামে অভিহিত হন।

পরে রুদ্রদেবগণ ছয় দিন ও পঁচিশ দিন ব্যাপিয়া ঐ ঋচ, ঐ যজুঃ এবং ঐ ব্যাহৃতি দ্বারা ভৌজ্যের জন্য দক্ষিণ দিকে ইন্দ্রের অভিষেক করিয়াছিলেন। সেই জন্য দক্ষিণ দিকে সত্বৎগণের (তন্নামক জনগণের) যে সকল রাজা আছেন, তাঁহারা দেবগণের ঐ বিধান অনুসারে ভৌজ্যের জন্য অভিষিক্ত হন, অভিষেকের পর তাঁহারা "ভোজ" নামে অভিহিত হন।

পরে আদিত্যদেবগণ ছয় দিন ও পঁচিশ দিন ব্যাপিয়া ঐ ঋচ, ঐ যজুঃ এবং ঐ ব্যাহৃতিদ্বারা স্বারাজ্যের জন্য পশ্চিম দিকে ইন্দ্রের অভিষেক করিয়াছিলেন। সেই জন্য পশ্চিম দিকে নীচ্য ও অপাচ্যদিগের যে-সকল

রাজা আছেন, তাঁহারা দেবগণের ঐ বিধানানুসারে স্বারাজ্যের জন্য অভিষিক্ত হন ; অভিষেকের পর তাঁহারা "স্বরাট্" নামে অভিহিত হন।

পরে বিশ্বদেবগণ ছয় দিন ও পঁচিশ দিন ব্যাপিয়া ঐ ত্র্যচ, ঐ যজুঃ এবং ঐ ব্যাহৃতি দ্বারা উত্তর দিকে বৈরাজ্যের জন্য ইন্দ্রের অভিষেক করিয়াছিলেন। সেই জন্য উত্তর দিকে হিমবানের (হিমালয় পর্ব্বতের) ও-পারে যে উত্তর কুরু ও উত্তর মদ্র জনপদ আছে, তাহারা দেবগণের ঐ বিধানানুসারে বৈরাজ্যের জন্য অভিষিক্ত হয়, অভিষেকের পর তাহারা "বিরাট্" নামে অভিহিত হয়।

পরে সাধ্য ও আপ্ত্যদেবগণ ছয় দিন ও পঁচিশ দিন ব্যাপিয়া ঐ ত্র্যচ, ঐ যজুঃ এবং ঐ ব্যাহৃতি দ্বারা এই ধ্রুব-প্রতিষ্ঠিত মধ্যম দেশে রাজ্যের জন্য ইন্দ্রের অভিষেক করিয়াছিলেন। সেই জন্য এই ধ্রুব-প্রতিষ্ঠিত মধ্যম দেশে বশসহিত উশীনরগণের ও কুরুপঞ্চালগণের যে সকল রাজা আছেন, তাঁহারা দেবগণের ঐ বিধানানুসারে রাজ্যের জন্য অভিষিক্ত হন, অভিষেকের পর তাঁহারা রাজা নামে অভিহিত হন।

পরে ঊর্দ্ধদেশে মরুদ্গণ ও অঙ্গিরোদেবগণ ছয় দিন ও পঁচিশ দিন ব্যাপিয়া ঐ ত্র্যচ, ঐ যজুঃ ও ঐ ব্যাহৃতিদ্বারা পারমেষ্ঠ্য, মাহারাজ্য, আধিপত্য, স্ববশতা ও চিরপ্রতিষ্ঠার জন্য ইন্দ্রকে অভিষিক্ত করিয়াছিলেন, তাহাতে ইন্দ্র প্রজাপতির সম্বন্ধযুক্ত পরমেষ্ঠী (পরম পদে অবস্থিত) হইয়াছিলেন।

ঐ মহাভিষেকদ্বারা অভিষিক্ত হইয়া সেই ইন্দ্র সকল বিজয় লাভ করিয়াছিলেন, সকল লোক জানিতে পারিয়াছিলেন, সকল দেবগণের মধ্যে শ্রেষ্ঠতা, অতিশয় প্রতিষ্ঠা ও পরমতা (উৎকর্ষ) লাভ করিয়াছিলেন এবং সাম্রাজ্য, ভৌজ্য, স্বারাজ্য, বৈরাজ্য, পারমেষ্ঠ্য রাজ্য, মাহারাজ্য, আধিপত্য লাভ করিয়া ইহলোকে স্বয়ম্ভু,[১] স্বরাট্ ও অমর হইয়া এবং স্বর্গলোকে সকল কামনা প্রাপ্ত হইয়া অমরত্ব পাইয়াছিলেন।

---

(১) স্বয়ম্ভুঃ প্রজাপতিরূপঃ। (সায়ণ)

ঊনচত্বারিংশ অধ্যায়

প্রথম খণ্ড

মহাভিষেক

দেবগণ কর্ত্তৃক অনুষ্ঠিত ইন্দ্রেব মহাভিষেক বর্ণিত হইল। এই ক্ষণে ক্ষত্রিয় বাজাব পক্ষে সেই মহাভিষেক অনুষ্ঠান বর্ণিত হইতেছে।

ইহা (ইন্দ্রেব মহাভিষেক বৃত্তান্ত) জানিয়া কেহ (কোন আচার্য্য) যদি ক্ষত্রিযপক্ষে ইচ্ছা কবেন যে, এই ক্ষত্রিয সকল বিজয লাভ কবিবেন, সকল লোক জানিবেন, সকল বাজাব মধ্যে শ্রেষ্ঠতা, অতিশয প্রতিষ্ঠা ও পবমতা লাভ কবিবেন এবং সাম্রাজ্য, ভৌজ্য, স্বাবাজ্য, বৈবাজ্য, পাবমেষ্ঠ্য বাজ্য, মাহাবাজ্য, আধিপত্য পাইয়া সর্ব্বব্যাপী হইবেন ও [ভূমির] অন্ত পর্য্যন্ত সার্ব্বভৌম ও পবার্দ্ধকাল পর্য্যন্ত পূর্ণ আয়ুষ্মান্ হইবেন ও সমুদ্র পর্য্যন্ত পৃথিবীব একবাট্ (একমাত্র বাজা) হইবেন, তাহা হইলে তিনি সেই ক্ষত্রিযকে এইরূপে শপথ কবাইয়া ঐন্দ্র মহাভিষেক দ্বাবা অভিষিক্ত কবিবেন। যথা—[হে ক্ষত্রিয়] যদি তুমি আমাব দ্রোহ (বিবোধাচবণ) কব, তাহা হইলে তুমি যে বাত্রিতে জন্মিযাছ ও যে বাত্রিতে মবিবে, তদুভযেব মধ্যে তোমাব ইষ্টাপূর্ত্ত কর্ম্ম, [অর্জ্জিত] লোক, সুকৃত (পুণ্য) কর্ম্ম, আয়ু ও প্রজা, এই সমুদয় আমি অপহরণ কবিব।

ইহা জানিযা যে ক্ষত্রিয ইচ্ছা কবেন যে, আমি সকল বিজয লাভ কবিব, সকল লোক জানিব, সকল বাজাব মধ্যে শ্রেষ্ঠতা, অতিশয় প্রতিষ্ঠা ও পবমতা লাভ কবিব এবং সাম্রাজ্য, ভৌজ্য, স্বাবাজ্য, বৈবাজ্য, পাবমেষ্ঠ্য বাজ্য, মাহাবাজ্য, আধিপত্য পাইয়া আমি সর্ব্বব্যাপী হইব, [ভূমিব] অন্ত পর্য্যন্ত সার্ব্বভৌম ও পরার্দ্ধকাল পর্য্যন্ত পূর্ণ আয়ুষ্মান্ হইয়া সমুদ্র পর্য্যন্ত পৃথিবীব একবাট্ হইব, সেই ক্ষত্রিয় [আচার্য্যের বাক্যে] কোন সংশয় করিবেন না ও শ্রদ্ধার সহিত [শপথ করিয়া] বলিবেন, যদি আমি তোমাব দ্রোহ কবি, তাহা হইলে যে বাত্রিতে আমি জন্মিয়াছি ও যে রাত্রিতে আমি মরিব, তদুভয়ের মধ্যে আমাব ইষ্টাপূর্ত্ত কর্ম্ম ও [অর্জ্জিত] লোক ও সুকৃত কর্ম্ম, আয়ু ও প্রজা সমুদয় নষ্ট হইবে।

দ্বিতীয় খণ্ড

ক্ষত্রিয়ের মহাভিষেক

অনন্তর [এই শপথ গ্রহণের] পরে [আচার্য্য] বলিবেন—ন্যগ্রোধ, উডুম্বর, অশ্বত্থ ও প্লক্ষ, এই চারিটি বনস্পতির [ফল] সংগ্রহ কর। এই যে ন্যগ্রোধ, উহা বনস্পতিগণের ক্ষত্রস্বরূপ ; ন্যগ্রোধফল আহরণ করিলে এই ক্ষত্রিয়ে ক্ষত্রেরই স্থাপনা হয়। এই যে উডুম্বর, উহা বনস্পতিগণের মধ্যে ভৌজ্যস্বরূপ, উডুম্বরফল আহরণ করিলে তাঁহাতে ভৌজ্যের স্থাপনা হয়। এই যে অশ্বত্থ, উহা বনস্পতিমধ্যে সাম্রাজ্যস্বরূপ, অশ্বত্থফল আহরণ করিলে তাঁহাতে সাম্রাজ্যের স্থাপনা হয়। এই যে প্লক্ষ, উহা বনস্পতিমধ্যে স্বারাজ্য ও বৈরাজ্যস্বরূপ, প্লক্ষফল আহরণ করিলে তাঁহাতে স্বারাজ্যের ও বৈরাজ্যের স্থাপনা হয়।

তদনন্তর বলিবেন,—ব্রীহি, মহাব্রীহি,[১] প্রিয়ঙ্গু ও যব, এই চারিটি ওষধি দ্রব্য অঙ্কুরার্থ সংগ্রহ কর। এই যে ব্রীহি, ইহা ওষধিমধ্যে ক্ষত্রস্বরূপ ; ইহার অঙ্কুর আহরণে তাঁহাতে ক্ষত্রের স্থাপনা হয়, এই যে মহাব্রীহি, ইহা ওষধিমধ্যে সাম্রাজ্যস্বরূপ, ইহার অঙ্কুর আহরণে তাঁহাতে সাম্রাজ্যের স্থাপনা হয়। এই যে প্রিয়ঙ্গু, ইহা ওষধিমধ্যে ভৌজ্যস্বরূপ, ইহার অঙ্কুর আহরণে তাঁহাতে ভৌজ্যের স্থাপনা হয়, আর এই যে যব, ইহা ওষধিমধ্যে সেনাপতিত্বস্বরূপ, যবের অঙ্কুর আহরণে তাঁহাতে সেনাপতিত্ব স্থাপন করা হয়।

তৃতীয় খণ্ড

ক্ষত্রিয়ের মহাভিষেক

অনন্তর ইঁহার জন্য উডুম্বরনির্ম্মিত আসন্দী সংগ্রহ করিবে ; ঐ সম্বন্ধে ব্রাহ্মণ পূর্ব্বে[১] বলা হইয়াছে। আর উডুম্বরনির্ম্মিত চমস অথবা (অন্যরূপ) পাত্র এবং উডুম্বরশাখা সংগ্রহ করিবে। ঐ সকল (পূর্ব্বোক্ত)

---

(১) সূক্ষ্মবীজরূপা ব্রীহয়ঃ ; প্রৌঢ়বীজরূপা মহাব্রীহয়ঃ। (সায়ণ)

(১) পূর্ব্ববর্ত্তী ৩৭ অধ্যায়ে, দ্বিতীয় খণ্ডে।

ওষধিদ্রব্য সংগ্রহ করিয়া ঐ উডুম্বরনির্ম্মিত পাত্রে বা চমসে রাখিবে ও রাখা হইলে তাহাতে দধি, মধু, সর্পি ও আতপযুক্ত বৃষ্টির জল আনিয়া তাহাতে স্থাপন করিয়া আসন্দীর উদ্দেশে এই মন্ত্র বলিবে :—"বৃহৎ ও রথন্তর তোমার সম্মুখের পা হউক, বৈরূপ ও বৈরাজ তোমার পশ্চাতের পা হউক, শাক্বর ও বৈরত শীর্ষস্থ ফলক হউক, নৌধস ও কালেয় পার্শ্ববর্ত্তী ফলক হউক, ঋক্‌সকল পূর্ব্বমুখে বিস্তৃত হউক ও সামসকল তির্য্যগ্‌রূপে বয়ন করা হউক, যজুঃসকল তন্মধ্যস্থ ছিদ্র হউক, যশ আস্তরণ হউক ও শ্রী উপবর্হণ (উপাধান) হউক, সবিতা ও বৃহস্পতি সম্মুখের পা ধরিয়া থাকুন, বায়ু ও পূষা পশ্চাতের পা ধরিয়া থাকুন, মিত্র ও বরুণ শীর্ষস্থ ফলক ও অশ্বিদ্বয় পার্শ্ববর্ত্তী ফলক ধরিয়া থাকুন।"

তদনন্তর তাঁহাকে ঐ আসন্দীতে এই মন্ত্রে আরোহণ করাইবে, যথা :—"গায়ত্রীছন্দ, ত্রিবৃৎস্তোম ও রথন্তর সামের সহিত বসুগণ উহাতে আরোহণ করুন, তাঁহাদের অনুবর্ত্তী হইয়া তুমি সাম্রাজ্যের জন্য আরোহণ কর। ত্রিষ্টুপ্‌ছন্দ, পঞ্চদশ স্তোম ও বৃহৎ সামের সহিত রুদ্রগণ উহাতে আরোহণ করুন; তাঁহাদের অনুবর্ত্তী হইয়া তুমি ভৌজ্যের জন্য আরোহণ কর। জগতী ছন্দ, সপ্তদশ স্তোম ও বৈরূপ সামের সহিত আদিত্যগণ উহাতে আরোহণ করুন, তাঁহাদের অনুবর্ত্তী হইয়া স্বারাজ্যের জন্য তুমি আরোহণ কর। অনুষ্টুপ্ ছন্দ, একবিংশ স্তোম ও বৈরাজ সামের সহিত বিশ্বদেবগণ উহাতে আরোহণ করুন; তাঁহাদের অনুবর্ত্তী হইয়া বৈরাজ্যের জন্য তুমি আরোহণ কর। অতিছন্দ ছন্দ, ত্রয়স্ত্রিংশ স্তোম ও রৈবত সামের সহিত মরুদ্গণ ও অঙ্গিরোদেবগণ উহাতে আরোহণ করুন, তাঁহাদের অনুবর্ত্তী হইয়া পারমেষ্ঠ্যের জন্য তুমি আরোহণ কর। পঙ্‌ক্তি ছন্দ, ত্রিণব স্তোম ও শাক্বর সামের সহিত সাধ্য ও আপ্ত্যদেবগণ উহাতে আরোহণ করুন, তাঁহাদের অনুবর্ত্তী হইয়া রাজ্য, মাহারাজ্য, আধিপত্য, স্ববশতা ও চির-প্রতিষ্ঠার জন্য তুমি আরোহণ কর।" এই মন্ত্র বলিয়া তাঁহাকে ঐ আসন্দীতে আরোহণ করাইবেন।

ঐ আসন্দীতে তিনি আসীন হইলে রাজকর্ত্তারা[১] তাঁহাকে বলিবেন, উৎক্রোশন (গুণকীর্ত্তন) না করিলে ক্ষত্রিয় বীর্য্য দেখাইতে সমর্থ হন না,

(১) 'রাজকর্ত্তারঃ পিতৃভ্রাত্রাদয়ঃ।

অতএব ইঁহাকে লক্ষ্য করিয়া উৎক্রোশন করিব। তাহাই হউক বলিয়া রাজকর্ত্তারা এবং জনসমূহ তাঁহাকে লক্ষ্য করিয়া এইরূপে উৎক্রোশন করিবে; যথা—"ইনি সম্রাট্—সাম্রাজ্যের যোগ্য, ইনি ভোজ—অতএব ভোজপিতা, ইনি স্বরাট্—স্বারাজ্যের যোগ্য, ইনি বিরাট্—বৈরাজ্যের যোগ্য, ইতি পরমেষ্ঠী—পারমেষ্ঠ্যের যোগ্য, ইনি রাজা—অতএব রাজপিতা, ক্ষত্র ইহাঁতে জন্মিয়াছেন, ক্ষত্রিয় ইহাঁতে জন্মিয়াছেন, বিশ্বভূতের অধিপতি জন্মিয়াছেন, বৈশ্যগণের ভোক্তা জন্মিয়াছেন, শত্রুগণের হন্তা জন্মিয়াছেন, ব্রহ্মের রক্ষক জন্মিয়াছেন, ধর্ম্মের রক্ষক জন্মিয়াছেন।"

এইরূপে উৎক্রোশনের পর, যিনি ইহা জানেন, তিনি এই [পরবর্ত্তী] ঋকে তাঁহার অভিমন্ত্রণ করিবেন।

চতুর্থ খণ্ড

ক্ষত্রিয়ের মহাভিষেক

[অভিমন্ত্রণ মন্ত্র] "ব্রতধারী বরুণ গৃহে আসিয়া সাম্রাজ্য, ভৌজ্য, স্বারাজ্য, বৈরাজ্য, পারমেষ্ঠ্য রাজ্য, মাহারাজ্য, আধিপত্য, স্ববশতা ও চির-প্রতিষ্ঠার জন্য সঙ্কল্প করিয়া [আসন্দীতে] আসীন হইয়াছেন।"

সেই আসন্দীতে আসীন ক্ষত্রিয়ের সম্মুখে পশ্চিমমুখে দাঁড়াইয়া উদুম্বরের আর্দ্র সপত্র শাখার ও সুবর্ণময় পবিত্রের ব্যবধান দিয়া "ইমা আপঃ শিবতমাঃ" ইত্যাদি ত্র্যৃচ, "দেবস্য ত্বা" ইত্যাদি যজুঃ এবং "ভূর্ভুবঃ স্বঃ" এই ব্যাহৃতিদ্বারা তাঁহার অভিষেক করিবেন।

পঞ্চম খণ্ড

ক্ষত্রিয়ের মহাভিষেক

[অভিষেকান্তে অভিমন্ত্রণ মন্ত্র] "ছয় দিন ও পঁচিশ দিন ব্যাপিয়া এই ত্র্যৃচ, এই যজুঃ, এই ব্যাহৃতিদ্বারা বসুদেবগণ তোমাকে সাম্রাজ্যের জন্য পূর্ব্বদেশে অভিষিক্ত করুন, ছয় দিন ও পঁচিশ দিন ব্যাপিয়া এই ত্র্যৃচ, এই যজুঃ, এই ব্যাহৃতিদ্বারা রুদ্রদেবগণ তোমাকে ভৌজ্যের জন্য দক্ষিণ দেশে অভিষিক্ত করুন; ছয় দিন ও পঁচিশ দিন ব্যাপিয়া এই ত্র্যৃচ,

এই যজুঃ, এই ব্যাহৃতিদ্বারা আদিত্যদেবগণ তোমাকে স্বারাজ্যের জন্য পশ্চিম দেশে অভিষিক্ত করুন; ছয় দিন ও পঁচিশ দিন ব্যাপিয়া এই ত্র্যচ, এই যজুঃ, এই ব্যাহৃতিদ্বারা বিশ্বদেবগণ তোমাকে বৈরাজ্যের জন্য উত্তরদেশে অভিষিক্ত করুন; ছয় দিন ও পঁচিশ দিন ব্যাপিয়া এই ত্র্যচ, এই যজুঃ, এই ব্যাহৃতিদ্বারা মরুদগণ ও অঙ্গিরোদেবগণ তোমাকে পারমেষ্ঠ্যের জন্য উর্দ্ধদেশে অভিষিক্ত করুন। ছয় দিন ও পঁচিশ দিন ব্যাপিয়া এই ত্র্যচ, এই যজুঃ, এই ব্যাহৃতিদ্বারা সাধ্য ও আপ্ত্যদেবগণ তোমাকে রাজ্য, মাহারাজ্য, আধিপত্য, স্ববশতা ও চিরপ্রতিষ্ঠার জন্য ধ্রুবপ্রতিষ্ঠিত মধ্যমদেশে অভিষিক্ত করুন; ইনি প্রজাপতির সম্বন্ধযুক্ত পরমেষ্ঠী হইলেন।"

যে ক্ষত্রিয়কে শপথের পর ঐন্দ্র মহাভিষেকদ্বারা অভিষিক্ত করা হয়, তিনি এই ঐন্দ্র মহাভিষেকদ্বারা অভিষিক্ত হইলে সকল বিজয় লাভ করেন, সকল লোক জানিতে পারেন, সকল রাজার মধ্যে শ্রেষ্ঠতা, অতিশয় প্রতিষ্ঠা, পরমতা লাভ করেন, সাম্রাজ্য, ভৌজ্য, স্বারাজ্য, বৈরাজ্য, পারমেষ্ঠ্য রাজ্য, মাহারাজ্য, আধিপত্য লাভ করিয়া ইহলোকে স্বয়ম্ভু স্বরাট্ অমর হয়েন এবং স্বর্গলোকেও সকল কামনা প্রাপ্ত হইয়া অমরত্ব লাভ করেন।

ষষ্ঠ খণ্ড

ক্ষত্রিয়ের মহাভিষেক

এই যে দধি, উহা এই লোকে ইন্দ্রিয়স্বরূপ; দধিদ্বারা অভিষেক করিলে ইঁহাতে ইন্দ্রিয়ের স্থাপনা হয়। এই যে মধু, উহা ওষধি ও বনস্পতির রসস্বরূপ; মধুদ্বারা অভিষেক করিলে ইঁহাতে রসের স্থাপনা হয়। এই যে ঘৃত (সর্পিঃ), উহা পশুগণের তেজঃস্বরূপ; ঘৃতদ্বারা অভিষেক করিলে ইঁহাতে তেজের স্থাপনা হয়। এই যে জল, উহা এই লোকে অমৃতস্বরূপ; জলদ্বারা অভিষেক করিলে ইঁহাতে অমৃতেরই স্থাপনা হয়।

অভিষেকের পর সেই ক্ষত্রিয় অভিষেককর্ত্তা ব্রাহ্মণকে সহস্র হিরণ্য (স্বর্ণখণ্ড) দিবেন, ক্ষেত্র দিবেন, চতুষ্পদ (পশু) দিবেন। আবার

এরূপও বলা হয় যে, অসংখ্য ও অপবিমিত [দক্ষিণা] দিবেন ; কেন না, ক্ষত্রিযও অপবিমিত , ইহাতে অপবিমিত ফলেব রক্ষা ঘটিবে।

[দক্ষিণাদানেব] পবে তাঁহাব হস্তে সুবাপূর্ণ কাংস্যপাত্র দিয়া বলা হয়,—"স্বাদিষ্ঠযা মদিষ্ঠযা পবস্ব সোমধাবযা, ইন্দ্রায পাতবে সুতঃ"—অহে সোম, ইন্দ্রেব পানেব জন্য অভিষুত হইযা স্বাদুতম ও মাদকতম ধাবাদ্বাবা তুমি [ইঁহাকে] পূত কব।

ক্ষত্রিয এই দুই মন্ত্রে ঐ সুবা পান কবিবেন—"যদত্র শিষ্টং বসিনঃ সুতস্য যদিন্দ্রো অপিবচ্ছচীভিঃ, ইদং তদস্য মনসা শিবেন সোমং বাজানমিহ ভক্ষযামি"—অভিষুত ও বসযুক্ত [সোমেব] শেষ ভাগ, যাহা ইন্দ্র শচীগণ দ্বাবা [সংস্কৃত][1] কবিযা পান কবিযাছিলেন, সেই বাজা সোমকে (অর্থাৎ এ স্থলে তৎস্থানীয ব্রীহ্যাদিব অঙ্কুবোৎপন্ন এই সুবাকে) আমি মঙ্গলপূর্ণ মনে ভক্ষণ কবিতেছি। অপিচ, "অভি ত্বা বৃষভা সুতে সুতং সৃজামি পীতয়ে, তৃম্পা ব্যশ্নুহী মদম্"[2]—হে বৃষভ (শ্রেষ্ঠ অর্থাৎ ইন্দ্র), তোমাব জন্য ইহা অভিষুত হইযাছে, তোমাব পানেব জন্য এই অভিষুত [সোম অর্থাৎ সুবা] তোমাকে দিতেছি , তুমি তৃপ্ত হও ও মদ (আনন্দ) ভোগ কব।

সুবাতে যে সোমপীথ (পেয সোম) প্রবিষ্ট আছে, ঐন্দ্র মহাভিষেক দ্বাবা অভিষিক্ত ক্ষত্রিয এতদ্দ্বাবা তাহাই ভক্ষণ করেন, সুবা ভক্ষণ কবেন না।[3]

সুবাপানেব পব "অপাম সোমং"[4] এবং "শং নো ভব"[5] এই দুই মন্ত্রে অভিমন্ত্রণ কবিবে।

প্রিয পুত্র যেমন পিতাকে দেহাত্যয পর্য্যন্ত মঙ্গলপূর্ণ সুখ দেয়, প্রিযা জায়া যেমন পতিকে সুখ দেয, সেইরূপ ঐন্দ্র মহাভিষেক দ্বারা অভিষিক্ত

---

(১) "যদিন্দ্রো অপিবচ্ছচীভিঃ"—যদ্ দ্রব্যং শচীভিঃ কর্ম্মবিশেষৈঃ সংস্কৃত-মিন্দ্রোঽপিবৎ। শচীশব্দঃ কর্ম্মনাম। (সায়ণ)

(২) ৮।৪৫।২২।

(৩) অর্থাৎ ক্ষত্রিয় ঐরূপে বিধিপূর্ব্বক সুরাপান করিলে তাঁহার সোমপানেরই ফল হয়। সুরা এ স্থলে সোমেই পরিণত হইয়াছে।

(৪) ৮।৪৮।৩।   (৫) ৮।৪৮।৪।

ক্ষত্রিয়কে, সুরাই হউক বা সোমই হউক বা অন্য অন্নই হউক, উহাও দেহাত্যয় পর্য্যন্ত স্থায়ী মঙ্গলপূর্ণ সুখ দিয়া থাকে।

সপ্তম খণ্ড

মহাভিষেক

এই *ঐন্দ্র* মহাভিষেক দ্বারা তুর কাবষেয়[১] জনমেজয় পারিক্ষিতের অভিষেক করিয়াছিলেন, তাহাতে জনমেজয় পারিক্ষিত সর্ব্বদিকে পৃথিবীর অন্ত পর্য্যন্ত জয় করিয়া পর্য্যটন করিয়াছিলেন ও অশ্বমেধ যাগ করিয়াছিলেন। সে বিষয়ে এই যজ্ঞগাথা গীত হইয়া থাকে,—"জনমেজয় আসন্দীবান্ দেশে[২] ধান্যভোজী রুক্মী (ললাটে শ্বেতচিহ্নধারী) হরিতস্রগ্-ভূষিত সারঙ্গ (শ্রেষ্ঠযাগযোগ্য) অশ্বকে দেবগণের উদ্দেশে বন্ধন করিয়াছিলেন।"

এই *ঐন্দ্র* মহাভিষেক দ্বারা চ্যবন ভার্গব শার্য্যাত মানবকে[৩] অভিষেক করিয়াছিলেন। তাহাতে শার্য্যাত মানব সর্ব্বদিকে পৃথিবীর অন্ত পর্য্যন্ত জয় করিয়া পর্য্যটন করিয়াছিলেন, অশ্বমেধ যাগ করিয়াছিলেন এবং দেবগণের সত্রেও গৃহপতি হইয়াছিলেন।

এই *ঐন্দ্র* মহাভিষেক দ্বারা সোমশুষ্মা বাজরত্নায়ন[৪] শতানীক সাত্রাজিতকে অভিষেক করিয়াছিলেন। তাহাতে শতানীক সাত্রাজিত সর্ব্বদিকে পৃথিবীর অন্ত পর্য্যন্ত জয় করিয়া পর্য্যটন করিয়াছিলেন ও অশ্বমেধ যাগ করিয়াছিলেন।

এই *ঐন্দ্র* মহাভিষেক দ্বারা পর্ব্বত ও নারদ আম্বাষ্ঠ্যকে অভিষেক করিয়াছিলেন, তাহাতে আম্বাষ্ঠ্য সর্ব্বদিকে পৃথিবীর অন্ত পর্য্যন্ত জয় করিয়া পর্য্যটন ও অশ্বমেধ যাগ করিয়াছিলেন।

(১) কাবষেয়ঃ—কবষপুত্রঃ। এইরূপ পরে সর্ব্বত্র। যে স্থলে পুত্র না হইয়া পৌত্র বা অন্য বংশধর বুঝাইবে, সেখানেই কেবল টীকা দেওয়া যাইবে।

(২) মূলে আছে "আসন্দীবতি"—আসন্দীবানিতি দেশবিশেষস্য নামধেয়ং তস্মিন্ দেশে। (সায়ণ)

(৩) মানব—মনুবংশোৎপন্ন (সায়ণ)।

(৪) বাজরত্নের পৌত্র (সায়ণ)।

এই ঐন্দ্র মহাভিষেক দ্বারা পর্ব্বত ও নারদ যুধাংশ্রৌষ্টি ঔগ্রসেন্যকে অভিষেক করিয়াছিলেন, তাহাতে যুধাংশ্রৌষ্টি ঔগ্রসেন্য সর্ব্বদিকে পৃথিবীর অন্ত পর্য্যন্ত জয় করিয়া পর্য্যটন ও অশ্বমেধ যাগ করিযাছিলেন।

এই ঐন্দ্র মহাভিষেক দ্বারা কশ্যপ, বিশ্বকর্ম্মা ভৌবনকে অভিষেক করিয়াছিলেন, তাহাতে বিশ্বকর্ম্মা ভৌবন সর্ব্বদিকে পৃথিবীর অন্ত পর্য্যন্ত জয় করিয়া পর্য্যটন ও অশ্বমেধ যাগ করিযাছিলেন। উদাহরণ আছে যে, ভূমি-দেবতা এই বিষয়ে এইরূপ [গাথা] গান করিযাছিলেন, [এ পর্য্যন্ত] "কোন মর্ত্ত্য আমাকে দান করিবার যোগ্য হয় নাই, অহে বিশ্বকর্ম্মা ভৌবন, তুমি আমাকে কশ্যপকে দিতে চাহিতেছ; আমি সলিলের (সমুদ্রের) মধ্যে নিমগ্ন হইব, তাহা হইলে তোমার এই দান ব্যর্থ হইবে।"

এই ঐন্দ্র মহাভিষেক দ্বারা বসিষ্ঠ সুদাস্ পৈজবনকে অভিষেক করিযাছিলেন, তাহাতে সুদাস্ পৈজবন সর্ব্বদিকে পৃথিবীর অন্ত পর্য্যন্ত জয় করিযা পর্য্যটন ও অশ্বমেধ যাগ করিযাছিলেন।

এই ঐন্দ্র মহাভিষেক দ্বারা সংবর্ত্ত আঙ্গিরস মরুত্ত আবিক্ষিতকে অভিষেক করিযাছিলেন, তাহাতে মরুত্ত আবিক্ষিত সর্ব্বদিকে পৃথিবীর অন্ত পর্য্যন্ত জয় করিযা পর্য্যটন ও অশ্বমেধ যাগ করিযাছিলেন। তাহাই উপলক্ষ্য করিযা এই শ্লোক গীত হয, যথা—"মরুদ্গণ মরুত্তের গৃহে পরিবেষণ-কর্ত্তা হইযা বাস করিতেন, বিশ্বদেবগণ পূর্ণকাম অবিক্ষিৎপুত্রের সভাসদ্ ছিলেন।"

অষ্টম খণ্ড

মহাভিষেক

এই ঐন্দ্র মহাভিষেক দ্বারা উদময আত্রেয অঙ্গের অভিষেক করিয়াছিলেন, তাহাতেই অঙ্গ সর্ব্বদিকে পৃথিবীর অন্ত পর্য্যান্ত জয় করিযা অশ্বমেধ যাগ করিযাছিলেন। সেই অলোপাঙ্গ (সম্পূর্ণাঙ্গ অর্থাৎ সুশ্রী রাজা) [তাঁহার পুরোহিত উদময আত্রেযকে] বলিযাছিলেন—"অহে ব্রাহ্মণ, তুমি [তোমার] এই যজ্ঞে আমাকে আহ্বান করিও, আমি [দক্ষিণার্থ] তোমাকে দশ সহস্র নাগ (হস্তী) ও দশ সহস্র দাসী দান করিব।' এই বিষয় উপলক্ষ্যে এই শ্লোক কয়টি গীত হয়, যথা [প্রথম

শ্লোক]—"প্রিয়মেধের পুত্রগণ (উদময়ের যজ্ঞে যাঁহারা ঋত্বিক্ ছিলেন, তাঁহারা) যে সমুদয় গাভী লইয়া উদময়ের যাগ করিয়াছিলেন, আত্রেয় (অত্রিপুত্র উদময়) সেই বদ্ধ (শতকোটি) গাভীর মধ্যে [প্রতি দিন] মাধ্যন্দিন সবনে[১] দুই দুই সহস্র দান করিতেন।" [দ্বিতীয় শ্লোক] "বৈরোচন (বিরোচনের পুত্র অঙ্গরাজা) তাঁহার পুরোহিত (উদময়) যাগে প্রবৃত্ত হইলে আটাশী হাজার পৃষ্ঠবাহনযোগ্য শ্বেত অশ্ব [আপন অশ্বশালা হইতে] খুলিয়া আনিয়া দান করিয়াছিলেন।" [তৃতীয় শ্লোক] "[দিগ্বিজয়কালে] এদেশ ওদেশ হইতে আনীত নিষ্ককণ্ঠী আঢ্যদুহিতার মধ্যে দশ সহস্রকে[২] আত্রেয় (অঙ্গরাজ-পুরোহিত উদময়) দান করিয়াছিলেন।" [চতুর্থ শ্লোক] "অঙ্গের ব্রাহ্মণ (পুরোহিত) আত্রেয় (উদময়) অবচৎনুক নামক দেশে দশ সহস্র নাগ (হস্তী) দান করিয়া [স্বয়ং[৩]] ক্লান্ত হইয়া [শেষে] পরিচারকদিগকে [দান করিতে] আদেশ দিয়াছিলেন।" [পঞ্চম শ্লোক] [পরিচারকদিগকে আদেশের সময়] "তুমি এক শত দাও, তুমি এক শত দাও, এইরূপ আদেশ দিয়াও ক্লান্ত হইয়াছিলেন, পরে 'তুমি সহস্র দাও' এই কথা বলিতে বলিতেও [ক্লান্ত হইয়া] তাঁহাকে শ্বাস গ্রহণ করিতে হইয়াছিল।"

নবম খণ্ড

ঐন্দ্র মহাভিষেক

এই ঐন্দ্র মহাভিষেক দ্বারা দীর্ঘতমা মামতেয় ভরত দৌষ্মন্তিকে অভিষেক করিয়াছিলেন; তাহাতেই ভরত দৌষ্মন্তি সর্ব্বদিকে পৃথিবীর অন্ত পর্য্যন্ত জয় করিয়া বহুসংখ্যক অশ্বমেধ যাগ করিয়াছিলেন। উহা উপলক্ষ্য করিয়া এই শ্লোকগুলি গীত হইয়া থাকে, যথা—[প্রথম শ্লোক]

(১) মূলে আছে "মধ্যতঃ," সায়ণ অর্থ করেন "মাধ্যন্দিনসবনে"।

(২) নিষ্ক নামক আভরণ যাহাদের কণ্ঠে, তাহারা নিষ্ককণ্ঠী। আঢ্যদুহিতা ধনিক-কন্যা। অঙ্গরাজা দিগ্বিজয়কালে ইহাদিগকে আনিয়াছিলেন ও তন্মধ্যে দশ সহস্র কন্যা আপন পুরোহিতকে দানার্থ দিয়াছিলেন।

(৩) স্বয়ং ক্লান্ত হইয়া ভৃত্যদিগকে আদেশ দিলেন, তোমরা দান কর।

"মষ্ণার নামক দেশে ভরত কৃষ্ণবর্ণ শুক্লদন্ত হিরণ্যশোভিত এক শত-সাত-বদ্বসংখ্যক মৃগ[১] দান করিয়াছিলেন।" [দ্বিতীয় শ্লোক] "দুষ্মন্তপুত্র ভরত সাচীগুণ নামক দেশে অগ্নি চয়ন করিযাছিলেন ; সেইখানে সহস্র ব্রাহ্মণের প্রত্যেকে বদ্ব (শতকোটি) সংখ্যক গাভী ভাগে পাইয়াছিলেন।" [তৃতীয় শ্লোক] "দুষ্মন্তের পুত্র ভরত যমুনার নিকটে আটাত্তরটি ও গঙ্গাতীরে বৃত্রঘ্ন নামক স্থানে পঞ্চান্নটি অশ্ব [অশ্বমেধের জন্য] বাঁধিয়াছিলেন।" [চতুর্থ শ্লোক] "এই দুষ্মন্তপুত্র রাজা [ঐরূপে] এক শত তেত্রিশটি মেধ্য (যাগযোগ্য) অশ্ব বন্ধনের ফলে [বিপক্ষ] রাজার মায়া (কৌশল) আপনার বলবত্তর মায়াদ্বারা পরাভূত করিযাছিলেন।" [পঞ্চম শ্লোক] "মর্ত্ত্য (মনুষ্য) যেমন হস্তদ্বারা দ্যুলোক স্পর্শ করিতে পারে না, সেইরূপ ভরতের কৃত মহাকর্ম্ম পূর্ব্বে বা পরে পঞ্চমানবের মধ্যে[২] কোন জন করিতে পারে নাই।"

এই ঐন্দ্র মহাভিষেককথা বৃহদুক্‌থ ঋষি দুর্ম্মুখ পাঞ্চালকে[৩] বলিযাছিলেন। তাহাতেই দুর্ম্মুখ পাঞ্চাল রাজা হইযা এই বিদ্যা (জ্ঞান) দ্বারা সর্ব্বদিকে পৃথিবীর অন্ত পর্য্যন্ত জয করিযা পর্য্যটন করিযাছিলেন।

এই ঐন্দ্র মহাভিষেকের কথা বাসিষ্ঠ সাত্যহব্য[৪] অত্যরাতি জানন্তপিকে[৫] বলিযাছিলেন, তাহাতেই অত্যরাতি জানন্তপি রাজা হইযা এই বিদ্যাদ্বারা সর্ব্বদিকে পৃথিবীর অন্ত পর্য্যন্ত জয করিযা পর্য্যটন করিযাছিলেন।

সেই বাসিষ্ঠ সাত্যহব্য [অত্যরাতিকে] বলিযাছিলেন, "তুমি [এই বিদ্যাবলে] সর্ব্বদিকে পৃথিবীর অন্ত পর্য্যন্ত জয করিযাছ, আমাকে মহত্ত্ব (ঐশ্বর্য্য) প্রাপ্ত করাও"। অত্যরাতি জানন্তপি বলিলেন, "অহে ব্রাহ্মণ, আমি যখন উত্তরকুরু জয করিব, তুমি তখন এই পৃথিবীর রাজা হইবে,

(১) মৃগ = হস্তী। মৃগশব্দেনাত্র গজা বিবক্ষিতাঃ (সায়ণ)। বদ্ব = বৃন্দ অর্থাৎ শতকোটি।

(২) পঞ্চমানবা নিষাদপঞ্চমাশ্চত্বারো বর্ণাঃ। ব্রাহ্মণ, ক্ষত্রিয়, বৈশ্য, শূদ্র ও নিষাদ, এই পঞ্চ শ্রেণীর মনুষ্য। (সায়ণ)

(৩) পাঞ্চাল = পঞ্চালদেশস্বামী।

(৪) বাসিষ্ঠ = বসিষ্ঠগোত্রোৎপন্ন, সাত্যহব্য = সত্যহব্যের পুত্র।

(৫) জনন্তপের পুত্র।

আমি তোমাব সেনাপতি হইব।” বাসিষ্ঠ সাত্যহব্য বলিলেন, “ঐ দেশ (উত্তরকুরু) দেবক্ষেত্র, মর্ত্ত্য (মনুষ্য) উহা জয় কবিবার অযোগ্য; তুমি আমাব দ্রোহ (প্রতাবণা) কবিলে, তোমাব এই [বীর্য্য] আমি অপহরণ কবিব।”

তদনন্তব (সাত্যহব্যকর্তৃক অভিশাপেব পব) অপহৃতবীর্য্য ও নিঃশুক্র (তেজোবহিত) সেই অত্যবাতি জানন্তপিকে শত্রুদমন শৈবা৬ শুষ্মিণ নামক বাজা বধ কবিযাছিলেন।

সেই জন্য যে ব্রাহ্মণ এই [ঐন্দ্র মহাভিষেকেব বিষয] জানেন ও এই কর্ম্ম কবেন, তাঁহাব প্রতি ক্ষত্রিয যেন দ্রোহ না কবেন; তাহা হইলেই তাঁহাব বাষ্ট্র হইতে ভ্রংশেব অথবা প্রাণনাশেব আশঙ্কা থাকিবে না।

চত্বাবিংশ অধ্যায়

প্রথম খণ্ড

পুবোহিত নিযোগ

ক্ষত্রিয়েব মহাভিষেক বর্ণিত হইল। ক্ষত্রিয় বাজা ব্রাহ্মণ পুবোহিত বাখিযা থাকেন, সেই পুবোহিত সম্বন্ধে কর্ত্তব্য নিরূপণেব পব ঐতবেয ব্রাহ্মণ সমাপ্ত হইতেছে। উহাই এই অন্তিম অধ্যায়েব বিষয।

অনন্তব পুবোধাব (পুবোহিতেব) বিধান। যে বাজাব পুবোহিত নাই, দেবগণ তাঁহাব অন্ন ভোজন কবেন না, সেই জন্য যে বাজা যাগ কবিতে চাহেন,[১] তিনি, দেবগণ আমাব অন্ন ভোজন করিবেন, এই উদ্দেশে ব্রাহ্মণকে পুবোহিত কবিবেন। এই পুবোহিত-নিয়োগ দ্বাবা বাজা স্বর্গসাধক অগ্নিবই উদ্ধার কবিয়া থাকেন। পুবোহিত তাঁহাব আহবনীযেব, জায়া (পত্নী) গার্হপত্যেব ও পুত্র অন্বাহার্য্য-পচনেব (দক্ষিণাগ্নিব) তুল্য। পুরোহিত সম্পাদন দ্বাবা তিনি আহবনীযে হোম কবেন, জায়াদ্বাবা

(৬) শৈব্যঃ শিবিপুত্রঃ।

(১) মূলে আছে “রাজা যক্ষ্যমাণঃ”। “রাজাঽযক্ষ্যমাণঃ” এই ভিন্ন পাঠও সায়ণ স্বীকার করেন। তাৎপর্য্য যে, রাজা যাগ না করিলেও পুরোহিত রাখিবেন।

গার্হপত্যে হোম করেন ও পুত্রদ্বারা অন্বাহার্য্য-পচনে হোম করেন। সেই অগ্নিগণ এইরূপে আহুতি পাইয়া শান্ততনু হইয়া ও তাঁহার প্রতি প্রীত হইয়া তাঁহাকে স্বর্গলোক, ক্ষত্র, বল, রাষ্ট্র ও প্রজার অভিমুখে[২] লইয়া যান। আহুতি না দিলে তাঁহারা অশান্ততনু ও অপ্রীত থাকিয়া তাঁহাকে স্বর্গলোক, ক্ষত্র, বল, রাষ্ট্র ও প্রজা হইতে ভ্রষ্ট করেন।

এই যে পুরোহিত, তিনি পঞ্চমেনিবিশিষ্ট[৩] বৈশ্বানর-অগ্নিস্বরূপ; তাঁহার বাক্যে একটি, পদদ্বয়ে একটি, ত্বকে একটি, হৃদয়ে একটি ও উপস্থে একটি মেনি (অগ্নিশিখা) আছে। তিনি সেই জ্বলন্ত দীপ্যমান মেনির সহিত রাজার সমীপে উপস্থিত হন। রাজা যখন বলেন, "ভগবান্, আপনি কোথায় ছিলেন? [অহে ভৃত্যগণ, ইহার বসিবার জন্য] তৃণ (কুশাসন) আনয়ন কর," তখন তাঁহার বাক্যে যে মেনি ছিল, তাহা শান্ত হয়। যখন তাঁহার পাদ্য (পাদপ্রক্ষালনার্থ) জল আনা হয়, তখন তাঁহার পদদ্বয়ে যে মেনি ছিল, তাহা শান্ত হয়। পরে যখন তাঁহাকে [বস্ত্রগন্ধাদি দ্বারা] অলঙ্কৃত করা হয়, তখন তাঁহার ত্বকের মেনি শান্ত হয়। যখন তাঁহাকে [ধনাদি দ্বারা] তৃপ্ত করা হয়, তখন তাঁহার হৃদয়ের মেনি শান্ত হয়। পরে যখন তাঁহাকে গৃহমধ্যে অবিরোধে বাস করিতে দেওয়া হয়, তখন তাঁহার উপস্থের মেনি শান্ত হয়। তিনি (সেই অগ্নিস্বরূপ পুরোহিত) এইরূপ আহুতি পাইয়া শান্ততনু ও প্রীত হইয়া তাঁহাকে স্বর্গলোক, ক্ষত্র, বল, রাষ্ট্র ও প্রজার অভিমুখে লইয়া যান, আর ঐরূপ আহুতি না পাইলে অশান্ততনু ও অপ্রীত থাকিয়া তাঁহাকে স্বর্গলোক, ক্ষত্র, বল, রাষ্ট্র ও প্রজা হইতে ভ্রষ্ট করেন।

---

(২) এ স্থলে প্রজা অর্থে সন্তান নহে। মূলে "বিশ্" শব্দ আছে।

(৩) পরোপদ্রবকারিণী ক্রোধরূপা শক্তিঃ মেনিরিত্যুচ্যতে, যথা অগ্নের্জ্বালা তদ্বৎ। (সায়ণ)।

দ্বিতীয় খণ্ড

পুবোহিত-প্রশংসা

এই যে পুবোহিত, ইনি পঞ্চমেনিবিশিষ্ট বৈশ্বানব-অগ্নিস্বৰূপ ; সমুদ্র যেমন ভূমিকে বেষ্টন কবিযা থাকে, তিনিও সেইৰূপ মেনি (শক্তি) দ্বাবা বাজাকে বেষ্টন কবিযা ধবিযা থাকেন। যে বাজাব পক্ষে এ বিষযে অভিজ্ঞ ব্রাহ্মণ বাষ্ট্রগোপ (বাষ্ট্রবক্ষক) পুবোহিত থাকেন, সেই বাজাব বাষ্ট্র অস্থিব হয না, আয়ু থাকিতে তাঁহাব প্রাণ যায না, জবা পর্য্যন্ত তিনি জীবিত থাকেন, তিনি পূর্ণ আয়ু লাভ কবেন ও পুনবায তাঁহাব মৃত্যু হয না[১]। অভিজ্ঞ ব্রাহ্মণ যাঁহাব বাষ্ট্রগোপ পুবোহিত থাকেন, তিনি ক্ষত্র দ্বাবা ক্ষত্র জয কবেন, বল দ্বাবা বল লাভ কবেন। অভিজ্ঞ ব্রাহ্মণ যাঁহাব 'বাষ্ট্রগোপ পুবোহিত থাকেন, বৈশ্যগণ (প্রজাগণ) তাঁহাব সম্মুখে এক মনে ও এক মতে বর্ত্তমান থাকে।

তৃতীয় খণ্ড

পুবোহিত-প্রশংসা

ঋষিও[১] এ বিষযে [এই ঋক্‌গুলি] বলিযাছেন, যথা—[প্রথম ঋক্] "স ইদ্রাজা প্রতি জন্যানি বিশ্বা, শুষ্মেণ তস্থাবভি বীর্য্যেণ"[২] এই [প্রথম দুই চবণে] "জন্যানি" অর্থে সপত্ন অর্থাৎ দ্বেষকাবী শত্রু ; তাহাদিগকেই "শুষ্ম" (অধিক) "বীর্য্য" দ্বাবা [সেই পুবোহিতযুক্ত "বাজা"] অভিভব করিয়া থাকেন। [তৃতীয় চবণ] "বৃহস্পতিং যঃ সুভৃতং বিভর্ত্তি"—এ স্থলে বৃহস্পতিই দেবগণেব পুবোহিত, তাঁহাব অনুকবণেই মানুষ বাজাদিগেব অন্যান্য পুবোহিত। "বৃহস্পতিং যঃ সুভৃতং বিভর্ত্তি" এই

---

(১) "ন পুনর্ম্রিয়তে" সায়ণ অর্থ করিয়াছেন—"সকৃন্মৃত্বা ন পুনর্ম্রিয়তে পুরোহিত-মুখেন তত্ত্বজ্ঞানং সম্পাদ্য মুচ্যতে" অর্থাৎ তাঁহার দ্বিতীয় বার মৃত্যু হয় না, তিনি মৃত্যুর পর মুক্তি লাভ করেন।

(১) বামদেব ঋষি। (২) ৪।৫০।৭।

বাক্যে রাজা পুরোহিতকে সম্যক্ রূপে ভরণ করিয়া পালন করেন, ইহাই বুঝাইতেছে। [চতুর্থ চরণ] "বল্গূযতি বন্দতে পূর্ব্বভাজম্"—যিনি অন্যের পূর্ব্বে [রাজাকে] ভজনা করেন, সেই পুরোহিতকে রাজা অর্চ্চনা ও বন্দনা করেন—এই স্থলে রাজারই বন্দনযোগ্যতা বুঝাইতেছে।

[দ্বিতীয় ঋক্] "স ইৎ ক্ষেতি সুধিত ওকসি স্বে"[৩] এই [প্রথম চরণের] ওকঃ শব্দের অর্থ গৃহ; উহার অর্থ—সেই রাজা আপন গৃহেই 'সুধিত' (সুপ্রীত) হইয়া বাস করেন। "তস্মা ইডা পিন্বতে বিশ্বদানীম্" এই [দ্বিতীয় চরণে] ইডা বর্থে অন্ন, উহার অর্থ—["বিশ্বদানীং" অর্থাৎ] সর্ব্বদা সেই রাজার অন্ন উর্জ্জস্বল (রসযুক্ত) হইয়া থাকে। "তস্মৈ বিশঃ স্বযমেবানমন্তে" এই [তৃতীয় চরণে] "বিশঃ" পদের অর্থ রাষ্ট্র, উহার অর্থ—সেই রাজার রাষ্ট্র স্বয়ং (আপনা হইতেই) অবনত (বশীভূত) হয়। "যস্মিন্ ব্রহ্মা রাজনি পূর্ব্ব এতি"—ব্রহ্মা যে রাজার পূর্ব্বে গমন করেন—এই [চতুর্থ চরণে "ব্রহ্মা" শব্দে] পুরোহিতকেই বুঝাইতেছে।

[তৃতীয় ঋক্] "অপ্রতীতো জয়তি সং ধনানি"[৪] এই [প্রথম চরণের] অর্থ—সেই [পুরোহিতযুক্ত] রাজা অপ্রতীত (শত্রুকর্ত্তৃক অনাক্রান্ত) হইয়া সম্যক্‌রূপে রাষ্ট্র জয় করেন, কেন না, এ স্থলে "ধন" শব্দের অর্থ রাষ্ট্র। "প্রতিজন্যান্যুত যা সজন্যা"—প্রতিজন্য (প্রতিপক্ষ) অপিচ যাহা সজন্য (শত্রুসহিত), তাহাকে [জয় করেন]—এই [দ্বিতীয় চরণে] "জন্যানি" পদে সপত্ন অর্থাৎ দ্বেষকারী শত্রু বুঝাইতেছে; উহার অর্থ—সেই শত্রুদিগকেই তিনি অনাক্রান্ত হইয়া জয় করেন। "অবস্যবে যো বরিবঃ কৃণোতি" এই [তৃতীয় চরণের] অর্থ—যে রাজা অবসুকে (বসুহীন বা দরিদ্র ব্রাহ্মণ পুরোহিতকে) বসুযুক্ত (ধনযুক্ত) করেন। "ব্রহ্মণে রাজা তমবন্তি দেবাঃ"—যে রাজা ব্রাহ্মণকে [বসুযুক্ত করেন], দেবগণ তাঁহাকে রক্ষা করেন—এই [চতুর্থ চরণে] "ব্রহ্মণে" পদ পুরোহিতকে লক্ষ্য করিয়াই বলা হইতেছে।

---

(৩) ৪।৫০।৮। (৪) ৪।৫০।৯।

চতুর্থ খণ্ড

পুবোহিত-নির্ব্বাচন

যিনি [পববর্ত্তী] তিন পুবোহিতেব ও তিন পুবোধাতাব (পুবোহিতেব নিয়োগকর্ত্তাব) বিষয় জানেন, সেই ব্রাহ্মণই পুবোহিত হইবেন। তিনি পৌবোহিত্যেব উদ্দেশে বলিবেন—"অগ্নিই পুবোহিত, পৃথিবী [তাঁহাব] পুবোধাতা ; বাযুই পুবোহিত, অন্তবিক্ষ পুবোধাতা , আদিত্যই পুবোহিত, দ্যুলোক পুবোধাতা , যিনি ইহা জানেন, তিনিই যথার্থ "পুবোহিত" ; আব যিনি ইহা না জানেন, তিনি "তিবোহিত"। যাঁহাব ব্রাহ্মণ ইহা জানিয়া রাষ্ট্রগোপ পুরোহিত হযেন, সেই বাজাব পক্ষে [অন্য] বাজা মিত্র হয়েন ও তিনি দ্বেষকাবীকে বিনষ্ট কবিতে পাবেন। ব্রাহ্মণ ইহা জানিযা যাঁহাব পক্ষে বাষ্ট্রগোপ পুবোহিত হযেন, তিনি ক্ষত্রদ্বাবা ক্ষত্রকে জয কবেন, বল দ্বাবা বল লাভ কবেন। ব্রাহ্মণ ইহা জানিযা যাঁহাব পক্ষে রাষ্ট্রগোপ পুবোহিত হয়েন, তাঁহাব বৈশ্যগণ (প্রজাগণ) সম্মুখে থাকিযা তাঁহার সহিত একমত ও একমন হইযা থাকে।

[তৎপবে পুবোহিতেব বরণ-মন্ত্র] "ভূর্ভুবঃ স্বঃ ওঁ" আমি (অর্থাৎ পুরোহিত) অম (দ্যুলোক), তুমি (অর্থাৎ বাজা) সেই (ভূলোক) ; তুমি সেই, আমি অম। আমি দ্যৌঃ, তুমি পৃথিবী , আমি সাম, তুমি ঋক্ ; আমবা উভয়ে ইহলোকে একত্র থাকিযা এই পুব (নগব) সকলেব [কার্য্য] নির্ব্বাহ কবি ; তুমি আমাব তনুস্বরূপ ; আমাব তনু মহাভয হইতে বক্ষা কব।"

[বাজা তৃণনির্ম্মিত আসন দান কবিলে পুবোহিতেব পাঠ্য মন্ত্র] "সোম যে ওষধিসকলেব বাজা, যে ওষধিসকল বহুসংখ্যক ও শত-[অবয়ব]-বিশিষ্ট, তাহাবা এই আসনে [থাকিয়া] আমাকে অচ্ছিদ্র মঙ্গল দান করুক।"

[আসনে উপবেশনমন্ত্র] "সোম যে ওষধিসকলেব বাজা, যাহাবা এই পৃথিবীতে বিশেষভাবে স্থাপিত আছে, তাহাবা এই আসনে [থাকিয়া] আমাকে অচ্ছিদ্র মঙ্গল দান করুক।"

[পাদ্যগ্রহণ-মন্ত্র] "অহে জল, আমি এই বাষ্ট্রে শ্রী সম্পাদন কবিতেছি, অতএব দীপ্তিমান্ জলের প্রতি দৃষ্টিক্ষেপ করিতেছি।"

[পুরোহিতের সেই জলে পাদপ্রক্ষালন-মন্ত্র] "দক্ষিণ পদ প্রক্ষালন করিতেছি, তাহাতে এই রাষ্ট্রে ইন্দ্রিয়ের (ধন-সম্পত্তির) স্থাপন করিলাম। বাম পদ প্রক্ষালন করিতেছি, তাহাতে এই রাষ্ট্রে ইন্দ্রিয়ের বর্দ্ধন করিলাম। প্রথমে এক পদ, পরে অন্য পদ, এইরূপে উভয় পদ প্রক্ষালন করিতেছি, অহে দেবগণ, তাহাতে রাষ্ট্রের রক্ষা ও অভয় হউক। পাদপ্রক্ষালনার্থ এই জল আমার দ্বেষকারীকে নিঃশেষে দগ্ধ করুক।"

পঞ্চম খণ্ড

ব্রহ্ম-পরিমর কর্ম্ম

অনন্তর [শত্রুক্ষয়কামনায়] ব্রহ্ম-পরিমর কর্ম্ম। যে ব্রহ্ম-পরিমর নামক কর্ম্ম জানে, তাহার পার্শ্বে দ্বেষকারী শত্রুগণ মরিয়া যায়। এই যে [বায়ু] সঞ্চরণ করেন, তিনিই ব্রহ্ম। বিদ্যুৎ, বৃষ্টি, চন্দ্রমা, আদিত্য ও অগ্নি, এই পাঁচ দেবতা তাঁহার পার্শ্বে মরিয়া থাকেন। বিদ্যুৎ দীপ্তি প্রকাশ করিয়া বৃষ্টিতে অনুপ্রবেশ করেন ও অন্তর্হিত হয়েন; তাঁহাকে আর দেখা যায় না। যখন কেহ মরে, তখনই সে অন্তর্হিত হয়, তার পর তাহাকে আর কেহ দেখিতে পায় না। [অতএব] এই মন্ত্র বলিবে, "বিদ্যুতের মরণের মত আমার দ্বেষকারী মরুক ও অন্তর্হিত হউক, তাহাকে কেহ যেন দেখিতে না পায়।" [অতঃপর] অবিলম্বেই আর কেহ সেই দ্বেষকারীকে দেখিতে পায় না। বৃষ্টি বর্ষণের পর চন্দ্রমাতে অনুপ্রবেশ করেন ও অন্তর্হিত হন, আর তাহাকে দেখা যায় না। যখন কেহ মরে, তখনই সে অন্তর্হিত হয়, তার পর কেহ তাহাকে দেখিতে পায় না। অতএব এই মন্ত্র বলিবে, "বৃষ্টির মরণের মত আমার দ্বেষকারী মরুক ও অন্তর্হিত হউক, তাহাকে কেহ যেন দেখিতে না পায়।" অতঃপর অবিলম্বেই আর কেহ তাহাকে দেখিতে পায় না। চন্দ্রমা অমাবস্যাতে আদিত্যে অনুপ্রবেশ করেন ও অন্তর্হিত হন; আর তাঁহাকে দেখা যায় না। যখন কেহ মরে, তখনই সে অন্তর্হিত হয়, তার পর তাহাকে দেখা যায় না। অতএব এই মন্ত্র বলিবে, "চন্দ্রমার মরণের মত আমার দ্বেষকারী মরুক ও অন্তর্হিত হউক, তাহাকে কেহ যেন দেখিতে না পায়।" অতঃপর

অবিলম্বেই তাহাকে আর কেহ দেখিতে পায় না। আদিত্য অস্ত গেলে অগ্নিতে অনুপ্রবেশ করেন ও অন্তর্হিত হন; আর তাঁহাকে দেখা যায় না। যখন কেহ মরে, তখনই সে অন্তর্হিত হয়, তার পর তাহাকে আর দেখা যায় না। অতএব এই মন্ত্র বলিবে, "আদিত্যের মরণের মত আমার দ্বেষকারী মরুক ও অন্তর্হিত হউক, তাহাকে কেহ যেন দেখিতে না পায়।" অতঃপর অবিলম্বেই তাহাকে কেহ দেখিতে পায় না। অগ্নি নিবাইলে বায়ুতে অনুপ্রবেশ করেন ও অন্তর্হিত হন; আর তাঁহাকে দেখা যায় না। যখন কেহ মরে, তখনই সে অন্তর্হিত হয়, তার পর আর তাহাকে দেখা যায় না। অতএব এই মন্ত্র বলিবে, "অগ্নির মরণের মত আমার দ্বেষকারী মরুক ও অন্তর্হিত হউক, তাহাকে কেহ যেন দেখিতে না পায়।" অতঃপর অবিলম্বেই তাহাকে কেহ দেখিতে পায় না।

ঐ ঐ দেবতারা ঐ বায়ু হইতেই পুনর্বার জন্ম লাভ করেন। বায়ু হইতে অগ্নি জন্মেন, প্রাণের বলে মথ্যমান হইয়া অধিক (তেজস্বী) হইয়া জন্মেন। তাঁহাকে (জায়মান অগ্নিকে) দেখিয়া এই মন্ত্র বলিবে, "অগ্নি জন্ম লাভ করুন, আমার দ্বেষকারী যেন না জন্মে; সে আমার নিকট হইতে পরাঙ্মুখে দূরে যাউক।" অতঃপর সেই দ্বেষকারী পরাঙ্মুখে দূরে যায়। অগ্নি হইতে আদিত্য জন্মেন। তাঁহাকে দেখিয়া এই মন্ত্র বলিবে, "আদিত্য জন্মলাভ করুন, আমার দ্বেষকারী যেন না জন্মে; সে আমার নিকট হইতে পরাঙ্মুখে দূরে যাউক।" অতঃপর সে পরাঙ্মুখে দূরে যায়। আদিত্য হইতে চন্দ্রমা জন্মেন। তাঁহাকে দেখিয়া এই মন্ত্র বলিবে, "চন্দ্রমা জন্মলাভ করুন, আমার দ্বেষকারী যেন না জন্মে; সে আমার নিকট হইতে পরাঙ্মুখে দূরে যাউক।" অতঃপর সে পরাঙ্মুখে দূরে যায়। চন্দ্রমা হইতে বৃষ্টি জন্মে। তাঁহাকে দেখিয়া এই মন্ত্র বলিবে, "বৃষ্টি জন্মলাভ করুন, আমার শত্রু যেন না জন্মে; সে আমার নিকট হইতে পরাঙ্মুখে দূরে যাউক।" অতঃপর সে পরাঙ্মুখে দূরে যায়। বৃষ্টি হইতে বিদ্যুৎ জন্মে। তাঁহাকে দেখিয়া এই মন্ত্র বলিবে, "বিদ্যুৎ জন্মলাভ করুন, আমার দ্বেষকারী যেন না জন্মে; সে আমার নিকট হইতে পরাঙ্মুখে দূরে যাউক।" অতঃপর সে পরাঙ্মুখে দূরে যায়।

এই কর্ম্মের নাম ব্রহ্ম-পরিমর। এই ব্রহ্ম-পরিমর কর্ম্মের কথা কৌষারব[1] মৈত্রেয় (তন্নামক ঋষি) কৈরিশি[2] ভার্গায়ণ[3] সুত্বা রাজাকে বলিয়াছিলেন। তাঁহার পার্শ্বস্থ [দ্বেষকারী] পাঁচ জন রাজা মরিয়াছিলেন। তাহাতে সুত্বা (তন্নামক রাজা) মহৎ পদ পাইযাছিলেন।

এই কর্ম্মপক্ষে এই ব্রত (নিয়ম) বিধেয়। দ্বেষকারীর পূর্ব্বে উপবেশন করিবে না, যদি বোধ কর, সেই দ্বেষকারী দাঁড়াইযা আছে, তাহা হইলে দাঁড়াইয়া থাকিবে। দ্বেষকারীর পূর্ব্বে শয়ন করিবে না, যদি বোধ কর, সে বসিয়া আছে, তাহা হইলে বসিয়া থাকিবে। দ্বেষকারীর পূর্ব্বে ঘুমাইবে না, যদি বোধ কর, সে জাগিয়া আছে, তাহা হইলে জাগিযাই থাকিবে। এরূপ করিলে যদি সেই দ্বেষকারীর মাথা পাষাণের মত হয়, তথাপি অবিলম্বেই তাহার বিনাশ ঘটে, অবিলম্বেই তাহার বিনাশ ঘটে।

ঐতরেয় ব্রাহ্মণ সমাপ্ত

(১) কৌষারব—কুষারবপুত্র। (সায়ণ)
(২) কৈরিশি—কিরিশপুত্র। (সায়ণ)
(৩) ভার্গায়ণ—ভর্গগোত্রোৎপন্ন। (সায়ণ)

শুদ্ধিপত্র

পৃষ্ঠা	পংক্তি	অশুদ্ধ	শুদ্ধ
১৭৩	১৬	ধারাগ্রহের	গ্রহের
২১৪	৯	মনুষ্যগণের	মনুষ্যগন্ধের

প্রথম পরিশিষ্ট

দ্বিতীয় পরিশিষ্ট

অগ্নিহোত্রহবণী—অগ্নিহোত্রে হোমদ্রব্য লইবার স্রুক্ বা হাতা ৪২৮

অগ্নিহোত্রী—যে গাভীর দুগ্ধে অগ্নিহোত্র নিষ্পন্ন হয়; অগ্নিহোত্রীদোহন-বৈকল্যে প্রায়শ্চিত্ত ৩৫২, ৪২৬

অগ্নীৎ—আগ্নীধ্র দেখ।

অগ্নীষোমপ্রণয়ন—অগ্নিষ্টোমে সুত্যার পূর্ব্বদিন অর্থাৎ চতুর্থ দিন ঐষ্টিক বেদির পূর্ব্বে স্থিত আহবনীয় অগ্নিকে সৌমিক বেদিস্থিত আগ্নীধ্রীয় ধিষ্ণ্যে লইয়া যাওয়া হয়; পরদিন অর্থাৎ সুত্যাদিন ঐ অগ্নিকে আগ্নীধ্রীয় হইতে গ্রহণ করিয়া অন্যান্য ধীষ্ণ্য জ্বালাইতে হইবে, এই উদ্দেশ্য। ক্রয়ের পর সোম প্রাচীন-বংশশালায় রক্ষিত থাকে; ঐ সোমকেও ঐ সঙ্গে লইয়া হবির্দ্ধানমণ্ডপে রাখিতে হয়; পরদিন সোমযাগার্থ সেই সোমের অভিষব হইবে, এই উদ্দেশ্য। অধ্বর্য্যুকর্তৃক অগ্নি ও সোমের এই প্রণয়ন অর্থাৎ পূর্ব্বমুখে আগ্নীধ্রীয় ধিষ্ণ্যে ও হবির্দ্ধানমণ্ডপে আনয়ন কর্ম্মের নাম অগ্নীষোমপ্রণয়ন; প্রণয়নকালে হোতা তদনুকূল মন্ত্র পাঠ করেন ৮৭-৯১

অগ্নীষোমীয় পশু—অগ্নি ও সোমের প্রণয়নের পর তাঁহাদের অভ্যর্থনার্থ পশুযাগ বিধেয়; ঐ যাগের উদ্দিষ্ট দেবতা অগ্নি ও সোম; এই যাগের বিবরণ ৯২-১২৪, অগ্নীষোমীয় পশু দুই বর্ণের হইবে ও স্থূল হইবে ১০০, ইহার মাংস ভক্ষণীয় কি না, তদ্বিষয়ে বিচার ১০০; পশুযাগ দেখ।

অগ্ন্যাধান, অগ্ন্যাধেয়—বিবাহের পর গৃহস্থ অগ্নিশালায় দুইখানি ঘর বাঁধিয়া এক ঘরে গার্হপত্য ও দক্ষিণাগ্নি ও অন্য ঘরে আহবনীয় অগ্নি ও বেদি স্থাপন করেন। এই অগ্নিত্রয়ে সমুদয় শ্রৌত যজ্ঞ সম্পন্ন হয়, এই জন্য এই অগ্নিত্রয়ের নাম শ্রৌত অগ্নি, নামান্তর বৈতানিক অগ্নি। এতন্মধ্যে গার্হপত্য অগ্নি অজস্র জ্বলিয়া থাকে, কখনও নিবায় না; গার্হপত্য হইতে অগ্নি গ্রহণ বা উদ্ধরণ করিয়া সেই উদ্ধৃত অগ্নিদ্বারা আহবনীয় অগ্নি এবং দক্ষিণাগ্নি প্রয়োজনমত যজ্ঞের পূর্ব্বে জ্বালান হয়। বিবাহের পর সপত্নীক গৃহস্থকর্তৃক এই অগ্নিত্রয় স্থাপনের নাম অগ্ন্যাধান বা অগ্ন্যাধেয়।

অগ্ন্যাধান কর্ম্ম অন্যতম হবির্যজ্ঞ ৩৬০, অগ্নির বিবিধ বৈকল্য ঘটিলে প্রায়শ্চিত্ত ৪২৯-৪৩২, আহিতাগ্নির বিবিধ দোষের প্রায়শ্চিত্ত ৪৩২-৪৩৫, গার্হপত্য অগ্নি নিবিয়া গেলে প্রায়শ্চিত্ত ৪৩৭, গার্হপত্য, আহবনীয় ও অন্বাহার্য্যপচন দেখ।

অঙ্গিরসাময়ন—সংবৎসরসাধ্য সোমযাগ—গবাময়নের বিকৃতি ২৭৭

অচ্ছাবাক—অন্যতম ঋত্বিক্—প্রাতঃসবনে অচ্ছাবাক পক্ষে বিশেষ বিধি ১৬২, উক্থ্য ক্রতুতে তৃতীয় সবনে বিশেষ বিধি ২৪৬, ঋত্বিক্ ও হোত্রক দেখ।

অজ—যজ্ঞে মেধ্য পশু ১১২

অজিন—পশ্বঙ্গ ৪২৪

অঞ্জন—দীক্ষিত যজমানের অঞ্জন ১২, যূপের অঞ্জন ৯৪

আপ্যায়ন—ক্ষতিপূরণ, শান্তিবিধান—তানূনপ স্তব পর সোমের আপ্যায়ন ৭৫, সোমরসে চমস পূর্ণ করিয়া চমসাপ্যায়ন ৪৬৪

আপ্রীমন্ত্র—পশুযজ্ঞে বিহিত একাদশ দেবতার উদ্দিষ্ট একাদশ প্রযাজ যাগের যাজ্যা-মন্ত্র ; একাদশ দেবতার মধ্যে দ্বিতীয় দেবতা সম্বন্ধে যজমানের গোত্রভেদে মতভেদ আছে। ঋগ্বেদসংহিতায় দশটি আপ্রীসূক্ত আছে ; যজমান নিজ গোত্রের ঋষির দৃষ্ট আপ্রীসূক্ত ব্যবহার করেন ১০১-১০৫। দ্বাদশাহ যজ্ঞে দীক্ষার পূর্বে প্রাজাপত্য পশুযাগে জমদগ্নিদৃষ্ট আপ্রীসূক্তের বিধান ২৯২

আয়ুত—ঈষৎগলিত ঘৃত—পিতৃগণের উদ্দিষ্ট ১২

আয়ুধ—নামান্তর যজ্ঞায়ুধ—যজ্ঞে ব্যবহার্য্য স্ফ্য, কপাল উদূখল মুষলাদি বিবিধ দ্রব্য ৪৫০

আয়ুষ্টোম—ষডহ অনুষ্ঠানের অন্তর্গত উক্‌থ্য যজ্ঞ ৪৫১

আরম্ভণীয়—সংবৎসরসত্রের আরম্ভসূচক অনুষ্ঠান, নামান্তর প্রায়ণীয় ২৬৮-২৭০

আরোহ—২৮৪, ২৮৫

আর্ষেয়—প্রবর—ক্ষত্রিয়ের দীক্ষাবেদনে পুরোহিতের প্রবর ব্যবহার, ৪৫৬, প্রবর দেখ।

আলম্ভন—যজ্ঞে পশুবধ ৯৯, শমিতা ও শামিত্র দেখ।

আবপনসূক্ত—৩৯২

আবসথ্য—গৃহ্য বা স্মার্ত্ত অগ্নি ৪৭৯, গৃহ্য অগ্নি দেখ।

আশ্বযুজ—অন্যতম পাকযজ্ঞ ২২৯

আশ্বিন গ্রহ—প্রাতঃসবনে বিহিত দ্বিদেবত্যগ্রহ ১৪৬, ১৪৮, ১৪৯, ১৫১, দ্বিদেবত্য গ্রহ দেখ।

আশ্বিন শস্ত্র—অতিরাত্র যজ্ঞে রাত্রিকৃত্যের পর রাত্রিশেষে পাঠ্য শস্ত্র ২৫৯, ২৬৬

আশ্রাবণ—অধ্বর্য্যু আহুতি দানের পূর্ব্বে "ওঁ শ্রাবয়" বলিয়া আহ্বান করেন, ইহার নাম আশ্রাবণ ; প্রত্যুত্তরে স্ফ্য-ধারী আগ্নীধ্র "অস্তু শ্রৌষট্" বলিয়া যাগের উদ্দিষ্ট দেবগণকে হোতৃপাঠ্য যাজ্যামন্ত্র শুনিতে অনুরোধ করেন, ইহা প্রত্যাশ্রাবণ ; তৎপরে হোতা অনুবাক্যা ও যাজ্যাপাঠ করিলে অধ্বর্য্যু আহবনীয়াগ্নিতে আহুতি দেন ৭৪

আসন্দী—বসিবার জন্য কাষ্ঠাসন ৪৭১, ৪৭২

আহনস্য মন্ত্র—৪২০

আহবনীয়—আগ্ন্যাধানকালে স্থাপিত শ্রৌত অগ্নিত্রয়ের মধ্যে অন্যতম। এই অগ্নিতে অধ্বর্য্যু দেবতার উদ্দেশে হব্য অর্পণ করেন। আহিতাগ্নি গৃহস্থের অগ্ন্যাগারে এই অগ্নির জন্য স্বতন্ত্র কুণ্ড থাকে ; প্রতি দিন দুই বেলা গার্হপত্য কুণ্ড হইতে অগ্নি লইয়া আহবনীয় কুণ্ডে অগ্নি জ্বালাইয়া সেই অগ্নিতে অগ্নিহোত্র হোম করিতে হয়।

প্রক্ষেপ দ্বারা আহবনীয় অগ্নির সমিন্ধন ও হোতা কর্তৃক তদনুকূল মন্ত্র (সামিধেনী) পাঠ ; তৎপরে হোতা কর্তৃক যজমানের আর্ষেয় বা প্রবরাগ্নিকে আহ্বান ও যজ্ঞের উদ্দিষ্ট দেবতাগণের আহ্বান (প্রবরপ্রবরণ ও দেবতাহ্বান), অধ্বর্যু কর্তৃক আঘার হোমের পর পুনরায় প্রবর প্রবরণ ও হোতৃবরণ। এই সময়ে দেবতারা যজ্ঞভূমিতে উপস্থিত হন। তৎপরে প্রধান যাগের প্রাসঙ্গিক পঞ্চ দেবতার উদ্দেশে পঞ্চ-প্রযাজ যাগ (প্রযাজ দেখ), অগ্নি ও সোমের উদ্দেশে আজ্যভাগদান (আজ্যভাগ দেখ), তৎপরে প্রধান যাগ অর্থাৎ যজ্ঞের উদ্দিষ্ট প্রধান দেবতার উদ্দেশে বিশিষ্ট হব্য (পুরোডাশাদি) দান ; প্রধান যাগের পর স্বিষ্টকৃৎ যাগ ও হবিঃশেষ ভক্ষণ : এই উপলক্ষে যজমান ও ঋত্বিকেরা ইড়া ভক্ষণ ও হোতা পৃথক ভাবে অবান্তরেড়া ভক্ষণ করেন।

তৎপরে প্রধান যাগের আনুষঙ্গিক তিনটি অনুযাজ যাগ (অনুযাজ দেখ), প্রস্তর নামক কুশমুষ্টির দাহন এবং সেই উপলক্ষে হোতাকর্তৃক সূক্তবাক ও শংযুবাক পাঠ। তৎপরে বিশ্বদেবগণের উদ্দেশে সংস্রব হোমান্তে যজমানের পত্নীর পক্ষে গার্হপত্য অগ্নিতে দেবপত্নীগণের ও অগ্নি গৃহপতির উদ্দেশে যাগ (পত্নীসংযাজ দেখ) ; এই যাগের আনুষঙ্গিক ইড়া ভক্ষণ ও সংস্রব হোম।

তৎপরে পিষ্টলেপাহুতি ও সমিষ্ট যজুর্হোমের পর দেবগণ যজ্ঞভূমি হইতে চলিয়া যান। তৎপরে অন্য কতিপয় অনুষ্ঠানের পর যজমান বিষ্ণুক্রম-প্রক্রমণ অনুষ্ঠান করেন ও অগ্ন্যুপস্থানের পর ব্রত বিসর্জ্জন করেন।

অন্বাহার্য্য নামক অন্ন দক্ষিণাগ্নিতে পক্ক হয়, ঋত্বিকেরা তাহা দক্ষিণাস্বরূপে প্রাপ্ত হইয়া যজ্ঞশেষে ভোজন করেন।

অগ্নিষ্টোমের অন্তর্গত ইষ্টিযজ্ঞ এইগুলি :—

দীক্ষণীয় ইষ্টি—দেবতা অগ্নি ও বিষ্ণু, দ্রব্য একাদশ কপালে পক্ক পুরোডাশ অথবা স্থলবিশেষে ঘৃতচরু, অগ্নিসমিন্ধনে সামিধেনী মন্ত্র সতেরটি। [প্রকৃতিযজ্ঞে সামিধেনীসংখ্যা ১৫টি মন্ত্র]

প্রায়ণীয় ইষ্টি—প্রধান দেবতা অদিতি ; তদুদ্দিষ্ট দ্রব্য চরু ; তদ্ব্যতীত পথ্যাস্বস্তি, অগ্নি, সোম ও সবিতা, এই চারি দেবতার উদ্দেশে আজ্যাহুতি ; অনুযাজের পর শংযুবাক সমাপ্তি। পত্নীসংযাজ ও সমিষ্টযজুর্হোম নিষিদ্ধ।

আতিথ্য ইষ্টি—দেবতা বিষ্ণু ; দ্রব্য নবকপাল পুরোডাশ ; প্রধান যাগের পর ইড়া ভক্ষণে সমাপ্তি। অনুযাজাদি নিষিদ্ধ। যাগারম্ভে অগ্নিমন্থন ও মথিত অগ্নির আহবনীয়ে নিক্ষেপ বিধেয়।

উপসৎ—দেবতা অগ্নি সোম বিষ্ণু ; দ্রব্য আজ্য। প্রযাজ ও অনুযাজ নিষিদ্ধ ; সোমযাগের পূর্ব্বে তিন দিন ধরিয়া প্রত্যহ দুই বার অনুষ্ঠেয়। পূর্ব্বাহ্ণের যাজ্যা-মন্ত্র অপরাহ্ণে অনুবাক্যা এবং পূর্ব্বাহ্ণের অনুবাক্যা অপরাহ্ণে যাজ্যারূপে ব্যবহার্য্য।

প্রত্যবরোহণ—২২৯

প্রপদ মন্ত্র—৪৭৯

প্রমংহিষ্ঠীয় সাম—২৬৫

প্রযাজ—প্রধান যাগের পূর্ব্বে সম্পাদ্য যাগ। ইষ্টিযজ্ঞে প্রযাজসংখ্যা পাঁচ; পশুযাগে এগার ১০১, পশুযাগে অন্তিমপ্রযাজ ১২১, ইষ্টিযজ্ঞ, পশুযাগ ও আপ্রী দেখ। অগ্নিষ্টোমের প্রাসঙ্গিক কোন কোন ইষ্টিযজ্ঞে প্রযাজ অনাবশ্যক: ইষ্টিযজ্ঞ দেখ।

প্রবর—৩৮৪, ৪৫৫, আর্ষেয় দেখ। যজমানের পূর্ব্বপুরুষগণের মধ্যে যাঁহারা মন্ত্রদ্রষ্টা ঋষি ছিলেন, তাঁহাদের অগ্নিকে আহ্বান করিয়া ইষ্টিযজ্ঞাদি আরম্ভ করিতে হয়; ঐ অগ্নির নাম প্রবরাগ্নি ও আহ্বানের নাম প্রবর-প্রবরণ। ইষ্টিযজ্ঞ দেখ।

প্রবর্গ্য—সোমযাগে অধিকারলাভার্থ তৎপূর্ব্বে তিন দিন অনুষ্ঠেয় কর্ম্ম। দুই দিন পূর্ব্বাহ্ণে ও অপরাহ্ণে এবং তৃতীয় দিন পূর্ব্বাহ্ণে দুই বার অনুষ্ঠেয়। উপসদিষ্টির পর প্রবর্গ্য কর্ত্তব্য। ছয় জন ঋত্বিক্ আবশ্যক—ব্রহ্মা, হোতা, অধ্বর্য্যু, অগ্নীৎ, প্রতিপ্রস্থাতা ও প্রস্তোতা। প্রধান দ্রব্যের নাম ঘর্ম্ম—মহাবীর নামক মৃৎভাণ্ডে গোদুগ্ধ ও ছাগদুগ্ধ মিশাইয়া পাক করিয়া ইহা প্রস্তুত হয়; অধ্বর্য্যু মহাবীর নির্ম্মাণ ও ঘর্ম্মপাক হইতে আহুতিদান পর্য্যন্ত কর্ম্ম করেন; প্রতিপ্রস্থাতা তাঁহার সহকারী; প্রস্তোতা সামগান করেন; হোতা প্রত্যেক কর্ম্মের অনুরূপ স্তুতিমন্ত্র বা অভিষ্টব মন্ত্র পাঠ করেন। যাগান্তে সকলে ঘর্ম্মশেষ ভক্ষণ করেন। ৫৬-৬৭, ঘর্ম্ম, মহাবীর, অভিষ্টব দেখ।

প্রবহণ—পূর্ব্বমুখে বহন—সোমপ্রবহণ দেখ ৩৭

প্রবহ্লিকা ঋক্—৪১৬

প্রশাস্তা—তন্নামক ঋত্বিক্; নামান্তর মৈত্রাবরুণ ৩৬২

প্রসর্পণ—সোমযাগার্থে অধ্বর্য্যুপ্রমুখ কতিপয় ঋত্বিকের সারি বাঁধিয়া সদঃশালা প্রবেশ ১৩৯

প্রস্তর—বেদিতে রক্ষিত কুশমুষ্টি; ইহার উপর জুহূ নামক হাতা (যাহাতে হব্য রাখিয়া আহুতি দেওয়া হয়) রাখিতে হয়। প্রস্তরের উপর হাত দিয়া নিহ্নবানুষ্ঠান হয় ৭৫, নিহ্নব দেখ। ইষ্টিযাগের পর প্রস্তর আহবনীয় অগ্নিতে নিক্ষেপ করা হয়—ইষ্টিযজ্ঞ দেখ।

প্রস্তাব—প্রস্তোতার গেয় সামাংশ ২০৪, ৩৪৬

প্রস্তোতা—উদ্গাতার সহকারী সামগায়ী ঋত্বিক্ ৩৪৬, ৩৬২

প্রস্থিত যাজ্যা—চমসাহুতিকালে ধিষ্ণ্যস্থ চমসী ঋত্বিক্‌দের পাঠ্য যাজ্যা ৩২১, ৩৭৬

প্রহুত—পাকযজ্ঞ ২২৯

শস্ত্রপাঠের নানা সূক্ষ্ম নিয়ম আছে ; শস্ত্রপাঠক প্রথমে তূষ্ণীংজপ করেন, তৎপরে অধ্বর্য্যুকে আহাবমন্ত্রে আহ্বান করিলে অধ্বর্য্যু প্রত্যুত্তরে প্রতিগর করেন। তখন শস্ত্রপাঠক ধিষ্ণ্যের সম্মুখে বসিয়া মনে মনে তূষ্ণীংশংস জপ করিয়া শস্ত্রপাঠ আরম্ভ করেন। শস্ত্রের মধ্যে কতিপয় ঋক-সূক্ত থাকে ; ঐ সূক্তই শস্ত্রের মুখ্য অংশ। কোন কোন সূক্তের মাঝে নিবিৎ মন্ত্র পাঠ করিতে হয়, যে সূক্তে নিবিৎ বসে, তাহা নিবিদ্ধানীয় সূক্ত। শস্ত্রান্তে শস্ত্রপাঠক উকথবীর্য্য উচ্চারণ করিয়া দেবতার উদ্দেশে যাজ্যামন্ত্র পড়িয়া বষট্‌কার করিলে পর আহবনীয়ের পার্শ্বে দাঁড়াইয়া অধ্বর্য্যু প্রধানাহুতি দেন অর্থাৎ নির্দ্দিষ্ট পাত্র বা স্থালী হইতে কিঞ্চিৎ সোমরস আহবনীয়ে অর্পণ করেন ; যাজ্যাপাঠক 'সোমস্য অগ্নে বীহি' বলিয়া পুনরায় বষট্‌কার (অনুবষট্‌কার) করিলে আর খানিকটা সোমরস অগ্নিতে আহুত হয়। পরে অধ্বর্য্যু সদঃশালায় আসিয়া শস্ত্রপাঠকের সহিত একযোগে হুতাবশিষ্ট সোমরস পান করেন। এইরূপে সোমযাগ নিষ্পাদিত হয়।

একটি দৃষ্টান্ত দিলে বিশদ হইবে। প্রাতঃসবনে হোতৃপাঠ্য প্রথম শস্ত্রের নাম আজ্যশস্ত্র ; এই শস্ত্রপাঠের কিছু পূর্ব্বে উদ্গাতারা বহিষ্পবমানস্তোত্র গান করেন। শস্ত্রপাঠারম্ভে স্বকীয় ধিষ্ণ্যের পশ্চিমে পূর্ব্বমুখে উপবিষ্ট হোতা তূষ্ণীংজপ করেন ১৪২, ১৫৪, ১৬৬

তূষ্ণীংজপ ১৫৪ :—"ভূ মৎ পদ্ বগ্ দে পিতা মাতরিশ্বাচ্ছিদ্রা পদাধাৎ অচ্ছিদ্রোকথাঃ কবয়ঃ শংসন্ সোমো বিশ্ববিন্নীথা নিনেষদ্ বৃহস্পতিরুকথা মদানি শংসিষদ বাগায়ুর্বিশ্বায়ুর্বিশ্বমায়ুঃ ক ইদং শংসিষ্যতি স ইদং শংসিষ্যতি"।

পরে হোতার অধ্বর্য্যুর প্রতি আহাব :—"শোংসাবোম্" [তদুত্তরে হোতাকে পশ্চাতে রাখিয়া হাতে পায়ে ভর দিয়া উপবিষ্ট ১৬৬, অধ্বর্য্যুর প্রতিগর "শংসামো-দৈবোম'] পরে হোতার তূষ্ণীংশংস জপ ১৫৬ :—"ওঁ ভূরগ্নির্জ্যোতির্জ্যোতিরগ্নিঃ"। পরে হোতার নিবিৎ পাঠ ১৫৮, "অগ্নির্দেবেদ্ধঃ অগ্নির্মন্বিদ্ধঃ অগ্নিঃ সুসমিৎ হোতা দেববৃতঃ হোতা মনুবৃতঃ প্রণীর্দেবানাং রথীরধ্বরাণাং অতূর্ত্তো হোতা তূর্ণির্হব্যবাট্ আ দেবো দেবান্ বক্ষৎ যক্ষদগ্নির্দেবো দেবান্ সা অধ্বরা করতি জাতবেদাঃ"। তৎপরে হোতার নিম্নোক্তক্রমে সূক্তপাঠ ১৬০।

প্র বো দেবায় অগ্নয়ে বর্হিষ্ঠমর্চ্চাস্মৈ।

গমদ্দেবেভিরা স নো যজিষ্ঠো বর্হিরা সদৎ ॥ ৩।১৩।১
(তিন বার পাঠ্য)

দীদিবাংসমপূর্ব্ব্যং বস্বীভিরস্য ধীতিভিঃ।
ঋক্কাণো অগ্নিমিন্ধতে হোতারং বিশ পতিং বিশাম্ ॥ ৩।১৩।৫

স নঃ শর্ম্মাণি বীতয়েঽগ্নির্যচ্ছতু শন্তমা।
যতো নঃ প্রুষ্ণবদ্বসু দিবি ক্ষিতিভ্যো অপ্স্বা ॥ ৩।১৩।৪
উত নো ব্রহ্মন্নবিষ উক্থেষু দেবহূতমঃ।
শং নঃ শোচা মরুদ্বৃধোঽগ্নে সহস্রসাতমঃ ॥ ৩।১৩।৬
স যন্তা বিপ্র এষাং স যজ্ঞানামথা হি ষঃ।
অগ্নিং তং বো দুবস্যত দাতা যো বনিতা মঘম্ ॥ ৩।১৩।৩
ঋতাবা যস্য রোদসী দক্ষং সচন্ত ঊতয়ঃ।
হবিষ্মন্তস্তমীলতে তং সনিষ্যন্তোঽবসে ॥ ৩।১৩।২
নূ নো রাস্ব সহস্রবত্তোকবৎ পুষ্টিমদ্বসু।
দ্যুমদগ্নে সুবীর্য্যং বর্ষিষ্ঠমনুপক্ষিতম্ ॥ ৩।১৩।৭

(তিন বার পাঠ্য ১৬৪)

সূক্তান্তে হোতার উক্থবীর্য্য পাঠ —"উক্থং বাচি"। ১৮৮ তৎপরে অধ্বর্য্যু "ওঁ" উচ্চারণের পর হবির্দ্ধানমণ্ডপ প্রবেশ করেন ও সেখান হইতে ঐন্দ্রাগ্ন গ্রহ হস্তে বাহিরে আসিয়া "ওঁ শ্রাবয়" বলিয়া আশ্রাবণ করেন। আগ্নীধ্রকর্তৃক "অস্তু শ্রৌষট্" বলিয়া প্রত্যাশ্রাবণ হইলে পর অধ্বর্য্যু হোতাকে যাজ্যা পাঠে আদেশ দেন "উক্থ শাঃ যজ সোমস্য" ১৮৮, তখন হোতা "যে যজামহে" পূর্ব্বক যাজ্যামন্ত্র পাঠ করেন ১৬৪ :—

"অগ্ন ইন্দ্রশ্চ দাশুষো দুরোণে, সুতাবতো যজ্ঞমিহোপ যাতম্। অমর্দ্ধন্তা সোমপেয়ায় দেবা" (৩।২৫।৪)

যাজ্যান্তে হোতা "বৌষট্" উচ্চারণ করিলে দণ্ডায়মান অধ্বর্য্যু আহবনীয় অগ্নিতে ঐন্দ্রাগ্ন গ্রহের আহুতি দেন। তৎপরে হোতা "সোমস্য অগ্নে বীহি বৌষট্" বলিয়া অনুবষট্কার করিলে অধ্বর্য্যু ঐন্দ্রাগ্ন গ্রহের অপরাংশের আহুতি দিয়া সদঃশালায় আসিয়া হোতার সহিত একযোগে হুতাবশিষ্ট সোম পান করেন। ১৫৪ হইতে ১৭২ দেখ।

শংযুবাক—২৩৮, হবির্যজ্ঞ দেখ।

শংসন—১৮৮, শস্ত্র দেখ।

শাকল—২৩৫

শাক্বর সাম— ২৭১, ২৯৬

শাপ —১৫৬

শাসসূক্ত—৬৭৮

শাস—ছুরি যদ্দ্বারা শমিতা পশুর অঙ্গ ছেদন করেন ৪৫৭

শিল্পশস্ত্র—৩৮৭, ৪০৩

শুক্র—১৫১, ৩৫৯

গন্ধর্ব্বনিকটে স্থিতি ৭৬, প্রণয়ন ৮৭, সোমের উদ্দিষ্ট পশু ১০০, অভিষব ১০১, মাদকতা ১৪০, দেবগণের ভাগ ১৪৫, সোমপান ১৪৭-১৪৯, ৪৫৮, সোমপীথ ১৩৯, গায়ত্রী কর্ত্তৃক সোমাহরণ ২০৭-২০৯, ব্রাহ্মণের ভক্ষ্য ৪৫৯, ওষধিরাজ ৫০০

সোমযাগ--অগ্নিষ্টোমাদি যাগ, যাহার মুখ্য কর্ম্ম দেবোদ্দেশে সোমসম্প্রদান। অগ্নিষ্টোম সকল সোমযজ্ঞের প্রকৃতি। ইহা তিন সবনে নিষ্পাদ্য—প্রাতঃসবন, মাধ্যন্দিন সবন ও তৃতীয় সবন. সোমের অভিষব, সোমাহুতি ও সোমপান প্রত্যেক সবনে মুখ্য কর্ম্ম. তৎসহিত আনুষঙ্গিক পশুযাগ ও পশুযাগের আনুষঙ্গিক সবনীয় পুরোডাশ যাগও বিহিত। অনুষ্ঠানক্রম সংক্ষেপে এইরূপ :—

প্রাতঃসবন

গ্রহ বা চমস	দেবতা	হোমকর্ত্তা	যাজ্যাপাঠক বা বষট্‌কর্ত্তা	সোমপানকর্ত্তা
১ উপাংশু	সূর্য্য	অধ্বর্য্যু	—	—
২ অন্তর্যাম	সূর্য্য	অধ্বর্য্যু	—	—
৩ ঐন্দ্রবায়ব ৪ মৈত্রাবরুণ ৫ আশ্বিন	দ্বি ইন্দ্র-বায়ু- দেবত্য মিত্রা-বরুণ গ্রহ অশ্বিদ্বয়	অধ্বর্য্যু	হোতা	অধ্বর্য্যু ও হোতা
৬ শুক্রগ্রহ	ইন্দ্র	অধ্বর্য্যু	হোতা	হোমকর্ত্তা ও হোতা
৭ মন্থিগ্রহ	ইন্দ্র	প্রতিপ্রস্থাতা	হোতা	হোমকর্ত্তা ও হোতা
দশ চমস	—	চমসাধ্বর্য্যুগণ	—	—
ছয় চমস	—	অধ্বর্য্যু	চমসীগণ	হোমকর্ত্তা ও বষট্‌কর্ত্তা
৮-১৯ দ্বাদশ ঋতুগ্রহ	নানা দেবতা	অধ্বর্য্যু ও প্রতিপ্রস্থাতা	পিত্র্যাস্থ ঋত্বিক্‌গণ	হোমকর্ত্তা ও বষট্‌কর্ত্তা
*২০ ঐন্দ্রাগ্ন	ইন্দ্রাগ্নি	অধ্বর্য্যু	হোতা	অধ্বর্য্যু ও হোতা
*২১ বৈশ্বদেব	বিশ্বদেবগণ	অধ্বর্য্যু	হোতা	অধ্বর্য্যু ও হোতা
*২২ উক্‌থ্য তিন অংশ	১ মিত্রাবরুণ	অধ্বর্য্যু	মৈত্রাবরুণ	হোমকর্ত্তা ও বষট্‌কর্ত্তা
	২ ইন্দ্র	প্রতিপ্রস্থাতা	ব্রাহ্মণাচ্ছংসী	
	৩ ইন্দ্রাগ্নি	প্রতিপ্রস্থাতা	অচ্ছাবাক	

* এই তিনটি গ্রহ সশস্ত্র গ্রহ অর্থাৎ ইহাদের আহুতির পূর্ব্বে বষট্‌কর্ত্তা শস্ত্র পাঠ করেন; তৎপূর্ব্বে উদ্গাতারা স্তোত্র গান করেন। ২০ ও ২১ গ্রহাহুতির পর দশ জন চমসাধ্বর্য্যু সোমপূর্ণ চমস আহুতি না দিয়া কাঁপাইয়া দেন ও চমসীরা স্ব স্ব চমসে

সোমপান করেন। ২২ গ্রহে তিন আহুতির পরই চমসাধ্বর্য্যুগণ স্ব স্ব চমস আহুতি দেন ও চমসীরা স্ব স্ব চমস পান করেন।

মাধ্যন্দিন সবন

গ্রহ	দেবতা	হোমকর্ত্তা	বষট্‌কর্ত্তা	সোমপানকর্ত্তা
১ শুক্র	ইন্দ্র	অধ্বর্য্যু	হোতা	হোমকর্ত্তা ও বষট্‌কর্ত্তা
২ মন্থী	ইন্দ্র	প্রতিপ্রস্থাতা	হোতা	ঐ

প্রাতঃসবনের ন্যায় চমসাহুতি ও চমসীদের চমসপান।

গ্রহ	দেবতা	হোমকর্ত্তা	বষট্‌কর্ত্তা	সোমপানকর্ত্তা
৩ মরুত্বতীয় দুই অংশ	ইন্দ্র মরুত্বান্	১ অধ্বর্য্যু *২ অধ্বর্য্যু ও প্রতিপ্রস্থাতা	হোতা হোতা	হোমকর্ত্তা ও বষট্‌কর্ত্তা
*৪ মাহেন্দ্র	মহেন্দ্র	অধ্বর্য্যু	হোতা	হোমকর্ত্তা ও বষট্‌কর্ত্তা
*৫ উক্‌থ্য তিন অংশ		অধ্বর্য্যু প্রতিপ্রস্থাতা প্রতিপ্রস্থাতা	মৈত্রাবরুণ ব্রাহ্মণাচ্ছংসী অচ্ছাবাক	হোমকর্ত্তা ও বষট্‌কর্ত্তা

*৩ (দ্বিতীয় অংশ) ৪, ৫, এই তিন গ্রহ সশস্ত্র; ৩ ও ৪ গ্রহাহুতির পর চমসাধ্বর্য্যুদের চমসকম্পন ও চমসীদের সোমপান; ৫ গ্রহাহুতির পর চমসাধ্বর্য্যুদের চমসাহুতি ও চমসীদের সোমপান।

তৃতীয় সবন

গ্রহ	দেবতা	হোমকর্ত্তা	বষট্‌কর্ত্তা	সোমপানকর্ত্তা
১ আদিত্য	অদিতি	অধ্বর্য্যু	হোতা	—

প্রাতঃসবনের ন্যায় চমসাহুতি ও চমসীদের সোমপান।

গ্রহ	দেবতা	হোমকর্ত্তা	বষট্‌কর্ত্তা	সোমপানকর্ত্তা
২ সাবিত্র	সবিতা	অধ্বর্য্যু	হোতা	—
*৩ বৈশ্বদেব	বিশ্বদেবগণ	অধ্বর্য্যু	হোতা	হোতা ও অধ্বর্য্যু

এই সময়ে সৌম্যচরুযাগ।

গ্রহ	দেবতা	হোমকর্ত্তা	বষট্‌কর্ত্তা	সোমপানকর্ত্তা
৪ পাত্নীবত	অগ্নি পত্নীবান্	অধ্বর্য্যু	আগ্নীধ্র	আগ্নীধ্র

এই সময়ে নেষ্টাকর্ত্তৃক যজমানপত্নীর আনয়ন ও পান্নেজনজলে উরুদেশ প্রক্ষালন।

গ্রহ	দেবতা	হোমকর্ত্তা	বষট্‌কর্ত্তা	সোমপানকর্ত্তা
*৫ আগ্নিমারুত	অগ্নি-মরুৎ	অধ্বর্য্যু	হোতা	অধ্বর্য্যু ও হোতা
৬ হারিযোজন	ইন্দ্র হরিবান্	উন্নেতা	হোতা	ঋত্বিক্‌গণ

* ৩ এবং ৫ গ্রহ সশস্ত্র; ৩ গ্রহের পর চমসাধ্বর্য্যুদের চমসকম্পন ও চমসীদের চমসপান; ৫ গ্রহাহুতির পর চমসাধ্বর্য্যুদের চমসাহুতি এবং হোতার সহিত চমসীদের চমসপান।

সবনত্রয়ে অভিষবের নিয়ম :—

প্রাতঃসবনে সোমের অর্দ্ধাংশ হইতে ও মাধ্যন্দিন সবনে অপরার্দ্ধ হইতে পাষাণাঘাতে সোমরস নিষ্কাশিত হয় ; কেবল এক খণ্ড সোম তৃতীয় সবনের জন্য রক্ষিত হয় ; উহা হইতেই যে অল্প রস পাওয়া যায়, তাহা তৃতীয় সবনে গৃহীত হয়। প্রাতঃসবনে উপাংশুসবন নামক পাষাণের আঘাতে রস বাহির করিয়া সেই রসে উপাংশু গ্রহাহুতি। আর চারিখানি পাষাণের আঘাতে নিষ্কাশিত রস আধবনীয় পাত্রের জলে মিশান হয়। দশাপবিত্রে ছাঁকিয়া ঐ জলের অর্দ্ধাংশ দ্রোণকলশে ও অপরার্দ্ধ পূতভৃতে ঢালা হয়। দ্রোণকলশে ঢালিবার সময় পতন্ত সোমধারা হইতে অন্তর্যাম, ঐন্দ্রবায়ব, মৈত্রাবরুণ, আশ্বিন, শুক্র ও মন্থী, এই কয় গ্রহ গৃহীত হয় ; উহাদের নাম ধারাগ্রহ ; অন্যান্য গ্রহ দ্রোণকলশ অথবা পূতভৃৎ হইতে লওয়া হয়। মাধ্যন্দিনে উপাংশুগ্রহ নাই, চমসপূরণার্থ রস পূতভৃৎ হইতেই লওয়া হয়। শুক্র ও মন্থী ব্যতীত ধারাগ্রহও নাই। তৃতীয় সবনের সোমরস কেবল পূতভৃতেই ঢালা হয়।

সোমযাগের আনুষঙ্গিক পশুযাগ :—

প্রাতঃসবনে পশুযাগের বপাহুতি পর্য্যন্ত হয় ; তৎসহিত পুরোডাশ যাগ ও ধানা, করম্ভ, দধি ও পয়স্যা দেওয়া হয় ; মাধ্যন্দিনে পশ্বঙ্গের পাক হয় এবং পুরোডাশ ও ধানাদি যাগ হয়। তৃতীয় সবনে পশ্বঙ্গ যাগ ও পূর্ব্ববৎ পুরোডাশ ও ধানাদি যাগ করিয়া পশুযাগ সমাপ্ত করা হয়।

তৃতীয় সবনের শেষে জলাশয়ে গিয়া অবভৃথ স্নান, বরুণের উদ্দেশে পুরোডাশ দান ও দেবযজনে ফিরিয়া আসিয়া উদয়নীয় ইষ্টি, অনুবন্ধ্যা পশুযাগ ও মন্থনোৎপন্ন নূতন অগ্নিতে উদবসানীয় ইষ্টিযাগের পর সন্ধ্যার পূর্ব্বেই অগ্নিষ্টোম যজ্ঞ সমাপ্ত হয়।

অগ্নিষ্টোমে সশস্ত্র গ্রহ ১২টি ; প্রত্যেকের পূর্ব্বে শস্ত্রপাঠ ও তৎপূর্ব্বে স্তোত্রগান বিহিত। এই স্তোত্র, শস্ত্র ও গ্রহের সম্বন্ধ নিম্নে দেওয়া গেল।

প্রাতঃসবন

গ্রহ	স্তোত্র	শস্ত্র	শস্ত্রপাঠক ও বষট্‌কর্ত্তা	
১ ঐন্দ্রাগ্ন	বহিষ্পবমান	আজ্য	হোতা	
২ বৈশ্বদেব	আজ্যস্তোত্র	প্রউগ	হোতা	
৩ উক্‌থ্য ১ অংশ	আজ্যস্তোত্র	আজ্যশস্ত্র	মৈত্রাবরুণ	
৪ ঐ ২ অংশ	ঐ	ঐ	ব্রাহ্মণাচ্ছংসী	হোত্রকত্রয়
৫ ঐ ৩ অংশ	ঐ	ঐ	অচ্ছাবাক	

মাধ্যন্দিন সবন

৬ মরুত্বতীয় দ্বিতীয়াংশ	মাধ্যন্দিন পবমান পবমান	মরুত্বতীয়	হোতা
৭ মাহেন্দ্র	পৃষ্ঠস্তোত্র	নিষ্কেবল্য	হোতা
৮ উক্‌থ্য প্রথমাংশ	ঐ	ঐ	মৈত্রাবরুণ
৯ ঐ দ্বিতীয়াংশ	ঐ	ঐ	ব্রাহ্মণাচ্ছংসী
১০ ঐ তৃতীয়াংশ	ঐ	ঐ	অচ্ছাবাক

তৃতীয় সবন

১১ বৈশ্বদেব	আর্ভব পবমান	বৈশ্বদেব	হোতা
১২ ধ্রুব বা আগ্নিমারুত	যজ্ঞাযজ্ঞিয়	আগ্নিমারুত	হোতা

অগ্নিষ্টোমের তৃতীয় সবনে হোত্রকত্রয়ের শস্ত্র নাই। স্তোত্রমধ্যে প্রাতঃসবনে গেয় বহিষ্পবমান স্তোত্র মহাবেদির বাহিরে চাত্বালের নিকট গীত হয়; অন্যান্য স্তোত্র ঔদুম্বরীপার্শ্বে গীত হয়। তিন সবনেই পূতভৃতে সোম ঢালিবার সময় পবমানস্তোত্র গীত হয়।

অগ্নিষ্টোমে ১২ স্তোত্র ১২ শস্ত্র ১ সবনীয় পশু

উক্‌থ্যে ১৫ স্তোত্র ১৫ শস্ত্র ২ সবনীয় পশু

তৃতীয় সবনে হোত্রকত্রয়েরও শস্ত্র থাকায় শস্ত্রসংখ্যা পোনের হয়।

ষোড়শীতে ১৬ স্তোত্র ১৬ শস্ত্র ৩ সবনীয় পশু

উক্‌থ্যের অতিরিক্ত আর একটি ষোড়শ শস্ত্র থাকায় শস্ত্রসংখ্যা ষোল।

অতিরাত্রে ২৯ স্তোত্র ২৯ শস্ত্র ৪ সবনীয় পশু

অগ্নিষ্টোম, উক্‌থ্য ও ষোড়শী যজ্ঞ দিবাভাগেই সমাপ্ত হয়। অতিরাত্র যজ্ঞে তদতিরিক্ত রাত্রিকৃত্য থাকে। ষোড়শীর উপর রাত্রিকৃত্য তিন পর্য্যায়ে সোমাহুতি; প্রতি পর্য্যায়ে ৪ শস্ত্র (হোতার এক ও হোত্রকদের তিন) এবং পরদিন প্রত্যূষে ১ শস্ত্র (আশ্বিন শস্ত্র)। আশ্বিন শস্ত্রের পূর্ব্বে গেয় স্তোত্রের নাম সন্ধিস্তোত্র।

স্তোত্র—স্তোম—প্রত্যেক শস্ত্রপাঠের পূর্ব্বে সামগায়ী ঋত্বিকেরা স্তোত্র গান করেন; যতগুলি শস্ত্র, স্তোত্রও ততগুলি। তিন সবনে কোন্ শস্ত্রের পূর্ব্বে কোন্

স্তোত্র বিহিত, তজ্জন্য শস্ত্র দেখ। ঋকমন্ত্রে সুর বসাইয়া গান করিলে উহা সামে পরিণত হয়। গাইবার সময় একই ঋক্ সুর দিয়া হয় ত একাধিক বার আওড়াইতে হয়; কাজেই প্রত্যেক আবৃত্তিকে একটি সামমন্ত্র ধরিলে সামমন্ত্রের সংখ্যা এইরূপে বাড়িয়া যায়। এইরূপ কতিপয় সামমন্ত্রের সমষ্টি এক এক স্তোত্র; পুনঃ পুনঃ আবৃত্তির হেতু শেষ পর্যান্ত যতগুলি সামমন্ত্র দাঁড়ায়, তদনুসারে স্তোমের নামকরণ হয়। যথা, প্রাতঃসবনে হোতার পাঠ্য প্রউগ শস্ত্রের পূর্ব্বে আজ্যস্তোত্র গীত হয়। সামবেদসংহিতার ২।১০-১২ এই তিন মন্ত্রে সুর দিয়া সামে পরিণত করিয়া তিন বারে বা তিন পর্য্যায়ে গাইতে হয়। তিন মন্ত্র তিন পর্য্যায়ে নয়টি মন্ত্র হয়, কিন্তু কোন কোন মন্ত্র একাধিক বার আবৃত্তি করিয়া উহাকে পোনের মন্ত্রে পরিণত করা যাইতে পারে। মনে কর, ক খ গ এই তিন মন্ত্র; উহার কোনটিকে তিন বার, অন্য দুইটি একবার মাত্র আবৃত্তি করিলে উহা পাঁচ মন্ত্রে পরিণত হইবে, তিন পর্য্যায়ে পোনের মন্ত্র হইবে। যথা :—

প্রথম পর্য্যায়	ক ক ক	খ	গ	৫
দ্বিতীয় পর্য্যায়	ক	খ খ খ	গ	৫
তৃতীয় পর্য্যায়	ক	খ	গ গ গ	৫
সাকল্যে				১৫

এইরূপে তিন মন্ত্রকে পোনেরতে পরিণত করিয়া যে স্তোম নিষ্পন্ন হয়, তাহাকে পঞ্চদশ স্তোম বলা হয়।

তিন মন্ত্রকে পোনের মন্ত্রে পরিণত করার এই এক রীতি; উক্ত রীতি ব্যতীত অন্য রীতিও হইতে পারে। যথা—

প্রথম পর্য্যায়	ক	খ	গ	৩
দ্বিতীয় পর্য্যায়	ক	খ খ খ	গ	৫
তৃতীয় পর্য্যায়	ক ক ক	খ	গ গ গ	৭
সাকল্যে				১৫

এইরূপে পঞ্চদশ স্তোম ভিন্ন ভিন্ন রীতিতে নিষ্পন্ন হইতে পারে। এইরূপ বিভিন্ন রীতির নাম বিষ্টুতি। উল্লিখিত রীতিদ্বয়ের প্রথম রীতি পঞ্চপঞ্চিনী বিষ্টুতি, দ্বিতীয় রীতি উদ্যতী বিষ্টুতি।

প্রাতঃসবনে হোতার আজ্যশস্ত্রের পূর্ব্বে বহিষ্পবমানস্তোত্র গেয়। সামসংহিতা ২।১-৯ এই নয়টি মন্ত্র তিন ভাগ করিয়া এক এক ভাগে এক এক পর্য্যায় হয়; কোন মন্ত্র একাধিক বার আবৃত্তি হয় না; কাজেই শেষ পর্য্যন্ত নয়টি মন্ত্রই থাকে; নয় মন্ত্র তিন পর্য্যায়ে গীত হইলে উহাকে ত্রিবৃৎস্তোম বলে।

অগ্নিষ্টোমযজ্ঞে ১২ শস্ত্র ও ১২ স্তোত্র; তন্মধ্যে প্রাতঃসবনে বহিষ্পবমানস্তোত্র ত্রিবৃৎ (৯ মন্ত্রের) স্তোমে, অবশিষ্ট চারিটি আজ্যস্তোত্র পঞ্চদশ (১৫ মন্ত্রের) স্তোমে,

মাধ্যন্দিন সবনের মাধ্যন্দিনপবমান স্তোত্র পঞ্চদশ স্তোমে ও অবশিষ্ট চারিটি পৃষ্ঠস্তোত্র সপ্তদশ (১৭ মন্ত্রের) স্তোমে গীত হয়। তৃতীয় সবনে আর্ভব পবমান সপ্তদশ স্তোমে ও যজ্ঞাযজ্ঞিয় স্তোত্র একবিংশ (২১ মন্ত্রের) স্তোমে গীত হয়। অগ্নিষ্টোমে এই চারিটি মাত্র স্তোম থাকায় উহা চতুষ্টোম যজ্ঞ। অগ্নিষ্টোম ভিন্ন অন্য যজ্ঞে স্তোম সম্বন্ধে অন্যরূপ বিধি। দ্বাদশাহের অন্তর্গত ষড়হের প্রথম দিন ত্রিবৃৎ, দ্বিতীয় দিন পঞ্চদশ, তৃতীয় দিন সপ্তদশ, চতুর্থ দিন একবিংশ, পঞ্চমাহে ত্রিণব (২৭ মন্ত্রের), ষষ্ঠাহে একত্রিংশ (৩১ মন্ত্রের) স্তোম বিহিত।

পবমানস্তোত্র—অগ্নিষ্টোমে তিন সবনেরই প্রথম স্তোত্রের নাম পবমানস্তোত্র; প্রাতঃসবনে বহিষ্পবমান, মাধ্যন্দিনে মাধ্যন্দিন পবমান ও তৃতীয়ে আর্ভব পবমান। সোমপাত্রে গ্রহ গ্রহণের পর আধবনীয়ের সোম পূতভৃতে ছাঁকিয়া (পূত করিয়া) ঢালিবার সময় সেই পবমান (যাহা পূত হইতেছে) সোমের উদ্দেশে গীত হয় বলিয়া এই নাম। বহিষ্পবমানস্তোত্র বেদির বাহিরে চাত্বালে ও অন্য দুই পবমান ঔদুম্বরীপার্শ্বে গীত হয়।

পৃষ্ঠস্তোত্র—মাধ্যন্দিন সবনের মাধ্যন্দিন পবমান ব্যতীত অপর চারিটি স্তোত্রের নাম পৃষ্ঠস্তোত্র; চারিটি পৃষ্ঠস্তোত্রের মধ্যে প্রথমটি (দুই মন্ত্র) রথন্তর সামে, দ্বিতীয়টি (তিন মন্ত্র) বামদেব্য সামে, তৃতীয়টি (দুই মন্ত্র) নৌধস সামে ও চতুর্থটি (দুই মন্ত্র) কালেয় সামে গীত হয়; সমস্তই সপ্তদশ স্তোমে গেয়। দ্বাদশাহের অন্তর্গত পৃষ্ঠ্য ষড়হের প্রথমাহে রথন্তর, দ্বিতীয়াহে বৃহৎ, তৃতীয়াহে বৈরূপ, চতুর্থাহে বৈরাজ, পঞ্চমাহে শাক্কর ও ষষ্ঠাহে রৈবত সামে পৃষ্ঠস্তোত্র নিষ্পন্ন হয়।

স্তোমভাগ—৩৬১

স্থালী—পাত্র; আজ্য রাখিবার জন্য আজ্যস্থালী, চরুপাকের জন্য চরুস্থালী ৩৫, অগ্নিহোত্রে দুগ্ধপাকের জন্য স্থালী ৪২৮, সোমগ্রহ লইবার জন্য স্থালী ৪৬২, চমস দেখ।

স্ফ্য—খড়্গাকৃতি কাষ্ঠখণ্ড বেদিনির্ম্মাণে ব্যবহার্য্য; যাগকালে আগ্নীধ্র ঊর্দ্ধমুখ স্ফ্য হস্তে বসিয়া প্রত্যাশ্রাবণ করেন ৪৭২, আশ্রাবণ দেখ।

স্মার্ত্ত অগ্নি—৪৭৯, গৃহ্য অগ্নি দেখ।

স্রুক্—যজ্ঞকর্ম্মে ব্যবহৃত ধ্রুবা, উপভৃৎ, জুহূ ও স্রুব, এই চারিখানি কাঠের হাতার সাধারণ নাম স্রুক্। অধ্বর্য্যু দক্ষিণ হস্তে জুহূ লইয়া তাহাতে হোমদ্রব্য রাখিয়া আহুতি দেন। উপভৃৎ বাম হস্তে জুহূর নীচে ধরা হয়। বেদিতে স্থির (ধ্রুব) ভাবে রক্ষিত আজ্যস্থালী হইতে হোমার্থ আজ্যরক্ষণে ব্যবহৃত ধ্রুবা; ধ্রুবা হইতে আজ্যগ্রহণার্থ স্রুব ৪২৮

স্রুব—১১৮, স্রুক্ দেখ।

স্বজ—প্রাণিবিশেষ ২০৮

স্বধা—১৪২

ভ্রম-সংশোধন ঃ—পৃ. ৫০৬, পংক্তি ২০, "ঋগ্নি" স্থলে "ঋষি" এবং পৃ. ৫১০, পংক্তি ১৩, "প্রক্ষা" স্থলে "ক্ষা" হইবে।